(*c*) A fishing vessel, when employed in drift net fishing, shall carry on one of her masts two red lights in a vertical line one over the other, not less than three feet apart.

(*d*) A trawler at work shall carry on one of her masts two lights in a vertical line one over the other not less than three feet apart, the upper light red, and the lower green, and shall also either carry the side lights required for other vessels; or, if the side lights cannot be carried, have ready at hand the coloured lights as provided in Article 7, or a lantern with a red and a green glass, as described in paragraph (*a*) of this Article.

(*e*) Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition, if they desire to do so.

(*f*) The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England, scheduled to the British Sea Fisheries Act, 1868.

(*g*) All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon:

And whereas the Admiralty and the Board of Trade have jointly recommended to Her Majesty that the operation of the said recited Article numbered 10 of the New Regulations contained in the First Schedule of the said Order in Council of the fourteenth day of August one thousand eight hundred and seventy-nine shall be suspended until the first day of September one thousand eight hundred and eighty-one, and that, in lieu thereof, and in substitution therefor, the recited Article numbered 9 of the Regulations appended to the said Order in

দ্বারা এই আদেশ করেন যে ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি উক্ত বিধিও সংযুক্ত কথা রহিত করিয়া তাহার পরিবর্ত্তে ঐ আজ্ঞা সংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধি দেওয়া যায়, এবং তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, তৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

পূর্ব্বোল্লিখিত উক্ত ১৮৬৩ সালের ৯ জানুযারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সংযুক্ত বিধির ৯ সংখ্যক ধারা নিম্নলিখিতরূপ, যথা,

৯ ধারা। অন্য জাহাজাদিতে যেং পার্শ্বালোক রাখিবার আদেশ আছে, মৎস্য ধরিবার খোলা নৌকায় ও অন্য প্রকারের খোলা নৌকায় সেইং পার্শ্বালোক জ্বালিয়া রাখিবার প্রয়োজন নাই; কিন্তু যদি ঐ আলোক জ্বালিয়া রাখা না হয়, তবে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের স্লাইড-বিশিষ্ট লাণ্ঠন জ্বালিয়া রাখিতে হইবে; এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থে যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে, কিম্বা জালসংযুক্ত ও স্থির হইয়া থাকিলে, একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোকও ব্যবহার করা বিহিত বোধ হইলে, তাহার নিবারণ করা যাইবে না।

পূর্ব্বোল্লিখিত উক্ত ১৮৭৯ সালের ১৪ আগস্ট তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় প্রথম তফসীলের অন্তর্গত উক্ত নূতন বিধির ১০ সংখ্যক যে ধারা পূর্ব্বোক্ত ৯ সংখ্যক ধারার পরিবর্ত্তে হইবে, তাহা নিম্নলিখিতরূপ, যথা,

১০ ধারা। মৎস্য ধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না; কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে; এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থে যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর এক করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোক ও রাখিতে হইবে; অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঞ্জিণ আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটি অত্যুজ্জ্বল আলোকও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে, তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিগ্‌মণ্ডলের সকল দিকে দেখা যায়।

যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দিয়াছেন যে ১৮৭৯ সালের ১৪ আগষ্ট তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর উক্ত আজ্ঞার প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধির পূর্ব্বোল্লিখিত ১০ সংখ্যক ধারার কার্য্যচলন ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের প্রথম দিবস

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৬ অক্টোবর।]

Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three shall continue and remain in force until the said first day of September one thousand eight hundred and eighty-one:

Now THEREFORE Her Majesty, by virtue of the powers vested in Her by the said recited Act, and by and with the advice of Her Privy Council, is pleased to direct that the operation of the said recited Article numbered 10 of the New Regulations contained in the First Schedule of the said Order in Council of the fourteenth day of August one thousand eight hundred and seventy-nine shall be suspended until the first day of September one thousand eight hundred and eighty-one, and that, in lieu thereof, and in substitution therefor, the said recited Article numbered 9 of the Regulations appended to the said Order in Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three shall continue and remain in force until the said first day of September one thousand eight hundred and eighty-one.

C. L. PEEL.

JUDICIAL DEPARTMENT.

No. 4331A.

The 13th September 1880.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bench of Magistrates at the Sudder Station of the district of Chittagong, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Dr. J. French-Mullen, Officiating Civil Surgeon.
Mr. H. Percival, Government Pensioner.
Baboo Jatra Mohun Sen, Pleader.
„ Kamala Kant Sen, Pleader.
„ Madhab Chandra Roy, Executive Engineer.
„ Nritya Gopal Sarkar, Pleader.
„ Purna Chandra Datta.

The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Moti Lall Mookerjee of his appointment as an Honorary Magistrate of the above Bench.

The 14th September 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Gokool Chund of his appointment as an Honorary Magistrate in the district of Shahabad.

The 16th September 1880.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Meherpore Bench of Magistrates in the district of Nuddea, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Baboo Mohendra Nath Mookerjee, Zemindar.
„ Rajendra Lall Rai, Head Clerk, Meherpore Small Cause Court.

Mr. Frederick Foster Shattock, Assistant District Traffic Superintendent, East Indian Railway, Dinapore, is appointed to be an Honorary Magistrate for the Khagoul Bench of Magistrates in the district of Patna, and is vested with the powers of a Magistrate of the Third Class.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 28th September* 1880.—Baboo Khetter Mohun Mookerjee, Second Moonsif of Bussirhat, in the district of the 24-Pergunnahs, is allowed leave for one month under section 4, Supplement F of the Civil Leave Code, with effect from the 30th ultimo.

HORACE A COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st September 1880.—Under section 6 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the appointment of a separate Rural Sub-Registrar for the charge of the Sub-Registry Office of Tajpur, in the district of Durbhunga, and appoints Moulvi Syed Nurul Hossain to be Rural Sub-Registrar of that office.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal,

[*Government Gazette, 5th October* 1880.]

পর্য্যন্ত স্থগিত থাকে এবং তাহার স্থানে ও তৎপরিবর্ত্তে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর উক্ত আজ্ঞা সংযুক্ত বিধির উল্লিখিত ৯ সংখ্যক ধারা ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের উক্ত প্রথম দিবস পর্য্যন্ত প্রবল থাকে ও রহে।

এই নিমিত্ত পূর্ব্বোল্লিখিত আইনে শ্রীশ্রীমতীর প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে তিনি এক্ষণে স্বীয় মন্ত্রিসভার উপদেশ ক্রমে এই আদেশ করিতেছেন যে ১৮৭৯ সালের ১৪ আগষ্ট তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর উক্ত আজ্ঞার প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধির পূর্ব্বে লিখিত ১০ সংখ্যক ধারার কার্য্য চলন ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের প্রথম দিবস পর্য্যন্ত স্থগিত থাকিবে, এবং তাহার স্থানে ও তৎপরিবর্ত্তে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর উক্ত আজ্ঞা সংযুক্ত বিধির উল্লিখিত ৯ সংখ্যক ধারা ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের উক্ত প্রথম দিবস পর্য্যন্ত প্রবল থাকিবে ও রহিবে।

সি, এস, পীল।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৪৩৩১ A নম্বর।

১৮৮০ সাল ১৩ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম জিলার সদর মোকামের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটর ক্ষমতা পাইলেন।

একটিং সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, ফ্রেঞ্চ-মলেন সাহেব।

গবর্ণমেণ্টের পেনশ্যন ভোগি শ্রীযুত এচ, পর্সিবল সাহেব।

উকীল শ্রীযুত বাবু যাত্রামোহন সেন।

উকীল শ্রীযুত বাবু কমলাকান্ত সেন।

একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মাধবচন্দ্র রায়।

উকীল শ্রীযুত বাবু নৃত্যগোপাল সরকার।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র দত্ত।

শ্রীযুত বাবু মতিলাল মুখোপাধ্যায় উক্ত বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ১৫ সেপ্টেম্বর।—শ্রীযুত গোকুলচাঁদ বাবু শাহাবাদ জিলার অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগকরণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ১৬ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদার শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

মেহেরপুরের ছোট আদালতের প্রধান কেরাণী শ্রীযুত বাবু রাজেন্দ্রলাল রায়।

ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের দানাপুরের আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ফ্রেড্রিক ফষ্টর শ্যটক সাহেব পাটনা জিলার অন্তর্গত খগৌলের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮০ সাল ২৮ সেপ্টেম্বর।—২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে গত মাসের ৩০ তারিখ অবধি এক মাসের ছুটী পাইলেন।

হরেস এ, ফক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২১ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টেরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৬ ধারামতে দ্বারভঙ্গা জিলার অন্তর্গত তাজপুরের সব-রেজিষ্টরী আফিসের কার্য্যের ভার গ্রহণার্থে স্বতন্ত্র এক গ্রাম্য সব-রেজিষ্ট্রারের নিয়োগ অনুমোদন করিয়া শ্রীযুত মৌলবী সৈয়দ মুকল হুসেনকে সেই কার্য্যালয়ের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

হরেস এ, ফক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

Establishment.

The 21st September 1880.

No. 170.—*Notifications.*—Mr. W. B. Christie, Executive Engineer, Third Grade, made over charge of the Darjeeling Division to Mr. J. A. Campbell on the afternoon of the 8th September 1880, and availed himself of the privilege leave granted* to him from the same date.

* Bengal Government (Public Works Department) Notification No. 157 of the 6th September 1880.

The 24th September 1880.

No. 172.—Mr. R. B. Buckley, Executive Engineer, Second Grade, is posted to the Calcutta Workshop Division to officiate as Superintendent of the Workshop during the absence of Mr. C. Fouracres, or until further orders.

Local Communications.

The 24th September 1880.

No. 173.—*Declaration under Section* 6, *Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of a road running southward from the Sodepore Bazaar to the Boalmari Bazaar, and passing through the villages of Sodepore, Sotasi, Amgram, Kamargram, and Boalmari, in pergunnahs Santair and Poktani, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land about 2 miles and 1,340 feet in length, and about 120 feet in breadth, measuring more or less 18 acres 2 roods and 6,680 square feet, equivalent to more or less 56 beeghas 8 cottahs and 8 chittacks of standard measurement, is required in the aforesaid villages of Sodepore, Sotasi, Amgram, Kamargram, and Boalmari.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

T. H. Wickes,
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

Notification—Establishment.

Dated 27th September 1880.

No. 126.—*Notifications.*—With reference to the orders marginally noted, Mr. A. T Goodfellow, Assistant Engineer, First Grade, reported hi arrival on the forenoon of the 24th instant.

Nos. 121 and 122, dated 20th September 1880.

No. 127.—With reference to the orders marginally noted, Baboo Rajkissen Banerjee Assistant Engineer, Second Grade, who reported himself t the Superintending Engineer, South-Western Circle, on th afternoon of the 22nd instant, has been posted to the Nudde Rivers Division.

No. 111, dated 19th August 1880.
„ 116, dated 3rd September 1880.

No. 128.—Mr. R. B. Buckley, Executive Engineer, Second Grade, reported his retur on the forenoon of the 24th instant, from the furlough grante to him in the orders marginally noted.

No. 61, dated 18th February 1879.
„ 31, dated 16th March 1880.

C. Taylor,
Offg. Assistant Secretary,
for Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. D., Irrigation Branc

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৮০ সাল ২১ সেপ্টেম্বর।

১৭০ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ. বি. ক্রিষ্টী সাহেব যে অনুগ্রহের ছুটী পান, * ১৮৮০ সালের ৮ সেপ্টেম্বরের অপরাহ্নে শ্রীযুত জে, এ, কায়েল সাহেবের প্রতি দার্জ্জিলিঙ্গ খণ্ডের কর্ম্মের ভার অর্পণ করিয়া উক্ত তারিখ অবধি তাহা গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ৬ সেপ্টেম্বরের ১৫৭নং বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৪ সেপ্টেম্বর।

১৭২ নম্বর।—শ্রীযুত সি. কোরএকর্স সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর. বি, বকলে সাহেব, কারখানা বাড়ার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে কলিকাতার কারখানা খণ্ডে অবস্থাপিত হইলেন।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮০ সাল ২৪ সেপ্টেম্বর।

১৭৩ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত সাটৈর ও পোক্কানি পরগনার সোদপুর ও শতাসি ও আমগ্রাম ও কামার গ্রাম ও বোয়ালমারি গ্রাম দিয়া সোদপুর বাজার অবধি বোয়ালমারি বাজার পর্য্যন্ত পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সোদপুর ও শতাসি ও আমগ্রাম ও কামারগ্রাম ও বোয়ালমারি গ্রামে প্রায় ২ মাইল ১,৩৪০ ফুট দীর্ঘ ও প্রায় ১২০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১৮ একর ২ রুড ৬,৬৮০ বর্গ ফুট অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৫৬।৩। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তাবিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ সেপ্টেম্বর।

১২৬ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, টি, গুডফেলো সাহেব এই মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে পঁহুছিয়াছেন বলিয়া রিপোর্ট করেন।

১৮৮০ সালের ২০ সেপ্টেম্বরের ১২১ ও ১২২ নং।

১২৭ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় দক্ষিণ পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের নিকট এই মাসের ২১ তারিখের অপরাহ্নে আত্মবিষয়ে রিপোর্ট করিয়া নদীয়ার নদীখণ্ডে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সালের ১৯ আগষ্টের ১১ নং।
১৮৮০ সালের ৩ সেপ্টেম্বরের ১১৬ নং।

১২৮ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, বি, বকলে সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে নিয়মিত যে ছুটী পান তাহাহইতে প্রত্যাগমন করিয়া এই মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে স্বীয় প্রত্যাগমনের কথার রিপোর্ট করিলেন।

১৮৭৯ সালের ১৮ ফেব্রুয়ারি ৬১ নং।
১৮৮০ সালের ১৬ মার্চের ৩১ নং।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
সি, টেলর,
একটিং আসিস্টাণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ৫ অক্টোবর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮০ সালের ২৩ জুলাই তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে, তাহা সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ১২ নম্বর।

পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮০ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

হেতুবাদ।

ধারা।

১। সংক্ষেপ নাম।

আরম্ভ।

স্থানীয় ব্যাপ্তি।

২। যে২ আইন রহিত হইল, তাহার কথা।

৩। অর্থ করণের ধারা।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়মের কথা।

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

৫। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম নিকটে রাখিবার ও চালান করিবার কথা।

৬। ঐ রূপে নিকটে রাখিবার ও চালান করিবার সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৭। ৪০ গ্যালনের অধিক আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

ধারা।

উক্তরূপ পেট্রোলিয়ম আমদানী বা চালান করিবার বা নিকটে রাখিবার লাইসেন্স পাইবার দরখাস্তের কথা।

লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

৮। চল্লিশ গ্যালনের অনধিক পরিমাণের আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৯। ৪ ও ৬ ধারা খাটিবার কথা।

সাধারণতঃ পেট্রোলিয়মের কথা।

১০। পেট্রোলিয়ম যে পাত্রে থাকে তাহা চিহ্নিত করিবার কথা।

১১। পরিদর্শন করিবার ও নমুনা বিক্রয় নিমিত্ত ব্যবসায়ির প্রতি আদেশ করিবার ক্ষমতার কথা।

১২। কর্ম্মচারী যে সময়ে নমুনা পরীক্ষা করিতে চাহেন তাহার নোটিস দিতে হইবার কথা।

১৩। উক্ত পরীক্ষার ফল সম্বন্ধীয় সর্টিফিকেটের কথা।

দণ্ডের কথা।

১৪। পেট্রোলিয়ম অবৈধমতে আমদানী প্রভৃতি করিলে দণ্ডের কথা।

১৫। ১০ ধারা লঙ্ঘন করিয়া পেট্রোলিয়ম রাখিলে, চালান করিলে, বা বিক্রয়ার্থে দেখাইলে দণ্ডের কথা।

১৬। ১১ ধারামতে কার্য্য করিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।

১৭। পেট্রোলিয়ম জব্দ হইবার কথা।

বিবিধ।

১৮। বিধি কখন্ আইনতুল্য বলবৎ হইবে ইহার কথা।

১৯। অন্যান্য দ্রব্যের প্রতি এই আইন বর্ত্তাইতে পারিবার কথা।

তফসীল।

পেট্রোলিয়ম ও তদ্রূপ অন্যান্য দ্রব্য আমদানী করিবার, নিকটে রাখিবার ও চালান করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

পেট্রোলিয়ম ও তদ্রূপ অন্যান্য দ্রব্য আমদানী করিবার, নিকটে রাখিবার ও চালান করিবার বিধান করা বাঞ্ছনীয়। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

আরম্ভ।

এবং ইহা ১৮৮১ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

(ক) আশঙ্কা জনক পেট্রোলিয়ম সংক্রান্ত এবং (খ) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সংক্রান্ত,

এই আইনের বিধান ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে২ স্থান নির্দ্দেশ করেন, এই আইনের অবশিষ্ট বিধান কেবল সেই২ স্থানে বর্ত্তিবে।

যে২ আইন রহিত হইল, তাহার কথা।

২ ধারা। ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩১ ধারা এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন প্রদেশের অন্তর্গত বন্দরে অগ্নিজন্য হানি নিবারণের আরো উপযুক্ত নিয়ম করণার্থ এবং উক্ত প্রদেশের অন্তর্গত বন্দরে ও স্থানে আশুজ্বলনশীল তৈল নিরাপদে রাখিবার বিধান করণার্থ ১৮৬৫ সালের বঙ্গীয় ৩ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

অর্থজ্ঞাপনের ধারা।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথা দ্বারা বিপরীত ভাব না বুঝাইলে,

"পেট্রোলিয়ম"।

যে সকল তরল পদার্থ মাটিয়া তৈল, রাঙ্গুন তৈল, ব্রহ্মদেশীয় তৈল, কেরোসাইন, প্যারাফাইন তৈল, খনিজ তৈল, পেট্রোলাইন, গ্যাসোলাইন, বেনজোল, বেনজোলাইন ও বেনজাইন নামে সাধারণতঃ খ্যাত এবং যে কোন আশুজ্বলনশীল তরল পদার্থ পেট্রোলিয়ম বা পাথরিয়া কয়লা বা স্লেটাকার প্রস্তর বা উদ্ভিজ্জবস্তুজাত মৃত্তিকাদ বা অন্য কোন আলকাতরাতুল্য দ্রব্য বা পেট্রোলিয়মজাত কোন বস্তু হইতে প্রস্তুত হয়, "পেট্রোলিয়ম" শব্দে তাহাও গণ্য।

কিন্তু যে কোন তৈল সামান্যতঃ মর্দ্দন করিবার নিমিত্ত ব্যবহৃত হয়, এবং যাহার প্রভানির্গমস্থল ফারণহিটের তাপমান যন্ত্রের দুইশত পঞ্চাশ অংশে বা তদুপরি হয়, পেট্রোলিয়ম শব্দে তদ্রূপ কোন তৈল বুঝায় না।

ব্যাখ্যা।—নিম্নতম যে তাপাংশে পেট্রোলিয়ম হইতে এরূপ বাষ্প নির্গত হয়, যাহা এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট যন্ত্রদ্বারা ও তনির্দ্দিষ্ট প্রকারে পরীক্ষিত হইলে ক্ষণিক প্রভা বা শিখা উৎপাদন করে, পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল বলিতে সেই তাপাংশ বুঝায়।

"প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম।"

যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল ফারণহিটের তাপমান যন্ত্রের ১০৩ অংশে বা তদুপরি হয়, "প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম।"

যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল ফারণহিটের তাপমান যন্ত্রের ৮৩ অংশে বা তদুপরি কিন্তু ১০৩ অংশের নীচে হয়, "দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"আশঙ্কাজনক পেট্রোলিয়ম।"

যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল ফারণহিটের তাপমান যন্ত্রের ৮৩ অংশের নীচে হয়, "আশঙ্কাজনক পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"আমদানী করা"

"আমদানী করা" শব্দে সমুদ্রপথে বা স্থলপথে ব্রিটিষ ভারতবর্ষে আনা বুঝায়।

এবং "আমদানী" শব্দে পূর্ব্বোক্তরূপে ব্রিটিষ ভারতবর্ষে আনয়ন বুঝায়।

"চালান করা"।

"চালান করা" শব্দে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে এক স্থান হইতে স্থানান্তরে লইয়া যাওয়া বুঝায়।

"জাহাজ"।

জলপথে মনুষ্য বা সম্পত্তি লইয়া যাইবার নিমিত্ত যাহা কিছু নির্ম্মিত হয়, "জাহাজ" শব্দে তাহা ও গণ্য।

"কাপ্তান"

আড়কাটী বা হার্ব্বর মাষ্টর ভিন্ন যখন যে কোন ব্যক্তির হস্তে বা কর্ত্তৃত্বাধীনে কোন জাহাজ থাকে, "কাপ্তান" শব্দে তদ্রূপ প্রত্যেক ব্যক্তি গণ্য।

"মাজিষ্ট্রেট"।

"মাজিষ্ট্রেট" শব্দে রাজধানীনগরসমূহে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ও অন্যত্র প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কিম্বা (এই আইনমতে মোকদ্দমার বিচার করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইলে) দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট বুঝাইবে।

"স্বামী"।

যে কর্ম্মকারকের নামে কোন জাহাজের মাল পাঠান যায়, "স্বামী" শব্দে সেই কর্ম্মকারকও গণ্য।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়মের কথা।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়মের আমদানী নিয়মিত করণার্থে, বিশেষতঃ নিম্নলিখিত কার্য্য নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধিপ্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৫ অক্টোবর।]

(ক) কোন জাহাজে উক্তরূপ কোন পেট্রোলিয়ম থাকিলে, তাহার পরিমাণ ও প্রকার নির্ণয় নিমিত্ত;

(খ) উক্ত পেট্রোলিয়ম জাহাজ হইতে নামাইবার পূর্ব্বে জাহাজের কাপ্তান কর্ত্তৃক ঐ পেট্রোলিয়মের নমুনা দিতে হইবার ও উহার পরীক্ষা হইবার বিধান নিমিত্ত;

(গ) কেবল যে২ স্থানে উক্ত পেট্রোলিয়ম নামান যাইতে পারিবে তাহার নিরূপণ নিমিত্ত; এবং

(ঘ) উক্তরূপ কোন পেট্রোলিয়ম নামাইবার বা অন্য জাহাজে তুলিয়া দিবার সময়ের ও উপায়ের, এবং পূর্ব্বে সাবধান হইয়া যে২ নিয়ম অবলম্বন করিতে হইবে তাহার, বিধান নিমিত্ত।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম নিকটে রাখিবার ও চালান করিবার কথা।

৫ ধারা। এই আইনমতে দত্ত লাইসেন্স ক্রমে ও তাহার নিয়মানুসারে না হইলে, পাঁচশত গ্যালনের অধিক প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম, এবং

চল্লিশ গ্যালনের অধিক দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম,

কোন এক ব্যক্তি কর্ত্তৃক অথবা একই বাটীতে রাখা যাইবে না অথবা চালান করা যাইবে না।

ঐরূপে নিকটে রাখিবার ও চালান করিবার সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। আইনমতে যে২ স্থলে লাইসেন্সের প্রয়োজন, সেই২ স্থলে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম নিকটে রাখিবার বা চালান করিবার লাইসেন্স দান সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ঐ বিধিতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়ের বিধান থাকিতে পারিবে, অর্থাৎ,

পেট্রোলিয়ম নিকটে রাখিবার লাইসেন্স হইলে,

(ক) যে প্রকারের বাটী ও তাহার যে রূপ অবস্থান হইলে ঐ লাইসেন্স দেওয়া যাইবে এবং

(খ) লাইসেন্স করা বাটী যে প্রকারে পরিদর্শন করা যাইবে ও তথায় যে পেট্রোলিয়ম পাওয়া যায় তাহা যে প্রকারে পরীক্ষা করিতে হইবে।

পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্স হইলে,

(গ) ঐ পেট্রোলিয়ম যে প্রকারে বদ্ধ করিয়া দিতে হইবে, যে উপায়ে স্থানান্তরে চালান করিতে হইবে, এবং যে পথ দিয়া উহা লইয়া যাইতে হইবে, এবং

(ঘ) পথে গমন কালে উহা যে প্রকারে থামান ও পরিদর্শন করা যাইবে।

উভয় প্রকার লাইসেন্সের বেলা,

(ঙ) যে কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ঐ লাইসেন্স দেওয়া যাইবে;

(চ) উহার নিমিত্ত যে মাসুল দিতে হইবে;

(ছ) উহাতে যত পেট্রোলিয়ম ধরা যাইবে;

(জ) উহাতে যে২ নিয়ম থাকিতে পারিবে;

(ঝ) উহা যতকাল প্রবল থাকিবে; এবং

(ঞ) উহা যে প্রকারে নূতন করিয়া লইতে হইবে।

আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৭ ধারা। পশ্চাল্লিখিত বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রদত্ত কোন লাইসেন্স-ক্রমে ও তাহার নিয়মানুসারে না হইলে, চল্লিশ গ্যালনের অধিক আশঙ্কাজনক পেট্রোলিয়ম আমদানী বা চালান করা, কিম্বা কোন এক ব্যক্তি কর্ত্তৃক বা একই বাটীতে রাখা, যাইবে না।

৪০ গ্যালনের অধিক আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

উক্তরূপ লাইসেন্স পাইবার দরখাস্ত লিখিয়া করিতে হইবে, এবং তাহাতে এই২ কথা প্রকাশ থাকিবে, অর্থাৎ, (ক) উক্তরূপ যত পেট্রোলিয়ম আমদানী করিবার বা স্থলবিশেষে চালান করিবার বা নিকটে রাখিবার ইচ্ছা থাকে;

উক্তরূপ পেট্রোলিয়ম আমদানী বা চালান করিবার বা নিকটে রাখিবার লাইসেন্স পাইবার দরখাস্তের কথা।

(খ) যে কার্য্য নিমিত্ত ঐ পেট্রোলিয়মের ব্যবহার হইবে বলিয়া দরখাস্তকারী বিশ্বাস করেন; এবং

(গ) ঐ কার্য্য নিমিত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন অন্য পেট্রোলিয়ম ব্যবহার করা যাইতে পারে না।

লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

যদি স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ পেট্রোলিয়ম উক্ত কার্য্য নিমিত্ত ব্যবহৃত হইবে এবং ঐ কার্য্য নিমিত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন অন্য পেট্রোলিয়ম ব্যবহার করা যাইতে পারে না, তবে নিয়ম বিনা অথবা যেরূপ নিয়ম উচিত বোধ করেন সেইরূপ নিয়মাধীনে ঐ পেট্রোলিয়ম আমদানী করিবার বা, স্থলবিশেষে, চালান করিবার বা নিকটে রাখিবার লাইসেন্স দিতে পারিবেন।

চল্লিশ গ্যালনের অনধিক পরিমাণের আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৮ ধারা। চল্লিশ গ্যালন তুল্য বা তদধিক পরিমাণের আশঙ্কাজনক পেট্রোলিয়ম লাইসেন্স বিনা রাখা বা চালান করা যাইবে না।

কিন্তু যে পরিমাণ ঐরূপ পেট্রোলিয়ম কোন এক ব্যক্তি কর্ত্তৃক বা এক বাটীতে রাখা যায় বা চালান করা যায় তাহা যদি তিন গ্যালনের অনধিক হয়, এবং যে প্রত্যেক স্বতন্ত্র কাচ নির্ম্মিত বা মৃন্ময় বা ধাতুনির্ম্মিত পাত্রে এক পাইণ্টের অধিক ধরে না ও যাহা সাবধানে বদ্ধ ঐ পেট্রোলিয়ম যদি তাহাতে রাখা যায়, তবে এই ধারার কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

৪ ও ৬ ধারা খাটিবার কথা।

৯ ধারা। ইহার পূর্ব্বের বিহিত স্থল না হইলে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম সম্বন্ধে ৪ ও ৬ ধারায় যে২ বিধান আছে, সেই২ বিধান আশঙ্কাজনক পেট্রোলিয়মেরও প্রতি বর্ত্তিবে।

সাধারণতঃ পেট্রোলিয়মের কথা।

১০ ধারা। যে পেট্রোলিয়ম (ক) আমদানী হইবার তারিখ অবধি সাতদিনের পর কোন স্থানে রাখা যায়, বা (খ) চালান করা যায়, কিম্বা (গ) বিক্রয় করা যায় বা বিক্রয় নিমিত্ত দেখান যায়,

পেট্রোলিয়ম যে পাত্রে থাকে তাহা চিহ্নিত করিবার কথা।

তাহা যে পাত্রে রাখা যায়, তাহার উপর পরিদৃশ্যমান অক্ষরে একটি স্থায়ী চিহ্ন বা লেবল দিতে হইবে: উহাতে লেখা থাকিবে, ঐ পেট্রোলিয়ম এই আইনের নির্দ্দিষ্ট কোন্ প্রকারের পেট্রোলিয়ম।

পরিদর্শন করিবার ও নমুনা বিক্রয় নিমিত্ত ব্যবসায়ির প্রতি আদেশ করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। কোন পেট্রোলিয়ম-ব্যবসায়ির নিকটে যে পেট্রোলিয়ম থাকে, তাহা যে স্থানে ও পাত্রে রক্ষিত বা বদ্ধ করিয়া রাখা হয়, এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারী ঐ ব্যবসায়ির প্রতি সেই স্থান ও পাত্র দেখাইবার, ও তাহা পরীক্ষা করণার্থ তাঁহার যে সাহায্যের প্রয়োজন হয় সেই সাহায্য দিবার, এবং ঐ পেট্রোলিয়মের নমুনার মূল্য দেওয়া গেলে ঐ নমুনা দিবার, আদেশ করিতে পারিবেন।

কর্ম্মচারী যে সময়ে নমুনা পরীক্ষা করিতে চাহেন তাহার নোটিস দিতে হইবার কথা।

১২ ধারা। উক্তরূপ কোন কার্য্যকারক ১১ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া, কিম্বা ক্রয় করিয়া, কোন ব্যবসায়ির নিকটে যে পেট্রোলিয়ম থাকে তাহার নমুনা পাইলে, তিনি ঐ ব্যবসায়িকে লিখিয়া নোটিস দিয়া এই সংবাদ দিতে পারিবেন যে নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট যন্ত্রদ্বারা ও তন্নির্দ্দিষ্ট প্রকারে ঐ নমুনা পরীক্ষা করিবেন বা উহার পরীক্ষা করাইবেন, এবং ঐ ব্যক্তি বা তাহার কর্ম্মকারক ঐ পরীক্ষা সময়ে উপস্থিত থাকিতে পারিবেন।

উক্ত পরীক্ষার ফল সম্বন্ধীয় সার্টিফিকেটের কথা।

১৩ ধারা। উক্তরূপ পরীক্ষা করিয়া, যদি ঐ কর্ম্মচারির বা পরীক্ষাকারী অন্য ব্যক্তির প্রতীতি জন্মে যে, ঐ নমুনা যে পেট্রোলিয়ম হইতে দেওয়া গিয়াছে, তাহা প্রথম শ্রেণীর বা দ্বিতীয় শ্রেণীর বা আশঙ্কাজনক পেট্রোলিয়ম, তবে ঐ কর্ম্মচারী বা অন্য ব্যক্তি সেই বৃত্তান্তের উল্লেখ করিয়া সার্টিফিকেট দিতে পারিবেন; এবং যে ব্যবসায়ির নিকটে ঐ পেট্রোলিয়ম পাওয়া যায়, তাঁহার বিরুদ্ধে এই আইনমতকোন আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা গেলে, উক্তরূপে প্রদত্ত সার্টিফিকেট সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইবে এবং উহাতে যে বৃত্তান্ত লেখা থাকে তাহার আপাততঃ ধর্ত্তব্য প্রমাণস্বরূপ হইবে।

দণ্ডের কথা।

পেট্রোলিয়ম অবৈধমতে আমদানী প্রভৃতি করিলে দণ্ডের কথা।

১৪ ধারা। কোন ব্যক্তি এই আইন বা এতৎক্রমে প্রণীত কোন বিধি লঙ্ঘন করিয়া কোন পেট্রোলিয়ম আমদানী করিলে বা নিকটে রাখিলে বা চালান করিলে, এবং কোন ব্যক্তি প্রকারান্তরে উক্তরূপ কোন বিধি অথবা এই আইনমতে প্রদত্ত লাইসেন্সের কোন নিয়ম লঙ্ঘন করিলে, তাহার তিনমাস পর্য্যন্ত কারাদণ্ড, কিম্বা এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, কিম্বা উভয় দণ্ড হইতে পারিবে।

১০ ধারা সঙ্ঘন করিয়া পেট্রোলিয়ম রাখিলে, চালান করিলে বা বিক্রয়ার্থে দেখাইলে, দণ্ডের কথা।

১৫ ধারা। ১০ ধারার বিধানমতে যে পাত্র চিহ্নিত নয় কোন ব্যক্তি সেই পাত্রে পেট্রোলিয়ম রাখিলে বা চালান করিলে বা বিক্রয় করিলে বা বিক্রয়ার্থে দেখাইলে, তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

১১ ধারামতে কার্য্য করিতে অস্বীকার করিলে, দণ্ডের কথা।

১৬ ধারা। ব্যবসায়ির নিকটে যে পেট্রোলিয়ম থাকে তাহা যে কোন স্থানে বা পাত্রে সঞ্চিত বা বদ্ধ করিয়া রাখা হয়, ঐ ব্যবসায়ী ১১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে সেইস্থান বা পাত্র দেখাইতে, অথবা তাহা পরীক্ষা করণার্থে তাঁহার যে সাহায্যের প্রয়োজন হয় তাহা দিতে অথবা ঐ পেট্রোলিয়মের নমুনার মূল্য দেওয়া গেলে তাহা দিতে, অস্বীকার বা উপেক্ষা করিলে, তাহার দুইশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

পেট্রোলিয়ম বদ্ধ হইবার কথা।

১৭ ধারা। কোন স্থলে ১৪ বা ১৫ ধারামত অপরাধ হইলে, অপরাধনির্ণয়কারী মাজিষ্ট্রেট আদেশ করিতে পারিবেন যে,

(ক) যে পেট্রোলিয়ম সম্বন্ধে অপরাধ হইয়াছে, অথবা

(খ) অপরাধী কোন পরিমাণ পেট্রোলিয়ম আমদানী করিবার বা, স্থল বিশেষ, চালান করিবার বা নিকটে রাখিবার অনুমতি পাইয়া থাকিলে, যদি সেই পরিমাণের অধিক পেট্রোলিয়ম আমদানী বা চালান করেন বা নিকটে রাখেন, তবে তিনি সমুদয়ে যত পেট্রোলিয়ম আমদানী বা চালান করেন বা নিকটে রাখেন,

তাহা বদ্ধ করা যাইবে।

বিবিধ।

বিধি কখন্ আইনতুল্য বলবৎ হইবে, ইহার কথা।

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে যে বিধি প্রণয়ন করেন তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে, যতদূর এই আইন সঙ্গত হয়, আইনতুল্য বলবৎ হইবে।

কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্বে গ্রহণ করা না গেলে উক্তরূপ কোন বিধি ঐ রূপে প্রকাশ করা যাইবে না।

অন্যান্য দ্রব্যের প্রতি এই আইন বর্ত্তাইতে পারিবার কথা।

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের সমুদয় বা কোন অংশ পেট্রোলিয়ম ভিন্ন অন্য আশুজ্বলনশীল দ্রব্যের প্রতি বর্ত্তাইতে পারিবেন, এবং ৫, ৭ ও ৮ ধারায় পেট্রোলিয়মের যে পরিমাণ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে ঐ দ্রব্যের যেং পরিমাণের প্রতি ঐং ধারা বর্ত্তিবে ঐ জ্ঞাপন পত্র দ্বারা তাঁহা নির্দ্ধারিত করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব ঐরূপ জ্ঞাপনপত্র দিয়া এই ধারামতে প্রকাশিত কোন জ্ঞাপনপত্র রহিত করিতে পারিবেন।

তফসীল।

পরীক্ষাযন্ত্র ব্যাখ্যাকর বিশেষ বিবরণ।

নিম্নে এই যন্ত্রের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইল।—

তৈল পাত্র নলাকার, উহার ব্যাস ২ইঞ্চি ও আভ্যন্তরিক উচ্চতা ২$\frac{5}{10}$ ইঞ্চ এবং বাহিরে প্রসারিত কাঁধা-$\frac{5}{10}$ ইঞ্চি বিস্তৃত ও পাত্রের মাথাহইতে $\frac{5}{10}$ ও তল হইতে

১½ ইঞ্চি দূর। উহা তরল বা পিত্তলে (১৭ B. W. G.) নির্ম্মিত, এবং উহার ভিতরে রাং দিয়া কলাই করা থাকে। ক্ষুদ্র শক্ত তারখণ্ড নির্ম্মিত একটি ব্রাকেট, ঊর্দ্ধ দিকে বাঁকাইয়া সূচ্যগ্র করা ঐ পাত্র মধ্যে মানদণ্ডস্বরূপ লাগান আছে। পাত্রের তলা হইতে ঐ সূচ্যগ্রের দূরত্ব ১¼ ইঞ্চি ঐ পাত্রের পিত্তল (২২ B. W. G.) নির্ম্মিত ঢাকনী আছে, তাহা আঁটিয়া লাগিয়া বাহিরে বাড়িয়া থাকে ও তৎসঙ্গে তাপমানযন্ত্র ও পরীক্ষা দীপ থাকে। ঐ দীপ পার্শ্বস্থ দুইটি অবলম্ব হইতে হাতল দ্বারা ঝুলান, ও হাতল থাকাতে উহা দোলাইতে পারা যায়। উহার একটি চুঙ্গি আছে, তাহার মুখের ব্যাস ⅝ ইঞ্চি। যে খোলের মধ্যে তাপমান যন্ত্র রাখিতে হইবে তাহার এরূপ কোণ করিয়া স্থাপিত ও তাহার দৈর্ঘ্য এরূপ, যে তাপমান যন্ত্র তন্মধ্যে যত দূর যাইতে পারে তত দূর প্রবেশ করাইয়া দিলে, তাপমান যন্ত্রের নিম্নস্থ পারদকুণ্ড ঢাকনীর মধ্যস্থল হইতে১½ ইঞ্চি নীচে থাকিবে।

ঢাকনীতে তিনটি চতুষ্কোন ছিদ্র আছে, একটি মধ্য স্থলে, উহার দৈর্ঘ্য ⅝ ইঞ্চি ও প্রস্থ ⅜ ইঞ্চি; এবং দুইটি ক্ষুদ্রতর দৈর্ঘ্যে ⅜, প্রস্থে ⅛ ইঞ্চি পার্শ্বের নিকটে ও বিপরীত দিকে খাঁজকাটা পথে চলে ঢাকনীর ছিদ্রানুযায়ী ছিদ্র বিশিষ্ট এরূপ একটি স্লাইডদ্বারা এই তিনটি ছিদ্র বন্ধ করা ও খোলা যাইতে পারে।

ছিদ্রগুলি যাহাতে খোলা যায় এরূপে ঐ স্লাইড সরাইলে, দোলায়মান দীপ স্লাইড সংযুক্ত পিনে বাধিয়া এপ্রকারে সরিয়া যায় যে চুঙ্গির মুখ ঠিক ঢাকনীর নীচে পড়ে। যাহাতে ছিদ্র গুলি ঢাকা পড়ে এরূপে স্লাইড পুনর্ব্বার সরাইয়া দিলে, দীপ তাহার প্রথম স্থানে প্রত্যাবর্ত্তন করে।

ঢাকনীর উপর, দীপের মুখের সম্মুখে ও সমসূত্রে একটি শ্বেত গুটিকা আছে, পরীক্ষা কার্য্যে যে শিখা ব্যবহার করিতে হইবে তাহার আয়তন ঐ গুটিকা তুল্য হইবে।

বাথ বা উত্তপ্ত পাত্র দুইটি চপ্টা তলা বিশিষ্ট তাম্র নল (২৪ B. W. G.); অভ্যন্তরীণ নলের ব্যাস ও উচ্চতা ২½ ইঞ্চি, এবং বহিঃস্থ নলের ব্যাস ৫½ ও উচ্চতা ৫½ ইঞ্চি ঐ বাথের উপরিভাগস্বরূপ, মধ্যস্থলে ছিদ্রবিশিষ্ট, যে চক্রাকার তাম্র ফলক (20 B. W. G.) থাকে ঐ নলদ্বয় তাহাতে এইরূপে সংযুক্ত যে উভয় নলের মধ্যগত স্থান ঘেরা পড়ে, অথচ অভ্যন্তরীণ নলে যাইবার পথ থাকে। বাথের উপরিভাগ বাহিরের ও ভিতরের দিকে ½ ইঞ্চি প্রসারিত, অর্থাৎ উহার ব্যাস বাথের ব্যাস অপেক্ষা ১ ইঞ্চি অধিক, এবং মধ্যস্থলস্থ চক্রাকার ফুকরের ব্যাস প্রায় সেই পরিমাণে অভ্যন্তরীণ তাম্রনলের ব্যাস অপেক্ষা কম। উপরিভাগের ভিতরের দিকের প্রসারিত অংশে ছয়টি ক্ষুদ্র স্ক্রু দিয়া আলুষ কাষ্ঠের একটী চেপ্টা অঙ্গুরীয়ক আঁটা আছে। বাথের সহিত তৈল পাত্রের ধাতুসংযোগ নিবারণ র্থে আবলুষ কাষ্ঠের ভিতরে স্ক্রু গুলি বসাইয়া দেওয়া হইয়াছে। বাথের পার্শ্বের ও তলার সহিত তৈলদীপের ঠিক দূরত্ব ½ ইঞ্চি তৈল পাত্রের ঢাকনীর উপর যেরূপ আছে সেই রূপ, কিন্তু সমকোণ করিয়া স্থাপিত, একটি চিরাখোলের মধ্যে উভয় নলের মধ্যগত স্থানে একটি তাপমানযন্ত্র রাখা যায়। ঐ বাথের অধিকন্তু একটি চুঙ্গি, অতিরেক নির্গম নল ও দুইটি ধরিবার কড়া আছে।

চালা লোহার ত্রিপদ আধারের উপর বাথটি থাকে ঐ আধারের বলয়ের সহিত মাথায় বিট তোলা এরূপ আকারের একটী তাম্রনল বা জ্যাকেট [২৪ B. W. G.] লাগান থাকে যে বাথ ঐ লৌহবলয়ের উপর অবিচলিতভাবে থাকিয়া উহার প্রসারিত উপরিভাগ দ্বারা অভ্যন্তরমুখী বিট স্পর্শ করে। এই বহিঃস্থ জ্যাকেটের ব্যাস ৬½"। ঐ আধারের তিনটি পদের একটি পদ সুরাদীপের অবলম্বস্বরূপ হয়, ক্ষুদ্র দোলা ব্রাকেট দিয়া উক্ত দীপ ঐ পদে লাগান থাকে। বাথের তলভাগহইতে সলিতা ধারের দূরত্ব ১ ইঞ্চি।

যন্ত্রের সঙ্গে দুইটি তাপমান যন্ত্র আছে, একটি বাষ্পের তাপাংশ নির্ণয়ার্থ, অপরটি শিখা নির্গমস্থল নিরূপণার্থ যে তাপমান যন্ত্র দ্বারা জলের তাপাংশ নির্ণয় করা যায়, তাহার লম্বা পারদকুণ্ড ও মাথার কাছে স্থান আছে। ইহার বিস্তার ফারণহিটের ৯০° হইতে ১৯০°। চলিত রকমে নলের পিছে আঁটা হস্তিদন্তনির্ম্মিত দণ্ডে ফারণহিটের অংশানুরূপ স্কেল অঙ্কিত আছে; উহা খোলের উপযোগী ধাতুনির্ম্মিত হাঁসুলি বিশিষ্ট; এবং স্কেলের নীচে নলের যে অংশ থাকে তাহা স্কেলের নিম্নভাগ হইতে পারদকুণ্ডের অন্ত পর্য্যন্ত প্রায় ৩½ ইঞ্চি হওয়া উচিত। তৈলের তাপাংশ নির্ণয়ের তাপমান যন্ত্রও বর্ণিত তাপমান যন্ত্রের সদৃশ হাঁসুলি ও হস্তিদন্তনির্ম্মিত স্কেল বিশিষ্ট। ইহার গোলাকার পারদকুণ্ড আছে ও মাথার কাছে স্থান আছে। ইহার বিস্তার ফারণহিটের ৫০° অবধি ১৫০° পর্য্যন্ত, এবং হস্তিদন্ত নির্ম্মিত দণ্ডের অন্ত হইতে পারদকুণ্ড পর্য্যন্ত ২½ ইঞ্চি।

মন্তব্য।—একটি আদর্শ যন্ত্র কলিকাতার মিণ্ট মাষ্টর সাহেবের আফিসে রক্ষিত হইয়াছে।

পরীক্ষা করণ সংক্রান্ত উপদেশ।

১। যেখানে বায়ুর স্রোত না লাগে, পরীক্ষাযন্ত্র ব্যবহারার্থে সেই স্থানে রাখিতে হইবে।

২। চুঙ্গির ভিতরে জল ঢালিয়া যাবৎ পাত্রের জল নির্গমপথে তাহা বাহির হইয়া যাইতে আরম্ভ না করে, তাবৎ উত্তাপকর পাত্রে বা ওয়াটর বাথে জল পুরিতে হইবে। পরীক্ষারম্ভসময়ে জলের তাপাংশ ফারণহিটের ১৩০° হইবে। ইহা করিবার নিমিত্ত প্রথমতঃ যাবৎ জলের তাপাংশ পরীক্ষার্থে রক্ষিত তাপমান যন্ত্রে যথাযোগ্য তাপাংশ সূচিত না হয়, বাথের মধ্যে অথবা যে পাত্র হইতে বাথ পূর্ণ করা যায় সেই পাত্রে গরম ও ঠাণ্ডা জল মিশাইতে হইবে; অথবা যাবৎ আবশ্যক তাপাংশ সূচিত না হয়, যন্ত্রের পদসংযুক্ত সুরা দীপ দ্বারা জল গরম করিতে হইবে।

যদি জল অত্যন্ত গরম করা হইয়া থাকে, তবে যাবৎ তাপমানযন্ত্রে যথাযোগ্য তাপাংশ সূচিত না হয়, গরম জলের কিয়দংশের স্থান গ্রহণার্থে আস্তে২ ঠাণ্ডা জল ঢালিয়া জলের তাপ কমাইয়া সহজেই ১৩০° করা যায়।

একটি পরীক্ষা শেষ হইলে, নীচে দীপ রাখিয়া ওয়াটর বাথের তাপাংশ ১৩০° করিয়া তুলা যায়; এবং যৎকালে পেট্রোলিয়ম পাত্র খালি করিয়া শীতল ও পরীক্ষা করিবার নূতন নমুনার দ্রব দ্বারা পুনর্ব্বার পূর্ণ করা যায় সেই কালমধ্যেই সহজে উক্তফল প্রাপ্ত হওয়া যায়। তৎপরে যন্ত্রের নিম্নদেশ হইতে দীপটি উহার অক্ষদণ্ডের উপর ঘুরাইয়া দিয়া, নূতন পরীক্ষা কার্য্যে প্রবৃত্ত হওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ অক্টোবর।]

৩। পরীক্ষা দীপে ছেপটা ভাঁজ করা একটি সলিতা লাগাইয়া এবং সলিতার নলের মুখের নিম্নভাগ পর্য্যন্ত কলুষা বা শরিসা তৈল দ্বারা পূর্ণ করিয়া, পরীক্ষা দীপ ব্যবহারের নিমিত্ত প্রস্তুত করা যায়। দীপের এরূপ সজ্জা করিতে হইবে যে উহা জ্বালিলে ০.১৫ ইঞ্চি ব্যাস যুক্ত শিখা নির্গত হয়, এবং তৈলপাত্রের ঢাকনীর উপরিস্থ বর্হিবিস্তৃত শ্বেত গুটিকাতুল্য শিখার এই আয়তন, একটি ক্ষুদ্র তার দ্বারা সময়ে২ নাড়িয়া দিলে, সহজেই রাখা যায়।

গ্যাস পাওয়া যাইতে পারিলে, উহা ঐ ক্ষুদ্র তৈলদীপের পরিবর্ত্তে ব্যবহার করা সুবিধা, এবং এ কার্য্য নিমিত্ত দীপের পরিবর্ত্তে গ্যাসযোগে পরীক্ষা শিখা ব্যবহারের বন্দোবস্ত করা যাইতে পারে।

৪। বাথের যথাযোগ্য তাপাংশ বিধান করা গেলে যে তৈলের পরীক্ষা করিতে হইবে, তাহা পেট্রোলিয়ম, পাত্রে দেওয়া যায়, যাবৎ পাত্রস্থ মানদণ্ডের সূচাগ্র পর্য্যন্ত তৈল না উঠে. উহা আস্তে২ ঐ পাত্রে ঢালিতে হইবে। গরমের সময়ে পরীক্ষার্থ নমুনা গুলি যে ঘরে রাখা হইয়াছে, প্রথমতঃ সেই ঘরের তাপাংশ দেখিতে হইবে, এবং উহা ৬৫ অংশের অধিক হইলে, যে বোতলে নমুনাগুলি থাকে তাহা ঠাণ্ডা জলে ডুবাইয়া অথবা অন্য কোন সুবিধামত প্রণালীতে পরীক্ষার্থ নমুনাগুলি (৬০ তাপাংশ পর্য্যন্ত) ঠাণ্ডা করিতে হইবে। স্লাইড বন্ধ করা পাত্রের ঢাকনী তৎপরে লাগান যায়. এবং ঐ পাত্রটি বাথের বা উত্তাপকর পাত্রের মধ্যে স্থাপিত হয়। ঐ তৈল পাত্রের ঢাকনীস্থ তাপমান যন্ত্র এরূপে বিন্যস্ত হইয়াছে যে উহার পারদ কুণ্ডমাত্র তৈলে ডুবিয়াছে, এবং উহার অবস্থান কিছুতেই পরিবর্ত্তন করিতে হইবে না। পাত্রটি যথাযোগ্য স্থানে রাখা গেলে, তাপমান যন্ত্রের স্কেল পরীক্ষকের সম্মুখে পড়িবে।

৫। পরীক্ষার দীপ তৎপরে তৈল পাত্রের ঢাকনীর উপর যথাস্থানে রাখা হয়; যে দোলক *পরীক্ষকের সম্মুখে সুবিধামত স্থানে স্থাপিত হইয়াছে তাহা নাড়াইয়া দেওয়া হয়; এবং পেট্রোলিয়ম পাত্রস্থ তাপমানযন্ত্রে পারদ যেরূপ উঠে তাহা সাবধানে দেখা হয়। তাপাংশ প্রায় ৬৬অংশ হইলে, পরীক্ষা কার্য্য আরম্ভ করিতে হইবে এক২ অংশ উঠিবার নিমিত্ত নিম্নলিখিত প্রকারে একবার করিয়া পরীক্ষার শিখা প্রয়োগ করা যায়।—

যাবৎ দোলক তিনবার দোলে স্লাইড আস্তে২ খুলা হয়, এবং চতুর্থ বার দুলিবার সময়ে স্লাইড বন্ধ করা হয়।

মন্তব্য।—অতি কম বায়ুপরিণামশীল তৈলের শিখানির্গমস্থল নিরূপণার্থ পরীক্ষাযন্ত্র ব্যবহার করা বাঞ্ছিত হইলে, কার্য্য প্রণালী নিম্নলিখিতমতে পরিবর্ত্তিত করিতে হইবে।—

যে বাতাগার তৈলপাত্র বেষ্টন করিয়া থাকে, তাহা ১½ ইঞ্চি পর্য্যন্ত ঠাণ্ডা জল দিয়া পূর্ণ করিতে হয়, এবং উত্তাপকর পাত্র বা ওয়াটর বাথ প্রচলিত প্রণালীতে, কিন্তু ঠাণ্ডা জল দিয়াও, পুরিতে হয়। তৎপরে দীপ যন্ত্রের নীচে স্থাপন করিয়া কার্য্যচলনের সমস্ত সময় তথায় রাখিতে হয়। যদি অতি ভারী কোন তৈল লইয়া কার্য্য করিতে হয়, তাহা হইলে ঠাণ্ডা জলের পরিবর্ত্তে ১২০অংশ পর্য্যন্ত গরম করা জল লইয়া কার্য্যারম্ভ করা যাইতে পারে।

* ঝুলাইবার স্থান হইতে ওএটের ভারকেন্দ্র পর্য্যন্ত এই দোলক দৈর্ঘ্যে২ দুই ফুট।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

এদেশে আশুজ্বলনশীল যে সকল তৈল আমদানী হইতেছে, তাহার আশঙ্কাজনক প্রকৃতির প্রতি কিয়ৎ কাল হইল গবর্ণমেণ্টের দৃষ্টি পড়িয়াছে। ১৮৭৮ সালের নবেম্বর মাসে বোম্বাই গবর্ণমেণ্ট প্রথম এই বিষয়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মনযোগ আকর্ষণ করেন; তাঁহাদের এই উদ্দেশ্য ছিল যে, যদি আবশ্যক হয়, আশঙ্কাজনক তৈল আমদানী নিবারণার্থ ব্যবস্থা করা হয়। ঐ রূপ ব্যবস্থা করা বাঞ্ছনীয় কি না এই কথা বঙ্গদেশের গবর্ণমেণ্টকে জিজ্ঞাসা করায় জানা গেল যে ঐ বিষয় কিয়ৎকাল ধরিয়া ঐ গবর্ণমেণ্টের সম্মুখে রহিয়াছে. এবং এই সকল তৈল সম্বন্ধীয় প্রশ্ন সর্ব্বতোভাবে বিবেচনা করিয়া দেখিবার নিমিত্ত একটি কমিটী নিযুক্ত হইয়াছে। ঐ কমিটীতে কএকজন রাজকর্ম্মচারী, বিশেষজ্ঞ ব্যক্তি ও উক্ত ব্যবসায়ে স্বার্থযুক্ত কএক ব্যক্তি ছিলেন। তাঁহারা যে রিপোর্ট করিয়াছেন, তাহাতে ব্যবস্থা প্রণয়ন অত্যন্ত আবশ্যক বলিয়া বলবৎ যুক্তি প্রদর্শন করিয়াছেন এবং উক্ত ব্যবস্থা তাঁহাদের মতে যেরূপ মূলসূত্র অবলম্বন করিয়া প্রণয়ন করা উচিত তদ্বিষয়ে কএকটি প্রস্তাব করিয়াছেন।

২। ভারতবর্ষের জলবায়ু প্রভৃতি বিশেষ কারণে যে২ পরিবর্ত্তন করিতে হয়, সেই২ পরিবর্ত্তন সহ এই সকল প্রস্তাব সামান্যতঃ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৪ ও ৩৫ বৎসরের আইনের ১০৫ অধ্যায় অনুযায়ী। ঐ অধ্যায় পরে শ্রীশ্রীমতীর ৪২ ও ৪৩ বৎসরের আইনের ৪৭ অধ্যায় দ্বারা সংশোধিত হইয়াছে এবং উহাই ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে এবিষয়ের বিধানাত্মক প্রধান আইন। কমিটীর উদ্দেশ্য ছিল যে, একটি প্রধান ও সত্বর বর্দ্ধমান বাণিজ্যের যত কম বাধা হইতে পারে হইয়া মানব জীবন ও সম্পত্তি কার্য্যতঃ নির্ব্বিঘ্নে থাকিতে পারে। এইউদ্দেশ্য সাধনার্থ উক্ত প্রস্তাবগুলি বিশেষ উপযোগী।

৩। কমিটীর সিদ্ধান্তের সাধারণ মর্ম্ম নিম্নে প্রদত্ত হইল।—

প্রথম।—সমুদয় পেট্রোলিয়ম তিন শ্রেণীতে বিভক্ত করিতে হইবে অর্থাৎ,

(ক) প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম, ইহার প্রভানির্গমস্থল ফারণহিটের ১০৩ অংশ বা তদূর্দ্ধ;

(খ) দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম, ইহার প্রভানির্গম স্থল ফারণহিটের ৮৩° অবধি ১০৩° পর্য্যন্ত;

(গ) আশঙ্কাজনক পেট্রোলিয়ম, ইহার প্রভানির্গমস্থল ফারণহিটের ৮৩ অংশের নীচে।

আবেল সাহেবের বদ্ধ পরীক্ষা ক্রমে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৫ অক্টোবর।]

দ্বিতীয় ।—আবেল সাহেবের বন্ধ পরীক্ষা দ্বারা সমুদয় পেট্রোলিয়ম পরীক্ষা করিতে হইবে। পেট্রোলিয়ম বিষয়ক ১৮৭১ সালের আইনে যে পুরাতন বা খোলা পরীক্ষা নির্দ্দিষ্ট ছিল, তৎপরিবর্ত্তে ঐ আইনের কার্য্য পক্ষে আবেল সাহেবের বন্ধপরীক্ষা সংপ্রতি ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে অবলম্বিত হইয়াছে (শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৪২ ও ৪৩ বৎসরের আইনের ৪৭ অধ্যায়, অর্থাৎ পেট্রোলিয়ম বিষয়ক ১৮৭৯ সালের আইন দেখ)

তৃতীয় ।—ইংলণ্ডীয় পেট্রোলিয়ম বিষয়ক আইনের (শ্রীশ্রীমতীর ৪২ ও ৪৩ বৎসরের আইনের ৪৭ অধ্যায় দেখ) বিধান হইতে। যেতাপাংশে (৭০°) পেট্রোলিয়ম নির্ব্বিঘ্নে মুক্ত করা যাইতে পারে বলিয়া বিবেচিত হইয়াছে, তদপেক্ষা (১০° উচ্চতর অর্থাৎ (৮০°) তাপাংশে যখন দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম হইতে প্রভানির্গম ঘটে, তখনউহা অন্ততঃ অনেকটা নির্ব্বিঘ্ন বিবেচনা করা যাইতে পারে। এই নিমিত্ত ঐ পেট্রোলিয়ম ও প্রথমশ্রেণীর পেট্রোলিয়মের আমদানী গুদামজাত ও চালান করা সম্বন্ধে যুক্তিমত স্বাধীনতা দেওয়া উচিত; আর আশঙ্কাজনক পেট্রোলিয়ম আমদানী, গুদামজাত ও চালান করা, বস্তুতঃ নিষেধ করা না হইলেই, তাহা এরূপ কঠিন নিয়মাধীন করা উচিত যে কার্য্যতঃ চলিত ব্যবহারের পক্ষে নিষিদ্ধ হইয়া উঠে।

৪। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উক্ত রিপোর্ট বিবেচনা করিয়া দেখিয়াছেন, এবং উহাতে যে২ সিদ্ধান্ত আছে ও কমিটীর প্রস্তাবগুলিতে যে ব্যবস্থার কল্পনা আছে তাহাতে সামান্যতঃ সম্মতিদান করিতে প্রস্তুত আছেন। মাদ্রাজের গবর্ণমেণ্ট ও ব্রহ্মদেশের চীফ কমিশ্যনর সাহেব এবং বোম্বাইয়ের ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট ব্যবস্থা প্রণয়নের পক্ষ হওয়াতে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কমিটীর এই প্রস্তাব গ্রাহ্য করিতে ইচ্ছা করিয়াছেন যে, ব্যবস্থা প্রণয়ন করিতে প্রবৃত্ত হওয়া যায় তাহা শ্রীযুত গবর্ণরজেনরল সাহেবের দ্বারা প্রণীত উচিত। এই নিমিত্ত সাধারণতঃ কমিটির প্রস্তাবগুলি সন্নিবিষ্ট করিয়া এই পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে।

৫। একবারেও সাধারণতঃ আশঙ্কাজনক পেট্রোলিয়মের ব্যবসার খর্ব্ব করা বাঞ্ছনীয় বোধ হওয়াতে (এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সম্বন্ধে সমুদয় বন্দর একই অবস্থায় না রাখিলে অন্যায় হইত বলিয়া) আশঙ্কাজনক পেট্রোলিয়ম সংক্রান্ত ও প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সংক্রান্ত পাণ্ডুলিপির বিধানগুলি ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তান গিয়াছে; কিন্তু ইহার অন্যান্য বিধানগুলি কেবল স্থানীয় গবর্ণমেণ্টের ইচ্ছামতে বর্ত্তান যাইতে পারিবে।

স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক যে২ বিধি প্রণয়ন করিবেন, এই বিষয়ের বিস্তারিত বিবরণ অনেক পরিমাণে তজ্জন্য রাখিয়া দেওয়া গিয়াছে; কারণ এই প্রকার যে স্থলে ভিন্ন২ স্থানের ব্যবসায়ের স্থানীয় অবস্থা ও বিশেষ লক্ষণগুলি বিবেচনা করিতে হইবে, সেই স্থলে এইরূপ প্রণালীই সর্ব্বাপেক্ষা সুবিধাজনক বোধ হয়।

৬। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৪ ও ৩৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের ১৪ ধারার তুল্য একটি ধারা পাণ্ডুলিপিতে সংযোগ করা গিয়াছে। ইহাতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি এই ক্ষমতা প্রদত্ত হইয়াছে যে ভবিষ্যতে পেট্রোলিয়ম ভিন্ন অন্যান্য দ্রব্যের প্রতি এই আইন বর্ত্তাইতে পারিবেন এবং তদ্রূপ দ্রব্য সম্বন্ধে এই আইনের বিধান তদুপযোগী করিয়া লইতে পারিবেন।

৭। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৪২ ও ৪৩ বৎসরের আইনের ৪৭ অধ্যায়ের প্রথম তফসীলে অধ্যাপক শ্রীযুত আবেল সাহেবের পরীক্ষা প্রণালীর বর্ণনা মধ্যে ভ্রান্তিক্রমে দোলকের দৈর্ঘ্য প্রদত্ত হয় নাই। শ্রীযুত পেডলার সাহেব যে সংবাদ দিয়াছেন, তাহা হইতে পাণ্ডুলিপির তফসীলের একটি ফুটনোটে ঐ দৈর্ঘ্য দেওয়া হইয়াছে।

৮। এই সুযোগে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক আইনের আশুজ্বলনশীল তৈল সংক্রান্ত ৩৭ ধারা এবং কলিকাতার ও হাবড়ার আশুজ্বলনশীল তৈল আমদানী ও গুদাম জাত করণ নিয়মক ১৮৬৫ সালের বঙ্গীয় ৩ আইন রহিত করা গিয়াছে; কারণ বর্ত্তমান পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে ঐ সকল ব্যবস্থা অনাবশ্যক হইবে।

১৮৮০ সাল ১৩ জুলাই।

উইটলী ষ্টোক্‌সক

ডি, কিটস পাট্রিক।

ব্যবস্থাপন কার্য্য বিভাগে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৫ অক্টোবর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 5, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৫ অক্টোবর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নিলামের বিজ্ঞাপন। কাছারী কালেক্টরী জিলা ঢাকা।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে, যে ঢাকা জেলার অন্তঃপাতি নিম্নেরলিখিত খাসমহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজি ১৮৮১ সালের ১২ জানুয়ারি মোতাবেক ১২৮৭ সালের ২৯ পৌষ বুধবার জিলা ঢাকার কালেক্টরীতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

১। এই মহাল যে ব্যক্তি নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকেই দেওয়া যাইবেক। ক্রেতা মহালের মালিক বলিয়া গণ্য হইবে এবং মহাল গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা তাহাকে বিক্রীত হইবে। কেবল চিরনির্দ্ধারিত সদর জমা দিতে হইবে।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বাহাল থাকিবেক রাজস্ব কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে যে খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতা তাহাদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ও প্রথম স্থলি বিক্রয়ের ন্যায় পুনরায় বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনরায় বিক্রয় হইবেক। ৭ আগষ্ট।

খাস মহালের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।			সদর জমা।	নিলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর।	রোড।	পোল।	নির্দ্ধারিত রাজস্ব।		
২৩৫	৮৬৪২	হাওলা রামদেব পোদ্দার	২	০	৭	৪৲	৮৲	

H. J. NEWBERY, *Offg. Collector.*

নিলামের বিজ্ঞাপন।

কাছারী কালেক্টরী জিলা ফরিদপুর।

এতদ্দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তঃপাতি নিম্নের লিখিত খাসমহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরাজি ১৮৮০ সনের ২৮ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ১৪ পৌষ মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরীতে নিলাম হইবেক এই সকল মহাল যে যাঁহারা ক্রয় করিবেন তাঁহারা নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

বিক্রয়ের নিয়ম।

১। এই মহাল সকল যাঁহারা নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষায় উচ্চ ডাকিবেন তাঁহাদিগকেই বিক্রীত হইবে। ক্রেতাগণ মহলের মালিক বলিয়া গণ্য হইবেন এবং গবর্ণমেণ্টের ঐসকল মহালের মালিকী স্বত্ব তাঁহাদিগকে হস্তান্তরিত করা যাইবে কেবল চির নির্দ্ধারিত সদর জমা দিতে হইবে।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইনমতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বাহাল থাকিবেক; রাজস্ব কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রায়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহাদের স্বত্ব মানিতে বাধ্য হইবেন।

৩। একশত টাকার অনাধিক পণ হইলে সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক,

৪। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক; বিক্রয়ের দিবস এক দিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনরায় বিজ্ঞাপন প্রকাশ পূর্ব্বক ঐ ত্রুটিকারী ক্রেতার ঝুকিতে সেই মাহাল পুনরায় বিক্রয় হইবেক ইতি ১৮৮০।—১৭ জুলাই

খাসমহলের নম্বর	তৌজীর নম্বর ও মহালের নাম	জমীর ন্যূনাধিক পরিমাণ			রাজস্ব।		কৈফিয়ত।
		একর	রোড	পোল	নির্দ্ধারিত সদরজমা।	নীলামের প্রথম ডাকের মূল্য	
৩৩১	২৪১৫ নং পং তেলীহাটী কিং কমলাপুর	১১	১	২	৪০	৮০৲	১৮৭৯ সনের ১ এপ্রিল হইতে খরিদারের স্বত্ব অশিবেক।
১০৬	নং ২৪১৬ পং তেলীহাটী কিং কমলাপুর	১১	০	৮	২৮	৫৬	ঐ

J. E. B. JEFFERY,
Offg. Collector.

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা ফরিদপুর।

এস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৮০ সনের ২৮ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ১৪ পৌষ মঙ্গলবার এই জিলার কালেক্টরির কাছারিতে বিনাওজরে নিলাম করা যাইবেক ইতি ১৮৮০ সন তারিখ ২ সেপ্টেম্বর।

প্রথম শ্রেণীর ও ইস্তমরারি জমাধার্য্য হওয়া মহাল।

তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম	মালিকের নাম।	সদর জমা।	যত টাকা বাকী।	মন্তব্য।
১৩০৪	৮২ মদন শঙ্কর সংক্রান্ত ৮৫ পাগড়ীয়া ৭ডন ৮২ টুকরা।	সচিমন্দন পাল। রাসবেহারি রায়। তারানাথ কুণ্ডু। সাং লোহজঙ্গ।	১২৪২ ৷৷৷৭	২৬৮/১১	১৮৮০ সনের লাং কিস্তী ২৮শে জুনের খাজনা ওয়াশীল বিষয়।

J. E. B. JEFFERY, *Offg. Collector.*

[*Government Gazette*, 5 *th October* 1880.]

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ৮ নবেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। সন ১৮৮০। ২৩ সেপ্টেম্বর—

নম্বর তৌজী।	মহালের নাম।	মলিকের নাম।	সদর জমা।	বাকির পরিমাণ।	মন্তব্য।
৯১৭৮	পং কাশীম নগর রকমহিস্যে ॥/৮= জমীদারি বং মুনশী মাহম্মদ হাফেজ।	আবদুল হাফিজ স্বয়ং ও মেনেজার পক্ষে আবদুল কবির ছমছমেছা ও বদরমেছা মাবালগান; রৈছমেছা স্বয়ং ও মেনেজার পক্ষে আবদুল আজিজ, মির ফজলে আলি; মির আরজান আলি মজিব মেছা, ভারতচন্দ্র রায়; নৃত্যহরি রায়, কালাচাঁদ রায়; নীলমাধব রায়; অভয়চরণ রায় স্বয়ং ও মেনেজার পক্ষে যজ্ঞেশ্বর রায়; স্বাহিকাচরণ রায় দুর্গাচরণ রায় ও রাইচরণ রায়; গোবিন্দ সুন্দরী, প্যারিমোহন দাস, কৃষ্ণমোহন দাস; রেবতি মোহন দাস; জগতমোহন দাস, আনন্দমোহন দাস, হরিমোহন দাস; দ্বারকামোহন দাস; জয়কিশোরী চৌধুরাণী; মহিমাচন্দ্র রায়, চৌধুরী, আনন্দময়ী চৌধুরাণী রাজেন্দ্রচন্দ্র রায়, চৌধুরী; দেবেন্দ্রচন্দ্র রায় চৌধুরী; হরিশ্চন্দ্র চক্রবর্ত্তী।	১৮৫১৷৶১০।	ইং ১২৮৬ সনের কিং অগ্রহায়ণ লাং ১২৮৭ সনের কিং জ্যৈষ্ঠ— ১২১৬ ৷৶১১	অবশিষ্ট অংশ নিলাম হইবেক,
	হিসাব— পৃথক— পং কাশীম নগর রকম হিস্যে ॥/৮= ক্রান্ত জমীদারি বং মুনশী মাহাম্মদ হাফেজ হিস্যে ৶৫॥৬ দ্বিপ	আতরন্নেছা খাতুন, অমবল খএ রাত খাতুন; ফজলল হক	৩০৮॥/১৸		
			২১৬০৲		

A. C. TUTE, *Covd. Dy. Collector.*

WANTED

A Sherishtadar for the Moonsif of Moulvi Bazar, Sylhet; salary Rs. 40 per mensem, rising to Rs. 60 by biennial increments. None need apply who has not passed at least the University Entrance examination and does not possess a thorough knowledge of the Civil Court business. Applications with testimonials, and permission from the head of the office in which employed, must be submitted to the Moonsif of Moulvi Bazar on or before the 5th November 1880.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৫ অক্টোবর।]

NOTICE.

		একনাথ ঝা ...	ঐ ...	সনসা ...	১,২০০	
		মসম্মৎ যোগিয়া ...	ঐ ...	কোরি ...	৫০০	
		ঐ ভোজবতী ...	ঐ ...	মুরমালা ...	৫০০	
		ঐ চন্দ্রী ...	ঐ ...	মধুবনি ..	৪০০	
		জগমোহন ঝা ...	ঐ ...	খাকলা ...	২০০	
	পুরনিয়া ...	মোত ফতেদার ...	পাকা ইদারা ...	আলমগঞ্জ ...	৩০০	
		প্রসাদ গমি ...	ঐ ...	হরিগঞ্জ ...	২৫০	
		মসম্মৎ পাঁচি ...	ঐ ...	সির্ণিয়া ...	৪০০	
		জরু শা ...	ঐ ...	নবাবগঞ্জ ...	২০০	
		কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	...	...	৭৮৮	৪,৭৩৮
		ভজন মণ্ডল ...	পুষ্করিণী ...	কেন্দল ...	৯০০	
		এলাহি মণ্ডল ...	ঐ ...	সাওনা ...	৮০০	
		নিত্যানন্দ রাজহংসি ...	ঐ ...	রামপুর ...	১,১০০	
		ঘিনু বেওয়া ...	ঐ ...	খওরা ...	১,১০০	
	মালদহ ...	করমবক্স সরকার ...	ঐ ...	দেবতলা ...	১২০০	
		নেহানু মণ্ডল ...	ঐ ..	নরদিপুর ...	৭০০	
		আদম সরকার ...	ঐ ...	মওয়াদা ...	৩০০	
						৬,১০০
				ভাগলপুর খণ্ডের মোট ...	... ...	২৩,৬২৩
	উড়িষ্যা।					
উড়িষ্যা।	কটক ...	আজদার নারায়ণ সাহু ...	পুষ্করিণী ...	সুকলৈ পরগনার সামিল অদঙ্গা	২০০	
		বির্ণার নরেন্দ্র দাস ...	ঐ ...	সরগড়া পরগনার সামিল বির্ণা ...	৩০০	
		প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	... ...	... ...	১৬৫	
						৬৬৫

[*Government Gazette*, 19*th October* 1880.]

খণ্ড।	জিলা।	যদ্দ্বারা প্রস্তুত তাঁহার নাম।	কার্য্যের বিবরণ।	যে স্থানে করা গেল।	ব্যয়।	জিলার মোট।
					টাকা	টাকা।
		রামসুন্দর মাঝি ...	পুষ্করিণী ...	মৌরী পোলীস থানার সামিলজুলধ	৯০০	
		হাদু ধাওয়া ...	ঐ ...	ঐ মিরট ...	১০০০	
		ফকির সর্দ্দার ...	ঐ ...	ঐ কর্ণভাগ ...	৭০০	
		রতন সরকার ...	ঐ ...	বুড়িগঙ্গা পোলীস থানার সামিল অলড়াই	৯০০	
		বাদলা আকন্দ ...	ঐ ...	সঙ্গিরা পোলীস থানার সামিল কাই-বাগ	৪০০	
	রাজসাহী ...	কুতবদী প্রামাণিক ...	ঐ ...	ঐ ঐ ...	৮০০	
		সবাই প্রমাণিক ...	ঐ ...	ঐ চিলমপুর ...	৯০০	
		হবিল প্রমাণিক ...	ঐ ...	ঐ পাকপহরী ...	১৫০০	
		উদজীবনী ...	ঐ ...	ঐ পাকুরিয়া ...	৫০০	
		কালীপ্রসন্ন ঠাকুর ...	ঐ ...	ঐ ঐ ...	৩০০	
		ভিল আকন্দ ...	ঐ ...	ঐ পাকুরিয়া ...	৬০০	
		মদন ফকির ...	ঐ ...	ঐ মানকর ...	৪০০	
		এক কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	.....	.....	১৫০	
		মনা কারকর, হারাম প্রামাণিক, ও বিহারি আকন্দ	ঐ ...	বওড়া থানার সামিল কুকপুর ...	৫০০	২৮,০৮৫
		ইজর প্রামাণিক ...	ঐ ...	ঐ দামই ...	৬০০	
		ভোলা শাকাদার ...	ঐ ...	কেতাল থানার সামিল সামন্তহার ...	৭০০	
		জদ্দি মণ্ডল ...	ঐ ...	ঐ সাবুল ...	৯২৭	
		সাদুল্লা মণ্ডল ...	ঐ ...	ঐ ঐ	৮৫০	
		ভাত মণ্ডল ...	ঐ ...	ঐ দুর্গাপুর	৪০০	
		শ্রীধর মণ্ডল ...	ঐ ...	ঐ কশবা	৯৫৩	
		চিনিউল্লা মণ্ডল ...	ঐ ...	আদম দীঘী থানার সামিল চক-উষোড়	৬০০	
		করিম প্রামাণিক ...	ঐ ...	ঐ মুরৈল	৬০০	
	বওড়া ...	মলতউল্লা মির্জ্জা ...	ঐ ...	ঐ পুসিন্দা	১০০০	
		অদি সর্দ্দার ...	ঐ ...	ঐ সালগুন	১০০০	
		খাজি প্রামাণিক ...	ঐ ...	ঐ গোবিন্দপুর	৫৫০	
		সাগিবা প্রামাণিক ...	ঐ ...	ঐ মজিদাইল	৫০০	
		জয় প্রসাদ কৈচ ...	ঐ ...	ঐ ঐ	৪০০	
		গাজি সাহ ...	ঐ ...	ঐ কামাইকুরি	৪০০	
		সাতকড়ি মণ্ডল ...	ঐ ...	ঐ শঙ্খ	৫০০	
		ভুনা মল্লা ...	ঐ ...	ঐ বেরিমজা	৪০০	
		কামাই শাহা ...	ঐ ...	ঐ মোহনপুর	৭০০	
		বাউল্লা প্রামাণিক ...	ঐ ...	ঐ ভীমপুর	৫০০	
		বাদল প্রামাণিক ...	ঐ ...	ঐ ঐ	৫০০	
		মজুনা মণ্ডল ...	ঐ ...	ঐ কৌয়ারপুর	৭০০	
		দুর্গাকান্ত কুণ্ডু ...	ঐ ...	ঐ সান্তহর	৯০০	
		রামমোহন শাহা ...	ঐ ...	বদলগাছী থানার সামিল ধর্ম্মপুর	৫৬৪	১৪,৭৪৪
		কেতুমহম্মদ শাহা ...	পাকা সেতু ...	মারাগতি নদীর উপর ...	১১০০	
		নিমাই দাস বৈরাগী	পুষ্করিণী ...	চিলহালী ...	৫২৫	
	রঙ্গপুর ...	আলদল খাঁ	পাকা ইঁদারা ...	রাধানগর ...	২০০	
		আতাউল্লা কাজী ...	ঐ ...	সালর ...	২০০	
		এক কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	... ...	... ...	১৫০	২,১৭৫
		কুচবিহারের আবালগ রাজার পক্ষে কোর্টওয়ার্ড	পুষ্করিণী ...	বোদা ...	৮,৪১৮	
		ঐ ঐ ...	ঐ	চিলাহাটীয়া ...	৪,৭৮৵৩	
	জলপাইগুড়ি ...	ঐ ঐ ...	দেবীগঞ্জ হইতে দরজ পর্য্যন্ত পথের কিয়দংশ অর্থাৎ প্রায় ২ মাইল পথ প্রস্তুত করণ	চাকলা বোদা ...	১৪০২৸১০	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

ও।	জিলা।	যদ্দ্বারা প্রস্তুত তাঁহার নাম।	কার্য্যের বিবরণ।	যে স্থানে করা গেল।	ব্যয়।	জিলার মোট।
					টাকা।	টাকা।
রাজশাহী ও কুচবিহার।		কুচবিহারের নাবালগ রাজার পক্ষে কোর্ট অব ওয়ার্ড	চিলাহাটীহইতে লালডাঙ্গা পর্য্যন্ত ৮ মাইল দীর্ঘ পথে মাটীফেলিয়া মেরামৎকরণ ...	চাকলাবোদা ...	২৩২৭৷৶১	
		ঐ ঐ ...	বোদাহইতে দেবীগঞ্জ পর্য্যন্ত ১২ মাইল দীর্ঘ পথ মাটীর দ্বারা মেরামত এবং বাঁশের সাঁকো করণ	ঐ ...	৭৪১৷৶৬	মহারাজার ইষ্টেটের বৃত্তির উপকারের জন্য এই সমস্ত কার্য্য করা হইয়াছে।
	জলপাইগুড়ি ...	ঐ ঐ ...	সকুয়াহইতে লালডাঙ্গা পর্য্যন্ত পথ মৃত্তিকা দ্বারা মেরামত এবং বাঁশের সাঁকো প্রস্তুত করণ	ঐ ...	১০০৩৷৶২	
		ঐ ঐ ...	বিদেশ গামীদের সদরপথে বাহাদুরী কাষ্ঠের সাঁকো করণ এবং মাটি ফেলন	চাকলা বোদা এবং পাটগ্রাম ...	২৬৮২৷৷৶৩	
		যে প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম	.....	.....	৩১৩৸৩	৪১,৬৪৮ ৴৩
				রাজশাহী ও কুচবিহার খণ্ডের মোট		৮৬,৬৫২ ৴৩
ঢাকা।	পূর্ব্বদিকস্থ জিলা।					
	ঢাকা ...	রামকৃষ্ণ সাহা ...	পুষ্করিণী ...	রায়পুরা থানার সামিল জাল্লাবাজ	৫০০	
		ওমেদ খাঁ ...	ঐ ...	ঐ নবিয়াবাদ	৩০০	৮০০
	ফরীদপুর ...	বসুদেব মিত্র ...	ঐ ...	গোপালগঞ্জের অন্তর্গত দুর্গাপুর ...	৩০০	
		যে প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম	.....	.....	৪০	৩৪০
	বাখরগঞ্জ ...	সেখ বরমদ্দি ...	ঐ ...	কালিগঞ্জ থানার সামিল বগেরচর	৪০০	৪০০
	ময়মনসিংহ ...	রঙ্গমালা কসবী ..	ঐ ...	ত্রিশাল ...	৫০০	
		বৃজলাল দত্ত ...	ঐ ...	ধরগো ...	৬৯৫	•
		দীননাথ বসু ...	ঐ ...	কমলমির ...	৬০০	
		গুরুনারায়ণ ঘোষ ...	ঐ ...	অশোকপুর ...	৫৫০	
		রায়কাণ মণ্ডল ...	ঐ ...	প্রিঞ্জুয়া ...	১০২৩	
		যে প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম			১৫০	৩৫১৮
	ত্রিপুরা ...	আরকার নেসা চৌধুরাণী ...	কাষ্ঠময় সেতু ...	লক্ষণ থানার নিকট ভাকাতিয়া নদীর উপর	১০০০	১০০০
				ঢাকা খণ্ডের মোট ...	.....	৬০৫৮
চট্টগ্রাম	চট্টগ্রাম ...	মহম্মদ বাবু ...	পুষ্করিণী ...	সাতকন্যা থানার সামিল রূপখনাই	২০০	
		সাদ্দুদ্দিন ...	ঐ ...	আনওয়ারা কাঁড়ির সামিল চৌরী ...	৪৮০	৬৮০
				চট্টগ্রাম খণ্ডের মোট ...	.....	৬৮০
বিহার।		বাবু ব্রাদার সিংহ ...	পাকা ইঁদারা ...	পালইড ...	৩০০	
		,, গার্সবহারি সিংহ ...	ঐ ...	মালহিম পুর ...	২০০	
		,, বিকন সিংহ ...	ঐ ...	আমদপুর ...	২০০	
		,, সাকুন সিংহ ...	ঐ ...	দল্লী ...	৫০০	
		,, সুর্জ্জন চৌধুরী ...	ঐ ...	সুরুয়া ...	৩০০	
	পাটনা ...	,, বম্ম সিংহ ..	ঐ ...	মহম্মদপুর ...	২০০	
		,, পঙ্করাজ সিংহ ...	ঐ ...	শাহাবাদ ...	৪০১	
		মসম্মৎ দাখু ...	গঙ্গার ধারে প্রস্তুত বর্ষান পাকাঘাট	দানাপুরের সদর বাজারে ...	৬০০০	
পাটনা		কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম	.....	....	২৪৭৬	১০৫৭৭
	গয়া ...	ই, সে লানো এবং ডবলিউ, বি, চারডন সাহেব	স্নানার্থ ও পশ্বাদির জল পানার্থ চৌবাচ্চা সুদ্ধ বড় পাকা ইঁদারা	অরবলে ওয়াসলীপুরের সাধারণের লাইরের উত্তর দিকে	৫৭৯৷৷৶৬	৫৮৯৷৷৶৬

[*Government Gazette*, 19*th Oct ber* 1880.]

খণ্ড।	জিলা।	যন্ত্রায় প্রস্তুত তাঁহার নাম।	কার্য্যের বিবরণ।	যে স্থানে করা গেল।	ব্যয়।	জিলার মোট।
					টাকা।	টাকা।
উড়িষ্যা চলিতেছে।	পুরী ...	প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম	... ...	... ...	৪০০	৪০০
	বালেশ্বর ...	অম্বলিকার মহন্ত গবি দেওয়া	পুষ্করিণী	জলেশ্বর পরগণার সামিল বলরামপুর	৩০০	
		তালপদার হাম দাস ...	ঐ ...	পঞ্চমল্ল পরগণার সামিল তালপদা	৩০০	
		প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০৲ টাকার কম	... ...	... ...	১৯০	৭৯০
				উড়িষ্যাখণ্ডের মোট ...	...	১৮৫৫
ছোটনাগপুর। দক্ষিণ পশ্চিম অঞ্চলের এজেন্সী	হাজারিবাগ ...	গয়ার অন্তর্গত মকসুদপুরের বাবু রামেশ্বরনাথ সিংহ...	ইংরাজি বিদ্যালয় ...	ছত্রা ...	২,০০০	২০০০
	মানভূম ...	গঙ্গানারায়ণ দাস ...	পুষ্করিণী ...	পাথাড়পুর ...	২০০	
		মুরু মহতো ...	ঐ ...	মতোয়ারি ...	৫০০	
		প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	... ...	... ...	৪৯০	১,১৯০
	সিংহভূম ...	গোত্রা মহতো ...	দুই পুষ্করিণী ...	চণ্ডীগ্রাম ...	৫০০	
		মাধু নায়ক ...	পুষ্করিণী ...	বালুণ্ডি ...	৬৫০	
		গৌব মন্ডা ...	ঐ ...	বালুণ্ডি ...	১০,৪৫	
		উকীল হরিপ্রসাদ ঘোষ ...	ঐ ...	চৈবাসা নগর ...	২৫০০	
		ঠাকুর রঘুনাথ সিংহদেব ...	ঐ ...	ধরসোয়া ...	৭৬৫	
		সাধু মুচি ...	ঐ ...	ঐ ...	৩০০	
		ভাগীরথী মণ্ডল ...	ঐ ...	বেনাশোলী ...	২০০	
		প্রত্যেক কার্য্যের ব্যয় ২০০ টাকার কম	...	... ...	৯৪৬	৬,৯০৬
				ছোটনাগপুর খণ্ডের মোট ...	...	১০,০৯৬
				সর্ব্বসুদ্ধ মোট ...	...	২,৪৭,৬৭৪৷৶

মূল বিবরণ।

	টাকা।
বর্দ্ধমান খণ্ডের মোট	২৩,৯৩৪৷৷০
রাজধানীখণ্ডের মোট	১৯,৬২৯৸০
রাজশাহী ও কুচবিহার খণ্ডের মোট	৮৬,৬৫২৲৩
ঢাকা খণ্ডের মোট	৬,০৫৮৲
চট্টগ্রাম খণ্ডের ঐ	৬৮০৲
পাটনা খণ্ডের ঐ	৭৫,১৪৬৷৯
ভাগলপুর খণ্ডের ঐ	২৩,৬২৩৲
উড়িষ্যা খণ্ডের ঐ	১,৮৫৫৲
ছোট নাগপুর খণ্ডের ঐ	১,০,০৯৬৲
সকল খণ্ডের সর্ব্বসুদ্ধ মোট ...	২,৪৭,৬৭৪৷৷৶০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১৯ অক্টোবর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ১১ মার্চ তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৭ আইন।

ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৮০ সালের আইন।

সূচীপত্র।

হেতুবাদ।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

ধারা।

১। সংক্ষেপ নাম।
আরম্ভ।

২। অর্থকরণের ধারা।

২ অধ্যায়।

সমুদ্রগমনের অযোগ্য ও আশঙ্কাজনক জাহাজ বিষয়ক বিধি।

৩। সংরক্ষণের ধারা।

৪। অর্থকরণের ধারা।

৫। কোন ব্যক্তি সমুদ্রগমনের অযোগ্য জাহাজ সমুদ্রে পাঠাইলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

ধারা।

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ কাপ্তান সমুদ্রে লইয়া গেলে, তাঁহার দণ্ড হইবার কথা।
স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা বা সম্মতিক্রমে অভিযোগ হইবার কথা।

কর্ম্ম করিবার চুক্তির মধ্যে সমুদ্রগমনযোগ্যতার নিয়ম উহ্য থাকিবার কথা।

৬। সমুদ্রগমনযোগ্যতা সম্বন্ধে মজুরদের নিকট স্বামির দায়ের কথা।

উপবিধান।

আশঙ্কাজনক জাহাজ স্থানীয় গবর্ণমেণ্টের আটক করিয়া রাখিতে পারিবার কথা।

৭। স্থানীয় গবর্ণমেণ্টের কিয়ৎকাল জাহাজ আটক করিয়া রাখিবার কথা।

কাপ্তানকে হেতুর বর্ণনাপত্র দিবার কথা।

৮। পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

তাঁহার রিপোর্ট পাইলে ইতিকর্ত্তব্যতার কথা।

আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞার কথা।

কাপ্তানকে রিপোর্ট দিবার ও সর্ব্বে কোর্টে আপীল হইবার কথা।

৯। পরীক্ষকের সঙ্গে যাইবার নিমিত্ত স্বামির বা কাপ্তানের আসেসর নিযুক্ত করিতে পারিবার কথা।

পরীক্ষক ও আসেসর একমত হইলে, কার্য্যপ্রণালীর কথা।

ভিন্নমত হইলে, কার্য্যপ্রণালীর কথা।

১০। সর্ব্বে কোর্টে কোন বিষয় অর্পণ করিতে পারিবার কথা।

ধারা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা।

১১। আটক করিয়া রাখিবার কার্য্যকারদের কথা। সাধারণতঃ তাহাদের ক্ষমতার কথা।

১২। তাঁহাদের কিয়ৎকালের নিমিত্ত জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার আজ্ঞা দিতে পরিবার কথা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকের গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

সর্ব্বে কোর্টের ও তথায় আপীল ও বিবাদার্পণ হইবার কথা।

১৩। সর্ব্বে কোর্টের সংগঠনের কথা।

১৪। বিচারপতির কথা।

১৫। আসেসরদের কথা।

১৬। বিচারপতির আসেসরদিগকে সমন করিবার কথা।

১৭। খোলা আদালতে মোকদ্দমা শুনিবার কথা।

১৮। বিচারপতির ও আসেসরদের ক্ষমতার কথা।

১৯। বিচারপতির পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

২০। পরীক্ষাকালে স্বামির বা কাপ্তানের উপস্থিত থাকিতে পারিবার কথা।

২১। বিচারপতির জাহাজ আটক করিয়া রাখিবার বা ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।

২২। কোর্টের স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

২৩। সর্ব্বে কোর্ট সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

বৈজ্ঞানিক সালীসদের কথা।

২৪। আপীল শুনিবার নিমিত্ত সালীস নিযুক্ত করিতে পারিবার কথা।

২৫। আপীলাণ্টের সালীস নিযুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবার কথা।

২৬। সালীসের সর্ব্বে কোর্টের মত ক্ষমতা থাকিবার কথা।

আটক করিয়া রাখিবার খরচ ও তদানুষঙ্গিক ক্ষতিপূরণের কথা।

২৭। অন্যায় পূর্ব্বক জাহাজ আটক করিয়া রাখা গেলে গবর্ণমেণ্টের খরচায় ও ক্ষতিপূরণের দায়ের কথা।

২৮। জাহাজ উচিতমতে আটক করিয়া রাখা গেলে জাহাজের স্বামির খরচার দায়ের কথা।

২৯। আটক করিয়া পরীক্ষা করিবার খরচার মধ্যে যাহা ধরিতে হইবে তাহার কথা।

৩০। খরচা প্রভৃতির জন্য বাদির নিকট জামিন চাহিত পারিবার কথা।

মাল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করিলে উপবিধানের কথা।

৩১। গবর্ণমেণ্টের যে খরচা প্রভৃতি দিতে হয় তাহা বাদির স্থানে আদায় হইতে পারিবার কথা।

শস্যাদি মালের কথা।

৩২। শস্যাদি মাল রাখিবার কথা।

ঐ মাল অনুপযুক্ত ভাবে রাখিলে, দণ্ডের কথা।

ভূতকের ও বোয়াইর রেখা।

৩৩। ভূতকের রেখা অঙ্কিত করিবার কথা।

৩৪। বোয়াইর রেখা অঙ্কিত করিবার কথা।

ধারা।

৩৫। বাহিরে যাইবার দরখাস্তে কষ্টমের কার্য্যকারকের নিকট বোয়াইর রেখার অবস্থান সম্বন্ধীয় বর্ণনাপত্রের কথা।

৩৬। এই বর্ণনাপত্রের প্রতিলিপি টপনাবার ও মাল্লাদের সহিত নিয়মপত্রে লিখিবার কথা।

৩৭। জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৩৮। সমুদ্রগামী জাহাজ হইলে, বোয়াইর রেখা অঙ্কিত করিবার আজ্ঞা।

৩৯। বোয়াইর রেখার অবস্থান সম্বন্ধে বার্ষিক বর্ণনাপত্রের কথা।

৪০। জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৪১। অঙ্কিত করিতে উপেক্ষা করিলে বা বোয়াইর রেখা ডুবিতে দিলে দণ্ডের কথা।

৪২। ভ্রান্তিজনক চিহ্ন রাখিলে, স্বাধির ও কাপ্তানের দণ্ডের কথা।

৪৩। ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে চিহ্নিত জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।

পরিশিষ্ট বিধান।

৪৪। স্থানীয় গবর্ণমেণ্টের কোন সময়ে জাহাজ ছাড়িয়া দিবার কথা।

৪৫। কে জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞা প্রবল করিতে পারে, ইহার কথা।

৪৬। আটক করিলে পর সমুদ্রে গেলে, দণ্ডের কথা।

৪৭। আপন কর্ম্ম সম্পাদনে নিযুক্ত কর্ম্মচারিকে সমুদ্রে লইয়া গেলে, দণ্ডের কথা।

৪৮। ব্রিটিষ রেজিষ্টরী ফুরাইয়া গিয়াছে বলিয়া আটক করা জাহাজ ছাড়িয়া দিতে না হইবার কথা।

৪৯। যে ব্যক্তি জাহাজ পরীক্ষা করিতে পারেন, তাঁহার ক্ষমতার কথা।

৫০। কোন২ ব্যক্তি রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবার কথা।

৫১। কাপ্তান বা বাসেন্দা স্বামি প্রভৃতি না থাকিলে, আজ্ঞা জারী করিবার কথা।

৫২। আজ্ঞাদি কেরূপে জারী করিতে হইবে তাহার কথা।

৫৩। বন্দরের কমিশ্যনর প্রভৃতির প্রতি ক্ষমতা অর্পণ করিবার কথা।

---

৩ অধ্যায়।

দুঃস্থ নাবিকদের কথা।

৫৪। এইঅধ্যায় ১৮৫৯ সালের ১ আইনের অংশ বলিয়া গণ্য হইবার কথা।

১৮৫৪ ও ১৮৫৫ সালের সওদাগরী জাহাজ বিষয়ক আইনের বিধান সংরক্ষণের কথা।

স্থানীয় কর্ত্তৃপক্ষ।

স্থগিত বা পদচ্যুত করিবার ক্ষমতার কথা।

৫৫। ভারতবর্ষীয় বন্দর সমূহে দুঃস্থ নাবিকদের কষ্ট নিবারণ করিবার কথা।

৫৬। যে ব্রিটিষ জাহাজে মাল্লাদের সংখ্যা পূরণার্থে লোকাভাব থাকে, সেই জাহাজে দুঃস্থ নাবিকদিগকে দেশে পাঠাইবার কথা।

৫৭। ঐরূপ জাহাজ পাওয়া না গেলে, অন্য জাহাজে পাঠাইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

ধারা।
৫৮। নাবিকদের নাম ও তাহাদের অন্যান্য বৃত্তান্ত ব্রিটিষ জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে লিখিবার কথা।
৫৯। ব্রিটিষ জাহাজের কাপ্তেনের উক্তরূপ নাবিকদিগকে লইয়া যাইতে ও আহারাদি দিতে হইবার কথা।
৬০। তাহা করিতে অস্বীকার করিলে, দণ্ডের কথা।
৬১। যে২ নিয়মের অধীনে কাপ্তেন টাকার দাওয়া করিতে পারেন, তাহার কথা।
৬২। দুঃস্থ নাবিকদের বেতন ও খরচ, তাহারা যে জাহাজের লোক, কোন২ স্থলে সেই জাহাজের প্রতি বর্ত্তিবার কথা।
৬৩। উক্ত বেতন ও খরচ আদায় করিবার প্রণালীর কথা।
৬৪। তাহা আদায় করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের কোন২ ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবার কথা।
উক্ত ব্যক্তিগণ রাজকীয় পদভুক্ত ব্যক্তি বলিয়া গণ্য হইবার কথা।
৬৫। কোন২ স্থলে বোর্ড অব ট্রেডের ঐ টাকা কাপ্তানের বা স্বামির স্থানে আদায় করিতে পারিবার কথা।
৬৬। কষ্টের ও খরচের কিরূপ প্রমাণ দিতে হইবে, তাহার কথা।
৬৭। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

---

৪ অধ্যায়।

জাহাজপরীক্ষকদের কথা।

৬৮। স্থানীয় গবর্ণমেণ্টের পরীক্ষক নিযুক্ত করিবার ও জাহাজ পরীক্ষকদের যোগ্যতা প্রভৃতি সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।
বিধি প্রকাশ করিবার কথা।
৬৯। যোগ্য না হইলে কোন ব্যক্তির জাহাজ পরীক্ষকের কর্ম্ম না করিবার কথা।
৭০। সর্টিফিকেট বিনা জাহাজ পরীক্ষকের কর্ম্ম করিলে, দণ্ডের কথা।

---

৫ অধ্যায়।

নৌভঙ্গ প্রাপকদের কথা।

৭১। "নৌভঙ্গ" শব্দের অর্থ।
৭২। ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৫ অধ্যায় রহিত হইবার কথা।
৭৩। প্রাপক নিযুক্ত করিবার কথা।
৭৪। যে ব্যক্তি নৌভঙ্গ প্রাপ্ত হন তাঁহার যে নিয়ম পালন করিতে হইবে তাহার কথা।
তিনি স্বামী হইলে;
তিনি স্বামী না হইলে।
৭৫। গবর্ণমেণ্ট বা কোন ব্যক্তি নৌভঙ্গ প্রাপ্ত হইলে পুরস্কার পাইতে অধিকারী হইবার কথা।
পুরস্কারের টাকা সম্বন্ধে বিবাদ হইলে তদ্বিষয়ের কথা।
৭৬। প্রাপকের সংবাদ দিতে হইবার কথা।
৭৭। কোন২ স্থলে নৌভঙ্গ বিক্রীত হইতে পারিবার কথা।
৭৮। বিক্রয়োৎপন্ন টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।
৭৯। নৌভঙ্গ প্রাপককে নৌভঙ্গ পাইবার নোটিস বা উহা না দিলে, দণ্ডের কথা।

---

৬ অধ্যায়।

আলোক ও কুয়াসার সিগনেল সম্বন্ধে জাহাজের পরিদর্শনের কথা।

৮০। সংরক্ষণের ধারা।
৮১। আলোক ও কুয়াসার সিগনেল পরিদর্শক নিযুক্ত করিবার কথা।
৮২। যাহার অভাব থাকে, পরিদর্শকদের তাহার নোটিস কাপ্তানকে বা স্বামিকে দিবার কথা।
৮৩। জাহাজে উপযুক্ত আলোকাদি আছে, যাবৎ পরিদর্শক এই মর্ম্মের সর্টিফিকেট না দেন, কষ্টমের কালেক্টর সাহেবের জাহাজ খুলিয়া যাইতে না দিবার কথা।

---

৭ অধ্যায়।

বিবিধ।

৮৪। যে খানে অপরাধিকে পাওয়া যায়, সেই খানে অপরাধের বিচার হইতে পারিবার কথা।
৮৫। দ্রব্যাদি রক্ষা করিবার পুরস্কারাদির মোকদ্দমায় আসেসরদের কথা।

সওদাগরী জাহাজ ও অন্যান্য বিষয় সম্পর্কীয় আইন সংশোধনার্থ আইন।

ব্রিটিষ ভারতবর্ষ হইতে কোন২ জাহাজ চলিয়া যাইতে না পারে ইহার বিধান করা বাঞ্ছনীয়;

হেতুবাদ।

এবং ব্রিটিষ ভারতবর্ষের বন্দরে যে সকল নাবিক ও শিক্ষানবিশ কষ্টে পড়ে তাহাদের কষ্ট নিবারণার্থ, এবং যে স্থলে সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১১ ধারা ও সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৫ সালের আইনের ১৬ ধারা স্বরলে বর্ত্তে না সেই স্থলে নাবিকদের ও শিক্ষানবিশদের প্রাপ্য বেতন ও তাহাদের নিমিত্ত যে খরচ পড়ে তাহা আদায় করণার্থ, বিধান করা বাঞ্ছনীয়;

এবং সওদাগরী জাহাজ নিয়ম ও কর্ত্তৃত্বাধান করণার্থ পশ্চাল্লিখিতমত অন্য প্রকারের বিধান করাও বাঞ্ছনীয়; অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

---

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। সংক্ষেপ নাম।

এই আইন "ভারতবর্ষীয় সওদাগর জাহাজ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

আরম্ভ।

এবং ইহা ১৮৮০ সালের জুন মাসের প্রথম দিবস অবধি প্রচলিত হইবে।

২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব দৃষ্ট না হইলে, এই আইনে—

অর্থকরণের ধারা।

"জাহাজ"। দাঁড় দ্বারা টানা না গিয়া যে কোন প্রকারের যান জলপথে ব্যবহৃত হয়, তাহাই "জাহাজ" শব্দে গণ্য।

"কাপ্তান"। আড়কাটী বা হারবর মাষ্টর ভিন্ন যে কোন ব্যক্তির হস্তে যখন কোন জাহাজের অধ্যক্ষতা বা কর্ত্তৃত্বভার থাকে, "কাপ্তান" শব্দে তখন সেই ব্যক্তিকে বুঝাইবে।

"বন্দর" কোন বন্দরে যাইবার কোন নদীর বা জলপ্রণালীর যে কোন অংশ এই আইনের কোন বিধানের কার্য্যপক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া উক্ত বন্দরের অন্তর্গত বলিয়া প্রকাশ করেন, উক্ত বিধানের অন্তর্গত "বন্দর" শব্দে সেই অংশও গণ্য।

২ অধ্যায়।

সমুদ্রগমনের অযোগ্য ও আশঙ্কাজনক জাহাজ বিষয়ক বিধি।

সংরক্ষণের ধারা। ৩ ধারা। এই অধ্যায়ের কোন কথা

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর অথবা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কোন জাহাজের প্রতি, কিম্বা তাঁহারা যে জাহাজ ভাড়া করেন, তাহার প্রতি,

(খ) একশত পঞ্চাশ টনের কম বোঝাই ধরে বলিয়া যে কোন জাহাজ রেজিষ্টরী করা যায় ও যাহা কেবল মৎস্য ধরিতে বা ভারতবর্ষ ও সিংহলের বন্দর সমূহের মধ্যে কূলের নিকটে২ গমনাগমন করিতে নিযুক্ত থাকে তৎপ্রতি, বা

(গ) বিলাসতরীর প্রতি বর্ত্তিবে না।

৪ ধারা। এই অধ্যায়ে "ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ" শব্দে ১৮৩৮ সালের ১৯ আইন বা ১৮৪১ সালের ১০ আইন বা ১৮৫০ সালের ১১ আইন অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ভারতবর্ষে জাহাজ রেজিষ্টরী করিবার জন্য যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনমতে রেজেষ্টরী করা জাহাজ বুঝাইবে।

অর্থকরণের ধারা।

"ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ"।

"ব্রিটিষ জাহাজ"। "ব্রিটিষ জাহাজ" শব্দে ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ ও গণ্য।

"নির্দ্দিষ্ট প্রকার"। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সময়েং রাজকীয় গেজেটে বিধি প্রকাশ করিয়া যে প্রকার নির্দ্দেশ করেন, "নির্দ্দিষ্ট প্রকার" শব্দে সেই প্রকার বুঝাইবে।

যখন কোন জাহাজের উপাদান ও গঠন, কাপ্তানের যোগ্যতা, মল্লাদের সংখ্যা ও প্রকার, মালের ওজন ও প্রকার ও স্থাপন, এবং সাজ ও পাইল ও রসারসী ও দ্রব্য সামগ্রী ও নিলম ও অন্য সরঞ্জাম সাধারণতঃ এরূপ না থাকে যে ঐ

"সমুদ্রগমনের অযোগ্য"।

জাহাজ প্রস্তাবিত সমুদ্রযাত্রা বা কর্ম্ম জন্য সর্ব্ব প্রকারে উপযোগী বলিয়া গণ্য হইতে পারে, তখন এই অধ্যায়ের মর্ম্মানুসারে ঐ জাহাজ "সমুদ্রগমনের অযোগ্য"।

"আশঙ্কাজনক"। যখন কোন জাহাজের খোলের, সরঞ্জামের বা মলের মন্দ অবস্থা হেতুক, অথবা অত্যন্ত বা অনুপযুক্ত বোঝাই হেতুক ঐ জাহাজ, তাহার উদ্দিষ্ট কর্ম্মের প্রকৃতি বিবেচনা করিয়া দেখিলে, মানব জীবনহানির গুরুতর আশঙ্কা উৎপাদন না করিয়া সমুদ্রে যাইতে পারে না, তখন এই অধ্যায়ের মর্ম্মানুসারে ঐ জাহাজ "আশঙ্কাজনক"।

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ সমুদ্রে পাঠাইবার বা লইয়া যাইবার কথা।

কোন ব্যক্তি সমুদ্রগমনের অযোগ্য জাহাজ সমুদ্রে পাঠাইলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ এরূপ সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় সমুদ্রে পাঠায় বা পাঠাইবার উদ্যোগ করেন যে তদ্দ্বারা কোন ব্যক্তির প্রাণহানির সম্ভাবনা হয়, তবে যদি তিনি প্রমাণ করিতে না পারেন যে ঐ জাহাজ সমুদ্রগমনযোগ্য অবস্থায় সমুদ্রে পাঠাইবার নিমিত্ত সমুদয় যুক্তিসঙ্গত উপায় অবলম্বন করিয়াছিলেন, অথবা উক্তরূপ সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় সমুদ্রে যাওয়া ঘটনাচক্র নিবন্ধন যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইয়াছিল, তাহা হইলে তাঁহার ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে।

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ কাপ্তান সমুদ্রে লইয়া গেলে, তাঁহার দণ্ড হইতে পারিবার কথা।

যদি কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজের কাপ্তান জানিয়া শুনিয়া সমুদ্রগমনের অযোগ্য এরূপ অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে লইয়া যান যে তাহাতে কোন ব্যক্তির প্রাণহানির সম্ভাবনা হয়, তবে যদি তিনি প্রমাণ করিতে না পারেন যে সমুদ্রগমনের অযোগ্য ঐরূপ অবস্থায় সমুদ্রে যাওয়া তাৎকালিক ঘটনাপরম্পরাক্রমে যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইয়াছিল, তাহা হইলে তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ১০০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে।

যদি কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজের কাপ্তান

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ কাপ্তান সমুদ্রে লইয়া গেলে, তাঁহার দণ্ড হইতে পারিবার কথা।

জানিয়া শুনিয়া সমুদ্রগমনের অযোগ্য এরূপ অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে লইয়া যান যে তাহাতে কোন ব্যক্তির প্রাণহানির সম্ভাবনা হয়, তবে যদি তিনি প্রমাণ করিতে না পারেন যে সমুদ্রগমনের অযোগ্য ঐরূপ অবস্থায় সমুদ্রে যাওয়া তাৎকালিক ঘটনাপরম্পরাক্রমে যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইয়াছিল, তাহা হইলে তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ১০০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে।

উক্ত প্রমাণ দিবার কার্য্যপক্ষে এই ধারামতে অভিযুক্ত কোন ব্যক্তি অন্য সাক্ষির ন্যায় সাক্ষ্য দিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা বা সম্মতিক্রমে অভিযোগ হইবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা বা তাহার সম্মতিক্রমে না হইলে, এই ধারামত কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

কর্ম্ম করিবার চুক্তির মধ্যে সমুদ্রগমনযোগ্যতার নিয়ম উহ্য থাকিবার কথা।

৬ ধারা। স্পষ্টতঃ বা ভাবতঃ কোন ব্রিটিষ জাহাজের স্বামির সহিত তাহার কাপ্তান বা নাবিকের কর্ম্ম করিবার যে চুক্তি হয়, তাহাতে এবং যে শিক্ষানবিশীপত্র বলে কোন ব্যক্তি তদ্রূপ কোন জাহাজে শিক্ষানবিশস্বরূপ কর্ম্ম করিতে আবদ্ধ হয়, তাহাতে বিপরীত ভাবের নিয়ম থাকিলেও, স্বামির প্রতি ভাবতঃ এই দায় বর্ত্তিবে

সমুদ্রগমনযোগ্যতা সম্বন্ধে মল্লাদের নিকট স্বামির দায়ের কথা।

যে উক্ত স্বামী ও কাপ্তান এবং ঐ জাহাজ মেরামত করিবার ও সমুদ্রের জন্য প্রস্তুত করিবার ও সমুদ্রে পাঠাইবার ভারপ্রাপ্ত অন্যান্য কর্ম্মকারক, যে সময় সমুদ্রযাত্রা আরম্ভ হয় সেই সময়ে ঐ জাহাজের সমুদ্রগমনযোগ্যতা বিধানার্থ সমুদয় যুক্তিসঙ্গত উপায় অবলম্বন করিবেন, এবং ঐ যাত্রার যত কাল লাগে তত কাল ঐ জাহাজ সমুদ্রগমনযোগ্য অবস্থায় রাখিবেন।

উপবিধান।

কিন্তু বিশেষ ঘটনাক্রমে যে স্থলে সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে পাঠান যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হয়, সেই স্থলে ঐরূপ অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে পাঠাইয়াছেন বলিয়া, এই ধারার কোন কথাক্রমে উক্ত স্বামির প্রতি কোন দায় বর্ত্তিবে না।

জাহাজ স্থানীয় গবর্ণমেণ্টের আটক করিয়া রাখিতে পরিবার কথা।

৭ ধারা। নালিশ উপস্থিত হওয়াতে বা প্রকারান্তরে, স্থানীয় গবর্ণমেণ্ট যদি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে, সময়ে২ এই ধারা বিশেষ করিয়া যে কোন বন্দরে প্রচলিত করেন সেই বন্দরের কোন ব্রিটিষ জাহাজ আশঙ্কাজনক, তাহা হইলে পরীক্ষিত হইবার নিমিত্ত ঐ জাহাজ কিয়ৎকাল আটক করিয়া রাখিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কিয়ৎকাল জাহাজ আটক করিয়া রাখিবার কথা।

ঐরূপ আটক করিয়া রাখিবার হেতুর বর্ণনাপত্র ঐ জাহাজের কাপ্তানকে তৎক্ষণাৎ দেওয়া যাইবে।

কাপ্তানকে হেতুর বর্ণনাপত্র দিবার কথা।

৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন জাহাজ কিয়ৎকাল আটক করিয়া রাখিবার আজ্ঞা দিলে, উক্ত জাহাজ পরীক্ষা করিয়া তদ্বিষয়ে রিপোর্ট করিবার নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে অবিলম্বে নিযুক্ত করিবেন, এবং তাঁহার রিপোর্ট পাইলে, হয় ঐ জাহাজ ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে, নয় আপন মতে উক্ত জাহাজ আশঙ্কাজনক বোধ হইলে উহা আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা করিতে পারিবেন।

পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

তাঁহার রিপোর্ট পাইলে ইতিকর্ত্তব্যতার কথা।

এই ধারামতে আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা হয় অখণ্ডনীয় হইবে, নয় স্থানীয় গবর্ণমেণ্ট মানবজীবন রক্ষণার্থে মেরামত বা পরিবর্ত্তন সম্বন্ধে, অথবা মাল আনান বা পুনর্ব্বার বোঝাই দেওয়া সম্বন্ধে যেং নিয়ম করা আবশ্যক জ্ঞান করেন, সেই২ নিয়ম পালন সাপেক্ষ থাকিবে; এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং উক্ত আজ্ঞা পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত করিতে পারিবেন।

আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

কাপ্তানকে রিপোর্ট দিবার ও সর্ব্বে কোর্টে আপীল হইবার কথা।

কিন্তু আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা করিবার পূর্ব্বে, রিপোর্টের একখণ্ড প্রতিলিপি জাহাজের কাপ্তানকে দেওয়া যাইবে, এবং দেওয়া গেলে পর সাতদিনের মধ্যে জাহাজের স্বামী বা কাপ্তান, যে বন্দরে ঐ জাহাজ আটক করিয়া রাখা যায় সেই বন্দরের (পশ্চাদুল্লিখিত) সর্ব্বে কোর্টে নির্দ্দিষ্ট প্রকারে ঐ রিপোর্টের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন।

৯ ধারা। যদি কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা যায় এবং ৮ ধারামতে কোন ব্যক্তি ঐ জাহাজ পরীক্ষা করিতে নিযুক্ত হইয়া থাকেন, তবে ঐ জাহাজের স্বামী বা কাপ্তান, উক্ত ব্যক্তি কর্ত্তৃক ঐরূপ পরীক্ষা হইবার পূর্ব্বে কোন সময়ে, এই প্রার্থনা করিতে পারিবেন যে ঐ স্বামী বা কাপ্তান যাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করেন তাঁহাকে সঙ্গে করিয়া ঐ ব্যক্তি ঐ কার্য্য করেন। যাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করা যায়, ১৫ ধারামতে যে আসেসরের তালিকা প্রস্তুত হয় তন্মধ্যে তাঁহার নাম থাকা চাই; অথবা ঐরূপ তালিকা না থাকিলে, কিম্বা ঐ তালিকায় যাঁহাদের নাম থাকে তন্মধ্যে কাহাকেও উপস্থিত করা অসাধ্য হইলে, নাবিক বা ইঞ্জিনিয়রী বিদ্যায় পারদর্শী কোন ব্যক্তিকে কিম্বা যাঁহার অন্য কোন বিশেষ প্রকারের বিদ্যা ও অভিজ্ঞতা আছে তাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করিতে হইবে।

পরীক্ষকের সঙ্গে যাইবার নিমিত্ত স্বামির বা কাপ্তানের আসেসর নিযুক্ত করিতে পারিবার কথা।

পরীক্ষক ও আসেসর একমত হইলে কার্য্য প্রণালীর কথা।

তাহা হইলে, যদি উক্ত পরীক্ষক ও আসেসর একমত হইয়া বলেন যে জাহাজ আটক করিয়া রাখা উচিত বা ছাড়িয়া দেওয়া উচিত, স্থানীয় গবর্ণমেণ্ট তদনুসারে উক্ত জাহাজ আটক করিয়া রাখাইবেন বা ছাড়িয়া দেওয়াইবেন, এবং স্বামী বা কাপ্তান আপীল করিতে পারিবেন না।

ভিন্নমত হইলে, কার্য্যপ্রণালীর কথা।

কিন্তু যদি পরীক্ষক ও আসেসর আপনাদের রিপোর্টে ভিন্নং মত প্রকাশ করেন, পূর্ব্বোক্ত প্রার্থনা না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপে কার্য্য করিতেন সেইরূপে কার্য্য করিবেন, এবং পূর্ব্বলিখিত বিধানমতে পরীক্ষকের রিপোর্ট সম্বন্ধে স্বামী বা কাপ্তান যেরূপ আপীল করিতে পারিতেন সেইরূপ করিতে পারিবেন।

সর্ব্বে কোর্টে কোন বিষয় অর্পণ করিতে পারিবার কথা।

১০ ধারা। ৮ ধারার প্রকারান্তরের বিধান থাকিলেও স্থানীয় গবর্ণমেণ্ট, কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা গেলে পর, যে কোন সময়ে পূর্ব্বলিখিত কার্য্যপ্রণালী অবলম্বন না করিয়া, জাহাজ যে বন্দরে আটক করিয়া রাখা হয় সেই বন্দরের সর্ব্বে কোর্টে উক্ত বিষয় অর্পণ করিতে পারিবেন।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা।

১১ ধারা। এই অধ্যায়মতে ভালরূপ কার্য্য হইবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ প্রচুর সংখ্যক উপযুক্ত ব্যক্তিদিগকে কার্য্যকারক স্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ও তাঁহাদের কোন জনকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকের গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

অতঃপর "আটক করিয়া রাখিবার কার্য্যকারক" বলিয়া উল্লিখিত উক্তরূপে নিযুক্ত প্রত্যেক কার্য্যকারক এই অধ্যায় মত আপন কর্ম্মোপলক্ষে নিম্নলিখিত ক্ষমতা প্রাপ্ত হইবেন, অর্থাৎ,

সাধারণতঃ তাঁহাদের ক্ষমতার কথা।

(ক) তিনি কোন ব্রিটিষ জাহাজের উপরে উঠিয়া তাহা বা তাহার কোন অংশ, অথবা তথায় যে কল ও সরঞ্জাম ও মাল থাকে তাহা পরীক্ষা করিতে পারিবেন, এবং কোন মাল বা নিশান বা রসীরসাদি নামাইয়া ফেলিবার বা অপসৃত করিবার আদেশ দিতে পারিবেন, কিন্তু অনাবশ্যকরূপ আটক করিয়া রাখিবেন না কিম্বা জাহাজ খালি করিতে বা মাল নামাইতে বা কোন সমুদ্রযাত্রা করিতে অনাবশ্যক বিলম্ব হইতে দিবেন না।

(খ) তিনি যে সকল ব্যক্তিকে আপনার সম্মুখে ডাকা উচিত বোধ করেন, আপনার স্বাক্ষরিত সমন দ্বারা তাঁহাদের উপস্থিত হইবার আজ্ঞা করিতে ও তাঁহাদের জবানবন্দী লইতে পারিবেন, এবং যে অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন, উক্তরূপ সমন দিয়া, তাহার লিখিত বিবরণ দিবার আদেশ করিতে পারিবেন।

(গ) তিনি যে সকল বহি বা কাগজপত্র বা দলীল প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা উপস্থিত করিবার আদেশ দিতে ও উপস্থিত করাইতে পারিবেন।

(ঘ) তিনি শপথ দিতে পারিবেন, কিম্বা যে প্রত্যেক ব্যক্তির জবানবন্দী লন তাহাকে শপথ না দিয়া এই আদেশ দিতে পারিবেন যে ঐ ব্যক্তি আপন জবানবন্দীতে যে সকল কথা বলেন তাহার সত্যতার নির্দ্দেশবাক্য লিখিয়া তাহাতে স্বাক্ষর করেন।

১২ ধারা। আটক করিয়া রাখিবার প্রত্যেক কার্য্যকারক পূর্ব্বপ্রদত্ত ক্ষমতার অতিরিক্ত স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ ৭ ও ৮ ধারামতে যথাক্রমে পরীক্ষিত হইবার নিমিত্ত কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে ও ঐ জাহাজ পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন; এবং উক্তরূপে তিনি যে জাহাজ আটক করিয়া রাখেন তাহা আশঙ্কাজনক নহে বলিয়া বিবেচনা করিলে, ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

তাঁহাদের কিয়ৎকালের নিমিত্ত জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার কথা।

১৩ ধারা। দুইজন আসেসরের সহিত অধিষ্ঠিত একজন বিচারপতি লইয়া কোন বন্দরের সর্ব্বে কোর্ট হইবে।

সর্ব্বেকোর্টের সংগঠনের কথা।

১৪ ধারা। জিলার জজ সাহেব, কিম্বা একজন ছোট আদালতের জজ বা প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট, বা প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট কিম্বা এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণতঃ বা স্থলবিশেষে অন্য যে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি বিচারপতি হইবেন।

বিচারপতির কথা।

১৫ ধারা। যাঁহারা নাবিক বা ইঞ্জিনিয়রী বিদ্যায় পারদর্শী বা যাঁহাদের অন্য কোন রূপ বিশেষ বিদ্যা ও অভিজ্ঞতা আছে, তাঁহারা আসেসর হইবেন।

আসেসরদের কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণতঃ বা প্রত্যেক স্থলে এক জন আসেসর নিযুক্ত করিবেন; এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এতদর্থে যে সকল ব্যক্তির নামের তালিকা প্রস্তুত করিয়া রাজকীয় গেজেটে প্রকাশ করেন, বিচারপতি তাঁহাদের মধ্য হইতে নির্দ্দিষ্ট প্রকারে আর এক জন আসেসরকে সমন দিয়া আহ্বান করিবেন। অথবা যদি উক্তরূপ তালিকা না থাকে কিম্বা তালিকায় যাঁহার নাম আছে এমন কোন ব্যক্তিকে উপস্থিত করা অসাধ্য হয়, তবে বিচারপতি এক জন আসেসর নিযুক্ত করিবেন।

বিচারপতির আসেসরদিগকে সমন করিবার কথা।

১৬ ধারা। কোন আপীল হইবার বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক বিবাদার্পণ হইবার নোটিস পাইলে, বিচারপতি অবিলম্বে নির্দ্দিষ্ট প্রকারে আসেসরদের উপস্থিত হইবার সমন দিবেন।

খোলা আদালতে মোকদ্দমা শুনিবার কথা।

১৭ ধারা। উক্তরূপ প্রত্যেক আপীল ও অর্পিত বিষয় খোলা আদালতে শুনা যাইবে।

বিচারপতির ও আসেসরদের ক্ষমতার কথা।

১৮ ধারা। ১১ ধারায় আটক করিয়া রাখিবার কার্য্যকারকের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে, এই অধ্যায়ের কার্য্য পক্ষে বিচারপতির ও প্রত্যেক আসেসরের সেই সকল ক্ষমতা থাকিবে।

বিচারপতির পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

১৯ ধারা। বিচারপতি জাহাজ পরীক্ষা করিয়া তৎসম্বন্ধে কোর্টে রিপোর্ট করিবার নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

পরীক্ষা কালে স্বামীর বা কাপ্তানের উপস্থিত থাকিতে পারিবার কথা।

২০ ধারা। ১৮ বা ১৯ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা মত বা তদনুযায়ী পরিদর্শন বা পরীক্ষা কালে জাহাজের স্বামী ও কাপ্তান ও স্বামির বা কাপ্তানের নিযুক্ত কোন ব্যক্তি এবং স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তি উপস্থিত থাকিতে পারিবেন।

২১ ধারা। বিচারপতির স্থানীয় গবর্ণমেণ্টের ন্যায় কোন জাহাজ ছাড়িয়া দিবার বা চূড়ান্তরূপ আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে পারিবেন; কিন্তু জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞায় একজন আসেসরও সম্মতি না দিলে, জাহাজ ছাড়িয়া দেওয়া যাইবে।

বিচারপতির জাহাজ আটক করিয়া রাখিবার বা ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।

২২ ধারা। বিচারপতি প্রত্যেক লোকসভায় কোর্টের কার্য্যানুষ্ঠানের রিপোর্ট নির্দ্দিষ্ট প্রকারে স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন, এবং প্রত্যেক জন আসেসর হয় ঐ রিপোর্টে স্বাক্ষর করিবেন অথবা তাঁহার মতভেদের কারণ স্থানীয় গবর্ণমেণ্টকে জানাইবেন।

কোর্টের স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

২৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাবিষ্টিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সর্ব্বে কোর্ট সম্বন্ধীয় এই অধ্যায়ের বিধান ফলবৎ করিবার নিমিত্ত ও বিশেষতঃ নিম্নলিখিত বিষয় সম্বন্ধে অর্থাৎ,

সর্ব্বে কোর্ট সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

(ক) কোর্টের কার্য্যপ্রণালী সম্বন্ধে,

(খ) আপীল হইলে, খরচার ও ক্ষতিপূরণের জামিন চাহিবার সম্বন্ধে,

(গ) যত ফী দিতে হইবে ও তাহা যেরূপে প্রয়োগ করা যাইবে তৎসম্বন্ধে, ও

(ঘ) বিবাদ স্থলে এই অধ্যায়মত খরচার উপযুক্ত পরিমাণ নির্ণয় সম্বন্ধে, সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

এই সকল বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

বৈজ্ঞানিক সালীসদের কথা।

২৪ ধারা। যদি স্থানীয় গবর্ণমেণ্ট বিবেচনা করেন যে এই অধ্যায়মত কোন আপীলে গঠনের বা কল্পনার বা কঠিন বৈজ্ঞানিক তত্ত্বের বা প্রয়োজনীয় মূলসূত্রের প্রশ্ন উঠিবে, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বৈজ্ঞানিক সালীসদের নামের তালিকা প্রস্তুত করিয়া রাখেন, স্থলবিশেষ যেরূপ বিশেষ গুণ থাকা আবশ্যক তাঁহাদের মধ্য হইতে সেইরূপ গুণসম্পন্ন দেখিয়া এক বা একাধিক ব্যক্তির নিকট ঐ প্রশ্ন অর্পণ করিতে পারিবেন। বন্দরের কর্ত্তৃপক্ষ ও আপীলাণ্ট একমত হইয়া ঐ ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে মনোনীত করিতে পারিবেন; অথবা ঐরূপ একমত্য না হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট নিযুক্ত করিবেন। তাহা হইলে সর্ব্বে কোর্টের পরিবর্ত্তে ঐ সালীস বা সালীসেরা আপীলের নিষ্পত্তি করিবেন।

আপীল শুনিবার নিমিত্ত সালীস নিযুক্ত করিতে পারিবার কথা।

২৫ ধারা। কোন আপীলে আপীলাণ্ট প্রার্থনা করিলে এবং প্রশ্নার্পণের ও তদানুষঙ্গিক খরচা দিবার হৃদ্বোধমত জামিন দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্তরূপে মনোনীত সালীসের বা সালীসদের প্রতি আপীল অর্পণ করিবেন।

আপীলাণ্টের সালীস নিযুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবার কথা।

২৬ ধারা। সর্ব্বে কোর্টের বিচারপতির যে২ ক্ষমতা আছে, ২৪ বা ২৫ ধারা মতে যে সালীসের বা সালীসদের প্রতি কোন আপীল অর্পণ করা যায়, তাঁহার বা তাঁহাদের সেই২ ক্ষমতা থাকিবে।

সালীসের সর্ব্বে কোর্টের মত ক্ষমতা থাকিবার কথা।

আটক করিয়া রাখিবার খরচ ও তদানুষঙ্গিক ক্ষতিপূরণের কথা।

২৭ ধারা। যদি দেখা যায় যে জাহাজের অবস্থাহেতুক অথবা স্বামির কার্য্য বা ত্রুটি হেতুক জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখিবার যুক্তিসিদ্ধ ও সম্ভাবিত কারণ ছিল না, তাহা হইলে জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার ও তদানুষঙ্গিক যে খরচ ঐ জাহাজের স্বামির দিতে হয় তাহা, এবং আটক করিয়া রাখা বা পরীক্ষা করা প্রযুক্ত তাঁহার যে ক্ষতি বা হানি হয় তাহা পূরণ করিবার টাকা দিতে ঐ গবর্ণমেণ্ট দায়ী হইবেন।

অন্যায় পূর্ব্বক জাহাজ আটক করিয়া রাখা গেলে গবর্ণমেণ্টের খরচার ও ক্ষতিপূরণের দায়ের কথা।

২৮ ধারা। যদি কোন জাহাজ এই অধ্যায়মতে চূড়ান্তরূপে আটক করিয়া রাখা যায় অথবা যদি দেখা যায় যে, যে জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা যায় তাহা তদ্রূপ আটক করিয়া রাখিবার সময়ে আশঙ্কাজনক ছিল, তাহা হইলে ঐ জাহাজের স্বামী তাহা আটক করিয়া পরীক্ষা করিবার ও তদানুষঙ্গিক খরচ গবর্ণমেণ্টকে দিতে দায়ী হইবেন; এবং ঐ খরচ অন্য প্রতিকারের বাধা না হইয়া, দ্রব্যাদি রক্ষা করিবার পুরস্কারের টাকার ন্যায় আদায় করা যাইতে পারিবে।

জাহাজ উচিতমতে আটক করিয়া রাখা গেলে জাহাজের স্বামির খরচার দায়ের কথা।

২৯ ধারা। এই অধ্যায়ের কার্য্যপক্ষে সর্ব্বে কোর্টের কোন আনুষ্ঠানিক কার্য্যের ও তদানুষঙ্গিক খরচ, এবং স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত পরীক্ষকের বা কার্য্যকারকের পারিশ্রমিক স্বরূপ যুক্তিমত টাকা, জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার খরচের একাংশ বলিয়া গণ্য হইবে।

আটক করিয়া পরীক্ষা করিবার খরচার মধ্যে যাহা ধরিতে হইবে তাহার কথা।

৩০ ধারা। কোন ব্রিটিশ জাহাজ আশঙ্কাজনক বলিয়া স্থানীয় গবর্ণমেণ্টের বা আটক করিয়া রাখিবার কার্য্যকারকের নিকট নালিশ হইলে, পশ্চাল্লিখিতমতে বাদির যে খরচার ও ক্ষতিপূরণের দায় ঘটিতে পারে, ঐ গবর্ণমেণ্ট বা স্থলবিশেষে ঐ কার্য্যকারক স্বীয় বিবেচনামতে ঐ বাদির প্রতি সেই খরচার ও ক্ষতিপূরণের আপন হৃদ্বোধমত জামিন দিবার আদেশ করিতে পারিবেন।

খরচা প্রভৃতির জন্য বাদির নিকট জামিন চাহিতে পারিবার কথা।

কিন্তু যদি জাহাজের মল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করে ও তাহারা তিন জনের কম না হয়, এবং ঐ নালিশ উক্ত গবর্ণমেণ্টের বা কার্য্যকারকের মতে তুচ্ছ বা বিরক্তিকর বোধ না হয়, তবে জামিন দিবার আদেশ করা যাইবে না; এবং যদি ঐ জাহাজ চলিয়া যাইবার পূর্ব্বে যথেষ্ট সময় থাকিতে নালিশ করা যায়, তবে উক্ত

মল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করিলে উপবিধানের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

গবর্ণমেণ্টের কার্য্যকারক, ঐ জাহাজ এই অধ্যায়মতে আটক করিয়া রাখা উচিত কি না ইহা নির্ণয় করিবার যথাযোগ্য উপায় অবলম্বন করিবেন।

গবর্ণমেণ্টের যে খরচা প্রভৃতি দিতে হয়, তাহা বাজির স্থানে আদায় হইতে পারিবার কথা।

৩১ ধারা। যদি কোন আলিশক্রমে কোন জাহাজ আটক করিয়া রাখা যায়, এবং ঘটনা এইরূপ হয় যে গবর্ণমেণ্ট এই অধ্যায়মতে ঐ জাহাজের স্বামিকে কোন খরচা বা ক্ষতিপূরণের টাকা দিতে দায়ী হন, তাহা হইলে ঐ জাহাজ আটক করিয়া পরীক্ষা করণ উপলক্ষে গবর্ণমেণ্টের যে সকল খরচা পড়ে ও যে ক্ষতি পূরণের টাকা দিতে হয়, ঐ বাজির গবর্ণমেণ্টকে সেই সকল খরচার ও ক্ষতিপূরণের টাকা দিতে হইবে।

শস্যাদি মালের কথা।

শস্যাদি মাল রাখিবার কথা।

৩২ ধারা। যে মালের তৃতীয়াংশের অধিক কোন প্রকার দানা, শস্য, চাউল, ধান, দাইল, বীজি, আঁটি ও আঁটির শাঁস হয় (ইহা পরে শস্যাদি মাল বলিয়া উল্লিখিত হইবে), তাহা বস্তার বা থলিয়ার বা পিপার মধ্যে আবদ্ধ না থাকিলে, কিম্বা সরিয়া না যাইতে পারে এরূপে তক্তাদ্বারা বা কাষ্ঠময় ব্যবধান দ্বারা বা প্রকারান্তরে বদ্ধ না হইলে, কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজে করিয়া লইয়া যাওয়া যাইবে না।

ঐ মাল অনুপযুক্ত ভাবে রাখিলে, দণ্ডের কথা।

কোন জাহাজের স্বামী বা কাপ্তান, অথবা উক্ত জাহাজ বোঝাই করিবার বা সমুদ্রে পাঠাইবার ভারপ্রাপ্ত ঐ স্বামির কোন কর্ম্মকারক জানিয়া শুনিয়া এই ধারার বিধান লঙ্ঘনপূর্ব্বক ঐ জাহাজে লইয়া যাইবার নিমিত্ত কোন শস্যাদি মাল বা তাহার কিয়দংশ উঠাইতে দিলে, তাঁহার তিন হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

তুতকের ও বোঝাইর রেখা।

তুতকের রেখা অঙ্কিত করিবার কথা।

৩৩ ধারা। প্রত্যেক ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজের মাঝখানের উভয় পার্শ্ব অথবা যত দূর সাধ্য তাহার নিকটে অন্যূন ১২ ইঞ্চি দীর্ঘ ও এক ইঞ্চি প্রস্থ চিরস্থায়ী ও পরিদৃশ্যমান রেখা সকল জাহাজের লম্বালম্বিভাবে চিত্রিত করিয়া অঙ্কিত করিতে হইবে; জলের উপরে যে প্রত্যেক তুতক থাকে তাহার স্থান এই প্রকার রেখাদ্বারা সূচিত হইবে।

এইরূপ প্রত্যেক রেখার উপরিভাগ জলপথের নিকটস্থ চিহ্নিত স্থানে যে তুতকের তক্তা থাকে তাহার উপরি ভাগের সহিত মিলিবে। রেখাগুলি হয় কাল জমির উপর শাদা বা পীত রঙ্গের, নয় শাদা জমির উপর কাল রঙ্গের হইবে।

বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

৩৪ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের মর্ম্মানুযায়ী সমুদ্রগামী জাহাজ না হইলে, প্রত্যেক ব্রিটিষ জাহাজের স্বামী, ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে তাঁহার জাহাজ বাহিরে যাইবার কথা লিখিত হইবার পূর্ব্বে, অথবা তৎপরে যত শীঘ্র হইতে পারে, জাহাজের মাঝখানের বহিঃস্থ উভয় পার্শ্বে অথবা যথাসাধ্য তাহার নিকটে কাল জমির উপর শাদা বা পীত রঙ্গে, কিম্বা শাদা জমির উপর কাল রঙ্গে, বার ইঞ্চি ব্যাস বিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিবেন, এবং ঐ চক্রের কেন্দ্র দিয়া ১৮ ইঞ্চি দীর্ঘ জলপৃষ্ঠের সমান্তরাল একটি রেখা টানিবেন।

ঐ যাত্রায় লোণা জলে গেলে উক্ত জাহাজে যত দূর বোঝাই করিবার অভিপ্রায় থাকে, ঐ চক্রের কেন্দ্র দ্বারা তাহার অন্তর্ভূক্ত সীমার রেখা সূচিত হইবে।

বাহিরে যাইবার দরখাস্তে কষ্টমের কালেক্টরকে নিকট বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধীয় বর্ণনাপত্রের কথা।

৩৫ ধারা। যে ব্যক্তি কোন জাহাজ বাহিরে যাইবার নিমিত্ত লিখিত লিখিত হইবার প্রার্থনা করেন, তিনি কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে যে দরখাস্ত দেন, তন্মধ্যে একটি বর্ণনাপত্র দিবেন, বর্ণনাপত্রে পূর্ব্বোক্ত চক্রের কেন্দ্র ও তদুপরিস্থিত জাহাজের প্রত্যেক তুতকের অবস্থানসূচক রেখার উপরিভাগের দূরত্ব ফুট ও ইঞ্চি মানে লেখা থাকিবে। এই বর্ণনাপত্র দিতে ত্রুটি হইলে, কষ্টমের কালেক্টর সাহেব জাহাজ বাহিরে যাইবার কথা লিখিতে অস্বীকার করিতে পারিবেন।

এই বর্ণনাপত্রের প্রতিলিপি টপনামায় ও মল্লাদের সহিত নিয়মপত্রে লিখিতে হইবার কথা।

৩৬ ধারা। মল্লাদের সঙ্গে যে নিয়মপত্র হয়, তাহাদের দলের কোন লোকে তাহাতে স্বাক্ষর করিবার পূর্ব্বে উক্ত বর্ণনাপত্রের প্রতিলিপি তন্মধ্যে লিখিতে হইবে; এবং তাহা লিখিত না হইলে, কোন শিপিং মাষ্টর মল্লাদের নিয়োগ করিতে প্রবৃত্ত হইবেন না।

ঐ শিপিং মাষ্টর উক্ত বর্ণনাপত্রের প্রতিলিপি সরকারী টপনামা থাকিলে তাহাতে লিখিয়া রাখিবেন।

জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৩৭ ধারা। ৩৪ ধারামতে কোন জাহাজ অঙ্কিত করা গেলে, যাবৎ ঐ জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের কোন বোঝাই নামাইবার বন্দরে ফিরিয়া না আইসে বা ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের কোন বন্দরে উপস্থিত না হয়, তাবৎ ঐরূপ অঙ্কিত থাকিবে।

সমুদ্রকূলগামী জাহাজ হইলে, বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

৩৮ ধারা। যে ব্রিটিষ জাহাজ সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের মর্ম্মানুযায়ী সমুদ্রকূলগামী জাহাজ হয়, তাহার কাপ্তান কোন বন্দর হইতে সমুদ্রে যাইবার পূর্ব্বে ঐ জাহাজের মাঝখানের বহিঃস্থ উভয় পার্শ্বে অথবা যত দূর সাধ্য তাহার নিকটে, কাল জমির উপর শাদা বা পীত রঙ্গে, কিম্বা শাদা জমির উপর কাল রঙ্গে, বার ইঞ্চি ব্যাস বিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিবেন, এবং উহার কেন্দ্র দিয়া ১৮ ইঞ্চি দীর্ঘ একটি রেখা জলপৃষ্ঠের সমান্তরাল করিয়া টানিবেন।

জাহাজ লোণাজলে গেলে তাহা যত দূর বোঝাই করিবার অভিপ্রায় থাকে, যাবৎ পরিবর্ত্তনের নোটিস না দেওয়া যায়, এই চক্রের কেন্দ্র দ্বারা তাহার অন্তর্ভূক্ত রেখা সূচিত হইবে।

বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধে বার্ষিক বর্ণনাপত্রের কথা।

৩৯ ধারা। জাহাজ সমুদ্রে যাইবার অব্যবহিত পূর্ব্বে ঐ কাপ্তান বার মাসান্তর একবার করিয়া কালেক্টর সাহেবের নিকট, অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের এই কার্য্যপক্ষে এ বন্দরের নিমিত্ত কষ্টমের জন্য যে প্রধান কর্ম্মচারিকে

নিযুক্ত কর্ত্তার তাঁহার নিকট এরূপ বর্ণনাপত্র পাঠাইবেন বা অর্পণ করিবেন, ঐ বর্ণনাপত্রে উক্ত চক্রের কেন্দ্র এবং ঐ কেন্দ্রোপরিস্থ তাহাজের প্রত্যেক তুতকের অবস্থানসূচক রেখার উপরিভাগের দূরত্ব ফুট ও ইঞ্চি-মানে লেখা থাকিবে।

চক্র নূতন করিয়া লইবার বা পরিবর্ত্তন করিবার পর জাহাজ সমুদ্রে যাইবার পূর্ব্বে, যদি ঐ উক্তরূপ নূতন করিয়া লইবার বা পরিবর্ত্তন করিবার লিখিত নোটিস ও চক্রের কেন্দ্র হইতে প্রত্যেক তুতক রেখার উপরিভাগের দূরত্বের পূর্ব্বোল্লিখিত বর্ণনাপত্র পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের বা কষ্টমের প্রধান কর্ম্মচারির নিকট পাঠাইবেন বা অর্পণ করিবেন।

এই ধারামতে যে কোন নোটিস বা বর্ণনাপত্র পাঠাইবার বা অর্পণ করিবার আদেশ থাকে তাহা পাঠাইতে বা অর্পণ করিতে ত্রুটি হইলে, কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৪০ ধারা। ৩৮ ধারার আদেশমতে কোন জাহাজ অঙ্কিত করা গেলে, যাবৎ পরিবর্ত্তনের নোটিস না দেওয়া যায়, ঐ জাহাজ ঐ রূপে অঙ্কিত রাখিতে হইবে।

অঙ্কিত করিতে উপেক্ষা করিলে বা বোয়াইর রেখা ডুবিতে দিলে, দণ্ডের কথা।

৪১ ধারা। কোন জাহাজের কাপ্তান যদি এই অধ্যায়ের আদেশমতে আপন জাহাজ অঙ্কিত করাইতে বা ঐ রূপে অঙ্কিত রাখিতে উপেক্ষা করেন, অথবা আপন জাহাজ এরূপে বোঝাই করিতে দেন যে সম্পূর্ণরূপ প্রশান্ত লোণাজলে চক্রের কেন্দ্র ডুবিয়া যায়,

এবং কোন চিহ্ন দ্বারা যে২ বিষয় সূচিত হয় বিধিমতে তাহা পরিবর্ত্তন করা না গেলে, অথবা শত্রুর হস্ত হইতে পলাইবার উদ্দেশে না হইলে, যদি কোন ব্যক্তি উক্তরূপ কোন চিহ্ন গোপন বা স্থানান্তর বা পরিবর্ত্তন বা বিকৃত বা বিলুপ্ত করেন, অথবা আপনার কর্ত্তৃত্বাধীন কোন ব্যক্তিকে গোপন বা স্থানান্তর বা পরিবর্ত্তন বা বিকৃত বা বিলুপ্ত করিতে দেন,

তাহা হইলে উক্তরূপ প্রত্যেক অপরাধ নিমিত্ত তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ভ্রান্তিজনক চিহ্ন রাখিলে, কাপ্তানের দণ্ডের কথা।

৪২ ধারা। যদি এই অধ্যায়ের আদেশমত কোন চিহ্ন কোন অংশে এরূপ অশুদ্ধ হয় যে তাহাতে ভ্রান্তি জন্মিবার সম্ভাবনা, তবে জাহাজের কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে চিহ্নিত জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।

৪৩ ধারা। ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের বন্দর হইতে যে২ জাহাজ আইসে এবং তথায় যৎকালে যে আইন বলবৎ থাকে তাহার বিধানানুযায়ী বোঝাইর রেখাদ্বারা চিহ্নিত হয়, সেই২ জাহাজের প্রতি বোঝাইর রেখা সম্বন্ধীয় এই অধ্যায়ের বিধান বর্ত্তিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

পরিশিষ্ট বিধান।

৪৪ ধারা। এই অধ্যায়মতে যে জাহাজ আটক করিয়া রাখা যায়, তাহা আশঙ্কাজনক নহে, স্থানীয় গবর্ণমেণ্ট ইহা অন্যথামতে বুঝিলে যে কোন সময়ে নিয়মাধীনে বা নিয়ম বিনা ঐ জাহাজ ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কোন সময়ে জাহাজ ছাড়িয়া দিবার কথা।

৪৫ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজ আটক করিয়া রাখিবার অনুমতি বা আজ্ঞা হইলে, শ্রীশ্রীমতী মহারাণীর নাবিক বা সৈনিক দলের পূর্ণবেতনভোগী সনদপ্রাপ্ত কোন কর্ম্মচারী, অথবা শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের জাহাজের কোন অধ্যক্ষ বা প্রধান কর্ম্মচারী, কিম্বা কোন বন্দরের কর্ত্তৃপক্ষ বা হারবর মাষ্টর বা বন্দররক্ষক বা কষ্টমের কর্ম্মচারী ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

যে জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞা প্রদান করিতে পারে, তাহার কথা।

৪৬ ধারা। উক্তরূপে আটক করিয়া রাখা গেলে পর অথবা উক্তরূপ আটক করিয়া রাখিবার কোন নোটিস বা আজ্ঞা কাপ্তানকে দেওয়া গেলে পর, যদি কোন জাহাজ উপযুক্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক মুক্ত হইবার পূর্ব্বে সমুদ্রে যায়, তবে ঐ জাহাজের কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

আটক করিলে পর সমুদ্রে গেলে, দণ্ডের কথা।

৪৭ ধারা। যে ব্যক্তি এই অধ্যায়মতে জাহাজ আটক করিয়া রাখিতে বা পরীক্ষা করিয়া দেখিতে ক্ষমতাপন্ন হন, তিনি স্বীয় কর্ম্মসম্পাদনার্থে জাহাজে থাকিলে, উক্তরূপে সমুদ্রগামী জাহাজ তাঁহাকে লইয়া সমুদ্রে গেলে, উক্ত ব্যক্তিকে ঐরূপে সমুদ্রে লইয়া যাইবার ও তদানুষঙ্গিক সমুদয় খরচ দিতে ঐ জাহাজের স্বামী ও কাপ্তান স্বতন্ত্র২ দায়ী হইবেন, এবং তাঁহাদের প্রত্যেকের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

আপন কর্ম্ম সম্পাদনে নিযুক্ত কর্ম্মচারিকে সমুদ্রে লইয়া গেলে, দণ্ডের কথা।

এই ধারামতে কোন স্বামির বা কাপ্তানের অপরাধ নির্ণয় হইলে, এই ধারামতে খরচের হিসাবে উক্ত স্বামির বা কাপ্তানের যত টাকা দিতে হইবে, অপরাধনির্ণয়কারী মাজিষ্ট্রেট তাহা অনুসন্ধান লইয়া নিরূপণ করিতে পারিবেন, এবং অর্থদণ্ড আদায় করিবার বিধানমতে তাহা আদায় করা যাইবে এরূপ আজ্ঞা করিতে পারিবেন।

ব্রিটিষ রেজিষ্টরী ফুরাইয়া গিয়াছে বলিয়া আটক করা জাহাজ ছাড়িয়া দিতে না হইবার কথা।

৪৮ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজ আটক করিয়া রাখা গেলে, পরে ঐ জাহাজের ব্রিটিষ বা ব্রিটিষ ভারতবর্ষীয় রেজিষ্টর ফুরাইয়া গিয়াছে বলিয়া, ঐ জাহাজ ছাড়িয়া দেওয়া যাইবে না।

যে ব্যক্তি জাহাজ পরীক্ষা করিতে পারেন, তাঁহার ক্ষমতার কথা।

৪৯ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজের পরীক্ষা নিমিত্ত তৎকার্য্যক্ষম কোন ব্যক্তি জাহাজের উপর উঠিয়া তাহা ও তাহার প্রত্যেক অংশ, ও কল, সরঞ্জাম ও মাল পরিদর্শন করিতে পারিবেন, এবং কোন মাল, মিলম বা

রসারসী প্রভৃতি নামাইবার বা স্থানান্তর করিবার আদেশ করিতে পারিবেন।

৫০ ধারা। এই অধ্যায়মত প্রত্যেক বিচারপতি, আসেসর, কর্ম্মচারী বা পরীক্ষক ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

কোন২ ব্যক্তি রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবার কথা।

৫১ ধারা। যদি এই অধ্যায়ের কোন বিধানের কার্য্য পক্ষে কোন আজ্ঞা, নোটিস, বর্ণনাপত্র বা দলীল কোন জাহাজের কাপ্তানের উপর জারী করিতে হয়, তবে জাহাজের কাপ্তান না থাকিলে, যে বন্দরে জাহাজ আটক করিয়া রাখা যায় সেই বন্দরে জাহাজস্বামী যদি থাকেন তাঁহার উপর, অথবা তিনি তথায় না থাকিলে, তত্রত্য তাঁহার কোন কর্ম্মকারকের উপর ঐ আজ্ঞা প্রভৃতি জারী করা যাইবে; অথবা উক্তরূপ স্বামী বা কর্ম্মকারক না জানা থাকিলে বা পাওয়া না গেলে, উক্ত আজ্ঞার, নোটিসের, বর্ণনাপত্রের বা দলীলের এককেতা নকল জাহাজের মাস্তুলে লাগাইয়া দেওয়া যাইবে, এবং তাহা হইলে নিয়মিতরূপে জারী করা হইল বলিয়া জ্ঞান হইবে।

কাপ্তান বা বাসেন্দা স্বামী প্রভৃতি না থাকিলে আজ্ঞা জারী করিবার কথা।

৫২ ধারা। উক্তরূপ কোন আজ্ঞা, নোটিস, বর্ণনাপত্র বা দলীল যে ব্যক্তির উপর জারী করিতে হইবে, নিজ তাঁহাকে উহার এককেতা নকল দিয়া, অথবা তাহা তাঁহার শেষ বাসস্থানে রাখিয়া, কিম্বা কাপ্তানের সম্বন্ধে হইলে, যে ব্যক্তির প্রতি জাহাজের অধ্যক্ষতা বা ভার থাকে বা আছে বলিয়া দেখা যায় স্বামির নিমিত্ত তাঁহার নিকটে রাখিয়া ঐ আজ্ঞাপ্রভৃতি জারী করা যাইবে।

আজ্ঞাদি যেরূপে জারী করিতে হইবে, তাহার কথা।

৫৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন বন্দরের কার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত কমিশ্যনর বা ট্রষ্টিগণের প্রতি অবিচ্ছিন্ন ভাবে অথবা যেরূপ নিয়ম বা সীমা নির্দ্ধারণ করা উচিত বোধ করেন তাহার অধীনে, ১৪ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা ও ১৫ ধারামতে আসেসরদের তালিকা প্রস্তুত করিবার ক্ষমতা ও বিধি প্রণয়ন করিবার ক্ষমতা ভিন্ন, এই আইনের পূর্ব্ব২ ধারামত স্থানীয় গবর্ণমেণ্টের সমুদয় বা কোন ক্ষমতা অর্পণ করিতে ও সমুদয় বা কোন কর্ম্ম সম্পাদন করিবার আদেশ করিতে পারিবেন, এবং উক্তরূপ কোন জ্ঞাপনপত্র রহিত করিতে পারিবেন।

বন্দরের কমিশ্যনর প্রভৃতির প্রতি ক্ষমতা অর্পণ করিবার কথা।

যৎকালে উক্তরূপ কোন জ্ঞাপনপত্র বলবৎ থাকে, যে সকল খরচা ও ক্ষতিপূরণের টাকা গবর্ণমেণ্টের দ্বারা বা গবর্ণমেণ্টের স্থানে অন্যথা এই আইনমতে আদায় করা যাইত, তৎসমুদয় উক্ত ব্যক্তিদের দ্বারা বা তাঁহাদের স্থানে সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে; এবং এক্ষণে যে কোন আইন প্রচলিত আছে তাহাতে প্রকারান্তরের কথা থাকিলেও, তাঁহাদের পদোপলক্ষে ন্যস্ত ধন স্বরূপ তাঁহাদের হস্তে যে তহবীল থাকে, তাঁহারা কোন খরচার বা ক্ষতিপূরণের টাকা সেই তহবীলে জমা করিতে অথবা, স্থলবিশেষে, সেই তহবীল হইতে দিতে পারিবেন।

---

৬ অধ্যায়।

দুঃস্থ নাবিকদের কথা।

৫৪ ধারা। এই অধ্যায় সওদাগরী জাহাজী লোকদের আইন সংশোধনের ১৮৫৯ সালের ১ আইনের সহিত পঠিত হইবে ও তাহার একাংশ বলিয়া গণ্য হইবে।

এই অধ্যায় ১৮৫৯ সালের ১ আইনের অংশ বলিয়া গণ্য হইবার কথা।

কিন্তু যে নাবিকদের বা শিক্ষানবিশদের প্রতি সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১১ ধারার, অথবা সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৫৫ সালের আইনের ১৬ ধারার বিধান বর্ত্তে, এই অধ্যায়ের কোন কথা তাঁহাদের প্রতি বর্ত্তিবে না।

১৮৫৪ ও ১৮৫৫ সালের সওদাগরী জাহাজ বিষয়ক আইনের বিধান সংরক্ষণের কথা।

'স্থানীয় কর্ত্তৃপক্ষ,' এই অধ্যায়মতে স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রতি যে২ ক্ষমতা ও যে২ কর্ম্মের ভার অর্পিত হইল, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে যে ব্যক্তিকে নামোল্লেখে বা আপন পদোপলক্ষে সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম করিতে নিযুক্ত করেন, এই অধ্যায়ে "স্থানীয় কর্ত্তৃপক্ষ" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

উক্তরূপে যে প্রত্যেক ব্যক্তি নিযুক্ত হন, যে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করেন সেই গবর্ণমেণ্ট তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

স্থগিত বা পদচ্যুত করিবার ক্ষমতার কথা।

৫৫ ধারা। (ক) যে সকল নাবিক ও শিক্ষানবিশ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা, ও যাহারা সওদাগরী কার্য্যে নিযুক্ত কোন ব্রিটিষ জাহাজ হইতে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজ হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে যানভঙ্গ, পদচ্যুত বা পরিত্যক্ত হইয়া থাকে, অথবা যাহাদিগকে কোন বিদেশীয় গবর্ণমেণ্টের বা বিদেশীয় গবর্ণমেণ্টের প্রজার জাহাজে কর্ম্ম করিবার নিমিত্ত কোন ব্যক্তি কর্ত্তাস্বরূপ বা কর্ম্মকারক স্বরূপ কার্য্য করিয়া নিযুক্ত করিয়া থাকেন, এবং যাহারা উক্ত স্থানে কষ্টে পড়িয়া থাকে; এবং

ভারতবর্ষীয় বন্দর সমূহে দুঃস্থ নাবিকদের কষ্টনিবারণ করিবার কথা।

(খ) যে সকল নাবিক ও শিক্ষানবিশ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা নহে, ও যাহারা ব্রিটিষ ভারতবর্ষে রেজিষ্টরী করা কোন ব্রিটিষ জাহাজ হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে যানভঙ্গ, পদচ্যুত বা পরিত্যক্ত হইয়া থাকে, এবং যাহারা উক্ত স্থানে কষ্টে পড়িয়া থাকে,

স্থানীয় কর্ত্তৃপক্ষ পশ্চাল্লিখিত বিধানমতে যত কাল তাহাদের স্বদেশ যাত্রার বিধান করিতে না পারেন, ততকাল পশ্চাল্লিখিত নিয়মাধীনে তাহাদের আহারাদির ব্যবস্থা করিতে পারিবেন।

৫৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজা যাহাতে যে ব্রিটিশ জাহাজে মল্লাদের সংখ্যা পূর্ণার্থে লোকাভাব থাকে, সেই জাহাজে দুঃস্থ নাবিকদিগকে দেশে পাঠাইবার কথা।

মল্লাদের সংখ্যা পূর্ণার্থে লোকাভাব থাকিলে এবং

(ক) উক্ত নাবিকেরা বা শিক্ষানবিশেরা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা হইলে, যদি ঐ জাহাজ তাহাদের দেশে বা তাহাদের দেশের নিকটস্থ কোন বন্দরে যাইতে বদ্ধ থাকে, এবং

(খ) অন্য প্রকারের ব্রিটিশ নাবিক বা শিক্ষানবিশ হইলে, যদি ঐ জাহাজ ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের কোন বন্দরে অথবা তাহারা ব্রিটিশ সাম্রাজ্যের যে স্থান বাসী হয় (প্রয়োজনমত) সেই স্থানের কোন বন্দরে যাইতে বদ্ধ থাকে; এবং

(গ) নাবিকেরা বা শিক্ষানবিশেরা শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা না হইলে, স্থানীয় কর্তৃপক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্তৃত্বাধীনে প্রত্যেক স্থলে যে স্থান নিরূপণ করেন, ঐ জাহাজ যদি সেই স্থানে যাইতে বদ্ধ থাকে,

তবে পূর্ব্বোক্ত নিয়মাধীনে ঐ স্থানীয় কর্তৃপক্ষ উক্ত নাবিক বা শিক্ষানবিশদিগকে ঐ জাহাজে উঠাইয়া দিতে পারিবেন।

৫৭ ধারা। উক্তরূপ কোন জাহাজ পাওয়া না গেলে ব্রিটিশ বা বিদেশীয় কোন জাহাজ ঐ স্থানে যাইতে বদ্ধ থাকিলে, স্থানীয় কর্তৃপক্ষ পূর্ব্বোক্ত নিয়মাধীনে শেষোক্ত জাহাজে ঐ নাবিক বা শিক্ষানবিশদের স্বদেশ যাত্রার বিধান করিতে পারিবেন।

ঐরূপ জাহাজ পাওয়া না গেলে, অন্য জাহাজে পাঠাইবার কথা।

৫৮ ধারা। ৫৬ বা ৫৭ ধারামতে যে ব্রিটিশ জাহাজে কোন নাবিক বা শিক্ষানবিশকে পাঠান যায়, স্থানীয় কর্তৃপক্ষ সেই ব্রিটিশ জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে উক্তরূপে প্রেরিত প্রত্যেক ব্যক্তির নাম এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ বিধি করিয়া যাহার নির্দ্দেশ করেন প্রত্যেক স্থলীয় সেই সকল বৃত্তান্ত লিখিবেন।

নাবিকদের নাম ও তাহাদের অন্যান্য বৃত্তান্ত ব্রিটিশ জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে লিখিবার কথা।

৫৯ ধারা। প্রত্যেক পঞ্চাশ টন বোঝাই প্রতি এক জনের অনধিক যতজন নাবিক ও শিক্ষানবিশকে পূর্ব্বোক্তরূপ বন্ধলক্ষ্য কোন ব্রিটিশ জাহাজের কাপ্তান ৫৬ বা ৫৭ ধারার বিধানমতে আপন জাহাজে তুলিয়া লইতে আদেশ প্রাপ্ত হন, তিনি তাহাদিগকে লইয়া তাহাদের যাত্রার ও আহারাদির ব্যবস্থা করিবেন, এবং ঐ যাত্রায় উক্তরূপ প্রত্যেক নাবিককে বা শিক্ষানবিশকে সমুদ্র ও ঝড়বৃষ্টি হইতে উত্তমরূপে সংরক্ষিত একটি উপযুক্ত শয়নস্থান দিবেন।

ব্রিটিশ জাহাজের কাপ্তানের উক্তরূপ নাবিকদিগকে লইয়া যাইতে ও আহারাদি দিতে হইবার কথা।

৬০ ধারা। উক্তরূপ কোন জাহাজের কাপ্তান তাহা করিতে অস্বীকার করিলে, দণ্ডের কথা।

৫৯ ধারার বিধান অনুসরণ করিয়া তদ্রূপ কোন নাবিককে বা শিক্ষানবিশকে আপনার জাহাজে তুলিয়া লইতে, অথবা তাহার যাত্রার বা আহারাদির ব্যবস্থা করিতে, অথবা অন্য বিধান করিতে ত্রুটি বা অস্বীকার করিলে, যে প্রত্যেক নাবিকের ও শিক্ষানবিশের সম্বন্ধে তিনি উক্তরূপ ত্রুটি বা অস্বীকার করেন, তাহার জন্য তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, অথবা ব্রিটিশ ভারতবর্ষের বাহিরে কোন স্থানে তাঁহার বিচার হইলে, ঐ স্থানের প্রচলিত মুদ্রায় তাঁহার এক হাজার টাকার তুল্য অর্থদণ্ড হইতে পারিবে।

৬১ ধারা। কোন ব্রিটিশ জাহাজের কাপ্তান এই অধ্যায়মতে কোন স্থানীয় কর্তৃপক্ষের আদেশক্রমে আপনার মল্লাদের সংখ্যাপূরণার্থ যত (যদি কোন) জনের প্রয়োজন, তদতিরিক্ত কোন নাবিককে বা শিক্ষানবিশকে কোন স্থানে লইয়া গেলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ দিন প্রতি যত টাকা নিরূপণ করেন, উক্ত নাবিকের বা শিক্ষানবিশের আহারাদিও স্বদেশযাত্রা নিমিত্ত ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত সেক্রেটরী সাহেবের স্থানে ঐ কাপ্তান তত টাকা পাইতে পারিবেন।

কাপ্তান টাকার দাওয়া করিতে পারেন, তাহার কথা।

কিন্তু নিম্নলিখিত দলীল গুলি উপস্থিত করা না গেলে এই ধারামত কোন টাকা দেওয়া যাইবে না, অর্থাৎ,

(ক) যে স্থানীয় কর্তৃপক্ষের আদেশক্রমে উক্ত নাবিককে বা শিক্ষানবিশকে জাহাজে তুলিয়া লওয়া যায়, সেই কর্তৃপক্ষের স্বাক্ষরিত সর্টিফিকেট, তাহাতে উক্ত নাবিকের বা শিক্ষানবিশের নাম এবং যে সময়ে তাহাকে জাহাজে তুলিয়া লওয়া যায় তাহা নির্দ্দিষ্ট থাকিবে;

(খ) পশ্চাল্লিখিত বিধানমতে লিখিত ও সত্যপাঠযুক্ত উক্ত কাপ্তানের প্রতিজ্ঞাপত্র, তাহাতে এই২ কথা লেখা থাকিবে, যথা,

(১) যত দিন ঐ নাবিক বা শিক্ষানবিশ ঐ জাহাজে আহারাদি ও পূর্ব্বোক্তরূপ বিহিত বস্ত্র প্রাপ্ত হইয়াছিল;

(২) যত জন পূর্ণবয়স্ক পুরুষ ও বালক লইয়া তাঁহার মল্লাদল পূর্ণ হয়;

৭। এস্থলে কয়েকটী প্রস্তাব উল্লেখ করা সুবিধা বোধ হইতেছে। এই সকল প্রস্তাব আমরা মনোযোগ সহকারে বিবেচনা করিয়া দেখিয়াছি; কিন্তু বিবেচনা করিয়া দেখিয়া এই গুলি অবলম্বন করিবার পরামর্শ দিতে পারি নাই বলিয়া ইহাদের বিষয় পাটুলেখ্যে স্থান পায় নাই। ইহাদের মধ্যে প্রথম এবং বোধ হয় সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় প্রস্তাব এই যে প্রজা স্বত্ব সংক্রান্ত সকল চুক্তি আইন অনুসারে লিখিত হইবার আদেশ হওয়া উচিত। এই প্রস্তাব বারম্বার হইয়াছে এবং একাধিকবার উচ্চ কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ইহার পোষকতা হইয়াছে। বাঙ্গলা ও বেহারের অধিকাংশ প্রজাইস্বত্ব চুক্তি অপেক্ষা দেশাচারের উপর নির্ভর করে। যে সমাজে চুক্তির জ্ঞান অগ্রে বিকাশ প্রাপ্ত হইয়া সর্ব্ব শ্রেণীর লোকের মধ্যে শীঘ্র ব্যাপ্ত হয়, কোন বিশেষ আকারে প্রজাস্বত্ব সংক্রান্ত চুক্তি করিবার আদেশ সূচক আইন সে সমাজের উপযোগী হইলেও, আমরা বিবেচনা করি যে, যে সমাজে দেশাচারের প্রবল প্রাদুর্ভাব এবং যে সমাজে চুক্তি বন্ধনের মর্য্যাদা পালনা সততা অপেক্ষা চুক্তিভঙ্গের কৌশল অধিক প্রশংসা প্রাপ্ত হয়, উক্ত রূপ আইন সেই সমাজের তাদৃশ উপযোগী নহে। ১৭৯৩ সালের ব্যবস্থাপকগণ ভূম্যধিকারী ও প্রজার মধ্যে লিখিত চুক্তি চালাইবার চেষ্টা পান এবং উক্ত চুক্তিপত্র ব্যবহার করিলে উভয় পক্ষের নিশ্চয় কত লাভ হইবে ঐ সময়ের আইনে এই বিষয়ের উপদেশ অনেক বার আছে। কিন্তু ঐ উপদেশ দ্বারা কোন পক্ষের কিঞ্চিন্মাত্র প্রবৃত্তি বা মত পরিবর্ত্তন হয় নাই। পরিশেষে ঐ ব্যবস্থা রহিত করা হয়, কারণ কোন পক্ষই উহাতে আপনার এমন কোন লাভ দেখিত না যাহার নিমিত্ত উহা অন্যের বিরুদ্ধে প্রবল করিবার ইচ্ছা হয়। বর্ত্তমান আইনে বিধান আছে যে রায়ত পাট্টা পাইবার নিমিত্ত ও ভূম্যধিকারী কবুলিয়ত পাইবার নিমিত্ত মোকদ্দমা করিতে পারেন। কিন্তু এই বিধান অনুসারে যে অল্পমাত্র কার্য্য হয় তাহাতেই বিলক্ষণ জানা যাইতেছে যে বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজারা এই বিষয় সম্বন্ধে চিরস্থায়ী বন্দবস্তের সময়াবধি আপনাদের মত অধিক পরিবর্ত্তন করে নাই। রেজিষ্টরী আফিসে যে জ্ঞান লাভ হইয়াছে তাহাতে দৃষ্ট হয় যে নূতন প্রজা স্বত্ব সৃষ্টির সময়ে সচরাচর লিখন ব্যবহৃত হয়, এবং যে ব্যবস্থা প্রাচ্যজ্ঞান অপেক্ষা পাশ্চাত্য জ্ঞানানুযায়ী তাহা এতদ্দেশবাসীদের মধ্যে বলপূর্ব্বক চালান অপেক্ষা আপনা আপনি লিখন অবলম্বিত হইতে রাখিয়া দেওয়া আমরা অধিকতর পরামর্শ সিদ্ধ জ্ঞান করি। চাষী লোকদের মধ্যে যত বিদ্যা চর্চ্চা বাড়িবে তত লিখন অবলম্বিত হইবে সন্দেহ নাই।

যে সকল প্রস্তাব পাটুলেখ্যে গৃহীত হয় নাই তাহার কথা।

প্রজাস্বত্বসংক্রান্ত চুক্তি লিখিত হইবার প্রস্তাব।

পাট্টা ও কবুলিয়ত সংক্রান্ত ও পাট্টা ও কবুলিয়ত পাইবার মোকদ্দমা সংক্রান্ত ব্যবস্থা উঠাইয়া দিবার কথা।

৮। রায়তদের পাট্টা পাইবার ও ভূম্যধিকারিদের কবুলিয়ত পাইবার স্বত্ব সম্বন্ধীয় এবং ঐ স্বত্ব প্রবল করিবার কার্য্যপ্রণালী সম্বন্ধীয় বর্ত্তমান আইনের বিধানের তুল্য কোন বিধান পাণ্ডুলেখ্যে না করা এই বিষয়ের সহিত অনেক দূর সম্পর্ক রাখে। আমরা এখনই বলিয়াছি যে ঐ সকল বিধানের যে উদ্দেশ্য নিমিত্ত কল্পিত হইয়াছিল, তৎক্রমে তাহারা অত্যল্পই কার্য্য করিয়াছে। ভূম্যধিকারী ও প্রজাসম্বন্ধ বিধায়ক নিয়মগুলি লেখ্যাগত করিবার উপায় স্বরূপ এই সকল বিধান মত কার্য্য সম্বন্ধেই আমরা বিশেষ করিয়া এই কথা বলিয়াছি। কিন্তু আর একটি কার্য্য নিমিত্ত উক্ত বিধানের ব্যবহার হইতে পারিত অর্থাৎ প্রজাস্বত্ব সম্বন্ধীয় কোন প্রয়োজনীয় বিষয়, যথা খাজানার হার অথবা প্রজার ভোগকৃত ভূমির পরিমাণ, লইয়া উভয় পক্ষের মধ্যে বিবাদ থাকিলে, কর্ত্তৃপক্ষদের নিষ্পত্তি প্রাপ্তির উপায় স্বরূপ ঐ সকল বিধানের ব্যবহার হইতে পারিত। ভূম্যধিকারী বলিতে পারেন যে রায়ত বিশ বিঘা ভূমি ভোগ করে, কিন্তু রায়ত বলে যে আমার পনের বিঘা আছে বৎসর২ এই বিবাদ নূতন করিয়া হয়। ভূম্যধিকারী জরীপ করিবে বলিয়া ভয় দেখায়, এবং রায়ত ঘুষখোর আমীনও ভিন্নভিন্ন রকমের মাপকাটির ভয়ে জরীপ এড়াইতে চাহে। গোমস্তাকে ঘুস দিলে বা কোন সামান্য আবওয়াব দিলে প্রশ্নের চূড়ান্ত মীমাংসা হয়ত এক বৎসর স্থগিত থাকে। কিন্তু পর বৎসর আবার সেই প্রশ্ন উঠে। তাহাতে হয়ত রায়ত ভূম্যধিকারিকে খাজানা দিতে দাওয়া বন্ধ করে। আশঙ্কা এই যে পাছে তাহার কাছে এমন কোন দাওয়া হয়, যাহা সে ন্যায্য বলিয়া স্বীকার করিবে না অথবা রায়তের যে তের অন্তর্গত কোন২ ক্ষেত্র সে দ্বিতীয় শ্রেণীর (তুয়েম) ধানী জমি বলিয়া ধরে এবং এই শ্রেণী ভূমির প্রচলিত বা নিয়মিত হারে তাহার খাজানা ধার্য্য হইবার দাওয়া রাখে, কিন্তু ভূম্যধিকারী বলেন যে ঐ সকল ক্ষেত্র প্রথম শ্রেণীর (আউওল) ধানীজমি ও তজ্জন্য অধিকতর খাজানা দেওয়া উচিত। খাজানা দেনার প্রত্যেক দিন এই বিষয় লইয়া বাদানুবাদ হয়; এবং এদেশে বাদানুবাদ হইতে ঝগড়া উপস্থিত হওয়াতে, ও ঝগড়া হইলে প্রায় উচিত শব্দ প্রয়োগ না হওয়াতে, যত বিরক্তি বৃদ্ধি হইয়া থাকে, তাহা ভূম্যধিকারির সহিত প্রজাদের যেরূপ মৈত্র সম্বন্ধ থাকা উচিত তদুপযোগী নহে। এই দেশে এইরূপ যে সকল প্রশ্ন, সীমার চিহ্ন ও বেড়া ও একরূপ মানদণ্ডানুযায়ী ঠিক জরীপ না থাকায় বিশেষ করিয়া, সর্ব্বদাই উঠে, সেই-সকল প্রশ্নে স্বত্বের মীমাংসা হইবার নিমিত্ত সুবিধা করিয়া দেওয়া অত্যন্ত বাঞ্ছনীয়। কেহ বিবেচনা করিতে পারেন যে ভূম্যধিকারী প্রথম উদাহরণে বিশ বিঘার নিমিত্ত পাট্টা দিতে চাহিয়া ও কবুলিয়তের দাওয়া করিয়া, ও দ্বিতীয় উদাহরণে প্রথম শ্রেণীর ধানী জমি বলিয়া ক্ষেত্রের নিমিত্ত পাট্টা দিতে চাহিয়া ও কবুলিয়তের দাওয়া করিয়া, সহজেই প্রশ্নের মীমাংসা করিয়া লইতে পারিতেন। কিন্তু যদি জমি বিশ বিঘা না হইয়া সাড়ে উনিশ বিঘা হয়, কিম্বা ঐ সকল ক্ষেত্রের অন্তর্গত কোন ক্ষেত্র কোন মধ্য শ্রেণীর ভূমি বলিয়া দৃষ্ট হয়, তবে ভারতবর্ষের উচ্চতম বিচারালয়ের নিষ্পত্তি অনুসারে মোকদ্দমা ব্যর্থ হইবে, এবং বিবাদের বিষয়ীভূত প্রকৃত প্রশ্নের মীমাংসা বিনা ও মোকদ্দমাজনিত চিত্তাবেগ ও বর্দ্ধিত মনোবিকার সহকারে উভয় পক্ষই নিষ্ক্রান্ত হইবে। বর্ত্তমান আইনের এই সকল বিধান লোকে যে কার্য্যে লাগাইতে যত্ন করিত ও করিলে উপকার হইত, সেই কার্য্য সম্বন্ধেই এই সকল বিধান এই রূপে নিষ্ফল হইয়াছে। কার্য্যে যাহা নিষ্প্রয়োজন বলিয়া দৃষ্ট হইয়াছে তাহা বাদ দিয়া, ভূয়োদর্শন দ্বারা যে অভাব দেখিতে পাওয়া গিয়াছে তাহা দূর করিবার নিমিত্ত আমরা চেষ্টা করিয়াছি। ভূম্যধিকারী ও প্রজার মধ্যে এই রূপ যে প্রশ্ন উত্থিত হয়, তাহার মীমাংসা নিমিত্ত ভূম্যধিকারী বা প্রজা মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে, পাণ্ডুলেখ্যের ১৫১ ধারায় এই রূপ বিধান আছে। মোকদ্দমা হইয়া যে ডিক্রী হয় তাহার নকল, পক্ষেরা আপনারা যে বিষয়ের মীমাংসা চাহে সেই বিষয় সম্বন্ধে পাট্টা বা কবুলিয়তের ন্যায় ফলবৎ হইবে।

বেআইনী আবওয়াব আদায়ের নূতন দণ্ড বিধান করা পরামর্শসিদ্ধ না হইবার কথা।

৯। নূতন দণ্ডের ব্যবস্থা দ্বারা বেআইনী আবওয়াব আদায় নিবারণার্থ আর চেষ্টা করা আমরা বাঞ্ছনীয় জ্ঞান করি না। বর্ত্তমান আইনে বিধান আছে যে, কোন ভূম্যধিকারী আইনমতে দেয় খাজানার অতিরিক্ত কোন টাকা প্রজাস্থানে অন্যায় পূর্ব্বক গ্রহণ করিলে, ঐ প্রজা উক্ত টাকা ও ঐ টাকার দ্বিগুণের অনধিক ক্ষতিপূরণের টাকা পাইতে পারিবে। পাণ্ডুলেখ্যে উক্ত বিধানই পুনঃ সন্নিবিষ্ট হইয়াছে। যদি অন্যায় খাজানা গ্রহণের সঙ্গে এরূপ কোন ঘটনা ঘটিয়া থাকে, যাহা দণ্ডবিধির আইন-মতে অপরাধ বলিয়া গণ্য হয়, তবে উক্ত বিধান থাকায় ফৌজদারী আদালতে যাইবার কোন বাধা হয় না। একটি দৃষ্টান্তস্বরূপ ধরিলে দেখা যায় যে রায়তেরা দিন২ আপনাদের স্বত্ব ভাল করিয়া বুঝিতেছে। মফঃসলে মহকুমা স্থাপিত হওয়াতে ও ফৌজদারী আদালত খুলাতে প্রতীকারের উপায় অপেক্ষাকৃত সহজ ও নিশ্চিত হইয়া অত্যাচার নিবারণের সম্ভাবনা হইতেছে। আমাদের বিশ্বাস এই যে এই সকল উন্নতি

সূত্রের কার্য্যক্রমে সময়ে এই বিশেষ অপরাধ কমিয়া সামান্য অপকারের চলিত সীমায় আসিয়া দাঁড়াইবে, এবং বর্ত্তমান আইনে যে দণ্ডের বিধান আছে তাহাতে নূতন দণ্ড যোগ করিলে কোন রূপে অপেক্ষাকৃত অল্পকাল মধ্যে এই ফললাভের সম্ভাবনা নাই।

১০। এক্ষণে পাণ্ডুলেখ্যের প্রতি দৃষ্টি করা যাউক। আমরা আইনের যেং পরিবর্ত্তন ও সংশোধন করিতে চাই, তাহার বিচার করিতে হইলে, পাণ্ডুলেখ্যে যেরূপ বিষয় বিন্যাস আছে তদনুসারে চলাই সুবিধা। পাণ্ডুলেখ্যের প্রথমে যে সূচীপত্র প্রদত্ত হইয়াছে, তাহা হইতেই এই বিন্যাস প্রচুর পরিমাণে বুঝা যাইবে। আমরা এস্থলে কেবল এইমাত্র বলিতেছি যে প্রথম খণ্ডে মূল ব্যবস্থা এবং দ্বিতীয় খণ্ডে আনুষঙ্গিক বা কার্য্যপ্রণালীগত ব্যবস্থা দেওয়া হইয়াছে। আমরা, প্রথমে "মহাল" "ভূস্বামী বা জমীদার," "তালুক," ও "পেটাও তালুক," শব্দের এরূপে অর্থ করিয়াছি যে তাহাতে প্রকৃত অর্থ সম্বন্ধে স্পষ্ট জ্ঞান হইতে পারে এবং এই সকল শব্দের অর্থ ভেদ না করিয়া ভিন্নং বস্তু বুঝাইতে একই শব্দ প্রয়োগ করাতে যে গোলযোগ হয় তাহার নিবারণ হইতে পারে২। আমরা "মহাল" শব্দের এই অর্থ করিয়াছি যে মালগুজারী ও লাখেরাজ ভূমির কোন সাধারণ রকমের জমীর দফার মধ্যে যে ভূমি ধরা যায়, ঐ শব্দে সেই ভূমি বুঝায়। সুতরাং ভূমিতে গবর্ণমেণ্টের যে সর্ব্বোচ্চ স্বার্থ আছে, এই শব্দে ঠিক তাহার নিম্নস্থ স্বার্থ বুঝাইতেছে। মহালের মালিকের নাম "ভূস্বামী বা জমীদার"। রায়তের উপরিস্থ ও ঠিক মহালের নিম্নস্থ স্বার্থকে আমরা "তালুক" বলিয়া ও তালুকের মালিককে "তালুকদার" বলিয়া লক্ষণ করিয়াছি। তালুকের নীচে কিন্তু রায়তের স্বার্থের উপরে "পেটাও তালুক", উহার মালিক "পেটাও তালুকদার"। উক্তরূপ একাধিক মধ্যবর্ত্তী স্বার্থ থাকিলে, তাহাদিগকে প্রথম, দ্বিতীয়, ইত্যাদি শ্রেণীর পেটাও তালুক বলা যায়। এইরূপে ক্রমেং নামিয়া আমরা রায়তের নিকটে উপস্থিত হই। "যে ব্যক্তি ভূমি ভোগ করে; অথবা দখল ও চাষ করে, সেই ব্যক্তি ঐ ভূমির চাষ বা আবাদ করিবার নিমিত্ত প্রথমে অধিকার প্রাপ্ত হইয়া থাকিলে", তাহাকে রায়ত বলিয়া আমরা রায়ত শব্দের অর্থ করিয়াছি; এবং পরে বলিয়াছি যে, "কোন ব্যক্তি আপনি, বা আপন পরিবারস্থ ব্যক্তিবর্গ দ্বারা, বা চাকর দ্বারা, বা বেতন ভোগী মজুর-দ্বারা, বা কোন ব্যক্তিদিগকে ঐ ভূমি বা তাহার কোন অংশ বিলি করিয়া তাহাদের দ্বারা, অথবা অংশতঃ এই সকল ব্যক্তিদের একদল দ্বারা ও অংশতঃ অন্য দলদ্বারা, চাষ কার্য্য চালাইলে, এই ধারার মর্ম্মানুসারে ঐ ব্যক্তি ভূমি চাষ বা আবাদ করে"। কোন শ্রেণীর ব্যক্তিদিগকে রায়ত বা তালুকদার (বা পেটাও তালুকদার) বলিয়া জ্ঞান করিতে হইবে ইহা বলা যে স্থলে কিছু কঠিন, সেই স্থল বিবেচনা করিবার সময়ে রায়তদের বিষয়ে আমাদের শীঘ্রই আরো কিছু বলিতে হইবে। রায়তের স্বার্থের নাম "যোত", এবং তাহার দখলীস্বত্ব থাকিলে "দখলীস্বত্ব বিশিষ্ট যোত"।

১১। ভারতবর্ষে বাস্তবিক খাজানা কি এবিষয়ে মতভেদ থাকাতে, খাজানার লক্ষণ করিতে কিছু কষ্ট হয়। এই বিষয়ে যাহা যুক্তিসিদ্ধ মত বলিয়া গৃহীত হইবে বলিয়া আমাদের প্রত্যাশা আছে, আমরা তাহাই ব্যক্ত করিতে প্রয়াস পাইয়াছি, এবং "কোন তালুকদার বা পেটাও তালুকদার বা দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত আপন ভোগ-কৃত ভূমির অব্যবহিত ঊর্দ্ধতন স্বার্থভোগকারী ভূস্বামিকে, বা তালুকদারকে, বা পেটাও তালুকদারকে, উক্ত ঊর্দ্ধতন স্বার্থের স্বীকার ও পরিশোধ স্বরূপ যাহা কিছু নগদ বা শস্যাদিরূপে দেন; অথবা ভূমির ব্যবহার বা দখল নিমিত্ত অথবা ঘাসকর, বনকর, জলকর প্রভৃতি স্বত্ব নিমিত্ত প্রতিদান বা ক্ষতিপূরণ স্বরূপ যাহা কিছু নগদ বা শস্যাদিরূপে দেওয়া যায়" খাজানা শব্দে আমরা তাহাই ধরিয়াছি। এদেশ সম্বন্ধে খাজানাবিষয়ক যে মত খাটে বলিয়া আমাদের ধারণ আছে পরে আমরা সেই মত লইয়া যে বিচার করিয়াছি তাহা পাঠ করিলে পর এইলক্ষণের সম্পূর্ণ তাৎপর্য্য অধিকতর স্পষ্ট করিয়া বুঝা যাইবে। আর কেবল একটি লক্ষণ বিশেষ উল্লেখ যোগ্য আছে। এটি "ভূমির" লক্ষণ। ১৮৫৯ সালের ১০ আইনের ও ৮৬৯ সালের ৮ আইনের কোন২ অংশের এরূপে অর্থ করা হইয়াছে যে তাহার প্রয়োগ কেবল কৃষিকার্য্য বা বাগাৎ প্রভৃতি কার্য্য নিমিত্ত ব্যবহৃত ভূমির প্রতিই হয়। অবশিষ্টাংশের প্রয়োগ সীমা বদ্ধ কি না, এটি বড় প্রশ্ন। ইহার কোন মীমাংসা হয় নাই। আবার কেহ২ বলেন যে বাকী খাজানা আদায় বিষয়ক উক্ত আইনদ্বয়ের বিধান যে কার্য্য নিমিত্ত ভূমি ব্যবহৃত হয় তৎসাপেক্ষ না হইয়া, যে কোন ভূমির খাজানা

শব্দার্থ। "মহাল" ভূস্বামী বা জমীদার "তালুক" পেটা ও তালুক"।

"রায়ত"

"যোত" "দখলীস্বত্ব বিশিষ্টযোত"।

"খাজানা।"

"ভূমি"।

---

২ বঙ্গীয় মন্ত্রিসভার প্রণীত কোন২ আইনে "তালুক" ও "পেটাও তালুক" শব্দ একই বস্তুর প্রতি নির্ব্বিশেষে প্রয়োগ করা হইয়াছে। এক আইনে "পত্তনীতালুক ও অন্যান্য নীলাম যোগ্য পেটাও তালুকের" কথা আছে। কিন্তু পত্তনী পেটাও তালুক নহে, তালুক; এবং ১৮১৯ সালের ৮ আইনেসর্ব্বত্র তালুক বলিয়া উক্ত হইয়াছে।

সম্বন্ধে খাটে। তালুকের ও পেটাও তালুকের খাজানা এই দুই আইনমতে যে আদায় করা যাইতে পারে এবিষয়ে কখন সন্দেহ হয় নাই; এবং কৃষিকার্য্য বা বাগাৎ প্রভৃতি কার্য্য নিমিত্ত ব্যবহৃত ভূমির অতিরিক্ত অনেক ভূমি সচরাচর তালুকাদির মধ্যে থাকে, আমাদের লক্ষণ দ্বারা আমরা ভবিষ্যতে এবিষয় পরিষ্কার করিবার চেষ্টা পাইয়াছি, এবং এই দেশে সচরাচর যে কার্য্যে ভূমির ব্যবহার হয়, সেই কার্য্যে ব্যবহৃত ভূমির প্রতি এই লক্ষণানুসারে পাণ্ডুলেখ্যের বিধান বর্ত্তিতে পারিবে। রায়তের দখলে থাকিলে বাস্তু ভূমি কৃষিকার্য্যার্থে ব্যবহৃত ভূমি বলিয়া গণ্য হইবে এবং ঐ রায়তের কর্ষিত ভূমির সহিত একত্রে একই যোত হইবে, এই বলিয়া আমরা বাস্তু ভূমির লক্ষণ করিয়াছি। যাহারা কৃষিকার্য্যে নিযুক্ত নহেন, তাঁহাদের দখলীকৃত বাস্তুভূমি সম্বন্ধে আমরা কএকটি প্রস্তাব বিবেচনা করিয়া দেখিয়াছি। যে সকল ব্যক্তি অনেক বৎসর উক্তরূপ ভূমি দখল করিয়াছেন, ইচ্ছামতে তাঁহাদিগকে, উঠাইয়া দিতে পারা গেলে, তাঁহাদের অত্যন্ত কষ্ট হয়। আমরা ৬অধ্যায়ে ইমারত প্রভৃতির নিমিত্ত ব্যবহৃত ভূমি সম্বন্ধে, সাধারণতঃ বিধান করিয়াছি যথাক্রমে উক্ত বিধানের উল্লেখ করিব।

"বাস্তুভূমি"।

দেশাচার ও দেশাচারানুগত স্বত্ব বাঁচাইবার কথা।

১২। আমরা বিধান করিয়াছি যে এইরূপ পাণ্ডুলেখ্যের বিধানের বিরুদ্ধ না হইলে, অথবা উক্ত বিধান দ্বারা স্পষ্টতঃ বা ভাবতঃ পরিবর্ত্তিত বা রহিত না হইলে, এই আইনের কোন কথাক্রমে কোন দেশাচারের বা দেশাচারানুগত স্বত্বের কোনরূপ ব্যতিক্রম হইবে না। দেশাচার প্রমাণ করিবার প্রণালী এই দেশের লোকে ভাল করিয়া বুঝে না এবং শ্রীযুক্ত সার বার্ণেস পীকক সাহেবের বিপরীত ব্যবস্থা স্বত্বেও দুর্ভাগ্য বশতঃ এইমত ক্রমে প্রচলিত হয় যে ১০ আইন ক্রমে সমুদয় দেশাচার রহিত হইয়াছে এবং ঐ আইনে কৃষিকার্য্য সংক্রান্ত যে সকল স্বত্ব বিশেষ করিয়া উল্লিখিত ও নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন সমুদয় স্বত্ব লোপ করিবার অভিপ্রায় ছিল। আমাদের বিশ্বাস এই যে, অন্যান্য দেশের ন্যায় এ দেশে অনেক দেশাচার আছে। তাহা লোকে বেশ জানে, ভূম্যধিকারিরাও স্বীকার করেন, এবং বিচারালয়ে প্রমাণ করা যাইতে পারে, আমরা ইচ্ছা স্পষ্ট করিয়া বুঝাইয়া দেওয়া বাঞ্ছনীয় জ্ঞান করি যে এই পাণ্ডুলেখ্যের বিধান দ্বারা স্পষ্টতঃ রহিত করা না গেলে, অথবা স্পষ্টই উক্ত বিধানের বিরুদ্ধ না হইলে, এই পাণ্ডুলেখ্যে উক্তরূপ কোন দেশাচারের প্রতি হস্তক্ষেপ করিবার অভিপ্রায় নহি।

কৃষিকার্য্যকারী কোন শ্রেণীর লোক রায়ত বা তালুকদার বলিয়া গণ্য হইবে ইহার কথা।

১৩। আমরা পূর্ব্বে, যে বিষয়ের উল্লেখ করিয়াছি এই স্থলে সেই বিষয়ের বিবেচনা করা সুবিধা। কৃষিসমাজের কোন্ শ্রেণীর লোক দিগকে রায়ত অথবা তালুকদার বা পেটাও তালুকদার বলিয়া ধরা যাইবে, ইহা বলা কঠিন। রায়ত ভূমি চাষ করে, আমাদের বিবেচনায় "রায়ত" বলিলে সাধারণতঃ এই রূপ অর্থ বোধ হয় যদি সমুদয় যোতই এরূপ আয়তনের হইত যে সামান্য একটি পরিবারের লোকে তাহা চাষ করিতে পারিত, এবং যদি ভূমি কোর্পাবিলি করিবার প্রথা কখনও না থাকিত, তবে সম্ভবতঃ প্রতেক স্থলেই রায়ত অদ্যাপি ভূমি চাষ করিত। কিন্তু ভূমি কোর্পাবিল করিবার প্রথা অত্যন্ত চলিত হইয়াছে। যে স্থলে ভূমির আয়তন এরূপ যে সামান্য এক পরিবারে তাহা চাষ করিতে পারে, সেই স্থলেও এরূপ ঘটনা অসাধারণ নহে যে ভোগাধিকারী আপন পৈত্রিক ক্ষেত্রগুলি কোর্পাবিলি করিয়া আপনি কৃষি ভিন্ন অন্য কর্ম্ম করেন। আবার অনেক জিলায় ইংরাজি ভাষার শব্দার্থ বুঝিয়া প্রয়োগ করিলে বলা যায় 'যার্ম' আছে, অর্থাৎ এদেশে সুপরিমাণে বেতনভোগী মজুর ও কৃষিকার্য্যের যন্ত্রাদি লাগাইয়া মূল ধনীরা কৃষিকার্য্য চালাইতে নিযুক্ত না থাকায় যে ভূমি এক সামান্য পরিবারের চাষ করিতে হইলে অত্যধিক হয়, এরূপ অনেক ভূমীখণ্ড আছে। এই সকল ভূমিখণ্ডের আয়তন দেখিয়া এরূপ অনুমান হয় না যে প্রথমে যাহারা ঐ ভূমি পাট্টা করিয়া লন, উহা স্বহস্তে বা আপন পরিবারস্থ ব্যক্তিবর্গদ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা চাষ করিতে তাঁহাদের অভিপ্রায় ছিল; এবং তাঁহাদের ইতস্ত আমরা যত দূর জানি তাহাতে উক্তরূপ অভিপ্রায় ছিল এমন বোধ হয় না। কএক জিলায় এই শ্রেণীস্থ লোকদের অবস্থা বর্ণনা করা প্রয়োজনীয়।

রঙ্গপুরের জোতদারদের কথা।

১৪। রঙ্গপুর সম্বন্ধে আমরা কালেক্টর শ্রীযুত গ্রেজিয়র সাহেবের ১৮৭৬ সালে লিখিত পত্র হইতে নিম্ন লিখিত অংশ উদ্ধৃত করিলাম।— "যে রায়ত নিজ জমিদারের স্থানে অধিকার প্রাপ্ত হন তাঁহাকে জোতদার বলে, এবং তাঁহার অধিকৃত ভূমির নাম যোত, উহার আয়তন যাহা কেন হউক না, এবং উহার আয়তনে এত ভেদ হইতে পারে ও হয় যে উহার খাজানা এক টাকা হইতে অর্দ্ধলক্ষ টাকা পর্য্যন্ত হইতে পারে। অধিকাংশ জোতদারদের ক্ষুদ্র যোত আছে ও তাহারা প্রকৃত রায়ত, আপন হস্তে বা বেতনভোগী মজুর দ্বারা নিম্ন আদিয়ার প্রণালীতে আপনি ভূমি চাষ করে। কিন্তু অনেক জোতদারের অধীনে বহু রায়ত আছে, ঐ রায়তদিগকে চুকনদার বা কোপা প্রজা বলে। চুকনদারদের অধীনেও অনেক স্থলে রায়ত আছে, এবং কোন২ স্থলে, বিশেষতঃ বড় যোতের মধ্যে, প্রকৃত কৃষককে প্রাপ্ত হইবার পূর্ব্বে চারি বা তদধিক শ্রেণীর রায়ত দেখিতে পাইবে। যতকাল ভোগ হইয়াছে তাহার বিচার না করিয়া

যোত বিক্রয় হইতে পারে, ঐ যোত নিজ জমীদারের স্থানেই প্রাপ্ত যোত হউক, অথবা যোতদারের স্থানে প্রাপ্ত চুকনী যোতই হউক। যদি কেহ অন্য কোন যোত পায়, সে তাহা কন্যা বিক্রয় করিয়া আইনমতে হস্তান্তর করিতে পারে। রেজিষ্টরী করা দলীলের বলে অথবা আদালতের ডিক্রীক্রমে এরূপ যোত বিক্রয় প্রতাহই হইতেছে।" রঙ্গপুরের ভূমিগত স্বার্থের সহিত ভূটান দুয়ারের ভূমিগত স্বার্থের বিস্তর সৌসাদৃশ্য আছে। শ্রীযুত প্লেসিয়র সাহেব বলেন যে যোতদার ১০০৲ টাকা দিলে, প্রকৃত চাষীদের স্থানে ২০০৲ টাকা আদায় করেন।

বাখরগঞ্জের হাওলাদার প্রভৃতির কথা।

১৫। বাখরগঞ্জে ভূস্বামী বা জমীদারের নীচে ভূমিতে ক্রমিক স্বার্থবিশিষ্ট তের জন লোক আছে। এই স্বার্থগুলি এইরূপ, যথা, (১) তালুক (২) জিম্মা তালুক, (৩) সামিলাত তালুক, (৪) আশত তালুক, (৫) নিম আশত তালুক ও (৬) হাওলা, (৭) আশত হাওলা, (৮) নিম আশত হাওলা, (৯) নিম হাওলা (১০) আশত নিম হাওলা, (১১) মিরাস কর্ষা, (১২) কায়েম কর্ষা, (১৩) কর্ষাদার বা রায়ত। যে ব্যক্তি বিস্তীর্ণ পতিত ভূমিখণ্ড আবাদ করিতে চাহেন তাঁহাকে খাজানা বিষয়ে সুবিধামত নিয়মে ঐ ভূমি দান করাতে অধিকাংশ তালুক ও হাওলার সৃষ্টি হইয়াছে বলিয়া বোধ হয়। গৃহীতা কিয়দংশ আবাদ করেন এবং ক্ষুদ্র২ আবাদকারী প্রজাদিগকে কিয়দংশ কোর্পা বিলি করেন; অথবা তাহা আবাদ করিবার প্রজা পাইলে, হয়ত সমস্ত ভূমিই কোর্পা বিলি করেন। এই কোর্পাপ্রজারা আবার কোর্পা বিলি করে; এবং যাবৎ সমস্ত ভূমি এক২ পরিবারের উপযোগী আয়তনের যোতে বিভক্ত না হইয়াছে, তাবৎ এই রূপে ক্রমে নীচের দিকে কোর্পাবিলি চলিয়াছে। যে ভূখণ্ড প্রথমে পাট্টা করিয়া দেওয়া যায়, সেই ভূখণ্ডের আয়তন অনুসারে ও স্থান বিশেষের লোক সংখ্যানুসারে নিঃসন্দেহ শ্রেণীর সংখ্যা ভিন্ন ভিন্ন রূপ হইয়াছে। যাহারা ভূমি আবাদ করিয়াছিল, ভূমির গ্রাহক বৃদ্ধি হইলে, তাহারাই অনেকস্থলে ঐ ভূমি কোর্পাবিলি করিয়াছে; অথবা যে ব্যক্তি দুই তিন যোতের উপযোগী ভূমি গ্রহণ করিয়াছে, সেই ব্যক্তি এক যোতের উপযোগী ভূমি আবাদ করিয়া ও রাখিয়া অবশিষ্ট ভূমি কোর্পাবিলি করিয়াছে। এইরূপ প্রণালীক্রমে কত স্বার্থগত জটিলতা উৎপন্ন হইয়া থাকিবে, ইহা সহজেই কল্পনা করা যায়। জমীদারের স্থানে ভূমি গৃহীতা কখন২ কিঞ্চিৎ ধন খাটাইতে প্রবৃত্ত হইয়া বহুজনাকীর্ণস্থান হইতে জনবাহুল্যজনিত কষ্টে বহির্গত সঙ্গতিহীন রায়তদিগকে টাকা দাদন করিয়াছেন এবং এইরূপে তাহাদের লাঙ্গল, গরু, ও বীজ ক্রয় করিতে ও বাসগৃহ প্রস্তুত করিতে সমর্থ করিয়াছেন। নূতন বসতি করিতে হইলে ইহা হয়ত আবশ্যক হইত। এই দুঃসাধ্য ব্যাপারে কৃতকার্য্য হইলে, যত উন্নতি হইতে থাকে, গৃহীতা নূতন লোকদিগকে আপন ভূমির কোন খণ্ড দিবার পূর্ব্বে তাহাদের তাঁহাকে সেলামী দিতে হয়। অনেক স্থলে গৃহীতার প্রতি বিশ্বাস থাকাতে তাঁহাকে দলপতি করিয়া যাহারা তাঁহার সঙ্গে যায়, তাহাদের শ্রমই আবাদ কার্য্যে নিয়োজিত, প্রধান ধন। যে স্থলে সমস্ত পতিত ভূমি আবাদ হইয়াছে ও ভূমি সম্পূর্ণরূপে দখলীকৃত হইয়াছে, সেই স্থলে আমরা ভূম্যধিকারী ও প্রজার দ্বিবিধ অবস্থাপন্ন এমন অনেক লোক দেখিতে পাই, যাহারা একটি সমস্ত ভূমিখণ্ডের নিমিত্ত খাজানা দিতেছে, কিয়দংশ চাষ করিতেছে এবং কিয়দংশ অপর ব্যক্তিদিগকে কোর্পাবিলি করিতেছে, শেষোক্ত ব্যক্তিরাও হয়ত আবার কোর্পাবিলি করিতেছে। "তালুকদার" নাম ব্যক্তিদের সম্বন্ধে কোন গোলযোগ উপস্থিত হয় নাই, বোধ হয় "তালুক" শব্দের একটি নির্দ্দিষ্ট প্রকারের অর্থ আছে এবং উহা পুরাতন আইনে ও ১৮৫৯ সালের ১০ আইনে পাওয়া যায়। কিন্তু হাওলাদারদের সম্বন্ধে বিষয়টি তাদৃশ স্পষ্ট বোধ হয় না। তাহারা কি তালুকদার? যে অস্পষ্ট অর্থে পেটাও তালুক শব্দের এপর্য্যন্ত ব্যবহার হইয়াছে, সেই অর্থে তাহারা কি পোটাও তালুক ভোগ করে? যদি তাহাই হয়, তবে ইহার প্রকৃতি কিরূপ, এবং ইহার কি২ অনুষঙ্গ আছে? তাহারা কি দখলীস্বত্ব পাইবার অধিকার বিশিষ্ট রায়ত, এবং যদি তাহাই হয়, তবে তাহাদের নীচে ভূমির প্রকৃত চাষী পর্য্যন্ত যেসকল মধ্যবর্ত্তী লোক আছে, তাহাদের কি হইবে? ১০ আইনে এই সকল প্রশ্নের কোন উত্তর নাই এবং আদালত সমূহ এপর্য্যন্ত ইহাদের কোন মীমাংসা করেন নাই। হাওলা স্বার্থ দেশাচারবলে পুরুষানুক্রমে ভোগ্য, হস্তান্তরযোগ্য, যে পর্য্যন্ত খাজানা দেওয়া যায় স্থায়ী, কিন্তু খাজানাবৃদ্ধির নিয়মাধীন বলিয়া গণ্য হইয়া আসিয়াছে। গবর্ণমেণ্ট কোন২ খাস মহাল বন্দোবস্ত করিবার সময়ে হাওলাদারদিগকে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত বলিয়া ধরিয়াছেন এবং বলিয়াছেন যে বন্দোবস্তী কার্য্যকারকদের হস্তক্ষেপ বিনা তাহারা আপন অধীনস্থ ভূমি ভোগকারী ব্যক্তিদের সহিত বন্দোবস্ত করিতে পারিবে।

---

৩ নোয়াখালির কোন২ বন্দোবস্তী কার্য্যের রুবকারীতে উক্ত হইয়াছে যে আশত তালুকদারেরা ও নিম আশত তালুকদারেরা হাওলাদার ও নিম হাওলাদারদের মত প্রজা।

মেদিনীপুরের আয়েমাদারদের কথা

১৬ । প্রায় ঐ রূপ অবস্থাপন্ন, জঙ্গলবুড়ি রায়ত, মণ্ডল, আয়েমাদার প্রভৃতি ভিন্ন২ নাম ধারী ব্যক্তি অন্যান্য জিলায় দেখা যায়। সকলেরই মূল বোধ হয় একই প্রকারের, যদিও দেশাচারানুসারে প্রত্যেকের ঠিক যে২ স্বত্ব থাকে তাহা ভিন্ন২ জিলায় ভিন্ন২ রূপ হইতে পারে। মেদিনীপুরের বন্দোবস্তী কার্য্যকারক শ্রীযুত প্রাইস সাহেব দেখেন যে কোন২ আয়েমাদার গবর্ণমেণ্টকে যত খাজানা দিতেছিল, তাহার শতকরা একশত টাকা অধিক আপন অধীন রায়তদের স্থানে আদায় করিতে ছিল। ইহাদের মধ্যে কোন ২ আয়েমাদার বন্দোবস্তীকার্য্যকারকের নিয়মে সম্মত না হওয়ায় তাহাদিগকে ছাড়িয়া দিয়া তাহাদের অব্যবহিত অধীন প্রজাদের সহিত বন্দোবস্ত করা হয়। পরে মোকদ্দমা উপস্থিত হইল, এবং এই আয়মাদারেরা দেওয়ানী আদালত কর্ত্তৃক দখলী স্বত্ব বিশিষ্ট রায়ত বলিয়া নির্দ্দিষ্ট হইল। কিন্তু দেখা যায় যে যদিও অধীন প্রজারা এই মোকদ্দমার একপক্ষ ছিল, গবর্ণমেণ্ট ও আয়েমাদারদের মধ্যেই বস্তুতঃ এই নিষ্পত্তি হয়। এই প্রজারা অধিকতর কার্য্যকরভাবে বাদ প্রতিবাদে নিযুক্ত থাকিলে অধিকতর সন্তোষজনক ফল হইত, এবং তাহা হইলে আয়েমাদারদের স্বত্ব নিরূপণ করিবার সময়ে ঐ প্রজাদের অবস্থাও ভাল করিয়া বিবেচিত হইত।

মেদিনীপুরের মণ্ডলদের কথা।

১৭। জঙ্গল মহালের সীমার নিকটস্থ মেদিনীপুরের কোন২ স্থানে মণ্ডল নামা এক শ্রেণীর লোক আছে। নিম্নলিখিত প্রকারে তাহাদের উৎপত্তি হয়। জমীদার আবাদকর নামা একজন সঙ্গতিপন্ন রায়তকে একখণ্ড পতিত ভূমি দিলেন। সে নির্দ্দিষ্ট মোট টাকা খাজানা স্বরূপ জমীদারকে দিয়া ঐ ভূমি আবাদ করিতে প্রবৃত্ত হইল। এই আবাদকর অংশতঃ আপন পরিবারস্থ ও অধীনস্থ ব্যক্তিবর্গের পরিশ্রম দ্বারা ও অংশতঃ আপনার অধীনে বসতি করিবার নিমিত্ত অন্য রায়তদিগকে প্রবৃত্তি দিয়া, প্রদত্ত ভূমির অধিকাংশ ক্রমশঃ আবাদ করিয়া তথায় একখান গ্রাম সংস্থাপন করিল। প্রায় তাহার নামানুসারেই ঐ গ্রামের নাম হয়; এবং বসতির প্রধান স্বরূপ তাহাকে মণ্ডল বলে। জমীদার ও মণ্ডল সময়ে২ আপনাদের চুক্তির নিয়ম সম্বন্ধে নূতন বন্দোবস্ত করিয়া লন, কিন্তু জমীদার মণ্ডল ও তদধীন প্রজাদের মধ্যে যাহা ঘটে তাহাতে হস্তক্ষেপ করেন না। ১৮৩৯ সালের বন্দোবস্তী কার্য্যের কারকারিতে, এই মণ্ডলদের স্থানী বা খাদকাস্ত রায়তের স্বত্ব মাত্র আছে ও তাহারা কোন মুনাফা বা লভ্য পাইবার অধিকারী নহে বলিয়া প্রকাশ করা যায়; কিন্তু তালুকদার বলিয়া স্বীকৃত না হইলেও, তাহারা ক্রমশঃ সামান্য খোদকাস্ত রায়তদের অপেক্ষা উচ্চতর স্বত্ব লাভ করে এবং তাহারা যে সকল রায়ত বসায় তাহাদের সহিত আপন ইচ্ছামত নিয়ম করিতে পারাতে আপনাদের কর্ষিত ভূমি হইতে যে লাভ পাইত তদতিরিক্ত অনেক লাভ করিয়া থাকিবে। তাহাদের মণ্ডলীস্বত্ব দেশাচার ক্রমে হস্তান্তর যোগ্য হয়; এবং যখন বন্দোবস্তের সময়ে তাহারা নিজ গবর্ণমেণ্টের সংস্রবে আইসে তখন নিয়মিত তালুকদার বলিয়া স্বীকৃত না হইলেও, যে ব্যক্তি প্রথম নূতন ভূমি আবাদ করে তাহার সম্বন্ধে বঙ্গদেশে সচরাচর যেরূপ অনুগ্রহ দেখান হয়, তাহারা সেইরূপ অনুগ্রহের পাত্র বলিয়া গণ্য হইল। বন্দোবস্ত করিবার সময়ে গবর্ণমেণ্ট তাহাদের অনুকূলে মোট জমা হইতে শতকরা পনের টাকা বাদ দিলেন, এবং কিঞ্চিৎ আপত্তির পর ইহাই তাহারা আপনাদের স্বত্বের যথোচিত স্বীকার বলিয়া গ্রহণ করিল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের প্রতি রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের ১৮৭৭ সালের ১০ জুন তারিখের ৫০৭ A নং পত্র দেখ।

১৭৯৩ সালের চিরস্থায়ী বন্দোবস্তী মহালে যে ব্যক্তিরা আবাদ করণার্থ পাট্টা পায়, তাহাদের সহিত অন্য মহালে তদ্রূপ পাট্টা দায়রের প্রভেদের কথা।

১৮। পূর্ব্ব কএক প্রকরণে যে শ্রেণীর লোকদের কথা বলা গেল, তাহাদের অবস্থা বিবেচনা করিতে হইলে, ইহা উল্লেখ করা প্রয়োজনীয় যে, ১৭৯৩ সালে যে সকল মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হয় তাহাতে যাঁহারা আবাদ করিবার পাট্টা পান তাঁহাদের সহিত তুলনা করিয়া দেখিলে, ঐ সময়ের পর অপেক্ষাকৃত ইদানীন্তন কালে যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে বা যাহা অদ্যাপি বিয়ৎকালীন বন্দোবস্তের নিয়মাধীন আছে সেই মহালে যাঁহারা ঐ রূপ পাট্টা পান তাঁহাদের অনেক প্রভেদ আছে। ১৭৯৩ সালে যে ভূমি আবাদ ছিল, সেই ভূমির খাজানা ধরিয়া তৎকালীন বন্দোবস্ত হয়; এবং যে ভূমি তখন পতিত ছিল, কিন্তু পরে আবাদ হইতে পারিবে, সেই ভূমি হইতে যে আয়ের সম্ভাবনা তাহা ধরাই হয় নাই। ১৭৯৩ সালে বঙ্গদেশের তিন ভাগের এক ভাগ বা (কাহার মতে) অর্দ্ধেক বা তদধিক পতিত ভূমি ছিল গণনা হয়; এবং এই পতিত ভূমির আবাদ করণ ভবিষ্যৎ আয় বৃদ্ধির উপায় বলিয়া স্পষ্টই জমীদারদিগকে দেখাইয়া দেওয়া হয়। যে ভূমির তৎকালে আবাদ ছিল জমীদারদের দেয় রাজস্ব তৎসাপেক্ষ হওয়াতে এবং পতিত ভূমি আবাদ করা হউক বা না হউক তাহাতে ঐ রাজস্বের কোন ব্যত্যয় না হওয়াতে, দেখা যাইতেছে যে ঐ পতিত ভূমি জমীদারেরা রাজস্ব মুক্ত স্বরূপ ভোগ করিতে ছিলেন; সুতরাং তাহা আবাদ করিবার পাট্টা দিবার সময়ে তাঁহারা স্বভাবতঃই গবর্ণমেণ্টের রাজস্বের বিষয় কিছু ভাবিতেন না। ঐ রূপে

ভূমি দিয়া তাঁহারা যাহা কিছু খাজানা পাইতেন, তাহাই স্পষ্ট লাভ ও কোন রূপ-কর্ত্তনের নিয়মাধীন নহে। স্বভাবতঃই তাঁহারা অতিশয় সুবিধামত হারে পাট্টা দিতে পারিতেন ও দিতেন। ঐ হারে নিজ তাঁহাদের অধীন পাট্টাদারদের অনেক লাভ থাকিত ও ক্রমেই তাহা বাড়িত। কোন মহালের চিরস্থায়ী বন্দোবস্ত করিবার পূর্ব্বে তদন্তর্গত পতিত ভূমি ধরিবার প্রয়োজন পরে গবর্ণমেণ্ট বিলক্ষণ হৃদয়ঙ্গম করেন, এবং পরিশেষে এই সাধারণ বিধি করেন যে, যত ভূমি আবাদ হইতে পারে তাহার শতকরা অনূন ৮০ ভাগ আবাদ না হইলে, কোন মহালের চিরস্থায়ী বন্দোবস্ত করিবেন না। সেই সময়েই ১৭৯৩ সালে যে সকল মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হয়, তন্মধ্যে যে২ বিস্তীর্ণ পতিত ভূখণ্ড ধরা যায় নাই, তাহাও গবর্ণমেণ্ট আপন হস্তে লন; এবং সরকারী রাজস্ব কত হইতে পারে ইহা সাধ্যমতে ধরিয়া গবর্ণমেণ্টের স্বার্থের দিকে যুক্তিসিদ্ধ দৃষ্টি রাখিয়া এই সকল ভূমিখণ্ডের অন্তর্গত ভূমি আবাদ করিবার পাট্টা দিবার নিয়ম হয়। ১৭৯৩ সালের চিরস্থায়ী বন্দোবস্তের অন্তর্গত নহে, এরূপ কোন মহালের এক্ষণে বন্দোবস্ত করিতে হইলে, গবর্ণমেণ্ট সচরাচর রাজস্ব বলিয়া মোট আদায়ের শতকরা ৭০ ভাগ লন। আদায়ের খরচা শতকরা দশ টাকা ধরিলে, জমীদার ও আবাদকারী পাট্টাদারের মধ্যে ভাগ করিয়া লইবার নিমিত্ত শতকরা বিশ টাকা থাকে। ১৭৯৩ সালের চিরস্থায়ী বন্দোবস্তী মহালে, লভ্যের শতকরা ৯০ ভাগ বিভাজ্য; অথবা সরকারী রাজস্ব সমস্ত মহালের উপর বণ্টন করিয়া দিলে, ইহা অনেক স্থানে শতকরা দশ টাকা দাঁড়ায়, এবং বিভাগের নিমিত্ত শতকরা আশি টাকা থাকে।

১৯। মোকদ্দমাপ্রসূত ব্যবস্থা প্রতি দৃষ্টি করিলে, আমরা এই নিষ্পত্তি দেখিতে পাই যে, (১) কোন ব্যক্তি ভূমি লইয়াই কোর্পা বিলি করিলে, তিনি মধ্যবর্ত্তী লোক হইবেন ও বর্ত্তমান আইনমতে দখলীস্বত্ব প্রাপ্ত হইবেন না; (২) কোন রায়ত ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইয়া ঐ ভূমি কোর্পা বিলি করিলে তদ্দ্বারা তাহার দখলীস্বত্ব নষ্ট হয় না; কিন্তু (৩) সে ঐ কার্য্যদ্বারা আপনার যোতের প্রকৃতি পরিবর্ত্তন করিতে ও তাহা পেটাওতালুকে পরিণত করিতে পারে না। এই সকল বিধি প্রয়োগ করিলে, দৃষ্ট হইবে যে, যে আবাদকারী পাট্টাদার কখন আপনি চাষ করেন নাই এবং বার বৎসর ভোগ করিবার পূর্ব্বে কোর্পা বিলি করিয়াছেন, তিনি কখনও দখলী স্বত্ব বিশিষ্ট রায়ত ছিলেন না। তিনি মধ্যবর্ত্তী লোক ছিলেন ও আছেন; কিন্তু মধ্যবর্ত্তী লোকদের কি কি স্বত্ব আছে, ইহা ব্যবস্থা দ্বারা নির্দ্দিষ্ট নাই এবং অবশ্যই অত্যন্ত অনিশ্চিত হইবে। উক্ত পাট্টাদার আপনার ভূমিখণ্ডের কিয়দংশ আবাদ করিয়া চাষ করিতে থাকিলে ও অবশিষ্টাংশ বিলি করিলে, উক্ত দুই অংশ সম্বন্ধে তাঁহার অবস্থান ও স্বত্ব কি ভিন্ন ভিন্ন রূপ হইবে? তিনি কি প্রথমোক্ত অংশ সম্বন্ধে দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত ও আপন প্রকৃতি পরিবর্ত্তন করিয়া রায়ত ভিন্ন অন্য কিছু হইতে অক্ষম থাকিতে, এবং শেষোক্ত অংশ সম্বন্ধে অনির্দ্দিষ্ট স্বত্ব ও দায় বিশিষ্ট মধ্যবর্ত্তী লোক হইতে পারেন! যে সকল ব্যক্তি আদালতের সম্মুখে না থাকাতে তাহাদের বিষয় উপযুক্তরূপে বিবেচিত হয় নাই, সেই সকল ব্যক্তির স্বত্ব সাপেক্ষ ব্যক্তি বিশেষের স্বত্বসংক্রান্ত স্বতন্ত্র২ মোকদ্দমা প্রসূত ব্যবস্থার এই রূপ অনিশ্চিত ও অসঙ্গত অবস্থা নিবন্ধন অনেক নিষ্ফল মোকদ্দমা হইয়াছে, এবং এই অবস্থা থাকিতে দিলে আরো অসন্তোষজনক ফল ফলিবে। এনিমিত্ত আমরা ইহা অত্যন্ত বাঞ্ছনীয় জ্ঞান করি যে উক্ত শ্রেণীস্থ ব্যক্তিদের স্বত্ব নিরূপিত হয়, এবং এমন, কতক গুলি বিধি নির্দ্দিষ্ট হয়, যাহাতে আদালত সর্ব্বস্থলেই বলিতে সমর্থ হইবেন কাহারা তালুকদার বা পেটাওতালুকদার এবং কাহারা দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত।

এই শ্রেণীয়লোকের অবস্থা সম্বন্ধে মোকদ্দমাপ্রসূত আইন ক্রমে যে ফল ফলিয়াছে, তাহার কথা।

২০। সমস্ত বিষয়টি ভাল করিয়া বিবেচনা করিয়া দেখিয়া, আমাদের বোধ হয় যে রায়ত ও তালুকদার বা পেটাওতালুকদারের মধ্যে এমন কোন বিভেদ সূত্র আবিষ্কার করা অসম্ভব, যাহা সর্ব্বত্র বা অধিকাংশ স্থলে খাটিবে। কোন প্রজা বিশেষের স্বার্থ তালুক (বা পেটাওতালুক) বা রায়তী যোত কি না, চাষ করাই ইহার প্রমাণস্বরূপ বলিয়া যদি ধর, দেখিবে যে তালুকদার, পেটাওতালুকদার প্রভৃতি হয়ত আপনাদের তালুক, পেটাওতালুক প্রভৃতির অন্তর্গত ভূমি চাষ করে, আর যে ব্যক্তিকে সচরাচর রায়ত বলে সে হয়ত আপনার সমস্ত যোত কোর্পা বিলি করিয়াছে ও আপনি চাষ করিবার নিমিত্ত এক বর্গ ফুটও রাখে নাই। সুতরাং ইহা বলা যাইতে পারে না যে, অবস্থা যেরূপই হউক না কেন, যে ব্যক্তি চাষ করে সে রায়ত, এবং যে ব্যক্তি চাষ করে না সে তালুকদার। ভূমি প্রকৃতপক্ষে যাহাদের দখলে থাকে, তাহাদের স্থানে খাজানা প্রাপ্তি যদি তালুকদারের বা পেটাওতালুকদারের প্রধান লক্ষণ বলিয়া গণ্য হয়, তবে আমরা অনেক রায়তও দেখিতে পাই যাহারা কোর্পাবিলি করিয়া প্রকৃত প্রস্তাবে দখলপ্রাপ্ত প্রজাদের স্থানে খাজানা পাইতেছে। পুরুষানুক্রমিক ভোগ্যতা যদি ধর, রায়তের স্বার্থ, রায়তের যোতও তালুকের ন্যায় পুরুষানুক্রমে ভোগ্য। ও হস্তান্তর যোগ্যতাই কি প্রমাণস্বরূপ ধরিবে রায়তের জমা ১৮৫৯ সালের ১০ আইনের

বর্ত্তমান আইনে রায়তী যোত ও তালুক বা পেটাওতালুকের মধ্যে কোন স্পষ্ট প্রভেদ রেখা নাই।

১৮৬৯ সালের ৮ আইনের অপেক্ষা না রাখিয়া সচরাচর দেশাচারক্রমে হস্তান্তর যোগ্য নিজ বাকী খাজানার নিমিত্ত নীলাম হইতে পারে কি প্রকৃতপ্রভেদ বলিয়া ধরা যাইবে? ভূম্যধিকারী আপন ইচ্ছামতে খাজানার ডিক্রী জারী ক্রমে রায়তের যোত নীলাম করিয়া থাকেন, কিন্তু তালুক বা পেটাও তালুক স্বত্বাধিকার সম্বন্ধীয় দলীল পত্রাদির বা প্রচলিত দেশাচারের বলে নীলাম করা যাইতে না পারিলে, তাহা তৎসংক্রান্ত বাকী খাজানা আদায়ের নিমিত্ত পেটাও তালুক বিক্রয় বিষয়ক বিশেষ আইনের অধীন নহে। প্রজা যে পরিমাণ খাজানা দেয় তাহাতেই কোন প্রভেদ হয় বিষয়াদি অনুমান করা যায়, তবে দৃষ্ট হইবে যে রঙ্গপুরে যোতের খাজানা একটাকা অবধি অর্দ্ধলক্ষ টাকা পর্য্যন্ত হইতে পারে; এবং অন্য জিলায় অনেক তালুকের খাজানা কএক টাকা মাত্র। সত্যবটে, দখলী স্বত্ব ষ্টাবশি প্রজার খাজানা যে২ কারণে বৃদ্ধি করা যায়, সেই২ কারণে তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধি হইতে পারে না; কিন্তু এই প্রভেদ এই স্থলেই বদ্ধ, কেন না যে২ কারণে কোন তালুকের বা পেটাওতালুকের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, বর্ত্তমান আইনে তাহার নির্দ্দেশ নাই।

এক দলীল ভুক্ত জমী পরিমাণ ধরিয়াই কোন্‌টি রায়তী যোত এবং কোন্‌টি তালুক বা পেটাওতালুক তাহা স্থির হইবার কথা।

২১। এইরূপ অবস্থায় আমরা এই সিদ্ধান্ত উপনীত হইয়াছি যে এক যোতের অন্তর্ভুক্ত ভূমির পরিমাণই, আমরা যে শ্রেণীর প্রজাদের কথা কহিতেছি অন্য শ্রেণী হইতে তাহাদিগকে ব্যাচ্ছিন্ন করিবার সর্ব্বপ্রধান যুক্তিসঙ্গত উপায়। যদিও বর্ত্তমান সময়ে কৃষক সমাজের পরিবর্ত্তিত অবস্থায় প্রকৃত প্রস্তাবে ভূমি কর্ষণই রায়তী যোতের উদ্দেশ্য নহে, কিন্তু আমাদের বিবেচনা হয় রায়ত বলিলে মূলে কৃষকদিগকেই বুঝাইত; যাহারা নিজে ভূমি কর্ষণ করিবার জন্য অথবা ভূমিকে কর্ষণের উপযোগী করিবার জন্য ভূমিতে প্রবেশ করিত তাহারা রায়ত ছিল, তাহারা নিজের পরিশ্রমেই হউক, নিজের ভৃত্য বা অনুচর বর্গ দ্বারাই হউক, অথবা যে সকল লোক দেশাচার অনুসারে উৎপন্নের অংশ দিয়া তাহার ভূমির কোন অংশ দখল করে তাহাদের দ্বারাই হউক, কৃষিকর্ম্ম নির্ব্বাহ করিত। শেষোক্ত স্থলে পরিণামে উভয় পক্ষের সুবিধা অনুসারে শস্যের পরিবর্ত্তে প্রায়ই নগদ খাজানা প্রদত্ত হইত, এই প্রকারে রায়তী যোত সৃষ্ট হইবার পর যদি রায়ত আপনার যোত কোপা বিলি করিত তাহা হইলে যদিও সে কাজে মধ্যবর্ত্তী লোক অর্থাৎ তালুকদার বা পেটাওতালুকদার হইয়া দাঁড়াইত, তথাপি ঐ যোত রায়তী যোতই থাকিত, কারণ দেশের প্রথায় অথবা তাহার চুক্তিতে কোপা বিলি বিরুদ্ধ কোন নিয়ম নাই। বাঙ্গালার প্রত্যেক জিলাতেই এরূপ বহু সংখ্যক রায়ত ও মধ্যবর্ত্তী লোক হইতেছে এবং বহুকাল হইতে হইয়া আসিতেছে। যখন এইরূপ পরিবর্ত্তন চলিতেছে, তখন উক্ত প্রজা যে রায়তের অবস্থা ত্যাগ করিতেছে তাহার নিয়মে কতদূর বাধ্য, এবং যে তালুকদারের অবস্থায় উপস্থিত হইতেছে তাহার নিয়মে বা কতদূর বাধ্য, এরূপ সন্দেহ হওয়া স্বাভাবিক, এরূপ পরিবর্ত্তনের অবস্থার জন্য আইনের দ্বারা ঠিক ব্যবস্থা করা অসম্ভব; কিন্তু রায়ত যথার্থ কাহাকে বলে বিবেচনা করিলে, এবং কোপা বিলির প্রথা অস্বীকার করা অসম্ভব বিবেচনা করিলে, আমাদের ইহা যুক্তিসঙ্গত বোধ হয়, প্রজাকে এক দলীলে যে জমী দেওয়া যায় তাহার সমস্তের কোন অংশ পরে কোপা বিলি করুক, আর নাই করুক, যদি সেই জমী এত অধিক হয় যে এদেশে সচরাচর যেরূপ সাহায্য ও উপায় পাওয়া যায় তাহাতে যদি একজন প্রজা সমস্ত জমী চাষ করিয়া উঠিতে না পারে তাহা হইলে সে রায়তের অবস্থা গ্রহণের জন্যই যে উক্ত ভূমি লইয়াছিল এরূপ অনুমান করা সহজ নহে।

যে ব্যক্তিকে এক দলীলে একশত বিঘার অধিক জমী দেওয়া হইয়াছে সে তালুকদার বা পেটাওতালুকদার বলিয়া গণ্য হইবার কথা।

২২। এইজন্য আমরা ব্যবস্থা করিয়াছি (১১ ধারা) যে আমাদের ব্যবস্থার বিপরীতে কোন চুক্তি বা প্রথা থাকিলেও যে ব্যক্তি একদলীলে প্রচলিত পরিমাণের একশত বিঘার অধিক জমী মিয়াদ বা সন্‌বসন বন্দোবস্ত ব্যতিরেকে লইবে তাহাকে ৮, ৯ ও ১০ ধারার অর্থের মধ্যে তালুকদার বা পেটাওতালুকদার বলিয়া গণ্য করা যাইবে। পাট্টা দাতা যদি জমীদার বা ভূস্বামী হন তাহা হইলে পাট্টা গৃহীতা তালুকদার হইবেন, যদি পাট্টা দাতা তালুকদার হন তাহা হইলে পাট্টা গৃহীতা পেটাওতালুকদার হইবেন, যদি পাট্টা দাতা প্রথম শ্রেণীর পেটাওতালুকদার হন তাহা হইলে গৃহীতা দ্বিতীয় শ্রেণীর পেটাওতালুকদার হইবেন ইত্যাদি। এদেশে একদল লোক আছে মোকদ্দমা করাই যাহাদের ব্যবসা; আর একদল লোক আছে যাহার ভূমি দিতে স্বত্ব সত্ত্বেও উহাতে বেদখল; তাহাদের স্বত্ব বলবৎ করিতে হইলে অগ্রে আদালতে উহা প্রমাণ করিতে হয়; এরূপ স্থলে বেদখল ব্যক্তি বা প্রথমোক্ত মোকদ্দমা প্রিয় ব্যক্তিদিগকে পাট্টা দিয়া এত মোকদ্দমা বাধাইয়া তুলেন যে তাহার আর অবধারণ নাই। অতএব এরূপ মোকদ্দমা বন্ধ করিবার জন্য আমরা ব্যবস্থা করিয়াছি যে দখল না পাইলে দলীল সম্পূর্ণ হইবে না। আমরা এই আইন জারী হইবার পূর্ব্বে এবং পরে সৃষ্ট তালুকদারের প্রতি এসকল বিধান খাটিবার ব্যবস্থা করিয়াছি; আমরা আরো প্রকাশ করিয়াছি

যে এরূপ প্রত্যেক তালুক এবং পেটাও তালুক বারবৎসর দখলে থাকিলে চিরস্থায়ী এবং হস্তান্তরযোগ্য হইবে। আমরা এই সকল বিধান অনুযায়ী কার্য্য জন্য ভূমির যে পরিমাণ স্থির করিয়াছি তাহা যে আপন ইচ্ছামত স্থির করিয়াছি তাহাতে সন্দেহ নাই; কিন্তু আমরা পূর্ব্বে যাহা বলিয়াছি তদনুসারে বিবেচনা করিলে একশত বিঘাই রায়তী মোতের উর্দ্ধতন সীমা বলিয়া নির্দ্দিষ্ট হওয়া অযৌক্তিক বলিয়া বোধ হয় না। এস্থলে ইহাও বলা আবশ্যক যে যদিও যে ব্যক্তি একশত বিঘার অতিরিক্ত জমী ভোগ করে সে নিজে অথবা তাহা ভূম্যধিকারী ইচ্ছা করুক বা নাই করুক, তালুকদার বা পেটাও তালুকদার বলিয়া গণ্য হইবে; কিন্তু যে ব্যক্তি একশত বিঘা বা তাহার অল্প ভূমি ভোগ করে সে নিজে এবং তাহার ভূম্যধিকারী ইচ্ছা করিলে হয় রায়ত, না হয় তালুকদার বলিয়া গণ্য হইতে পারিবে।

২৩। আমরা এক্ষণে যে সকল প্রজার কথা কহিতেছিলাম তাহাদিগকে রায়ত এবং তালুকদার বা পেটাওতালুকদারদের মধ্যে গণ্য করিতে হইলে ইহার জন্য যে নিয়ম আমরা প্রস্তাব করিতেছি তাহা এস্থলে বর্ণনা মাত্র করিয়াই নিরস্ত থাকিব। কিন্তু যতক্ষণ রায়তদের অবস্থা ও স্বত্ব নির্ণয় সংক্রান্ত পাণ্ডুলিপির ধারা সকল না ব্যাখ্যা করা হইতেছে ততক্ষণ এই নিয়মের কার্য্য সকল পরিষ্কাররূপ প্রকাশিত বা সম্পূর্ণরূপে বোধগম্য হইতেছে না; আমরা প্রথম অধ্যায়ের যে সকল বিধানে তালুকদার ও পেটাওতালুকদারদের কথা আছে সেই সকল বিধান উল্লেখ করিয়া শীঘ্রই যথাসময়ে রায়তদের অবস্থা ও স্বত্ব নির্দ্ধারণ বিষয়ে হস্তক্ষেপ করিব। বঙ্গদেশে এরূপ বিধান আছে যে কোন মহালের জমীদার এবং তাহার রায়তের মধ্যবর্ত্তী ভূমিতে চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থবিশিষ্ট ব্যক্তি অথবা কোন অনন্ত তালুকদার যাহারা মিয়াদী ভিন্ন অন্য বন্দোবস্তে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে অপরিবর্ত্তিত খাজানায় ভূমি ভোগ করিয়া আসিতেছে এরূপ খাজানা বৃদ্ধি দিতে বাধ্য হইবে না। ১৭৯৩ খৃষ্টাব্দের ৮ আইনের ৫১ ধারায় অথবা অন্য কোন আইনে ইহার বিরুদ্ধ যদি কোন ব্যবস্থা থাকে তাহা এস্থলে খাটিবে না। আমরা এই সকল বিধান বলবৎ রাখিয়াছি কেবল "কোন মহালের জমীদার এবং তাহার রায়তের মধ্যবর্ত্তী ঐরূপ মতে চিরস্থায়ী হস্তান্তর যোগ্য স্বার্থবিশিষ্ট ব্যক্তি অথবা কোন অনন্ত তালুকদার" এই সকল কথার পরিবর্ত্তে "তালুকদার অথবা পেটাও তালুকদার" ব্যবহার করিয়াছি; আমরা অন্য প্রকার রূপে বলিয়াছি চিরস্থায়ী বন্দোবস্ত বলিতে গেলে সর্ব্বত্রই ১৭৯৩ খৃষ্টাব্দ বা তাহার বেহার এবং চট্টগ্রামে যে চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে তাহাই বুঝা যে, তাহার পরবর্ত্তী সময়ে যে জঙ্গলময় বা যে ভূখণ্ড চিরস্থায়ী বন্দোবস্ত করা হইয়াছে তাহাই বুঝাইবে না।

তালুকদার এবং পেটাও তালুকদারদের সম্বন্ধে প্রথম অধ্যায়ের বিধান সকল।

২৪। বর্ত্তমান আইনে ব্যবস্থা আছে যে, মোকদ্দমা আরম্ভ হইবার পূর্ব্ববর্ত্তী বিশ বৎসর কাল পরিয়া যদি কোন তালুকের (৪) খাজানা পরিবর্ত্তিত হয় নাই সপ্রমাণ হয় তবে সে তালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে সেইরূপে ভোগ হইতেছে অনুমান করিতে হইবে; কিন্তু যদি ইহার বিপরীত কোন প্রমাণ দেওয়ান হয় অথবা চিরস্থায়ী বন্দোবস্তের পরবর্ত্তী কোন সময়ে উহা নির্দ্ধারিত হইয়াছে বলিয়া সপ্রমাণ হয় তবে এরূপ অনুমান করা হইবে না। আমরাও এই বিধান বলবৎ রাখিলাম। পরবর্ত্তী নজীর আছে যে চিরস্থায়ী বন্দোবস্তের পর কোন সময়ে ঐ তালুক সৃষ্ট হইয়াছে প্রমাণ দিতে পারিলে পূর্ব্বোক্ত অনুমান খণ্ডিত হইবে; এবং আমরাও পাণ্ডুলিপির ধারায় এই মর্ম্মে কথা যোজনা করিয়াছি। অনেকে পুনঃ পুনঃ আমাদিগকে বলিয়াছেন যে এইরূপ অনুমান প্রণালীতে জমীদারদিগের বড়ই ক্ষতি হয়, যদি একবার কোন তালুকদার বিশ বৎসর ধরিয়া একই খাজানা দিয়া আসিতেছে প্রমাণ করিতে পারে, তাহা হইলে জমীদারের পক্ষে এই আইন দ্বারা উথাপিত অনুমান খণ্ডন যদিও অসম্ভব না হউক বড়ই কঠিন হইয়া উঠে! এরূপ অবস্থায় বিশ বৎসরের মধ্যে তালুকদারকে এই শাস্তি নির্ব্বিরোধে তালুক ভোগ করিতে দেওয়া বিপদের কারণ হইয়াছে এবং পাছে আপনাদের স্বত্ব নীরবে অন্তর্হিত হয় এই ভয়ে জমীদারদিগকে মোকদ্দমা করিতে বাধ্য হইতে হয়। আমরা এই সকল যুক্তি বিশেষরূপে বিবেচনা করিয়া দেখিয়াছি; কিন্তু তাহাতে বর্ত্তমান আইন, পরিবর্ত্তন করার যে বিশেষ প্রয়োজন আছে এরূপ ধারণা আমাদের অধিকাংশের মনে জন্মাইয়া দিতে পারে নাই; বিশেষ যখন প্রায় বিশ বৎসর হইল, আইন অনুসারে এই অনুমান প্রণালী সৃষ্ট হইয়া চলিয়া আসিতেছে তখন উহাকে উল্টাইয়া দেওয়াও যাইতে পারে না। যদি এক্ষণে অনুমানের আইন পরিবর্ত্তন করা হয় তাহা হইলে অনুমান দ্বারা যে সকল লোকের স্বত্ব সম্পূর্ণ অবস্থা প্রাপ্ত হইয়াছে তাহাদের স্বত্ব একবারে লোপ করা হইবে। যে সকল তালুক অনুমান দ্বারা উপকৃত হইতে স্বত্ববান নহে, তাহাদের কার্য্যবিবরণ সম্বন্ধে দুই তিন লিখিত পঠিত করিয়া রাখিয়া স্বার্থহানি নিবারণ করা জমীদারের সম্পূর্ণ আয়ত্ত। আর একদিক হইতে দেখিলে দৃষ্ট হইবে যে চিরস্থায়ী বন্দোবস্তের পর তালুক সৃষ্ট হইয়াছে, খাজানা নির্দ্ধারিত হইয়াছে, অথবা এক বা অনেকবার খাজানা পরিবর্ত্তন

যাহারা চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে অপরিবর্ত্তিত হারে জমী ভোগ করিয়া আসিতেছে তাহারা খাজানা বৃদ্ধি দিতে বাধ্য নহে।

বিশ বৎসর কাল নির্দ্ধারিত হারে ভূমি ভোগ করিতে প্রমাণ দিতে পারিলে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে সেই হারে ভোগ হইয়া আসিতেছে অনুমান হইবার কথা।

(৪) পরবর্ত্তী পরিচ্ছেদে সমূহে কেবল তালুক শব্দ ব্যবহৃত হইবে; কিন্তু তর্কবিতর্কের সময় যাহা বলা হইবে, তাহা তালুক ও পেটাও তালুক উভয়রূপে খাটিবে। যদি পেটাও তালুকসম্বন্ধীয় আইনে কোন প্রভেদ থাকে তাহা বিশেষ করিয়া লিখিত হইবে।

যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত নাই তদ্ভিন্ন তালুকের সম্বন্ধে বর্জ্জিত বিধি।

করা হইয়াছে; এরূপ প্রমাণ করা ত জমীদারের পক্ষে কঠিনই কিন্তু তালুকদারের পক্ষে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে তাহার স্বত্ব প্রমাণ করা আরো অধিক পরিমাণে কঠিন। আমরা অনুমানের সাধারণ কার্য্যপ্রণালীতে একটিমাত্র বর্জ্জিত বিধি ব্যবস্থা করিয়াছি, অর্থাৎ যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত নাই সে মহালের তালুকের পক্ষে এ নিয়ম খাটিবে না; আমরা ব্যবস্থা করিয়াছি যে যদি বন্দোবস্তের কার্য্যপ্রণালীতে নির্দ্দিষ্টরূপে বন্দোবস্ত করিবার অথবা বন্দোবস্ত দৃঢ়ীকৃত করিবার জন্য গবর্ণমেণ্ট হইতে ক্ষমতা প্রাপ্ত রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীর দ্বারা নির্দ্ধারিত হারে ভূমি ভোগ করিবার স্বত্ব স্পষ্টরূপে স্বীকৃত না হইয়া থাকে তাহা হইলে যে সকল মহালের চিরস্থায়ী বন্দোবস্ত নাই, ঐ আদী বন্দোবস্তের অন্তে সে সকল মহালের তালুক উক্ত অনুমানপ্রণালী দ্বারা রক্ষিত হইবে না।

১৭৯৩ খৃষ্টাব্দের ৮ আইনের ৫১ ধারা। বিশেষ বিশেষ স্থল ভিন্ন চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভোগ করা অধীনস্থ তালুক খাজানা বৃদ্ধি হইতে রক্ষিত হইবার কথা।

২৫। আমরা ১৭৯৩ খৃষ্টাব্দের ৮ আইনের ৫১ ধারার বিধান সকল রক্ষা করিয়াছি। সে বিধান এই যে, যে অধীনস্থ তালুকদার চিরস্থায়ী বন্দোবস্তের সময় সে হইতে তালুক ভোগ করিয়া আসিতেছে সে খাজানা বৃদ্ধি দিতে বাধ্য হইবে না; (১) বিশেষ এই যে জমীদার যদি প্রমাণ করিতে পারে যে সে হয় (ক) সেই জিলার বিশেষ প্রথা অনুসারে অথবা (খ) তালুক যে করারে ভোগ হইয়া আসিতেছে তদনুসারে সে খাজানা বৃদ্ধি পাইতে স্বত্ববান, তাহা হইলে উক্ত তালুকদারকে খাজানা বৃদ্ধি দিতে হইবে; (২) কিম্বা যদি জমীদার প্রমাণ করিতে পারে যে কোন সময়ে তালুকদার খাজানা হ্রাস প্রাপ্ত হইয়া আপনাকে খাজানা বৃদ্ধি দিতে বাধ্য করিয়াছে এবং তাহার জমী হইতে উক্ত বর্দ্ধিত খাজানা উঠিতে পারে; তাহা হইলেও তালুকদার খাজানা বৃদ্ধি দিতে বাধ্য হইবে। কিন্তু আমরা এই বিধান সকল তালুক ও পেটাও তালুকের পক্ষেও খাটিবে ব্যবস্থা করিয়াছি এবং দুইটি ব্যাখ্যা যোগ করিয়াছি। যে সকল তালুক বা পেটাও তালুক পূর্ব্বোক্ত দুই পেরাগ্রাফে কথিত আইনের দ্বারা রক্ষিত না হইবে এবং তজ্জন্য এই সকল বিধান দ্বারা সৃষ্ট হইবে এরূপ তালুকের সংখ্যা স্বভাবতঃ অতিঅল্প; আমাদের প্রথম ব্যাখ্যাটি একটি নষ্পত্তি প্রাপ্ত মোকদ্দমা হইতে গৃহীত হইয়াছে। তাহার মর্ম্ম এই যে উক্ত ধারা প্রদত্ত উপকারের স্বত্ববান হইতে হইলে এই প্রমাণ করিলেই যথেষ্ট হইবে, যে চিরস্থায়ী বন্দোবস্তের সময় উক্ত তালুক বর্ত্তমান ছিল এবং যদিও প্রকৃত প্রস্তাবে কালেক্টরের কাছারীতে রজিষ্টরী করা হয় নাই, কিন্তু অনায়াসে করা যাইতে পারিত। দ্বিতীয় ব্যাখ্যাটি এই যে ১৮৫০ সালের ভূমি গ্রহণ বিষয়ক আইনের বিধানমতে যে ভূমি গৃহীত হইয়াছে তাহার জন্য যদি খাজানা হ্রাস হইয়া থাকে তবে এই ধারায় কথিত খাজানা হ্রাসের অর্থের মধ্যে উহা পড়িবে না, অর্থাৎ ঐ কারণ বশতঃ খাজানা হ্রাস হইলে সে তালুকদার খাজানা বৃদ্ধি দিতে বাধ্য হইবে না। আমরা তালুকের খাজানা বৃদ্ধির সহিত সম্পর্কযুক্ত অন্য অন্য বিষয় সাধারণতঃ খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় তর্কবিতর্কস্থলে দেখিব।

চিরস্থায়ী তালুক অথবা পেটাওতালুক উত্তরাধিকার যোগ্য, উইল দ্বারা বিনিযোগযোগ্য, অথবা হস্তান্তর যোগ্য বলিয়া প্রকাশ হইবে।

২৬। আমরা ব্যবস্থা করিয়াছি যে সমস্ত চিরস্থায়ী তালুক ভোগকর্ত্তার আপন ইচ্ছানুসারে উত্তরাধিকার যোগ্য উইল দ্বারা বিনিয়োগ যোগ্য, বিক্রয়, দান বা অন্য কোনউপায়ে হস্তান্তর করণ যোগ্য হইবে এবং তাহার নিজ দেনার জন্য দায়ী হইবে এবং দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালীর অধীন হইবে। এস্থলে আমরা যাহা বর্ণনা করিয়াছি আমাদের বিশ্বাস যে উহা এদেশেরপ্রচলিত প্রথার অনুযায়ী; যে অধ্যায়ে তালুকের বিষয় উক্ত হইয়াছে সেই অধ্যায়ে অমরা ১৮১৯ খৃষ্টাব্দের ৮ আইনে পত্তনি তালুকের আইনসঙ্গত ফল ফল সম্বন্ধে যে সকল কথা আছে তাহাও ভুক্ত করিয়া লইয়াছি। এইস্থলে আমরা কোন পরিবর্ত্তন করি নাই; আমরা কেবল স্পষ্টরূপে প্রকাশ করিয়াছি যে পত্তনি তালুক উইল দ্বারা বিনিয়োগযোগ্য হইবে; এরূপ করার তাৎপর্য্য এই যে, পুরাতন আইন যেরূপে নূতন করিয়া বলা হইয়াছে তাহাতে যদি কখন কোন সন্দেহ উপস্থিত হয় তাহা হইলে সে সন্দেহ নিরসন হইবে।

নির্দ্ধারিত হারে ভূমি ভোগে স্বত্ববান রায়তের সম্বন্ধীয় আইন গুরুতর পরিবর্ত্তন ব্যতিরেকে পুনঃ সন্নিবিষ্ট হইবার কথা।

২৭। আইনের পাণ্ডুলিপির দ্বিতীয় অধ্যায়ে নির্দ্ধারিত খাজানায় ভূমিভোগ স্বত্ববান প্রজাদের বিষয় বর্ণিত হইয়াছে; আমরা এইস্থলে বর্ত্তমান আইনই বজায় রাখিয়াছি, কোন বিশেষ পরিবর্ত্তন করি নাই। এই আইন চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভূমি ভোগকারী তালুকদারদিগের প্রতি প্রযোজ্য আইনের প্রতিরূপ মাত্র। এস্থলেও চিরস্থায়ী বন্দোবস্ত বলিলে যে ১৭৯৩ খৃষ্টাব্দের বন্দোবস্ত বুঝাইবে তাহা আমরা পরিষ্কার করিয়া বলিয়াছি। আমরা কতক গুলি ব্যাখ্যা যোজনা করিয়াছি; তাহাতে সমস্ত নিষ্পন্ন মোকদ্দমার তাৎপর্য্য ভুক্ত করিয়াছি। এই সকল ব্যাখ্যা দ্বারা প্রথমতঃ প্রকাশ করিয়াছি যে যদি খাজানা শস্যাদিতে দেওয়া হয় তাহা হইলে উৎপন্নের কোন নির্দ্দিষ্ট অংশও আইনের অর্থানুযায়ী নির্দ্দিষ্টহার, বলিয়া গণ্য হইবে, দ্বিতীয়তঃ জমী ভিন্ন ভিন্ন লোককে পাট্টা করিয়া দেওয়াই হউক,

হস্তান্তর করাই হউক, অন্য যে সকল ভূমি ভূমির সহিত এক যোত ছিল তাহা হইতে স্বতন্ত্র করাই হউক, অথবা অন্যান্য জমীর সহিত মিলাইয়া এক যোত করিয়া লওয়াই হউক, যত দিন পর্য্যন্ত এই সকল কার্য্য দ্বারা খাজানার হার পরিবর্ত্তন না হয় তত দিন নির্দ্দিষ্ট হারে ভূমি ভোগ করিবার নিয়ম অনুযায়ী কার্য্যের অন্যথা হইবে না। পূর্ব্বে ২৪ পেরাগ্রাফে বিশ বৎসরের অনুমান সম্বন্ধে যাহা বলা হইয়াছে এশ্রেণীস্থলেও তাহা খাটিবে; আমরা নিম্নস্থ মোকদ্দমা অনুসরণ করিয়া আরো ব্যবস্থা করিয়াছি যে যদিও রায়ত, চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে অপরিবর্ত্তিত হারে ভূমি ভোগ করিতেছে এরূপ যদি স্পষ্টাক্ষরে না বলে তথাপিও সে যে উহা ঐ রূপে ভোগ করিয়াছে ইহার বিরুদ্ধে যদি কোন বর্ণনা করা না হইয়া থাকে তাহা হইলে পূর্ব্বোক্ত প্রকার অনুমান চলিতে পারে। আমরা ২৪ পেরাগ্রাফের মত মিয়াদী বন্দোবস্তী মহালের ভূমিতে খাটিবার জন্য একটি বর্দ্ধিত বিধির ব্যবস্থা করিয়াছি।

কিরূপে দখলীস্বত্ব উৎপন্ন হয়।

২৮। আমরা এক্ষণে তৃতীয় অধ্যায়ে উপনীত হইলাম; এই অধ্যায়ে যে সকল রায়তেরা দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে তাহাদের বিষয় বর্ণিত আছে। আমরা ব্যবস্থা করিয়াছি যে কোন রায়ত ১১ ধারার বিধান সকলের নিয়মাধীনে (২২ পেরাগ্রাফ দেখ) ক্রমাগত বার বৎসর কাল পর্য্যন্ত কোন ভূমি প্রজাস্বরূপ ভোগ করিয়াছে অথবা প্রজাস্বরূপ দখল এবং চাষ করিয়াছে এবং তাহার জন্য খাজানা দিয়াছে, সে ঐ ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছে; অনধিকার প্রবেশকারীর ভোগ বা দখল উক্ত স্বত্ব প্রদান করিতে পারিবে না দেখাইবার জন্য প্রজাস্বরূপ এই কথাটি প্রয়োগ করা হইয়াছে। যাহারা প্রকৃত প্রস্তাবে ভূমি কর্ষণ করে, কেবল তাহাদেরই মাত্র দখলীস্বত্ব জন্মান উচিত কি না এই বিষয়ে আমরা বিশেষ রূপ বিবেচনা করিয়াছি; এই বিষয় সর্ব্বতোভাবে বিশেষরূপ পরীক্ষা করিয়া আমরা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে যদি এরূপ নিয়ম বিধিবদ্ধ করা হয় তাহা হইলে উহাতে গোলযোগ হইবার সম্ভাবনা; এবং আমাদের মধ্যে কেহ কেহ, উহারদ্বারা উপস্থিত কোন উপকার লাভ হইবে কি না সে বিষয়ে বিলক্ষণ সন্দেহ করেন; এবং পরিণামে উহাদ্বারা কি ফল উৎপন্ন হইবে তাহা কেহই ন্যায়সঙ্গত নিশ্চয়তার সহিত বলিতে পারেন না। যদি সমুদয় কোর্পা প্রজা দখলীস্বত্ব প্রাপ্ত হইতে পারে অথবা পারিয়াছে বলাযায়, তাহা হইলে আমাদের মধ্যে কেহ কেহ বিবেচনা করেন যে, দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের খাজানা এরূপ বাড়িয়া যাইবে যে দখলী স্বত্বের কোন আদর থাকিবে না; যেহেতু তাহা হইলে উর্দ্ধতন রায়তকে তালুকদার বা পেটাওতালুকদার বলিয়া গণ্য করা আবশ্যক হইবে; এবং কোর্পা প্রজা এক্ষণে যে হারে খাজানা দেয়, দখলী স্বত্ব বিশিষ্ট রায়ত পরে সেই হারে খাজানা দিতে বাধ্য হইবে। এইজন্য আমরা এবিষয়ে বর্ত্তমান যে আইন আছে তদ্বিষয়ে কোন বিশেষ পরিবর্ত্তন করিব না স্থির করিয়াছি; বর্ত্তমান আইনে যে কেহ ভূমি কর্ষণ বা ভোগ করে তাহাকেই দখলী স্বত্ব দেয়; আমরা সূক্ষ্ম করিবার জন্য "কর্ষণ" এই শব্দের পরিবর্ত্তে "দখল ও কর্ষণ" ব্যবহার করিয়াছি; "ভোগ করা" এই কথা এখনকারমত যে রায়ত তাহার নিজ জমী ভাগযোতে বা অন্যরূপে কোর্পা খিলি করিয়াছে তাহার বিষয়েও খাটিবে; এই স্থলে বলা যাইতে পারে যে আমাদেরমতে "রায়ত" শব্দের যে অর্থ আমরা পূর্ব্বে উল্লেখ করিয়াছি, (উপরে ২১ পারাগ্রাফে) উক্ত প্রকারে প্রকাশিত আইনের সহিত তাহার ঐক্য আছে।

অনধিকার প্রবেশকারী দখলীস্বত্ব পাইতে পারেনা।

ভূমি ভোগ ও দখল করার সঙ্গেসঙ্গে রায়তের অবশ্য খাজানা দিবার কথা।

২৯। আমরা, ভূমি ভোগ বা দখল করার সহিত রীতিমত খাজানা দেওয়াও রায়তের পক্ষে আবশ্যক, বিধান করিয়াছি; এরূপ বিধান ন্যায্য ও যুক্তিসঙ্গত বলিয়া বোধ হয়; এবং ইহার কতকটা সমানস্থলে প্রিবিকৌন্সেল যে নিয়ম বাঁধিয়া দিয়াছেন আমাদের বিধানও তদনুযায়ী; প্রিবিকৌন্সেলের নিয়ম এই যে নদীতে সমস্ত জমী বুড়িয়া গেলে যদি উহার অধিকারী বরাবর তজ্জন্য রাজস্ব দিতে থাকে তাহা হইলে সে উহার ভূস্বামী বলিয়া গণ্য হইতে থাকিবে এবং সেই স্থানে যদি পুনরায় ভূমি উত্থিত হয় সে উহাতে স্বত্ববান্। আমরা বর্ত্তমান আইন অনুসরণ করিয়া ব্যবস্থা করিয়াছি যে বার বৎসর গণনা করিতে হইলে রায়ত, পিতা অথবা অন্য যে কোন লোকের নিকট হইতে উত্তরাধিকার সূত্রে উক্ত ভূমি প্রাপ্ত হইয়াছে, সে যতকাল ঐ ভূমি দখল করিয়াছিল তাহাও রায়তের নিজের ভোগের সময়ে যোগ করিতে হইবে; কিন্তু বার বৎসর পূর্ণ হইবার পূর্ব্বে, উত্তরাধিকার ভিন্ন হস্তান্তর প্রভৃতি স্থলে, ভূস্বামীর সম্মতি হউক বা না হউক, হস্তান্তরকারী যতদিন ভোগ করিয়াছেন তাহা হস্তান্তর গৃহীতার ভোগ বলিয়া গণ্য হইবে না। কেবল যে স্থলে ভূস্বামী লিখিত পঠিত করিয়া স্পষ্টরূপে ঐ রূপ যোগ করার সম্মতি দিয়াছেন সে স্থলে এনিয়ম খাটিবে না। এবিষয়ে যে সকল নজীর আছে তদনুসারে উক্ত দুই সময় একত্র করিয়া বার বৎসর পূর্ণ করা যাইতে পারে না; আমরা উহার এইমাত্র পরিবর্ত্তন করিয়াছি যে ভূস্বামীর লিখিত স্পষ্ট অনুমতি থাকিলে, উক্ত দুই সময় একত্র করিয়া ধরা

যখন সমস্ত বার বৎসর ধরিয়া রায়ত নিজে ভূমিভোগ বা দখল করে নাই সে স্থলে কাল গণনার কথা।

যে ভূম্যধিকারীর ভূমিতে স্বত্ব নাই অথবা যে কেবল সমাধিকারী মাত্র তাহার অধীনেও দখলীস্বত্ব জন্মিবার কথা।

যাইতে পারে। সভার উৎপন্ন আইন অনুসারে আমরা ব্যবস্থা করিয়াছি যে সমস্ত বার বৎসর অথবা তাহার কোন অংশে জমীতে ভূম্যধিকারীর স্বত্ব ছিল না বলিয়া কিম্বা ভূম্যধিকারী সমাধিকারী ছিল বলিয়া রায়তের দখলীস্বত্ব জন্মাইবার কোন ব্যাঘাত হইবেনা।

কতক গুলি সন্দিগ্ধ স্থলে দখলী স্বত্ব জন্মিতে পারিবে বলিয়া স্পষ্ট প্রকাশ হইল।

৩০। বর্ত্তমান আইনে যে সকল সন্দেহ উপস্থিত হইয়াছে এবং ইহার পরে যে বহুসংখ্যক সন্দেহ উপস্থিত হইতে পারে তাহার ভঞ্জনের জন্য আমরা ব্যাখ্যা স্থলে স্পষ্ট করিয়া বলিয়াছি যে, নিম্নলিখিত কয়েক ব্যক্তির দখলীস্বত্ব জন্মাইতে পারে (১) যে ব্যক্তি মোকররীদার বা ইস্তমরারীদারের নিজ অধীনে ভূমিভোগ করে (২) যে ব্যক্তি এক যোতে একশত বিঘা বা তদধিক জমী প্রদত্ত হওয়াতে এই আইন অনুসারে (১১ ধারার) সৃষ্ট তালুকদারের অধীনে ভূমি ভোগ করে; (৩) যে ব্যক্তি দখলী স্বত্ববিশিষ্ট রায়তের নিজ অধীনে জমী দখল করে, কিন্তু মিয়াদী বন্দোবস্ত অথবা সনবসন বন্দোবস্তে ভূমিভোগ করে না; (৪) যে ব্যক্তি কোন ভূস্বামীর নিজ অধীনে খামার নিজযোত বা সেরী জমী দখল করে কিন্তু মিয়াদী অথবা সনবসন বন্দোবস্তে দখল করে না। ইহার মধ্যে প্রথমোক্তব্যক্তি পূর্ব্বে দখলী স্বত্ব পাইবার অধিকারী ছিল না; কিন্তু আমাদের মধ্যে অনেকে বিবেচনা করেন যে মোকররীদার অথবা ইস্তমরারীদার অনেক অংশেই প্রায় তালুকদারের মত। সুতরাং যাহারা তাহাদের নিজ অধীনে ভূমি ভোগ করে তাহাদের দখলী স্বত্ব পাইতে দেওয়া উচিত। আইন সৃষ্ট তালুকদারের তালুকদারত্ব পূর্ণ করিবার জন্য দ্বিতীয় শ্রেণীর লোকের দখলীস্বত্ব পাওয়া আবশ্যক তৃতীয় এবং চতুর্থ স্থলে আদালত কৃত বর্ত্তমান আইনের ব্যাখ্যা অনুসারে দখলী স্বত্বের ব্যবস্থা করা হইল।

যে সকল স্থানে দখলী স্বত্ব জন্মিতে পারিবে না তাহার কথা।

৩১। যে স্থলে, দখলী স্বত্ব জন্মাইতে পারিবে না, ব্যাখ্যা স্থলে এরূপ বিষয়ের বর্ণনা আমরা আবশ্যক বলিয়া বোধ করিয়াছি। ভূস্বামী, তালুকদার, পেটাওতালুকদার, মোকররীদার, ইস্তমরারীদার, অথবা ইজারদার ক্রমান্বয়ে নিজের মহাল, তালুক, পেটাওতালুক, মোকররীযোত, ইস্তমরারী যোত অথবা ইজারা স্থিত কোন জমিতে দখলী স্বত্ব পাইতে পারিবে না। যদিও ইজারদার নিজ ইজারাস্থিত জমীতে দখলী স্বত্ব পাইতে না পারে তথাপি যদি পূর্ব্বে কোথায় দখলীস্বত্ব জন্মিয়া থাকে পরে সেই জমী ইজারাভুক্ত হইয়াছে বলিয়াই তাহার পূর্ব্বস্বত্ব লোপ হইবে না। দখলীস্বত্ব বিশিষ্ট রায়তের অধীনে মিয়াদী বা সনবসন বন্দোবস্তে ভোগ করা জমীতে দখলীস্বত্ব জন্মিতে পারিবে না। কোন ভূস্বামীর অধীনে যে খামার, নিজযোত বা সেরী জমী মিয়াদী বা সনবসন বন্দোবস্তে ভোগ করা হয় তাহাতে দখলীস্বত্ব জন্মিতে পারিবে না। প্রথম জমী লইবার সময় যদি লিখিত ও রেজীষ্টরী করা এমত কোন বন্দোবস্ত থাকে যে দখলীস্বত্ব জন্মিবে না তাহা হইলে উক্তরূপ দখলীস্বত্ব জন্মাইতে পারিবে না। যদিও আমাদের মতে চুক্তিদ্বারা এই আইন অনুযায়ী কার্য্য হইতে মুক্ত হওয়া বন্ধ করা পরামর্শ সিদ্ধ নহে তথাপি ঐরূপ মুক্ত হইবার যে ইচ্ছা ছিল, যতদূর সম্ভব তাহার পরিষ্কার প্রমাণ রাখা আবশ্যক।

দখলী স্বত্বের আইন সঙ্গত ফলাফল।

৩২। আমরা দখলীস্বত্ব জন্মাইলে আইন অনুসারে তাহাতে কি কি ফল হইবে তাহা নির্ণয় করিয়াছি (২০ ধারা) এবং সর্ব্বপ্রথমে উহা যে ঘরাও বিক্রয় বা দান দ্বারা হস্তান্তর করা যাইতে পারে এবং উইল দ্বারা বিনিয়োগ করা যাইতে পারে তাহা প্রকাশ করিয়াছি; এবং এরূপ হস্তান্তর বা বিনিয়োগ বলবৎ করিবার জন্য জমীদারের অনুমতি যে আবশ্যক হইবে না তাহার ব্যবস্থা করিয়াছি। হস্তান্তর যোগ্যতার সপক্ষে এবং বিপক্ষে যে সকল যুক্তি আছে এস্থলে তাহার পুনরুল্লেখ করিবার প্রয়োজন নাই। সংহিতার পরিশিষ্টে তাহা সম্পূর্ণরূপে বর্ণিত হইয়াছে। এই পর্য্যন্ত বলিলেই যথেষ্ট হইবে যে বিশেষ যত্ন পূর্ব্বক ঐ সমস্ত যুক্তি আলোচনা করিয়া আমাদের মধ্যে অধিকাংশই হস্তান্তর যোগ্যতার সপক্ষ হইয়াছেন; কিন্তু যদিও আমরা রায়তকে তাহার যোত বিক্রয় করিতে দিতেছি তথাপি উহা বন্ধক দিতে দিতেছি না। আমাদের বোধ হয় এরূপ করিলে রায়ত এবং যোতকে মহাজনের হস্তে পড়ার দায় হইতে সংপূর্ণ রূপে রক্ষা করা যাইবে এবং কেহ কেহ যে আশঙ্কা করেন যে মহাজন দখলীস্বত্ব বিশিষ্ট যোতের অধিকারী হইবে এবং আসল রায়ত নামে রায়ত হইয়া দাসভাবে অতি ঘৃণিত এবং শোচনীয় অবস্থায় আপন ভূমিতে বাস করিবে সেই বিপদের আশঙ্কাও অনেক পরিমাণে দূর হইতে পারিবে। আমাদের বিশ্বাস যে কোন প্রলোভন বশতঃই রায়ত আপনার ভূমি বিক্রয় করিতে প্রস্তুত হয় না কিন্তু বিবাহ কিম্বা শ্রাদ্ধের জন্য কিম্বা কোন বিপদ হঠাৎ উপস্থিত হইলে অনায়াসে জমী বন্ধক দিয়া দুই পাঁচ টাকা ধার করে। শস্যোৎপত্তির ব্যাঘাত, সংক্রামক পীড়ার সঞ্চার কিম্বা যে রূপ সচরাচর ঘটিয়া থাকে, নিজের অমিতব্যয়িতা প্রযুক্ত সে ঋণ পরিশোধ করিতে অপারক হয়, সুদে তাহার ঋণ দ্রুতগতি বর্দ্ধিত হইতে থাকে, সে ক্রমেই মহাজনের অধিকতর অধীন হইয়া পড়ে, ঋণ দায় হইতে আপনাকে মুক্ত করার এবং পূর্ব্বাবস্থা পুনঃ প্রাপ্ত হইবার আশা একবারেই থাকে না; ফল এই হয় মহাজন ডিক্রী করে,

হস্তান্তর করণ যোগ্যতা।

দখলী স্বত্ব কি শর্ত্তে যোত বন্ধক দেওয়া যাইতে পারিবে না।

তাহার যোত নীলামে চড়াইয়া দেয় এবং উহার প্রকৃত মূল্যের (৫) অনেক কম দিয়া ক্রয় করিয়া লয়। যে মহাজন পরিণামে বন্ধক বিক্রয় করিয়া যথেষ্ট লাভ করিবার আশায় রায়তের যোতের উপর অনায়াসে আগ্রহ সহকারে কিছু টাকা ধার দেয়, শেষে নিজের টাকায় নিজে চাষ করিব বলিয়া সে যথার্থ মূল্য দিয়া ঐ যোত ক্রয় করিবার ইচ্ছা করিবে ইহা কখন সম্ভব নয়। অতএব বন্ধক দেওয়া একেবারে বন্ধ করিবার জন্য আমরা ব্যবস্থা করিয়াছি যে উক্ত বন্ধক, সকল অবস্থাতেই সকল প্রকার কার্য্য জন্য, অগ্রাহ্য হইবে; এবং কোন বিচারপতি কোন প্রকার বিচার কার্য্যের অনুষ্ঠানেই উহা গ্রাহ্য করিবেন না এবং উহা বলবৎ করিবার আজ্ঞা দিবেন না (২০ ধারা ঘ প্রকরণ)। আমরা আরো ব্যবস্থা করিয়াছি যে দখলীস্বত্ব খাজানার জন্য ডিক্রীর জারীতে বিক্রয় হইলেও উহা অন্য কোন প্রকার ডিক্রী জারীতে বিক্রয় হইবে না।

৩৩। আমরা বলিয়াছি যে, প্রজা যে আইনের অধীন সেই আইনের নিয়মানুসারে তাহার দখলীস্বত্ব উত্তরাধিকারযোগ্য হইবে; কিন্তু ভূম্যধিকারীর লিখিত অনুমতি ব্যতিরেকে খাজনা অথবা যোতের ভাগ করিলে সেই ভাবে যোতের ভাগ তাহাকে আবদ্ধ করিতে পারিবে না (২০ ধারা গ প্রকরণ)। দেশাচারানুযায়ী এই নিয়ম চলিয়া আসিতেছে; আমরা উহাকে স্পষ্টরূপে নির্দ্দেশ এবং বলবৎ করিবার ব্যবস্থা করিলাম। যখন উত্তরাধিকারিশূন্য দখলীস্বত্ববিশিষ্ট রায়ত উইল না করিয়া প্রাণ ত্যাগ করে, আমরা ব্যবস্থা করিয়াছি যে ভূম্যধিকারী ঐ মৃত রায়তের ভূমির দখল লইতে স্বত্ববান হইবেন। বর্ত্তমানেও এই নিয়মে কার্য্য চলিয়া আসিতেছে।

দখলী স্বত্ব বিশিষ্ট যোত রায়তের উত্তরাধিকার আইন অনুসারে উত্তরাধিকারযোগ্য হইবার কথা।

রায়তের যদি উত্তরাধিকারী না থাকে তাহার মৃত্যুর পর ঐ যোতে ভূম্যধিকারীর স্বত্ব হইবার কথা।

৩৪। দখলীস্বত্ব বিশিষ্ট যোত হস্তান্তরকরণ যোগ্য এবং বাকী খাজানার ডিক্রীর জারীতে বিক্রয়যোগ্য করা হইয়াছে; ইহার নিয়ত ফল এই যে খাজানা না দেওয়ার জন্য রায়তের এরূপ যোত উচ্ছেদ কখনই কর্ত্তব্য নহে। এই জন্য আমরা ব্যবস্থা করিয়াছি যে দখলীস্বত্ব বিশিষ্ট রায়তকে কেহ তাহার যোত হইতে, খাজানা না দেওয়া জন্যই হউক অথবা চুক্তি ভঙ্গভিন্ন অন্য যে কোন কারণেই হউক, উচ্ছেদ করিতে পারিবে না। যদি লিখিত পঠিত এমত কোন শর্ত্ত থাকে যে উক্ত শর্ত্ত ভঙ্গ হইলে রায়তের যোত উচ্ছেদ করা যাইবে তাহা হইলে তাহার কোন কথাই নাই। যখন পূর্ব্বোক্ত প্রকার শর্ত্ত ভঙ্গের জন্য রায়তের যোত উচ্ছেদ করা হয় তখন পশ্চাৎ লিখিত কতক গুলি বিধান অনুসারে সে ভূমির যে উন্নতি করিয়াছে, তাহার ক্ষতিপূরণ পাইতে স্বত্ববান্ হইবে আমরা তাহার ব্যবস্থা করিয়াছি। পাট্টার শর্ত্তভঙ্গ হইলে যোত বাজেয়াপ্ত হওয়া ওকিনেলি সাহেবের মত নহে; এবং যে স্থলে ভূম্যধিকারীর প্রকৃত প্রস্তাবে কোন ক্ষতি হয় নাই এবং তাহার খাজানার মাতব্বরী যেমন তেমনিই আছে সে স্থলে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ দেওয়া তাঁহার অভিপ্রায়। একুইটি কোর্ট বাজেয়াপ্তের শর্ত্তের উপর কোন কালেই সন্তুষ্ট নহেন; এরূপ অসন্তুষ্ট হইবার কারণ এই যে উক্ত কোর্ট মনে করেন যে ঐ শর্ত্ত কেবল জমীদারের খাজানা দেওয়ার নিশ্চয়তার জন্য এবং প্রজা মরিয়া গেলে যাহাতে ঐ জমি বিনা গোলযোগে জমীদারের হাতে আসিয়া পড়ে তাহারই জন্য অভিপ্রেত। ঐ স্বত্বদ্বারা জমীদারের অভিপ্রায় সিদ্ধির জন্য তাঁহাকে আইনসঙ্গত স্বত্ব দেওয়া হয়; তিনি স্বত্ব অনুসারে কার্য্য করিতে পারেন এবং ইচ্ছা হইলে অত্যাচার, কর্কশ ব্যবহার এবং জব্দ করিবার জন্য প্রজার অনেক ক্ষতিও করিতে পারেন; কিন্তু এরূপ অত্যাচার আদি যাহাতে তিনি করিতে না পারেন তাহার বিধান করা আবশ্যক। ফীল্ড সাহেব ও ওকিনেলি সাহেবের কথা কতক অংশে স্বীকার করেন তিনি বলেন যে ব্যবস্থাপক সভায় আইনের পাণ্ডুলিপি যদি উপস্থিত হয় তাহা হইলে এবিষয়ের বিবেচনা করা অবশ্য কর্ত্তব্য।

পাট্টার শর্ত্ত ভঙ্গ করিলে বাজেয়াপ্ত হইবার কথা।

৩৫। আমাদের অধিকাংশ সভ্যের মতানুসারে আমরা ব্যবস্থা করিয়াছি (২১ ধারা) যে, যেস্থলে দখলীস্বত্ব বিশিষ্টও যোতের জন্য খাজানা শস্যাদিতে দিতে হয় এবং রায়ত শস্য উৎপাদন বিষয়ে জমীদারের কোন সাহায্য না পায় এরূপ স্থলে খাজানা প্রধান শস্যের বেলা মোট উৎপন্নের শতকরা পঞ্চাশ ভাগের অধিক হইবে না। কোন বিশেষ শস্যের স্থলে যদি ভূম্যধিকারী ও প্রজা কোন বিশেষ অংশের জন্য লিখিতপঠিত দ্বারা চুক্তি করিয়া থাকে এরূপ চুক্তি বলবৎ হইতে পারে; কিন্তু যদি এরূপ চুক্তি না থাকে তাহা হইলে মোট উৎপন্নের বাৎসরিক মূল্যের গড়ের শতকরা পঁচিশ ভাগের অধিক ঐ জন্য কোন খাজানা আদায় করিতে পারিবে না। আমরা যে সকল বিধানের পাণ্ডুলিপি করিয়াছি তাহাতে শস্যাদিতে দেয় বর্ত্তমান খাজানা যে স্থলে মোট উৎপন্নের অর্দ্ধেকের অধিক আছে কমাইয়া মোট উৎপন্নের অর্দ্ধেক করিয়া দেওয়া যাইতে পারিবে। ডাম্পিয়ার সাহেব বর্ত্তমান খাজানার বিষয়ে হস্তক্ষেপ করার বড়ই বিরোধী। বেহারের অনেক স্থানে এবং অন্যত্রও ভূম্যধিকারী মোট উৎপন্নের ষোল ভাগের নয়ভাগ গ্রহণ করিয়া থাকেন। ডাম্পিয়ার সাহেব এবং বাবু প্যারীমোহন মুখোপাধ্যায় মনে করেন যে এই অংশ এত প্রসিদ্ধ ও প্রচলিত যে

প্রধান উৎপন্ন দ্রব্যের পক্ষে শস্যাদিতে দেয় খাজানার মোট উৎপন্নের অর্দ্ধেকের অধিক না হইবার কথা।

বিশেষ শস্যের স্থলে নিয়ম।

(৫) কারণ যে স্থলে উক্ত দখলীস্বত্ববিশিষ্ট ভূমি আছে এবং লোকে ঐ যোতের মূল্য জানে, তথায় না হইয়া তথা হইতে অনেক দূরে আদালতে বিক্রয় কার্য্য সমাধা হয়, এবং ভূমিতে যে টাকা ও আনা লোকের স্বার্থ থাকে, তাহার বিরুদ্ধে কেহই ডাকিতে চাহে না, আদালতের বিশেষ অনুমতি ব্যতিরেকে ডিক্রীদার ডাকিতে পারিবে না, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের এই বিধান যদি এই সকল স্থলে খাটাইয়া বাহিরের লোকের ডাকা মহাজনের স্বার্থের অনুকূল করিয়া দেওয়া যায়, তাহা হইলে একণে, অপেক্ষা উচ্চতর মূল্য পাওয়া যায়, তাহার সন্দেহ নাই।

আইনের পাণ্ডুলিপির দ্বারা তাহা পরিবর্ত্তিত করা উচিত নহে; অন্ততঃ এক্ষণে যে প্রকল স্থানে ঐ হার চলিতেছে তাহাতে হস্তক্ষেপ করা উচিত নহে। এ কমিশনের অন্যান্য সভ্যদেরমতে মোট উৎপন্নের অর্দ্ধেক জমীদারকে লইতে দিলে অত্যন্ত অধিক দেওয়া হয়; তাঁহারা মনে করেন এইরূপ অধিক লওয়াতেই রায়তদিগের এরূপ দরিদ্রতা ও হীনাবস্থা হইয়াছে। চিরস্থায়ী বন্দোবস্তে প্রজাদিগের প্রতি যেরূপ সদয় ব্যবহার করিতে এবং তাহাদের প্রতি অত্যাচার না করিতে স্পষ্ট করিয়া বলিয়া দেওয়া হইয়াছিল, তাঁহারা তাহার কিছুই করেন নাই, বরং তাহার বিপরীত করিয়াছেন। অতএব দয়াবান্ এবং অত্যাচাররহিত হইলে যে সকল নিয়ম তাঁহারা আপনা হইতেই করিয়া লইতে পারিতেন, আইনের দ্বারা সেই সকল নিয়ম করিয়া দিতে হইতেছে; নতুবা অনাথ প্রজাদের দারিদ্র্য নিবারণের সম্ভাবনা নাই। ওকিনেলি সাহেব বলেন যে দখলী স্বত্ববান্ প্রজারা শস্যাদিতে দেয় খাজানা যদি অত্যন্ত অধিক দেয় তথাপি মোট উৎপন্নের শতকরা চল্লিশ অর্থাৎ পাঁচ ভাগের দুই ভাগের অধিক দিবে না।

৩৬। তালুকদার ও রায়তে কি ভেদ, বর্ত্তমান আইনে তাহা পরিষ্কার করিয়া স্পষ্ট রূপে বলিয়া দেওয়া নাই আমরা পূর্ব্বেই বলিয়াছি। আমরা ভরসা করি, আমরা এই পাণ্ডুলিপিতে ইহা পূর্ব্বাপেক্ষ পরিষ্কার ও চিহ্নিত করিতে পারিয়াছি। আমাদের বিল ক্ষণরূপে প্রতীতি জন্মিয়াছে যে ঐ প্রকার স্বার্থের সুক্ষ্ম রূপে সীমা নির্দ্ধারণ করা সম্ভবপর নহে। এরূপ করিতে গেলে, যে সকল স্বত্ব জন্মিয়া গিয়াছে, তাহার হানি হইতে পারে; এবং হয়ত আমরা যে যোড় খুলিতে যাইতেছি তাহা আরো জড়াইয়া যাইতে পারে। যে আকারে পাণ্ডুলিপি প্রস্তুত হইয়াছে তাহাতে উহার ধারাসমূহে তালুকদার ও রায়তে যে সকল বিষয়ে ভেদ দৃষ্ট হইয়াছে এস্থলে তাহা প্রদর্শন করিলে সুবিধা হইতে পারে। (১) দখলীস্বত্ববিশিষ্ট যোতের আয়তন একশত বিঘার অধিক হইতে পারে না; ইহার অধিক আয়তন বিশিষ্ট হইলেই উহা ১১ ধারার কার্য্যানুসারে তালুক বা পেটাও তালুক বলিয়া গণ্য হইবে। তালুক বা পেটাও তালুকের আয়তনের কিছু নির্ণয় নাই। (২) যেখানে পূর্ব্বোৎপন্ন কোন দখলীস্বত্ব নাই সে স্থলে ভোগ করিলে অথবা দখল এবং কর্ষণ করিলে দখলীস্বত্ব জন্মাইবে। চুক্তি দ্বারা যে দখলীস্বত্ব জন্মে, আইনে তাহার একটি কথাও নাই। তালুক বা পেটাও তালুক চুক্তি দ্বারা অর্জ্জিত হইতে পারে এবং এইরূপেই সচরাচর হইয়া থাকে। যে সকল জায়গায় ভূমির আয়তন একশত বিঘার অধিক এবং এ সকল ভূমি মিয়াদী অথবা সনবসন হিসাবে লওয়া হয় সে স্থলে বার বৎসর ভোগ করিলে তালুক বা পেটাও তালুক হইতে পারে। (৩) তালুকদার কিংবা পেটাও তালুকদার এবং দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত উভয়েই কোরপা বিলি করিতে পারে, যদি তদ্বিপরীতে কোন রেজিষ্টরী করা চুক্তিপত্র না থাকে তাহা হইলে কোর্পা প্রজা যে তালুকদারের বা পেটাও তালুকদারের অধীন সে তাহার জমীতে দখলীস্বত্ব পাইতে পারে কিন্তু দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের ভূমিতে যদি মিয়াদ অথবা সনবসন বিলি না হইয়া কোরপা বিলি হইয়া থাকে তাহাহইলেই দখলী স্বত্ব জন্মিবে। (৪) উভয়েই কোরপা বিলি করিতে পারে; কিন্তু তালুকদার কিংবা পেটাও তালুদারের কোরপা প্রজার খাজানা মোট উৎপন্নের বাৎসরিক মূল্যের গড়ের শতকরা পঁচিশ ভাগের অধিক হইতে পারিবে না। কিন্তু দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের কোরপা প্রজার খাজানা, যতদূর ইচ্ছা বাড়িতে পারিবে; কেবল দেখিতে হইবে যেন তাহারা জমী না ছাড়িয়া দেয় কিম্বা যদি কোরপা প্রজারা দখলী স্বত্ব পায় তাহা হইলে এরূপ বাৎসরিক গড় উৎপন্নের শতকরা ৩০ ভাগ পর্য্যন্ত বর্দ্ধিত হইতে পারিবে। (২৩ ধারার (গ) প্রকরণ)। (৫) তালুকদার (কিংবা পেটাও তালুকদার) অথবা দখলী স্বত্ববিশিষ্ট প্রজার খাজানা বৃদ্ধি হইতে পারে; কিন্তু উভয় স্থলে খাজানা বৃদ্ধির কারণ, ও তাহার সীমা স্বতন্ত্র। (৬) উভয়েই চাষ করিতে পারে কিন্তু তালুদার অথবা পেটাও তালুকদার চাষ করিলে দখলী স্বত্ব পায় না। (৭) উভয়েরই স্বার্থ উত্তরাধিকারযোগ্য; কিন্তু তালুকদার উত্তরাধিকারিশূন্য হইয়া মরিলে তাহার তালুক গবর্ণমেণ্টের প্রাপ্য হয়। কিন্তু দখলীস্বত্ববিশিষ্ট প্রজা উত্তরাধিকারিশূন্য হইয়া মরিলে ভূম্যধিকারী তাহার জমী পুনর্গ্রহণ করিতে পারে। দেনার জন্য ডিক্রীজারীতে তালুক লওয়া যাইতে পারিবে; কিন্তু দখলী স্বত্ববিশিষ্ট জমীর স্থলে কেবল বাকী খাজনার ডিক্রীজারীতেই জমী বিক্রয় হইতে পারিবে!

পাণ্ডুলিপি অনুসারে তালুক বা পেটাওতালুক এবং দখলী স্বত্ববিশিষ্ট যোত পরস্পর যে যে বিষয়ে বিভিন্ন তাহার কথা।

৩১। এই সকল প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাসম্বন্ধীয় সংশোধিত আইন প্রস্তুত করিতে গেলে খাজানা বৃদ্ধি করার বন্দোবস্তই সর্ব্বাপেক্ষা কঠিন হইয়া উঠে। যে মুহূর্ত্তে ব্যবস্থাপক সভা কোন শ্রেণীর প্রজা ভূম্যধিকারির ইচ্ছানুসারে যোত উচ্ছেদ হইতে রক্ষিত হইতে স্বত্ববান বলিয়া স্বীকার করেন সেই মুহূর্ত্তেই আইন দ্বারা উক্ত প্রজাদের দেয় খাজানা নিশ্চিত বা স্থিরীকৃত হইতে পারে তাহার ব্যবস্থা করা একান্ত আবশ্যক। কোন২ বড় প্রামাণিক ব্যক্তির মত এই যে বহুসংখ্যক ব্যক্তির প্রতিযোগিতাতেই খাজানা নির্ণীত হয়; অতএব প্রতিযোগিতার কার্য্য যাহাতে অবাধে চলিতে পারে তাহা ভিন্ন খাজানা স্থিরীকরণের আর কোন উৎকৃষ্টতর উপায় নাই।

খাজানা বৃদ্ধির বিষয় বিবেচনা করা সর্ব্বাপেক্ষা কঠিন কথা: একথা কেন আবশ্যক হইল।

সুতরাং তাঁহাদের মতে ব্যবস্থাপক সভা যদি প্রতিযোগিতাকে দূরে নিক্ষেপ করিয়া তাহার পরিবর্ত্তে অন্য কোন উপায় অবলম্বন করেন তাহা হইলে যাহাদের জন্য আইন করা হইয়াছে তাহাদের অপকার ভিন্ন উপকার হইবে না। যে সকল দেশ হইতে পাশ্চাত্য অর্থনীতি শাস্ত্রের প্রচলিত প্রণালীর প্রমাণ প্রয়োগ সংগৃহীত হইয়াছে সে সকল দেশে পূর্ব্বোক্ত যুক্তি কত দূর সত্য ও সঙ্গত তাহা পরীক্ষা করা আমাদিগের বিশেষ প্রয়োজন নাই; কিন্তু এদেশের যেরূপ অবস্থা তাহাতে ঐ যুক্তি যে এ দেশে উপাদেয় বলিয়া গৃহীত হওয়া উচিত নহে এবং আমাদের উপস্থিত বিষয়ে ব্যবস্থা প্রস্তুত করণ সম্বন্ধে ঐ যুক্তি অনুসারে কার্য্য করা যে একান্ত অন্যায় তদ্বিষয়ে আমাদের অনুমাত্র সন্দেহ নাই। এরূপ মতের কারণ সহজে লোকের বোধগম্য করিতে হইলে এ সকল প্রদেশে খাজানা কি তাহা বিবেচনা করা সর্ব্ব প্রথমে আবশ্যক; কিন্তু খাজানা কি স্থির করা বিলক্ষণ কঠিন; ইহার কতক কারণ এই যে ভাষা স্বভাবতই অনিশ্চিত; অনেক স্থলে একটী কথায় অনেক জিনিস্ বুঝায় এবং ঐ সকল জিনিস্ কি তাহা বুঝিতে গেলে আরো ভিন্ন ভিন্ন জিনিস জানা আবশ্যক।

৩৮। খাজানা সম্বন্ধে আমরা প্রথমে যে মতের উল্লেখ করিব তাহা এই; অন্যান্য ব্যবসায়ে সচরাচর যে মুনাফা হয়, ভূমি হইতে তাহা অপেক্ষা অধিক যে কিছু উৎপন্ন হয় তাহার নাম খাজানা; গত শতাব্দীর শেষ ভাগে এই মত প্রথম প্রকাশ হয়; তাহার পর বিশ বৎসর গৌণে বড় বড় অর্থনীতিজ্ঞ পণ্ডিতেরা ইহাকে পুনঃ প্রকাশ করেন। ইঁহারা স্বীকার করিয়া লন অন্য ব্যবসায়ে টাকা খাটাইলে সচরাচর যে মুনাফা পাওয়া যায় ভূমিতে সেই টাকা খাটাইলে যদি সেই মুনাফা না মিলে, তবে কেহ চাষ করিবে না। যদি ভূমিহইতে ইহা অপেক্ষা অল্প উৎপন্ন হয় কেহই চাষে টাকা খাটাইবে না। যদি অধিক উৎপন্ন হয়, উক্ত মুনাফার উপর যাহা কিছু থাকিবে, ভূমির অধিকারী তাহা আত্মসাৎ করিয়া লইবে, না করিতে পারিলে, সে তাহার জমী ব্যবহার করিতে দিবে না। উৎপন্নের দাম যত বাড়িতে থাকে, কৃষিকার্য্যে খাটান টাকার মুনাফাও সেই সঙ্গে বাড়িতে থাকে; এক বৎসর যে ভূমিতে চলিত মুনাফার অধিক কিছুই জন্মাইল না, পর বৎসর তাহা অপেক্ষা কিছু অধিক জন্মাইতে পারে; সুতরাং সে ভূমি খাজানাও দিতে পারে। যত ভূমি চাষ করা হয় তাহার মধ্যে যাহাতে চলিত মুনাফার অধিক কিছু উৎপন্ন না হয় সেই ভূমি সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট। নিকৃষ্ট অর্থাৎ উহার মাটি নিকৃষ্ট, জায়গা নিকৃষ্ট, হাটবাজার হইতে দূরে এবং গমনাগমনের কোন সুবিধা নাই ইত্যাদি। যখন এরূপ নিকৃষ্ট ভূমি চলিত মুনাফার অধিক জন্মাইতে সুতরাং খাজানা দিতে আরম্ভ করে তখন তাহা অপেক্ষাও নিকৃষ্ট ভূমির চাষ হইতে থাকিবে এবং তখন এই নিকৃষ্টতর ভূমি সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট বলিয়া গণ্য হইতে থাকিবে, উহা যে ভূমি, অল্প দিন হইল খাজানা দিতে আরম্ভ করিয়াছে তাহার নিকৃষ্ট নাম লোপ করিবে; এই রূপে যে সময়ে, চাষ করা ভূমি সমুদয়ের মধ্যে যে ভূমি সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট তাহাকে ধরিয়াই, যে সকল ভূমি খাজানা দেয়, তাহাদের খাজানার মোট নির্দ্ধারিত হইবে। এই মতে মূলধন রূপে ব্যবহৃত হইতে পারে এমত টাকা দেশে আছে মনে করিয়া লওয়া হইয়াছে; এবং আরো মনে করিয়া লওয়া হইয়াছে যে দেশে কতকগুলি লোক আছে যাহারা, অন্য ব্যবসায়ে খাটাইলে সচরাচর যে মুনাফা হইত, চাষ কার্য্যে টাকা খাটাইয়া সেই মুনাফা পাইতে চেষ্টা করে। মুনাফা, মজুরী, মূল্য প্রভৃতি সম্বন্ধীয় কতকগুলি স্বাভাবিক নিয়ম আছে; পূর্ব্বোক্ত মত সেই সকল নিয়মের একান্ত অধীন; কিন্তু উক্ত মুনাফা, মজুরী এবং মূল্যের নিয়ম যেখানে প্রতিযোগিতা অবাধে স্বাধীন ভাবে কার্য্য করিতে পারে সেই স্থলেই খাটে; একথা এক জন প্রধান অর্থনীতিজ্ঞ স্বীকার করিয়াছেন এবং এ কথা সত্য। যে স্থলে কৃষিকার্য্যলিপ্ত লোকের এরূপ অবস্থায় সাধারণতঃ যে সকল অভিপ্রায় থাকিতে পারে তদ্ভিন্ন আর কোন অভিপ্রায় নাই, যে খানে উহারা সামান্য ব্যবসাদারদিগের মত কেবল লাভ লোকসান খুঁজে, সেই স্থানেই উক্ত নিয়ম সকল খাটে। এই সকল প্রদেশে লাভের জন্য টাকা খাটাইয়া চাষ করে এমত লোক নাই। যাহারা রপ্তানী করণার্থে রেশম, নীল, চা, প্রভৃতি খাদ্য ভিন্ন অন্য দ্রব্য উৎপন্ন করিবার জন্য টাকা খাটায়, আমরা তাহাদের কথা বলিতেছি না। এ দেশে চাষে অতি অল্প টাকা ব্যয় হয়; এমন কি কিছুই হয় না, যাহাও হয় তাহা এই;—অতি সামান্য চাষের যন্ত্র তন্ত্র, আগামী বৎসরের ফসলের জন্য দরকারী বীজ, আগামী বৎসরের ধানকাটা পর্য্যন্ত চাষার নিজ খোরাক, এবং, যে খানে বড় অধিক থাকে সে খানে অজন্মার বৎসরের জন্য কিছু ধান চাউল সংগৃহ করা; ইহাকে মূলধন বলিলেও হয়, না বলিলেও হয়। এদেশে চাষের উদ্দেশ্য প্রাণ ধারণ, খাটান টাকার মুনাফা পাওয়া নয়; মজুরীতে দিবার টাকাই নাই, টাকা দিয়া মজুরও খাটান হয় না; ধরিতে গেলে, কোন শিল্পকার্য্যের কারখানাই নাই; চাষ ভিন্ন অন্য পেসাই নাই; এমন কোন বড় নগরই নাই যেখানে চাষাদের লোক সঙ্খ্যা অধিক হইলে, বাড়তী লোকে মজুরী করিতে পায়; রিকার্ড এবং তাঁহার মতাবলম্বী অন্য অন্য অর্থনীতিজ্ঞেরা যে মত প্রচার করিয়াছেন সেই মত এরূপ অবস্থায় এবং এরূপ সমাজের পক্ষে খাটিতে পারে না। এই সকল দেশে যদি এই মতানুসারে জমীদার ও প্রজার মধ্যে বন্দোবস্ত করিয়া দিতে যাওয়া হয়, তাহা হইলে আমাদের মত এই, বড়ই ভুল করা হইবে।

খাজানা বিষয়ে ভিন্ন ভিন্ন মত।

রিকার্ডের মত।

৩৯। ইদানীন্তন আর এক দল অর্থনীতিজ্ঞ পণ্ডিত পূর্ব্বোক্তমতে অসন্তুষ্ট হইয়া উৎপাদকতার তারতম্য অনুসারে খাজানা নির্ণয় প্রথা পরিত্যাগ করিয়াছেন; তাঁহারা বলেন কৃষিকর্ম্মে নিযুক্ত নিকৃষ্ট ভূমি ধরিয়া ভূম্যধিকারী ও প্রজার বিরোধ স্থলে প্রত্যেক ঘোতে কত খাজানা দিতে হইবে নির্ণয় করিতে গেলে নানা রূপ ভুল হয় এবং কাজের সময় এরূপ নির্ণয় নিরর্থক হইয়া পড়ে; তাঁহারা কেবল অতিরিক্ত মুনাফাকে খাজানা বলিতে চান; তাঁহাদের মতে উৎপাদনের সমস্ত খরচ উঠিলে পর, কৃষি-উৎপন্ন দ্রব্য শিল্পজাত হইলে প্রজার যে ন্যায়সঙ্গত মুনাফা হইত, তদতিরিক্ত সমস্ত মুনাফার নাম খাজানা; তাঁহারা যে উপায়ে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা এই:—কোন ভূমির কত খাজানা যুক্তিযুক্ত স্থির করিতে হইলে কোন ভূম্যধিকারী বা প্রজা, কোন্ জমী সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট এবং খাজানার অযোগ্য তাহা নির্ণয় করেন না; কিন্তু ভূমি লইবার সময় সকল বুদ্ধিমান রায়তই যত্ন পূর্ব্বক নিম্নলিখিত বিষয় সকলের সন্ধান লইয়া থাকে; (১) ভূমিহইতে কি প্রকারে কত পরিমাণ শস্য উৎপন্ন হইবে আশা করা যাইতে পারে; (২) উক্ত শস্য উৎপাদন করিতে হইলে কত খরচ আবশ্যক, (৩) উক্ত শস্য বিক্রয় করিলে কত টাকা উঠিতে পারে। প্রথম বিষয়টি নির্ণয় করিতে হইলে, মাটি কিরূপ, জলবায়ু কিরূপ জল পাইবার উপায় কিরূপ এবং সার দিয়া বা অন্য উপায়ে ভূমির কত দূর উন্নতি করা যাইতে পারে ইত্যাদি

অপেক্ষাকৃত নূতন অর্থনীতিজ্ঞদের প্রচারিত মত।

অনেক বিষয় দেখিতে হয়। দ্বিতীয় বিষয় স্থির করিতে হইলে দেখিতে হইবে যে মাটি আলগা কি শক্ত, সহজে চাষ করা যায় কি না, দুই কিম্বা চারি গরুতে তাহার লাঙ্গল চলিবে, ভাল চাষ করিবার জন্য সারের প্রয়োজন হইলে উহা দূরে বা নিকটে পাওয়া যাইতে পারে, যে জায়গায় জমী সেখানকার মজুরীর হার কত ইত্যাদি। তৃতীয় বিষয় স্থির করিতে হইলে তাহাকে সন্ধান লইতে হইবে, নিকটে কোথায় ভাল হাট বা বাজার আছে, সেখানে সচরাচর কি দরে শস্য বিক্রয় হয়,—হাট বা বাজার হইতে তাহার জমী কত দূর, এবং যেখানে শস্য উৎপন্ন হইল সেখান হইতে বিক্রয় স্থানে লইয়া যাইবার খরচ কত। এই সকল বিষয় স্থিরীকৃত হইলে উৎপাদনের খরচা তুলিয়া লইবার পর মুনাফার হিসাবে কত বাকী থাকিবে তাহা জানিবার উপায় হইবে এবং তখন ঐ জমীর জন্য কত খাজানা দেওয়া যাইতে পারে প্রজা তাহা স্থির করিবে। এইরূপে উৎপাদনের খরচের সহিত উৎপন্ন দ্রব্যের প্রাপ্ত মূল্য তুলনা করিলে খাজানা ঐরূপ তুলনার উপর নির্ভর করিবে; প্রকারান্তরে বলিতে গেলে, প্রজা যত মুনাফা চাষ শস্য বিক্রয় করিলে তাহা অপেক্ষা অধিক মুনাফা হইতে পারে এরূপ দর আছে বলিয়াই খাজানা দিতে হয়। এই মত পূর্ব্বমত অপেক্ষা অধিক পরিমাণে কাজে লাগিতে পারে, কিন্তু ইহাতেও পূর্ব্বহইতে অনুমান করিয়া লওয়া হইয়াছে যে চাষ করিতে মূলধন প্রয়োজন হয়, মজুরদের নগদ মজুরী দিতে হয়, শস্য বিক্রয় করিয়া টাকা তুলিতে হয়, যে টাকা উঠিল এবং যে টাকা খরচ হইল তাহার রীতিমত জমা খরচ রাখিতে হয়, এবং বাকী কত থাকে, সূক্ষ্মরূপে তাহা নির্ণয় করিতে হয়; যেখানে এ সকল নাই সেখানে এই মত খাটে না।

ভারতবর্ষে প্রয়োজ্য খাজানা প্রণালীর যে যে বিশেষ অবস্থা থাকা উচিত তাহার কথা।

৪০। এখন এদেশে খাজানা নির্ণয় প্রণালীর অবস্থা কিরূপ এবং এ দেশের লোকের পক্ষে খাটিতে পারে খাজানা নির্ণয় বিষয়ে এরূপ কোন মত স্থির করিতে হইলে তাহা কিরূপ হইবে এবং কোন্ কোন্ নিয়মে আবদ্ধ হইবে আমরা তৎসমালোচনায় প্রবৃত্ত হইব। আমরা জানি, যে এ দেশের প্রচলিত প্রাচীন প্রথা অনুসারে অতি প্রাচীন কাল হইতে প্রতি বিঘার বাৎসরিক উৎপন্নের কোন বিশেষ অংশ রাজপ্রাপ্য বলিয়া স্থির ছিল; প্রাচীন হিন্দু রাজাদিগের সময়ে রাজা নিজেই প্রায় সকল স্থলেই কৃষকদিগের নিকটহইতে সাক্ষাৎ সম্বন্ধে আপনার প্রাপ্য আদায় করিতেন; তখন এই নিয়মই প্রচলিত ছিল। মুসলমানেরা এই নিয়মই বলবৎ রাখিয়াছিলেন; কেবল ফল ভাল হইবে বলিয়া কোন কোন স্থানে তাহা পরিবর্ত্তন করিয়াছিলেন। রাজার গৃহীত শস্যের অংশকে খাজানাই বল, রাজস্বই বল, বা করই বল, তাহাতে বড় ক্ষতি বা বৃদ্ধি নাই; জমীর স্বত্ব রাজার ছিল, প্রজার ছিল, অথবা সহাধিকারীরূপে উভয়েরই ছিল তাহা নির্ণয় করা আমাদের বিশেষ প্রয়োজনীয় বলিয়া বোধ হইতেছে না। জমী এক বার আবাদ হইয়া চাষ হইলেই উৎপন্নের অংশ দিতে হইতই হইত; রায়তেরা উদরান্নের জন্য চাষ করিত, মুনাফার উদ্দেশে করিত না। অধিক ভূমি চাষ করিতে হইবে স্থির করিতে হইলে উৎপন্ন দ্রব্যের মূল্য বৃদ্ধি হইয়াছে কি না কেহই দেখিত না; কেবল দেখিত যে, যে ভূমিতে চাষ চলিতেছে তাহা হইতে সমস্ত লোকের অন্ন সংস্থান হয় কি না; রাজার দাবী কখনই মুনাফার উপর নির্ভর করিত না, রাজা উৎপন্নের মোট মূল্য এবং উৎপাদনের খরচ হিসাব করিয়া আপনার প্রাপ্য কখনই স্থির করিতেন না; রাজা, আপনি কত লইবেন, স্থির করিতেন, সুতরাং রাজা অল্প লইয়া অধিক দিলে প্রজাদের অবস্থা ভাল এবং অধিক লইয়া অল্প দিলে তাহাদের অবস্থা মন্দ হইত; সুতরাং প্রজাবর্গের সুখস্বাচ্ছন্দ্য যথেচ্ছাচারী রাজার যথেচ্ছ ব্যবহারের উপর নির্ভর করিত। আমরা ইতিহাস পাঠে অবগত আছি যে যদিও অতি প্রাচীনকালে হিন্দু রাজারা ছয় ভাগের এক ভাগমাত্র গ্রহণ করিতেন, কিন্তু তৎপরবর্ত্তী কালে অর্দ্ধেক পর্য্যন্ত গৃহীত হইত; এবং যথেচ্ছ ব্যবহার দ্বারা প্রজা পীড়ন করিয়া অধিক রাজস্ব আদায়ই নিয়ম ছিল বলিয়া কোন কোন স্থলে এবং কোন কোন সময়ে, যাহারা ভূমি কর্ষণ করিত তাহাদের অতি কষ্টে উদরান্নের সংস্থান হইত। যদি কখন রাজার প্রাপ্য স্থির করিবার জন্য চেষ্টা করা হইত তাহা হইলে প্রজারা কত অল্প পাইলে কোন রূপে বাঁচিয়া থাকিয়া আগামী বৎসরের শস্য উৎপাদন করিতে পারিবে তাহাই হিসাব করিয়া দেখা হইত। কেহ কেহ মনে করেন যে, ঐ সময়ে যদিও ব্যবস্থাপক সভা হইতে অবশ্য প্রতিপালন করিতে হইবে বলিয়া কোন আইন প্রস্তুত করা হইত না কিন্তু "দেশাচার" অনুসারে রায়ত উৎপন্ন দ্রব্যের কত অংশ দিবে তাহা এক প্রকার স্থিরই থাকিত; ইহার উত্তরে এ কথা বেশ বলা যায়, যে, দেশাচার যেমন রায়তের দেয় স্থির করিয়া দিতে পারিত, সেই রূপ সকল প্রকার প্রজাপীড়ন এবং অত্যাচারেরও (*) পোষক হইত। আমাদের পূর্ব্বতন রাজারা, প্রজারা যত দূর দিতে পারিবে তাহাই রাজপ্রাপ্য অংশের সীমা বলিয়া গ্রহণ করিতেন, খাজানা সম্বন্ধে তাঁহাদের অন্য কোন নিয়ম ছিল বলিয়া বোধ হয় না, সময়ে সময়ে আবার ইহা অপেক্ষাও অনেক পরিমাণে অধিক আদায় করা হইত, ১৮১৮ সালের (†) কমিশ্যনরদের বোর্ড বলিয়া গিয়াছেন।

মুসলমানদের খাজানা প্রণালী।

৪১। মুসলমানেরা, কেবল দুই জন মাত্র ব্যক্তি ভূমিতে স্বার্থবান্ বলিয়া স্বীকার করিতেন; এই দুই ব্যক্তি রাজা ও কৃষক। কৃষকদের ভূমিতে সে স্বত্ব ছিল সে বিষয়ে কোন সন্দেহ হইতে পারে না; এই সকল স্বত্ব কি সে বিষয়ে অনেক বিবাদ আছে; আমরা সে বিবাদ ভঞ্জনের অথবা উক্ত স্বত্বের সীমা নির্দ্ধারণে যত্নপর হইব না। রায়তেরা ভূমি চাষ করিত এবং সরকারে খেরাজ দিত; খেরাজ উৎপন্নের অংশ মাত্র; সময়ে সময়ে উহা শস্যাদিরূপেই প্রদত্ত হইত; সময়ে সময়ে শস্যের মূল্যস্বরূপ টাকা প্রদত্ত হইত; সরকার এই টাকার পরিমাণ স্থির করিয়া দিতেন। যত দিন পর্য্যন্ত খেরাজ দেওয়া হইত, তত দিন ভূমি কৃষকের দখলে থাকিত; ভূমি ও তৎসম্বন্ধীয় অন্যান্য শর্ত্ত যথেচ্ছাচারী শাসনকর্ত্তার ইচ্ছার উপর নির্ভর করিত; খেরাজ দিতে না পারিলে ফল এই হইত যে প্রজা ভূমিতে সমস্ত স্বত্ব হারাইত; এই তাহার শাস্তি ছিল। ভূমিতে যে দুই পক্ষের স্বার্থ ছিল তাহাদের পরস্পর সম্বন্ধ মোটামোটি এই রূপই ছিল। আমাদিগের স্বত্ব ও স্বার্থ প্রণালী মুসলমানদের স্বত্ব ও স্বার্থ প্রণালী হইতে স্বতন্ত্র; আমাদের এরূপ বিষয়ে যে সকল ধারণা মুসলমানদের সেরূপ নহে; আমরা যদি আমাদের ভাষায় এবং ধারণানুসারে মুসলমানদের প্রণালী ব্যাখ্যা করিতে যাই,

---

(*) ১৭৯৩ সালের ১১ ফেব্রুয়ারি তারিখের লর্ড কর্ণওয়ালিস লিখিত মিনিট্ এবং ১৮১৯ সালের ১৫ জানুয়ারি তারিখের রেবিনিউ ডেস্‌প্যাচের ৩১ পারাগ্রাফ দেখ।

(†) ১৮১৮ সালের ২৭ অক্টোবর তারিখের রিপোর্টের ৩১৭ পারাগ্রাফ দেখ।

তাহাতে তো উহার সূক্ষ্ম ব্যাখ্যা হইবেই না; বরং ভুল হইবার সম্ভাবনা। যদি কেহ জিজ্ঞাসা করেন খেরাজই কি খাজানা? না খাজানা উহার অন্তর্ভুক্ত? যদি ইউরোপীয় অর্থনীতিজ্ঞদের মতদ্বয়ের যে কোন মত অনুসারে খাজানা শব্দের অর্থ নির্ণয় হয় তাহা হইলে অবশ্যই বলিতে হইবে যে খেরাজ খাজানা নহে, কোন ব্যক্তি যে সরকার এবং কৃষকের মধ্যে থাকিয়া খেরাজের কোন অংশ আত্মসাৎ করে, মুসলমানদের প্রণালীর এরূপ অভিপ্রায় নহে। কিন্তু নূতন নূতন রাজ্য অধিকার করা প্রযুক্ত সাম্রাজ্যসীমা যতই বিস্তৃত হইতে আরম্ভ হইল ততই রাজকর্মচারীদের দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে খেরাজ আদায় করা অত্যন্ত কঠিন হইয়া পড়িল; হয় ত অনেক স্থলে অসম্ভবও হইল। কোথায় কোথায় অধিকৃত প্রদেশ সমূহে কৃষকের অপেক্ষা উচ্চতর স্বত্ববিশিষ্ট অনেক লোক দৃষ্ট হইল; এই সকল লোককে একেবারে উড়াইয়া দেওয়া অত্যন্ত কঠিন; বরং দেখা গেল যে তাহাদের সাহায্য এবং স্থানীয় অভিজ্ঞতা দ্বারা খেরাজ আদায় সম্বন্ধে অনেক সুবিধা হইতে পারে। এই সকল এবং অন্যান্য অনেক কারণ (যাহা এস্থলে বর্ণনা করা নিষ্প্রয়োজন) বশতঃ সরকার এবং কৃষকের মধ্যে এক দল মধ্যবর্ত্তী লোক খাড়া হইল; উহারা কখন কন্‌ট্রাক্টর, কখন ইজারদার, কখন বা কোন পূর্ব্ব সপ্রমাণ স্বত্ব অনুসারে বিস্তীর্ণ ভূখণ্ড কৃষকদের নিকট হইতে খেরাজ আদায় করিত এবং সরকারকে দিত; তাহাদের পূর্ব্বসপ্রমাণ কোন স্বত্ব থাকিলে মুসলমানেরা তাহার অনুসন্ধান লইতে বা সীমা নির্ণয় করিতে কখন যত্নবান হইত না। এই রূপে সুবিধামত স্থানে (৮) থাকায় তাহাদের ক্ষমতা ক্রমেই বাড়িয়া যাইতে লাগিল, এবং মুসলমান সাম্রাজ্য যতই ধ্বংসাবস্থা প্রাপ্ত হইতে লাগিল ততই উক্ত ক্ষমতা ক্রমেই বৃদ্ধি হইতে লাগিল। তাহারা এক দিকে কৃষককে পীড়ন করিয়া খেরাজ বলিয়া যত অধিক সম্ভব টাকা আদায় করিত এবং তদর্থে সরকার-প্রদত্ত সমস্ত ক্ষমতা নিয়োগ করিত, অন্য দিকে আদায় করা টাকা যত দূর নিজে রাখিতে পারা যায় তাহার জন্য নানা প্রকার কৌশল প্রয়োগ করিত এবং সরকারের খাজানাখানায় যত দূর সম্ভব কম টাকা পাঠাইত।

৪২। রাজ্যের অবস্থা এই প্রকার এমন সময়ে ইষ্টইণ্ডিয়া কোম্পানির হস্তে রাজ্যভার সমর্পিত হইল; নূতন ইংরাজ গবর্ণমেণ্টের পক্ষে এই মধ্যবর্ত্তী শ্রেণীর স্বত্ব সমূহের নির্ণয় এবং বন্দোবস্ত করা সর্ব্ব প্রথম কঠিন সমস্যার মধ্যে পড়িল। এই গুরুতর বিষয় লইয়া কত তর্কবিতর্ক হইয়াছিল; কিরূপে এই শ্রেণীস্থ জমীদারদিগকে ভূস্বামী বলিয়া স্বীকার করত এই প্রশ্নের মীমাংসা হইয়াছিল এবং এই মীমাংসার ফলোপধায়কতা বিষয়ে তদবধি লোকে সন্দেহ করিয়া আসিতেছে, এক্ষণে উহা ভারতবর্ষীয় ইংরাজ সাম্রাজ্যের শাসন প্রণালীর ইতিহাসের অংশ বলিয়া পরিগণিত। জমীদারেরা এই রূপে আপন পদে দৃঢ় সংস্থাপিত হইয়া কৃষকদের নিকটে খেরাজ আদায় করিতে এবং গবর্ণমেণ্টে উহা প্রদান করিতে লাগিল। ক্রমে এই বন্দোবস্তের মত কার্য্য হইতে লাগিল; ইংরাজদিগের খাজানা সম্বন্ধে যে সকল ধারণা ছিল সে সকল প্রকাশ হইতে লাগিল; ইহাতে ভারতসমাজে নানাবিধ পরিবর্ত্তন সংঘটিত হইতে লাগিল। প্রথমতঃ জমীদারদিগের নিকট হইতে গবর্ণমেণ্ট যে পরিমাণ খেরাজ দাবী করিতে পারিবেন তাহা চিরকালের জন্য নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করিয়া দিলেন। জমীদারেরা ভূস্বামী, ভূম্যধিকারী ইত্যাদি বলিয়া স্বীকৃত হওয়ায় এবং ইংরাজদের ধারণামত কার্য্যহইতে আরম্ভ হওয়ায়, রায়তেরা জমীদারদের প্রজা হইয়া দাঁড়াইল। রায়তেরা জমীদারদিগকে নগদ বা শস্যাদিতে যাহা দিত তাহা খাজানা বলিয়া পরিগণিত হইল; জমীদারেরা গবর্ণমেণ্টকে যাহা দিত, তাহার নাম হইল রাজস্ব। ইংরাজ জাতির হস্তে রাজ্যশাসন ক্ষমতা এবং বিচার ক্ষমতা রহিল, যখনই জমীদার ও রায়তদের সম্বন্ধ বিষয়ে তাঁহাদের কোন কার্য্য করিতে হইত, তখনই তাঁহাদের নিজকৃত ভারতবর্ষীয় ব্যবস্থা সমূহে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধীয় ইংরাজী আইনের যে সকল মত ও উদ্দেশ্য প্রকাশিত ও নিয়মবদ্ধ হইয়াছে সেই সকল তাঁহাদের মনে জাগরূক থাকিত; ইহার অপরিহার্য্য ফল এই দাঁড়াইল যে পূর্ব্বাবস্থা অনেক পরিমাণে পরিবর্ত্তিত হইয়া গেল। (৯)

ইংরাজ গবর্ণমেণ্টের রাজনীতিতে পূর্ব্বোক্ত প্রণালী কিরূপ পরিবর্ত্তিত হইল তাহার কথা।

৪৩। চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে রায়তের জমীতে যে কতক স্বত্ব ছিল, তাহা তখন কেহই অস্বীকার করেন নাই, এবং যাঁহাদের এবিষয়ে অভিজ্ঞতা আছে তাঁহারা এপর্য্যন্ত উহা অস্বীকারও করেন না। কিন্তু এই সকল স্বত্ব কখনই স্থির বা নির্ণয় করা নাই। (১) উহার যে নির্ণয় হয় নাই তাহা বড় আশ্চর্য্যের বিষয় নহে; কারণ পূর্ব্বতন সরকারের কার্য্য প্রণালী যথেচ্ছ ব্যবহার ক্রমে সম্পাদিত হইত, আইনের সূক্ষ্ম নিয়ম ছিল না; এবং তদন্ত ও নিষ্পত্তি করিবার নির্দ্ধারিত প্রণালী দ্বারা বিচারকার্য্যানুষ্ঠান একেবারেই ছিল না। গবর্ণমেণ্ট ১৭৯৩ খ্রীষ্টাব্দে সম্পূর্ণ এবং সূক্ষ্মরূপে প্রজাদের কি স্বত্ব ছিল স্থির ও নির্ণয় করিতে পারেন নাই। গবর্ণমেণ্টের দক্ষতম মেম্বরেরাও বলিতেন আমাদের হস্তে খবর পাইবার যে সকল উপায় আছে তাহার দ্বারা রায়তদের স্বত্ব নির্ণয় করিতে আমরা পারিলাম না। (২) তাঁহাদের আরো এই আশঙ্কা ছিল, যে উক্ত স্বত্ব নির্ণয়ের জন্য তদন্ত করিতে গেলে, পাছে জমীদারদের মনে সন্দেহ হয় যে গবর্ণমেণ্ট যে রাজস্ব ধার্য্য করিয়াছেন তাহা

চিরস্থায়ী বন্দোবস্তের সময় রায়তের ভূমিতে স্বত্ব ছিল; যদিও সে স্বত্ব নির্ণীত ও স্থিরীকৃত নাই।

---

(৮) এই কথা শুনিয়া কেহ যেন মনে করেন না যে ঐ সকল ব্যক্তিরা সকলেই নূতন লোক ছিলেন, তাঁহাদের মধ্যে অনেকেই মুসলমান অধিকারের পূর্ব্বে রাজা ছিলেন অথবা দেশের মধ্যে উচ্চ পরিবারস্থ সম্ভ্রান্ত লোক ছিলেন।

(৯) ইংরাজদের ধারণামতে কার্য্য হওয়ায় কি ফল হইয়াছে যদি কেহ জানিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহাকে আমরা শোর সাহেবের লেখা পড়িতে বলি। শোর সাহেব তৎকালের অবস্থা সম্বন্ধে নিজের মত অতি পরিষ্কাররূপে এবং দৃঢ়তা সহকারে প্রকাশ করিয়াছেন; যদিও "তিনি পূর্ব্বাপর মজীর আছে বলিয়া রায়তদের উপর জমা ধার্য্য করণ সম্বন্ধে হস্তক্ষেপ করায় গবর্ণমেণ্টের স্বত্ব আছে" স্বীকার করিয়াছেন তথাপি "স্পষ্ট আবশ্যক না থাকিলে এরূপ হস্তক্ষেপ করা যুক্তিবিরুদ্ধ এবং নীতিবিরুদ্ধ" বলিয়া তিনি উহাতে আপত্তি করিয়াছেন। তিনি বলিয়াছেন "রায়তদের খাজানার বন্দোবস্ত করা যথার্থ বলিতে গেলে জমীদার বা ভূম্যধিকারী এবং তাঁহার রায়ত এই উভয়ের কার্য্য, উহা গবর্ণমেণ্টের কার্য্য নহে; ইহার মধ্যে এত সূক্ষ্ম কথা আছে যে যাঁহারা এবিষয়ে বিলক্ষণ অভ্যস্ত নহেন তাঁহারা ইহার কিছু করিয়া উঠিতে পারেন না।" ১৭৮৯ সালের ১৮ জুন তারিখের মিনিটের ৪৩৩ পারাগ্রাফ।

(১) "রায়তদের সম্বন্ধে এই বলা যায় যে উহাদের স্বত্ব অনিশ্চিত এবং অনির্ণীত"—১৭৮৯ সালের ১৮ জুনের শোর সাহেব লিখিত মিনিটের ৩৮৮ পারাগ্রাফ।

(২) ১৮১৫ সালের ২১ সেপ্টেম্বর তারিখের লিখিত আরলমরয়ার মিনিটের ১৪৩ ও ১৪৪ পারাগ্রাফ।

চিরস্থায়ী (*) হওয়া হয় ত গবর্ণমেণ্টের অভিপ্রেত নহে। মেম্বরদিগের মনে মনে এই ভরসা ছিল যে জমীদার ও রায়ত ইংলণ্ডীয় ভূম্যধিকারী ও প্রজার ন্যায় কোন বিষয়ে বিবাদ হইলে আপনা আপনি চুক্তিদ্বারা তাহা ভঞ্জ করিয়া লইবেন। কিন্তু যদিও গবর্ণমেণ্ট ১৭৯৩ খ্রীষ্টাব্দে রায়তদের স্বত্ব স্থির ও নির্ণয় করেন নাই, কিন্তু স্পষ্টাক্ষরে সেই সকল স্বত্ব রক্ষা করিয়াছিলেন এবং ভবিষ্যতে যখন উপযুক্ত মনে হয় (*) তখন উক্ত স্বত্ব নির্ণয় এবং তাহার জন্য বন্দোবস্ত করার ভার আপনাদের হস্তে রাখিয়াছিলেন। গবর্ণমেণ্ট যে স্পষ্টাক্ষরে ঐরূপ ক্ষমতা আপনাদের হস্তে রাখিয়াছেন বলিয়াই এক্ষণে তদনুসারে কার্য্য করিবেন এমত নহে; গবর্ণমেণ্ট হইলেই এরূপ ক্ষমতা প্রকাশ স্বতঃসিদ্ধ; কিন্তু এরূপে স্পষ্টাক্ষরে বলার গুণ এই, আমরা উহার দ্বারা জানিতে পারিয়াছি যে ঐ সময়ে রায়তদের স্বত্ব ছিল বলিয়া সকলেই স্বীকার করিত এবং তজ্জন্য বিচারপূর্ব্বক উল্লেখ করা হইয়াছে।

এই সকল স্বত্ব স্পষ্টাক্ষরে রক্ষিত হইয়াছিল।

রায়তের খেয় উৎপন্নের অংশ যে গবর্ণমেণ্টের দ্বারা নির্ণীত হইবে, তদ্বিষয়ে রায়তের স্বত্ব থাকিবার কথা।

৪৪। ১৭৯৩ খ্রীষ্টাব্দেই রায়তদের স্বত্ব অনির্ণীত ছিল; সে সময়েও উহা নির্ণয় করিয়া দেওয়া হয় নাই; তাহার পর প্রায় এক শতাব্দী চলিয়া গিয়াছে; এ বিষয়ের অনেক প্রমাণ প্রয়োগ নষ্ট হইয়া গিয়াছে; অতএব এত কাল পরে রায়তের স্বত্ব সম্বন্ধে যে ভিন্ন ভিন্ন মত হইবে তাহাতে আশ্চর্য্য কি? যাহাই হউক ১৭৯৩ খ্রীষ্টাব্দে রায়তদের অন্য কি কি স্বত্ব ছিল সে বিষয়ে মত কেন মত ভেদ হউক না, আমরা বিবেচনা করি একটি স্বত্বের বিষয়ে তাহারও কখন কোন সন্দেহ হইতে পারে না; সে স্বত্ব এই যে রায়তের প্রদেয় উৎপন্নের অংশ গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্ণীত হইতে পারিবে। হিন্দু ও মুসলমান রাজাদিগের (*) ব্যবহার যে এই রূপ ছিল সে বিষয়ে কোন মতভেদ নাই; গবর্ণমেণ্ট ১৭৯৩ খ্রীষ্টাব্দে জমীদারদিগকে ভূস্বামী করিয়া দিলেন এবং তাহার দ্বারা বোধ হইল যে ইংরাজ ভূম্যধিকারীরা যেমন আপনার ভূমিতে যাহা ইচ্ছা করিতে পারেন সেই রূপ এখানকার জমীদারেরাও পারিবে; কিন্তু তথাপি রায়তদিগের স্বত্ব যে নষ্ট হইবে ইহা তাঁহাদের অভিপ্রেত ছিল না; এবং এ দেশের প্রাচীন ব্যবস্থা (৬) অনুসারে তাঁহাদের উপর যে ভার ন্যস্ত হইয়াছে তাহাও ত্যাগ করিতে তাঁহাদের অভিপ্রায় ছিল না। রায়তদের যে কোন প্রকার হউক দখলীস্বত্ব থাকিলে, জমীদারের খাজানা নির্ণয় সম্বন্ধে যথেচ্ছ ব্যবহার ক্ষমতার অসঙ্গত

---

(৩) "অনেকে বলিতে পারেন যদি গবর্ণমেণ্ট ভবিষ্যতে ভূমির রাজস্ব বৃদ্ধি করিতে না চাহেন তবে উক্ত ভূমির মূল্য সম্বন্ধে এক্ষণে যাহা জানা আছে তাহা অপেক্ষা অধিক জানা অনাবশ্যক, যদি জমীদারের নিকট হিসাব চাওয়া যায় তাহা হইলে উহাদের মনে এই আশঙ্কা উপস্থিত হইবে যে বুঝি এ ধার্য্য জমা চিরস্থায়ী হইবে না। কোর্ট অব ডিরেক্টর এ কথা সত্য বলিয়া বিশ্বাস করেন; এবং জমীর মূল্যের বিষয়ে স্থানীয় তত্ত্বানুসন্ধান মতের উৎসাহ দিতে সম্মত নহেন। তাঁহারা প্রকাশ করেন যে প্রত্যেক জমীদারের কর একেবারে নির্দ্ধারিত হইয়া যাইবে; এবং তিনি আপন মহাল অবিবাদে ভোগ দখল ও বন্দোবস্ত করিতে পারিবেন। তাঁহাকে বলিয়া দেওয়া হইবে যে যত দিন তিনি করার মত রাজস্ব দিতে থাকিবেন তত দিন গবর্ণমেণ্টের কর্ম্মচারীরা তাঁহার কার্য্যে হস্তক্ষেপ করিবে না, এবং তাঁহার হিসাবাদির পরীক্ষা কখন করিবে না। কেবল যেখানে তাঁহার সহিত তাঁহার প্রজাদের, তালুকদারদের অথবা কোন অংশীদারের কোন বিবাদ থাকে অথবা তাঁহার উপর কোন দাবী থাকে তবে সেই বিবাদের বিচার এবং দাবী দেওনের জন্য গবর্ণমেণ্ট কর্ম্মচারীর হস্তক্ষেপ করিবার ক্ষমতা থাকিবে।" ১৭৮৯ সালের ১৮ জুন তারিখের লিখিত শোর সাহেবের মিনিটের ৪৭৩ পারাগ্রাফ। ১৮১৯ সালের ১৫ জানুয়ারির রাজস্ববিষয়ক পত্রের ৩১ পারাগ্রাফ দেখ। এস্থলে আরো বলা যাইতে পারে যে ১৮১৯ সালের কোর্ট অব ডিরেক্টর এই কথাটী ভুল বলিয়া স্বীকার করিয়াছেন। ১৮১৯ সালের ১৫ জানুয়ারি তারিখের রাজস্ববিষয়ক ১ পত্রের ৩৮ পারাগ্রাফ দেখ।

(*) ১৭৯৩ সালের ১ প্রথম আইনের ৮ অষ্টম প্রকরণের ১ প্রথম দফা। ১৮১৯ সালের ১৫ জানুয়ারির রাজস্ববিষয়ক পত্রের ৩৯ পারাগ্রাফে লিখিত আছে যে "যদিও বন্দোবস্ত শেষ হইবার পর এত বৎসর কাটিয়া গিয়াছে তথাপি আমরা রায়তদের স্বত্ব স্থির ও নির্ণয় করিবার জন্য যে ক্ষমতা স্পষ্ট বিধানদ্বারা আমাদের হস্তে রাখিয়াছি, এখনও সে ক্ষমতা অনুসারে কার্য্য করিলাম না; এই কথাটি কখন উপেক্ষা করা উচিত নহে; আমাদের মতে হস্তক্ষেপ করা অত্যন্ত কঠিন এবং অসঙ্গত বোধ নাকাই হস্তক্ষেপ না করিবার কারণ।" ১৮১৮ সালের ১৭ জুলাই তারিখের লিখিত বাঙ্গালাহইতে রাজস্ববিষয়ক পত্র, ১৪১ হইতে ১৪৮ পারাগ্রাফ।

(৫) উপরি স্থিত ৪১ পারাগ্রাফ দেখ। ইষ্টইণ্ডিয়া কোম্পানির কার্য্য পরিদর্শনার্থ সিলেক্টকমিটির ৫ পঞ্চম রিপোর্টের ২৪ পৃষ্ঠায় লিখিত আছে যে "যথার্থ বলিতে গেলে বোধ হয় প্রাচীন কালে খাজানার আসল মোট জমা সরকার কর্ত্তৃক নির্ণীত ও নির্দ্ধারিত হইত।"

(৬) "ভূমিতে অধিকারিত্ব স্বত্ব সম্বন্ধে এই বলা যায় যে ইউরোপীয় ভূসম্পত্তির অধিকারী আপন ইচ্ছামত আপন ভূমির কিয়দংশ প্রজাবিলি করিতে এবং শ্রমজীবী নিযুক্ত করিতে ও তাহাদিগকে ছাড়াইয়া দিতে পারেন; কিন্তু সম্প্রতি যে তত্ত্বানুসন্ধান হইয়া গিয়াছে তাহাতে জমীদার যে, ইউরোপীয় ভূসম্পত্তির অধিকারীর সহিত সমান স্বত্ববান এই রূপ প্রমাণ হয় না; বরং তত্ত্বানুসন্ধানে প্রমাণ হইয়াছে জমীদার ও যথার্থ কৃষকের মধ্যে, জমীদারের হস্ত হইতে রক্ষা প্রাপ্তির দাবী করিতে স্বত্ববান, গবর্ণমেণ্ট এরূপ এক দল অধস্তন ভূম্যধিকারী আছে বলিয়া স্বীকার করিয়াছেন; ইহাদের নাম তালুকদার, নানা শ্রেণীর কৃষকও এই দলের অন্তর্ভূত, কিন্তু ইহাদের স্বত্ব, বর্ত্তমান প্রণালীর নিয়মানুসারে চিরকালের জন্য যে সকল নিয়ম শীঘ্রই ব্যবস্থাপিত হইবে, একবারে তাহার অধীনে আসিবার যোগ্য হইতে পারে এমত স্থিরতা ও নিশ্চয়তা বিশিষ্ট নহে। ডাইরেক্টরেরা, এই স্বত্ব বিষয়ে বিশেষরূপ বিবেচনা করিবার জন্য, গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়াছেন; তাঁহারা বলেন গবর্ণমেণ্ট যখন চিরকালের জন্য নিয়ম সংস্থাপন করিবেন তখন যেন জমীদারেরা রায়তদের দখল সম্বন্ধে অন্যায় রূপে গোলযোগ না ঘটাইতে পারে এবং বেআইনী করিয়া তাহাদের নিকট হইতে অধিক আদায় করিতে না পারে, ইহার জন্য ভবিষ্যতে সময়ে সময়ে যে সকল নিয়ম বিধান করা আবশ্যক বোধ হইবে সেই সকল নিয়ম বিধানের দ্বার যেন মুক্ত রাখেন। ডাইরেক্টরেরা বলিয়াছেন এই রূপ করিলেই মোগল গবর্ণমেণ্ট যেরূপ করিতেন ঠিক সেই রূপ করাই হয়। উক্ত গবর্ণমেণ্টের এই সাধারণ মত ছিল যে প্রকৃত প্রস্তাবে যে ভূমি কর্ষণ করে সে যদি রীতিমত খাজানা দেয় তবে সে তাহার দখলী ভূমি হইতে কখনই বেদখল হইতে পারিবে না।" ডাইরেক্টরেরা আরো বলিয়াছেন "ইহার দ্বারা অবশ্যই অনুমান করিতে হইবে যে খাজানা স্থির করিবার জন্য সীমা নির্দ্ধারিত ছিল, এবং উহা নির্দ্ধারণ করা জমীদারের নিজ ইচ্ছার উপর নির্ভর করিত না।" পূর্ব্বের টীকাতে যে বাক্যটি উদ্ধৃত হইয়াছে তাহা ইহার ঠিক পরে।—পঞ্চম রিপোর্ট।

আমরা বিবেচনা করি "যে মোট আসল খাজানা নির্ণয় যে জমীদারের আপন ইচ্ছার উপর নির্ভর করে না ভারতবর্ষীয় ভিন্ন ভিন্ন রাজ্যের শাসন প্রণালীর সহিত জড়িত অন্যান্য নিয়ম যে রূপ এটিও সেই রূপ। ১৮১৫ সালের ৭ অক্টোবর তারিখের বাঙ্গালা হইতে লিখিত রাজস্ববিষয়ক পত্র।

হইত, সুতরাং নিতান্ত আবশ্যক বলিয়া এবং দেশে প্রাচীনকালহইতে রীতি আছে বলিয়া ঐ ক্ষমতা গবর্ণমেণ্টেরই হস্তে থাকা উচিত।

রায়তেরা জমীদারকে যে খাজানা দেয় তাহা দেশাচারানুসারে নির্দ্ধারিত হয় নাই, প্রতিযোগিতার দ্বারা নির্দ্ধারিত হইবার উপায় নাই।

৪৫। ১৭৯৩ খ্রীষ্টাব্দে রায়তদের যে মূল্যবান স্বত্ত্ব ছিল সে বিষয়ে আমাদের কোন সন্দেহ নাই; কিন্তু যদিও তাহাদের কোন স্বত্ত্ব না থাকিত, গবর্ণমেণ্ট, আপনার কর্ত্তব্য অনুযায়ী কার্য্য সুচারুরূপে করিতে হইলে, রায়তদের দেয় যাহাকে আমরা এক্ষণে খাজানা বলিব তাহার বন্দোবস্তের জন্য কেবল প্রতিযোগিতার (১) উপর নির্ভর করিতে পারেন না। এই সকল প্রদেশে চাষ করিবার জন্য মূল ধন ব্যয় করে জমীদার ও রায়তের মধ্যস্থলে এরূপ কোন লোক নাই। এদেশে ভূমির উৎপন্ন শস্য দুই শ্রেণীর লোকের মধ্যে বিভক্ত হয়, প্রথম জমীদার, দ্বিতীয় শ্রমজীবী, যদি কৃষিকার্য্যে মূলধনের কোন কথা থাকে তবে চাষাই অতি অল্প যাহা প্রয়োজন হয় তাহা দেয়, সুতরাং সেই মূলধনী। এরূপ অবস্থায় কেবল তিন উপায়ে খাজানা নির্দ্ধারণ হইতে পারে, প্রথম, দেশাচার, দ্বিতীয় প্রতিযোগিতা, তৃতীয় আইন। বাঙ্গালার শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন দেশসমূহে দেশাচারদ্বারা এখনও খাজানা নির্ণীত হয় নাই; এরূপ হইবার এক প্রধান কারণ এই যে আমাদের আইন অনুসারেই, বিশেষ কালেক্‌টরীর নীলামের আইনে মধ্যে মধ্যে গোলযোগ ঘটাইয়া দেয়; আর এক কারণ এই দেশাচার তো এ পর্য্যন্ত বন্দোবস্ত করিয়া উঠিতে পারে নাই; ভবিষ্যতে যে উহাহইতে ইহা অপেক্ষা অধিক কার্য্য হইবে তাহারও সম্ভাবনা দেখিতেছি না; যদিও হয় তবে অতি অল্পে অল্পে অনেক দিনে হইবে; অতএব এরূপ মৃদু ঔষধের উপর এরূপ গুরুতর রোগ নির্ভর করিয়া রাখা উচিত নহে। তাহার পর প্রতিযোগিতার কথা—যখন মানুষ অল্প এবং ভূমি যথেষ্ট, যখন চাষার আমদানী অল্প এবং বহুসঙ্খ্যক চাষার প্রয়োজন তখনই রায়তের বড় সুবিধা; তখন সে সুবিধামত চারে জমী পাইতে পারে। তাহার পর যেমন লোকসঙ্খ্যা বৃদ্ধি হইতে থাকে, তাহার সঙ্গে সঙ্গে চাষাদের অবস্থাও পরিবর্ত্তিত হইতে থাকে; যেখানে ভূমি কর্ষণই উদরান্নসংস্থানের একমাত্র উপায় সে স্থানে প্রতিযোগিতা অবাধে কার্য্য করিতে পারিলে, চরম ফল এই হয় যে জমীদার রায়তকে কায়দায় পাইয়া আপন সুবিধামত করার করাইয়া লন; রায়ত

---

(১) মৃত জন্ ষ্টুয়ার্ট মিল সাহেব কটিয়ার তালুকের যে লক্ষণ নির্ণয় করিয়াছেন তাহাতে যে সকল স্থলে নিজের টাকায় চাষব্যবসায়ী লোকের হস্তক্ষেপ ব্যতিরেকে শ্রমজীবীরা ভূমির নিমিত্তে নিজেই চুক্তি করে সে সকল স্থলকেই কটিয়ার যোত বলিয়াছেন; এরূপ কোন স্থলই পরিত্যাগ করেন নাই; কটিয়ার যোতের চুক্তির করার, বিশেষতঃ মোট খাজানা দেশাচার অনুসারে না হইয়া প্রতিযোগিতা অনুসারে নির্ণীত হইয়া থাকে। মিল সাহেব স্বরচিত অর্থনীতিশাস্ত্রগ্রন্থেরও এক সারগর্ভ অধ্যায়ে ভারতবর্ষ এবং আয়র্লণ্ডের যোত সম্বন্ধে তুলনা করিয়াছেন; তিনি বলেন "কটিয়ার প্রণালীতে ভূমির উৎপন্ন দুই ভাগে বিভক্ত হয়, খাজানা ও শ্রমজীবীদের পারিশ্রমিক; সুতরাং একটী স্থির হইলেই আর একটী আপনাহইতে স্থির হইয়া যায়। জমীদার যাহা না লয়েন প্রজার তাহা থাকিয়া যায়; সুতরাং প্রজার অবস্থার তারতম্য খাজানার ন্যূনাধিক্যের উপর নির্ভর করে; কিন্তু খাজানা প্রতিযোগিতাদ্বারা নির্ণীত হয়; সুতরাং যত ভূমির দরকার এবং যত ভূমি আছে এই দুয়ের অনুপাতে খাজানা নির্ণয় হয়। কত জমীর প্রয়োজন প্রতিযোগীর সংখ্যা দেখিলেই জানা যায়; এবং প্রতিযোগীর মধ্যে সমস্ত চাষী প্রজাই দেখা যায়। এরূপ যোতপ্রণালীর ফল এই যে ইংলণ্ডে যেমন লোকসংখ্যা অধিক হইলে মূলধনের ভাগ অল্প হয় এস্থলে সেই রূপ লোকসংখ্যা যত বাড়িতে থাকিবে জমীও তত মহার্ঘ হইবে; এরূপ অবস্থায় লোকসঙ্খ্যা এবং জমীর অনুপাতের উপর খাজানা নির্ভর করিবে। জমীর পরিমাণ নির্দ্ধারিত, উহা বৃদ্ধি হইতে পারে না। কিন্তু লোকসঙ্খ্যাবৃদ্ধির কোন সীমা নাই; অতএব যদি এই লোকসঙ্খ্যাবৃদ্ধি বন্ধ করিবার কোন উপায় না থাকে তবে লোকের প্রতিযোগিতায় ভূমির খাজানা শীঘ্র শীঘ্রই ভয়ানক বাড়িয়া যাইবে: এই বৃদ্ধির সীমা নাই বলিলে অত্যুক্তি হয় না; কেবল উহার একমাত্র সীমা এই যে খাজানা বাদে অবশিষ্ট যাহা থাকে তাহাতে সমস্ত লোকের কোন মতে জীবন ধারণ হওয়া চাই; অতএব দেশাচার অনুসারে, পুত্রোৎপাদনবিষয়ে লোকের দূরদর্শিতা অনুসারে, অথবা পীড়া এবং অনাহারে যে পরিমাণে লোকসঙ্খ্যা হ্রাস বা বৃদ্ধি হয় সেই পরিমাণে কটিয়ার যোতের ফল ফলিয়া থাকে।"

"কটিয়ার যোতপ্রণালীতে শ্রমজীবীদের অবস্থা যে কখনই উন্নত হইতে পারে না এরূপ বলা অত্যুক্তি বলিয়া বোধ হয়। যদি কোন দেশের লোকের উচ্চপ্রণালীমত সুখস্বচ্ছন্দে থাকা স্বভাবসিদ্ধ হয়, যদি উহাদের স্বচ্ছন্দে থাকিতে হইলে অনেক ব্যয়ের প্রয়োজন হয় এবং যত ক্ষণ সেই ব্যয়ের উপযোগী যথেষ্ট না থাকে তত ক্ষণ অধিক হারে খাজানা দিতে না চাহে, যদি অল্প পরিমাণে উহাদের সঙ্খ্যাবৃদ্ধি হওয়াতে, প্রতিযোগিতায় খাজানাবৃদ্ধি করিবার জন্য বহুসঙ্খ্যক কার্য্যহীন বেকার লোক না থাকে, এবং কৃষিকার্য্যের দক্ষতাবৃদ্ধি অনুসারে উৎপন্নের বৃদ্ধি না হইলে নিজের অসুবিধা করিয়া উচ্চহারে খাজানা দিতে অসম্মত হয় এরূপ লোকের মধ্যে কটিয়ার যোতপ্রণালী প্রচলিত আছে বলিয়া যদি আমরা মনে করিতে পারি তাহা হইলে অন্য অন্য যোতপ্রণালীর ন্যায় ইহাতেও কৃষকেরা পরিশ্রমের যথেষ্ট পুরস্কার পাইতে পারে এবং জীবনধারণের ও সুখস্বচ্ছন্দের উপযোগী অনেক টাকা থাকিতে পারে; কিন্তু যত ক্ষণ তাহাদের খাজানা কেবল জমীদারের ইচ্ছার উপর নির্ভর করে তত ক্ষণ টস্‌কানি দেশীয় প্রণালীমত মেটায়র অথবা ভাগযোত কৃষকেরা জমীর সহিত সম্পর্কবিশিষ্ট হইয়া যে সকল সুবিধা ভোগ করে, কটিয়ার যোতসিশিষ্ট প্রজাদের অদৃষ্টে কখনই সে সুবিধা হইতে পারিবে না; উহারা ভূম্যধিকারীর মূলধন ব্যবহারও করিতে পারিবে না এবং চিরস্থায়ী যোত থাকিলে প্রজার কায়মনোবাক্যে শারীরিক ও মানসিক পরিশ্রম করিবার যেরূপ প্রবল ইচ্ছা থাকে তাহাও কখনও থাকিবে না; বরং নিজের যত্নে যদি ভূমির মূল্যবৃদ্ধি হইয়া যায়, তবে হয় আগামী বৎসরে না হয় যখন মেয়াদ ফুরাইয়া যাইবে তখন আপন ভূমির খাজানাবৃদ্ধি ভিন্ন অন্য কোন ফল হয় না। ভূম্যধিকারীদের ন্যায়পরতা ও সুবুদ্ধি থাকিলে প্রতিযোগিতায় তাঁহাদের যে সুবিধা করিয়া দিয়াছে সে সুবিধা গ্রহণ না করিতে পারেন; এবং ভিন্ন ভিন্ন জমীদারেরা ভিন্ন ভিন্ন পরিমাণে এই সুবিধা ত্যাগও করিতে পারেন। * * * * * * * * কেবল নিম্নলিখিতরূপ প্রথা প্রচলিত হইলেই এই সকল অনিশ্চয়তা নিবারণের একমাত্র উপায় হইতে পারে। সে প্রথা এই যে, সেই দখলীকার আপন যোতে চিরস্থায়ী হইবে এবং সমাজের সাধারণ লোকের মত অনুসারে যেরূপ বৃদ্ধি মঞ্জুর হইবে তদতিরিক্ত স্থলে খাজানাবৃদ্ধির সম্ভাবনা থাকিবে না। * * * * * যদি আইন অথবা দেশাচারদ্বারা মোট খাজানা সীমাবদ্ধ করা না হয় তাহা হইলে মেটায়রপ্রণালীর যত কিছু অসুবিধা সমুদয়ই কটিয়ার প্রজাকে ভাগ করিতে হইবে। * * * * * যে স্থলে প্রজাদের স্বভাব এই যে কষ্টসৃষ্টে প্রাণধারণ উপযোগী আহার সংগ্রহ অসম্ভব না হইলে তাহাদের সঙ্খ্যাবৃদ্ধি কোন মতেই বন্ধ হয় না এবং যখন কেবল ভূমিহইতেই এই সমস্ত আহারীয় দ্রব্য সংগ্রহ করিতে হয় তখন খাজানার মোট সম্বন্ধে যত কেন সর্ত্ত করা হউক না সে সমস্তই নামমাত্রে পর্য্যবসিত হইবে। বহু লোকের প্রতিযোগিতা হেতু প্রজারা যাহা দিতে কখনই সমর্থ হইবে না সেই জমা দিব বলিয়া স্বীকার করিবে এবং যখন সাধ্যমত সমস্ত দিয়া ফেলিবে তখনও জমীদারের খাতায় তাহাদের নামে অনেক বাকী থাকিবে।' এই উদ্ধৃত অংশের মর্ম্ম অনুসারে যে স্থলে কৃষিজীবী লোকদের স্বভাব বা প্রচলিত প্রথা প্রজাদের যুক্তিসঙ্গত সুখস্বাচ্ছন্দ্য উপযোগী দ্রব্য রাখিয়া খাজানা নির্দ্ধারণ করিয়া দিতে না পারে সে স্থলে ব্যবস্থাপকসভার পক্ষে ঐ খাজানাসীমা নির্দ্ধারণ করিয়া দেওয়া উচিত বোধ হয়; এরূপ না করিলে যখন লোকসঙ্খ্যা কিয়দ্দূর বৃদ্ধি হইয়া উঠিবে তখন অতি নিকৃষ্ট কটিয়ার প্রণালীতে যে ফল ফলিয়া থাকে সেই ফল ফলিবে।

চয় এই করারে ([৮]) রাজী হউক, না হয় অনাহারে প্রাণত্যাগ করুক। এই রূপে একটীবৃহৎ দেশের সমস্ত কৃষিজীবী প্রজা দরিদ্র ও শোচনীয় অবস্থায় পতিত হয়;—গবর্ণমেণ্ট উহাদিগকে এরূপ অবস্থায় পতিত হইতে দিলে বড়ই নিন্দার কথা। যদিও উৎপন্ন দ্রব্যের উপর যত দূর সম্ভব সদয় ব্যবহার করা উচিত তথাপি দেশের ভূমিতে দেশবাসীমাত্রেরই সমান অধিকার; উহা যে জন কয়েক লোক আত্মসাৎ করিয়া সমাজস্থ অধিকাংশ লোককে চিরকালের জন্য লক্ষ্মীছাড়া করিয়া তুলিবে এরূপ হইতে দেওয়া গবর্ণমেণ্টের কখনই উচিত নহে; তাহাতে আবার যদি ভূমিসংক্রান্ত আইনের সংশোধন বা পরিবর্ত্তনদ্বারা অথবা অবলম্বিত অন্য কোন কার্য্যের সহযোগে এই দুর্গতি পরিহার করিতে অথবা ইহার প্রতীকার করিতে পারা যায় তাহা হইলে তাহা না করা নিতান্ত অন্যায়।

সাজানো ও বেহারে খাটিতে পারে এরূপ খাজানা সম্বন্ধীয় মত।

৪৬। এদেশের প্রাচীন শাসনপ্রণালীর আলোকে আলোকিত হইয়াই হউক, অথবা প্রজাবর্গের সুখসমৃদ্ধি বৃদ্ধি করাই গবর্ণমেণ্টের অবশ্য কর্ত্তব্য বলিয়াই হউক, যেরূপেই আমরা এ বিষয় পরীক্ষা করি আমরা সেই একই সিদ্ধান্তে উপনীত হই যে এই সকল প্রদেশে প্রজা জমীদারকে কত খাজানা দিবে গবর্ণমেণ্টের তাহা স্থির করিয়া দেওয়া উচিত। এই মত অবলম্বন করিলে দৃষ্ট হইবে যে এদেশে কৃষিকার্য্যে নিয়োজিত মূলধনের অতিরিক্ত মুনাফা ধরিয়া খাজানা নির্ণয় করিতে গেলে চলিবে না; এবং মূলধনের মুনাফার উপর ভূমির খাজানা নির্ভর করে, কিম্বা উক্ত মুনাফা অনুসারে ভূমির খাজানা নির্ণীত হয় এতথা বলিলেও চলিবে না; যে খাজানা সম্বন্ধীয় মত এদেশে ঠিক খাটিতে পারে তাহা এই;—খাজানা ভূমির উৎপন্নের অংশ; উহা হয় নগদ না হয় শস্যে দিতে হইবে; গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে অংশ স্থির করিয়া দিবেন কৃষকেরা সেই অংশ নগদ বা শস্যে জমীদারকে অথবা জমীদার যাহাকে নিজ স্বত্ব হস্তান্তর করিয়াছে তাহাকে দিবে। এক্ষণে কেহ কেহ জিজ্ঞাসা করিতে পারেন যে এরূপ অংশ নিরূপণ করিতে হইলে গবর্ণমেণ্ট কি নিয়ম অনুসারে নিরূপণ করিবেন? কত অংশ ন্যায্য ও যুক্তিসঙ্গত বলিয়া গ্রাহ্য হইবে? আমাদের উত্তর এই যে ভূমির উৎপন্নহইতে কৃষক কৃষিকার্য্য চালাইতে পারিবে, নিজে যত দূর স্বচ্ছন্দে থাকা যুক্তিসঙ্গত তত দূর স্বচ্ছন্দে থাকিবে এবং স্বদেশের সমৃদ্ধি ও উন্নতির, যত দূর যুক্তিসঙ্গত, অংশ গ্রহণ করিবে; এই সকল করিয়া উৎপন্নের যে অংশ অবশিষ্ট থাকিবে সেই অংশই খাজানা।

এই মত চালাইতে গেলে এই সকল প্রদেশে সর্ব্বত্র খাটিতে পারে এরূপ পরিমাপক মিলিবে না।

৪৭। যখন আমরা উক্ত মত অনুসারে এই বিষয়ের মীমাংসা করিতে প্রবৃত্ত হই, তখনই আমরা দেখিতে পাই যে সকল প্রকার অবস্থাতেই খাটিতে পারে এরূপ একটি নিয়ম নির্দ্ধারণ করা একবারে অসম্ভব। আমাদের সম্মুখে কোন বোর্ড নাই, যাহাতে এক কথা লিখিয়া রাখিলেই চলিবে। প্রায় এক শত বৎসরের কার্য্যগতিতে ভিন্ন লোকের এবং ভিন্ন ভিন্ন পদার্থের নূতন নূতন সম্বন্ধ উত্থাপিত হইয়াছে; আমাদের ধারণামত কোন এক নূতন নিয়ম ধরিয়া কার্য্য করিবার জন্য উক্ত সকল সম্বন্ধ একেবারে ঘুচাইয়া দিলে, উৎপন্ন স্বত্বে হস্তক্ষেপ করা হয় এবং লোকের এক্ষণে যেরূপ মনের ভাব আছে তাহাতে গোলযোগ করিয়া দেওয়া হয়; এরূপ করিলে এ ব্যাপারে লিপ্ত সমস্ত লোককে অসন্তুষ্ট করা হয় এবং তাহাতে রোগ অপেক্ষা ঔষধে অধিক হানি হয়। আমরা যদি এই সকল প্রদেশের সমস্ত কৃষিজীবী লোকদিগের জন্য মোটামুটি স্বচ্ছন্দের একই রকম পরিমাণ স্থির করিয়া দিই তাহা হইলে বেহারের রায়তদিগকে এত আয়েশ দেওয়া হইবে যে হঠাৎ এরূপ অবস্থা পরিবর্ত্তনে তাহারা অত্যন্ত আয়েশী এবং অলস হইয়া পড়িবে এবং পরিশ্রম করিবে না, কিন্তু অন্য অন্য প্রদেশের কৃষিজীবী লোকদিগের বর্ত্তমান সুখস্বাচ্ছন্দ্যের হানি বই বৃদ্ধি করা হইবে না। বর্ত্তমান খাজানার অসমতার মূল কারণ সকল এক শত বৎসরের অধিকাংশের অতীত ইতিহাসে নিহিত রহিয়াছে। ভিন্ন ভিন্ন জিলার লোকসংখ্যার আধিক্য বা অল্পতা, বর্দ্ধনশীল সমাজের অভাব পূরণার্থ লভ্যনীয় অনাবাদী ভূমির পরিমাণ, কোন কোন ভূম্যধিকারীর তেজস্বিতা, এরূপ তেজস্বিতা যখন আইনের সীমা অতিক্রম করিয়া যায় তখন তাহাকে সীমাবদ্ধ করিবার জন্য মাজিষ্ট্রেটের কাছারীর দূরতা বা নৈকট্য, দেশের ভিন্ন ভিন্ন অংশের রায়তদিগের ভিন্ন ভিন্ন রূপ

---

(৮) বেহার এবং পূর্ব্ব বাঙ্গালায় কৃষকের অবস্থাগত প্রভেদই প্রতিযোগিতায় পূর্ব্বোক্ত অবস্থাদ্বয়ের উদাহরণস্বরূপ গৃহীত হইতে পারে। চিরস্থায়ী বন্দোবস্তের সময় গবর্ণমেণ্ট রায়তকর্ত্তৃক জমীদারকে দেয় খাজানা নির্ণয় করিবার ক্ষমতা আপনাদের আছে বলিয়া প্রকাশ করিলেন, কিন্তু তদনুসারে কোন কার্য্য করিলেন না; বরং প্রজা ও জমীদার আপনাদের মধ্যে যেরূপ পারে খাজানা স্থির করিয়া লউক এই বলিয়া তাহা স্থির করিবার ভার উহাদেরই হস্তে ফেলিয়া রাখিলেন (১৮১৯ সালের ১৫ জানুয়ারি তারিখের রাজস্ব বিষয়ক পত্রের ৪৬ হইতে ৫৪ পারাগ্রাফ পর্য্যন্ত দেখ)। পূর্ব্ব বাঙ্গালা অপেক্ষা বেহার প্রদেশে লোকসংখ্যা বৃদ্ধি হওয়ায় জমীর প্রয়োজন অত্যন্তবৃদ্ধি হইয়াছে, সুতরাং ভূম্যধিকারী শেষোক্ত প্রদেশে সমস্ত সুবিধাই পাইয়াছেন এবং শস্যাদিতে দেয় খাজানাপ্রণালী বজায় রাখিয়া খাজানা এত দূর বৃদ্ধি করিয়া ফেলিয়াছেন যে অবশিষ্টে প্রজাদের অতি কষ্টে জীবনধারণ হয় কি না সন্দেহ। অপরন্তু পূর্ব্ব বাঙ্গালায় অনাবাদী ভূমি যথেষ্ট ছিল, কৃষকের সংখ্যা অল্প, এই জন্য কৃষকেরা সুবিধা পাইত এবং অতি সুবিধামত হারে জমী লইতে পারিত। এই কারণবশতঃ পূর্ব্ব বাঙ্গালায় অল্প খাজানায় অনেক প্রকার যোত আছে, সেরূপ যোত বেহার দেশে এ অবধিই নাই। যাহা হউক, এরূপ বিবেচনা করা উচিত নহে, যদি কেবলমাত্র বাধাশূন্য প্রতিযোগিতার উপর খাজানা নির্দ্ধারণ ফেলিয়া রাখা যায় তবে উক্ত প্রকার যোত সকল স্বাভাবিক প্রবলতার গতিরোধ করিবে। এই সকল যোতদারেরা যেখানে লোকসংখ্যা ভূমি সম্পদে বৃদ্ধি হইয়া উঠিয়াছে সেখানে শীঘ্র শীঘ্রই মধ্যবর্ত্তী লোক হইয়া দাঁড়াইয়াছে এবং কোরপা বিলি করিয়াছে; এক জন কোরপা প্রজা আর এক জন কোরপা প্রজাকে বিলি করিয়াছে, এইরূপে অনেক শ্রেণীর কোরপা প্রজা দাঁড়াইয়া গিয়াছে। ইহাতে হইতে পারে যে এই মধ্যবর্ত্তী নানাবিধ স্বার্থ থাকায়, সচরাচরই এরূপ স্বার্থ ক্রয় বিক্রয় হওয়ায় এবং সকলেই এরূপ স্বার্থ পাইতে আগ্রহবান্ হওয়ায় পরিণামে সুখস্বাচ্ছন্দ্যের প্রণালী উন্নত হইবার বিষয়ে অনুকূলতা করিবে, কিন্তু যদিও এখন যেরূপ আছে, তাহাতে দেশের অবস্থা ভালই বলিতে হইবে, তথাপি লোকসংখ্যাবৃদ্ধি বন্ধ করিবার কোন বিশেষ উপায় না থাকাতে উহা যে শীঘ্র শীঘ্রই জঘন্য কটিয়ারের অবস্থায় উপনীত হইবে এরূপ আশঙ্কা নিতান্ত অমূলক নহে। এরূপ আশঙ্কা যে নিতান্ত অমূলক নহে তাহা প্রতিপন্ন করিবার জন্য আমরা রঙ্গপুর আদালতের উকীলদের ১৮৭৬ সালের লিখিত পত্রহইতে নিম্ন লিখিত পংক্তি কয়টী উদ্ধৃত করিয়া দিলাম।

"জমীর প্রয়োজন অত্যন্ত অধিক; এবং কৃষকশ্রেণী যতই বৃদ্ধি হইতেছে ততই ভূমিপ্রাপ্তির জন্য প্রতিযোগিতা ও তৎসঙ্গে খাজানার হারও বৃদ্ধি হইতেছে। এই শ্রেণীর লোকের জমী পাইবার ইচ্ছা এত অধিক যে তাহারা সময়ে সময়ে এত অধিক খাজানা দিব বলিয়া স্বীকার করিয়া বসে যে নিজের উপস্বত্ব কিছুই থাকে না; জমীদারেরাও এই সুযোগে আপনাদের খাজানা বৃদ্ধি করিয়া লইতে কোন মতেই ছাড়েন না।"

অত্যাচার নিবারণ-ক্ষমতা, অন্য অন্য ভূম্যধিকারীদের আলস্য, গবর্ণমেণ্টের কার্য্যাধ্যক্ষতার পৌনঃপুন্য; ভিন্ন ভিন্ন স্থানে দুর্ভিক্ষের আধিক্য বা অল্পতার ফলাফল, এখনও সকল জিলায় রেল ও রাস্তার সমতুল্যরূপ সুবিধা না হওয়াতে রেল এবং রাস্তাদ্বারা গমনাগমনের সুবিধা এবং অসুবিধা, বড় বড় নদীর গতি এবং কার্য্য এই সকল কারণে দেশের ভিন্ন ভিন্ন অংশে যেরূপ অসমতা উৎপাদন করিয়াছে, আইনের দ্বারা খাজানা বৃদ্ধি বা খাজানা নির্ণয় করিতে চেষ্টা করিতে হইলে সে সকল অসমতা বিশেষরূপ পর্য্যালোচনা করা আবশ্যক; এই জন্য বর্ত্তমান খাজানাই যে আমাদের কার্য্যপ্রণালীর মূলভিত্তি হইবে এ বিষয়ে আমাদের সকলের একমত; অর্থাৎ কোন নূতন এবং একই নিয়ম ধরিয়া কখনই বর্ত্তমান খাজানা উঠাইয়া দেওয়ার কোন চেষ্টা করা হইবে না; এবং খাজনার হ্রাস হইবার প্রসিদ্ধ ও প্রচলিত কারণ ব্যতিরেকে কোন অঞ্চলের সাধারণতঃ খাজানা কমাইয়া দিবার কোন আবশ্যকতা নাই এবং এই সঙ্গে আমরা ইহাও বিবেচনা করি যে ভবিষ্যতে খাজানাবৃদ্ধির নিয়ম করিতে হইলে বর্ত্তমান অসমতার বিষয়ে যত দূর যুক্তিসঙ্গত দৃষ্টি রাখা আবশ্যক; এবং যে সকল ভূম্যধিকারীরা, পূর্ব্ব উল্লিখিত কারণসমূহের কার্য্য তাঁহাদের অনুকূল হইয়াছিল বলিয়া অন্য ভূম্যধিকারী অপেক্ষা অধিক লাভবান হইয়াছেন, ভবিষ্যতে তাঁহারা আর উক্ত প্রকার সুবিধা পাইবার অধিকারী নহেন এ কথাও মনে রাখা উচিত।

খাজানা বৃদ্ধি করার কোন সহজ ও সর্ব্বতোমুখ নিয়ম অসম্ভব।

৪৮। খাজানাবৃদ্ধির কি কোন সহজ এবং সর্ব্বতোমুখ নিয়ম নির্দ্ধারিত হইতে পারে? আমরা এই গুরুতর ব্যাপারের আলোচনায় উপনীত হইলাম; আমাদের মতে উক্ত প্রশ্নের উত্তর নিষেধসূচক বাক্যেই দিতে হইল; এই বিষয় অনেক প্রসিদ্ধ কার্য্যদক্ষ লোক অনেক বার আলোচনা করিয়াছেন, কিন্তু তাঁহারা যতই তর্কবিতর্ক করুন, কিছুতেই সহজ এবং কার্য্যোপযোগী এমন কোন নিয়ম নির্দ্ধারণ করিতে পারেন নাই যাহা যেরূপ অবস্থাতেই এবং যেরূপ স্থানেই প্রযুক্ত হউক না সর্ব্বত্র সন্তোষজনক ফল উৎপাদন করিবে। পুনরায় এই বিষয় আলোচনা করিতে গিয়া এবং পুনরায় এরূপ সর্ব্বতোমুখ নিয়ম আবিষ্কার করিতে গিয়া আমাদের পূর্ব্বতন অনুসন্ধানকারীরা যাহা কিছু করিয়া গিয়াছেন তাহা বিশেষরূপে পরীক্ষা করিয়াছি এবং তাঁহাদের অভিজ্ঞতার আলোকে যাহা কিছু নূতন দেখিতে পাইবার সম্ভাবনা তদ্বিষয়েও অনেক অনুসন্ধান করিয়াছি; কিন্তু আমাদের চরম সিদ্ধান্ত এই হইয়াছে যে এরূপ নিয়ম আবিষ্কার এবং নির্দ্ধারণ (*) করা যাইতে পারে না। এরূপ নিয়ম নির্দ্ধারণ যে একেবারে অসম্ভব তাহা বলিতেছি না; এরূপ সর্ব্বতোমুখ নিয়ম যে কেবল একটীমাত্র ধারায় ব্যবস্থাপিত হইতে পারে না এরূপ নহে; কিন্তু উহা ব্যবস্থাপিত হইলে দ্বিতীয় ড্রেকোর দণ্ডবিধি হইয়া দাঁড়াইবে; এবং তদনুসারে কার্য্য করিতে হইলে উভয় পক্ষের প্রতি এত অবিচার করা হইবে যে সকলে মিলিয়া উহা রদ করাইবার জন্য ব্যস্ত হইবে।

যে সকল বিষয়ের উপর খাজানা নির্ভর করে তাহার সংখ্যা অত্যন্ত অধিক।

৪৯। যতই অভিজ্ঞতা বৃদ্ধি হয় ততই দেখা যায় যে সকল দেশেই কৃষি কার্য্যের ফলাফল অত্যন্ত অনিশ্চিত; কিন্তু ভারতবর্ষে এরূপ অনিশ্চিততা যত অধিক এরূপ আর কোথায় নহে। এই অনিশ্চিততা প্রযুক্ত অনেক বৎসরের গড় হিসাব করিয়া প্রতিবৎসর উৎপন্নের হ্রাসবৃদ্ধিজনিত কষ্ট নিবারণের কোন উপায় করা অত্যন্ত কষ্টকর। অন্য দেশের কৃষিজীবীরা আপনাদের মূলধনের উপর নির্ভর করিয়া অসামান্য দুর্বৎসর পরম্পরায়ও পরিত্রাণ পাইয়া যায়; তাহাদের ভরসা থাকে দুঃসময়ে তাহারা যাহা ব্যয় করিয়া ফেলিল, আবার সুসময় উপস্থিত হইলে আধক পরিশ্রম ও অধ্যবসায়দ্বারা তাহা পূরণ করিয়া লইবে; কিন্তু এ দেশে মূলধনের নামমাত্রও নাই; সুতরাং পূর্ব্বোক্ত গড় গণনা করিতে না পারা প্রযুক্ত অতি ভীষণ ফল উৎপন্ন হয়। অন্যান্য দেশের মত ভারতবর্ষেও জমির উর্ব্বরতা মাটি এবং তলামাটির উপর নির্ভর করে এবং এই সকল দেশে যে বহুসংখ্যক প্রকারের মাটি ও তলামাটি আছে, রায়তেরা তাহা বিলক্ষণ জানে; আকবর বাদশাহের সময়হইতে অদ্য পর্য্যন্ত যত বার বন্দোবস্তের চেষ্টা হইয়াছে সে সকলেই এই রূপ ভিন্ন ভিন্ন প্রকারের মাটি ও তলামাটির কথা আছে এবং সেই মতে বন্দোবস্ত হইয়াছে। কোন কোন জমীর মাটিতে শীঘ্রই চাষ দেওয়া যায়, কোন কোন জায়গায় অধিক পরিশ্রম লাগে, এই একটী গুরুতর বিষয়; এ বিষয়ের বিশেষ বিবেচনা করা আবশ্যক; কারণ এখানে অধিকাংশ কার্য্যই হাতে করিতে হয়, মনুষ্যের পরিশ্রমের সহায়তার জন্য গরুই একমাত্র উপায়; কিন্তু সেই গরুও কমজোর এবং তাহাদের পেশী অতি অল্প; দেশের মূলধন একেবারেই নাই এবং জমীর অবস্থা যেরূপ তাহাতে, মনুষ্যের পরিশ্রমের সাহায্যজন্য যে কোন নূতন উপায় অবলম্বিত হইবে তাহারও সুবিধা নাই। চরের (**) পলীমাটির উপর কেবল বীজ ছড়াইবার পরিশ্রম করিলেই প্রচুর ফসল হয়; আবার গ্রীষ্মকালে যখন আকাশ পিঙ্গলবর্ণ এবং পৃথিবী লৌহময়ী, আকাশহইতে সূর্য্যদেব অনবরত অগ্নি বৃষ্টি করিয়া উচ্চ মাঠের (**) শক্ত মাটি পুড়াইয়া তুলেন এবং বৃষ্টি হইয়া মাটি যে একটু নরম হইবে তাহাও হয় না, তখন ঐ মাটি উলটাইতে কৃষকদের গলদ্ঘর্ম্ম হয়, বলদ হাঁপাইতে থাকে, অথচ ধান্য রোপণের সময় পর্য্যন্ত ভূমি চাষ করা শেষ হয় কি না সন্দেহ; চরের মাটিতে শস্য উৎপাদন করার সহিত তুলনা করিলে এরূপ একটী মাঠের সমস্ত ভূমিতে এক২ গাছ করিয়া ধান্য রোপণ করা যে কত কঠিন তাহা অনায়াসেই বোধগম্য হইতে পারে। মনে কর যত জমীর প্রয়োজন তত জমী মিলিতে পারে তথাপি সচরাচর কৃষকপরিবারে যত লোক থাকে তাহারা সকলে পরিশ্রম করিলে প্রথমোক্ত স্থলে যত শস্য উৎপন্ন হইতে পারে দ্বিতীয় স্থলে তত হইবার সম্ভাবনা নাই। যদি খাজানা বলিয়া উৎপন্নের অর্দ্ধেক দিতে হয় তাহা হইলে এক শত কাঠার অর্দ্ধেক এবং তিন শত কাঠার

(*) "প্রত্যেক গ্রামে খাজানার হার ভিন্ন ভিন্ন; কেবল যে ভূমি ও শস্যের তারতম্য অনুসারে খাজানার তারতম্য হয় এরূপ নহে, অনেক সময়ে কৃষকদিগের জাতিগত বৈলক্ষণ্য হেতুও খাজানার বৈলক্ষণ্য হইয়া থাকে। উহাহইতে এই অনুমান হয় যে কোন সাধারণ নিয়ম বাঁধিয়া দেওয়া অসম্ভব, এবং এই বিষয় বন্দোবস্ত করিয়া দিবার জন্য পূর্ব্বে যত চেষ্টা হইয়াছে সে সমুদয় চেষ্টা কেন বিফল হইল ইহার তত্ত্বানুসন্ধান করিলে এইমাত্র দেখিতে পাওয়া যাইবে যে রাজকীয় কর্ম্মচারীরা যাহা স্বভাবতই নানা প্রকারের তাহাকে সহজ ও সর্ব্বতোমুখ করিবার চেষ্টা পাইয়াছেন, এবং যে সূক্ষ্মানুসূক্ষ্ম তত্ত্বানুসন্ধান ব্যতিরেকে কোন বিষয়ই ঠিক জানা যায় না, তাঁহারা ধীরতা সহকারে সেই সূক্ষ্ম তত্ত্বানুসন্ধান করেন নাই।" ১৮২২ সালের ১ লা আগষ্টের ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের রেজলিউশন।

(**) চর বলিতে গেলে নদী মধ্যস্থিত দ্বীপ অথবা পলী পড়িয়া যাহা উৎপন্ন হয় তাহাকে বুঝায়।

(**) মাঠ বলিতে গেলে প্রত্যেক গ্রামের চতুর্দ্দিকে যে সকল বৃক্ষাদি জন্মে সেইরূপ দুই শ্রেণীর মধ্যস্থিত বৃক্ষাদিশূন্য পরিষ্কৃত সমতল ক্ষেত্রকে বুঝায়।

অর্দ্ধেক অনেক তফাৎ হয়। এক স্থলে খাজানা দিয়া বাকী শস্যে কৃষকদিগের গ্রাসাচ্ছাদন চলিতে পারে আর এক স্থলে চলে না। যেখানে কৃষিকার্য্য করিতে কত মজুরি লাগিবে হিসাব করিয়া কৃষকেরা কত জমী লইব স্থির করে না সেখানে লোকসঙ্খ্যা কত এবং কৃষিকার্য্যোপযোগী পতিত ভূমি কত ধরিয়া উহার পরিমাণ স্থির হইতে পারে। এই রূপে ভিন্ন ভিন্ন কারণে একটি ফল উৎপন্ন হয়। তাহার উপর আবার জমী সুবিধামত জায়গায় থাকিতে পারে নাও পারে, সেই সুবিধা বা অসুবিধার পরিমাণও কত প্রকারই হইতে পারে। যে খানে খাজানা টাকায় দিতে হয় সে খানে দেনা টাকা শোধ করিবার জন্যে কৃষককে তাহার শস্যের কিয়দংশ অবশ্য বিক্রয় করিতে হয়। যদি হাট বাজার নিকটে থাকে তাহা হইলে বহনী খরচা অতি অল্পই লাগে এবং যখন দর খুব সুবিধা থাকে কৃষক তখনই যাইয়া বিক্রয় করিতে পারে। কিন্তু যদি সেই শস্য তাহাকে রাস্তাশূন্য মাঠ দিয়া সেতুহীন নাল পার হইয়া অনেক দূরে কোন হাটে লইয়া যাইতে হয় এবং সেখানকার দর জানা না থাকে তাহা হইলে বহনী খরচাই বিষম হইয়া উঠে। কোন কোন জমী গ্রামের নিকট খামারের কাছে সুতরাং শস্য যেমন উঠিল অমনই গোলাজাত হইল; কিন্তু যখন জমী অনেক দূরে মাঠের মধ্যে এবং শস্য বলদের পিঠে বা মানুষের মাথায় আনিতে হইবে তখন আর এক রূপ, রাস্তায় যাইবার সময় অনেক শিষ পড়িয়া যাইবে, শুদ্ধ তাহাই নহে কৃষক যে সময় বলদের জন্যে অথবা তাহার প্রতিবেশীদিগের সাহায্যের জন্যে হাঁ করিয়া আছে—সকলেই ব্যস্ত—কেহ আসিতেছে না সেই সময় পাখিতে, গরুতে আর কাছে জঙ্গল থাকিলে বন্যশূকরে তাহার অনেক অপচয় করিয়া ফেলে। কোথাও আমন ধানের সময় জল হইল না কোথাও আবার আশু ধানের সময় কোথাহইতে বন্যা আসিয়া সব ডুবাইয়া ফেলিল। কোন জায়গায় জমী এত অধিক আছে যে চারি ভাগের এক ভাগ জমী প্রতিবৎসর পতিত রাখিতে পারা যায়, আবার কোন কোন স্থানে জমীর বিশ্রাম নাই এবং কাঠের পরিবর্ত্তে গোময় পর্য্যন্ত পোড়ায় এ জন্যে সারও মিলে না। কোন পরগণায় বয়ঃপ্রাপ্ত লোক সবল এবং সুস্থ তাহারা পরিশ্রম করিতে পারে, আবার আর এক পরগণায় জল বায়ু এত জঘন্য যে প্রায় এক তৃতীয়াংশ লোক পালাজ্বরে শয্যাগত এবং অবশিষ্ট কেহ বা ভুগিতেছে কেহ বা সারিয়াছে কেহ বা সম্পূর্ণ সারিয়া উঠিতে পারে নাই সুতরাং কৃষিকর্ম্ম করিতে যে শ্রম আবশ্যক তাহা কেহই করিয়া উঠিতে পারে না। কোন জিলায় কেবল এক শ্রেণীর মাত্র ভূম্যধিকারী উৎপন্নের অংশভাগী কোথাও আবার জমীদার ও কৃষকের মধ্যে অনেক শ্রেণীর মধ্যবর্ত্তী লোক আছে। তাহাদের ভিন্ন ২ নাম ও ভিন্ন ২ প্রকারের স্বত্ব। এই সকল প্রদেশে যে সকল কারণবশতঃ খাজানার তারতম্য ও ন্যূনাধিক্য হইয়া থাকে তাহার কতকগুলি উক্ত হইল(১)। এমন কোন সহজ নিয়ম নাই যাহা সকলের প্রতি সমান রূপে খাটিতে পারে। যদি প্রত্যেক স্থলে অসাম্যের এই সকল কারণ ধরিয়া তাহার কোন ব্যবস্থা না করা যায় তাহা হইলে খাজানার ন্যায্য এবং যুক্তিসঙ্গত হার স্থির করা যায় না। কারণ ন্যায্য ও যুক্তিসঙ্গত হইতে হইলে উহা যেমন সাধারণ নিয়মে খাটে সেই রূপ প্রত্যেক বিশেষ স্থলেও খাটা উচিত।

পূর্ব্বোক্ত হেতুমূলক সাধারণ সিদ্ধান্ত।

এই রূপ খাজানা বন্দোবস্ত ও বৃদ্ধি সম্বন্ধীয় সমস্ত বিষয় বিশেষরূপে বিবেচনা করিয়া আমাদের এই সিদ্ধান্ত হইয়াছে যে ব্যবস্থাপকসভার পক্ষে সর্ব্বাপেক্ষা সুবিধাকর উপায় এই যে সভ্যেরা কতকগুলি মোটামুটি নিয়ম বাঁধিয়া দিবেন, গবর্ণমেণ্টের বিচার ও কর্ত্তৃত্ব কার্য্যবিভাগের কর্ম্মচারীগণ সেই নিয়ম অনুসারে খাজানা সম্বন্ধীয় কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন এবং বাঙ্গালা দেশের ভূম্যধিকারী ও প্রজাদিগের অবস্থাগত আকস্মিক বিষম পরিবর্ত্তন নিবারণ করিবার জন্য এ পর্য্যন্ত কর্ম্মচারীগণের অভিজ্ঞতা অনুসারে আবশ্যক বলিয়া নির্ণীত কতক গুলি নিষেধ বিধির বিধান আবশ্যক।

খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বর্ত্তমান মূল ব্যবস্থা।

৫০। আমরা এক্ষণে খাজানা সম্বন্ধীয় সারসংগ্রহ ও তর্ক বিতর্কের পর এই সকল প্রদেশে খাজানাবৃদ্ধি সম্বন্ধে যে সকল বিধান করিলে উপকার হইবার সম্ভাবনা এবং অপকারের সম্ভাবনা নাই সেই সকল বিধান ব্যবস্থা করিতে প্রবৃত্ত হইব। এই গুরুতর বিষয়ে যে সকল আইন আছে তাহার বর্ত্তমান অবস্থা নির্ণয় করা প্রথমতঃ আবশ্যক।

(১) তালুক ও পেটাও তালুকের খাজানা বৃদ্ধি করিবার কোন স্পষ্ট বিধান নাই, এরূপবিধান নাথাকায় অনেক ব্যয় কর মোকদ্দমা উপস্থিত হয় (২) দখলীস্বত্ব বিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি কেবল নিম্নলিখিত তিনটী কারণের যে কোন এক বা অধিক কারণ বশতঃ হইতে পারে। সে তিনটী কারণ এই:—(ক) সেই প্রকার সুবিধাবিশিষ্ট সেই প্রকারের নিকটবর্ত্তী ভূমির জন্য দেয় প্রচলিত খাজানার হার অপেক্ষা কোন ভূমির খাজানার হার ন্যূন হইলে (খ) রায়তের খরচ ও চেষ্টা ব্যতিরেকে অন্যকারণ বশতঃ ভূমির উৎপন্ন অথবা উহার উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইলে (গ) যে পরিমিত ভূমির জন্য রায়ত পূর্ব্বে খাজানা দিত প্রকৃত প্রস্তাবে জরীপ করিয়া ভূমি তাহা অপেক্ষা অধিক আছে প্রমাণ হইলে। দখলী স্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি করিতে হইলে, যে বৎসরের খাজানা বৃদ্ধি করিবার প্রার্থনা করা হইয়াছে তাহার পূর্ব্ব বৎসরের শেষে নোটিস দেওয়া নিতান্ত আবশ্যক। না দিলে কোন ক্রমেই খাজানা বৃদ্ধি হইতে পারেনা। (৩) যে স্থলে রায়তের দখলীস্বত্ব জন্মে নাই অর্থাৎ যে স্থলে রায়তের বার বৎসর ভোগ হয় নাই সে স্থলে খাজানা বৃদ্ধি করিবার স্পষ্ট কোন বিধান নাই। যদিও বিধান আছে যে জমী তাহার দখলে থাকিলে যুক্তিসঙ্গত খাজানা অপেক্ষা অধিক দাবী করা হইবে না কিন্তু কার্য্যে এই দাঁড়াইয়াছে যে যদি কোন রায়ত দাবী করা বর্দ্ধিত খাজানা দিতে অস্বীকার করে তাহা হইলে ভূম্যধিকারী তাহার যোত উচ্ছেদ করিয়া দেন।

তালুক ও পেটা ও তালুকের খাজানা বৃদ্ধির জন্য প্রস্তাবিত নিয়মসমূহ।

৫১। আমরা এক্ষণে পূর্ব্বোক্ত তিনটী বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হইব, আলোচনা করিতে হইলে প্রথম হইতেই আরম্ভ করা কর্ত্তব্য। প্রথমতঃ আমরা তালুক ও পেটাও তালুকের খাজানা বৃদ্ধি করার দাবী সম্বন্ধে এই ব্যবস্থা করিয়াছি যে যে স্থলে খাজানা বৃদ্ধি দাবী করা যাইতে পারে (সকল স্থলে দাবী করা যায় না) সে স্থলে নিকটবর্ত্তী স্থানে সেই প্রকারের তালুক বা পেটাও তালুকের জন্য লোকে সচরাচর যে হারে খাজানা দেয় সেই পর্য্যন্ত খাজানা

---

(১) যখন খাজানা টাকায় দেওয়া হয় তখন শস্যের মূল্যের হ্রাসবৃদ্ধিও এই রূপ একটী গোলযোগের কারণ। "অন্য অন্য দেশের অপেক্ষা ভারতবর্ষে শস্যাদির মূল্যের হঠাৎ হ্রাস বৃদ্ধি হয়, এই হেতু ইহার অনেক প্রদেশে টাকায় যে খাজানা ধার্য্য আছে তাহা যদিও আদৌ ন্যায্য ছিল, এক্ষণে অত্যন্ত অধিক হইয়া দাঁড়াইয়াছে।" ১৮৩২ সালে ইষ্টইণ্ডিয়া কোম্পানির কার্য্য বিষয়ে কমন্‌স, হাউসের সিলেক্ট কমিটির যে সাক্ষ্য দেওয়া হয় তাহার মিনিটের পরিশিষ্টের ৫৩ পৃষ্ঠা।

বৃদ্ধি করা যাইতে পারে। যে স্থলে এরূপ প্রচলিত কোন হার নাই সে স্থলে আদালত যেরূপ ন্যায্য ও যুক্তিসঙ্গত মনে করেন সেই রূপ আজ্ঞা দিবেন। কিন্তু তালুকদারের বা পেটাও তালুকদারের লাভ যেন, রায়তের তাঁহাকে মোট যে খাজানা দেয় সরঞ্জামী খরচ বাদে তাহার শতকরা, কেবল পরে যে কতক গুলি বিশেষ অবস্থার কথা বলা যাইবে তাহার অনুপস্থিতিতে, ত্রিশ ভাগের অধিক না হয় (পাণ্ডুলিপির ৯ ধারা দেখ)। এস্থলে ইহাও বক্তব্য যে ১৮১২ সালের ৫ পঞ্চম আইনের ৮ ধারার লিখিত নিয়ম অনুসারে আমরা সরঞ্জামী বাদে যে টাকার কথা এইমাত্র করিতেছিলাম উহার শতকরা দশ ভাগের অধিক তালুকদারকে রাখিতে দেওয়া হইত না। ১৮৫৯ সালের ১০ দশ আইনে ঐ ধারা রদ করিয়া দেওয়া হয়; কিন্তু অনবধানতা প্রযুক্ত তাহার পরিবর্ত্তে কোন বিধান করা হয় নাই; কিন্তু ন্যায্য ও যুক্তিসঙ্গত খাজানা স্থির করিতে হইলে বিচারপতিরা পূর্ব্বোক্ত ১৮১২ খ্রীষ্টাব্দের ৫ আইনে আছে বলিয়া বরাবর শতকরা দশ ভাগই যে যথেষ্ট মনে করিয়া তদনুসারে কার্য্য করিয়া আসিতেছেন। আমরা এবিষয়ে প্রণিধান পূর্ব্বক বিবেচনা করিয়াছি। আমাদের অধিকাংশ মেম্বরের বিবেচনায় শতকরা দশ ভাগ অত্যন্ত অল্প বলিয়া বোধ হয়; এজন্য আমরা তালুকদার বা পেটাও তালুকদারকে অধিক দেওয়া যুক্তিসিদ্ধ মনে করিয়াছি, অর্থাৎ সচরাচর স্থলে (২) অত্যন্ত অধিক হইলে উক্ত তালুকদার ত্রিশ ভাগের অনধিক ভাগ লইতে পারে। প্রসিদ্ধ জঙ্গলবুরী ঘোত স্থলে আমরা ব্যবস্থা করিয়াছি (১২ ধারা) যে, যে স্থলে আবাদ করিবার জন্য এক শত বিঘার অতিরিক্ত ভূমি এক দলীলে বন্দোবস্ত করা হইয়াছে এবং উহা লইবার সময় অর্দ্ধেকের অধিক অনাবাদী ছিল, কিন্তু পরে সমস্ত আবাদ হইতেছে, সে স্থলে প্রজার খাজানা এত দূর বৃদ্ধি করা যাইতে পারে না যে সরঞ্জামী খরচ বাদে অবশিষ্টের শতকরা বিশভাগ প্রজার লাভ না হয়। এবং বিচারপতিরা যেরূপ ন্যায্য ও যুক্তিসঙ্গত মনে করেন তদনুসারে শতকরা বিশটাকার অধিকও দেওয়াইতে পারেন। এই নূতন বিধান সকল পাছে হঠাৎ বিষম পরিবর্ত্তন উপস্থিত করিয়া লোকের কষ্ট উৎপাদন করে এই আশঙ্কায় নিম্ন লিখিত নিষেধ বিধি সকল যোজিত করিয়াছিঃ—(ক) বর্দ্ধিত খাজানা কোন স্থলেই পূর্ব্বদেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না; (খ) আদালত আদেশ দিতে পারেন যে এই খাজানা বৃদ্ধি ক্রমে ক্রমে কার্য্যকর হইবে, অর্থাৎ পাঁচবৎসরের অনধিককাল মধ্যে যতদিন বর্দ্ধিত খাজানার শেষ সীমায় উপস্থিত না হয় ততদিন বৎসর বৎসর অংশতঃ বৃদ্ধি হইবে; (গ) একবার খাজানা বৃদ্ধি হইলে পৈবস্তী ও শিকস্তী ভিন্ন উহা দশ বৎসরের মধ্যে আর পরিবর্ত্তিত হইবে না (পাণ্ডুলিপির ৯ ধারা)। আমরা সপষ্টরূপে বিধান করিয়া একটি সন্দিগ্ধ বিষয়ের সুব্যবস্থা করিয়াছি (৮ ধারা); সেইটি এই যে, যদি বিপরীতে কোন সপষ্ট চুক্তি না থাকে তাহা হইলে প্রত্যেক তালুকদার এবং পেটাও তালুকদার পৈবস্তীতে যোজিত জমীর অধিক খাজানা দিতে বাধ্য এবং শিকস্তীতে ক্ষয়িত জমীর খাজানা রেহাই পাইতে স্বত্ববান; খাজানা প্রতিরূপক রাজস্ব স্থলে গবর্ণমেণ্ট যে প্রণালীতে কার্য্য করা উচিত স্বীকার করিয়াছেন আমরা এস্থলে সেই প্রণালীর অনুসরণ করিতেছি; এই প্রণালী অনুসারে কার্য্য করাই বিচারসঙ্গত, যুক্তিসঙ্গত এবং বিবেক সম্মত। আমরা আর এক স্থলে, (১৮ ধারা) নির্দ্ধারিত হারে ভূমি ভোগ করিতে স্বত্ববান রায়তদিগের সম্বন্ধেও উক্ত প্রণালী অবলম্বন করিয়াছি। যে ভূমি হইতে ভূম্যধিকারী ও প্রজা উভয়েরই আংশিক লাভ হয় সে ভূমি যখন তিরোহিত হইয়াছে তখন প্রজা আপনার অংশ তো পায়ই না; উহার উপর তাহাকে জমীদারের অংশ দিতে বাধ্য করা নিতান্ত অযৌক্তিক বলিয়া বোধ হয়; এরূপ করিলে জমীদার সেলামী (প্রিমিয়ম) না দিয়া ইন্‌সিওরান্সের সকল সুবিধা ভোগ করেন। তাহার পর যে পরের নিকট সুবিচার প্রত্যাশা করে, পরের প্রতিও তাহার সুবিচার করা যুক্তিসঙ্গত; অতএব যে প্রজা ভূমি তিরোহিত হওয়া প্রযুক্ত খাজানার দায় হইতে নিষ্কৃতি পাইয়াছে, যোতে ভূমি যোজিত হইলে খাজানা দেওয়াও তাহার পক্ষে উচিত। আমাদের আলোচ্য বিষয়ের আর এক অংশে আমরা তালুকদার ও পেটাও তালুকদারদিগের খাজানা বৃদ্ধির বিষয় পুনরালোচনা করিব।

৫২। আমাদের আলোচ্য বিষয়ের এই অংশের দ্বিতীয় শাখা অর্থাৎ দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের খাজানা বৃদ্ধি বিষয়ে উপস্থিত হইয়া অনেক রীতিমত বিবেচনার পর বর্ত্তমান আইনে যে সকল খাজানা বৃদ্ধির কারণ দৃষ্ট হয় তাহাই সারতঃ বজায় রাখাই স্থির বিবেচনা করিয়াছি; কিন্তু বিগত বিশ বৎসরের মধ্যে আমরা যে নূতন অভিজ্ঞতা লাভ করিয়াছি তদনুসারে যাহাতে পূর্ব্ব কারণ সকল বিশদ হয় এবং যাহাতে তল্লিপ্ত লোকের পক্ষে উহা শীঘ্র বোধগম্য হয় তাহা করিবার চেষ্টা করিয়াছি। বিশদ ও বোধগম্য করিবার জন্য আমরা দ্বিতীয় কারণটিকে ভাঙ্গিয়া দুইটি করা সুবিধা বোধ করিয়াছি; পাণ্ডুলেখ্যের ২২ দ্বাবিংশ ধারায় উক্ত কারণ সকল যে রীতিতে পর পর লিখিত হইয়াছে তাহা এই :—

দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধির কারণ সকল যাহা ছিল তাহাই রহিল; কেবল কিছু উন্নতি করিবার চেষ্টা হইল মাত্র।

(১) সেই প্রকারের তুল্যরূপ সুবিধাবিশিষ্ট নিকটবর্ত্তী ভূমির সেই শ্রেণীর রায়তদের দেয় প্রচলিত হার অপেক্ষা কোন রায়তের খাজানার হার কম;

(২) পূর্ব্বে যে পরিমাণ ভূমির জন্য খাজানা প্রদত্ত হইত জরীপদ্বারা রায়তের ভোগকৃত ভূমি তদধিক বলিয়া সপ্রমাণ হইয়াছে;

(৩) যখন খাজানা নির্দ্ধারিত হইয়াছিল সেই সময় বা তাহার পরবর্ত্তী কোন সময়ের ভূমির উৎপাদিকা শক্তির তুলনায় রায়তের খরচা এবং চেষ্টা ব্যতীত এবং অস্থায়ী বা আকস্মিক মাত্র নহে এরূপ কারণবশতঃ ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(৪) যখন খাজানা নির্দ্ধারিত হইয়াছিল সেই সময় বা তাহার পরবর্ত্তী কোন সময়ে ঐ স্থানে অথবা নিয়মিত বিক্রয় স্থানে যে দর ছিল তাহার সহিত তুলনায় যদি উৎপন্নের দর, রায়তের খরচা এবং চেষ্টা ব্যতীত অস্থায়ী বা আকস্মিক মাত্র নহে এরূপ কোন কারণে, বৃদ্ধি হইয়াছে;

এই সকল কারণের মধ্যে প্রথমটি বর্ত্তমান আইনের প্রথম কারণের সহিত সমান; দ্বিতীয়টি তৃতীয়ের সহিত

---

(২) জষ্টিস্ লিণ্ডিজ সাহেব, ১০ দশ আইনের উপর তাঁহার যে মিনিট আছে তাহাতে এক মোকদ্দমার কথা লিখিয়াছেন, সে মোকদ্দমায় দুই তৃতীয়াংশ (মোট আদায়ের বা সরঞ্জামীবাদ আদায়ের তাহা তিনি বলেন নাই) ভূম্যধিকারীকে দেওয়া হইয়াছিল এবং অবশিষ্ট মধ্যবর্ত্তী লোককে দেওয়া হইয়াছিল। যদি সরঞ্জামীবাদ আদায় ধরিয়া হিসাব করা হইয়া থাকে তবে শতকরা দশ টাকা যদি সরঞ্জামী খরচ হয় তাহা হইলে মধ্যবর্ত্তী লোক শতকরা ত্রিশ টাকা মাত্র পাইল। ১০০—২ (১০০—৯—১০)—১০।

সমান; তৃতীয় এবং চতুর্থ এই দুইটি দ্বিতীয়ের সমান। উপরে যেরূপ পর পর লিখিত হইয়াছে সেই ক্রমানুসারে আমরা কিছু কিছু মন্তব্য প্রকাশ করিব।

খাজানা বৃদ্ধির প্রথম কারণ যে দত্ত খাজানা চলিত হারের অপেক্ষা অল্প। ইহাতে কোন গোলযোগ নাই।

৫৩। প্রথম কারণে আমরা "চতুষ্পার্শ্বস্থ ভূমির" পরিবর্ত্তে "নিকটবর্ত্তী" এই কথাটি ব্যবহার করিয়াছি; আমরা বিবেচনা করি যে যে পরিমিত ভূমি হইতে প্রমাণের উপাদান সংগৃহীত করিতে হইবে তাহা যত বিস্তৃত হইবে ততই প্রমাণের সুবিধা হইবে। সেই শ্রেণীর রায়ত উহার অর্থ নির্ণয়ার্থ অনেকগুলি উদাহরণ যোগ করিয়াছি; অন্য অন্য সম্বন্ধে খাজানা বৃদ্ধির এই কারণটিতে বিশেষ গোলযোগ নাই। যে সকল মোকদ্দমার বিষয় লিপিবদ্ধ আছে তাহাতে এই কারণ সম্বন্ধে কোন রূপ সংশোধন যে বিশেষ আবশ্যক তাহা বোধ হয় না। দেশের কোন অঞ্চলের সেই শ্রেণীর প্রজাদিগের মত প্রচলিত হার পরগণার হার মামে অনেক দিন পর্য্যন্ত লোকের নিকট বিশেষ পরিচিত। যে স্থলে এরূপ হারের কথা লোকে জানে এবং তদনুসারে কার্য্য করে সে স্থলে অন্য কোন গোলযোগের বিশেষ কারণ না থাকিলে প্রজাকে সেই হার দেওয়াইবার জন্য জমীদারকে প্রায় আদালতে যাইতে হয় না। বিবাদ এবং মোকদ্দমার মূল এস্থলে নিহিত নহে। যখন জমীদার কোন এক জন রায়তকে অন্য অন্য রায়তদের সহিত সমান করিয়া তুলিতে চাহেন তখন সাধারণ লোকের মত প্রায়ই তাঁহারই অনুকূল হয়; কারণ অন্যান্য দেশের ন্যায় বাঙ্গালাতেও মানুষের স্বভাব এই যে সমাজের মধ্যে এক জন কোন বিশেষ সুবিধা ভোগ করিলে অপরেরা তাহা দেখিতে পারে না। যখন প্রতিবেশীদের মধ্যে কাহারও অবস্থা উন্নত হওয়ায় সাম্যভঙ্গ হয় তখন সেই সাম্য পুনঃ সংস্থাপিত হইলে লোকের আমোদ হয়; অতএব সে স্থলে কোন বিবাদের সম্ভাবনা নাই। কিন্তু যখন জমীদার সমস্ত প্রজার খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা করেন, যখন সকলে সাধারণ বিপদের আশঙ্কায় আশঙ্কিত হয় তখনই গ্রামস্থ সমস্ত লোক সাধারণ শত্রুর বিরুদ্ধে একযোগ হয় এবং আত্মরক্ষার্থ একবাক্য হয়, সে সময় আইনে অনুমোদিত খাজানা দিতে বাধ্য করিবার কোন উপায় ব্যতিরেকে জমীদারের কৃতকার্য্য হইবার কোন আশা থাকে না।

জরীপ করিয়া রায়তের দখলে অধিক জমী আছে প্রমাণ হইলে সেই কারণবশতঃ খাজানাবৃদ্ধি হইবার কথা। ইহা প্রকৃত প্রস্তাবে খাজনা বৃদ্ধি করা নহে। এই নিয়মের স্থল সকল দুই ভাগে বিভক্ত।

৫৪। দ্বিতীয় কারণটিকে খাজানা বৃদ্ধির কারণ বলা আমাদের মতে ভুল; যদি রায়ত যে পরিমাণ ভূমি ভোগ করে ওঁঘোতার জন্য খাজানা দেয়, জরীপদ্বারা ভূমির পরিমাণ তাহা অপেক্ষা অধিক বলিয়া সপ্রমাণ হয় এবং যদি অতিরিক্ত ভূমির জন্য অধিক খাজানা দিতে বাধ্য করা হয়, তাহা হইলে তাহার খাজানা বর্দ্ধিত করা হইল সত্য, কিন্তু খাজানার হার বর্দ্ধিত হইল না। খাজানা বৃদ্ধি শব্দ শেষোক্ত রূপ হারের বৃদ্ধিতেই পর্য্যাপ্ত হওয়া উচিত। এই কারণে যে সকল মোকদ্দমা হয়, তাহা মূলতঃ দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে; প্রথম যে স্থলে রায়ত জমীদারের খালী এবং অনাবাদী জমী ক্রমে ক্রমে আপন যোতভুক্ত করিয়া লইয়াছে এবং এই রূপে অনুচিত উপায়ে আপনার যোত বৃদ্ধি করিয়াছে; দেশের যে সকল অংশে অনেক দিন হইতে বন্দোবস্ত চলিয়া আসিতেছে, যেখানে কোন অনাবাদী জমী নাই অথবা অল্প আছে, যেখানে আইল অর্থাৎ প্রায় এক হাত উচ্চ মাটির বাঁধের দ্বারা ক্ষেত সকল এক প্রকার চিহ্নিত হইয়াছে, এবং যেখানে প্রত্যেক ক্ষেত্রের এক এক জন অধিকারী আছে এবং লোকে তাহাকে জানে, সে সকল স্থানে এরূপ যোতভুক্ত করার স্থল অতি বিরল। কিন্তু যে সকল জায়গায় লোক অল্প, যেখানে এখানে একটু, ওখানে একটু করিয়া চাষ করা হয় এবং সেখানে অধিকাংশ ভূমি অনাবাদী এবং পতিত থাকে সে স্থলে এরূপ যোত ভুক্ত করণের সুবিধা এবং লোভ অত্যন্ত অধিক; সুতরাং সে খানে এরূপ মোকদ্দমাও অত্যন্ত অধিক। দ্বিতীয়তঃ যে স্থলে বাস্তবিক অধিক জমী যোতভুক্ত করা হয় নাই অথচ জমীদার খাজানা বৃদ্ধি পাওয়া উচিত বিবেচনা করিয়া এবং তাহা পাইবার অন্য উপায় না দেখিয়া জমী জরীপ করিয়া অথবা জরীপের ভয় দেখাইয়া খাজানা বৃদ্ধি করিতে চাহেন। মানদণ্ডের কি দৈর্ঘ্য হওয়া উচিত তাহা লইয়া বিবাদ হয়, জমীদার আপনার ইচ্ছামত দণ্ডের দ্বারা জরীপ করিয়া আপনার যাহাতে সুবিধা হয় সেই মত বিবাদ মিটাইবার চেষ্টা করেন অথবা জরীপকারী আমীনের যে সকল জুয়াচুরীর মতলব আছে তাহার উপর নির্ভর করিয়া প্রজা অতিরিক্ত ভূমি দখল করিতেছে প্রমাণ করিবার চেষ্টা পান। যে স্থলে জমীদার ভদ্রলোক এবং এরূপ জুয়াচুরী করিতে চাহেন না সে স্থলে আমলারা জরীপ করিয়া বিলক্ষণ লাভ করিয়া লয়; যে রায়ত টাকা দিয়া আমলাদিগকে সন্তুষ্ট করিতে অস্বীকার করে, সে দেখিতে পায় জরীপ চিঠায় তাহার যোতের পরিমাণ অনেক বাড়িয়া গিয়াছে; যদি সে যথেষ্ট পরিমাণে টাকা দিতে পারে তাহা হইলে উক্ত পরিমাণ কম লেখাইতেও তাহার কষ্ট হয় না। সর্ব্বত্র কিছু বিঘা প্রতি হিসাব করিয়া খাজানা দেওয়া হয় না, জমা এবং যোত নির্ণয়ের সচরাচর প্রথা এই যে মোটামুটি এত বিঘা জমী এই টাকায় দেওয়া গেল। এরূপ স্থলে জমীদার এরূপ মোটামুটি লেখাকে সূক্ষ্ম বলিয়া মনে করিয়া খাজানার হার হিসাব করেন এবং যখন দেখেন যে যোতের অতিরিক্ত ভূমি আছে তখন ঐ অতিরিক্ত ভূমির জন্য অধিক খাজানা চাহিয়া বসেন; লিখিত পাট্টা কবুলিয়ত না থাকায় অনেক স্থলে খাজানা বৃদ্ধি করা মনে করিলেই সম্ভব হয়। আমরা কতকগুলি উদাহরণদ্বারা এরূপ স্থলের ব্যবস্থা করিবার চেষ্টা করিয়াছি। লোকে যে ফল লাভ করিবার জন্য আইনের এই অংশের বৈপরীত্য করিতে চাহে আইনসঙ্গত কারণ বশতঃ আইনসঙ্গত উপায়দ্বারা সেই ফল লাভ হইবার ব্যবস্থা করাই বৈপরীত্য করণ নিবারণের উৎকৃষ্ট উপায়।

ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে বলিয়া খাজানা বৃদ্ধির কথা; কাহার চেষ্টায় বৃদ্ধি হইয়াছে বিবেচনা করা আবশ্যক।

৫৫। খাজানার হার বৃদ্ধি করিবার তৃতীয় কারণ এই যে, ভূমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি হইয়াছে। এরূপ উৎপাদিকাশক্তির বৃদ্ধি তিন রূপে হইতে পারে (১) রায়তের খরচে ও চেষ্টায়, (২) জমীদারের খরচে ও চেষ্টায় এবং (৩) এ উভয়ের কাহারও পরিশ্রম বা চেষ্টা ব্যতিরেকে। "রায়তের চেষ্টা ও খরচ ব্যতিরেকে অন্য প্রকারে" এই কয়টী কথার ফল এই যে প্রথম স্থলে রায়ত খাজানা বৃদ্ধি দিতে বাধ্য নহে। যদি রায়ত তাহার যোতের উন্নতি করিয়া থাকে এবং যদি সে নিজ পরিশ্রমে বা নিজের টাকা খরচ করিয়া ভূমিকে সমধিক ফলোৎপাদিকা করিয়া থাকে তাহা হইলে এরূপ উন্নতির সমস্ত ফলই সেই উপভোগ করিবে আর কেহ তাহার অংশী হইবে না। এই প্রকারে যে উন্নতি সম্পাদন করে তাহাকেই উন্নতির ফল ভোগে নিশ্চিত অধিকারী করিয়া আইনে মিতব্যয়িতা ও পরিশ্রমের উৎসাহ প্রদান করে। দ্বিতীয় ও তৃতীয় প্রকারের উন্নতি সম্বন্ধে বর্ত্তমান আইনে কোন প্রভেদ করে না। ঐ দুই প্রকারের উন্নতি হইলেই আইনে সমস্ত অতিরিক্ত উপস্বত্ব জমীদারকে দেয়। কেবল যে স্থলে দেশাচারানুযায়ী খাজানা চলিয়া আসিতেছে সে স্থলে সমস্তটা জমীদার পান না, কারণ পূর্ব্বে খাজানা

সম্বন্ধে যে এক প্রকাণ্ড মোকদ্দমা হইয়া গিয়াছে তাহাতে আংশিক গুরুত্বের ব্যবস্থা হইয়াছিল। আমাদের পাণ্ডুলিপিতে (২৩ ধারা) আমরা দ্বিতীয় প্রকারের উন্নতিজনিত সমস্ত উপস্বত্বই ভূম্যধিকারীকে দিয়াছি। প্রথম প্রকারের উন্নতিতে রায়তকে দিবারও যে কারণ দ্বিতীয় প্রকারের উন্নতিতে ভূম্যধিকারীকে দিবারও ঠিক সেই কারণ। যে স্থলে ভূম্যধিকারীর নিজের খরচে ও পরিশ্রমে উন্নতি হইয়াছে সে স্থলে সমস্ত অতিরিক্ত উপস্বত্ব তাঁহাকে দেওয়া মত কেন ন্যায়সঙ্গত হউক না কিন্তু তাহা বলিয়া যে স্থলে তিনি কিছুই করেন নাই, অতিরিক্ত উপস্বত্ব লাভের জন্য তাঁহার একটী পয়সাও ব্যয় হয় নাই সেরূপ স্থলে অর্থাৎ তৃতীয় প্রকারের উন্নতি স্থলে তাঁহাকে সমস্ত অতিরিক্ত উপস্বত্বভাগী করা কত দূর ন্যায়সঙ্গত তাহা আমরা বলিতে পারি না। এরূপ উন্নতি করণ বিষয়ে রায়ত ও ভূম্যধিকারী কাহারও কোন হাত নাই। দু জনেই সমান স্থলে দণ্ডায়মান। এরূপ অবস্থায় যদি ভূমিতে রায়তের কোন রূপ স্বত্ব আছে স্বীকার করা যায়, ভূম্যধিকারীর মত ভূমিতে তাহারও স্বার্থ আছে স্বীকার করা যায় তাহা হইলে লোকে অনায়াসে জিজ্ঞাসা করিতে পারে, যে বহিশ্চর কারণ বশতঃ, উভয়ের মধ্যে কাহারও ক্ষমতা ও চেষ্টাব্যতিরেকে সাধারণ সম্পত্তিতে যে উন্নতি সংসাধিত হইয়াছে তাহাতে উভয়েই কেন তুল্যরূপ অংশী না হইবে? উপরি উক্ত যুক্তি ন্যায়ানুগত বিবেচনা করিয়া, আমরা এরূপ স্থলে অতিরিক্ত উপস্বত্ব ভূম্যধিকারী ও প্রজাকে সাধারণতঃ সমান ভাগ করিয়া দেওয়া ন্যায় ও যুক্তিসঙ্গত স্থির করিয়াছি। কিন্তু যখন ঐ অতিরিক্ত উপস্বত্ব পুরাতন খাজানার অপেক্ষা অধিক হয় তখন আমরা পূর্ব্বে যে কয়েকটি নিষেধবিধি ব্যবস্থা করিয়াছি তাহার একটি অর্থাৎ বর্দ্ধিত খাজানা পুরাতন খাজানার দ্বিগুণ হইবে না, এই নিয়ম অনুসারে রায়ত অর্দ্ধেকের অধিক উপস্বত্ব পাইতে পারে (পাণ্ডুলিপির ২৩ ধারার ঋ প্রকরণ)। কতটুকু অতিরিক্ত হইয়াছে স্থির করিতে হইলে তুলনার প্রয়োজন, এ জন্য অতীত কালে কোন একটি সময়ের সহিত বর্ত্তমানের তুলনা করিতে হইবে। এই বিষয়ের জন্য কোন বিশেষ নিয়ম না থাকায় সময়ে সময়ে অত্যন্ত গোলযোগ উপস্থিত হয়, এজন্য আমরা ব্যবস্থা করিয়াছি যে যে সময়ে ভূমির খাজানা সর্ব্ব প্রথম স্থির করা হইয়াছিল অথবা তাহার পরবর্ত্তী যে কোন সময়ের সহিত বর্ত্তমান অর্থাৎ বর্দ্ধিত উৎপাদিকা শক্তির তুলনা হইতে পারিবে। এই নিয়মের প্রথম অংশের জন্য কোন ব্যাখ্যা বা সমালোচনা প্রয়োজন করে না; প্রথম খাজানা নির্দ্ধারিত হইবার সময় ভূমির যে উৎপাদিকা শক্তি ছিল, বর্ত্তমান কালের উৎপাদিকা শক্তির সহিত তাহার তুলনায় উভয় পক্ষেরই সুবিধা। কিন্তু এই নিয়ম সর্ব্বত্র খাটিতে পারে না; সুতরাং এই একমাত্র নিয়ম অবলম্বন করিলে আমরা যে যুক্তি অনুসারে কার্য্য করিতেছি তাহার কার্য্যকারিতা অতি অল্প হয়; কারণ অধিকাংশ স্থলে খাজানা নির্দ্ধারণ সময়ে ভূমির কি উৎপাদিকা শক্তি ছিল স্থির করিবার উপায় নাই। হয় তো খাজানা নির্দ্ধারণ এত কাল হইয়া গিয়াছে যে সে সময়ের কোন লোকই জীবিত নাই, সুতরাং তাহার সাক্ষ্য নাই; সময়ে সময়ে এরূপ সাক্ষ্য মিলিতে পারে কিন্তু তাহাতে কিছুমাত্র বিশ্বাস করা যায় না; কারণ উহা কেবল মুখের কথামাত্র; বহুকাল পরে সাক্ষ্য দেওয়া হইতেছে; আবার যে বিষয়ের জন্য সাক্ষ্য দেওয়া হইতেছে সে বিষয়ে সে সময়ে কেহই মনোযোগ করে নাই; সুতরাং এরূপ সাক্ষ্য অতি অকিঞ্চিৎকর। এরূপ স্থলে যদি তুলনা করার প্রথাই প্রচলিত করিতে হয় তাহা হইলে সর্ব্ব প্রথম যে সময় খাজানা স্থির করা হইয়াছিল তাহার পরবর্ত্তী কোন সময়ের সহিত বর্ত্তমানের তুলনা আবশ্যক বোধ হয়। যদি এরূপ পরবর্ত্তী সময়ের উৎপাদিকা শক্তি প্রথম খাজানা অবধারিত হইবার সময়ের শক্তি অপেক্ষা অল্প হয় তাহা হইলে হিসাবে রায়তের লোকসান্ হইবে; কারণ তাহা হইলে সর্ব্বপ্রথম সময়ের সহিত তুলনা করিলে যেরূপ হইত অতিরিক্ত উৎপন্ন তাহা অপেক্ষা অধিক হইয়াছে বলিয়া প্রতিপন্ন হইবে। কিন্তু আর এক দিকে যদি এরূপ পরবর্ত্তী সময়ের উৎপাদিকা শক্তি প্রথম খাজানা নির্দ্ধারণ করিবার সময়ের অপেক্ষা অধিক হয় তাহা হইলে অতিরিক্ত উৎপন্ন যথার্থ অতিরিক্ত উৎপন্ন অপেক্ষা অল্প বলিয়া প্রতিপন্ন হইবে এবং জমীদারের লোকসান হইয়া প্রজার লাভ হইবে। কিন্তু কার্য্যে যত দূর দেখা যায় তাহাতে অধিকাংশ স্থলে অধিক পরিমাণে এই রূপ কোন দুর্ঘটনা ঘটিবে কিংবা উভয় পক্ষের কাহারও অধিক হানি হইবে বোধ হয় না। আমাদের সকলের মত এই যে যে স্থলে ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি বলিয়া খাজানা বৃদ্ধির অনুমতি হয় সে স্থলে উক্ত বৃদ্ধি যে সকল কারণ বশতঃ ঘটিয়াছে সেই সকল কারণ চিরস্থায়ী হইবার যুক্তিসঙ্গত ভরসা থাকা উচিত; উহা যেন অস্থায়ী বা আকস্মিক না হয়; আমরা খাজানা বৃদ্ধির এই কারণ প্রদর্শন স্থলে এই মর্ম্মের কথা যোজনা করিয়াছি।

অতীতের মধ্যে কোন সময়ের সহিত অস্থায়ী বা আকস্মিক তুলনা হইবে।

উৎপাদিকা শক্তির বৃদ্ধির কারণ অনিত্য ব অস্থায়ী হওয়া উচিত নহে।

৫৬। খাজানা বৃদ্ধির চতুর্থ কারণ এই যে. উৎপন্নের মূল্য বৃদ্ধি হইয়াছে। আমাদের বোধ হয় যে খাজানা বৃদ্ধির এই হেতু, জমীর উৎপাদিকা শক্তির বৃদ্ধি নিবন্ধন উৎপন্নের পরিমাণ বৃদ্ধি হইতে সম্পূর্ণ বিভিন্ন। এই জন্য আমরা এই দুই হেতুকে সম্পূর্ণরূপে স্বতন্ত্র করিয়াছি। চতুর্থ হেতুর উল্লেখ কালে আমরা প্রথমতঃ "মূল্য" শব্দের পরিবর্ত্তে অর্থ মূল্যব্যঞ্জক "দাম" শব্দ ব্যবহার করিয়াছি, এই "মূল্য" শব্দে অর্থমূল্য ভিন্ন অন্যান্য মূল্যও বুঝায়। আমরা ১৮৫৯ সালের দশ আইনপ্রণেতৃগণের অভিপ্রায় যত দূর বুঝিয়াছি তাহার কিছুমাত্র পরিবর্ত্তন না করিয়া কেবল ভাষাকে এই রূপে অধিক সূক্ষ্ম করিয়াছি। গত বিশ ত্রিশ বৎসরের মধ্যে এতদ্দেশীয় কৃষিজাত উৎপন্নের দাম বহুল পরিমাণে বর্দ্ধিত হইয়া উঠিয়াছে। দুইটী প্রধান কারণ বশতঃ ঐ বৃদ্ধি হইয়াছে। প্রথমতঃ, যদিও কোন দেশের মুদ্রার জন্য ব্যবহৃত মহার্ঘ ধাতুর আপেক্ষিক মূল্য একই থাকে, তথাপি যে পরিমাণে অধিবাসীদের সংখ্যা বর্দ্ধিত হইতে থাকে এবং যে পরিমাণে উন্নতি সাধন হইতে থাকে, সেই পরিমাণে কৃষিজাত উৎপন্নের অর্থমূল্য বা দাম দ্বিগুণ ২ বৃদ্ধি প্রাপ্ত হয়। (*) গত এক শতাব্দী ধরিয়া বঙ্গদেশের সর্ব্বত্র শান্তি বিরাজ করিতেছে এবং

উৎপন্নের মূল্যবৃদ্ধি হেতুক খাজানা বৃদ্ধি।

(*) অর্থব্যবহারবিৎ পণ্ডিতেরা এই কথা বলেন যে উন্নতিশীল সমাজে লাভ ও সুদের হার যেমন হ্রাসাভিমুখ হয় তেমনি খাজানা (অর্থাৎ তাঁহারা যে অর্থে "খাজানা" শব্দ ব্যবহার করেন) নিরন্তর বৃদ্ধিপ্রবণ হয়, বাস্তবিক ধন ও অধিবাসিসংখ্যা বৃদ্ধি হইলে তৎসঙ্গে২ খাজানা ও বৃদ্ধি হইয়া থাকে। মিলের অর্থ ব্যবহারের প্রথম ভাগের ৩৮৬ পৃষ্ঠা দেখ; ভিন্ন২ দেশের ভূমি বিলির প্রণালী, ২২১ পৃষ্ঠা। যে দেশে মূল ধনীকে ইজারা দিবার পদ্ধতি আছে, সে দেশে লাভ ও সুদের প্রচলিত হার কিছু পড়িলেই খাজানা বাড়িবে। কিন্তু এই কারণ ব্যতিরেকেও, উন্নতিশীল সমাজে খাজানা বৃদ্ধি হইয়া থাকে। উন্নতিপর অধিবাসিগণ খাদ্যের অধিকতর আবশ্যকতা সৃষ্টি করে, সুতরাং দাম বাড়ে।

মূল্যবৃদ্ধির সমালোচনা।

সেই জন্য গত শতাব্দী মধ্যে বঙ্গদেশে সর্ব্বপ্রকার ও অতি শীঘ্র২ উন্নতি সাধিত হইয়াছে। অধিবাসী-সংখ্যা বৃদ্ধি হইয়াছে। একেত স্বল্প এই দেশেরই আবশ্যকতা দিন২ বর্দ্ধিত হওয়াতে মূল্যের তারতম্য হইতেছে তাহার উপর বিশাল এবং দিন২ বর্দ্ধমান রপ্তানী ব্যবসায়ে এ দেশস্থ দ্রব্যজাত বিদেশীয়দিগের প্রয়োজন হওয়াতে মূল্যের আরও পরিবর্ত্তন ঘটিতেছে। দ্বিতীয়তঃ অত্রত্য মুদ্রা রৌপ্য নির্ম্মিত এবং রৌপ্যের আপেক্ষিক মূল্য ক্রমেই কমিতেছে। সুতরাং উৎপন্নের দাম বা অর্থমূল্য বাড়িয়া গিয়াছে। আমাদিগের মতে উপরোক্ত কারণদ্বয় নিবন্ধন দাম বৃদ্ধির অংশ ভূম্যধিকারীরও পাওয়া উচিত। উক্ত কারণদ্বয়ের প্রত্যেকের ফল স্বতন্ত্র নির্দ্দেশ করা এবং প্রত্যেকের জন্য কত বৃদ্ধি হইয়াছে তাহা গণনা করা সম্ভব নহে। সে যাহা হউক, আমাদের বিবেচনায় প্রত্যেক কারণ হইতে উদ্ভূত লাভে ভূম্যধিকারির অংশ পাওয়া উচিত। প্রথম হেতু অর্থাৎ সমাজের সাধারণ উন্নতিদ্বারা ভূমি অধিক মূল্যবান্ হইয়া উঠে খাদ্যোৎপাদনে নৈসর্গিক সাধনস্বরূপ মূল্য বৃদ্ধি যদি রাজসাৎ না হয় এবং চিরস্থায়ী বন্দোবস্তের ফল এই যে উহা রাজসাৎ হইবে না তবে, ভূমিতে যে স্বার্থ থাকিলে ভূমির স্বামিত্ব আছে বলা যায়, যাঁহারা আইনানুসারে সেই স্বার্থভোগে অধিকারী, তাঁহারাই সেই মূল্য-বৃদ্ধি পাইবেন। এক্ষণে বর্ত্তমান আইনানুসারে এতদ্দেশে ভূমির স্বামিত্ব জমীদার ও রায়ত উভয়ে পাইয়া থাকেন, শুদ্ধ রায়ত পান না। অতএব, যে স্বার্থে স্বামিত্ব উৎপাদন করে সেই সম্পূর্ণ স্বার্থের অংশ যখন জমীদারের প্রাপ্য হইল, তখন সেই স্বার্থের পুষ্টিসাধক মূল্যবৃদ্ধির অংশ তাঁহার ও পাওয়া উচিত। দ্বিতীয় কারণের ফল এই যে, ইহাতে রৌপ্যরূপে দেয় খাজানার মূল্য, ভূম্যধিকারী টাকার বিনিময়ে যে কৃষিজাত দ্রব্য পাইতে পারেন তাহার সম্বন্ধে, কম হয়। অতএব রৌপ্যের আপেক্ষিক মূল্য কমিয়া যাইবার পূর্ব্বে ঐ টাকা যে পরিমাণ উৎপন্নের প্রতিরূপ হইত এক্ষণে তদপেক্ষা অনেক অল্প পরিমাণ উৎপন্নের প্রতিরূপ হয়। অতএব শুদ্ধ ন্যায়ের অনুরোধেও ভূম্যধিকারীর অর্থখাজানা এত বর্দ্ধিত করা উচিত যে, ইহা আদৌ খাজানা নির্দ্ধারণকালে যে পরিমাণ উৎপন্নের প্রতিরূপ ছিল এক্ষণেও সেই পরিমাণ উৎপন্নের প্রতিরূপ হয়। তৎপরে অন্যান্য বিবেচনাও আছে। প্রথম কারণ যে উপকার প্রসব করে তাহা, রায়ত যে পরিমাণ উৎপন্ন বিক্রয় করে বা বিনিময় করে সেই পরিমাণদ্বারা সীমাবদ্ধ। উৎপন্নের যে অংশ সে নিজের, স্বীয় পরিবারবর্গের ও গোমেষাদির আহারার্থ এবং বীজের জন্য সঞ্চয় করিয়া রাখে, দামবৃদ্ধি হেতুক সেই অংশ হইতে সাক্ষাৎ সম্বন্ধে কোন লাভ হয় না, কারণ তাহা বাজারে বিক্রয় করে না। প্রথম কারণ দ্বিতীয় কারণ হইতে এই অংশে বিভিন্ন এবং যদ্দ্বারা ভূমির বর্দ্ধিত উৎপাদিকাশক্তিলব্ধ অতিরিক্ত উৎপন্নটী নিষ্খরচায় লাভ বলিয়া বোধ হয়, বৃদ্ধির সেই তৃতীয় কারণ হইতে ও প্রথম কারণ এই অংশে বিভিন্ন। এই সমালোচনা দৃষ্টে স্পষ্টই বোধ হইবে যে, বৃদ্ধির এই হেতুর সমবায়ী উপাদান অতিশয় জটিল এবং উপরোক্ত বিচারের প্রতি দৃষ্টি করিলে উপলব্ধি হইবে যে, দামবৃদ্ধি নিবন্ধন লাভ কিরূপে বিভাগ করিয়া দিলে উভয়পক্ষের প্রতিই ন্যায় করা হইবে তাহা বলা সহজ নহে।

মূল্যবৃদ্ধি (১) রায়তের পরিশ্রমে, (২) ভূম্যধিকারীর পরিশ্রমে, (৩) উভয়ের কাহারও পরিশ্রম ব্যতিরেকে, হইতে পারে। প্রত্যেক স্থলের লাভ কে পাইবে।

৫৭। কিঞ্চিৎ বিবেচনা করিয়া দেখিলেই বোধ হইবে যে তৃতীয় হেতুস্থলের ন্যায় এস্থলেও নিম্নলিখিত কারণ দ্বারা মূল্যবৃদ্ধি ঘটিতে পারিবে; (১) রায়তের পরিশ্রম বা ব্যয় দ্বারা; (২) ভূম্যধিকারির পরিশ্রম বা ব্যয়দ্বারা; (৩) এই উভয়ের কাহারও পরিশ্রম বা ব্যয় ব্যতিরেকে। বর্ত্তমান আইনানুসারে প্রথমস্থলে রায়তের খাজনা বৃদ্ধি হইতে পারে না। রায়তের নিজের যত্নে যে মূল্যবৃদ্ধি হইয়াছে তাহার লাভ সে স্বয়ং পাইয়া থাকে। "রায়তের পরিশ্রম ও ব্যয় ভিন্ন অন্য উপায়ে" এই কয়টী শব্দের ফলও ঐরূপ এবং আমরা ইহার পরিবর্ত্তন করিতে চাহি না। আবার, যে স্থলে রায়ত শুদ্ধ নিজ পরিশ্রমে বা নিজ ব্যয়ে মূল্যবৃদ্ধি করিতে পারে, এরূপ স্থল অনুমান করাও সহজ নহে। পথকর বা পূর্ত্তকার্য্যকরের টাকা হইতে গতাগতির যে সুবিধা হইয়াছে তন্নিবন্ধন যত দূর মূল্যবৃদ্ধি সম্ভব তত দূর মূল্যবৃদ্ধির পক্ষে আমরা বিধান করিয়াছি যে উক্ত করদ্বয় রূপে রায়তকে বাৎসরিক যত টাকা দিতে হয় সেই টাকা রায়তের দেয় বাৎসরিক বর্দ্ধিত খাজানা হইতে বাদ যাইবে। দ্বিতীয় স্থলে অর্থাৎ যে স্থলে শুদ্ধ জমীদারের পরিশ্রমে মূল্যবৃদ্ধি হইয়াছে বা শুদ্ধ জমীদারের ব্যয়ে মূল্যবৃদ্ধি ঘটিয়াছে সে স্থলে শুদ্ধ জমীদারই সমস্ত লাভ পাইবে, ইহা আমাদের যুক্তিসিদ্ধ বোধ হইয়াছে। যে স্থলে জমীদার নূতন হাট খুলিয়াছেন এবং এই হাট ও নিজ মহালের ভূমির মধ্যে গমনাগমনের সুবিধা করিয়া দিয়াছেন সেই স্থলেই উপরোক্ত ঘটনা ঘটিয়াছে ধরিতে হইবে। তৃতীয় স্থলে অর্থাৎ যে স্থলে জমীদার বা রায়ত কাহারও দ্বারাই মূল্যবৃদ্ধি হয় না, কেবল সাধারণ কারণেই হইয়া থাকে এবং যে স্থল সর্ব্বাপেক্ষা অধিক সাধারণ, সেই স্থলে, বৃদ্ধির তৃতীয় হেতু নিবন্ধন উপস্থিত তুল্য স্থলে যে সমস্ত যুক্তির উল্লেখ করা গিয়াছে (৫৫ পারাগ্রাফ দেখ), সেই সমস্ত যুক্তি খাটিবে। এই বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করিতে আমরা যত দূর সমর্থ হইয়াছি তাহাতে আমাদের অধিকাংশেরই বোধ হইয়াছে যে ঐ অতিরিক্ত লাভ ভূম্যধিকারী ও প্রজার মধ্যে তুল্য অংশে বিভাগ করিয়া দেওয়া সর্ব্বাপেক্ষা ন্যায়সঙ্গত সাধারণ নিয়ম। শ্রীযুত মাকেঞ্জি ও ওকেনেলি সাহেবের ইচ্ছা এই স্থলে ও বৃদ্ধির তৃতীয় হেতু নিবন্ধন উপস্থিত তুল্য স্থলে উক্ত অতিরিক্ত লাভের দুই তৃতীয়াংশ রায়তকে এবং অবশিষ্ট এক তৃতীয়াংশ ভূম্যধিকারিকে দেওয়া হয়।

কোন্ ২ সময়ের এবং কোন্ ২ স্থানের মূল্যের সহিত তুলনা করিতে হইবে।

কোন্ জাতীয় শস্যের মূল্য মূল্যনিরূপণের ভিত্তিস্বরূপ গৃহীত হইবে।

৫৮। বৃদ্ধির তৃতীয় হেতু স্থলে উদাহৃত সমুদয় মন্তব্য, কোন্ অতীত সময়ের সহিত বর্ত্তমান সময়ের তুলনা করিতে হইবে তাহার প্রতি ও বৃদ্ধির কারণ শুদ্ধ, অস্থায়ি বা আকস্মিক না হইলে সেই কারণের প্রতি, খাটিবে। কোন্ বাজারের মূল্য ধরিয়া মূল্য নির্দ্ধারণ করিতে হইবে, এই সম্বন্ধে আমরা বিধান করিয়াছি যে সেই স্থানের চলিত মূল্য বা সাধারণ বাজারের মূল্য ধরিতে হইবে। স্থানীয় মহাজনদিগের নিকট হইতে, তাহাদের খাতা হইতে বা অন্য উপায়ে উক্ত মূল্যের বিশিষ্ট প্রমাণ পাওয়া উচিত। এই প্রমাণের সুবিধার জন্য আমরা বাৎসরিক মূল্যের তালিকা রাজকীয় কার্য্যকারকগণ কর্তৃক প্রস্তুত ও প্রচারিত হইবার বিধান করিয়াছি; ঐ তালিকার উদ্দেশ্য ও ব্যবহার পরে উল্লিখিত হইবে।

৫৯। এই প্রস্তাবের পূর্ব্বোক্ত অংশ সম্বন্ধে তৎপরে যে প্রশ্নের মীমাংসায় প্রবৃত্ত হওয়া গিয়াছে তাহা এই যে মূল্যনিরূপণার্থে কোন্ জাতীয় উৎপন্ন ধরিতে হইবে। ভূমিতে যত শস্য জন্মে সমুদায়েরই কি মূল্য নিরূপণ করিতে হইবে অর্থাৎ যে বিশেষ শস্যের উৎপাদনার্থে সবিশেষ যত্ন ও বিশেষরূপ কর্ষণ আবশ্যক এবং যে শস্য জিলার

অধিবাসিগণের নিত্য খাদ্যরূপে ব্যবহৃত হয় এই উভয়বিধ শস্যেরই কি মূল্য ধরিতে হইবে। ব্রিটিষ্ রাজ্যের পূর্ব্ব২ সময়ে এরূপ প্রথা ছিল যে কৃষিজাত শস্যের পরিবর্ত্তনের সঙ্গে ২ খাজানাও পরিবর্ত্তিত হইবে। ১৭৯৩ সালের ৮ আইনের ৫৬ ধারায় বিধান আছে যে "যে স্থানে ভূমিতে উৎপন্ন দ্রব্যানুসারে পাট্টা পরিবর্ত্তন করিবার চিরানুগত প্রথা আছে এবং যৎকালে প্রকৃত প্রস্তাবে ভূস্বামী, অধীনস্থ তালুকদার বা ইজারাদার, এবং তত্রত্য রায়তগণ স্বেচ্ছাপূর্ব্বক উক্ত প্রথার অনুবর্ত্তন করিতে চাহিবে, সে স্থলে ও তৎকালে তাহাদের সহিত কৃত নিয়মপত্রে নিম্নলিখিত বিষয় সকলের নির্দ্দেশ থাকিবে; অর্থাৎ ভূমির পরিমাণ, কোন্ জাতীয় শস্য, খাজানার হার ও খাজানার পরিমাণ, যত দিনের জন্য পাট্টা দেওয়া হইল সেই সময়, উৎপন্নের জাতি পরিবর্ত্তিত হইলে প্রথম পাট্টার অবশিষ্ট সময়ের জন্য কিম্বা তদধিক সময়ের চুক্তি হইলে সেই সময়ের জন্য নূতন নিয়মপত্র লিখিয়া দেওয়া হইবে এই শর্ত্ত, উক্ত নিয়মপত্রে উল্লিখিত হইবে; এবং কোন নূতন জাতীয় শস্য উৎপাদিত হইলে, উক্ত নিয়মপত্রানুসারে পূর্ব্ববৎ নির্দ্দেশ ও নিয়ম সমেত নূতন নিয়মপত্র লিখিত হইবে।" ইহা সহজেই বোধগম্য হইবে যে যথেচ্ছাচারী গবর্ণমেণ্ট বা অপেক্ষাকৃত অধিক যথেচ্ছাচারী অধীনস্থ কর্ম্মকারকগণ, ইতিপূর্ব্বে যত টাকা প্রজার নিকট হইতে আদায় হইত কি উপায়ে প্রজা তদপেক্ষা অধিক টাকা দিতে পারিবে, যত্নপূর্ব্বক তাহারই অনুসন্ধান করিত। যে স্থলে রাজপ্রাপ্য অংশ শস্যাদিরূপে গৃহীত হইত সে স্থলে বিশেষ শস্য উৎপাদনার্থে অধিকতর অর্থব্যয় ও যত্ন আবশ্যক হয় বিবেচনা করিয়া বিশেষ শস্যের পক্ষে অপেক্ষাকৃত অল্প অংশ লওয়া হইত। যেস্থলে রাজপ্রাপ্য অংশ টাকায় পরিবর্ত্তিত হইয়া গৃহীত হইত, সে স্থলে যে ভূমিতে বিশেষ শস্য জন্মিত তাহার উপর অতিশয় অধিক হারে খাজানা ধার্য্য হইত। প্রচুরপরিমাণে জাত মোট উৎপন্নের মূল্য ধরিয়া প্রায়ই উক্ত হার ধার্য্য হইত, সাধারণ শস্যোৎপাদনের খরচার তুলনায় অত্যন্ত অধিক খরচার উপর তত দৃষ্টি রাখা হইত না। উহার মধ্যে সুবৎসরে রায়ত খাজানা দিতে পারিত এবং বিলক্ষণ লাভ করিত। তৎপরে দুর্ব্বৎসর আসিত, হইতে পারে অন্যান্য বৎসর অপেক্ষা সে বৎসর রায়ত অধিক চাষ করিয়াছে, কাজেই তাহার সামান্য মূলধন বিলুপ্ত হইল কিন্তু তাহাকে অধিক হারে খাজানা দিতে হইবে এবং তজ্জন্য সম্ভবতঃ তাহাকে মহাজনের আশ্রয় লইতে হইল। বহুকালপর্য্যন্ত মহাজনের দাওয়া চলিয়া আসিতে লাগিল সুতরাং এই দুর্ব্বৎসর চিরকাল তাহার অন্তঃকরণে জাগরূক রহিল, কিন্তু সুবৎসরের স্মৃতি শীঘ্রই বিলুপ্ত হইল, কারণ সুবৎসরে রায়ত যৎকিঞ্চিৎ মাত্র বাঁচাইতে পারিয়াছিল হয় ত বা কিছুই বাঁচাইতে পারে নাই। এইরূপে বিশেষ শস্যোৎপাদনার্থে নিয়োজিত ক্ষেত্রে অতিরিক্ত হারে খাজানা ধার্য্য করায় কৃষিকার্য্যের উন্নতি উৎসাহ অভাবে হ্রাস হইত বা একবারেই বন্ধ হইত। উৎকৃষ্ট শস্যের উৎপাদনক্ষম, সুতরাং বিশেষ শস্যোৎপাদনের উপযোগী, ক্ষেত্রের উপর যে অতিরিক্ত হার ধার্য্য হইত বৎসর ২ প্রকৃত প্রস্তাবে যে বিশেষ ২ শস্য জন্মিত তাহার সহিত উক্ত হারের কোন সংস্রব থাকিত না;—এবং প্রতিবৎসর যে শস্য জন্মিত তাহা ধরিয়া যে অতিরিক্ত হার ধার্য্য হইত এই উভয় হারের প্রভেদ এস্থলে প্রদর্শন করা মন্দ নহে। শেষোক্ত হার পূর্ব্বোক্ত হার অপেক্ষা নিশ্চয়ই অনেক উচ্চতর এবং দুর্ব্বৎসরে এতন্নিবন্ধন লোকসান ও তাহার কারণ অধিক সুস্পষ্টরূপে লোকের অনুভব হইত। এই প্রভেদ, এবং সাক্ষাৎ সম্বন্ধে শস্যের উপর অতিরিক্ত হার ধার্য্য করিবার বিষময় ফল, লোকে বহুকাল পূর্ব্বে বুঝিয়াছে। ১৭৯২ সালের ১২ ই ডিসেম্বর তারিখের রাজস্বসংক্রান্ত বিজ্ঞাপনীতে গবর্ণমেণ্ট লিখিয়াছেন, "বর্ত্তমান সময়ে চিনি অধিক পরিমাণে আবশ্যক হইতেছে এবং তন্নিবন্ধন চিনির মূল্য বৃদ্ধি হইতেছে দেখিয়া, ইক্ষুর চাষে নিয়োজিত ভূমির খাজানা বৃদ্ধি করিবার জন্য পাছে কোন ভূম্যধিকারির লোভ হয় এবং পাছে এই অদূরদৃষ্টিসূচক আচরণে উৎসাহাভাবে ইক্ষুর চাষ কমিয়া যায় এবং তন্নিবন্ধন ইউরোপ ও এতদ্দেশমধ্যে এখন যে চিনির ব্যবসায় চলিতেছে তাহা বন্ধ হইয়া যায়, এই আশঙ্কায় ভূম্যধিকারিদিগকে, যে ভূমিতে ইক্ষু জন্মে তাহার খাজানা বৃদ্ধি নিষেধ করিয়া এক বিজ্ঞাপন দেওয়া যুক্তিসঙ্গত বলিয়া আমাদের বোধ হইল, কারণ ইহা যেমন এতদ্দেশীয় প্রথার বিরুদ্ধ তেমনি ভূম্যধিকারিগণের নিজের ও সমস্ত রাজ্যের স্বার্থের অনিষ্টকর।" তৎপরে ১৮৩৭ সালে ডাইরেক্টরগণ নিম্নলিখিত ভাবে লিখিয়াছেন, "মূল্য নিরূপণার্থে ভূমির উৎপাদিকা শক্তিই ভিত্তিরূপে গৃহীত হইবে, প্রকৃতপ্রস্তাবে ইহার উৎপন্ন ধরিয়া মূল্যনিরূপণ করিতে হইবে না। চাষ বৃদ্ধি করিবার ও কৃষকের নিজের উপকারী ও লাভজনক শস্য উৎপাদন করিবার জন্য কৃষককে সমধিক উৎসাহিত করিবার এই সর্ব্বোৎকৃষ্ট উপায়, এবং ইতিপূর্ব্বে একবার আমরা বলিয়াছি এবং এক্ষণেও আমাদের মত এই যে, এই প্রণালী পরিণামে রাজ্যের স্বার্থের অনিষ্টকর হইবে না।" অতএব বিশেষ শস্যোৎপাদনরূপ উৎকৃষ্ট গুণ বা শক্তি অনুযায়ি ভূমির যে শ্রেণীবিভাগ আপাততঃ প্রচলিত আছে তৎপ্রতি আমরা হস্তক্ষেপ করিতে চাহি না। কিন্তু যে মূল্যবৃদ্ধি হেতুক ভূমির খাজানা বৃদ্ধির বন্দোবস্ত হইবে, আমাদের বিবেচনায় সে স্থলে শুদ্ধ সাধারণ বা প্রচলিত শস্যের উপর দৃষ্টি রাখা কর্ত্তব্য। আমাদের বিবেচনায়, অন্য নিয়ম অবলম্বন করিলে নূতন ও দামী শস্যের উৎপাদনে লোকে শিথিলপ্রযত্ন হইয়া আসিবে এবং সেই কারণে কৃষিকার্য্যের উন্নতির পথ ও বন্ধ হইবে। কোন নির্দ্দিষ্ট ভূভাগের মধ্যে কোন্ জাতীয় শস্যকে প্রচলিত শস্য বলিয়া ধরা হইবে এই বিষয় রেবিনিউ বোর্ডকে মধ্যে ২ প্রচার করিবার অনুমতি দিলে, যে কোন নূতন জাতীয় শস্যের চাষ সম্পূর্ণরূপে ও সাধারণতঃ চলিত হইয়াছে, তাহাকেই প্রচলিত শস্য বলিয়া গণ্য করিবার সুবিধা হইবে। যে হেতু পান, তামাক, ইক্ষু এবং এতাদৃশ বিশেষ শস্য অল্পপরিমাণে ও কদাচিৎ জন্মে এবং ইহাতে বিশেষ যত্ন ও বিলক্ষণ অর্থব্যয় আবশ্যক হয়, সেই জন্য, আমাদের মতে, খাজানা বৃদ্ধির বন্দোবস্তকালে উহার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য নহে। আমাদের মতের পোষকতায় ইহাও বলা যাইতে পারে যে সাধারণ শস্য ধরিয়াই ইংলণ্ডে টাইদ্ বা দশমাংশ অর্থে পরিবর্ত্তিত হইয়াছিল এবং গোধূম, ওট ও যবকেই সাধারণ শস্য বলিয়া মনোনীত করা হইয়াছিল।

বিশেষ শস্যের বিষয় আলোচিত হইতেছে।

৬০। কোন্২ ভূম্যধিকারিরা খাজানা বৃদ্ধি করিতে পারিবে এই প্রশ্ন সম্বন্ধে, কেহ২ যে প্রস্তাব করিয়াছিলেন যে ইজারদারেরা তাহাদের ইজারার অন্তর্গত ভূমিভোগী রায়তগণের খাজানা বৃদ্ধি করিতে পারিবেন না, তাহা প্রথমে আমাদের বড় মনে লাগিয়াছিল। কিন্তু সবিশেষ পর্য্যালোচনা করাতে আমাদের মধ্যে অধিকাংশেরই এইরূপ বোধ হইল যে, যখন জমীদারের ভূস্বামিস্বার্থ কিয়ৎকাল বা চিরকালের জন্য আইনানুসারে পাট্টাবিলি করা যাইতে পারে, তখন যদিও জমীদার ঐ স্বার্থের কোন বিশেষ অংশ স্বেচ্ছাপূর্ব্বক অর্পণ করিতে চাহে তথাপি পাট্টা-

কোন্ ভূম্যধিকারী খাজানা বৃদ্ধি করিতে পারিবে তদ্বিষয়ক প্রস্তাব।

গৃহীতা উহা লইতে পারিবে না, একথা সম্পূর্ণ সঙ্গত নহে। তবে খাজানা বৃদ্ধির কার্য্যপ্রণালী প্রস্তাব করিতে গিয়া আমরা অসঙ্কোচে এই কথা বলিতে পারি যে যাহার স্বার্থ শেষ হইতে দশ বৎসরের ন্যূন কাল অবশিষ্ট আছে এরূপ শুদ্ধ পাট্টাদার চিরস্থায়ী স্বার্থযুক্ত ভূম্যধিকারির সহিত খাজানাবৃদ্ধি বিষয়ে তুল্য স্বত্ব পাইবে না। ইজারদারদিগকে খাজানা বৃদ্ধি করিবার ক্ষমতা দিবার জমীদারদিগের যে স্বত্ব আছে তাহা জমীদারদিগের নিকট হইতে কাড়িয়া লইলে, পূর্ব্বাবধি তাহাদের যাহা ছিল তাহাই কাড়িয়া লওয়া হইবে, চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভূস্বামির স্বার্থ যেরূপে চলিয়া আসিতেছিল তাহার অঙ্গহানি হইবে এবং যে সকল স্বত্ব কাহার উপর বর্ত্তিয়াছে তাহার সহিত বিরোধ ঘটিবে। কোন এক নূতন স্বত্ব দিতে হইলে, যে শ্রেণীহইতে কৃষক সম্প্রদায়ের কোন উপকার হয় না সেই শ্রেণীকে উহা যে কি জন্য দেওয়া যাইবে আমরা তাহার কোন যুক্তিযুক্ত কারণ দেখিতে পাইতেছি না।

৬১। আমাদের বিবেচনায়, যে সমস্ত প্রধান সারবান্ নিয়ম অনুসারে খাজানা বৃদ্ধি করিবার ব্যবস্থা করা উচিত তৎসমুদায় প্রদর্শন করা হইল। এক্ষণে ঐ সকল নিয়ম ব্যবহৃত হইলে যাহাতে উহার ফল কষ্টকর না হইতে পারে এই জন্য যে সমস্ত দমনোপায় প্রয়োগ করা কর্ত্তব্য বলিয়া আমাদের বোধ হইয়াছে এক্ষণে তদ্বিষয়ের পর্য্যালোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে। সর্ব্বপ্রথমেই বিধিবদ্ধ করা হইয়াছে, যে ক্ষেত্রের উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হইয়াছে বলিয়া কিম্বা মূল্য বৃদ্ধি হইয়াছে বলিয়া যদিও খাজানাবৃদ্ধির আদেশ করা যায় তথাপি কোন স্থলেই বর্দ্ধিত খাজানা পূর্ব্বদত্ত খাজানার দ্বিগুণের অধিক হইবে না। প্রায়ই এইরূপ ঘটিয়া থাকে যে, যে কারণ খাজানা বৃদ্ধির মূলভিত্তি সৃষ্টি করে তাহা ধীরে ২ অল্পে ২ কার্য্য করে এবং অল্পে ২ সেই বৃদ্ধি ভোগ করা কৃষকের অভ্যাস হইতে থাকে। যে দ্রব্য এত কাল ব্যবহার করিয়া আসিতেছে ও যাহা নিজস্ব বলিয়া জ্ঞান করিতে শিক্ষা করিয়াছে, তাহার অংশ ছাড়িয়া দেওয়া এবং নিজ ভূম্যধিকারিকে সমর্পণ করা, সেই অশিক্ষিত কৃষকের ন্যায় ব্যক্তির পক্ষে কত কষ্টকর, যে কৃষক ভুক্তপূর্ব্ব অতীত উপকার অপেক্ষা বর্ত্তমান ক্লেশই অধিক গণনা করে। যাহা কাড়িয়া লইলে তাহার মর্য্যাদার এবং প্রার্থনীয় স্বাচ্ছন্দ্যের গুরুতর পরিবর্ত্তন হইতে পারে, এরূপ অধিক তাহার নিকট হইতে সহসা কাড়িয়া লইলে, ক্ষতিবোধ জন্মে এবং এই ভাব যে আদৌ যুক্তির উপর সংস্থাপিত নহে তাহাও বলা যায় না। যদি কোন ইউরোপবাসিকে এইরূপ নোটিস্ দেওয়া হয় যে তিনি বরাবর বাটীর যে ভাড়া দিয়া আসিতেছিলেন দুই এক মাসের মধ্যে তাহার চতুর্গুণ ভাড়া দিতে হইবে, তবে তিনি মনে করেন ইহা বিষম কষ্টকর; আর যদি তাঁহাকে বাটী ছাড়িতে না দেওয়া হয় এবং ঐ চতুর্গুণ ভাড়া দিতে বাধ্য করা যায় তবে তিনি মনে করেন যে ইহা এক প্রকার আইনসঙ্গত অত্যাচার। রায়তকে ভূমি ইস্তফা না করিতে বাধ্য করা যায় না বটে কিন্তু সে ইহা পরিত্যাগ করিতে পারে না, কারণ ইহা তাহার একমাত্র জীবনোপায় এবং দুই এক মাস পূর্ব্বে নোটিস্ দিয়া কোন ইউরোপবাসিকে পূর্ব্বদত্ত ভাড়ার তিনগুণ বা চতুর্গুণ দিতে বাধ্য করিলে তাঁহার যেরূপ ক্ষোভ জন্মে, রায়তেরও সেইরূপ ক্ষোভ হয়। এই কারণে আমাদের বোধ হয় কোন রায়তেরই খাজানা লাফাইয়া দ্বিগুণের অধিক হইয়া না পড়ে ইহাই যুক্তিযুক্ত; এবং যেহেতু এমন অনেক স্থলও থাকিতে পারে যেখানে এই বর্দ্ধিত খাজানা দিতেও লোকের কষ্ট বোধ হইবে, সেইজন্য আমরা ক্রমিক বৃদ্ধির আদেশ দিয়াছি অর্থাৎ যত দিন না আদিষ্ট খাজানাবৃদ্ধি চরমসীমায় উপস্থিত হইবে তত দিন পাঁচ বৎসরের অনধিক কয়েক বৎসর ধরিয়া প্রতিবৎসর খাজানা ক্রমে ২ কিছু ২ বাড়িতে থাকিবে। খাজানা বৃদ্ধির যে চারি হেতু নির্দ্দেশ করা গিয়াছে, যে কোন স্থল তাহার অন্তর্গত হইবে, সেই সমস্ত স্থলেই আদালত বা কালেক্টর উপযুক্ত জ্ঞান করিলে, ক্রমিক বৃদ্ধি হইতে পারিবে এই আদেশ করিতে পারিবেন। তৃতীয় ও চতুর্থ হেতু স্থলেই দ্বিগুণকে আমরা খাজানাবৃদ্ধির চরমসীমা বলিয়া নির্দ্দেশ করিয়াছি। যদি কোন রায়ত তাহার ভূমির জন্য প্রচলিত হার অপেক্ষা অল্প হার দিয়া আসে কিম্বা যদি খাজানা না দিয়া অতিরিক্ত ভূমি চাপিয়া লয় এবং চাষ করিতে থাকে, তবে এমন অবস্থাও ঘটিতে পারে যে অবস্থায় খাজানা হঠাৎ অধিক বৃদ্ধি করিলে তাহা দেওয়া সেই রায়তের পক্ষে অতিশয় কঠিন হইবে, হয় ত বা তাহা দিতে সে একেবারে অশক্ত হইবে, সুতরাং এ অবস্থায় রায়তের যত টাকা দেওয়া উচিত ক্রমে ২ বাড়াইয়া তত টাকায় আনিলে, সকল দিক্ বজায় থাকিতে পারে। কিন্তু এই সকল স্থলে দ্বিগুণ খাজানার সীমা অতিক্রম না করিবার সপক্ষে কোন যুক্তিই আমরা দেখিতে পাই না। বাস্তবিকও অনধিকারে ভূমি চাপিয়া লওয়া স্থলে, ইহাতে বহুল পরিমাণে অন্যায় করিবার সাক্ষাৎ সম্বন্ধে উৎসাহ দেওয়া হইবে, কেননা কিয়ৎপরিমাণের অতিরিক্ত যত ভূমি লওয়া হইবে তাহা খাজানামুক্তরূপে পাওয়া যাইবে। ২৩ ধারার (গ) প্রকরণে আমরা বিধান করিয়াছি যে যদি প্রথম, তৃতীয় বা চতুর্থ হেতুতে দখলী স্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি করিতে হয়, তবে ঐ বর্দ্ধিত খাজানা মোট উৎপন্নের গড় বাৎসরিক মূল্যের চতুর্থাংশের অধিক হইবে না; কিম্বা যদি ঐ দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অন্য এক জন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের জোতারূপে ঐ ভূমিভোগ করে তবে ঐ বর্দ্ধিত খাজানা উক্ত বাৎসরিক গড় মূল্যের ত্রিদশমাংশের অধিক হইবে না। কোন স্থলেই দখলীস্বত্ববিহীন রায়তের খাজানা মোট উৎপন্নের গড় বাৎসরিক মূল্যের শতকরা চল্লিশভাগ বা দুই পঞ্চমাংশের অধিক হওয়া উচিত নহে এই যে প্রস্তাব হইয়াছিল, তাহা একটীমাত্র মতদান (ভোট) কম পড়াতে পরিত্যক্ত হইয়াছে। অবশেষে আমরা বিধান করিয়াছি, যদি তৃতীয় ও চতুর্থ হেতুতে খাজানা বৃদ্ধি হয় এবং যদি কালেক্টর সাহেব বর্দ্ধিত খাজানার এক তালিকা প্রস্তুত করেন, তবে দশ বৎসরের নিমিত্ত উভয় পক্ষকে উক্ত তালিকায় বাধ্য থাকিতে হইবে। এই দশবার্ষিক সময়ের মধ্যে পৈবস্তীদ্বারা ভূমি লাভ হইলে সেই ভূমির খাজানা বৃদ্ধি ইহাতে নিষিদ্ধ হইবে না কিম্বা শিকস্তীদ্বারা ভূমি নষ্ট হইলে সেই ভূমির খাজানা কম হইবারও ইহাতে নিষেধ হইবে না। ইতিপূর্ব্বে যে সমস্ত মন্তব্যের উল্লেখ করা হইয়াছে (উপরিস্থ ৫১ পারাগ্রাফ দেখ) তৎসমুদয় এই বিষয়ে খাটিবে।

কোন ২ স্থলে বর্দ্ধিত খাজানা পূর্ব্বদত্ত খাজানার দ্বিগুণের অধিক হইবে না। খাজানা বৃদ্ধির দমনোপায়।

ক্রমিক বৃদ্ধি।

কোন ২ স্থলে খাজানা মোট উৎপন্নের যত মূল্য তাহার অবধারিত অংশের উপর উঠিবে না।

৬২। ভূম্যধিকারী ও প্রজার মধ্যে পরস্পর চুক্তি হইলে, আইনানুসারে খাজানা বৃদ্ধির যে স্বত্ব দেওয়া হইয়াছে তাহার উপর ঐ চুক্তির ফল কত দূর বর্ত্তিবে তদ্বিষয়ে আমরা দ্বিবিধ নিয়ম সংস্থাপন করিয়াছি। আমরা বিধান করিয়াছি (২৪ ধারা) যে, যদি নির্দ্দিষ্ট কালের নিমিত্ত লিখিত পাট্টাদ্বারা রায়ত ভূমি ভোগ করে এবং ঐ

চুক্তির ফল খাজানা বৃদ্ধির স্বত্বের উপর কত দূর বর্ত্তিবার অনুমতি দেওয়া যাইতে পারে।

কাল অতীত না হইয়া থাকে, তবে যত দিন অবশিষ্ট আছে সেই সময়ের মধ্যে ঐ রায়তের খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না। ইহাও স্পষ্টরূপে বিধিবদ্ধ করা হইয়াছে যে, যদি রায়ত ও তাহার ভূম্যধিকারির মধ্যে এরূপ চুক্তি হইয়া থাকে যে ঐ রায়তের খাজানা বৃদ্ধি হইতে পারিবে না, তবে কিছুতেই খাজানা বৃদ্ধি করা হইবে না। যদি লিখনের ভাষা অতিশয় অস্পষ্ট না হয়, তবে শেষোক্ত স্থলে এমন কি প্রথমোক্ত স্থলেও রায়ত সম্পূর্ণরূপে যে রক্ষিত হইবে, তাহা সহজেই উপলব্ধি হয়। কিন্তু এস্থলে এবং অন্যান্য স্থলেও, ভাবের উপর যতদূর সম্ভব নির্ভর না করা এবং সন্দেহ না জন্মিতে পারে এই জন্যে স্পষ্ট ভাষা ব্যবহার করা আমাদের উচিত বোধ হইয়াছে।

খাজানা বৃদ্ধির কার্য্য প্রণালী। এই বিষয়ের এই অংশের প্রয়োজনীয়তা।

৬৭। মূলব্যবস্থা সম্পর্কে ইতিপূর্ব্বে যাহা২ কর্ত্তব্য বলিয়া নির্দ্দেশ করা গিয়াছে, কি রূপ কার্য্যপ্রণালী অবলম্বন করিলে ইহা কার্য্যে পরিণত হইবে, সম্প্রতি সেই বিষয়ের পর্য্যালোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে। ১৮১৫ সালের ৭ই অক্টোবর তারিখের রাজস্ব সংক্রান্ত পত্রে তাৎকালিক ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যে মত প্রকাশ করিয়াছেন আমরা সেই মতের সম্পূর্ণ অনুমোদন করি :—"বিচারস্থলে রায়তদিগের যে কোন স্বত্ব আছে বলিয়া প্রকাশ করা যাউক না কেন, বিরোধী দাওয়া উপস্থিত হইলে প্রত্যেক রায়তের কত খাজানা দেওয়া উচিত যত দিন পর্য্যন্ত ইহা সূক্ষ্মরূপে ও সহজে নির্দ্ধারণ করিবার উপায় বাহির করা না হইতেছে এবং যত দিন পর্য্যন্ত এই সমস্ত মোকদ্দমা কালবিলম্ব ব্যতিরেকে নিষ্পত্তি করিবার জন্য কোন কর্তৃপক্ষের সৃষ্টি করা না হইতেছে, তত দিন পর্য্যন্ত তাদৃশ যাবতীয় স্বত্বনিবন্ধন প্রকৃত উপকার অতি অল্পই হইবে।" এই প্রস্তাবের এই অংশের বিচারস্থলে খাজানাবৃদ্ধির চারি হেতুর স্বতন্ত্র পর্য্যালোচনা করা আবশ্যক বলিয়া বোধ করা গিয়াছে। ঐ সকল হেতু সম্পর্কীয় বিষয়ের সূক্ষ্মভাবে সমালোচনা করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে ইহা উল্লেখ করা আবশ্যক যে, বর্ত্তমান আইন অনুসারে খাজানাবৃদ্ধির যে নোটিস দিবার প্রথা আছে এবং ১৮৫৯ সালের পূর্ব্বে যে আইন প্রবল ছিল তদনুসারেও যে নোটিস্ দিবার নিয়ম ছিল, আমরা সেই নোটিস্ দেওয়া রহিত করিয়াছি। নোটিস্ জারী হয় নাই বলিয়া কিম্বা নোটিসের পাঠ অসম্পূর্ণ আছে বলিয়া শত করা এত খাজানা বৃদ্ধির মোকদ্দমা অগ্রাহ্য হইয়াছে যে, আমরা উক্ত সামান্য অংশটুকু বাদ দেওয়াই উচিত বিবেচনা করিয়াছি, কারণ উহার প্রকৃত ফল এই যে উভয়পক্ষের মধ্যে যথার্থ বিচার্য্য প্রশ্নের নিষ্পত্তির বিলম্ব হয় ও ব্যাঘাত জন্মে। এই নিমিত্ত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করাই প্রজাকে নোটিস দেওয়ার স্বরূপ, আমরা এই বিধান করিয়াছি। যে জিলায় বা জিলার কোন অংশে ফসলী সন প্রচলিত তথায় জ্যৈষ্ঠমাসে বা তাহার পূর্ব্বে এবং যে জিলায় বা জিলার কোন অংশে বাঙ্গালা সন চলিত তথায় পৌষ মাসে বা তাহার পূর্ব্বে, বর্ত্তমান আইন অনুসারে খাজানাবৃদ্ধির নোটিসজারী করিতে হয়। এরূপ নিয়মের উপযুক্ত ও সম্ভবপর অভিপ্রায় এই যে, অধিক খাজানা দাওয়া করা হইয়াছে এই বৃত্তান্ত রায়ত এমন সময়ে জানিতে পারে যে সময়ে, যদি সে অধিক খাজানা দিতে অনিচ্ছুক হয় তবে সে কৃষিপ্রচলিত বৎসর শেষ হইবার পূর্ব্বেই ঐ ভূমি ইস্তফা করিতে পারে। জ্যৈষ্ঠ বা পৌষমাসে কিম্বা তাহার পূর্ব্বে যদি নোটিস জারী না হয় তবে তাহাতে পরবর্ত্তী সনের খাজানার কোন ব্যতিক্রম হইবে না। সেই উদ্দেশ্যই আমরা নিম্নলিখিত রূপে সাধন করিয়াছি ; এইরূপ আদেশ করা হইয়াছে যে, যে জিলায় ফসলী বা আমলী সন চলিত আছে তথায় বৈশাখ মাসে বা তাহার পূর্ব্বে এবং যে জিলায় বাঙ্গালা সন প্রচলিত আছে তথায় অগ্রহায়ণ মাসে বা তাহার পূর্ব্বে অর্থাৎ বর্ত্তমান সময়ের নোটিস জারীর এক মাস পূর্ব্বে আবেদনপত্র দাখিল করিতে হইবে, নতুবা পরবর্ত্তী সনে খাজানার পরিবর্ত্তন হইবে না। ইহাতে, এক্ষণে যে সময়ে নোটিস জারী হয়, সেই সময়ে বা তাহার পূর্ব্বে ঐ মোকদ্দমার সমন জারী হইবে সুতরাং যদি রায়ত বর্দ্ধিত খাজানায় ভূমি রাখিতে অনিচ্ছুক হয় তবে কৃষিপ্রচলিত বৎসর শেষ হইবার পূর্ব্বে ভূমি ইস্তফা দিবার পূর্ব্ববৎ সুবিধা রায়তের থাকিতেছে।—(পাণ্ডুলেখ্যের ৯৬ ধারা)।

খাজানাবৃদ্ধির নোটিস দেওয়া রহিত হইয়াছে। এই রূপ পরিবর্ত্তনের কারণ।

৬৪। খাজানা বৃদ্ধির প্রত্যেক হেতুর কার্য্যপ্রণালী বিষয়ক পর্য্যালোচনায় প্রবৃত্ত হইয়া সর্ব্ব প্রথমে প্রথম হেতু ধরা যাউক ; তাহা এই যে রায়ত যে হারে খাজানা দিতেছে তাহা, নিকটবর্ত্তী তুল্যসুবিধাযুক্ত ভূমির জন্য এই শ্রেণীর রায়তেরা যে হারে খাজানা দেয় সেই প্রচলিত হার অপেক্ষা অল্প। এই হেতু অনুসারে জমীদারকে অনেক স্থলে সুদ্ধ কতিপয় রায়তের নামে নালিশ করিতে হয়। উভয় পক্ষের মধ্যে যে প্রশ্নের মীমাংসা করিতে হইবে, দেওয়ানী আদালত কি জন্য তাহার বিচার করিবেন না আমরা তাহার কারণ দেখিতে পাই না ; এবং যে হেতু প্রত্যেক মোকদ্দমার ভূমি বিভিন্ন, সেই জন্য ভিন্ন২ মোকদ্দমা স্বতন্ত্র বিচার করিলে কিঞ্চিৎ লাভও আছে। যে স্থলে মোকদ্দমার সংখ্যা অল্প না হয়, সে স্থলেও জমীদার যে সমস্ত রায়তের নামে নালিশ উপস্থিত করিবে তাহাদের সংখ্যা অবশ্যই রায়তসমষ্টির সংখ্যা অপেক্ষা অনেক কম হইবে, কারণ অধিকাংশ রায়ত যে হার না দেয় তাহাকে প্রচলিত হার বলা যায় না। এস্থলে যদি প্রচলিত হার সম্বন্ধে প্রকৃতপক্ষে কোন বিবাদ না থাকে এবং প্রত্যেক রায়ত যে ভূমি ভোগ করিতেছে তাহার উপর ঐ হার খাটিবে কি না এইমাত্র জিজ্ঞাস্য হয়, তবে দেওয়ানী আদালতে উক্ত সমস্ত মোকদ্দমার স্বতন্ত্র২ বিচার উত্তমরূপে চলিতে পারিবে। আর যদি প্রত্যেক রায়তের দখলী ভূমির প্রকৃতি বা শ্রেণীবিভাগ সম্বন্ধে কোন বিবাদ না থাকে এবং যদি সকল মোকদ্দমাতেই প্রচলিত হার প্রধান ইস্যু বলিয়া ধার্য্য হয়, তবে সমুদায় মোকদ্দমা এক সময়ে এক বিচারালয়ে আনীত হইলে বিচার কার্য্য অল্প লোকদ্বারা সুচারুরূপে নির্ব্বাহিত হইতে পারে। জমীদার ও সমস্ত রায়তগণ যে প্রমাণ উপস্থিত করিবে, সেই সমস্ত দৃষ্টি করিয়া নিকটবর্ত্তী স্থানের প্রচলিত হার কি? এই প্রশ্নের যে রূপ সন্তোষজনক মীমাংসা হইবে, প্রত্যেক পৃথক মোকদ্দমার আনীত প্রমাণের কিয়দংশ দর্শনে, কখনই সেরূপ হইবার সম্ভাবনা নাই, কারণ প্রত্যেক মোকদ্দমায় ক্রমান্বয়ে আনীত প্রমাণের উপর (এবং উহা এই রূপেই আনীত হইবে) নির্ভর করিয়া নিষ্পত্তি করিলে, ভিন্ন২ প্রকারে হয় ত বা ঠিক বিপরীত ভাবে মোকদ্দমার নিষ্পত্তি হইবে। এই কারণে যে সকল মোকদ্দমা খাজানা বৃদ্ধির প্রথম হেতুর উপর নির্ভর করে সেই সকল মোকদ্দমায় কালেক্টরকে দেওয়ানী আদালতের সহিত সমকালিক বিচারাধিপত্য প্রদান করা গিয়াছে। এক্ষণে ইহা জিজ্ঞাস্য হইতে পারে যে, উপরোক্ত মন্তব্যানুসারে, প্রত্যেক বিচারালয়ের বিচারোপযোগী মোকদ্দমা সকল কিরূপে সেই বিচারালয়ে আনিবার প্রস্তাব করিয়াছি। পরীক্ষার প্রকৃতি পর্য্যালোচনা করিলে ইহা স্পষ্টই বোধ হইবে যে, যথারীতি ও সম্পূর্ণরূপে ইহা সাধন করা বড় সহজ নহে ; কিন্তু যত দূর সম্ভব ইহা সাধন করিবার জন্য আমরা নিম্নলিখিত উপায় অবলম্বন করিয়াছি ; এই রূপ আদেশ করা

খাজানাবৃদ্ধির প্রথম হেতু। এতৎসম্পর্কীয় মোকদ্দমা কোন্ বিচারালয়ে বিচার করিলে সুবিধা হইতে পারে।

দেওয়ানী আদালত ও কালেক্টরকে সমকালিক বিচারাধিপত্য দেওয়া হইয়াছে।

গিয়াছে যে, জমীদার যে বিচারালয় ইচ্ছা সেই বিচারালয় প্রথমে মনোনীত করিয়া লইতে পারিবে, পরে মোকদ্দমার সংখ্যা বৃদ্ধি হইলে,যদি জমীদার প্রথমে দেওয়ানী আদালত মনোনীত করিয়া থাকে তবে উক্ত সমস্ত মোকদ্দমা দেওয়ানী আদালতহইতে কালেক্টরের নিকট উঠাইয়া আনা হইবে (পাণ্ডুলেখ্যের ১৩০ ধারা)। যদি মোকদ্দমা সংখ্যায় অল্প এবং বহুদিন অন্তর২ হয় এবং জমীদার সর্ব্বপ্রথমে যদি কালেক্টরের বিচারালয় মনোনীত করে তবে প্রজার অসন্তুষ্ট হইবার কোন কারণ নাই। সমকালিক এলাকা স্থলে সারাচর বাদিকে বিচারালয় মনোনীত করিয়া লইতে দেওয়া হয়। প্রথম কার্য্যানুষ্ঠান কালে এই রূপ করা আবশ্যক; তৎপরে, যে স্থলে এক বিচারালয়হইতে অন্য বিচারালয়ে উঠাইয়া লইবার অনুমতি আছে সে স্থলে প্রতিবাদী ঐ রূপে উঠাইয়া লইবার প্রার্থনা করিতে পারে। যে স্থলে প্রথমে দেওয়ানী আদালতে বা কতক দেওয়ানী আদালতে এবং কতক কালেক্টরের নিকট মোকদ্দমা উপস্থিত করা হইয়াছে, সে স্থলে যে কোন প্রজা দেওয়ানী আদালতের নিকট প্রার্থনা করিতে পারে, যেন উক্ত আদালত ১৩০ ধারামতে কার্য্যানুষ্ঠান করেন, এবং এই রূপে সমস্ত মোকদ্দমা কালেক্টরের নিকট আনিতে পারে। যে স্থলে সর্ব্বপ্রথমে কালেক্টরের নিকট মোকদ্দমা উপস্থিত করা হইয়াছে সে স্থলে দেওয়ানী আদালতে উঠাইয়া লইয়া যাওয়া দুই পক্ষের মধ্যে কোন পক্ষেরই ইষ্টসাধক নহে এবং এরূপ করিবার বিধানও করি নাই।

যে সকল মোকদ্দমা খাজানাবৃদ্ধির দ্বিতীয় হেতুর উপর নির্ভর করে সে সমস্ত মোকদ্দমায়ও সমকালিক বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে।

৬৫। খাজানা বৃদ্ধির দ্বিতীয় হেতু এই, রায়ত ইতিপূর্ব্বে যে পরিমাণ ভূমির জন্য খাজানা দিত, মাপে সেই ভূমির পরিমাণ অধিক বলিয়া প্রমাণ হইয়াছে। যে সমস্ত মোকদ্দমা এই দ্বিতীয় হেতুর উপর নির্ভর করে তাহারও বিচার দেওয়ানী ও রাজস্ব সংক্রান্ত এই উভয় আদালতে সমান সুচারুরূপে হইতে পারে। এস্থলেও আমরা উক্ত বিচারালয়দ্বয়কে সমকালিক বিচারাধিপত্য দিয়াছি এবং যাহা এই মাত্র কথিত হইয়াছে, তাহার অধিকাংশ এস্থলেও খাটিবে। যে সমস্ত মোকদ্দমায় কোন মহালের রায়তগণ যোগ করিয়া তাহারা প্রত্যেকে কোন্ ২ ভূমি ভোগ করে তাহা দেখাইয়া দিতে অস্বীকার করে, সেই সমস্ত মোকদ্দমা কালেক্টর একত্র বিচার করিলে সুবিধা। মনে কর, গবর্ণমেণ্টের বাকী রাজস্বের জন্য নীলামে কোন মহালের ক্রেতা দেখিল যে রায়তেরা নিজ ২ দখলে আছে বলিয়া যে ভূমির পরিমাণ দিল তাহার সমষ্টি মহালের পরিমাণের অনেক কম হইল। তিনি ভূমির মাপ আরম্ভ করিলেন এবং দেখিলেন তাহাতে কিছুই সুবিধা হইল না, কারণ রায়তেরা কে কোন্ ক্ষেত্র দখল করে এবং চাষ করে তাহা দেখাইয়া দিল না। যাঁহারা এদেশের বিষয় বিশেষ অবগত নহেন তাঁহাদের সুখবোধার্থে বলা যাইতেছে যে ইংলণ্ডদেশীয় ক্ষেত্রের ন্যায় এদেশস্থ রায়তগণের যোত প্রায় অঙ্গুরীয়াকার বেষ্টনের মধ্যবর্ত্তী এক লাগাও ক্ষেত্র লইয়া গঠিত নহে, কিন্তু ভিন্ন ২ স্থানে, গ্রামের ভিন্ন ২ পার্শ্বে ভূমি খণ্ড, কখন ২ বা ফালি জমী লইয়া গঠিত এবং এদেশে প্রত্যেক রায়ত কতক মন্দ, কতক বা ভাল জমী লইয়া থাকে এবং উহার মধ্যে প্রত্যেক ভূমি বিভিন্নপ্রকার শস্য উৎপাদনের উপযোগী হইয়া থাকে। যে নীলাম খরিদার রাজস্বের জন্য নীলামে বা ডিক্রীজারীর নীলামে ক্রয় করেন তিনি তাঁহার পূর্ব্ববর্ত্তী ভূস্বামির নিকট হইতে কোন সাহায্য প্রাপ্ত হন না, কারণ পূর্ব্ববর্ত্তী ভূস্বামী তাঁহাকে নিজ স্বত্বের অপহারকস্বরূপ জ্ঞান করেন। পাছে খাজানা বৃদ্ধি হয় এই ভয়ে অথবা পূর্ব্বভূম্যধিকারী তাহাদের উপর অন্যায় পূর্ব্বক যে ভার চাপাইয়া দিয়াছিল তাহার কিয়দংশ কমাইবার এই উত্তম সুযোগ উপস্থিত হইয়াছে বিবেচনা করিয়া, রায়তেরা তাহাদের নিজ ২ দখলী ভূমির পরিমাণ কম করিয়া বলে। এরূপ অবস্থায় এক ২ জন রায়তের বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিলে এবং স্বতন্ত্রভাবে তাহার বিচার হইলে কিছুই ফল দর্শে না; কিন্তু সমস্ত মহাল মাপ করিলে, প্রত্যেক রায়তের দখলে কত ভূমি আছে তাহা প্রকৃতরূপে জানা যায় এবং পূর্ব্বে যে ভূমির জন্য খাজানা দিত তদপেক্ষা যত অধিক ভূমি ভোগ করে তাহার খাজানাও ধরা যায়। কিন্তু এমন স্থলও আছে যেখানে নীলাম খরিদার এই সংবাদ না জানিতে পারে। অতঃপর আমরা সেই সকল স্থলের বিচারে প্রবৃত্ত হইব এবং সেই সকল স্থলের জন্য বিধানও করা গিয়াছে।

যে সকল মোকদ্দমা খাজানাবৃদ্ধির তৃতীয় হেতুর উপর নির্ভর করে সেই সমস্ত মোকদ্দমায় দেওয়ানী আদালত ও কালেক্টরের উপরসমকালিক বিচারাধিপত্য দেওয়া হইয়াছে।

৬৬। খাজানা বৃদ্ধির তৃতীয় হেতু এই যে, রায়তের বিনা পরিশ্রমে ও বিনা ব্যয়ে ভূমির উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হইয়াছে। এ স্থলেও আমরা দেওয়ানী আদালত ও কালেক্টরকে সমকালিক বিচারাধিপত্য দিয়াছি। সামান্যতঃ এই সকল মোকদ্দমা পরস্পর সম্পর্কশূন্য নহে। যে কারণে কোন বিশেষ রায়তের যোত পূর্ব্বাপেক্ষা অধিক উর্ব্বরা হইয়া উঠিবে, অথচ তাহাতে তাহার চতুঃপার্শ্ববর্ত্তী রায়তের যোতের অল্প বা অধিক পরিমাণে উৎকর্ষসাধন হইবে না, এমন কোন কারণ কল্পনা করা সহজ নহে। যাহাতে উর্ব্বরতাজনক পলি পড়ে এরূপ জলপ্লাবন, ভূমিতে জল সেচনার্থ জল যোগাইবার খাল, যাহাতে বাদা বা জলজড়িত ভূমি উর্ব্বর ক্ষেত্র হইয়া উঠে এরূপ জলনিঃসরণ প্রণালী, শস্য সকল যাহাতে জলে ডুবিয়া না যায় এবং গ্রাম সকল যাহাতে জলমগ্ন হইতে না পারে এই জন্য নির্ম্মিত বাঁধ প্রভৃতি ভূমির উর্ব্বরতাসাধক যে সমস্ত কারণ এই নিয়মের অর্থের অন্তর্ভূত, তাহাতে বিস্তৃত ভূমিখণ্ডের এবং অধিকসংখ্যক কৃষকের উপকার হয়। এই প্রকারে উপকৃত অধিকাংশ লোকই, ভূম্যধিকারিগণ যে হারে খাজানা বৃদ্ধি করিবার দাওয়া করে, যদি তাহা দিতে স্বীকার করে, তাহা হইলে উহাই প্রচলিত হার হইয়া উঠিবে এবং ভূম্যধিকারীও বৃদ্ধির প্রথম হেতু অনুসারে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। যদি অধিকাংশ লোকই উক্ত বর্দ্ধিত খাজানা দিতে না চাহে, কিম্বা যে অল্পাংশ লোকে মোকদ্দমাদ্বারা মীমাংসা করিতে ইচ্ছা করে তাহাদের সংখ্যা যদি অধিক হয়, তবে ঐ সমস্ত মোকদ্দমা একত্র বিচার করাই সুবিধা, কেননা জমীর উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইবার কারণ সকল ভূমির পক্ষেই সমান এবং এই বিষয়ে যে সমস্ত প্রমাণ আছে তৎসমুদায় একত্র করা ও একসঙ্গে আলোচনা করা প্রার্থনীয়।* যদি সর্ব্ব প্রথমে ভূম্যধিকারী কালেক্টরের আদালত মনোনীত না করে, তবে উক্ত সমস্ত মোকদ্দমা ও তাহার যাবতীয় প্রমাণ এই পাণ্ডুলেখ্যের ১৩০ ধারার বিধানমতে ঐ আদালতে উপস্থিত করিবার সুবিধা হইবে।

---

* দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩০ ধারায় বিধান আছে যে, একই মোকদ্দমায় অনেক ব্যক্তির সমান স্বার্থ থাকিলে, তাহাদের এক জন কি কএক জন আদালতের অনুমতি গ্রহণ পূর্ব্বক তদ্রূপ স্বার্থযুক্ত সকল ব্যক্তির সপক্ষে নালিশ করিতে পারিবেন ও তাঁহার কি তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে ও তিনি কি তাঁহারা ঐ মোকদ্দমায় প্রতিবাদ করিতে পারিবেন, কিন্তু প্রকাশ্য বিজ্ঞাপনদ্বারা বা অন্য উপায়ে ঐ সকল ব্যক্তিকে অগ্রে নোটিস দিতে হইবে। প্রচলিত হার বা উৎপাদিকাশক্তি বৃদ্ধি রূপ প্রশ্ন সম্বন্ধে সকল রায়তেরই সংসৃষ্টভাবে সম্পর্ক আছে এই হেতুতে এক মোকদ্দমায় সকলকে সাধারণ প্রতিবাদী করিয়া ভিন্ন ২ যোতভোগী রায়তের নামে নালিশ করিবার চেষ্টা কোন কালে হইয়াছিল কি না তাহা আমরা অবগত নহি।

যে সকল মোকদ্দমা খাজানা বৃদ্ধির চতুর্থ হেতুর উপর নির্ভর করে দেওয়ানী আদালত তাহার বিচার করিবার যোগ্য নহে।

৬৭। এক্ষণে খাজানা বৃদ্ধির সমুদয় হেতু অপেক্ষা অধিক প্রয়োজনীয় চতুর্থ হেতুর সমালোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে। চতুর্থ হেতু এই যে ভূমির উৎপন্নের মূল্য বৃদ্ধি হইয়াছে। ইহা সাধারণতঃ দেশের সর্ব্বত্র প্রযুক্ত হয় এবং যে কেহ কৃষকদিগের নিকট খাজনা লয় সকলেরই ইহার সহিত সম্পর্ক আছে। বিশেষরূপ বিবেচনা করিয়া আমাদের মধ্যে অধিকাংশের এরূপ বোধ হইয়াছে যে, এস্থলে, ভূম্যধিকারিদিগকে যে বর্দ্ধিত হারে খাজনা দেওয়া রায়তদিগের উচিত তাহার বন্দোবস্ত করিয়া দিবার পক্ষে দেওয়ানী আদালত উপযুক্ত বিচারালয় নহে। প্রথমতঃ, সাধারণ নিয়ম বিশেষ ২ স্থলে প্রয়োগ করাই দেওয়ানী আদালতের রীতি। এই সাধারণ নিয়ম প্রায়ই স্বীকার্য্য বলিয়া গৃহীত হয়। ইহা লিখিত আইন বা দেশাচারের অন্তর্ভূত হইতে পারে কিম্বা নানাবিধ নজীর হইতে ইহা সংগ্রহ করিয়া লওয়া হইতে পারে। সে যাহাই হউক, আদালত প্রয়োজন মত নিয়মের সৃষ্টি করিয়া লন না। উক্ত আদালতের কার্য্যপ্রণালীর রীতি এই কার্য্যকরণের উপযোগী নহে বরং ইহা সুচারুরূপে সম্পাদন করার ঠিক বিপরীত, কারণ (সাধারণতঃ বলিতে গেলে) অন্য অন্য ব্যক্তির সহিত যাহা ২ কৃত হয় ইহাতে তাহা বাদ যায় পক্ষগণের আপনাদিগের মধ্যে যাহা ঘটিয়া থাকে তাহারই বিচার হইয়া থাকে। এই নিয়মের কতকগুলি বর্জ্জিত স্থল আছে, কারণ কোন মোকদ্দমায় বহুসংখ্যক লোকের একই স্বার্থ থাকিলে উক্ত আদালত সেই সমস্ত লোকের বিষয় বিচার করিয়া থাকে; কিন্তু সমস্ত সমাজে বা সমাজের অধিকাংশ লোকের উপর খাটিতে পারে এরূপ কোন নূতন সাধারণ নিয়ম সৃষ্টি করা পর্য্যন্ত কখন কোন বর্জ্জিত স্থলে প্রয়োজন হয় না। সভ্যদেশে ব্যবস্থাপ্রণয়নে নিযুক্ত গবর্ণমেণ্টই সাধারণ নিয়ম সৃষ্টি করে। এই নিয়ম সৃষ্টি করিবার রীতি এরূপ নহে যে, রাজ্যের যাবতীয় লোককে রীতিমত কার্য্যপ্রণালী অবলম্বন করিবায় পক্ষ করিতে হইবে এবং প্রস্তাবিত বিধির সপক্ষ বা বিপক্ষগণ যে সমস্ত প্রমাণ উপস্থিত করিবে তৎসমুদায়ই গ্রহণ করিতে হইবে, কারণ এরূপ করা একান্ত অসম্ভব; ইহার রীতি এই যে, যাঁহারা জ্ঞানী বা পরিণামদর্শী বলিয়া খ্যাত এরূপ কতিপয় ব্যক্তি কর্তৃক রচিত হইয়া প্রস্তাবিত সাধারণ নিয়ম প্রকাশ হয়, পরে সাধারণের সমক্ষে উহা লইয়া আন্দোলন হয় এবং যে শ্রেণী বা যে ব্যক্তির উপর উহা বর্ত্তিতে পারে তাহাকে, প্রস্তাবিত বিধির সপক্ষে বা বিরুদ্ধে নিজ অভিমত উপযুক্ত দ্বার দিয়া পাঠাইবার সুবিধা করিয়া দেওয়া হয়। এক দিকে যেমন আমরা বিবেচনা করি যে, কোন জিলা বা বিস্তৃত প্রদেশের অধিবাসী কৃষক সম্প্রদায়ের বা তাহার কোন অংশের জন্য কোন নূতন সাধারণ নিয়ম সৃষ্টি করিবার পক্ষে দেওয়ানী আদালত স্বীয় কার্য্যপ্রণালীর রীত্যনুসারে অনুপযুক্ত, তেমনি অন্য দিকে আমরা বোধ করি যে ব্যবস্থা সমাজ, ভিন্ন ২ মোকদ্দমায় প্রয়োগার্থ দেওয়ানী আদালতের জন্য সাধারণ নিয়ম করিয়া দিবার উপযুক্ত নহে, কারণ এই সাধারণ নিয়ম একরূপে সর্ব্বত্র প্রয়োগের উপযোগী সরল নিয়ম নহে; ইহা এরূপ একটী জটিল নিয়ম, যাহা ভিন্ন ২ জিলায় বা জিলার অংশে প্রয়োগার্থ প্রয়োগকালে বর্ত্তমান অবস্থানুসারে পরিবর্ত্তিত করিতে হইবে। কেবল স্থানীয় অনুসন্ধানদ্বারা ঐ সমস্ত অবস্থা নির্দ্ধারণ করিতে পারা যায় এবং বিচারালয়ে প্রণালী অনুসারে প্রমাণ গ্রহণ করিলে উহার বিশেষ সাহায্য হইতে পারে। অর্থাৎ এই অনুসন্ধানের প্রসর দেওয়ানী আদালতের পক্ষে এত প্রশস্ত যে ঐ আদালতদ্বারা উহার কিছুই উপকার হয় না এবং ব্যবস্থাসমাজের পক্ষে এত সঙ্কীর্ণ ও বিচিত্র যে এই সমাজদ্বারাও ইহার প্রতি ন্যায় সাধন হয় না। অতএব আমাদের বিবেচনায়, যে সাধারণ মূল্যবৃদ্ধি কোন দেশের অভিবিস্তৃত অংশের খাজানাবৃদ্ধির নিয়ামক হইবে, তাহা ব্যবস্থাসমাজ ও বিচারসমাজ এই উভয়ের মধ্যবর্ত্তী এমন কোন আদালতদ্বারা নিরূপিত ও নির্দ্ধারিত হওয়া ভাল, যাহা উভয়ের প্রকৃতির কিছু ২ লইবে অথচ তাহারও রীতির অনুসারী হইবে না। আমরা কালেক্টরকেই এই এই যন্ত্রের প্রধান অঙ্গস্বরূপ স্থির করিয়াছি; প্রমাণগ্রহণ জন্য তাঁহাকে ব্যবস্থানুযায়ী ক্ষমতা দেওয়া হইয়াছে, কেননা এই উপায়ে অনেক সন্ধান পাওয়া যাইতে পারে; বিশেষ ২ কার্য্যসম্পাদন বিষয়ে তাঁহার সাহায্যার্থ কতকগুলি অধীনস্থ কর্ম্মচারী প্রদত্ত হইয়াছে; এবং রাজস্ববিভাগের উন্নতপদাভিষিক্ত কার্য্যকারকদিগের অপেক্ষাকৃত অধিক অভিজ্ঞতা ও ক্ষমতাদ্বারা তাঁহার নিষ্পত্তির পরীক্ষা হইবে এরূপ আদেশ করা গিয়াছে। নির্দ্দিষ্ট প্রদেশে কতিপয় বৎসরের মধ্যে প্রধান উৎপন্নের মূল্যবৃদ্ধি নিরূপণ করা এবং এইরূপে নিরূপিত বৃদ্ধির পরিমাণ প্রত্যেক রায়তের উপর প্রয়োগ করা, আমাদের বিবেচনায় উক্ত যন্ত্রদ্বারা সম্পাদিত হওয়া অসম্ভব নহে। এইরূপে কালেক্টরের উপর অর্পিত কর্ত্তব্য কর্ম্ম সাধনবিষয়ে তিনি যে কার্য্য প্রণালী অনুসারে চলিবেন, অতঃপর তাহার পর্য্যালোচনা করা যাইবে।

শুদ্ধ ইজারাদারকে চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারীর সহিত খাজানা বৃদ্ধি করিবার তুল্য সুবিধা দেওয়া হয় নাই।

৬৮। এস্থলে কিরূপ ভূম্যধিকারিগণ, আমাদের বিবেচনায় দেওয়ানী আদালতে বা কালেক্টরের নিকট খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে তাহার উল্লেখ করা আবশ্যক। এই অভিপ্রায়ে আমরা ভূম্যধিকারিগণকে দুই শ্রেণীতে বিভক্ত করিয়াছি—প্রথম, চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারী;—দ্বিতীয়, যে ভূমির খাজানা তাঁহাদিগকে দেওয়া হয় সেই ভূমিতে ইজারাস্বার্থ বা পাট্টাভোগী স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারী। কালেক্টরের বিচারালয়ে খাজানাবৃদ্ধির অতিশয় সুবিধাজনক বোধ করিয়া আমরা দ্বিতীয় শ্রেণীর ভূম্যধিকারিকে সকল স্থলে ঐ সুবিধা দেওয়া অনুচিত বোধ করিয়াছি। তদনুসারে যে সমস্ত মোকদ্দমা বৃদ্ধির প্রথম ও দ্বিতীয় হেতুর উপর নির্ভর করে, তৎসমুদায় কালেক্টরের নিকট উপস্থিত করিবার ক্ষমতা প্রথম শ্রেণীর ভূম্যধিকারিদিগকে দেওয়া হইয়াছে, কিন্তু উক্ত স্থলে উভয় শ্রেণীর ভূম্যধিকারী দেওয়ানী আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারে। বৃদ্ধির তৃতীয় হেতুস্থলে, প্রথম শ্রেণীর ভূম্যধিকারি উভয় আদালতের অন্যতরের আশ্রয় লইতে পারে; কিন্তু দ্বিতীয় শ্রেণীর ভূম্যধিকারী অর্থাৎ শুদ্ধ ইজারাদার বা পাট্টাদারের পক্ষে যদিও সকল স্থলেই দেওয়ানী আদালত অবারিত আছে তথাপি যদি তাহার স্বার্থ শেষ হইবার দশ বৎসরের অনল্পকাল অবশিষ্ট না থাকে তবে সে রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষের সাহায্য প্রার্থনা করিতে পারে না। চতুর্থ হেতুস্থলে কোন শ্রেণীর ভূম্যধিকারী দেওয়ানী আদালতের আশ্রয় লইতে পারে না; কিন্তু চিরস্থায়ী ও হস্তান্তর যোগ্য স্বার্থযুক্ত ভূম্যধিকারী কালেক্টরের সাহায্য লইতে পারে; ইজারাদার বা পাট্টাদার যদি আপন স্বার্থ শেষ হইবার দশ বৎসরের অনল্পকাল অবশিষ্ট না থাকে তবে কালেক্টরের সাহায্য লইতে পারে না, অর্থাৎ সে এই হেতুস্থলে আদৌ খাজানাবৃদ্ধি করিতে পারে না। পাণ্ডুলেখ্যের ৯৫ ধারা দেখ।

দেওয়ানী আদালতে খাজানা বৃদ্ধি করিবার কার্য্যপ্রণালী।

৬৯। যদি কোন ভূম্যধিকারী দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানাবৃদ্ধি করিবার জন্য প্রথমতঃ দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে ইচ্ছা করে তবে চলিত রীত্যনুসারে তাহাকে আবেদনপত্র দাখিল করিতে হইবে। যদি প্রথম হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করা হয়, তবে আবেদনপত্রে নিম্নলিখিত বিষয়ের উল্লেখ থাকিবে; (১) রায়ত যে ভূমি ভোগ করে তাহার পরিমাণ এবং উক্ত ভূমি ভিন্ন ২ শ্রেণীর হইলে, প্রত্যেক শ্রেণীর পরিমাণ; (২) উক্ত ভূমির জন্য বা উক্ত ভূমির প্রত্যেক শ্রেণীর জন্য প্রকৃত প্রস্তাবে যে খাজানা দেওয়া হয় তাহার হার; এবং (৩) প্রকৃতপ্রস্তাবে যে হার দেওয়া হয় তাহার পরিবর্ত্তে বাদী যে প্রচলিত হার দাওয়া করে সেই প্রচলিত হার। দ্বিতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, নিম্নলিখিত বিষয় সকল আবেদনপত্রে উল্লিখিত হইবে; (১) রায়ত ইতি-

আবেদন পত্রে কি ২ বিশেষ বিবরণ দিতে হইবে।

পূর্ব্বে যে পরিমাণ ভূমি ভোগ করিত সেই পরিমাণ, এবং উক্ত ভূমি ভিন্ন ২ শ্রেণীর হইলে প্রত্যেক শ্রেণীর পরিমাণ; (২) উক্তভূমির মোট খাজানা এবং যে হার বা হার সকল অনুসারে উক্ত খাজানার হিসাব করা হইয়াছে সেই হার বা হার সকল; (৩) যে অতিরিক্ত ভূমির জন্য বাদী অতিরিক্ত খাজানার দাওয়া করিতেছে, সেই অতিরিক্ত ভূমির পরিমাণ; (৪) উক্ত অতিরিক্ত ভূমির জন্য যে অতিরিক্ত খাজানা দাওয়া করা হইয়াছে সেই অতিরিক্ত খাজানার মোট; (৫) যে মোট খাজানা দাওয়া করা হইয়াছে সেই মোট খাজানা অর্থাৎ (২) ও (৪) এর সমষ্টি। তৃতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে আবেদনপত্রে সম্প্রতি (১) ও (২) চিহ্নে নির্দ্দিষ্ট বিবরণ সমস্ত উল্লিখিত হইবে; এবং তদ্ব্যতীত (৩) কথিত ভূমির উৎপাদিকা শক্তিবৃদ্ধির কারণের, ও উহা কত দূর হইয়াছে, তাহার উল্লেখ থাকিবে; এবং (৪) উক্ত শক্তিবৃদ্ধিনিবন্ধন বাদী যাহা পাইবার দাওয়া করে, সেই বর্দ্ধিত খাজানা বা খাজানার হার, লিখিত থাকিবে। আমাদের বোধ হয় এই সমস্ত বিবরণ পাঠ করিয়া আদালত কি ২ ইহাকে বিচার করিতে হইবে তাহা পরিষ্কাররূপে বুঝিতে পারিবে এবং প্রত্যেক মোকদ্দমায় তাহাকে কোন্ ২ বিষয়ের জবাব দিতে হইবে প্রতিবাদী তাহা বুঝিতে পারিবে।

খাজানাবৃদ্ধির মোকদ্দমার বিচারে দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক সাধারণ বিধান সকল খাটিবে।

৭০। দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইনের সাধারণ বিধানমতে, দেওয়ানী আদালত খাজানা বৃদ্ধির মোকদ্দমার আবেদনপত্র লইয়া কার্য্য করিবেন। পাণ্ডুলেখ্যের ১৮ অধ্যায়ে যে সংক্ষিপ্ত কার্য্যপ্রণালী আছে তাহা এই সমস্ত মোকদ্দমায় খাটিবে না (১৮ ধারা।) যে স্থলে বৃদ্ধির ডিক্রী হইয়াছে, সে স্থলে যে বৎসর আদালতে আবেদনপত্র দাখিল করা হইয়াছে সেই বৎসরের পরবর্ত্তী বৎসরের প্রারম্ভহইতে ঐ বর্দ্ধিত খাজানা দেয় বলিয়া গণ্য হইবে। আমরা ইহাও বিধিবদ্ধ করিয়াছি যে ভূম্যধিকারীর খাজানাবৃদ্ধির স্বত্ব বিষয়ে এবং প্রার্থিত খাজানাবৃদ্ধি সঙ্গত কি অসঙ্গত তদ্বিষয়ে বিচার করিবার দেওয়ানী আদালতের সম্পূর্ণ ক্ষমতা আছে এবং এই বর্দ্ধিত খাজানা বা তদপেক্ষা অল্প খাজানা, যাহা ন্যায্য ও সঙ্গত বলিয়া বোধ হইবে, ভূম্যধিকারী তাহার অধিকারী এই আজ্ঞা প্রচার করিবারও উক্ত আদালতের ক্ষমতা আছে; এবং বহুলপরিমাণে মোকদ্দমা না হইতে পারে যত দূর সম্ভব তাহার প্রতীকার করিবার জন্য বিচারের প্রাসঙ্গিক পক্ষগণের মধ্যে যে সমস্ত প্রশ্ন উঠিবে সাক্ষাৎ সম্বন্ধে তৎসমুদায়ের মীমাংসা করিবার ক্ষমতা আছে। নজীরহইতে কতকগুলি উদাহরণ উদ্ধৃত করিয়া আমরা এই নিয়মের অভিপ্রেত প্রয়োগ বুঝাইতে চেষ্টা করিয়াছি। পূর্ব্ব নিষ্পত্তি করা বিষয় সম্বন্ধে কতকগুলি আধুনিক নিষ্পত্তিদ্বারা, ইহা পূর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয় বলিয়া স্থির হইয়াছে যে পক্ষগণের মধ্যে সাক্ষাৎসম্বন্ধে উত্থাপিত প্রধান ইষু সকল চূড়ান্তরূপে নিষ্পত্তি করিতে হইবে, উক্ত ইষু সকল উত্থাপিত করিয়া অনিষ্পন্ন রাখিলে কি ফল হইত, তাহা পরবর্ত্তী মোকদ্দমায় সন্দেহস্থল রাখা হইবে না;

কালেক্টরের নিকট কার্য্যপ্রণালী তিন শ্রেণীর মোকদ্দমায় খাটিবে।

৭১। কালেক্টরের জন্য, এই পাণ্ডুলিপিতে বৃদ্ধির কার্য্যপ্রণালী সম্বন্ধে যে বিধান করা গিয়াছে এক্ষণে তাহার সমালোচনা করা যাউক। যে সমস্ত মোকদ্দমায় এই কার্য্যপ্রণালী বিশেষরূপ প্রযুক্ত হইবে সেই সমস্ত মোকদ্দমা তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে, অর্থাৎ——

(১) যেস্থলে প্রধানতঃ হার লইয়া বিবাদ এবং যে স্থলে ভিন্ন ২ শ্রেণীর ভূমির হার একবার দৃঢ়রূপে নির্দ্ধারিত করিয়া দিলে, এই হার অনুসারে প্রত্যেক রায়তকে কত খাজানা দিতে হইবে তাহা পরস্পর বন্দোবস্ত করিয়া লইতে ভূম্যধিকারী ও তাহার প্রজার বাস্তবিক কোন কষ্ট হইবে না, এরূপ বোধ করিবার বিশিষ্ট কারণ আছে।

(২) যেস্থলে শুদ্ধ হার লইয়া বিবাদ নহে কিন্তু প্রত্যেক রায়ত যত ভূমি ভোগ করে তাহার পরিমাণ বা গুণ অথবা উভয় লইয়া বিবাদ; এবং যাহাতে পক্ষগণের মধ্যে বিবাদীয় সমস্ত বিষয়, জমাবন্দী প্রস্তুত না করিলে মিটিতে পারে না।

(৩) যাহাতে ভূম্যধিকারী, রাজস্ব সংক্রান্ত নীলাম বা ডিক্রীজারীর নীলামে খরিদার হওয়া প্রযুক্ত, প্রজারা ইতিপূর্ব্বে কত খাজানা দিত বা কত পরিমাণ ভূমি ভোগ করিত কিম্বা এই উভয় নিরূপণ করিতে অক্ষম হন। সম্ভবতঃ এরূপ স্থলে খাজানা বৃদ্ধি নাও হইতে পারে এবং যদি ইতিপূর্ব্বে কত খাজানা আদায় হইত, ভূম্যধিকারী শুদ্ধ তাহাই নিশ্চয় জানিতে পারেন তবে তাঁহার পূর্ব্ববর্ত্তী ভূম্যধিকারী যত খাজানা পাইত তাহা লইয়াই তিনি সন্তুষ্ট হইয়া থাকিতে পারেন।

আমরা যে কার্য্যপ্রণালীর বিধান করিয়াছি তাহা কিরূপে এই তিন শ্রেণীর প্রয়োজন সাধনের উপযোগী হইয়াছে এক্ষণে তাহা প্রদর্শন করিতে প্রবৃত্ত হইলাম। ইহা প্রদর্শন করিবার পূর্ব্বেই বলা উচিত, যে ভূম্যধিকারী কালেক্টরের নিকট খাজানাবৃদ্ধির দরখাস্ত করিয়াছে, তাঁহাকে "আবেদক" শব্দে অভিহিত করা হইয়াছে, এবং আবেদক যে ভূমির খাজানা পাইবার অধিকারী সেই ভূমি বা তাহার কোন অংশ যে জিলার অন্তর্গত সেই জিলার কালেক্টরের নিকট ঐ দরখাস্ত করিতে হইবে ব্যবস্থা করা হইয়াছে। যদি ঐ ভূমি একই কমিসনরের বিভাগস্থ দুই বা ততোধিক জিলার মধ্যস্থিত হয়, তবে ঐ কমিশনর, এবং যদি ঐ ভূমি যে দুই বা ততোধিক জিলায় অবস্থিত সেই দুই বা ততোধিক জিলা একই কমিশনরের বিভাগের অন্তর্গত না হয়, তবে বোর্ড অব রেভিনিউ, বিশিষ্ট কারণ থাকিলে, যাঁহার কালেক্টরির মধ্যে উক্ত ভূমির কোন অংশ আছে সেই অপর কোন কালেক্টরের নিকট উক্ত দরখাস্ত পাঠাইবার আদেশ দিতে পারিবেন। দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে কোন স্থাবর সম্পত্তির মোকদ্দমা, উক্ত সম্পত্তির কোন অংশ যে জিলায় স্থিত সেই জিলাতে উপস্থিত করা যায়,

কোন জিলায় কালেক্টরের নিকট খাজানা বৃদ্ধির দরখাস্ত করিতে হইবে।

আমাদিগের বিধানের প্রথম অংশ সেই আইনের অনুযায়ী। যে স্থলে, সুবিধা হইবে বিবেচনা করিয়া বা অন্য কোন কারণে এক জিলার কালেক্টর অপেক্ষা অন্য জিলার কালেক্টরদ্বারা কোন দরখাস্তের বিচার হওয়া প্রার্থনীয় হইবে, সে স্থলে মোকদ্দমা উঠাইয়া লইবার ক্ষমতা উর্দ্ধতন রাজস্বসংক্রান্ত কর্তৃপক্ষের থাকিবে।

৭২। উপরি লিখিত তিন স্থলের মধ্যে প্রথম স্থলে, যে মহাল, তালুক বা পেটাও তালুক সম্বন্ধে দরখাস্ত হইয়াছে সেই মহাল, তালুক বা পেটাও তালুকের হারের তালিকা প্রস্তুত করিয়া দিবার জন্য আবেদক কালেক্টরকে বলিবে। যে ফর্দ্দে বা তফসীলে কোন মহাল; তালুক বা পেটাও তালুকের স্থানীয় প্রচলিত শ্রেণীবিভাগ প্রণালী অনুসারে ভূমির শ্রেণী এবং প্রত্যেক শ্রেণীর উপর দেয় খাজানার হার লিখিত থাকে তাহার নাম হারের তালিকা, আমরা এই পরিভাষা করিয়াছি। প্রথম বা দ্বিতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, এই তালিকা প্রস্তুত করিবার অব্যবহিত পূর্ব্বে প্রচলিত হার কি ছিল এই তালিকায় তাহার উল্লেখ থাকিবে; এবং তৃতীয় ও চতুর্থ হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, উক্ত প্রচলিত হার এবং তদ্ব্যতীত ক্রমান্বয়ে উক্ত হেতুদ্বয় স্থলে কালেক্টর যত বর্দ্ধিত হারের আদেশ দিয়াছেন সেই বর্দ্ধিত হার, উক্ত তালিকাতে নির্দ্দিষ্ট হইবে। আবেদক যে হারকে ন্যায্য ও সঙ্গত বলিয়া প্রকাশ করিবে এবং যদনুসারে সে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের নিকট বর্দ্ধিত খাজানা আদায়ের দাওয়া করিতে সেই হারের তালিকার নকল আবেদককে দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে; এবং এবং এতদ্ব্যতীত কি হেতুতে সে খাজানাবৃদ্ধি করিবার দাওয়া করে এবং কোন্ সময়ে ঐ হেতু ঘটিয়াছে ঐ দরখাস্তে তাহার স্পষ্ট নির্দ্দেশ থাকিবে। ঐরূপে হারের তালিকার নকল দাখিল করিলে এবং ঐরূপে হেতুর উল্লেখ করিলে, আবেদকের মোকদ্দমার বর্ণনা সম্পূর্ণ হইবে; এবং ইহা স্মরণে রাখা আবশ্যক যে, সাধারণতঃ মহাল, তালুক বা পেটাওতালুকের দখলীস্বত্ববিশিষ্ট সমস্ত রায়তের সহিত এই মোকদ্দমার সম্পর্ক আছে কিন্তু উক্ত রায়তগণের ব্যক্তিবিশেষের বিশেষ অবস্থার সহিত ইহার কোন সম্বন্ধ নাই।

প্রথমোক্তস্থলে আবেদক হারের তালিকা চাহিবে।

"হারের তালিকার" অর্থ।

দরখাস্তে কি২ বিষয় অন্তর্নিবিষ্ট হইবে।

৭৩। এক্ষণে ভূমি ভিন্ন২ শ্রেণীতে বিভাগ করিবার সম্বন্ধে কিছু বলা আবশ্যক। আমাদের বোধ হয় সকল মহালেই অল্প বা অধিক পরিমাণে এই শ্রেণীবিভাগ প্রচলিত আছে এবং রায়তেরা এতদ্বিষয় বিলক্ষণ অবগত আছে ও বিলক্ষণ বুঝে। প্রত্যেক শ্রেণীর জন্য যে হারে খাজানা দিতে হয় সেই নির্দ্ধারিত হারও সকলে জ্ঞাত আছে এবং যে স্থলে বিবাদ বা বিরোধে সত্য বিকৃত হয় নাই, সে স্থলে অপ্পায়াসেই উহা নিরূপণ করা যাইতে পারে। আমাদের সহকারী বাবু প্যারীমোহন মুখোপাধ্যায়—যাঁহার নিজের ও পিতার মহালে কার্য্যতঃ দর্শনদ্বারা অনেক বিজ্ঞতা জন্মিয়াছে—বলেন, কোন গ্রাম মাপ হইলে ভূমির যত্নপূর্ব্বক শ্রেণীবিভাগও হইয়া থাকে, এবং কোন এক খণ্ড ভূমি কোন শ্রেণীতে পড়িবে ইহা লইয়া বিবাদ হইলে, গ্রামের মণ্ডলের সাহায্যে তাহা মিটিয়া যায়। তিনি বলেন যে কোন ভূম্যধিকারী সুচারুরূপ বন্দোবস্তের অভিমান করিতে পারেন, তাঁহাকে যত্নপূর্ব্বক নিম্ন মহাল মাপ করিতে হয় এবং মাপের কাগজ (চিঠা) দেখিয়া তিনি যে শুদ্ধ রায়তগণের সমস্ত জোতের পরিমাণের হিসাব পাইবেন তাহা নহে, প্রত্যেক জোতে কোন শ্রেণীর ভূমি, কত পরিমাণে আছে তাহারও হিসাব পাইবেন। তিনি নিম্নলিখিত শ্রেণীবিভাগের আদর্শ আমাদিগকে দিয়াছেন।———

ভূমির শ্রেণী এবং খাজানার হার।

ভূমির শ্রেণীবিভাগের নিদর্শন।

১। প্রতি বিঘা

সুনা ভূমি, আওল বা প্রথম শ্রেণী .. .. ৫৲ টাকা .. হারে
ঐ ' দোয়েম বা দ্বিতীয় শ্রেণী .. .. ৪৲ টাকা .. হারে
ঐ ' সোয়েম বা তৃতীয় শ্রেণী .. .. ৩৲ টাকা .. হারে

সুনা ভূমি অপেক্ষাকৃত অধিক উচ্চ ও উৎকৃষ্ট ভূমি, ইহা বন্যায় ডুবিয়া যায় না এবং ইহাতে আউস ধান্য, নানাবিধ দাউল, আলু, ইক্ষু ও নীল জন্মে।

২। প্রতি বিঘা

শালী ভূমি, আওল বা প্রথম শ্রেণী .. .. ৪৲ টাকা .. হারে
ঐ ' দোয়েম বা দ্বিতীয় শ্রেণী .. .. ৩৲ টাকা .. হারে
ঐ ' সোয়েম বা তৃতীয় শ্রেণী .. .. ২৷৷০ টাকা .. হারে
ঐ ' চহরম বা চতুর্থ শ্রেণী .. .. ১৷৷০ টাকা .. হারে

শালী জমীতে আমন ধান্য, তিল, মুগ ও পাট জন্মে।———

৩। ডাঙ্গা বা উচ্চ কৃষিযোগ্য ভূমি প্রতি বিঘা ৯৲ টাকা হারে; ইহাতে ইক্ষু, আলু, বেগুন এবং নীল জন্মে।
৪। যে ভূমিতে বাঁশ জন্মে, তাহা প্রতি বিঘা ৫৲ টাকা হারে।
৫। যে ভূমিতে ফলের গাছ এবং তরকারি জন্মে তাহা বাগাৎ, প্রতি বিঘা ৮৲ টাকা হারে।
৬। যে ভূমিতে তুত জন্মে, তাহা প্রতি বিঘা ৬৲ টাকা হারে।
৭। যে ভূমিতে পান জন্মে, তাহা প্রতি বিঘা ১৫৲ টাকা হারে।
৮। বাস্তু বা বাস ভূমি, প্রতি বিঘা ১০৲ টাকা হারে।
৯। উদ্যান্ত বা বাস্তুর লাগাও ভূমি, প্রতি বিঘা ৭৷৷০ টাকা হারে।
১০। ডোবা বা ক্ষুদ্র গর্ত্ত, যাহাতে বৃষ্টির সময় মৎস্য ধরা যায় প্রতি বিঘা ২৲ টাকা হারে।
১১। ঘাসকর বা পশ্চর, প্রতি বিঘা ১৲ টাকা হারে।

এই শ্রেণীবিভাগে ১১ টী বিভিন্ন শ্রেণীর ভূমি আছে এবং ঐ শ্রেণীর সাতটী উপশ্রেণী আছে।

৭৪। আবেদক তাহার মোকদ্দমা বর্ণনা করিলে পর, রায়ত উহার কি জবাব দেয় কালেক্টার তাহা নিরূপণ করিবেন। এই অভিপ্রায় সাধনার্থে তিনি, যে সকল গ্রামে ঐ ভূমি আছে তাহার প্রত্যেক গ্রামের মালকাছারীতে, বা উক্ত গ্রামের কোন প্রকাশ্য স্থানে কিম্বা ঐ ভূমিতে, আবেদকের হারের তালিকার নকল লট্‌কাইয়া দিবেন এবং উক্ত নকল উক্তরূপে লট্‌কাইয়া দেওয়া হইয়াছে ইহা ঢেঁড়রাদ্বারা প্রচার করিবেন; এবং রায়তগণ উক্ত নকলে নির্দ্দিষ্ট হারে সম্মত হইতে চায়, কি, যদি তাহাদের আপত্তি থাকে, তবে আপত্তি করিতে চায় ইহা প্রকাশ করিবার জন্য এক মাসের মধ্যে হাজির হইবার নোটিস্ তৎসঙ্গে ২ রায়তগণকে দিবেন। রায়ত ঐ হার স্বীকার করিয়া লইলে,

আবেদকের হারের তালিকা প্রচার করা ও তৎসঙ্গে ২ একমাসের মধ্যে উক্ততালিকাতে সম্মত হইবার বা আপত্তি উত্থাপন করিবার নোটিস্ রায়তকে দেওয়া।

প্রজা হাজির হইয়া সম্মতি দিলে বা আপত্তি করিলে কিরূপে কার্য্যপ্রণালী হইবে।

কালেক্টর তাহা লিখিয়া রাখিবেন এবং সেই স্থলেই সমুদায় চুকিয়া যাইবে। আর যদি রায়তগণ বা তাহাদের মধ্যে কেহ২ উক্ত হারে আপত্তি করে, তবে কালেক্টর যে হার তাঁহার ন্যায্য ও সঙ্গত বলিয়া বোধ হইবে সেই হারে তালিকা প্রস্তুত করিতে প্রবৃত্ত হইবেন। আবেদক মোকদ্দমা যেরূপ দাঁড় করাইয়াছে এবং রায়ত যে সমস্ত আপত্তি করিয়াছে কালেক্টার তৎসমুদায় রীতিমত বিচার করিবেন এবং যেরূপ প্রমাণ ও অনুসন্ধান আবশ্যক বোধ করিবেন তাহা লইবেন ও করিবেন। এই সকল করিবার পর, তিনি নিজ কার্য্যের বিবরণ লিখিবেন এবং আবেদক যে সকল হারের দাওয়া করিয়াছিল, তাহার সমস্ত বা কোনটীর কি হেতুতে অনুমতি দিয়াছেন কিম্বা কি হেতুতে দেন নাই অথবা কি হেতুতে তৎপরিবর্ত্তে অল্প হারের অনুমতি দিয়াছেন, উক্ত বিবরণে তাহার উল্লেখ করিবেন।

প্রথম হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে কার্য্যপ্রণালী কিরূপ হইবে।

৭৫। রায়ত যে হারে খাজানা দিতেছে তাহা নিকটবর্ত্তী তুল্যশ্রেণীর ও তুল্যসুবিধাযুক্ত ভূমির জন্য ঐ শ্রেণীর রায়তেরা যে হারে খাজানা দেয় সেই প্রচলিত হার অপেক্ষা অল্প—এই প্রথম হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, যে শ্রেণীর ভূমিসম্বন্ধে মোকদ্দমা উপস্থিত হইয়াছে মহাল, তালুক বা পেটাওতালুকের মধ্যে তাহার তুল্যশ্রেণীর নিকটবর্ত্তী ভূমির জন্য দেয় প্রচলিত হার কত, কালেক্টার তাহা নিরূপণ করিবেন। তিনি নিয়ত এই বিষয়ে দৃষ্টি রাখিয়া বিচার করিবেন। যদি কোন রায়ত আপত্তি করে যে, তুলনা করিবার জন্য নিকটবর্ত্তী স্থানহইতে যে শ্রেণীর রায়ত ও যে শ্রেণীর ভূমি মনোনীত করা হইয়াছে রায়ত নিজে ও তাহার ভূমি ক্রমান্বয়ে সেই শ্রেণীর বা সেইরূপ সুবিধাযুক্ত নহে, তবে কালেক্টার এই সমস্ত বিশেষ প্রশ্নের মীমাংসা করিতে অস্বীকার করিবেন। হারের তালিকা প্রচার করিবার পর যদি আবেদক ও রায়তগণ পরস্পরের মধ্যে সমস্ত বিষয় মিটাইতে না পারে, তবে আবেদকের পক্ষে দুই পথ খোলা আছে; সেই দুই পথ অতঃপর উল্লিখিত হইবে। তিনি বিশেষ২ রায়তগণের বিরুদ্ধে উক্ত হারের তালিকা বলবৎ করিবার জন্য দেওয়ানী আদালতের সাহায্য লইতে পারেন অথবা কালেক্টারকে জমাবন্দী প্রস্তুত করিয়া দিতে বলিতে পারেন। এই উভয় স্থলেই রায়তগণ নিজ২ বৃত্তান্ত বিবৃত করিবার সম্পূর্ণ সুযোগ পাইবে এবং তাহাদের বৃত্তান্ত ও যথারীতি বিচার করা হইবে। রায়ত ইতিপূর্ব্বে যে পরিমাণ ভূমির জন্য খাজানা দিত, মাপে সেই ভূমির পরিমাণ অধিক বলিয়া প্রতিপন্ন হইয়াছে—এই দ্বিতীয় হেতুঅনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, প্রত্যেক শ্রেণীর দেয় চলিত হার কালেক্টার নিরূপণ করিবেন ও আজ্ঞাদ্বারা প্রচার করিবেন, কিন্তু কোন্ রায়ত কত অধিক ভূমি দখল করে এবং ঐ অধিক ভূমি কোন্ শ্রেণীর তাহা কালেক্টার স্থির করিবেন না। যখন আবেদনকারী এক এক করিয়া প্রত্যেক রায়তের বিরুদ্ধে হারের তালিকা বলবৎ করিবার জন্য কার্য্যানুষ্ঠান করিবেন তখনই ঐ সকল প্রশ্নের মীমাংসা হইবে।

কিম্বা দ্বিতীয় হেতু অনুসারে।

তৃতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে কার্য্যপ্রণালী কিরূপ হইবে।

৭৬। রায়তের বিনা পরিশ্রমে ও বিনা ব্যয়ে রায়তকর্ত্তৃক ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হইয়াছে—এই তৃতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, কালেক্টার আইনের নিয়মাধীনে কত বৃদ্ধি হইয়াছে তাহা নিরূপণ করিবেন। ইহা নিরূপিত হইলে, পূর্ব্বহারের পরিবর্ত্তে এই লব্ধোৎকর্ষ ভূমির কত হার ন্যায্য ও সঙ্গত, কালেক্টার তাহা স্থির করিবেন। মনে কর উপরি প্রদত্ত শ্রেণীবিভাগ অনুসারে (৭৩ চিহ্ন দেখ) সুনা ভূমি স্থলে যদি তিনি দেখেন যে ভূমির উৎপাদিকা শক্তি শতকরা ৫০ ভাগ বাড়িয়া গিয়াছে, তবে,

লব্ধোৎকর্ষ প্রথম শ্রেণীর সুনার নূতন হার ... ... প্রতি বিঘা ৫৲+২৲=৭৷৷০ টাকা হইবে।
লব্ধোৎকর্ষ দ্বিতীয় শ্রেণীর সুনার নূতন হার ... ... প্রতি বিঘা ৪৲+২৲=৬৲ টাকা হইবে।
লব্ধোৎকর্ষ তৃতীয় শ্রেনীর সুনার নূতন হার ... ... প্রতি বিঘা ৩৲+১৷৷০=৪৷৷০ টাকা হইবে।

যদি কোন রায়ত আপত্তি করে যে, তাহার ভূমির অবস্থান অন্যান্য বিসদৃশ বলিয়া কি অন্য কোন কারণে, উহা অন্যান্য ভূমির ন্যায় সমস্ত উপকার পায় না, তবে কলেক্টার সে প্রশ্নের বিচার করিবেন না; বিশেষ২ রায়তের বিপক্ষে হারের তালিকা বলবৎ করিবার মোকদ্দমায় উক্ত প্রশ্নের মীমাংসা হইবে। অবশেষে, রায়তের পরিশ্রম ও ব্যয় ব্যতিরেকে উৎপন্নের মূল্যবৃদ্ধি হইয়াছে—এই চতুর্থ হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, কালেক্টার আইনের নিয়মাধীনে খাজানাবৃদ্ধির পরিমাণ নিরূপণ করিবেন এবং এই আইনের বিধানমতে উক্ত বৃদ্ধি বিভাগ করিয়া দিয়া যে হার ন্যায্য ও সঙ্গত হইবে, সেই হার স্থির করিয়া দিবেন। উপরি প্রদত্ত শ্রেণীবিভাগ অনুসারে (৭৩ চিহ্ন দেখ) শালী জমির দৃষ্টান্ত লও। যদি মূল্য দ্বিগুণ হইয়া থাকে এবং যদি উক্ত বৃদ্ধি রায়ত বা ভূম্যধিকারী কাহারও পরিশ্রম বা ব্যয় ব্যতিরেকে ঘটিয়া থাকে, তবে উক্ত বর্দ্ধিত অংশ সমান ভাগে বিভক্ত হইবে এবং ভূম্যধিকারী উহার অর্দ্ধাংশ পাইবে। তাহা হইলে নূতন খাজানা নিম্নলিখিতরূপ হইবে;—

যে স্থলে খাজানাবৃদ্ধি ৮তুর্থ হেতু অনুসারে দাওয়া করা যায়।

১ম শ্রেণীর শালীর খাজানা ... ... প্রতি বিঘা ... ৪৲+২৲=৬৲ টাকা হইবে।
২য় " " " ... ... " ... ৩৲+১৷৷০=৪৷৷০ " "
৩য় " " " ... ... " ... ২৷৷০+১৷০=৩৷৷০ " "
৪র্থ " " " ... ... " ... ১৷৷০+৷৷০=২৷০ " "

হারের তালিকা প্রস্তুত হইলে এক মাসের মধ্যে প্রতিবাদ করিতে পারা যাইবে এই নোটিস্ সমেত উহা প্রচার করিতে হইবে।

৭৭। হারের তালিকা প্রস্তুত করিয়া কালেক্টার তাহা প্রচার করিবেন এবং সেই সঙ্গে আবেদকও রায়তগণকে নোটিস্ দিবেন যে যদি তাহারা ঐ হারের কোন প্রতিবাদ করিতে ইচ্ছা করে, তবে তাহা কালেক্টারের নিকট দাখিল করা লিখিত আবেদনপত্রদ্বারা এক মাসের মধ্যে করিতে হইবে। যদি ঐ প্রতিবাদ করা হয় তবে কালেক্টার তাহার বিচার করিবেন এবং উপযুক্ত বোধ করিলে তালিকা সংশোধন করিয়া দিবেন। তৎপরে তিনি উক্ত তালিকা এবং তৎসহিত নিজ কার্য্যপ্রণালীর বিবরণ এবং যদি প্রতিবাদের কোন আবেদনপত্র হইয়া থাকে তবে সেই আবেদন পত্র কমিশনরের নিকট অথবা কমিশনরের হুকুম দিয়া রেবিনিউ বোর্ডে যাইবে। মোকদ্দমার উল্লিখিত খাজানার মোট সমষ্টি, ভূমির পরিমাণ এবং এতৎসম্পর্কীয় রায়তগণের সংখ্যার প্রতি দৃষ্টি রাখিয়া, শ্রীযুক্ত লেপ্‌টেনাণ্ট গবর্ণর সাহেব কমিশনর বা বোর্ডের দ্বারা মোকদ্দমার চূড়ান্ত পুনরালোচনা কর্ত্তব্য, সময়ে২ তাহা আদেশ করিতে পারেন। যে স্থলে যেরূপ সম্ভব তদনুসারে, বোর্ড বা কমিশনর, পরবর্ত্তী কার্য্যপ্রণালী ও অনুসন্ধানের আদেশ দিতে এবং তজ্জন্য অপেক্ষা করিতে পারেন, নালিশসংক্রান্ত কোন

কালেক্টরের কার্য্য উদ্ধতন রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষের নিকট পাঠাইতে হইবে।

পুনরালোচনা, সংশোধন বা পরিবর্ত্তন করিবার কাহার সম্পূর্ণ ক্ষমতা আছে।

ব্যক্তির কথা শুনিতে পারেন, কোন আপত্তি গ্রাহ্য বা অগ্রাহ্য করিতে পারেন এবং হারের তালিকা পুনরালোচনা, সংশোধন বা পরিবর্ত্তন করিতে পারেন। (১০৪ ধারা দেখ।)

খাজানায় সংশোধন করিবার জন্য হারের তালিকা কিরূপে ব্যবহার করিতে হইবে।

৭৮। সর্ব্বশেষে বোর্ড বা কমিশ্যনর কর্ত্তৃক যে হারের তালিকা মঞ্জুর হইয়াছে, তাহা আবেদক ও রায়ত উভয়কেই বাধ্য করিবে এবং উক্ত তালিকাতে উল্লিখিত যে শ্রেণীর ভূমির যে হার দখলীস্বত্ববিশিষ্ট রায়তের দেয় বলিয়া উক্ত তালিকাতে নির্দ্দিষ্ট হইয়াছে, সেই হারই যে ন্যায্য ও সঙ্গত তদ্বিষয়ে আর কোন আপত্তি হইতে পারিবে না। কিন্তু যত দিন পর্য্যন্ত অন্য মোকদ্দমাতে প্রমাণ না হইতেছে বা রায়ত স্বয়ং স্বীকার না করিতেছে যে, সে যে ভূমিভোগ করে তাহা উক্ত তালিকায় নির্দ্দিষ্ট ভূমি শ্রেণীর কোন না কোন শ্রেণীভুক্ত, তত দিন আবেদক কোন বিশেষ রায়তের নিকটহইতে উক্ত তালিকায় নির্দ্দিষ্ট হারে খাজানা আদায় করিতে পারিবে না। বহুদর্শী ও দক্ষ ব্যক্তিরা বলেন যে, কর্ত্তৃপক্ষেরা একবার হারের বন্দোবস্ত করিয়া দিলে, ভূম্যধিকারী ও প্রজাগণ হার সম্বন্ধীয় সমুদায় বিবাদ আপনা আপনি মিটাইয়া লইতে পারিবে। এই কথায় যদি কোন সারবত্তা থাকে তবে, যে সমস্ত রায়তের ভূমি সম্ভবতঃ তালিকার শ্রেণীবিভাগের মধ্যে পড়িবে এবং তদ্ভিন্ন যে সমস্ত রায়তের মোকদ্দমা চালাইলে কোন লাভের প্রত্যাশা নাই, আবেদক সেই সমস্ত রায়তের সহিত মিটাইয়া লইতে পারিবে। এবং তাহাদের সংখ্যাই অধিক-অবশিষ্ট রায়তেরা হারের তালিকা অনুসারে খাজানা দিতে অস্বীকার করিবার হয় বাস্তবিক বিশিষ্ট কারণ থাকিবে, নয় বিশিষ্ট কারণ আছে বলিয়া তাহাদের বোধ থাকিবে। কেহ বা এই আপত্তি করিতে পারে যে, সে সেই বনিয়াদি বংশে বা উৎকৃষ্ট জাতিতে জন্মগ্রহণ করিয়াছে, যে বংশ বা জাতি চিরকাল অন্যান্য রায়ত অপেক্ষা সুলভ হারে, (মনে কর) টাকা প্রতি দুই আনা বা চারি আনা কমে, ভূমি ভোগ করিয়া আসিতেছে। অন্য কেহ বলিতে পারে যে, তাহার পিতামহ বা প্রপিতামহ জমীদারের সরকারে চাকরী করিয়াছে এবং তজ্জন্য অপেক্ষাকৃত অল্পহারে নিজ যোত পাইয়াছে ও চিরকাল অপর রায়ত হইতে এই প্রভেদ টুকু তাহার পক্ষে করা হইবে এরূপ অঙ্গীকারও আছে। যে সকল ব্যক্তি এই রূপ কথা বলে, প্রতিবাসিদিগের অপেক্ষা তাহারা অল্প হারে ভূমি ভোগ করিতেছে এই বৃত্তান্ত তাহাদের কথার পোষক হইবে। তৃতীয় ব্যক্তি বলিতে পারে যে, তাহার ভূমির অবস্থান অনন্য সদৃশ বলিয়া ঐ ভূমির জন্য ২য় শ্রেণীর শালী অপেক্ষা অধিক কিন্তু ১ম শ্রেণীর শালী অপেক্ষা কম খাজানা দিতে হয়; অতএব ঐ ভূমি মধ্যশ্রেণীভুক্ত বলিয়া গণ্য হইয়া থাকে এবং ঐ মধ্যশ্রেণী তালিকাতে প্রদর্শিত হয় নাই। চতুর্থ ব্যক্তি এই আপত্তি উত্থাপন করিতে পারে যে, তাঁহার জমী মাঠের এক প্রান্তে অবস্থিত এবং গোমেষাদিতে উহার অনেক ক্ষতি করে; তদ্ভিন্ন ঐ জমী যে শ্রেণীভুক্ত সেই শ্রেণীর প্রচলিত হার অপেক্ষা কিছু কম হারে যে ব্যক্তি চিরকাল খাজানা দিয়া আসিতেছে। পঞ্চম ব্যক্তি এই ওজর করিতে পারে যে, তৃতীয় হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, উৎপাদিকাশক্তি বৃদ্ধির কারণ তাহার ফল প্রসব করিবার পর দুই বৎসর গত হইলে তাহাকে ভূমির দখল দেওয়া হইয়াছে এবং অল্প খাজানায় উৎকৃষ্ট ভূমি পাইবে এই বিবেচনায় সে অনেক সেলামী দিয়াছে অতএব আইন ন্যায়ানুসারে সে ঐ হারের তালিকাদ্বারা বাধ্য হইতে পারে না। ষষ্ঠ ব্যক্তিও চতুর্থ হেতু অনুসারে বৃদ্ধির দাওয়া করিলে, ঐরূপ আপত্তি তুলিতে পারে। যে স্থলে ঐরূপ আপত্তি ন্যায়সঙ্গত ও যুক্তিসিদ্ধ, সে স্থলে বুদ্ধিমান ভূম্যধিকারী সময়ে কিঞ্চিৎ ত্যাগ স্বীকার করিবেন এবং যে সকল রায়তের পক্ষে বিশেষ বিবেচনা হইবার সম্পূর্ণ সম্ভাবনা আছে, প্রচলিত হার অপেক্ষা কিছু কম লইতে সম্মত হইয়া, তাহাদিগকে সন্তুষ্ট করিবেন; এবং এই রূপে হারের তালিকা প্রচারদ্বারা আবেদক তাঁহার সমস্ত প্রজার সহিত মিটাইয়া ফেলিতে পারিবেন।

ইহাদ্বারা ভূম্যধিকারীও তাহার প্রজা পরস্পর মিটাইয়া লইতে পারিবে তাহার সম্ভাবনা।

৭৯। যদি রায়তেরা যুক্তিবিরুদ্ধ আপত্তি করে কিম্বা ভূম্যধিকারী রায়তের সঙ্গত দাওয়া দিতে না চাহে, তবে বিবাদের এই প্রকার ব্যক্তিগত হেতুর মীমাংসা হইবার দুই উপায় আছে (১০৬ ধারা দেখ।) আবেদক তাহার রায়তের বিপক্ষে ঐ হারের তালিকা বলবৎ করিবার জন্য দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারে এবং উক্ত মোকদ্দমায়, দশ জনের অনধিক যে কয়েক জন রায়তকে ইচ্ছা, সেই কয়েক জনকে সহপ্রতিবাদী করিতে পারা যায়। হারের তালিকা যত দূর পর্য্যন্ত সিদ্ধ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে, এস্থলেও তত দূর পর্য্যন্ত সিদ্ধ হইবে; কিন্তু ভূম্যধিকারী কালেক্টারের সাহায্য না লইয়া যদি প্রথমেই দেওয়ানী আদালতের সাহায্য লইতেন তবে তাঁহার উপর যেরূপ প্রমাণের ভার ন্যস্ত হইত, এই মোকদ্দমার অন্যান্য বিষয়ের প্রমাণের ভার সম্বন্ধেও তদপেক্ষা তাঁহার অধিক সুবিধা হইবে না। ইহাদ্বারা, রায়তদিগের মধ্যে প্রত্যেক ব্যক্তি নিজ ২ বিবরণ আদালতের গোচর করিবার সুযোগ পাইবে এবং তদ্বিষয়ে আদালতদ্বারা নিষ্পত্তি করিয়া লইতে পারিবে। আবেদকের পক্ষে দ্বিতীয় উপায় এই যে তিনি কালেক্টরের নিকট বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিয়া দিবার দরখাস্ত করিতে পারিবেন এবং হারের তালিকা চূড়ান্তরূপে মঞ্জুর হইবার তারিখের তিন মাস পরে (এই সময়ের মধ্যে আপসে মিটিবার বিলক্ষণ সময় রহিল) এবং উক্ত তারিখ হইতে এক বৎসরের মধ্যে যে কোন সময়ে ঐ দরখাস্ত করিতে পারা যাইবে। বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার কার্য্যপ্রণালীর পশ্চাৎ উল্লিখিত সবিস্তার বর্ণনা পাঠ করিলে স্পষ্টই প্রতীয়মান হইবে যে এ স্থলেও রায়তদিগের আপত্তি শ্রুত ও বিচারিত হইবার বিলক্ষণ সুযোগ আছে।

যদি উভয়পক্ষের না মেটে তবে ভূম্যধিকারির পক্ষে দুই পথ খোলা আছে।

৮০। যে মহাল, তালুক বা পেটাওতালুক সম্বন্ধে দরখাস্ত করা হইয়াছে, আবেদক কালেক্টরের নিকট সেই মহাল, তালুক বা পেটাও তালুকের বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিয়া দিবার অনুমতি দুই প্রকারে চাহিতে পারে (১) তাহার আদি দরখাস্ত দ্বারা (২) হারের তালিকা পাইয়া সমুদায় বা কয়েক জন রায়তের সহিত মিটাইতে না পারিলে পর, একখানি পরিশিষ্ট দরখাস্ত দ্বারা। আমরা ১০০ ধারায় নির্দ্দেশ করিয়াছি যে "জমাবন্দী" শব্দে সেই তালিকা বা তফসীল বুঝাইবে যাহাতে নিম্নলিখিত বিষয়গুলির উল্লেখ থাকিবে।——

কোন ২ স্থানে বর্দ্ধিত জমাবন্দীর দরখাস্ত করিতে হইবে।

"জমাবন্দী" শব্দের অর্থ

(১) মহাল, তালুক বা পেটাওতালুকের রায়তগণের নাম।

(২) প্রত্যেক রায়ত যে ভূমি ভোগ করে তাহার পরিমাণ এবং উক্ত ভূমি বিভিন্ন শ্রেণীর হইলে প্রত্যেক শ্রেণীতে যত ভূমি আছে তাহার পরিমাণ।

(৩) প্রত্যেক রায়ত প্রত্যেক শ্রেণীর যত ভূমি ভোগ করে, সেই প্রত্যেক শ্রেণীর মোট ভূমির জন্য দেয় মোট খাজানা।

(৪) প্রত্যেক রায়তকে যত খাজানা দিতে হয় তাহার সর্ব্বশুদ্ধ মোট।

"বর্দ্ধিত জমাবন্দী" শব্দের অর্থ।

আমরা নির্দ্দেশ করিয়াছি যে "বর্দ্ধিত জমাবন্দী" শব্দে সেই জমাবন্দী বুঝাইবে যাহাতে পূর্ব্বোক্ত বিশেষ বিবরণ ব্যতীত নিম্নলিখিত বিষয়েরও উল্লেখ থাকিবে।——

(ক) প্রথম হেতু অনুসারে বৃদ্ধির আদেশ হইলে,

(৫) পূর্ব্বদেয় হারের পরিবর্ত্তে কোন শ্রেণীর ভূমির নিমিত্ত যে প্রচলিত হার দিবার আদেশ হইয়াছে সেই প্রচলিত হার।

(৬) প্রত্যেক রায়ত উক্ত শ্রেণীর যত ভূমি ভোগ করে, সেই প্রত্যেক শ্রেণীর মোট ভূমির জন্য পূর্ব্বোক্ত কারণে দেয় নূতন মোট খাজানা।

(৭) প্রত্যেক রায়তের সর্ব্বশুদ্ধ দেয় নূতন মোট খাজানা।

(খ) দ্বিতীয় হেতু অনুসারে বৃদ্ধির আদেশ হইলে,

(৫) প্রত্যেক রায়তের দখলে প্রত্যেক শ্রেণীর যে অধিক ভূমি আছে বলিয়া সপ্রমাণ হইয়াছে সেই প্রত্যেক শ্রেণীর অধিক ভূমি।

(৬) প্রত্যেক রায়ত উক্ত শ্রেণীর যত ভূমি ভোগ করে; সেই প্রত্যেক শ্রেণীর মোট ভূমির জন্য পূর্ব্বোক্ত কারণে দেয় নূতন মোট খাজানা।

(৭) প্রত্যেক রায়তের সর্ব্বশুদ্ধ দেয় নূতন মোট খাজানা।

(গ) তৃতীয় ও চতুর্থ হেতু অনুসারে বৃদ্ধির আদেশ হইলে,

(৫) প্রত্যেক শ্রেণীর ভূমির যে বর্দ্ধিত হারে খাজানা দিবার আদেশ হইয়াছে, সেই বর্দ্ধিত হার।

(৬) প্রত্যেক রায়ত উক্ত শ্রেণীর যত ভূমি ভোগ করে, সেই প্রত্যেক শ্রেণীর মোট ভূমির জন্য পূর্ব্বোক্ত কারণে দেয় নূতন মোট খাজানা।

(৭) প্রত্যেক রায়তের সর্ব্বশুদ্ধ দেয় নূতন মোট খাজানা।

পাঠমাত্রই সপষ্ট প্রতীতি জন্মিবে যে জমাবন্দী বা বর্দ্ধিত জমাবন্দী হারের তালিকার ন্যায় নহে, কারণ ইহাতে প্রত্যেক রায়ত সম্পর্কীয় বিশেষ ২ বিবরণ লিখিত আছে।

বর্দ্ধিত জমাবন্দীর জন্য দরখাস্তে কি ২ অন্তর্নিবিষ্ট থাকিবে।

৮১। যিনি বর্দ্ধিত জমাবন্দীর প্রার্থনা করিতেছেন সেই আবেদক যে বর্দ্ধিত জমাবন্দীকে তিনি ন্যায্য ও সঙ্গত বলেন এবং যদনুসারে তিনি রায়তগণের নিকট হইতে বর্দ্ধিত খাজানা পাইবার দাওয়া করেন সেই বর্দ্ধিত জমাবন্দীর নকল তাঁহার দরখাস্তের সহিত দাখিল করিবেন; এবং উহাতে নির্দ্দিষ্ট প্রত্যেক রায়তের খাজানা কি হেতুতে বৃদ্ধি করিবার দাওয়া করেন সেই হেতু বা হেতু সকল তিনি সপষ্ট করিয়া নির্দ্দেশ করিবেন। কোন রায়তের নাম এই নকলে লেখা থাকা ঐ রায়তের দখলীস্বত্ব আছে ভূম্যধিকারী কর্ত্তৃক এই স্বীকারের তুল্য হইবে। আবেদক কর্ত্তৃক দাখিল করা বর্দ্ধিত জমাবন্দী, হারের তালিকা যেরূপে প্রচার হয় সেই রূপে ঐ ভূমিতে প্রচার হইবে এবং তৎসঙ্গে ২ প্রত্যেক রায়ত সম্বন্ধে যাহা লেখা হইয়াছে তাহাতে প্রত্যেকের সম্মতি দিবার জন্য, বা আপত্তি থাকিলে, আপত্তি উত্থাপন করিবার জন্য এক মাসের মধ্যে উপস্থিত হইবার নোটিস রায়তগণকে দেওয়া হইবে। প্রত্যেক রায়ত তাহার নিজ বিষয় সম্বন্ধে যে কোন আপত্তি আছে সমুদায় এস্থলে উত্থাপন করিতে পারে।

রায়তগণ সম্বন্ধে লিখিত বিষয়ে সম্মতি দিবার বা তাহার আপত্তি করিবার জন্য রায়তগণকে যে নোটিস্ দিতে হইবে তাহার সঙ্গে ২ বর্দ্ধিত জমাবন্দী প্রচার করিতে হইবে।

সকল রায়ত সম্মতি দিলে, কিরূপ কার্য্যপ্রণালী হইবে।

৮২। আবেদক কর্ত্তৃক দাখিল করা বর্দ্ধিত জমাবন্দীর নকলের সমুদায় দফায় যদি সমস্ত রায়ত সম্মতি দেয়, তবে উক্ত জমাবন্দীতে আবেদক ও রায়তগণ উভয়েই দশ বৎসরের নিমিত্ত বাধ্য থাকিবেন কালেক্টর এই হুকুম দিবেন, কিন্তু পৈবস্তীদ্বারা খাজানা বৃদ্ধি বা শিকস্তীদ্বারা খাজানা কম হওয়ার সহিত ঐ হুকুমের কোন সম্পর্ক থাকিবে না। যদি কোন এক জন রায়ত বা সমুদায় রায়ত আপত্তি করে কিম্বা যদি তাহারা হাজির হইয়া সম্মতি না দেয়, তবে কালেক্টর ঐ মহাল, তালুক বা পেটাওতালুকের বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিতে প্রবৃত্ত হইবেন। ইহা প্রস্তুত করিবার জন্য তিনি, ইতিপূর্ব্বে যে সকল স্থলে হারের তালিকা প্রস্তুত হয় নাই সেই সকল স্থলে অগ্রে উক্ত তালিকা প্রস্তুত করিবার জন্য সে সকল সন্ধান প্রয়োজন লইবে; তৎপরে প্রত্যেক স্থলের বিশেষ ২ অবস্থার প্রতি এবং যদি কোন রায়ত আপত্তি করিয়া থাকে তবে সেই আপত্তির প্রতি দৃষ্টি রাখিয়া, বিশেষ ২ রায়তের স্থলে ঐ বর্দ্ধিত হার খাটাইবেন।

সকলে বা কোন রায়ত আপত্তি করিলে, কিরূপ কার্য্যপ্রণালী হইবে।

৮৩। এই সমস্ত কার্য্য সম্পন্ন হইলে, কালেক্টর ঐ কার্য্যের বিবরণ লিখিবেন এবং বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবেন ১০৯ ধারা; তৎপরে তিনি উক্ত জমাবন্দী প্রচার করিবেন এবং আবেদকও রায়তদিগকে এই নোটিস্ দিবেন, যে যদি তাহারা সকলে বা তাহাদের মধ্যে কেহ উক্ত বর্দ্ধিত জমাবন্দীর হার বা কোন দফায় আপত্তি করিতে ইচ্ছা করে, তবে লিখিত আবেদন দ্বারা এই প্রচারের পর এক মাসের মধ্যে উক্ত আপত্তি করিতে পারিবে এবং ঐ আবেদন কালেক্টরের নিকট দাখিল করিতে হইবে। যদি কোন আপত্তি করা হয়—এবং প্রত্যেক বিশেষ ২ রায়তের স্থলে ঘটিত সমস্ত বিষয়েই ঐ আপত্তি হইতে পারিবে—তবে কালেক্টর সমুদায় আপত্তির উপরই দৃষ্টি রাখিবেন। এই সমস্ত আপত্তি যথার্থ কি না তদ্বিষয়ে নিজের সন্তোষ জন্য, কালেক্টর যে সমস্ত কার্য্য আবশ্যক বোধ করিবেন তাহা করিতে পারিবেন এবং আদৌ সেই সমস্ত কার্য্য করিতে হইলে তিনি যেরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিতেন এস্থলেও সেই সমস্ত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন এবং যে কোন আজ্ঞা উচিত বলিয়া জ্ঞান করিবেন তিনি সেই আজ্ঞা দিতে পারিবেন, তাহাতে উক্ত হার বা উক্ত কোন দফা রহিত করিতে, সংশোধন করিতে বা অন্য প্রকারের পরিবর্ত্তন করিতে পারিবেন কিম্বা উক্ত আপত্তি অগ্রাহ্য করিতে পারিবেন। উক্ত আজ্ঞার ফল যাহাদের উপর বর্ত্তিবে এরূপ কোন ভূম্যধিকারী বা রায়ত এই আজ্ঞায় সন্তুষ্ট না হইলে তিনি ৩০ দিনের মধ্যে কমিশনরের নিকট আপীল করিতে পারিবেন; এবং ঐ আপীল হইলে কমিশনর অনুসন্ধানের পর বা অনুসন্ধান ব্যতিরেকে, যে আজ্ঞা উচিত বোধ করিবেন সেই আজ্ঞা দিবেন (১১০ ধারা।) সমুদায় আপত্তির মীমাংসা হইলে পর প্রস্তুত করা বর্দ্ধিত জমাবন্দীতে দশ বৎসরের জন্য ভূম্যধিকারী ও প্রজা উভয়ে আবদ্ধ থাকিবেন এবং পৈবস্তীর জন্য খাজানা বৃদ্ধি বা শিকস্তীর জন্য খাজানা যে কম হইয়া থাকে, তাহা এই

কালেক্টর নিজ কার্য্যবিবরণ প্রস্তুত করিবেন।

বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত হইলে, প্রচার হইবে।

বিশেষ ২ রায়তেরা যে আপত্তি করিয়াছে কালেক্টর সেই সমস্ত আপত্তির প্রতি দৃষ্টি রাখিবেন।

কমিশনরের নিকট আপীল।

জমাবন্দী সত্ত্বেও পূর্ব্ববৎ হইবে। যে সকল রায়ত বর্দ্ধিত জমাবন্দী অনুসারে আবেদককে খাজানা দেয় তাহারা যাহাতে প্রতিদ্বন্দ্বী ভূম্যধিকারিগণ কর্তৃক মোকদ্দমায় উৎপীড়িত হইতে না পারে সেই জন্য আমরা বিধিবদ্ধ করিয়াছি (১১১ ধারা) যে, ঐ রূপ কোন রায়তই ওয়াসিলতের মোকদ্দমায়, যে তৃতীয় ব্যক্তি ঐ ওয়াসিলত পাইবার দাওয়া করে তাহার নিকট দায়ী নহে, কিন্তু এরূপ কোন মোকদ্দমা আবেদকের বিপক্ষে চালাইতে হইবে।

যে রায়তেরা বর্দ্ধিত জমাবন্দী অনুসারে আবেদককে খাজানা দেয় তাহাদিগকে কি রূপে আশ্রয় দেওয়া হয়।

বন্দোবস্তী জমাবন্দী পাইবার জন্য কিরূপ কার্য্য করিতে হইবে।

৮৪। এক্ষণে আমরা তৃতীয় শ্রেণীর কার্য্য অর্থাৎ বন্দোবস্তী জমাবন্দী পাইবার জন্য যাহা ২ কর্ত্তব্য তদ্বিচারে প্রবৃত্ত হইতেছি। কোন ভূম্যধিকারী কোন ২ রায়ত তাহাকে খাজানা দিবার দায়ী, উক্ত রায়তগণ কর্তৃক দেয় খাজানা, প্রত্যেক রায়ত যে ভূমিখণ্ডের জন্য উক্ত খাজানা দেয় সেই ভূমিখণ্ড, নিরূপণ করিতে অসমর্থ হইয়া কালেক্টরের নিকট দরখাস্ত করিলে কালেক্টর যে জমাবন্দী প্রস্তুত করিয়া দেন, "বন্দোবস্তী জমাবন্দী" শব্দে তাহাকে বুঝাইবে, ইহা আমরা নির্দ্দেশ করিয়াছি। প্রকাশ্য নীলামে ক্রেতা, ক্রীত মহালের দখল পাইবার জন্য যখন চেষ্টা করেন তখন তিনি কিরূপ কষ্টে পড়েন তাহা আমরা ইতিপূর্ব্বে (পূর্ব্ব ৬৫ চিহ্ন) উল্লেখ করিয়াছি। পূর্ব্ব মালিক ব্যাঘাত দিবার জন্য রায়তদিগের সহিত যোগ করেন। হয় ক্রেতার এই ইচ্ছা যে খাজানা বৃদ্ধি করিয়া কিছু লাভ করেন, কিম্বা এই রূপ ইচ্ছা মিথ্যা করিয়া তাঁহার উপর আরোপ করা হয়। পুরাতন ভূস্বামী কোন খবর বা কোন কাগজপত্র দেন না। রায়তেরা নিজ ২ খাজানা কম করিয়া বলে এবং পুরাতন গোমস্তাগণের নিকট হইতে ক্রীত, কিম্বা ক্রেতা এই ক্রয় লাভজনক হইল না বলিয়া আক্ষেপ করিবে এবং ইহা ছাড়িয়া দিবার জন্য তাঁহার নিকট প্রস্তাব করিবে এই আশঙ্কায় হয় ত বা পুরাতন ভূস্বামী কর্তৃক স্বাক্ষরিত, জাল কবজ দাখিল করে। প্রত্যেক যোতের ভূমির পরিমাণ মিথ্যা করিয়া বলা হয় কিম্বা কোন খবর দিতে অস্বীকার করা হয়। যদি ক্রেতা মাপিবার চেষ্টা করে, তবে কোন্ ভূমিখণ্ড বা ক্ষেত্র কাহার, কেহই বলিয়া দিবে না। বিশেষ ২ রায়তের নামে নালিশ করিবারও যো নাই, কারণ কোন একটী মোকদ্দমারও আবেদনপত্র লিখিবার জন্য প্রয়োজনীয় সমস্ত খবর ক্রেতা অবগত নহে। শুদ্ধ যে নূতন ভূম্যধিকারী রাজস্বের জন্য নীলামে বা ডিক্রীজারীর নীলামে ক্রেতা হইলেই ঐ সমস্ত ঘটিয়া থাকে এমন নহে; আইন যে ব্যক্তির স্বপক্ষে আছে যদি তাহার বিরুদ্ধে মৃত মালিকের বংশীয় কোন স্ত্রীলোক বা অন্য ব্যক্তি যাহারা বিবেচনা করে যে তাহাদের স্বত্বের প্রতি দৃষ্টি রাখা উচিত—দণ্ডায়মান হয়, তবে উত্তরভোগিত্ব হলেও ঐ সমস্ত ঘটিতে পারে।

৮৫। এইরূপ অবস্থায় যে আবেদক বন্দোবস্তী জমাবন্দীর জন্য কালেক্টরের নিকট দরখাস্ত করেন, তিনি নিজ দরখাস্তে যে সমস্ত অবস্থার জন্য তাঁহাকে খাজানা দিতে বাধ্য রায়তগণের নাম, উক্ত রায়তগণ কর্তৃক দেয় খাজানা, যে ভূমির জন্য খাজানা দিতে হয় সেই ভূমিখণ্ড, নিরূপণ করিতে অসমর্থ হইয়াছেন, সেই সমস্ত অবস্থার উল্লেখ করিবেন। যদি কালেক্টরের সন্দেহ জন্মে যে আবেদক যথার্থই এই সমস্ত বিষয় নিরূপণ করিতে অসমর্থ হইয়াছিল এবং তন্নিবন্ধন হারের তালিকা বা বর্দ্ধিত জমাবন্দীর জন্য কার্য্যানুষ্ঠান আরম্ভ করিতে পারে নাই কিম্বা করিলেও তাহা ব্যর্থ হইত, তবে তিনি বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিতে প্রবৃত্ত হইতে পারেন। এই কার্য্যসাধনার্থে তিনি প্রথমতঃ, মহাল, তালুক বা পেটাও তালুকের রায়তগণের উপর একমাসের মধ্যে হাজির হইবার এবং তাহারা প্রত্যেকে যে ভূমিখণ্ড ভোগ করে সেই ভূমিখণ্ড, তাহার শ্রেণী, পরিমাণ, ও চতুঃসীমা, ঐ ভূমির জন্য পূর্ব্বে কত খাজানা দিতে হইত, এবং এক্ষণে তাহারা কত খাজানা দিতে ইচ্ছা করে, এই সমস্ত বর্ণনা করিবার জন্য নোটিস জারী করিবেন।

বন্দোবস্তী জমাবন্দীর আবেদক তাহার দরখাস্তে সমুদায় অবস্থার উল্লেখ করিবে।

৮৬। এই নোটিস প্রচার হইবার পর এক মাসের মধ্যে যদি রায়তেরা হাজির হইয়া, তাহাদের নিকট যে বিশেষ খবর চাওয়া হইয়াছিল তাহা দেয় এবং আবেদক ঐ সমস্ত বিশেষ খবরে সম্মতি দেন, তবে সেই খবর অনুসারে বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত হইবে। যদি তাহারা হাজির হইয়া উক্ত বিশেষ খবর না দেয় অথবা এরূপ খবর দেয় যে আবেদক তাহার প্রতিবাদ করেন, তবে কালেক্টর নিম্নলিখিত বিষয় গুলি নিরূপণ ও স্থির করিতে প্রবৃত্ত হইবেন; (১) কোন্ রায়তেরা আবেদককে খাজানা দিতে বাধ্য; (২) কোন্ ভূমির জন্য উক্ত খাজানা দিতে হয়; (৩) উক্ত ভূমিতে রায়তদিগের কিরূপ স্বত্ব আছে; (৪) পূর্ব্ব ২ খাজানা বা হার অপেক্ষা কত অধিক বা অল্প খাজানা বা খাজানার হার, আবেদক উক্ত ভূমির জন্য রায়তের নিকট পাইবার অধিকারী (১১৩ ধারা)। বন্দোবস্তী জমাবন্দী সম্পূর্ণ হইলে, বর্দ্ধিত জমাবন্দী যেরূপে প্রচার করা হয় এবং তৎসঙ্গে ২ তৎসম্পর্কীয় রায়তগণকে যেরূপ নোটিস্ দেওয়া হয়, কালেক্টর সেইরূপ বন্দোবস্তী জমাবন্দী ও প্রচার করিবেন এবং তৎসঙ্গে তৎসম্পর্কীয় রায়তদিগকে নোটিস দিবেন। প্রত্যেক ব্যক্তি যে আপত্তি করিবেন কালেক্টর তাহার প্রতি দৃষ্টি রাখিবেন; এবং উক্ত ব্যক্তিগণ কালেক্টরের হুকুমে অসন্তুষ্ট হইলে, তাহারা কমিশ্যনরের নিকট আপীল করিতে পারেন।

রায়তেরা জিজ্ঞাসিত বিশেষ ২ খবর না দিলে কিম্বা তাহারা যে খবর দিবে আবেদক তাহার প্রতিবাদ করিলে, কালেক্টর কোন্ ২ বিষয় নিরূপণ ও স্থির করিতে প্রবৃত্ত হইবেন।

৮৭। যে তিন শ্রেণীর মোকদ্দমার জন্য আইন বিধিবদ্ধ করিতে চেষ্টা করা গিয়াছে সেই তিন শ্রেণীর জন্য কর্ত্তব্য কার্য্যসম্বন্ধীয় প্রধান ২ বিষয় পর্য্যালোচিত হইল, এক্ষণে উক্ত তিন শ্রেণীর সাধারণ বিধান সম্বন্ধে কিছু বলা যাইতেছে। প্রথমতঃ, এই আদেশ করা গিয়াছে যে, যে কয়েক জন ভূম্যধিকারী ইচ্ছা, একত্র দরখাস্ত করিতে পারিবে, এবং কে কত খরচার অংশ দিতে চাহে তাহা ঐ দরখাস্তে নির্দ্দিষ্ট থাকিবে। কিন্তু কালেক্টর উপযুক্ত বোধ করিলে, আবেদকের অধিকৃত কোন মহাল, তালুক বা পেটাও তালুক বা নির্দ্দিষ্ট স্থান সম্বন্ধে স্বতন্ত্র কার্য্যপ্রণালী অবলম্বন করিবার আদেশ করিতে পরিবেন (১১৫ ধারা)। উক্তরূপ হুকুম দিবার জন্য কালেক্টরকে যে ২ বিষয় দেখিতে হইবে তাহা এই যে, যে কারণে খাজানা বৃদ্ধির হেতু উপস্থিত হয় সেই কারণ কখন ২ বহুবিস্তৃত ভূমিভাগে বর্ত্তে এবং উহার ফল সম্বন্ধে কোন প্রভেদ অনুভব করিতে পারা যায় না। মূল্যবৃদ্ধি সম্বন্ধে যে এইরূপ প্রায়ই ঘটিয়া থাকে তাহা সকলেরই বিদিত আছে। বিচার্য্য প্রশ্ন সম্বন্ধে যে সমস্ত ভূম্যধিকারীও প্রজার তুল্য সম্পর্ক আছে, এক অনুসন্ধান দ্বারা তাহাদের সকলের বিচার করিলে, যে পরিশ্রম আবশ্যক ও যে অনুসন্ধানের প্রয়োজন তাহা অনেক বাঁচিয়া যায়। যাহাতে প্রত্যেক বিশেষ ২ স্থলের বিশেষ ২ বিবরণ দিতে হইবে সেই বর্দ্ধিত জমাবন্দী বা বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করণ স্থল অপেক্ষা, যাহাতে প্রত্যেক বিশেষ ২ স্থলের বিশেষ ২ বিবরণ দিতে হইবে না সেই হারের তালিকা প্রস্তুত করণ স্থলে অপেক্ষাকৃত

যে কয়েক জন ভূম্যধিকারী ইচ্ছা একত্র দরখাস্ত করিতে পারে। কালেক্টর উপযুক্ত বিবেচনা করিলে, স্বতন্ত্র কার্য্যপ্রণালী অবলম্বনের আদেশ করিতে পারেন।

কোন ২ বিষয়ে দৃষ্টি রাখিয়া কালেক্টর উক্ত বিষয়ে নিজ বিবেচনা মত কার্য্য করিতে পারিবেন।

অধিক সংখ্যক ব্যক্তিকে অনায়াসে উক্ত কার্য্যভুক্ত করিয়া লওয়া যাইতে পারে। একটী তালুকের অন্তর্গত দুই বা ততোধিক পেটাও তালুক কিম্বা একটী মহালের অন্তর্গত দুই বা ততোধিক তালুক এক অনুসন্ধানের বিষয়ীভূত হইতে পারে; কিন্তু ভিন্ন ২ এবং দূরবর্ত্তী মহালের অন্তবর্ত্তী এবং ভিন্ন ২ অবস্থাপন্ন তালুকের স্বতন্ত্রভাবে অনুসন্ধান হইবে। সকল স্থলেই প্রধান উদ্দেশ্য এই যে অনুসন্ধান অতি প্রকাণ্ড হইয়া না উঠে এবং যে সমস্ত ভূমির একই ভাবে বিচার হইতে পারে না তাহাদের বিচার একত্রে না হয়।

কালেক্টর উপযুক্ত বোধ করিলে, আপসে মিটাইয়া দিবার চেষ্টা করিতে পারেন।

৮৮। আমরা বিধিবদ্ধ করিয়াছি যে (১১৬ ধারা), কালেক্টরকে দরখাস্ত করা হইলে, তিনি উপযুক্ত বোধ করিলে, বিরোধী বিষয় শেষ করিবার ও মীমাংসা করিবার পূর্ব্বে, আবেদক ও রায়তগণের মধ্যে আপসে মিটাইয়া দিবার চেষ্টা করিবেন; এবং এইরূপে মিটিয়াগেলে কালেক্টর ইহার নিয়ম সকল। রীতিমত নিপিবদ্ধ করিবেন। এবং ঐ নিপিবদ্ধ নিয়ম উভাতে উল্লিখিত যাবতীয় ব্যক্তিকে বাধ্য করিবে। এই বিধান সকল ১৮৭৬ সালের প্রজাবিদ্রোহ বিষয়ক ৬ আইন (যাহা মিয়াদ অতীত হওয়ায় এক্ষণে রহিত হইয়াছে) হইতে গৃহণ করা হইয়াছে।

মোকাদ্দমার খরচার টাকা দিতে কালেক্টর আদেশ করিলে, টাকা আমানত করিতে হইবে।

আমানত না করিবার ফল।

৮৯। ইহা বিধিবদ্ধ করা হইয়াছে যে কার্য্য চালাইবার জন্য কালেক্টরের আন্দাজে যত টাকা আবশ্যক হইবে, লিখিত নোটিস দিলে আবেদককে মধ্যে ২ ঐ টাকা আমানত করিতে হইবে। যদি এক জন মাত্র আবেদক থাকে এবং উক্তরূপে আদেশ করিবার পর ১৫ দিনের মধ্যে উক্ত আদেশ পালন না করে তবে কালেক্টর কার্য্য বন্ধ রাখিতে হুকুম দিবেন; কিম্বা নিজের বিবেচনামতে, পনর দিন গত হইলেও, ঐ টাকা আমানত লইতে পারিবেন। ভিন্ন ২ মহাল, তালুক বা পেটাও তালুক সম্বন্ধে মিলিত একাধিক আবেদক থাকিলে, কোন বিশেষ মহাল, তালুক বা পেটাও তালুকের জন্য যত টাকা আবশ্যক কালেক্টর তাহা লইতে পারেন এবং তৎসংক্রান্ত অনুসন্ধানে প্রবৃত্ত হইতে পারেন, কিন্তু যাহার বা যাহাদিগের সম্বন্ধে টাকা আমানত হয় নাই, তাহার বা তাহাদিগের সম্বন্ধীয় অনুসন্ধান বন্ধ করিবার আজ্ঞা দিতে পারেন। আবেদকেরা সহাধিকারী হইলে, এক জন যত টাকা আবশ্যক সমস্ত আমানত করিতে পারে এবং অন্য সহাধিকারির নিকট হইতে যত টাকা তাহার আমানত করা উচিত ছিল তাহা আদায় করিয়া লইতে পারে। কার্য্য বন্ধ করিবার আজ্ঞা একবার হইয়া গেলে, দশ বৎসরের মধ্যে খাজানা বৃদ্ধির আর নূতন কার্য্য উপস্থিত করিতে পারা যাইবে না (১১৮ ধারা)।

মোকদ্দমা চলিবার সময় সাক্ষ্য গ্রহণ জন্য কালেকটর কি ২ ক্ষমতা চালাইতে পারেন।

৯০। আমরা বিধিবদ্ধ করিয়াছি (১২১ ধারা) যে কালেক্টর মোকদ্দমার পক্ষভূত বা অন্য প্রকার সাক্ষিদিগকে শমন দেওয়া, হাজির করান এবং তাহাদের সাক্ষ্য লওয়া সম্বন্ধে এবং দলীল দাখিল করা সম্বন্ধে এবং খরচা দেওয়া বা বিভাগ করিয়া দেওয়া সম্বন্ধে দেওয়ানী আদালতের সমস্ত বা কোন ক্ষমতা, কার্য্য চলিবার মধ্যে যে কোন সময়ে, নিজ বিবেচনামতে, প্রয়োগ করিতে পারিবেন; এবং উক্ত ক্ষমতা প্রয়োগ কালে কালেক্টরের উপর, উক্ত বিষয়ে প্রয়োগযোগ্য দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক বিধান সকল খাটিবে। আমরা ইহাও বিধান করিয়াছি যে, কালেক্টর পক্ষগণের সম্মতিতে কোন বিষয় শালিসীতে পাঠাইতে পারিবেন এবং শালিসী সম্বন্ধীয় দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক বিধান সকল এস্থলে খাটিবে।

জিলার কালেক্টর বাৎসরিক মূল্যের তালিকা প্রস্তুত করিবেন এবং উহা কলিকাতা গেজেটে ছাপাইবেন।

বৃদ্ধির মোকদ্দমায় আপাততঃ প্রমাণ হইবে।

৯১। খাজানা বৃদ্ধি বা কম হইবার হেতুভূত মূল্য বৃদ্ধি বা মূল্য হ্রাস সম্বন্ধে অনুসন্ধানের সুবিধার জন্য আমরা বিধান করিয়াছি (১২২ ধারা) যে, কোন জিলা বা ভূমি-ভাগের নিমিত্ত রেবিনিউ বোর্ড কর্ত্তৃক নির্দ্ধারিত প্রচলিত শস্যের বাৎসরিক মূল্যের তালিকা, শস্যকর্ত্তন সময়ে প্রত্যেক জিলার কালেক্টর প্রস্তুত করিবেন। তালিকা সকল এক রূপ করিবার জন্য রেবিনিউ বোর্ড যে নিয়ম করিয়া দিবেন, তদনুসারে ঐ মূল্যের তালিকা প্রস্তুত হইবে এবং প্রতি বৎসর কলিকাতা গেজেটে উহার বিজ্ঞাপন দেওয়া হইবে। আমরা প্রকাশ করিয়াছি যে মূল্যের তালিকা এই রূপে ছাপান হইলে, ১৫ অধ্যায় মতে উপস্থিত করা যে কোন মোকদ্দমায় তাহা প্রাসঙ্গিক বলিয়া গণ্য হইবে এবং যে জিলার বা ভূমিভাগের মূল্য বলিয়া উহার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে, সেই জিলার বা ভূমিভাগের সেই বৎসরের প্রচলিত শস্যের মূল্য বলিয়া আপাততঃ প্রমাণ হইবে। যে ভূমিভাগের জন্য ঐ তালিকা প্রস্তুত হইবে, কালেক্টরের কথানুসারে বোর্ড অব রেভিনিউ সেই ভূমিভাগ নির্দ্দিষ্ট করিয়া দিবে। কোন নির্দ্ধারিত হাটের দর ধরা হইবে এবং একই হাট বরাবর ধরা হইবে। কোন ক্ষেত্রের উৎপন্নের মূল্য প্রচলিত বাজারের দূরত্ব ও আবশ্যক বহনী খরচা অনুসারে কম বেশী হইয়া থাকে। ভিন্ন ২ বাজারের দর বড় ২ বাজার বা রপ্তানীর বন্দরের সমীপস্থ এবং ঐ বন্দর বা বাজারে বহিয়া লইয়া যাইবার সুবিধা অনুসারে কম বেশী হইয়া থাকে। নিয়ত একই বাজারের দর ধরিলে, স্থানীয় এবং বিশেষ কারণ ভিন্ন বাহ্য ও সাধারণ কারণে দরের সাধারণ ইতর বিশেষ কত দূর হইতে পারে তাহা জানিবার বিলক্ষণ সম্ভাবনা আছে।

কালেক্টরের, মাপ করিবার ও রায়তদিগকে উপস্থিত থাকিবে আদেশ করিবার ক্ষমতা।

অনুপস্থিতির ফল।

৯২। আমরা বিধান করিয়াছি (১২৩ ধারা) যে কালেক্টর আপন বিবেচনা অনুসারে, মোকদ্দমা চলিবার যে কোন সময়ে, উক্ত মোকদ্দমা সম্পর্কীয় সমস্ত বা যে কোন ভূমি মাপ করিতে পারেন এবং উক্ত মাপকালে রায়তদিগকে উপস্থিত থাকিবার আদেশ করিয়া আজ্ঞা দিতে পারেন, কিন্তু ঐ আজ্ঞা যথাসময়ে প্রচার হওয়া চাই। উক্ত আজ্ঞা প্রচার হইবার পর কোন রায়ত উপস্থিত হইয়া তাহার ভূমি না দেখাইয়া দিলে, তাহার অনুপস্থিতিতে যে মাপ বা যে কোন কার্য্য হইয়াছে তাহার যথার্থতা সম্বন্ধে প্রতিবাদ করিতে পারিবে না। যদি কালেক্টর যথোচিত অনুসন্ধানের পরও কোন ভূমি মাপিতে বা উক্ত ভূমি-ভোগী রায়ত বা অন্য ব্যক্তির নাম নিরূপণ করিতে অক্ষম হন, তবে তিনি প্রকাশ করিতে পারেন যে ঐ ভূমি জমীদারের সম্পূর্ণ অধিকারভুক্ত। কালেক্টর ঐ নিদেশ লিখিয়া লইবার পর পনর দিনের মধ্যে যদি কোন রায়ত হাজির হয় এবং তাহার অনুপস্থিতির বিশিষ্ট কারণ দর্শাইতে পারে, তবে কালেক্টর যে নিয়ম বা শর্ত্ত উপযুক্ত বলিয়া বোধ করিবেন তদনুসারে পূর্ব্বের নিদেশ পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন। বিশিষ্ট কারণ দর্শাইতে না পারিলে, কালেক্টর উক্ত নিদেশ পরিবর্ত্তন বা রহিত করিতে অস্বীকার করিয়া আজ্ঞা দিতে পারেন; এবং এই আজ্ঞার আপীল কমিশনরের নিকট হইবে। তৃতীয় শ্রেণীর কার্য্যস্থলে অর্থাৎ বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবার কার্য্যস্থলে এই বিধান সকল অতীব কার্য্যকর ও আবশ্যক বলিয়া বোধ হইবে। এস্থলে ইহাও উল্লেখ করা আবশ্যক যে এই সমস্ত বিধান নূতন নহে, ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইনদ্বারা এই রূপ বিধান বিধিবদ্ধ হয় এবং ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনে এই সকল অদ্যাপি দেখিতে পাওয়া যায়।

এই আইনের কার্য্য-সাধনার্থে যে কোন ব্যক্তিকে কালেক্টরের ক্ষমতা প্রদত্ত হইতে পারিবে।

ডেপুটী কালেক্টর কালেক্টরের শাসনাধীনে ক্ষমতা প্রয়োগ করিতে পারে।

আমলা প্রভৃতির নিয়োগ।

২৩। আমরা বিধান করিয়াছি (১২৪ ধারা) যে, ১৫ অধ্যায়ের কার্য্যসাধনার্থে শ্রীযুক্ত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেব যে কোন ব্যক্তিকে কালেক্টরের ক্ষমতা প্রদান করিতে পারিবেন, এবং এই আইন সম্বন্ধে উপস্থিত কর্ম্ম, উক্ত ব্যক্তি এবং জিলার কালেক্টর সাহেবের মধ্যে বিভাগ করিয়া দিবার পক্ষে যে আদেশ সুবিধাজনক বোধ হইবে, সেই আদেশ দিতে পারিবেন; এবং যে কোন ডেপুটী কালেক্টর, জিলার কালেক্টর বা কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তির শাসন ও তত্ত্বাবধারণের নিয়মাধীনে, ১৫ অধ্যায় অনুসারে কালেক্টরের উপর সমর্পিত সমুদায় বা যে কোন ক্ষমতা (কতকগুলি বাদে) প্রয়োগ করিতে পারিবে। নিজের প্রবৃত্তি অনুসারে বা যে ব্যক্তি তাহার প্রতি অবিচার হইয়াছে বলিবে তাহার আবেদন অনুসারে কালেক্টর শাসন ও তত্ত্বাবধারণ ক্ষমতা পরিচালন করিতে পারিবেন। এইরূপ বিধান করা গিয়াছে যে, উক্ত অনুসন্ধান করিবার নিমিত্ত এবং এই আইনের বিধান সকল কার্য্যে পরিণত করিবার জন্য আবশ্যক কার্য্য সমস্ত সম্পাদনার্থে যে আমলা ও অন্য কার্য্যকারকের প্রয়োজন হইবে, কালেকটর বোর্ড অব রেভিনিউ যে নিয়ম করিয়া দিবে তাহার অধীনে, সেই সমস্ত আমলা ও অন্যান্য কার্য্যকারক নিযুক্ত করিতে পারিবেন।

কার্য্যানুষ্ঠানের খরচা সম্বন্ধীয় নিয়মাবলী।

২৪। কার্য্যানুষ্ঠান শেষ হইলে, কালেক্টর মোট খরচার হিসাব প্রস্তুত করিবেন। আবেদক কর্তৃক আমানতী টাকায় এই খরচা শোধ গিয়া যদি কিছু উদ্বৃত্ত থাকে তবে সেই উদ্বৃত্ত টাকা ফিরাইয়া দেওয়া যাইবে। কিছু কম পড়িলে, রাজকীয় প্রাপ্যের ন্যায় বলিয়া উহা আদায় হইবে। (ক) যে কালেক্টর বা ডেপুটী কালেক্টর উক্ত কার্য্যানুষ্ঠান সম্পন্ন করিয়াছেন তাঁহাদের বেতন বা বারবরদারি; (খ) আমলাগণের বেতন; এবং (গ) প্রকৃত প্রস্তাবে যে উপরি খরচ বা অন্য খরচ হইয়াছে; এই সকল কার্য্যানুষ্ঠানের খরচার সামিল হইবে। কোন আপত্তি বা আপীল অগ্রাহ্য হইলে, আপত্তি বা আপীলকারী ব্যক্তিকে কিম্বা তাহার প্রতিবাদকারী ব্যক্তিকে, কমিশ্যনর এবং কালেক্টর নিজ বিবেচনা অনুসারে খরচার দায়ী করিতে পারেন। বর্দ্ধিত জমাবন্দীর জন্য কার্য্যানুষ্ঠানের আবেদক বর্দ্ধিত খাজানা পাইবার অধিকারী বলিয়া প্রমাণ হইলে, কালেক্টর তাঁহার খরচা দিবার নিমিত্ত রায়তকে আদেশ করিতে পারেন; কিন্তু কোন রায়তই এক বৎসরের বর্দ্ধিত খাজানা অপেক্ষা অধিক টাকা খরচা হিসাবে দিবার দায়ী হইবে না; এবং ঐ খরচা কিস্তি ২ দিবার আদেশ হইবে। যে খরচা দেওয়া হয় নাই তাহা বাকী খাজানার ন্যায় আদায় হইবে (১২৮ ধারা।) কার্য্যানুষ্ঠান যাহাদের উপর বর্ত্তিয়াছে তাহাদের প্রত্যেকেই, কালেক্টরের বিবরণের, এবং হারের তালিকার, বর্দ্ধিত জমাবন্দীর অথবা কালেক্টর কর্তৃক প্রস্তুত বন্দোবস্তী জমাবন্দীর সংসিত নকল পাইবার অধিকারী এবং উক্ত নকলের খরচা তাহার নিজে দিতে হইবে। কোন রায়ত চারি আনা ফী দিলে জমাবন্দীর নিজসংক্রান্ত অংশের সহী মোহরের নকল পাইবার অধিকারী এবং ঐ ফীতে সব খরচ শোধ যাইবে।

বহুসংখ্যক মোকদ্দমা উপস্থিত হইলে দেওয়ানী আদালত কতক মোকদ্দমা কালেক্টরের নিকট পাঠাইবেন।

২৫। এই রূপ বিধান করা গিয়াছে (১৩০ ধারা) যে, যদি এক বা ততোধিক ভূম্যধিকারী একই স্থানের ভূমি-ভোগী রায়তদিগের বিপক্ষে কোন দেওয়ানী আদালতে বহুসংখ্যক মোকদ্দমা উপস্থিত করে এবং যদি ঐ আদালত এরূপ বোধ করেন যে সেই সমস্ত মোকদ্দমা কালেক্টরের দ্বারা নিষ্পত্তি হওয়া বাঞ্ছনীয়, তবে দেওয়ানী আদালত যে জিলার জজ সাহেবের অধীন সেই জিলার জজ সাহেবের নিকট উক্ত অভিপ্রায়ে লিখিতে পারেন এবং জিলার জজ সাহেব উপযুক্ত বোধ করিলে উক্ত মোকদ্দমা সকল কালেক্টরের নিকট পাঠাইয়া দিতে পারেন এবং কালেক্টরও যেন সর্ব্বপ্রথমেই তাঁহার নিকট দরখাস্ত হইয়াছে এই ভাবে ঐ মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবেন। যখন ভূম্যধিকারিগণ কালেক্টরের নিকট দরখাস্ত করিবার পরিবর্ত্তে বিশেষ ২ রায়তগণের বিপক্ষে কতকগুলি মোকদ্দমা উপস্থিত করেন, তখন অল্পে বিচারকার্য্য হইবে; এবং যে বিষয়ে বহু লোকের স্বার্থ আছে সেই বিষয় একত্র অনুসন্ধান হইলে অনেক উপকার হইবে; উক্ত বিধানের এইই উদ্দেশ্য।

খাজানার বন্দোবস্ত করিবার জন্য নিজ ইচ্ছানুসারে কার্য্য করিবার কালেক্টরের ক্ষমতা আছে।

২৬। ১৮৭৬ সালের প্রজাবিদ্রোহ বিষয়ক আইন, যাহার মেয়াদ অতীত হইয়াছে, তাহার প্রতিনিধি স্বরূপ এই বিধান করা গিয়াছে যে, যদি কোন জিলার কালেক্টর বোধ করেন যে তাঁহার জিলার অন্তর্গত বিস্তৃত ভূমিভাগের মধ্যে খাজানা সম্বন্ধে এরূপ গুরুতর বিবাদ হইবে যে তাহাতে সাধারণের শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা এবং তন্নিবন্ধন উক্ত ভূমিভাগের রায়তগণকর্তৃক ভূম্যধিকারিগণকে দেয় খাজানার বন্দোবস্ত করিবার জন্য কার্য্যানুষ্ঠান করা উচিত, তবে তিনি ঐরূপ বোধ করিবার কারণ লিখিবেন এবং কমিশনরের হস্ত দিয়া উহা শ্রীযুক্ত লেপ্টনেণ্ট গবর্ণরের গোচরার্থে পাঠাইয়া দিবেন। যদি শ্রীযুক্ত লেপ্টনেণ্ট গবর্ণরের অনুবোধ জন্মে যে ঐরূপ কার্য্যানুষ্ঠান করা উচিত, তিনি উক্ত কালেক্টরকে এই ক্ষমতা দিতে পারেন যে কালেক্টর নিজে প্রবৃত্তিমত ঐ খাজানার বন্দোবস্ত করিয়া দেন; এবং তখন কালেক্টর যেন উক্ত বিষয় সম্পর্কীয় ব্যক্তিগণ তাঁহার নিকট দরখাস্ত করিয়াছে এই ভাবে, কার্য্যানুষ্ঠান করিবেন।

এই প্রণালীতে রাজস্ব বিভাগের কার্য্য বৃদ্ধির সম্ভাবনা আছে; কার্য্য কমাইবার অন্য উপায় নির্দ্দেশ।

২৭। খাজানার বৃদ্ধি এবং খাজানার নির্দ্ধারণজন্য আমরা এই রূপ কার্য্যপ্রণালীর বিধান করিয়াছি। কোন আবেদন উপস্থিত করা হইলে কালেকটর এই সমস্ত বিধান অনুসারে কার্য্য করিতে বাধ্য। যদি এই বিধান গুলি আইন বলিয়া পরিগণিত হয় তাহা হইলে সম্ভবতঃ রাজস্ববিভাগে অতিরিক্ত কর্ম্মচারী নিয়োগের আবশ্যকতা হইবে। এদিকে সম্ভবতঃ দেওয়ানী আদালতের কার্য্যভার ন্যূন হইয়া আসিবে। এই ন্যূনতার জন্য দেওয়ানী আদালতের কর্ম্মচারী সংখ্যা কমাইয়া ঐ আবশ্যকতার কত দূর পরিপূরণ হইতে পারে তাহার অনুমান করা সহজ নয় এবং সম্ভবতঃ ইহা আমাদের প্রতি সমর্পিত কর্ত্তব্যেরও অন্তর্ভুক্ত নয়। কিন্তু যদি এই জন্য উপস্থিত বিধান সকল বর্ত্তমান অবস্থায় ও বর্ত্তমানভাবে বিধিবদ্ধ করা অভিপ্রেত হয়, তাহা হইলে আমাদের মতে কি কি উপায় অবলম্বন করা যাইতে পারে তাহা উল্লেখ আবশ্যক ১ম, খাজানা বৃদ্ধি অধ্যায়ের (পঞ্চদশ) বিধান সকল একবারে কার্য্যে পরিণত করা হইবে না; বিজ্ঞাপন দিয়া জিলা বিশেষে ইহা প্রসারিত হইতে পারে। এই ব্যক্তি বিজ্ঞাপন গেজেটে প্রকাশিত হইবে। ২য়, কেবল কালেক্টর খাজানার তালিকা প্রস্তুত করিতে পারেন। ব্যক্তিগতস্থলে দেওয়ানী আদালত এই তালিকার প্রয়োগ করিতে পারিবেন। ৩য়, জিলার কোন স্থলে অধিক সংখ্যক মোকদ্দমা উপস্থিত হইলেই জিলার জজ কালেকটরের সাহয়তা চাহিবেন ৪র্থ, কোন বিশেষ অথবা বহুসংখ্যক মোকদ্দমা উপস্থিত না হইলে ভূম্যধিকারী রাজস্বসংক্রান্ত আদালতে উপস্থিত হইতে পারিবেন না।

তালুক এবং পেটাও তালুকের খাজানা বৃদ্ধির মোকদ্দমা দেওয়ানী আদালতে উত্থাপিত হইবে।

৯৮। আমরা এই রূপ বিধান (১০২ ধারা) করিয়াছি যে, তালুক, পেটাওতালুকের খাজানাবৃদ্ধির সমস্ত মোকদ্দমা দেওয়ানী আদালতে উত্থাপিত করিয়া চালান হইবে, এবং দেওয়ানী আইনের সমস্ত বিধান এই সকল মোকদ্দমায় প্রয়োজিত হইবে। পরবর্ত্তী বৎসরের খাজানার হস্তক্ষেপ করিতে হইলে মোকদ্দমা বর্ত্তমান বৎসর শেষ হইবার অন্ততঃ চারি মাস পূর্ব্বে উত্থাপন করিতে হইবে। উভয় পক্ষহইতে যে সকল বিষয় উত্থাপিত হইবে, তৎসমুদয়ের মীমাংসা করিতে আদালতের সম্পূর্ণ ক্ষমতা আছে। আদালত ভূম্যধিকারী যে বর্দ্ধিত খাজানা দাবী করিতেছেন তাহা অথবা তদপেক্ষা কম খাজানা যাহা উচিত ও ন্যায়সঙ্গত বোধ হইবে, ভূম্যধিকারীর প্রাপ্য বলিয়া আদেশ দিবেন।

কোন্ কোন্ স্থলে দখলীস্বত্ববিশিষ্ট রাইয়ত কম খাজানা দিবার যোগ্য।

৯৯। দশ বৎসরের জন্য খাজানার হারের তালিকা অথবা বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করণ সংক্রান্ত বিধান সমূহের নিয়মাধীনে আমরা এই বিধান করিয়াছি যে, যে সকল দখলীস্বত্ববিশিষ্ট রায়ত টাকায় খাজানা দিয়া থাকে, তাহারা নিম্নলিখিত হেতুর কোন একটীতে কম খাজানা দিতে পারিবে, যথা ;—

(১) পূর্ব্বে সেই রায়ত যে পরিমাণ ভূমির জন্য খাজানা দিতে মাপ করিয়া ভূমি তাহা অপেক্ষা কম দেখান হইয়াছে ;

(২) সেই রায়তের অধিকৃত ভূমির উৎপাদিকা শক্তি, যখন খাজানা নির্দ্ধারিত হয় তখন অথবা তৎপরবর্ত্তী কোন সময়ের উৎপাদিকা শক্তির তুলনায় রায়তের ক্ষমতাতীত কোন স্থায়ী কারণে ন্যূন হইয়াছে।

(৩) সেই স্থানে অথবা যে সকল বাজারে ভূমির উৎপন্ন দ্রব্য সচরাচর বিক্রয় হয়, তথায় যে মূল্য হয় তাহা যখন খাজানা নির্দ্ধারিত হয়,তখন অথবা তৎপরবর্ত্তী সময়ে মূল্যের তুলনায় রায়তের ক্ষমতাতীত স্থায়ী কারণে ন্যূন হইয়াছে।

এই তিন হেতু খাজানাবৃদ্ধির দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ হেতুর ঠিক বিপরীত। খাজানাবৃদ্ধির প্রথম হেতুর বিপরীত খাজানা হ্রাসের কোন কারণ নাই। দখলীস্বত্ববান রায়ত পূর্ব্বে যে খাজানা দিয়াছে, সেই খাজানা কমাইবার জন্য যদি এই হেতু দেখায় যে, তাহার খাজানা নিকটবর্ত্তী স্থানের সেই শ্রেণীর সেই ভাবের ও সেই প্রকার সুবিধাযুক্ত ভূমির খাজানা অপেক্ষা অধিক, তাহা হইলে সে বর্ত্তমান আইন অনুসারে খাজানা কমাইবার দাবী করিতে পারে না। আমরা এ স্থলে এই আইনের কোন পরিবর্ত্ত করি নাই।

কোন্ আদালতে দখলী স্বত্ববান্ রাইয়ত খাজানা কমাইবারঅভিযোগ করিবে।

১০০। দখলীস্বত্ববান্ রায়ত (১) যখন পূর্ব্ব পারাগ্রাফের প্রথম এবং দ্বিতীয় হেতুঅনুসারে খাজানা কমাইবার দাবী করিবে তখন দেওয়ানী আদালতে অথবা মাজিষ্ট্রেটের নিকটে আর (২) যখন তৃতীয় হেতুতে খাজানা হ্রাসের দাবী করিবে, তখন কেবলমাত্র কালেক্টরের নিকটে মোকদ্দমা উত্থাপন করিবে। কিন্তু অন্ততঃ দশ জন রায়ত এই সূত্রে একত্রিত না হইলে কালেক্টরের নিকট এই প্রকার কোন মোকদ্দমা উত্থাপিত হইতে পারিবে না। আমরা প্রকাশ করিয়াছি যে, দশ অথবা তদপেক্ষা অধিক সংখ্যক রায়ত আপনাদের যোত ভিন্ন এবং পৃথক্ হইলেও যদি এক ভূম্যধিকারীকে খাজানা দেয়, তাহা হইলে একত্রিত হইয়া এই প্রকার মোকদ্দমা উত্থাপন করিতে পারে। শিকস্তী অথবা অন্য কোন কারণবশতঃ যদি তালুকদার অথবা পেটাও-তালুকদারগণ খাজানা কমাইবার মোকদ্দমা করে তাহা হইলে তাহা গ্রহণযোগ্য হইলে দেওয়ানী আদালতে উত্থাপিত হইবে, এবং দেওয়ানী আইনের বিধান সকল ইহাতে প্রয়োজিত হইবে।

তালুকদার এবং পেটাও তালুকদারগণ কোন্ খাজানা কমাইবার অভিযোগ করিবে।

১০১। যে সকল রায়ত তিন কিম্বা তাহা অপেক্ষা অধিক কিন্তু বার বৎসরের ন্যূন কাল ভূমি ভোগ করিয়াছে, চতুর্থ অধ্যায়ে তাহাদের বিষয় লিখিত হইয়াছে। কমিশ্যানসংক্রান্ত মেম্বরদিগের ভিন্ন ভিন্ন মতের সামঞ্জস্য করিয়া এই অধ্যায় সঙ্কলন করা হইয়াছে। মাকেঞ্জী (*) এবং ওকিনেলী সাহেব দখলী স্বত্বপ্রাপ্তির

(*) মাকেঞ্জী সাহেবের অভিপ্রায় এ স্থলে উদ্ধৃত হইল ; ১৮৮০ সালের ২০এ জানুয়ারির পত্রে এই অভিপ্রায় অভিব্যক্ত হয় আমাদের কার্য্যবিবরণের মধ্যে এই পত্র পাওয়া যাইবে।

" আমি পূর্ব্বেই দেখাইয়াছি যে, যাঁহারা ১০ আইন প্রণয়ন করেন, তাঁহারা বুঝিয়াছিলেন যে, প্রত্যেক বাসিন্দা রায়তের দখলীস্বত্ব আছে কোন প্রকারে এই স্বত্বের ক্ষতি করিতে তাঁহাদের ইচ্ছা হয় নাই। আমি সপ্রমাণ করিয়াছি যে, ঐ আইনের ১২ বৎসরের প্রকরণে তাহার এই স্বত্বের ক্ষতি হইয়াছে। বাঙ্গালার অধিকাংশ রাজস্বসংক্রান্ত কর্ম্মচারীই আমার এই মতের অনুমোদন করিয়াছেন। প্রচলিত প্রথাসম্মত দীর্ঘভোগকাল সম্বন্ধীয় নিয়ম এই পাণ্ডুলেখ্যে ভঙ্গ হইবে না, ইহা প্রকৃত উত্তর নহে। রায়ত কোন্ সময়ে যথেচ্ছভাবে নিষ্কাশিত হইতে পারে, এবং কোন সময়ে তাহার এই নিষ্কাশন হইতে পারে না, আমরা তাহারই সহজ প্রণালী অবধারণ করিতে চাহি। এক্ষণে সকলে এক স্থানে বাস ও চাস করে না, সুতরাং কোন বাসিন্দা রায়ত নিষ্কাশিত হইতে পারে না, যদি এরূপ বলা অসম্ভব হয়, তাহা হইলে আমি পূর্ব্বতন আইনের মর্ম্ম রক্ষা করিতে, এবং যে কৃষক কোন ভূমিতে অধিবাস করিয়া, স্থায়ীভাবে তাহা কর্ষণ করিবে বলিয়া প্রতিশ্রুত হয়, তাহাকে রক্ষা করিতে কহিতেছি। বোধ হয় তিন বৎসরের জন্য চাষই এই প্রতিশ্রুতিরক্ষার প্রমাণ বলিয়া গৃহীত হইতে পারে। যে ভূমির উপর পূর্ব্বে দখলীস্বত্ব বা যাহার জন্য কোন পাট্টা ছিল না, দশ আইনের পাণ্ডুলিপিতে এরূপ বাসিন্দা রায়তকে এই ভাবে দখলীস্বত্ব দিবার প্রস্তাব হইয়াছিল।"

"আমি এ বিষয়ে ফীল্ড সাহেবের আপত্তির গুরুত্ব স্বীকার করিতে পারি না। এই রূপ বিধানে যে বহুসংখ্যক মোকদ্দমার উৎপত্তি হইবে তাহাতে আমার বিশ্বাস নাই। প্রত্যুত ফীল্ড সাহেবের প্রস্তাবমত স্থানীয় প্রথার উপর সকল বিষয়ের বরাত দিলে নিশ্চয়ই যে মোকদ্দমার উৎপত্তি হইত ইহাতে তাহা বন্ধ হইবার সম্ভাবনা। এই বিধান নিকটবর্ত্তী সমশ্রেণীর ভূমির উপর যে খাজানা নির্দ্ধারিত আছে, বার বৎসর ভোগদখলকারী তাহা অপেক্ষা কম খাজানা দিবার যোগ্য, এই ভ্রমাত্মক ধারণার মূলোৎপাটন করিবে। ইহা ভূম্যধিকারিগণের স্বত্বের ক্ষতি করিবে না ; যেহেতু এতদ্দ্বারা তাঁহাদের সহিত প্রজাদের সমস্ত স্ফুটীকৃত হইবে, এবং শ্রেণীভেদ না করিয়া সকলের উপর এক নিয়মে খাজানা বৃদ্ধির বিষয় উত্থাপিত হইবে। ইহা রাজনৈতিক হেতুতে সকলের বাঞ্ছনীয়, কারণ, ইহাতে আপনাদের শস্যক্ষেত্রের অধিকার সম্বন্ধে প্রজার স্বত্ব নির্দ্ধারিত হইবে। গবর্ণমেণ্টের সাক্ষাৎ সম্বন্ধে করবৃদ্ধির সীমা নির্দ্ধারণ করা উচিত, এই প্রস্তাব এই বিধানের সহিত সংযোজিত হইলে কৃষিকার্য্যের উন্নতীয় ভিত্তি প্রশস্ত হইবে দুর্ভিক্ষের ভয় ন্যূনতর হইয়া আসিবে এবং যে সম্পত্তির উপর দীর্ঘভোগ প্রথা অনুসারে (যদিও আইন ন্যায়ের বিরুদ্ধে) ভূম্যধিকারীর অধিকার জন্মিয়াছে, এবং যাহাহইতে তাহাকে বঞ্চিত করা মূর্খতার কার্য্য সেই সম্পত্তির হ্রাস না হইয়াও স্থায়ী রায়তী স্বত্ব অবধারিত থাকিবে।"

যাহারা তিন বৎসর কাল বাস করিয়া আপনাকে স্থায়ী অথবা বাসিন্দা রায়ত বলিয়া এক প্রকার প্রকাশ করিয়াছে যদি তাহারা যাবৎ নিকটবর্ত্তী অন্যান্য দখলীস্বত্ববান প্রজার ন্যায় এক নির্দ্দিষ্ট হারে খাজানা দিবে, তাবৎ যথেচ্ছভাবে নিষ্কাশন হইতে রক্ষিত হয় তাহা হইলে মাকেঞ্জী সাহেব চতুর্থ অধ্যায়ের অনুকূলে নহেন।

১৮৮০ সালের ১৩ই জানুয়ারির পত্রে ফীল্ড সাহেবের অভিপ্রায় প্রকাশিত হইয়াছে। ইহাও আমাদের কার্য্য বিবরণের মধ্যে পাওয়া যাইবে।

কাল বার বৎসরের পরিবর্ত্তে তিন বৎসর করিতে চাহেন। ডাম্পিয়ার এবং কীল্ড এ অংশে ১৮৫৯ সালের আইনের কোন পরিবর্ত্তন করিতে ইচ্ছা করেন না। ইহাঁদের বিশ্বাস, এতদ্দ্বারা যে সকল লোকের উপকারের সম্ভাবনা আছে, তাহাদের সংখ্যা এবং উপকারের পরিমাণ এত অধিক হইবে না, যদ্দ্বারা বর্ত্তমান অধিকার সম্বন্ধীয় ধারণার ও বর্ত্তমান যত্নের গোলযোগ জনিত ক্ষতির পূরণ হইতে পারে এবং এই নূতন বিধানে সম্ভবতঃ সর্ব্বদা মোকদ্দমা হইবে। প্রস্তাবিত বিষয়ে কোন পরিবর্ত্তের আবশ্যকতা দেখা না যাওয়াতে কমিশনের এই শেষোক্ত দুই জন মেম্বর চতুর্থ অধ্যায় একবারে তুলিয়া দিবার অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। আমরা এই অধ্যায়ের বিধান সকল উল্লেখ করিতে প্রবৃত্ত হইতেছি।

বিশেষ স্থল ব্যতীত তিন বৎসরের জন্য ভোগদখলকারী রাইয়তেরা নিষ্কাশন হইতে রক্ষিত হইবে।

১০২। এই ব্যবস্থা (২৬ ধারা) করা হইয়াছে যে, কোন রায়ত ক্রমাগত তিন কিম্বা তাহা অপেক্ষা অধিক কিম্বা বার বৎসরের ন্যূন কাল কোন নির্দ্দিষ্ট সময় অথবা বৎসর বৎসরের জন্য পাট্টা করিয়া খামার, নিজ ভোগ অথবা সেরী ভূমি ব্যতীত কোন ভূমি প্রজারূপ চাষ করিলে ও দখলে রাখিলে বা ভোগ করিলে ভূম্যধিকারীকে তাহার (ক) খাজানা না দেওয়া; কিম্বা (খ) যে নিয়মভঙ্গ হইলে উচ্ছেদ দণ্ড অবধারিত হইবে, পাট্টার এরূপ কোন নিয়মভঙ্গ অথবা (গ) ভূম্যধিকারীর প্রার্থিত বর্দ্ধিত খাজানা দেওয়ায় অস্বীকার এই তিন কারণ ব্যতীত অন্য কোন কারণে ভূমি হইতে তাহাকে উচ্ছেদ করা যাইবে না। পাণ্ডুলেখ্যের বিধানে বর্দ্ধিত খাজানার জন্য এই দাওয়ার সীমা নির্দ্ধারিত হয় নাই। কিন্তু বৎসর শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব্বে রায়তকে এবিষয়ের সংবাদ দিতে হইবে। যদি রায়ত সংবাদ পাওয়ার পরেও সেই ভূমি ভোগদখল করিতে থাকে, তাহা হইলে তাহাকে দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে হইবে। যদি সে এই বর্দ্ধিত খাজানায় ভূমি রাখিতে অসম্মত হয়, তাহা হইলে ভূম্যধিকারীকে ছাড়িয়া যাইবার ইচ্ছা জানাইবে। এই রায়ত ভূম্যধিকারীর প্রার্থিত বর্দ্ধিত হারে এক বৎসরের খাজানা উপদ্রবজনিত ক্ষতিপূরণস্বরূপ পাইবে। যদি ভূম্যধিকারী পরবর্ত্তী বৎসরের প্রথম মাসে তাহাকে এই ক্ষতিপূরণের টাকা না দেন, তাহা হইলে রায়ত পূর্ব্ব খাজানায় সেই ভূমি আপনার ভোগ দখলে রাখিতে পারিবে।

বর্দ্ধিত খাজানার দাওয়া।

এই রাইয়ত বর্দ্ধিত হারে ভূমি রাখিতে অসম্মত হইলে উপদ্রব জনিত ক্ষতিপূরণের টাকা পাইবে।

১০৩। উল্লিখিত হেতুত্রয়ের কোন একটীতে কোন রায়তকে উচ্ছেদ বা নিষ্কাশন করা গেলে সে কর্ষণ অথবা ভোগ করিবার সময় ভূমির যে উন্নতি করিয়াছিল, তজ্জন্য তাহার ক্ষতিপূরণ করিতে হইবে। যে সমস্ত কার্য্যে ভূমি কর্ষণের স্থায়ী সুবিধা হইয়াছে, এবং যদ্দ্বারা ভূমির উৎপাদিকা শক্তি স্থায়ীরূপে বৃদ্ধি পাইয়াছে সেই সমস্ত কার্য্য আমরা উন্নতি সংজ্ঞার অর্থ বলিয়া নির্দ্দেশ করিয়াছি। নিম্নলিখিত বিষয়গুলিও ইহার অন্তর্ভুক্ত হইবে;——

(ক) কৃষিকার্য্যকারী প্রজার বাসজন্য উপযুক্ত আবাসগৃহ এবং অন্যান্য গৃহনির্ম্মাণ।

(খ) কৃষিকার্য্যার্থে জল জমা করিবার, জল যোগাইবার এবং জল বিতরণ করিবার জন্য পুষ্করিণী, কূপ এবং অন্যান্য কার্য্য করণ।

(গ) ভূমিহইতে জল নিষ্কাশনজন্য কিম্বা জলপ্লাবন অথবা নদী প্রভৃতির আক্রমণ জন্য ক্ষয় বা অন্যবিধ ক্ষতি হইতে ভূমিকে রক্ষা করিবার জন্য কার্য্য।

(ঘ) কৃষিকার্য্যের জন্য ভূমি আবাদ, পরিষ্কার করণ অথবা যেরাও।

(ঙ) উল্লিখিত কার্য্যের কোন একটী নবীকৃত অথবা পুনঃ প্রস্তুত করণ, কিম্বা তাহার কিছু পরিবর্ত্তন বা তাহাতে অন্য কিছু সংযোজন।

(চ) ফলবৃক্ষ রোপণ।

উপরি লিখিত ছয়টী হেতুর কোন একটীতে যদি রাইয়ত নিষ্কাশিত হয়, তাহা হইলে ভূমির উন্নতির জন্য তাহার ক্ষতিপূরণ করিতে হইবে।

১০৪। ভূম্যধিকারী এবং প্রজা পরস্পর সম্মত হইয়া আপনাদের মধ্যে উন্নতির জন্য এই ক্ষতিপূরণের টাকা, তাহার প্রণালী এবং তাহা দিবার সময় নির্দ্ধারণ করিবেন। যদি এবিষয়ে উভয়পক্ষে ঐক্য না হয়, তাহা হইলে দেওয়ানী আদালত এই টাকা অবধারিত করিবেন। অবধারণ সময়ে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনাস্থলে আনিতে হইবে;——

যদি উভয় পক্ষে ঐক্য না হয়, তাহা হইলে দেওয়ানী আদালত ক্ষতিপূরণের টাকা নির্দ্ধারণ করিবেন।

(ক) উন্নতি বিধানকল্পে রায়ত যত টাকা ব্যয় করিবে, তাহা হইতে যে বৎসর ভূমির উন্নতিজন্য ব্যয় হইয়াছে, সেই বৎসরের পরে যাবৎ সেই ভূমি তাহার ভোগদখলে থাকে ও যাবৎ উন্নতির ফল অক্ষুণ্ণ থাকে তাবৎ প্রতি বৎসরের জন্য অনুপাত অনুসারে কিছু কিছু অংশ বাদ দিয়া যাহা থাকিবে তাহাই রায়তের প্রাপ্য ক্ষতিপূরণের টাকার সমষ্টি হইবে।

(খ) উন্নতিবিষয়ক কার্য্যের মেরামত জন্য সম্ভব যে টাকা আবশ্যক হইবে, তাহা রায়তের প্রাপ্য ক্ষতি পূরণের টাকা নির্দ্ধারণ সময়ে হিসাবে বাদ দিতে হইবে।

(গ) রায়তের জন্য ভোগের যে ক্ষতি হইয়াছে, তদ্বিষয় হিসাবে ধরিতে হইবে।

দেওয়ানী আদালত ক্ষতিপূরণের টাকা নির্দ্ধারণ করিয়া সেই টাকার ডিক্রী দিবেন। যদি এই টাকা পঞ্চাশের অধিক না হয়, তাহা হইলে এই ডিক্রীই চূড়ান্ত ও শেষ হইবে (৩০ ধারা।)*

ক্ষতিপূরণের টাকার ডিক্রী হইবে।

১০৫। আমরা এই বিধান করিয়াছি (৩১ ধারা) যে, দখলীস্বত্ববান রায়ত যে হেতুতে খাজানা কমাইবার প্রার্থনা করিতে পারে, সমালোচ্য শ্রেণীর রায়তও সেই হেতু দেখাইয়া মুদ্রাযোগে দেয় আপনার খাজানা হ্রাস করিবার দাবি করিতে পারিবে, এবং যদি ভূম্যধিকারী, রায়ত যে কম খাজানা দিবার যোগ্য হইয়াছে, সেই কম খাজানা লইতে অস্বীকৃত হন, তাহা হইলে রায়ত ভূমি পরিত্যাগ এবং ক্ষতিপূরণের দাবি করিতে পারিবে। ভূম্যধিকারী যে হার ন্যূন করিতে অসম্মত হইয়াছেন, সেই হার অনুসারে এক বৎসরের খাজানার পরিমাণে এই ক্ষতিপূরণের টাকা দিতে হইবে।

তিন বৎসরের রাইয়ত খাজানা কমাইবার দাবি করিতে পারে এবং যদি ভূম্যধিকারী ইহাতে অসম্মত হন, তাহা হইলে ভূমি ছাড়িয়া দিয়া ক্ষতিপূরণের দাবি করিতে পারে।

---

* এই সকল বিধান প্রস্তুত করিবার সময় আমরা ১৮৬৮ সালের অযোধ্যার কর সংক্রান্ত ১৯ আইনের ২২—২৬ ধারা; ১৮৭৩ সালের উত্তর পশ্চিমাঞ্চলের কর সংক্রান্ত ১৮ আইনের ৪৪ হইতে ৪৭ ধারা; আয়র্লণ্ডের ১৮৭০ সালের ভূম্যধিকারী এবং প্রজা সংক্রান্ত আইন অর্থাৎ ৩৩ এবং ৩৪ বিক্টোরিয়া ৪৬ অধ্যায়ের ৩ হইতে ১৪ ধারা এবং ইংলণ্ডের ১৮৭৫ সালের কৃষি সম্বন্ধীয় ভোগ সংক্রান্ত আইন অর্থাৎ ৩৮ এবং ৩৯ বিক্টোরিয়া ৯২ অধ্যায় হইতে অনেক সাহায্য পাইয়াছি।

যে সকল রায়ত তিন বৎসরের ন্যূনকাল ভূমি ভোগ দখলে রাখিয়াছে।

এই সকল রায়তের নিষ্কাশন।

১০৬। যে সকল রায়ত তিন বৎসরের ন্যূন কাল ভূমি ভোগদখলে রাখিয়াছে পঞ্চম অধ্যায়ে তাহাদের বিষয় উল্লিখিত হইয়াছে। এই সকল রায়তকে কোন বিশেষ অধিকার দিবার কি ইহাদিগকে কোন বিশেষ উপায়ে রক্ষা করিবার প্রস্তাব হয় নাই। ইহারা ভূম্যধিকারীর ইচ্ছানুসারে ভূমি ভোগদখল করিয়া থাকে; কিন্তু আদালত কর্ত্তৃক ইহাদের উপর উপযুক্ত সময়ে নোটীস জারী না করিলে ইহারা ভূমিহইতে নিষ্কাশিত হইতে পারিবে না। এই শ্রেণীর রায়ত ভবিষ্যতে আপনাদের দেয় খাজানা অবধারণ করিবার অথবা খাজানা ক্ষমাইবার দাবি উপস্থিত করিতে পারিবে না। এই সিদ্ধান্ত আদালতের নিষ্পত্তি মূলক ও স্বেচ্ছাধীন প্রজার অবস্থার স্বাভাবিক ফল। কোন ভূম্যধিকারী এই শ্রেণীর কোন রায়তকে নিষ্কাশিত করিতে ইচ্ছা করিলে ভূমি ছাড়িয়া দিবার জন্য দেওয়ানী আদালতদ্বারা তাহার উপর নোটীসজারী করিবেন। ভূম্যধিকারী যে বৎসর ভূমি অধিকার করিতে ইচ্ছা করেন সেই বৎসরের পূর্ব্ববর্ত্তী বৎসর শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব্বে এই নোটীস জারী করিতে হইবে। নোটীস জারীর পর যদি রায়ত পরবর্ত্তী বৎসরের প্রথম দিনে ভূমি ছাড়িয়া না দেয়, তাহা হইলে ভূম্যধিকারী সেই রায়তকে ছাড়াইবার জন্য তিন মাসের মধ্যে মোকদ্দমা উত্থাপন করিতে পারিবেন। মোকদ্দমা উত্থাপিত হইলে রায়ত যত দিন ভূমি আপনার ভোগদখলে রাখিবে, তত দিন পূর্ব্ববর্ত্তী সময়ের সহিত যোগ করা হইবে না; কারণ তাহা হইলে যাহারা তিন বৎসরের অধিক কাল ভূমি আপনাদের ভোগ দখলে রাখিয়াছে, তাহারা আইনানুসারে যে উন্নত অবস্থার সুবিধা ভোগ করিতেছে, রায়তকে সেই সুবিধা দেওয়া হইবে। যদি অবশেষে রায়তের বিরুদ্ধে নিষ্কাশনের ডিক্রী হয়, তাহা হইলে সেই রায়তকে যত দিন ভূমি অন্যায়রূপে আপনার অধিকারে রাখা হইয়াছে তত দিনের জন্য সেই ভূমির জমার সম্পূর্ণ মূল্য দিতে হইবে। ভূমির অধিকার না পাওয়াতে ভূম্যধিকারীর যে ক্ষতি হইয়াছে রায়ত সে ক্ষতিরও পূরণ করিবে (৩৪ ধারা।) যে রায়ত তিন বৎসরের ন্যূন কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য ভূমি আপনার অধিকারে রাখিয়াছে, নির্দ্দিষ্ট সময় অতীত হইয়া গেলে সে যদি ভূমি ছাড়িয়া দিতে সম্মত না হয়, ও অধিকারে আনিবার জন্য ভূম্যধিকারীর স্পষ্ট কি ভাবতঃ সম্মতি না থাকে তাহা হইলে, আমরা তাহার প্রতিও এই সকল বিধান প্রয়োগ হইবার ব্যবস্থা করিয়াছি। বর্ত্তমান ব্যবস্থাপ্রসূত আইন এই সকল বিষয়ে নীরব এবং যে সমস্ত রায়তের দখলীস্বত্ব নাই তাহাদের সম্বন্ধে মোকদ্দমা নিষ্পত্তির নজীরহইতে উপযুক্ত ব্যবস্থা পাওয়া যায় না, আমরা বিশ্বাস করি এই সকল বিষয় সম্বন্ধে যে বিশদ ব্যবস্থা বিহিত হইল, তাহা ন্যায়সঙ্গত বলিয়া বিবেচিত হইবে এবং তদ্দ্বারা ভবিষ্যতে মোকদ্দমার সংখ্যা ন্যূন হইয়া আসিবে।

যে সকল রায়ত তিন বৎসরের ন্যূন কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য ভূমি অধিকার করিয়াছে, অনুমতি ব্যতীত তাহাদের ভূমি অধিকারে রাখা।

যদি বর্দ্ধিত হারে খাজানা দিবার জন্য কোন লিখিত চুক্তিপত্রে আবদ্ধ না হয়, তাহা হইলে নোটীশ জারী না করিলে তিন বৎসরের জন্য রায়ত বর্দ্ধিত হারে খাজানা দিবে না।

১০৭। যে সকল রায়তের দখলী স্বত্ব নাই, সেই সকল রায়তের সম্বন্ধে অন্য একটী বিষয় মীমাংসা করিতে গোলযোগ হইয়া থাকে, আমরা এই গোলযোগ দূর করিবার জন্য বিধান (৩৫ ধারা) করিয়াছি যে, যে রায়ত তিন বৎসরের ন্যূন কাল ভূমি অধিকার করিবে, সে যদি বর্দ্ধিত হারে খাজানা দিবার জন্য লিখিত চুক্তিপত্রে আবদ্ধ না হয়, কিম্বা যে বৎসরের জন্য এই খাজানার প্রার্থনা করা হইয়াছে, সেই বৎসরের পূর্ব্ববর্ত্তী বৎসর শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব্বে যদি তাহার উপর নোটিসজারী করিয়া সেই বর্দ্ধিত খাজানা প্রার্থনা করা না হয়, তাহা হইলে সে বর্দ্ধিত হারে খাজানা দিবে না। এই নোটীসে খাজানা বৃদ্ধির হেতু নির্দ্দিষ্ট থাকিবে; পাওুলেখোর কোন বিধান ক্রমেই এই সকল হেতুর সীমা নির্দ্দেশ করিতে হইবে না যদি রায়ত বর্দ্ধিত খাজানা দিতে অনিচ্ছু হয়, তাহা হইলে ভূমি ছাড়িয়া দিবে, যদি ভূমি ছাড়িয়া না দেয়, তাহা হইলে বর্দ্ধিত খাজানা দিতে বাধ্য হইবে; কিন্তু এই বর্দ্ধিত খাজানা পূর্ব্বতন খাজানার দ্বিগুণ অপেক্ষা অধিক হইবে না। মোকদ্দার নজীর অনুসারে আমরা ব্যাখ্যা প্রসঙ্গে এই বিধান করিয়াছি যে, যদি এই শ্রেণীর কোন রায়তের উপর ভূমি ছাড়িয়া দিবার জন্য কিম্বা নির্দ্দিষ্ট বর্দ্ধিত খাজানা দিবার জন্য নোটীসজারী করিলে সে ভূমি আপনার অধিকারে রাখিতে চাহে তাহা হইলে প্রজাসম্বন্ধে শেষ হইয়াছে বলিয়া বিবেচিত হইবে না, এবং নোটীস বর্দ্ধিত খাজানা দেওয়ার নোটীস বলিয়া পরিগণিত হইবে।

বাটী নির্ম্মাণার্থে ব্যবহৃত ভূমি বিষয়ক ব্যবস্থা।

১০৮। নগরের ন্যায় কৃষকপল্লীতে বাটী নির্ম্মাণ এবং তদনুরূপ কার্য্যে যে ভূমি ব্যবহৃত হয়, তৎসম্বন্ধে আইন ব্যবস্থাপন করা আমাদের মধ্যে অনেকে সঙ্গত বলিয়া বিবেচনা করিয়াছেন। আমাদের বিশ্বাস, অকৃষিজীবী ব্যক্তিদের সংখ্যাবৃদ্ধি পাইয়াছে, এবং এক্ষণেও বৃদ্ধি পাইতেছে; নগর ব্যতীত পল্লীগ্রামসমূহে এরূপ অনেক ব্যক্তি আছেন যে, যাঁহারা কৃষিকার্য্যের জন্য ভূমি অধিকার না করিলেও আবাস গৃহের জন্য ভূখণ্ড অধিকার করিয়া থাকেন, এবং অনেক স্থলে অনেক বৎসর পর্য্যন্ত এই ভাবে অধিকার করিয়া আসিয়াছেন। ব্যবসায়ী লোক—যাহাদিগকে উৎসাহিত করা অভিপ্রেত—মহাজন, এবং দোকানদারের আপনাদের গৃহ, দোকান এবং গোলা নির্ম্মাণজন্য ভূমির প্রয়োজন পড়ে, জমীদার কোন কোন স্থলে এই জন্য ব্যবহৃত বাস্তু উদ্‌বাস্তু ভূমির অপেক্ষাকৃত অধিক খাজানা গ্রহণ করিয়া থাকেন। নূতন গ্রাম সংগঠন কিম্বা কোন প্রাচীন গ্রামের সম্প্রসারণ সচরাচর তাঁহার এই বিধিসিদ্ধ লাভের কারণ হইয়া থাকে, আমরা এক দিকে স্থল বিশেষে বর্দ্ধিত আয়ের ফল ভোগ করিবার জন্য জমীদারকে রক্ষা করা অপর দিকে সহসা যথেচ্ছভাবে নিষ্কাশনহইতে প্রজাকে রক্ষা করা উচিত বিবেচনা করিতেছি। কোন লাভবান ব্যবসায়ী অথবা শিল্পী প্রায়ই পাকা বাড়ী করিতে বিশেষ ইচ্ছা করে, কিন্তু উক্ত কার্য্যের নিমিত্তে প্রয়োজনীয় ভূমির উপর স্বত্বলাভ করা দুরূহ দেখিয়া, পাছে সে পরে নিষ্কাশিত হয়, এই আশঙ্কায় অর্থব্যয় করিতে সম্মত হয় না। নিষ্কাশনস্থলে বাটী নির্ম্মাণের উপকরণাদি স্থানান্তরিত করিতে বলা হইয়া থাকে, কিন্তু নূতন পাকা বাড়ীর সম্বন্ধে ইহা এক প্রকার উপহাসস্বরূপ হয়। আমাদের বিশ্বাস সুবিধাজনক বাটীর নির্ম্মাণ এবং তাহা ব্যবহার করা অপেক্ষা অন্য কিছুতেই সাধারণের অধিকতর পরিতোষ জন্মিতে পারে না, এই জন্য আমরা কৃষক এবং অকৃষিজীবী উভয় শ্রেণীর মধ্যেই এ বিষয়ের সুবিধাসম্পাদন এবং ইহার উন্নতিজন্য উৎসাহদান করিতে প্রয়াস পাইয়াছি।

রায়ত আপনার ভোগের উপর আপনার ব্যবহার জন্য ইষ্টক নির্ম্মিত বা অন্য কোন উপযুক্ত গৃহ নির্ম্মাণ করিতে পারে।

১০৯। প্রথমে আমরা ব্যবস্থা করিয়াছি যে, কোন ভূমি কৃষিকার্য্যের জন্য, বা উদ্যান করিবার জন্য, গো প্রভৃতি চরণের জন্য বা তদনুরূপ অন্য কোন কারণে ব্যবহার করা বা ব্যবহার করিতে দেওয়া হইলে কোন রায়ত তাহার ভূম্যধিকারীর সম্মতি ব্যতীত যে জন্য পূর্ব্বে সেই ভূমি ব্যবহার করা বা ব্যবহার করিতে দেওয়া হইয়াছে, তদ্‌বিরুদ্ধ গৃহ নির্ম্মাণ বা অন্য কোন বিষয়ের জন্য সেই ভূমির কোন অংশ ব্যবহার করিতে পারিবে না, কিন্তু রায়ত তাহার ভূম্যধিকারীর সম্মতি ব্যতীত আপনার ভোগের উপর আপনার এবং পরিবারবর্গের বাসের জন্য ইষ্টকনির্ম্মিত বা অন্য কোন আবাসগৃহ এবং তৎসঙ্গে উপযুক্তমত অন্যান্য বাহিরের গৃহ নির্ম্মাণ করিতে পারে।

ইহাতে এই ফল হইবে যে, রায়ত আপনার বাসের জন্য সুবিধাজনক বাটী নির্ম্মাণ করিবার ক্ষমতা পাইলেও, এবং এই ক্ষমতা যথানিয়মে ব্যবহৃত হইলে তাহাকে রক্ষা করা হইলেও সে তাহার ভূমির উপর পাকা দোকান ঘর বা কারখানাগৃহ নির্ম্মাণ অথবা অপরের বাসের জন্য আপনার যোত গৃহনির্ম্মাণস্থান করিতে পারিবে না। যদি কোন নূতন নগর বা গ্রামের উদ্ভব হয়, এবং বাটী নির্ম্মাণের জন্য কৃষিকার্য্যের ভূমি সকল আবশ্যক হইয়া উঠে, তাহা হইলে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, বাটী প্রভৃতি নির্ম্মাণ করিতে দেওয়ার জন্য ভূমির যে মূল্য বর্দ্ধিত হইবে, সেই বর্দ্ধিত মূল্যের সমুদয় অংশ আত্মসাৎ করিতে পারিবে না, যেহেতু ভূম্যধিকারীর সম্মতি ব্যতীত সে ভূমির এইরূপ ব্যবহার করিতে পারে না। এই রূপে ভূম্যধিকারীও সেই বর্দ্ধিত মূল্যের সমুদয় অংশ আত্মসাৎ করিতে পারিবেন না; যেহেতু ভূমি রায়তের অধিকারে রহিয়াছে এবং রায়ত কোন প্রকারে নিষ্কাশিত হইতে পারে না, ভূম্যধিকারী গৃহনির্ম্মাণেচ্ছু কোন তৃতীয় ব্যক্তিকে এই ভূমি দিতে পারেন না। এই হেতু যখন ভূম্যধিকারী এবং রায়ত উভয়ের সম্মতি ব্যতীত গৃহ নির্ম্মাণ কার্য্য আরব্ধ হইতে পারে না এবং যখন উভয়ের লাভের জন্য এই বর্দ্ধিত মূল্য আপনাদের মধ্যে ভাগ করিয়া লইবার কোন বন্দোবস্ত করা আবশ্যক দেখা যাইতেছে, তখন আশা করা যায় যে আত্মস্বার্থ উভয়কে এই বন্দোবস্ত করিতে প্রবর্ত্তিত করিবে। সুতরাং সম্পত্তিতে যে উভয় ব্যক্তির স্বত্ব রহিয়াছে, তাহারা আপনাদের মধ্যে এই বর্দ্ধিত মূল্য ভাগ করিয়া লইবে, এই ফল হইবে (পাণ্ডুলেখ্যের ৩৬ ধারা দেখ)

ভূম্যধিকারীর সম্মতি ব্যতীত যদি রায়ত ভূমি অন্য রূপে ব্যবহার করে এবং যদি ভূম্যধিকারী তাঁহার স্বত্ব রক্ষা জন্য অভিপ্রেত থাকে, তাহা হইলে যে কার্য্য প্রণালী অনুষ্ঠিত হইবে।

১১০। যদি রায়ত ভূম্যধিকারীর সম্মতি না পাইলেও ভূমি অন্য রূপে ব্যবহার করিতে আরম্ভ করে তাহা হইলে ভূম্যধিকারী তাহাকে এই কার্য্য হইতে বিরত হইবার আজ্ঞা দিয়া তাহার উপর নোটিসজারী করিবেন। যদি রায়ত এই নোটিস অনুসারে বিরত না হয়, তাহা হইলে ভূম্যধিকারী দেওয়ানী আদালতে যাইয়া নিষেধ আজ্ঞা প্রার্থনা করিবেন। যদি রায়ত এই নিষেধ আজ্ঞা প্রতিপালন না করে, তাহা হইলে আদালত রায়তকে ভূমিহইতে নিষ্কাশিত করিতে পারিবেন, এবং ভূমি পূর্ব্বের অবস্থায় রাখিতে যে ব্যয় হইবে ক্ষতিপূরণস্বরূপ তাহা দিতে রায়তের প্রতি আদেশ দিবেন। মাকেঞ্জী এবং ওকিনেলী সাহেব রায়তের নিষ্কাশনে আপত্তি করেন। কিন্তু আমাদের অনেকের বিবেচনায় এই নিষ্কাশন পরামর্শসিদ্ধ বোধ হইয়াছে। যদি রায়ত অন্য হেতু দেখাইয়া সেই ভূমি অন্য প্রকারে ব্যবহার করিবার দাওয়া করে, তাহা হইলে সে আদালতের নিষেধ আজ্ঞা জন্য ভূম্যধিকারীর উপস্থাপিত মোকদ্দমায় আপনার সমর্থন স্বরূপ এই দাওয়া উপস্থিত করিতে পারে। রায়তকে ভূম্যধিকারীর স্বত্বের ন্যায্যতার প্রতিবাদ করিবার এই রূপ সুযোগ দেওয়া হইয়াছে। ইহার পরে যদি আমরা নির্দ্দেশ করি যে রায়ত প্রথমে ভূম্যধিকারীর নোটিসে মনোযোগ না দিলে এবং পরে আদালতের আদেশে তাচ্ছিল্য দেখিলে নিষ্কাশিত হইবে, তাহা হইলে আমাদের এই নির্দ্দেশ বোধ হয় অযৌক্তিক হইবে না (পাণ্ডুলেখ্যের ৩৮ ধারা)।

ভূম্যধিকারী আপনার অধিকার রক্ষায় ঔদাসীন্য দেখাইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে।

১১১। বর্ত্তমান আইনের কোন নির্দ্দিষ্ট ব্যবস্থা না থাকায় অনেক রায়তের এরূপ প্রকৃত বিশ্বাস আছে যে, তাহারা ইচ্ছামত আপনাদের ভূমিতে গৃহনির্ম্মাণ করিতে পারে। আমরা এই জন্য ব্যবস্থা করিয়াছি যে, কোন রায়ত আপনার ভূমি অন্যরূপে ব্যবহার করিতে আরম্ভ করিলে যদি ভূম্যধিকারী আপনার এই সম্পত্তির প্রতি ঔদাসীন্য দেখাইয়া রায়তকে বিরত করিবার জন্য তাহার উপর নোটিস জারী করিতে ও তৎপরে নিষেধ আজ্ঞা লইতে বিলম্ব করেন তাহা হইলে পরে এরূপ আজ্ঞা পাইলেও রায়তকে নিষ্কাশিত করিতে পারিবেন না, এবং নোটিস পাওয়ার পূর্ব্বে রাইয়ত যে গৃহ বা অন্য কোন বিষয় প্রস্তুত করিয়াছে, তাহা স্থানান্তরিত করিতে তাহার যে ক্ষতি হইয়াছে, তাহা পূরণ করিবেন। এই স্থলের সহিত নিম্নলিখিত স্থলের পার্থক্য দেখা যাইতেছে, যে স্থলে রায়ত এরূপ দেখাইতে পারিবে যে, সে যাহা করিতেছিল, তাহা ভূম্যধিকারী জানিতেন; জানিয়াও নীরবে রহিয়াছিলেন এবং তাহাকে গৃহনির্ম্মাণ ও অন্য কোন কার্য্যের জন্য অর্থ ব্যয় করিতে দিয়াছিলেন। ইহা বলা যাইতে পারে যে, যদি এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হয় তাহা হইলে আইন আর অনির্দ্দিষ্ট অবস্থায় থাকিবেও না এবং রায়ত জানিতে পারিবে যে, তাহার নিজের আবাসগৃহ ব্যতীত অন্য কোন গৃহ নির্ম্মাণে তাহার কোন অধিকার নাই সুতরাং যদি সে আইন অমান্য করিয়া গৃহ প্রস্তুত করে, তাহা হইলে কোন রূপ ক্ষমতা না থাকিতে সে যাহা প্রস্তুত করিয়াছে, তাহা ভাঙ্গিয়া ফেলিবার জন্য কোন ক্ষতিপূরণ করা উচিত নয়। ইহার উত্তর এই, দেওয়ানী আইন সাপেক্ষ এবং প্রকৃতির নিয়মের অবিরোধী ব্যক্তিগত অধিকার সংক্রান্ত এই সকল বিষয়ে "আমি আইন জানি না এই ওজর গ্রাহ্য নয়" এই প্রসিদ্ধবাক্য লওয়া আমাদের বিবেচনায় কিছু বাড়াবাড়ি করা হইয়াছে। গবর্ণমেণ্ট যে সকল আইন প্রণয়ন করেন এবং যাহা গেজেটে প্রকাশিত হয়, এক জন শিক্ষিত জমীদার তৎসমুদয় অবগত থাকেন, এই সকল প্রদেশে এই অনুমানের বল যাহাই হউক না কেন, এক জন নিরক্ষর রায়তের সম্বন্ধে এই অনুমান অতি অল্প পরিমাণেই খাটে। এই জন্য আমরা যে ভূম্যধিকারী আপনার অধিকারের প্রতি তীব্র দৃষ্টি রাখেন এবং সেই অধিকার প্রবল করিতে প্রস্তুত থাকেন, উপস্থিত বিষয়ে, তাঁহার সহিত যে জমীদার আপনার সম্পত্তি তত্ত্বাবধানে শিথিল প্রযত্ন ও অমনোযোগী থাকেন, তাঁহার বিশেষ পার্থক্য বিধান করিয়াছি।

ভূম্যধিকারী আপনার অধিকার রক্ষায় ঔদাসীন্য দেখাইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে।

১১২। কিন্তু তৃতীয় আর একটি স্থলহইতে পারে; অর্থাৎ রায়ত ভূমি অন্য প্রকারে ব্যবহার করিতে আরম্ভ করে, ভূম্যধিকারী ইহা জানিয়াও কোন আপত্তি করেন নাই, ও রায়তকে বাটী প্রভৃতি নির্ম্মাণে টাকা ব্যয় করিতে দিয়াছেন। ঈদৃশ স্থলে এবং যে স্থলে ভূম্যধিকারী দুই বৎসরের মধ্যে রায়তকে বাটী প্রভৃতির নির্ম্মাণ কার্য্যহইতে বিরত করিবার নোটিস দেন নাই (এস্থলে ভূম্যধিকারী এ বিষয় জানিতেন কি না, তাহা দেখিবার প্রয়োজন নাই,)—সে স্থলে আমরা এই বিধান করিয়াছি যে, ভূম্যধিকারী পরে ভূমির ব্যবহার পরিবর্ত্তনের আপত্তি করিয়া রায়তকে বাধা দিতে পারিবেন না। যাঁহারা ভূম্যধিকারী এবং প্রজাঘটিত ইংরাজী আইনের বিধান অনুসারে দখলীসত্ত্ববিশিষ্ট রায়তকে দেখেন, এই সকল বিধানের কোন কোনটীতে তাঁহারা আপত্তি উত্থাপন করিলে আমরা বিস্ময় প্রকাশ করিব না; কিন্তু ভূমির উপর রায়তের কোন নির্দ্দিষ্ট অধিকার আছে, যদি একথা স্বীকার করা যায়, তাহা হইলে এই সকল বিধানের সম্বন্ধে বিচার অন্যরূপ হইবে।

কোন কোন স্থলে ভূম্যধিকারী রাইয়তকে ভূমি অন্যরূপে ব্যবহার করিতে বাধা দিতে পারিবেন না।

১১৩। যে স্থলে দেশাচারানুসারে কৃষিকার্য্য, বাগান প্রভৃতি প্রস্তুত করণ, পশুচারণ প্রভৃতি কার্য্য ব্যতীত

বাটী নির্ম্মাণ বা অন্য কোন বিষয়ের জন্য ভূমি ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হইবার জন্য দেওয়া হইয়াছে, সে স্থলে আমরা এই বিধান করিয়াছি যে কোন প্রজা সম্পূর্ণ বার বৎসর ভূমি নিজ দখলে রাখিলে যদি কোন বিরুদ্ধ চুক্তি বর্ত্তমান না থাকে, তাহা হইলে সেই ভূমির উপর তাহার দখলীস্বত্ব জন্মিবে, এবং সে ভূমিহইতে নিষ্কাশিত হইতে পারিবে না। এই বিধান ভূতকাল সম্পর্কে কার্য্যকর করা আমাদের অভিপ্রেত নয়। এই আইনের কার্য্য আরম্ভ হইবার পূর্ব্বে যে সময় অতীত হয়,দখলীস্বত্ব জন্মাণ্ডনের উদ্দেশ্য সেই সময় হইতে বার বৎসরের গণনা হইবে না। এই দখলীস্বত্ব পুরুষানুক্রমে অধিকৃত, দান বিক্রয় প্রভৃতিতে হস্তান্তরিত, উইলক্রমে প্রদত্ত এবং আদালতের ডিক্রীতে নীলামে বিক্রীত হইতে পারে বলিয়া প্রকাশ করা গিয়াছে। যদি প্রজা ভূম্যধিকারীকে খাজানা না দেয়, তাহা হইলে ভূম্যধিকারী বাকী খাজানার জন্য ডিক্রীজারীক্রমে বাটী প্রভৃতির সহিত সেই ভূমি নীলামে বিক্রয় করিতে পারেন (পাণ্ডুলেখ্যের ৪১ ধারা।) আমরা এমনও বিধান করিয়াছি যে, পূর্ব্ববর্ত্তী দশ বৎসরের মধ্যে যদি এই রূপ যোতের খাজানা বৃদ্ধি না হইয়া থাকে তাহা হইলে উহা বর্দ্ধিত হইতে পারে। অন্যান্য প্রজারা এই রূপ লাভের, এবং এই উদ্দেশে ব্যবহৃত সমীপবর্ত্তী অন্যান্য ভূমির যে খাজানা দেয়, এই বর্দ্ধিত হার সেই খাজানার সমান অথবা ভূমির বাজার দরের শতকরা পাঁচ [৭] টাকা হারের তুল্য হইবে (৪২ ধারা।) আমাদের বিশ্বাস আছে, এই সকল বিধানের সময়ে ভূম্যধিকারী এবং যে সকল প্রজা অধিকৃত ভূমিতে বাটী নির্ম্মাণ করিয়া বাস করে, তাহাদের মধ্যে পরস্পরের স্বত্ব নির্দ্ধারিত হইবে। [৮]

বাটী নির্ম্মাণ বা তদ্রূপ অন্য বিষয়ের জন্য ব্যবহৃত ভূমির উপর দখলী স্বত্ব জন্মিতে পারে। এই দখলী স্বত্বের ভাব এবং অনুষঙ্গ।

১১৪। নিমজ্জন সংক্রান্ত বিধি মফসলে প্রয়োজিত হইতে পারে কি না, প্রধানতম বিচারালয়সমূহ তাহার নিষ্পত্তিতে একমত হন নাই। এই বিষয়ে আইনের অবস্থা সম্বন্ধে কোন রূপ সন্দেহ উপস্থিত হইলে নিঃসন্দেহ মোকদ্দমার উৎপত্তি হইতে পারে। আইনটী পরিষ্কার এবং সন্দেহশূন্য করিতে পারিলেই এই মোকদ্দমা নিবারিত হইবে। যে দেশে শীর্ষভাগে জমীদার এবং নিম্নভাগে কৃষকের মধ্যবর্ত্তী অনেকগুলি স্বত্ব নির্দ্ধারিত আছে, সে দেশে জমীদার অথবা তৎপরবর্ত্তী কোন স্বত্বের অধিকারী তাহার অব্যবহিত অধস্তন স্বত্বাধিকারীর স্বত্ব লাভ করিলে কি কি ঘটনার আবির্ভাব হইতে পারে, তাহা নিশ্চয় করিয়া জানা বিশেষ প্রয়োজন। আমরা এই বিধান (৪৩ ধারা) করিয়াছি যে, কোন গোপনীয় অথবা প্রকাশ্য নীলামে ক্রয়দ্বারা কিম্বা দান, উত্তরাধিকার বা উইলদ্বারা যখন কোন মহালের অধিস্বামী সেই মহালের অন্তর্গত কোন তালুকের অধিকারী হইবেন, তখন উক্ত অধিস্বামী কোন রূপ বিরুদ্ধ অভিপ্রায় না দেখাইতে পারিলে সেই তালুক তাঁহার জমীদারীস্বত্বে নিমজ্জিত হইবে, এবং একই ব্যক্তি মহালের ও তালুকের অধিকারী হওয়াতে সেই তালুকদারী স্বত্ব বিলুপ্ত হইয়া যাইবে। কোন উর্দ্ধতন স্বত্বের অধিকারী তাহার অব্যবহিত অধস্তন স্বত্বাধিকারীর স্বত্ব লাভ করিলেও এই বিধান প্রয়োজিত হইবে (৪৪ ধারা)। আমরা এস্থলে ন্যায়সঙ্গত নিমজ্জনের রীতির অনুসরণ করিয়াছি ; এই বিষয় যাহার সহিত এই দুই স্বত্বের সংস্রব আছে, এরূপ ব্যক্তির ইচ্ছা (যদি এই ইচ্ছা ন্যায়সঙ্গত এবং সাধু হয়) এবং সুবিচার দ্বারা পরিচালিত হইয়া থাকে। এ দেশে বাচনিক প্রমাণের দুর্ব্বতা মনে করিয়া আমরা স্থির করিয়াছি যে, যিনি এই দুই স্বত্ব পৃথক্‌ভাবে রাখিতে ইচ্ছা করিবেন, তাঁহাকেই উপযুক্তমতে রেজেষ্টরী করা দলীল উপস্থিত করিয়া সেই ইচ্ছার বিষয় প্রমাণ করিতে হইবে, এবং এই দলীলের নকল ঐ তালুক বা পেটাওতালুকে যে প্রকাশ করা হইয়াছে, তদ্বিষয় সপ্রমাণ করিতে হইবে। নিমজ্জন হইবার তারিখহইতে তিন মাস গত হইলে ইচ্ছাসূচক উক্ত প্রমাণ দেওয়া আবশ্যক। বিবেচনা করিবার নিমিত্তে ও যে স্থলে নিমজ্জন কার্য্য নিবারণ করা স্থির হয় তথায় উল্লিখিত দলীল সম্পাদন করণ পক্ষে এই সময়ই যথেষ্ট।

স্পষ্ট ব্যবস্থা দ্বারা নিমজ্জন সংক্রান্ত বিধির প্রয়োগ সম্বন্ধে সন্দেহের নিরাশ।

১১৫। আমরা এই বিধান করিয়াছি যে, যে স্থলে উর্দ্ধতন স্বত্বের অনেকগুলি সহাধিকারী থাকিবে, ও তন্মধ্যে কতিপয় ব্যক্তিমাত্র অব্যবহিত অধস্তন স্বত্ব লাভ করে সে স্থলে নিমজ্জন হইবে না। সহাধিকারীদের বিশেষ প্রকৃতি অনুসারে অন্য কোন নিয়ম করিলে গোলযোগ ঘটিতে পারে। আমরা এরূপ ব্যবস্থা করিয়াছি যে, যে স্থলে যাবৎ অপ্রাপ্ত বয়স্ক প্রাপ্ত বয়স্ক না হইবে, এবং যে স্থলে যাবৎ কোন অব্যবস্থিতচিত্ত ব্যবস্থিতচিত্ত না হইবে, সে স্থলে তাবৎ নিমজ্জনের সম্বন্ধে অনুমান করিতে পারিবে না। উক্ত অনুমান অভিপ্রায়ের উপরেই নির্ভর করিয়া থাকে, এই হেতু যাবৎ স্বত্ব সংসৃষ্ট ব্যক্তির অভিপ্রায় আইন অনুসারে ধর্ত্তব্য না হইবে, তাবৎ এ সম্বন্ধে কোন কার্য্য হইবে না। বাকী খাজানার জন্য তালুক বা পেটাওতালুকের বিক্রয় জন্য যে দায় অসিদ্ধ হয়, তদ্বিষয়ে আইনের বিধানোক্ত স্থল ব্যতীত পূর্ব্বতন স্বত্বাধিকারীর অধীনে যাহারা অধস্তন স্বত্ব লাভ করিয়াছে, তাহাদের ক্ষতি করা ন্যায়সঙ্গত নয়, আমরা এই জন্য এই সকল ব্যক্তি এবং তাহাদের স্বত্ব রক্ষা করিবার জন্য ব্যবস্থা করিয়াছি। [৯] যে স্থলে গবর্ণমেণ্ট কোন মহালগ্রহণ করেন, এবং তদ্‌গত উচ্চতম অধিকার ও স্বামিত্ব স্বত্ব গবর্ণমেণ্টই লাভ করেন, সে স্থলের নিমজ্জন সংক্রান্ত বিষয় উপরি লিখিত ৫ পারাগ্রাফে নির্দ্ধারিত আছে।

অধস্তন স্বার্থগত স্বত্বাধিকারী বা ঐ স্বার্থাধীন প্রজাদিগের রক্ষার কথা।

যে স্থলে নিমজ্জন বিধি প্রয়োজিত হইবে না।

১১৬। প্রধান ভূম্যধিকারীর সেরেস্তায় তালুক এবং পেটাওতালুকের হস্তান্তরিত করণের রেজেষ্টরীর বিষয় অনেক বার ব্যবস্থাপকদিগের মনোযোগ আকর্ষণ করিয়াছে। যে সকল মহালের রাজস্ব গবর্ণমেণ্টকে দিতে হয়, সেই সকল এষ্টেটের হস্তান্তরিত করণ পত্র অতি প্রাচীন সময়হইতে কালেক্টরীতে রাখা হইয়া থাকে, যেহেতু গবর্ণমেণ্ট এতদ্দ্বারা কোন্ ব্যক্তিকে নির্দ্দিষ্ট সময়ের জন্য রাজস্ব দিতে হইবে, তাহা জানিতে পারিবেন। ভূমি তালুক সৃষ্টি হইলে তাহার অনুষঙ্গও অনেক বিষয়ে রাজস্ব প্রদায়ী ন্যায় বিহিত হইয়াছিল। আমরা উদাহরণ

তালুক, পেটাও তালুক হস্তান্তর করণের রেজেষ্টরী।

---

(৭) কেবল পরীক্ষার জন্য এই এবং অন্যান্য স্থলে এই সকল অঙ্ক নির্দ্দেশ করা হইয়াছে। পাণ্ডুলিপির সমালোচকেরা উপযুক্ত কারণ দেখাইলে ইহা পরিবর্ত্তিত হইতে পারে।

(৮) ফীল্ড সাহেবের ১৮৭৯ সালের ২৪ এ ডিসেম্বরের মন্তব্যলিপিতে বাঙ্গালা এবং উত্তর পশ্চিমাঞ্চলে গৃহাদিনির্ম্মাণ ও কৃষিকার্য্যেতর কার্য্যের জন্য যে ভূমি ব্যবহৃত হয়, তৎসংক্রান্ত আইনের বর্ত্তমান অবস্থার সংক্ষেপ বিবরণ আছে। কমিশনের কার্য্য বিবরণের সহিত ইহা প্রকাশ করা হইয়াছে।

(৯) নিমজ্জন সংক্রান্ত আইনের বর্ত্তমান অবস্থার সংক্ষিপ্ত বিবরণ ফীল্ড সাহেবের ১৮৭৯ সালের ১৯ শে ডিসেম্বরের মন্তব্য লিপিতে আছে কমিশনের কার্য্য বিবরণের সহিত ইহা পাওয়া যাইবে।

বাকী খাজানার জন্য বিক্রয় করা, এই বিক্রয় জন্য অন্যান্য দায় ব্যর্থ করা, এবং হস্তান্তরিত করণের রেজেষ্টরীর (উপস্থিত বিষয়ে ইহাই আমাদের প্রধান আলোচ্য) উল্লেখ করিতেছি। নিয়মিত ফী এবং জামিন দেওয়া গেলে ভূস্বামী হস্তান্তরিত করণের রেজেষ্টরী করিতেন এবং যাহাকে দেওয়া হইয়াছে তাহার চুক্তিপত্র গ্রহণ ও যে হস্তান্তরিত করিয়াছে, উহাকে সমুদয় দায়িত্ব হইতে মুক্ত করিতেন। সমস্ত অধীন তালুকদার এবং জমীদার ও কৃষকের মধ্যবর্ত্তী হস্তান্তরিতকরণযোগ্য স্বত্বের অধিকারীকে যখন কোন তালুক বিক্রয় দান, কিম্বা অন্য কোন কার্য্যে অথবা উত্তরাধিকারীদিগের মধ্যে বিভাগ সময়ে হস্তান্তরিত হইবে, তখন জমীদার বা যে প্রধান প্রজাকে খাজানা দিতে হয়, তাহাদের সেরেস্তায় ১৮৫৯ সালের দশ আইন অনুসারে এই সকল তালুকের রেজেষ্টরী করিতে হয়। জমীদার এবং উহুতন প্রজার এই রেজেষ্টরীতে সম্মতি দেওয়া আবশ্যক; কিন্তু বিশ্বাস পূর্ব্বক কার্য্য হইলে অন্যরূপে এই সকল তালুকের হস্তান্তরিত করণ বলবৎ করিয়া দেওয়া আবশ্যক, যদি জমীদার বা প্রজা এবিষয়ে অসম্মতি প্রকাশ করে, তাহা হইলে কালেক্টরের নিকট একখানি দরখাস্ত করিতে পারা যায় কালেক্টর অনুসন্ধান করিয়া উপযুক্ত বোধ করিলে রেজেষ্টরী করিবার আদেশ দিতে পারেন। ১৮৬৯ সালের ৮ আইনে (বঙ্গীয়) এই সকল বিধানের সেই গুলি উদ্ধৃত হইয়াছে, যদ্দ্বারা এক দিকে প্রজাকে রেজেষ্টরী করিতে অপর দিকে জমীদারকে সেই রেজেষ্টরী করাইতে হয়। কিন্তু ভূম্যধিকারী এই সকল রেজেষ্টরী স্বীকার করিতে বাধ্য হইবেন আইনে এরূপ কোন বিধান নাই। ভূম্যধিকারী এবং প্রজার মধ্যে কোন বিবাদ উপস্থিত হইলে সেই মোকদ্দমা গ্রহণের ক্ষমতা যখন রাজস্ব বিভাগহইতে দেওয়ানী আদালতে সমর্পিত হয় থাকে, তখন এ সম্বন্ধে কোন স্পষ্ট বিধান করিবার আবশ্যকতা অনুভূত হয় নাই। দেওয়ানী আদালতই এরূপ বিষয়ের প্রতীকার করিতে পারিতেন।

এবিষয়ের পূর্ব্বতন আইনের বিধান।

১১৭। যখন ডিক্রী জারীতে কোন পত্তনী তালুক বিক্রীত হয়, এবং ক্রেতা এক মাসের মধ্যে তাহার ক্রীত সম্পত্তি রেজেষ্টরী না করে, তাহা হইলে জমীদার "সার্জোয়াল" পাঠাইয়া সেই তালুক ক্রোক করিতে পারেন। এবং যখন ক্রেতা বাকী খাজানার জন্য নীলামে ভূমি ক্রয় করিয়া এক মাসের মধ্যে জমীদারের প্রার্থনামত জামিন না দেন, তখনও এই কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইতে পারে। যে তালুক গ্রহণ করিয়াছে, তাহাকে রেজেষ্টরী করিবার জন্য বাধ্য করিতে ভূম্যধিকারীর কোন সামর্থ্য নাই, এজন্য ঘরাওবিক্রয়ে যে সকল তালুক হস্তান্তরিত হয়, তাহার প্রায়ই রেজেষ্টরী হয় না। ইহার দুটী কারণের উল্লেখ করা যাইতে পারে। প্রথম, পত্তনী তালুকের হস্তান্তরিত করণের রেজেষ্টরীতে ভূম্যধিকারীকে ফী দিতে হয়, প্রচলিত প্রথা অনুসারে অপরাপর তালুক এবং পেটাওতালুকের স্থলেও এই রূপ ফী দেওয়া হইয়া থাকে। হস্তান্তরিত সম্পত্তির রেজেষ্টরী না করিলে এই ফী দেওয়া হয় না। দ্বিতীয়, অজ্ঞাত ভাবে এবং গোপনে তালুক হস্তান্তরিত করিলে বেনামী করিয়া ভূমিগ্রহণের সুবিধা হয়। যাঁহারা, এই দেশের ব্যবহার পদ্ধতি অবগত নহেন তাঁহারা জিজ্ঞাসা করিতে পারেন যে, যে ভূমি গ্রহণ করিয়াছে, যখন সে তাহার খাজানা দিতেছে, তখন কি রূপে গোপনে ভূমি হস্তান্তরিত হইতে পারে। এতদ্দেশপ্রচলিত ব্যবহারের দিকে দৃষ্টিপাত করিলেই ইহার উত্তর পাওয়া যাইবে। যে খাজানা দিতে আইসে, সচরাচর তাহার নিকট হইতে খাজানার টাকা গ্রহণ করা হয়; কিন্তু যাহার নাম ভূম্যধিকারীর খাতায় আছে, তাহার নামে রসীদ দেওয়া হইয়া থাকে, চল্লিশ বৎসর হইল, যাহার মৃত্যু হইয়াছে, তাহার নামেও এই রসীদ দেওয়া যাইতে পারে, এবং প্রাপ্ত টাকা যে ব্যক্তিদ্বারা আনীত হইয়াছে তাহার মারফত, ওজরত বলিয়া লিখিত হইতে পারে। আমাদের বিবেচনায় এই পদ্ধতি প্রচলিত থাকিলে অনেক ক্ষতির সম্ভাবনা আছে। তালুক-বিক্রয়ের পর যখন ভূমির খাজানা অনাদায় থাকিবে, কিম্বা অন্য কারণে যখন প্রকৃত অধিকারীর নির্দ্ধারণ আবশ্যক হইয়া উঠিবে, তখন প্রায়ই মোকদ্দমা উত্থাপিত হইতে পারে।

পূর্ব্বতন আইনের অসম্পূর্ণতা। যেহেতু নিলামিত স্থল ব্যতীত হস্তান্তরিত তালুকের রেজেষ্টরী করাইতে ভূম্যধিকারীর কোন ক্ষমতা নাই।

১১৮। এক্ষণে এই পাণ্ডুলেখ্যে কিরূপ বিধান আছে, তাহা দেখা উচিত। আমরা এই বিধান (৪৬ ধারা) করিয়াছি যে, কোন তালুক, পেটাওতালুক কিম্বা তাহার কোন অংশ অথবা কোন দখলীস্বত্ববিশিষ্ট যোত, যখন উহার ভোগিত্ব বা দান বিক্রয় প্রভৃতিতে হস্তান্তরিত হইবে তখন হস্তান্তরিত হওয়ার অথবা উহার ভোগিত্ব প্রাপ্তির পরে তিন মাসের মধ্যে যে ভূম্যধিকারীকে সেই তালুক, পেটাও তালুক অথবা দখলীস্বত্ববিশিষ্ট যোতের খাজানা দেওয়া হয়, সেই ভূম্যধিকারীর সেরেস্তায় তাহার রেজেষ্টরী করিতে হইবে। এস্থলে যে তিন মাসের সময় দেওয়া হইয়াছে, সম্ভবতঃ তাহা অল্প হইয়াছে, এবং ইহার স্থলে ছয় মাস উপযুক্ত সময় বলিয়া নির্দ্ধারিত হইতে পারে। ভূম্যধিকারী এই সকল বিষয়ের রেজেষ্টরী এবং অন্য প্রকার এই হস্তান্তরিত করণ ও উত্তরাধিকার বলবৎ করিয়া দেওয়ার আদেশ আছে। কিন্তু ভূম্যধিকারী খাজানার ভাগ বলৎ করিতে বাধ্য হইবেন না। খাজানা ভাগ হইলেও, লিখিত সম্মতি ব্যতীত উহা তাঁহার বিরুদ্ধে সিদ্ধ বলিয়া প্রতিপন্ন হইবে না। গোপনে বিক্রয়, দান, পরিবর্ত্ত বা আদালতের ডিক্রীতে নীলামদ্বারা অপরের অধিকারে যাওয়া আমরা "হস্তান্তরিত করণের" অর্থ নির্দ্দেশ করিয়াছি, এবং উইল কিম্বা উত্তরাধিকারদ্বারা অপরের হস্তগত হওয়াকে "উত্তরভোগিত্ব" কহিয়াছি। আমরা কহিয়াছি হস্তান্তরিত করণ বা উত্তরভোগিত্বের সম্বন্ধে রেজেষ্টরীর ফী ভূম্যধিকারীর প্রাপ্য। এই ফী বার্ষিক খাজানার শতকরা দুই টাকা হারে হইবে, কিন্তু কোনও স্থলে ইহা এক টাকার কম ও একশত টাকার বেশি হইবে না (৪৭ ধারা।) আমরা ব্যবস্থা করিয়াছি যে, যে স্থলে আদালতের ডিক্রী অনুসারে বিক্রয়দ্বারা হস্তান্তরিত না হইবে, সে স্থলে যে ক্রয় করিয়াছে, তাহার পরিবর্ত্তে যাহার হস্তগত করা হইয়াছে, তাহাকেই রেজেষ্টরী করিবার জন্য আবেদনের তারিখের পরহইতে বরাবর নিজেই খাজানার জন্য দায়ী হইতে হইবে। এই বিধান ঘরাও হস্তান্তরিত করণের সম্বন্ধে প্রয়োজিত হইবে। ইহা হস্তান্তরকারী ও হস্তান্তরগৃহীতা উভয় পক্ষেরই জানিতে হইবে, এবং হস্তান্তরিত হইবার পরে যে খাজানা বাকী পড়িবে তাহার জন্য দায়িত্ব নিয়মবদ্ধ হইতে পারিবে (৪৮ ধারা।) যদি হস্তান্তরকার্য্যের রেজিষ্টরীর দরখাস্ত না হইয়া থাকে, তাহা হইলে হস্তান্তরকারী খাজানার জন্য দায়ী থাকিবেন, এবং ভূম্যধিকারী হস্তান্তর স্বীকার করিতে বাধ্য হইবেন না। (৪৯ ধারা)। এই প্রকার হস্তান্তরকরণ রেজিষ্টরী করায় যে হস্তান্তরিত করিয়াছে এবং যাহার হস্তগত হইয়াছে, তাহার উভয়েরই স্বার্থ আছে প্রথম পক্ষ জানিতে পারিবে যে, সে ভবিষ্যতের খাজানার দায়হইতে নিষ্কৃতি পাইয়াছে, এবং দ্বিতীয় পক্ষ তাহার প্রয়োজিত স্বত্ব

পাণ্ডুলেখ্যে তালুক পেটাও তালুক এবং দখলীস্বত্ব বিশিষ্ট যোতের হস্তান্তরিত করণের রেজেষ্টরীর সম্বন্ধে যে বিধান আছে তাহার কথা।

বুঝিয়া লইতে পারিবে। যে স্থলে বাকী খাজানার জন্য আদালতের ডিক্রীজারীর নীলামদ্বারা কোন তালুক, পেটাওতালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রীত হয়, সে স্থলে ক্রেতা আদালতের ডিক্রীর তারিখহইতে তাহার খাজানার জন্য দায়ী থাকিবে,এ স্থলে যখন ভূম্যধিকারীর প্রার্থনামত বিক্রয় হইতেছে তখন এরূপ বুঝিতে হইবে যে, তিনি এবিষয় অবগত আছেন, বিক্রয়ের আদেশের পর পূর্ব্বতন প্রজাকে খাজানার জন্য দায়ী করা তাঁহার পক্ষে অসঙ্গত হইবে। যে স্থলে বাকী খাজানার ডিক্রী ভিন্ন অন্য কোন ডিক্রীর জারীতে বিক্রয়দ্বারা ভূমি হস্তান্তরিত হইবে, সে স্থলে ভূম্যধিকারী এবিষয় না জানিতে পারেন। এরূপ স্থলে যাহার স্বত্ব বিক্রীত হইতেছে, সেই প্রজা ডিক্রীর পূর্ব্বে বা পরে যাহা হইবে, তাহা সমস্তই অবগত আছে, এই জন্য আমরা নির্দ্দেশ করিয়াছি যে, সে যদি খাজানার দায়িত্বহইতে বিমুক্ত হইতে চায় তাহা হইলে ভূম্যধিকারীকে এই বিক্রয়ের সংবাদ দেয়া তাহারই উচিত। এই জন্য আমরা সংবাদ দিবার ভার তাহার স্কন্ধে নিক্ষেপ করিয়াছি। উত্তরাধিকারের স্থলে আমরা নির্দ্দেশ করিয়াছি যে, যে ব্যক্তি উত্তরাধিকারী হইয়াছে, তাহাকে পূর্ব্বতন প্রজার মৃত্যুর পরহইতে খাজানার জন্য দায়ী হইতে হইবে। এই সকল স্থলে বাকী খাজানার জন্য তালুক, পেটাও তালুক এবং দখলীস্বত্ব বিশিষ্ট যোত নীলামে বিক্রীত হইতে পারে; তালুক, পেটাও তালুক কিম্বা যোত বিক্রয় করিয়াও যখন বাকী খাজানার পরিপূরণ না হইবে, তখনই অধিকারীর নিজের দায়ীত্ব লইয়া টানাটানি পড়িবে এ কথা স্মরণ থকা আবশ্যক।

তালুক এবং পেটাও তালুকের দান প্রভৃতি দ্বারা অথবা উত্তরাধিকার দ্বারা হস্তান্তরিত করণের রেজেষ্টরী না হইলে যাহা হইবে।

১১৯ গোপনে হস্তান্তরিত ভূসম্পত্তি রেজিষ্টরী করা না হইলে যাহা হইবে, তাহা আমরা নির্দ্দেশ করিলাম; এস্থলে পূর্ব্ব প্রজা খাজানার দায়হইতে নিষ্কৃতি পাইবে না, এবং ভূম্যধিকারীও এই হস্তান্তরিত করণ সিদ্ধ বলিয়া স্বীকার করিতে বাধ্য হইবেন না। এজন্য ক্ষতিপূরণ অংশে এই ভূম্যধিকারীর অধিকার কিছুমাত্র পরিবর্ত্তিত হইতেছে না। বিক্রয় এবং উত্তরাধিকারদ্বারা তালুক বা পেটাওতালুকের হস্তান্তরিত করণ স্থলে আমরা এই বিধান করিয়াছি যে, যদি রেজেষ্টরী করিবার জন্য তিন মাসের মধ্যে দরখাস্ত করা না হয়, তাহা হইলে ভূম্যধিকারী সেই তালুক বা পেটাওতালুক ক্রোক করিয়া কর সংগ্রহ করিতে পারেন। তাহার প্রাপ্য কর এবং সংগ্রহের ব্যয়ের উপর যে উদ্বৃত্ত হইবে, তাহার হিসাবের জন্য কিন্তু তিনি দায়ী থাকিবেন। যাবৎ এবিষয়ের রেজেষ্টরী না হয়, তাবৎ ভূমি ক্রোক থাকিবে, সংগৃহীত বস্তুতে যদি প্রাপ্য খাজানার পরিপূরণ না হয়, তাহা হইলে প্রধান ভূম্যধিকারী সেই তালুক বা পেটাওতালুক বিক্রয় করাইতে পারিবেন। বিক্রয়ের পরে ও যদি অনাটন দেখা যায়, তাহা হইলে যে হস্তান্তরিত করিয়াছে, তাহাকে তিনি দায়ী করিবেন। এই ক্রোকের ব্যবস্থা পেটাও তালুক পর্য্যন্ত প্রসারিত করিতে ওকিনেলী সাহেবের আপত্তি আছে।

দখলীস্বত্ব বিশিষ্ট যোতের দান প্রভৃতিদ্বারা এবং উত্তরাধিকার দ্বারা হস্তান্তরিত করণের রেজেষ্টরী না হইলে তাহার ফলের কথা

১২০। দখলীস্বত্ববিশিষ্ট যোত সচরাচর কৃষকেরা কর্ষণ করিয়া থাকে, লোকদ্বারা ইহাহইতে কোন খাজানা সংগ্রহ করা হয় না, এজন্য দান প্রভৃতি এবং উত্তরাধিকারদ্বারা এই সকল যোতের হস্তান্তরিত করণ সম্বন্ধে অন্যবিধ কার্য্য প্রণালী অবলম্বন করা আবশ্যক। এতন্নিবন্ধন আমরা রেজেষ্টরী করিবার জন্য তিন মাসের মধ্যে দরখাস্ত না করিলে ভূম্যধিকারীকে সেই ভূমি ক্রোক করিতে, নিজে সেই ভূমি কর্ষণ করিতে বা অপরকে কর্ষণ করিতে দিতে ক্ষমতা দিয়াছি। উত্তরাধিকার বা হস্তান্তরিত করণের পরবর্ত্তী বৎসর শেষ হইবার পূর্ব্বে যদি রেজেষ্টরীর জন্য দরখাস্ত করা না হয়, তাহা হইলে আমাদের বিধান অনুসারে সেই যোত ভূম্যধিকারীর অধিকারে যাইবে। যদি কোন ব্যক্তি উত্তরাধিকার বা ক্রয় করিয়া এক বৎসরেরও অধিক কালের মধ্যে রেজিষ্টরী করিবার জন্য কোন উপায় অবলম্বন না করে, তাহা হইলে আমাদের বিবেচনায় সেই যোত সে ছাড়াইয়া দিয়াছে মনে করাই সঙ্গত (৫১ ধারা)।

নিয়মিত সময়ের মধ্যে রেজেষ্টরীর জন্য দরখাস্ত করিতে হইবে। এইসময়ের পর রেজেষ্টরী করিলে নিয়মিত ফীর দশগুণ দিতে হইবে।

১২১। আমরা বিধান করিয়াছি (৪৬ ধারা) যে, উত্তরাধিকার এবং হস্তান্তরিত করণের পর তিন মাসের মধ্যে রেজেষ্টরীর জন্য দরখাস্ত করিতে হইবে, এবং ভূম্যধিকারীকে যে ফী দিতে হইবে, তাহা বার্ষিক খাজানার শতকরা দুই টাকার হারে হইবে। যদি তিন মাসের মধ্যে দরখাস্ত না করা হয়, তাহা হইলে কি রূপ শাস্তি বিধান করা সঙ্গত, যাহা আমরা বিবেচনা করিয়া দেখিয়াছি। কেহ কেহ প্রস্তাব করিয়াছিলেন যে, তালুক এবং পেটাও তালুক বাজেয়াপ্ত করাই এই অপরাধের শাস্তি। কিন্তু আমাদের অধিকাংশ সভ্যের বিবেচনায় ইহা সাতিশয় গুরুতর বলিয়া বিবেচিত হইয়াছে। আমাদের মধ্যে অনেকে শেষে মীমাংসা করিয়াছেন যে, তিন মাসের পর রেজেষ্টরী করিবার জন্য উপস্থিত হইলে নিয়মিত ফীর দশগুণ দিতে হইবে। এই দণ্ডই যথেষ্ট বলিয়া বিবেচিত হইয়াছে। কিন্তু এই ফী দশ টাকার কম এবং হাজার টাকার বেশী হইবে না। যে দখলীস্বত্ববিশিষ্ট প্রজা তিন মাসের পর এবং উত্তরাধিকার বা হস্তান্তরিত করণের পরবর্ত্তী বৎসর শেষ হইবার পূর্ব্বে রেজেষ্টরী করিবার জন্য আসিবে, তাহার প্রতিও এই নিয়ম প্রযোজিত হইবে। ওকিনেলী সাহেব শাস্তিবিধানের স্থলে অতিরিক্ত ফী নির্দ্ধারণ করিতে অমত প্রকাশ করিয়াছেন, তাঁহার মতে ভূম্যধিকারী এই উত্তরাধিকার বা হস্তান্তরিত করণ স্বীকার করিতে বাধ্য নহেন,বলিয়া দিলেই যথেষ্ট শাস্তিবিধান করা হইল কোন ভূম্যধিকারী উপযুক্ত কারণ ব্যতীত কোন হস্তান্তরিত করণ বা উত্তরাধিকারেও রেজেষ্টরী করিতে অসম্মত হইলে আমরা দেওয়াণী মোকদ্দমাদ্বারা তাঁহাকে সেই বিষয়ে সম্মত করাইবার বিধান করিয়াছি। যদি এই অসম্মতিজন্য কোন ক্ষতি হয়, তাহা হইলে দেওয়ানী আদালত ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণের টাকা দিবার আদেশ দিবেন। আমরা ব্যবস্থা করিয়াছি যে, রেবিনিউ বোর্ড কোন কোন শ্রেণীর ভূম্যধিকারীদিগের জন্য তালুক, পেটাওতালুক এবং দখলীস্বত্ববিশিষ্ট যোতের উত্তরাধিকার এবং হস্তান্তরিত করণের রেজেষ্টরী ফারম প্রস্তুত করিবেন। এই ফারম, প্রস্তুত হইলে উত্তরাধিকার বা হস্তান্তরিত করণসংসৃষ্ট ব্যক্তিগণ চারি আনা ফী দিলে সেই ফারমে যাহা লেখা থাকিবে, তাহার নকল পাইবে। এতৎপ্রদেশে বহুসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র ভূম্যধিকারী আছেন, এইজন্য আমরা সকল শ্রেণীর ভূম্যধিকারীর জন্য এই রেজেষ্টরী বহি করা উচিত বোধ করি নাই; পক্ষান্তরে ইংলণ্ডের জমীদারী সেরেস্তার রোল বহিহইতে যে সুবিধা হয়, বড় বড় মহাল এইরূপ রেজেষ্টরী বহি থাকিলে সেই সুবিধার অধিকাংশই পাওয়া যাইতে পারে।

যদি ভূম্যধিকারী রেজেষ্টরী করিতে অসম্মত হন তাহা হইলে দেওয়ানী আদালত তাঁহাকে এবিষয়ে বাধ্য করাইবেন। এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতি পূরণের আদেশ দিবেন।

১২২। তালুকদারদিগের মধ্যে কেবল পত্তনীদারকে বর্ত্তমান আইন অনুসারে খাজানা দিবার জন্য জামিন দিতে হয়। সকল স্থলেই বিক্রয়, দান বা পরিবর্ত্ত কিম্বা আদালতের ডিক্রী অনুসারে নীলাম দ্বারা পত্তনা

হস্তান্তরিত হইলে যাহার হস্তগত হইয়াছে, তাহাকে বার্ষিক খাজানার অর্দ্ধাংশ পরিমিত জামানতি দিতে হয়। এই জামিন না দিলে ভূস্বামী হস্তান্তরিত করণ রেজেষ্টরী করিতে অসম্মত হইতে পারেন। আমরা পত্তনী তালুকের সম্বন্ধে এই সকল বিধান উদ্ধৃত করিয়াছি। কিন্তু বাকী খাজানার জন্য যে সকল তালুক, পেটাওতালুক এবং দখলীস্বত্ব বিশিষ্ট যোত বিক্রয় হইবে, তৎসমুদয়ের জন্য এতদনুরূপ বিধান করা উচিত কি না, তাহার বিচার করা উচিত, আমাদের নিকট উপযুক্ত কাগজ পত্র না থাকাতে আমরা আশানুরূপে এই বিষয়ের মীমাংসা করিতে সমর্থ হই নাই। কিন্তু আমরা অনুরোধ করি যে এই রিপোর্ট প্রকাশের পর সমস্ত ব্যবস্থার উপর যে তর্কবিতর্ক হইবে, যেন এবিষয়ে লোকের বিলক্ষণ দৃষ্টি থাকে।

রেমিসিউ বোর্ড উহরাধিকার এবং হস্তান্তরিত করণের রেজিষ্টরীর ফারম প্রস্তুত করিবেন।

হস্তান্তরিত করণ রেজিষ্টার করিবার সময় খাজানার জন্য জামিন দেওয়া।

১২৩। আমরা নির্দ্দেশ করিয়াছি যে, রায়তদের খাজানা ১ লা আষাঢ়, ১ লা আশ্বিন, ১ লা পৌষ, এবং ১ লা চৈত্র এই ত্রৈমাসিক চারি কিস্তিতে দিতে হইবে। এই রূপ কিস্তি বন্দীতে খাজানা দিবার কোন চুক্তি বা নিয়ম থাকিলে আষাঢ়ের কিস্তি, বৈশাখ জ্যৈষ্ঠ এবং আষাঢ় মাসের সমুদয় খাজানার সমষ্টি স্বরূপ গণ্য হইবে, এই রূপে আশ্বিনের কিস্তি, শ্রাবণ, ভাদ্র এবং আশ্বিন মাসের দেয় খাজানার সমষ্টি, পৌষের কিস্তি, কার্ত্তিক, অগ্রহায়ণ এবং পৌষ মাসের দেয় খাজানার সমষ্টি, এবং চৈত্রের কিস্তি মাঘ, ফাল্গুন এবং চৈত্র মাসের দেয় খাজানার সমষ্টি হইবে। এই সকল মাস ও তারিখ বাঙ্গালা এবং বেহারের সমস্ত জিলার উপযোগী হইবে কি না তাহার মীমাংসা করা আবশ্যক। যে স্থলে উক্তরূপ কোন চুক্তি বা নিয়ম না থাকিবে, সে স্থলে কালেকটর সমস্ত খাজানার কত অংশ প্রতি ত্রৈমাসিক কিস্তিতে দিতে হইবে তাহা নির্দ্ধারণ করিবেন এবং এই নির্দ্ধারিত অংশের বিষয় তাঁহার এলাকায় প্রচার করিয়া দিবেন। তালুকদার এবং পেটাও তালুকদারদিগের দেয় খাজানার কিস্তির সম্বন্ধে উভয় পক্ষ আপনাদের সুবিধা অনুসারে কোন নিয়ম করিবে (৫৫ ধারা)। এইরূপ কোন চুক্তি করা না হইলে রায়তের ন্যায় চারি কিস্তিতে খাজানা দিতে হইবে। পূর্ব্বোক্ত বিধান অনুসারে যে দিনে খাজানা দেয় সেই দিন সূর্য্যাস্তের পূর্ব্বে কোন কিস্তির খাজানা দেওয়া না হইলে, তাহা বাকীখাজনা বলিয়া গণ্য হইবে, এবং শতকরা বার্ষিক বার টাকা হারে তাহার সুদ চলিবে। যে সমস্ত ঘটনায় প্রজার ক্ষমতায়ত্ত নয়, যেমন সমুদয় শস্যের নাশ প্রভৃতি, প্রজা উপযুক্ত সময়ে খাজানা না দেওয়ার এইরূপ কোন কারণ যদি নির্দ্দেশ না করিতে পারে, তাহা হইলে আদালত আমাদের বিধান অনুসারে এই সুদের ডিক্রী দিতে বাধ্য। ভূম্যধিকারীকে এই অনুগ্রহ করা আমাদের মধ্যে অনেকে যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করিয়াছেন, যে হেতু এক্ষণে প্রথা বা চুক্তি অনুসারে বারম্বার কিস্তিতে রায়তের খাজানা লওয়া হয়, তাহা আমরা উঠাইবার প্রস্তাব করিয়াছি এবং এক্ষণে যে তারিখে খাজানা দিতে হয়, ও উপস্থিত পাণ্ডুলেখ্য উহার স্থলে যে তারিখের নির্দ্দেশ আছে, এই উভয়ের মধ্যে যতদিন আছে, তাহার জন্য কোনরূপ সুদ গ্রহণের অনুমোদন করি নাই।

তালুকদার এবং পেটাও তালুকদারদিগের কিস্তিক্রমে টাকা দেওয়া, বাকী খাজানা এবং তাহার সুদ।

১২৪। খাজানার রসীদের সম্বন্ধে আমরা মাকেঞ্জী সাহেবের পাণ্ডুলেখ্যের বিধানগুলির সারভাগ গ্রহণ করিয়াছি আমরা নির্দ্দেশ করিয়াছি যে প্রত্যেক প্রজা তাহার ভূম্যধিকারীকে খাজানা অথবা খাজানার ন্যায় আদায় যোগ্য কোন টাকা দিলে, অবিলম্বে যে টাকা দেওয়া হইয়াছে, তাহার রসীদ পাইবে। "খাজানার ন্যায় আদায়যোগ্য" কথাটী নূতন; রথ্যাকরও ইহার অন্তর্ভুক্ত। ১৮৭৩ সালের বঙ্গদেশের বাঁধ সংক্রান্ত আইন, ১৮৭৫ সালের জরীপ আইন এবং অন্যান্য আইন অনুসারে যে কোন টাকা বাকী খাজানার ন্যায় আদেয় হয়, তাহাও ইহার মধ্যে ধরা থাকে। রসীদ দিবার পাঠ বিশেষ নির্দ্দেশ করা আমরা বাঞ্ছনীয় জ্ঞান করি নাই; কিন্তু আমরা তাহাতে যাহা থাকিবে এমন কয়েকটী অবশ্য প্রয়োজনীয় বিষয় মাত্র নির্দ্দেশ করিয়াছি যথা; খাজানা দেওয়ার তারিখ, খাজানার যে টাকা দেওয়া হইল তাহা কিম্বা যে স্থলে টাকার পরিবর্ত্তে শস্য গ্রহণ করা হয়, সে স্থলে প্রদত্ত শস্যের পরিমাণ; তালুক, পেটাও তালুক, যোত কিম্বা ভূমির নির্দ্দেশ; এবং যে কিস্তী ও বৎসরের খাজানা দেওয়া হইল, তাহার উল্লেখ। সে কোন পাঠে হউক, এই সকল বিষয় যাহাতে থাকে, তাহাই রসীদ হইবে। অধিকন্তু আমরা এরূপ বিধান করিয়াছি যে, প্রত্যেক প্রজাকে বৎসরের শেষে এক একখানি হিসাবের বিবরণপত্র দিতে হইবে; এই বিবরণ পত্রে যাহার জন্য খাজানা দেওয়া হয় এরূপ তালুক, পেটাওতালুক, যোত বা ভূমি; বার্ষিক দেয় খাজানা; বৎসরের প্রথমে বাকী খাজানার সমষ্টি, বৎসরে যত খাজানা দেওয়া হইয়াছে তাহা প্রত্যেক বার দত্ত টাকার যে অংশ বকয়া এবং যে অংশ চলিত খাজানার হিসাবে জমা করা হইয়াছে এবং বৎসরের শেষে বাকী খাজানার সমষ্টি এই গুলির নির্দ্দেশ থাকিবে। কার্য্যতঃ এই বিবরণ "আখিরী দাখিলা" বা শেষ রসীদ হইতেছে। এতদ্দেশে ভিন্ন ভিন্ন নামে ইহা চলিত আছে। ভূম্যধিকারীর সহিত আপনার কিরূপ সম্বন্ধ তাহা সুস্পষ্টরূপে জানিতে পারিবে বলিয়াই ইহাতে এই সকল অবশ্য প্রয়োজনীয় বিষয়ের উল্লেখ থাকিবে। আমরা এরূপও বিধান করিয়াছি যে, ভূম্যধিকারী এই সকল রসীদ ও বিবরণ পত্রের অনুলিপি রাখিবেন, এবং স্বয়ং অনুলিপি সম্বলিত এই রসীদের ও হিসাবের বিবরণ পত্রের সংগ্রহ করিবেন; ইহা পুস্তকে বাঁধা থাকিবে; প্রতি পুস্তকে অন্ততঃ পঁচিশ খানি রসীদ বা বিবরণ পত্র মন্বরের পর্য্যায় অনুসারে নিবদ্ধ রহিবে। আমরা ভূম্যধিকারিদিগকে এই সকল আবশ্যক পাঠ সংগ্রহ করিবার জন্য এই আইনের কার্য্য আরম্ভ হইবার পর ছয় মাস সময় দিয়াছি। এই সময়ের পরে ভূম্যধিকারী প্রজার প্রার্থনামত পূর্ব্বোক্ত বিবরণ সম্বলিত রসীদ বা হিসাবের বিবরণ পত্র না দিলে, প্রদত্ত খাজানার রসীদ না দিলে যে দণ্ডের ব্যবস্থা আছে, সেই দণ্ড পাইবেন (৫৭ অধ্যায়)।

খাজানার রসীদ সম্বন্ধে উপস্থিত পাণ্ডুলেখ্যের বিধান।

বৎসরের শেষের বিবরণ পত্র।

১২৫। আমরা আদালতে খাজানা জমা করণ সংক্রান্ত আইনের গুরুতর পরিবর্ত্তন এবং সংস্করণ করিয়াছি। প্রথমে এই সকল জমা গ্রহণের কার্য্য দেওয়ানী আদালত হইতে রাজস্ব বিভাগে স্থানান্তরিত করিয়াছি এবং আমরা কেবল জিলায় কালেক্টরীতে জমা করিবার নিয়ম করি নাই; মহকুমার ধনাগারেও জমা করিবার বিধান করিয়াছি। আমরা বোধ করি যে, যে স্থলে মহকুমা আছে, সেই সেই স্থলের লোকেরা অন্যান্য বিষয়ের সহিত এ অংশেও মহকুমা হইতে উপকার পাইবে। বর্ত্তমান আইন অনুসারে একটী মাত্র স্থলে আদালতে খাজানা জমা করিতে হয়। সে স্থলটী এই প্রজা ভূম্যধিকারিকে খাজানা দিতে চাহিলে ভূম্যধিকারী যখন তাহা গ্রহণ করিতে অসম্মত হন। আমরা এই স্থলটী রক্ষা করিয়াছি এবং আর দুটী স্থলের জন্যও ব্যবস্থা বিধান করিয়াছি (১) যে স্থলে বহু শরিককে খাজানা দিতে হয়; এই শরিকগণ এক জন সাধারণ কার্য্যকারক নিয়োজিত করেন নাই,

আদালতে খাজানা জমা করা, এতদ্বিষয়ক কর্ত্তব্য; এই কার্য্যভার দেওয়ানী আদালতের পরিবর্ত্তে রাজস্ববিভাগে সমর্পণ।

খাজানা জমা করিবার দুটী নূতন স্থল।

ইহাঁদের হইয়া জেলার অন্যও কোন কর্ম্মচারীর উপর সমস্ত কার্য্যভার সমর্পণ করেন নাই। প্রজা ইহাঁদের সকলের নিকট হইতে সংসৃষ্ট রসীদ পাইতে পারে না; (২) যে স্থলে উত্তরাধিকারের জন্য অথবা অন্য অন্য কোন কারণে গোলযোগ উপস্থিত হয়; তাহাতে খাজানা দিতে হইবে, প্রজা তাহা অবধারণ করিতে পারে না। আমাদের বিধান আছে, এই সকল পরিবর্ত্তনে, প্রথমতঃ স্থলে সরিকগণ বাধ্য হইয়া তাহাদের খাজানা সংগ্রহের কোন সুবন্দোবস্ত করিবেন; দ্বিতীয়তঃ খাজানা সংক্রান্ত মোকদ্দমায় আনুষঙ্গিক ইস্যু তুলিয়া বিবাদীর অন্যের প্রশ্ন উত্থাপন সম্বন্ধীয় যে অন্যায় রীতি, তাহা ন্যূন হইবে, এবং উভয়স্থলেই রায়তেরা অনেক কষ্টহইতে মুক্তি লাভ করিবে। ভূম্যধিকারী খাজানা গ্রহণে অসম্মত হইলে প্রজাদিগকে খাজানা জমা দিবার যে সুবিধা দেওয়া হইয়াছে, তাহার কিয়ৎপরিমাণ অপব্যবহার হইয়াছে আমরা জানি, অনেক সময়ে জমিদারকে টাকা দিতে না চাহিয়া জমা দেওয়া হয় যাহারা মিথ্যা এজাহার দিয়া এই রূপ করে, তাহাদিগকে দণ্ডিত করা অসম্ভব যেহেতু তাহাদের আবেদন অন্যান্য সাধারণ ভাবের কথা থাকে সংশোধিত আইনে এই অপব্যবহার নিবারণ জন্য আমরা বিধান করিয়াছি যে, দিবার প্রস্তাব স্থলে প্রস্তাবের তারিখ হইতে দশ দিনের মধ্যে আদালতে খাজানা জমা দিতে হইবে। এবং অন্যান্য স্থলে যে তারিখে খাজানা দিতে হইবে, তাহার ১৫ দিনের মধ্যে জমা করিতে হইবে। লিখিত প্রতিজ্ঞা পত্রের সহিত একখান লিখিত আবেদন পত্র দাখিল করিয়া জমা দিতে হইবে। দিবার প্রস্তাব স্থলে এই প্রতিজ্ঞাপত্রে প্রস্তাবের তারিখ এবং যাহাদের সাক্ষাতে ইহা করা হইয়াছে, তাহাদের নাম থাকিবে। অন্যান্য স্থলে যাহাতে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারিগণ তাহা এই আইনের বিধানের অন্তর্ভুক্ত কি না, জানিতে পারেন এরূপ যথেষ্ট বৃত্তান্ত দিতে হইবে। জমা দেওয়ার টাকা দিবার প্রস্তাব স্থলে প্রস্তাবের তারিখ হইতে যদি সুদ প্রাপ্য হয়, তাহা হইলে সেই সুদের সহিত নির্দ্দিষ্ট তারিখ পর্য্যন্ত সমস্ত দেয় খাজানার সমষ্টি হইবে। কালেক্টরী অথবা মহকুমার খাজানাখানার কর্তৃপক্ষ এই জমা দেওয়া খাজানার রসীদ দিবেন। দায়িত্ব হইতে আইনমত বিমুক্তিস্বরূপ এই রসীদ কার্য্যকর হইবে।

আইনের অপব্যবহার না হয়, তদ্বিষয়ে সাবধানতা।

এই বিধান অনুসারে সম্ভবতঃ খাজানাখানায় কার্য্য বাড়িবে, এই কার্য্যের চার্জ্জ কম করিবার উপায়।

১২৬। ত্রৈমাসিক কিস্তি সম্বন্ধীয় বিধান এবং এই সকল বিধানে বৎসরে চারি বার ১০। ১৫ দিন পর্য্যন্ত জিলা এবং মহকুমার খাজানাখানায় কার্য্য বাড়িবে। নানাবিধ অসাধারণ ঘটনায় এই কার্য্য ভার সাতিশয় গুরুতর হইতে পারে কিন্তু স্থানীয় কর্ম্মচারিগণ এই সকল বিষয় অবগত থাকিবেন, সুতরাং তাঁহারা অগ্রেই এবিষয়ে প্রস্তুত হইয়া থাকিতে পারেন। খাজানাখানায় কর্ম্মচারী আপনার কার্য্যালয়ের কোন প্রকাশ্য স্থলে একখানি বিজ্ঞাপন পত্র স্থাপন করিবেন; যাঁহারা খাজানা পাইবার তাঁহাদের উদ্দেশে এই বিজ্ঞাপন পত্র লিখিত থাকিবে; এই নিয়ম করিয়া আমরা ভূম্যধিকারীদিগকে দেয় খাজানা জমা করিবার সংবাদ প্রচারের কার্য্য সংক্ষিপ্ত করিতে চেষ্টা করিয়াছি। কালেক্টরীতে এবং মহকুমার কার্য্যালয়ে প্রায় সকল সংভ্রান্ত ভূম্যধিকারীদিগেরই এজেণ্ট বা মোক্তার থাকে। সম্ভবতঃ ইহারা এই জমারুফর্দ্দ দেখিয়াই অবিলম্বে টাকা বাহির করিয়া লইবে। সুতরাং ভিন্ন ভিন্ন ব্যক্তিকে পৃথক ভাবে সংবাদ দেওয়ার কার্য্য ন্যূন হইবে। এই বিজ্ঞাপন পত্র স্থাপনের পর ১৫ দিনের মধ্যে যদি ভূম্যধিকারীর পক্ষ হইতে টাকার জন্য আবেদন না হয়, তাহা হইলে খাজানাখানার কর্তৃপক্ষ এই প্রথমোক্ত ১৫ দিন শেষ হইবার পর আর ১৫ দিনের মধ্যে ভূম্যধিকারীর উপর নোটিস জারী করিবেন। এই নোটিস জারীর খরচা জমা দেওয়া টাকা হইতে বাদ দেওয়া যাইবে। ইহাতে এই জমা দেওয়া টাকার ফর্দ্দ দেখা এবং নোটিস জারীর পূর্ব্বে টাকা গ্রহণ করা ভূম্যধিকারিদের স্বার্থ হইবে। দিবার প্রস্তাব স্থলে জমা দেওয়া খাজানা, যাহার তাহাতে স্বত্ব আছে, তাহাকে দেওয়া যাইবে; বহু সরিকের স্থলে, সকল সরিকের অথবা তাহাদের কোন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিয়োজিত থাকিলে, তাহার রসীদ লইয়া দিতে হইবে; স্বত্ব লইয়া বিবাদের স্থলে সকল দাওয়াদারের অথবা তাহাদের মধ্যে যে ব্যক্তি সমুদয় সম্পত্তি বা তাহার কোন অংশের উপর আপনস্বত্ব সংস্থাপনের ডিক্রী পাইয়াছে তাহার রসীদ লইয়া দিতে হইবে। যদি তিন বৎসরের মধ্যে এই জমা করা খাজানা গৃহীতনা হয়, তাহা হইলে যে জমা দিয়াছে, তাহাকে, জমার জন্য খাজানাখানা হইতে যে রসীদ প্রদত্ত হইয়াছিল, সেই রসীদ লইয়া, জমা করা টাকা ফিরাইয়া দেওয়া হইবে। তিন বৎসরের জমাকরা টাকা প্রত্যর্পণের পূর্ব্বে আকৌণ্ট জেনরেলের বিশেষ অনুমতি অপেক্ষা করে। আকৌণ্ট বিভাগের এই নিয়মের বিঘ্ন করা এই বিধানের উদ্দেশ্য নয়। যে স্থলে টাকা জমাকরা হইলেও ভূম্যধিকারী, আইনের বিধান অনুসারে জমা দেওয়া হয় নাই, এই হেতু দেখাইয়া খাজনা সংক্রান্ত মোকদ্দমা উপস্থিত করিয়া ডিক্রী পান, সে স্থলের নিষ্পত্তির জন্য আমরা এই বিধান করিয়াছি যে, তিন বৎসর অতীত হইবার পূর্ব্বে, যে জমা দিয়াছে, এবং খাজানা যাহার প্রাপ্য, এই উভয়ের আবেদন পাইলে আবেদন লিখিত প্রণালী অনুসারে টাকা দেওয়া যাইবে। এই নিয়মে, অনুচিত ভাবে জমা দেওয়া খাজানার জন্য যে ডিক্রী হইয়াছে, তাহার পূরণ জন্য জমাকরা টাকা পাইবার সুবিধা হইবে।

জমাকরা খাজানা ফিরাইয়া দেওয়া।

১২৭। খাজানার বিভাগ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা না থাকাতে মোকদ্দমার উৎপত্তি এবং তন্নিবন্ধন রায়তদিগের নানা প্রকার অসুবিধা হইয়া থাকে। যখন বহু সরিকের অধিকৃত মালগুজারী মহলে সরিকগণ আপনাদের মধ্যে স্বত্ব অংশ অনুসারে সীমাবদ্ধ করিয়া থাকে, যে সকল প্রজার ভূমির একাংশ এক জনের ভাগে অপরাংশ অন্য জনের ভাগে পড়ে, তাহাদের খাজানা বিভাগের জন্য ১৮৭৬ সালের মহলের বণ্টন বিষয়ক বঙ্গীয় ৮ আইনে কতিপয় নিয়ম আছে। কিন্তু যে স্থলে কোন অংশ বিক্রীত হওয়াতে অথবা দেওয়ানী আদালতে বলবৎকরা যাইতে পারে সহাধিকারিদের মধ্যে এরূপ বাঁটওয়ারা হওয়াতে লাখেরাজ ভূমি, এবং মালগুজারী ভূমির অন্তর্গত কোন তালুক বা পেটাও তালুক বিভক্ত হয়, সে স্থলে প্রয়োগ করিবার জন্য এই রূপ কোন নিয়ম নাই। খাজানা বিভাগের সম্বন্ধে এই আপত্তি হইতে পারে যে, এতদ্দ্বারা প্রজাকে, যাহা প্রথমে অখণ্ড ছিল, তাহার জন্য ভিন্ন ভিন্ন মোকদ্দমায় পড়িতে হয়, এবং যখন প্রজা এক জনকে সমুদয় টাকা দিতে চুক্তিবদ্ধ হইয়াছে, তখন সে আপনার খাজানা ভিন্ন ভিন্ন ব্যক্তিকে ভিন্ন ভিন্ন অংশে দিতে বাধ্য নয়। প্রজা স্বার্থ ধরিয়াই কেবল এই হেতুবাদ প্রযুক্ত হইয়া থাকে। যদি কেবল প্রজার স্বার্থই বিবেচনা করা যায়, তাহা হইলে আমাদের বিবেচনায়, এক সঙ্গে সমুদয় খাজানা দেওয়াতে তাহার যে সুবিধা হইয়াছে বলিয়া বোধ হইতেছে; এতদ্দেশে তাহা অপেক্ষা

খাজানার বিভাগ প্রচলিত আইনে এ সম্বন্ধে উপযুক্ত বিধানের অসদ্ভাব।

এ জন্য নানা প্রকার অসুবিধা।

খাজানা বিভাগে সুবিধা।

অসুবিধার ভাগ অধিক হইয়া উঠে। যখন তাহার ভূম্যধিকারীর সম্পত্তি বিভক্ত হয়, এবং তাহার ভূমি দুই কিম্বা অধিক ব্যক্তির অংশে পড়ে তখন প্রজাকে এই অসুবিধায় নিশ্চয়ই পড়িতে হয়। এস্থলে খাজানা বিভাগ ব্যতীত আর কিছুই রায়তের সুবিধার হেতু হইতে পারে না। যদি এরূপ না হইত, তাহা হইলে যাঁহারা খাজানা বিভাগের এই হেতু দেখান যে, ভাগবন্টনির প্রয়োজন বশতঃ, পরিবারবর্গের অভাববশতঃ, কারবারের প্রয়োজনবশতঃ, এই বিভাগ আবশ্যক; এবং প্রজা নিয়মিতসময়ে খাজানা দিলে নানা প্রকার মোকদ্দমা হইতে পরিত্রাণ পাইবে, ও যখন তাহাকে পরিমাণে নির্দ্ধারিত বা প্রথানুগত খাজানার অধিক কিছু দিতে হয় না ইহাতে তাহার কোন কষ্ট দেখা যায় না; আমরা তাঁহাদের সহিত একমত হইতাম।

খাজানা বিভাগের সম্বন্ধে পাণ্ডুলেখ্যের বিধান।

১২৮। এই জন্য আমরা ব্যবস্থা করিয়াছি যে, দুই বা বহু ব্যক্তি আপনাদের মধ্যে এক স্বত্বস্থ প্রজাই স্বত্বের বিমর্দীকৃত ভূমির ভিন্ন ভিন্ন অংশের স্বতন্ত্র অধিকারী হইলে, যদি এই অংশ সীমা ও চৌহদ্দীদ্বারা বিভক্ত হইয়া থাকে বা করা যাইতে পারে, তবে ঐ অংশের খাজানা সেই ব্যক্তিরা বিভাগ করিয়া লইতে পারিবেন এবং খাজানার এই রূপ বিভাগের পর, যে অংশের জন্য যে খাজানা ধরা হইয়াছে, সেই অংশের খাজানার ভাগ আপনারা পৃথক্ ভাবে লইবেন (৬২ ধারা)। আমরা এরূপও বিধান করিয়াছি যে, এই সকল ব্যক্তি এবং প্রজা, ইহাদের পরস্পরের একতায় খাজানা হারহারিমতে ভাগ হইতে পারিবে; যদি পরস্পরের মধ্যে ঐক্য না হয়, তাহা হইলে ইহাদের কাহারও আবেদন পাইলে দেওয়ানী আদালত খাজানা ভাগ করিয়া দিবেন। এজন্য ভূমির সমস্ত বা কোন অংশ মাপিবার আদেশ দেওয়া হইবে। ভূম্যধিকারিগণের মধ্যে বিবাদ উপস্থিত হইলে প্রজাকে খাজানা আমানত করিবার যে সুবিধা দেওয়া হইয়াছে, তাহাতে ভূম্যধিকারিগণ অনেক স্থলে পরস্পরের সম্মতিতে অথবা আদালতের সাহায্যে খাজানা ভাগ করিতে উদ্যত হইবেন।

প্রত্যেক তালুক পেটাও তালুক এবং দখলীস্বত্ববিশিষ্ট যোত খাজানার জন্য বন্ধক থাকিতে পারে।

১২৯। আমরা এরূপ নির্দ্দেশ করিয়াছি যে, প্রত্যেক তালুক, পেটাও তালুক এবং দখলীস্বত্ববিশিষ্ট যোত খাজানার জন্য বন্ধক থাকিতে পারিবে এবং ঐ খাজানাই তাহার অগ্রগণ্য দায় হইবে (৬৪ ধারা)। ইহার পর আমরা ব্যবস্থা করিয়াছি যে, খাজানা বাকী পড়িলে ভূম্যধিকারী যাবৎ সেই তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোত সরাসরি ভাবেই (এই সকল স্থলে ষোড়শ অধ্যায়ের বিধান সকল প্রয়োজিত হইবে) হউক বা খাজানার নিমিত্তে আদালতের ডিক্রীজারী ক্রমেই হউক, নীলামে না ধরিবেন, তাবৎ বাকী খাজানা আদায়ের জন্য অন্য কোন উপায় অবলম্বন করিতে পারিবেন না। এই সকল বিধানে একটী অতি গুরুতর পরিবর্ত্ত সাধিত হইবে। প্রচলিত আইনে খাজানার জন্য ভূমির উৎপন্ন দ্রব্য মাত্র বন্ধক থাকে; ভূমি বন্ধক থাকে না। উৎপন্ন দ্রব্য বন্ধকাধীন করা বলপূর্ব্বক শস্যাদি আটক করণ বিশয়ক আইনের এক অংশ; আমরা এই আইন রহিত করিয়াছি। খাজানার জন্য তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোত বন্ধক দিবার ব্যবস্থা করাতে, খাজানাই যে ঐ তালুকাদির অগ্রগণ্য দায় হইবে এই রূপ বিধান করাতে এবং ভূম্যধিকারীকে প্রথম স্থলেই ঐ তালুক, পেটাও তালুক ও যোতের বিরুদ্ধে কার্য্য করিতে বাধ্য করাতে বোধ হয় ভূম্যধিকারী এক দিকে যেমন নিয়মিত রূপে খাজানা পাইবেন, কিম্বা খাজানা অনাদায় থাকিলে বর্ত্তমান পাণ্ডুলিপিতে যে সমস্ত বিধান আছে, তাহার কার্য্য প্রণালী অনুসারে উহা আদায় করিবার প্রকৃত সুবিধা লাভ করিবেন, সেই রূপ অপর দিকে প্রজাও অর্থনক অসুবিধা হইতে পরিত্রাণ পাইবে। বাকী রাজস্ব বা খাজানার জন্য বাকীদারের স্বত্ব বিক্রয়ের প্রথা এতদ্দেশে বহুকাল হইল, প্রচলিত আছে; সাধারণেও এ বিষয় বিলক্ষণ জানে। মালগুজারির মহাল, পত্তনী তালুক এবং অন্যান্য তালুকের বিক্রয় স্থলে ইহার কার্য্য দেখিয়া আমরা যে বহুদর্শিতা উপার্জ্জন করিয়াছি; তদ্দ্বারা ইহা যে, ফলোপধায়ী তাহা আমাদের জানা আছে। ইহা যে, দখলীস্বত্ববিশিষ্ট যোতের সম্বন্ধেও ফলোপধায়ী হইবে, আমাদের তাহা বিবেচনা করিবার প্রকৃষ্ট কারণ রহিয়াছে। অনেক ভূম্যধিকারী আপনাদের ইচ্ছানুসারেও খাজানা আদায়ের সুবিধাজনক উপায় বলিয়া খাজানার জন্য আদালতের ডিক্রী জারী ক্রমে রায়তের যোত নীলামে ধরিয়া থাকেন; এ বিষয় আমরা পূর্ব্ব হইতেই অবগত আছি। ভূম্যধিকারী চারি বৎসরের অধিক বাকী খাজানার জন্য আদালতে অভিযোগ করিতে পারেন না। প্রকৃষ্টরূপে অধ্যুষিত জিলা সমূহে এরূপ যোত অতি অল্পই আছে, যাহার মূল্য ডিক্রী লাভের খরচা শুদ্ধ চারি বৎসরের খাজানার সমান হয় না। যদি এ সম্বন্ধে ভূম্যধিকারীর কোন সন্দেহ থাকে, তাহা হইলে তিনি এক বৎসর এমন কি তিন মাসের অধিক কালের খাজানা বাকী রাখিবেন না; তাহার নিমিত্তে নালিশ করিতে পারিবেন।

এই সকল বিধান সম্বন্ধে বিবেচনা।

১৩০। আমরা যে কার্য্যপ্রণালীর বিধান করিয়াছি, তদ্দ্বারা আশা করি ভূম্যধিকারী অবিলম্বে আদালতের ডিক্রী লাভ করিবেন। এই ডিক্রী পাইলে তিনি একবারে ঐ তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করিতে পারেন। ইহা বিশেষরূপে জানা আছে, কোন রায়তের খাজানা প্রদানের সামর্থ্য থাকিলে, তাহার যোত বিক্রয়স্থলে আনয়ন ব্যতীত অন্য কোন উপায়ই তাহাকে খাজানা দানে প্রবর্ত্তিত করিবার সম্বন্ধে অধিকতর ফলোপধায়ী নহে। যদি সে নিশ্চিত রূপে জানে যে, ফিরিয়া আসিলে তাহার ভূমি পাওয়া যাইবে, তাহা হইলে সে ফেলে যাইতে পারে। সে তাহার গবাদি পশু বিক্রয় করিতে দিবে, যেহেতু সে ইহার স্থলে তদ্রূপ উৎকৃষ্ট পশু ক্রয় করিবার আশা করে। কিন্তু যে ভূমির উপর তাহার ভদ্রাসন রহিয়াছে, যে ভূমিতে জন্ম গ্রহণ করিয়াছে; তাহার শৈশব এবং বাল্যকাল যে ভূমিতে অতিবাহিত হইয়াছে, যে ক্ষেত্র তাহার এবং তাহার পিতার পিতা কর্ষণ করিয়াছে, সেই ভূসম্পত্তি অজ্ঞাত ও অদৃষ্ট পূর্ব্ব ব্যক্তির হস্তগত হইলে সে তাহার স্থলে তদনুরূপ আর কোন ভূসম্পত্তি পাইবে না। এই জন্য আমরা বোধ করি, যে রায়ত খাজানা দিতে পারে, তাহাকে সেই খাজানা দানে প্রবর্ত্তিত করার সম্বন্ধে, তাহার যোত বিক্রয় করিবার বিজ্ঞাপন প্রচার করণই বিশেষরূপে ফলোপধায়ী হইবে। কিন্তু যদি দুরবস্থা বা অন্য কোন কারণে রায়ত খাজানা দিতে অসমর্থ হয়, তাহা হইলে আমরা যেমন দেখাইয়াছি ভূমি বিক্রয় করিলেই ভূম্যধিকারীর দাবির পরিপূরণ হইবে। এইরূপে ভূম্যধিকারীকে ভূমি বিক্রয় করাইতে বাধ্য করিয়া আমরা তাঁহাকে তাঁহার নিজ স্বার্থ রক্ষার জন্যই কার্য্য করিতে বাধ্য করিয়াছি। কেহ কেহ এরূপ নির্দ্দেশ করিতে পারেন যে, রায়তের প্রতি কঠোরতা দেখাইতে ভূম্যধিকারীর ইচ্ছা না হইতে পারে, তিনি তাহাকে তাহার ভূমিহইতে বঞ্চিত করিতে ইচ্ছা না করিতে পরেন, প্রাপ্য টাকার

প্রজা সমর্থ হইলে, তাহার যোত বিক্রয়ই খাজানা লইবার ও অসমর্থ হইলে আদায় করিবার কার্য্যকর উপায়।

ভূম্যধিকারীর পক্ষে এ বিষয়ের বিবেচনা।

অংশমাত্র গ্রহণ করিয়াই তিনি পরিতৃপ্ত হইতে পারেন, এবং যাহার রায়তের অবস্থা ভাল না হয়, তাহার প্রায়শিঃ অংশের জন্য অপেক্ষা করিতে পারেন। যদি রায়তের অস্থাবর সম্পত্তি গ্রহণ করিতে কিম্বা তাহাকে জেলে দিতে তাঁহার প্রতি কোন রূপ ক্ষমতা সমর্পিত হয় তাহা হইলে তিনি উহা কার্য্যে পরিণত করিয়া খাজানা আদায় করিতে পারেন। আমরা এই সকল হেতুবাদ কিম্বা এই মত গ্রহণ করিতে প্রস্তুত নহি। আমাদের বিবেচনায় তাহার ঘোত বিক্রয়ের ভয়, জেলে যাওয়ার ভয়ের ন্যায় প্রবল এবং ফলোপধায়ক হইবে। পক্ষান্তরে অস্থাবর সম্পত্তি গ্রহণ করিলে সে চাষ করিতে সমর্থ হইবে না। ইচ্ছাবশতঃ নয় কিন্তু অসামর্থ্য হেতু খাজানা দিতেছে না এরূপ কোন দুর্দ্দশাগ্রস্ত রায়তের প্রতি ক্ষমা এবং সহিষ্ণুতা দেখাইতে যদি ভূম্যধিকারীর ইচ্ছা থাকে, তাহা হইলে তিনি কাল বিলম্ব করিবেন, ডিক্রীজারী করিবেন না। তিনি এরূপ স্থলে ঘোত বিক্রয় করিতে বাধ্য নহেন। যদি রায়ত খাজানার কোন অংশ দেয়, তাহা হইলে তিনি সেই অংশ গ্রহণ করিয়া আদালতে জানাইবেন। আইনের কোন কথাতেই তাঁহাকে এই রূপ কার্য্য করিতে বাধা দিবে না।

প্রজার পক্ষে এ বিষয়ের বিবেচনা।

১৩১। ভূম্যধিকারীর স্বার্থ সম্বন্ধে এ বিষয়ে এত কথা বলা হইল; এক্ষণে প্রজার স্বার্থ সম্বন্ধে বিচার করা কর্ত্তব্য। আমাদের বিবেচনায় ভূমি হারাইবার ভয়ে প্রজা খাজানা দিতে অধিকতর সাবধান হইবে এবং এই খাজানা বাকী রাখিবে না। কেহ কেহ এই প্রশ্ন উত্থাপন করিতে পারেন যে, নিষ্কাশন ভয় প্রজাকে এই রূপ সাবধান করে নাই কেন—ভূমি বিক্রয়ের ভয় নিষ্কাশন বা উচ্ছেদ হইবার ভয় অপেক্ষা অধিকতর ফলোপধায়ী কেন? আমরা এই প্রশ্নের উত্তর স্থলে কহিতেছি যে, কোন রায়ত প্রকৃতরূপে ভূম্যধিকারীর বিরক্তিজনক না হইলে এবং ভূম্যধিকারী যত ব্যয়ই হউক না কেন তাহার হস্ত হইতে পরিত্রাণ পাইতে ইচ্ছা না করিলে নিষ্কাশন বিধি প্রযোজিত হয় না। রায়ত যৎকিঞ্চিৎ সেলামি দিলে বা কিছু অধিক খাজানা দিতে সম্মত হইলেই উচ্ছেদ করণার্থ ডিক্রীজারী করা হয় না কি জারী করা হইলেও তাহাকে পুনর্ব্বার অধিকার লইতে দেওয়া হয়। কিন্তু বিক্রয় স্থলে ভূমি অপরিচিতের হস্তগত হয়, এবং কোন প্রকারে ইহার পুনঃ প্রাপ্তির সম্ভাবনা থাকে না। আলস্য বা মন্দ চাষের জন্য যদি রায়ত খাজানা দিতে না পারে, তাহা হইলে সাধারণের উপকারার্থে সেই ভূমি বিক্রয় করিয়া এক জন কার্য্যদক্ষ ব্যক্তির হস্তে সমর্পণ করাই উচিত। হিন্দু অথবা মুসলমানদিগের উত্তরাধিকার সংক্রান্ত আইন অনুসারে যদি ঘোত পরস্পর অনৈক্য সম্পন্ন অনেক সরিকের অধিকারে পড়ে, এবং ইহাদের অনৈক্য ও তন্নিবন্ধন অব্যবস্থিত তত্ত্বাবধানে খাজানা বাকী পড়ে, তাহা হইলে সেই ঘোত বিক্রয়দ্বারা অপর কোন কার্য্যদক্ষ কৃষকের হস্তগত হইলে পূর্ব্বোক্ত আইন অনুসারে উহার বহুসংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র উপরিস্বার্থ হইবার সম্ভাবনা রহিত হইবে। ঘোত ক্রয়ের ব্যবস্থা থাকিলেও সচরাচর টাকা বাঁচাইয়া ভূমি কিনিতে লোকের যে রূপ ইচ্ছা দৃষ্ট হয়। তাহাতে পরিমিত ব্যয়ের জন্য উৎসাহ হইতে পারে। আমরা জানি, পূর্ব্ব বাঙ্গালার কোন কোন অংশে পেটাও তালুক এবং ঘোত ক্রয় করিয়া সঞ্চিত ধনের ব্যবহার করা হয়। লোকে এই সকল ভূমি কিনিবার জন্যে টাকা বাঁচাইয়া থাকে। অতঃপর অন্যদিকে এবিষয়ের বিচার করিলে দেখা যায়; যদি কোন ভূমির খাজানা অধিক করা হয়, যদি উহা অকর্ম্মণ্য হইয়া পড়ে কিম্বা শিকস্তি হইয়া উহার পরিমাণ হ্রাস হইয়া থাকে। রায়ত খাজানা কমাইবার মোকদ্দমার ব্যয় ভার বহনে অসমর্থ হইয়া পড়ে অথবা ঐ ঘোত রাখিতে ইচ্ছুক না হয়, তাহা হইলে উহার বিক্রয়ই সমুদয় মূল্য পাইবার আশু উপায়; নির্দ্দিষ্ট খাজানা বাদে যাহা উদ্বর্ত্ত থাকিবে তাহা রায়তের প্রাপ্য। ইহার বিপরীত স্থলে, যদি রায়ত তাহার ঘোতের উৎকর্ষ সাধন করে, এবং এই উৎকর্ষের মূল্য লাভ করিতে ইচ্ছুক হয়, তাহা হইলে খাজানা বাকী রাখিলেই ঐ ভূমি বিক্রীত হইবে এবং ভূম্যধিকারীর প্রাপ্য নির্দ্দিষ্ট খাজানার উদ্ধৃত অংশ তাহাকে দেওয়া হইবে। ইচ্ছা পূর্ব্বক খাজানা বাকী ফেলিয়া আদালতের দ্বারা নীলাম ক্রমে কোন ভূমির হস্তান্তরিত করণ উপস্থিত সময়ের বিশেষ অসাধারণ ঘটনা নহে, কোন কোন ক্রেতারা বিবেচনা করেন, এই রূপে অধিকার লাভ হইলে তাহা উৎকৃষ্টতর হয়।

১৩২। আমরা দখলীস্বত্ববিশিষ্ট ঘোতের সম্বন্ধেই প্রস্তাবিত পরিবর্ত্তনের এতদূর বিচার করিয়াছি; যেহেতু আমাদের বিবেচনায় দখলীস্বত্ববিশিষ্ট ঘোতের সহিত ইহার বিশেষ সম্বন্ধ আছে। এক্ষণে আইনে খাজানার জন্য তালুক ও পেটাও তালুক বন্ধক রাখিবার কোন স্পষ্ট বিধান না থাকিলেও অনেক স্থলে কার্য্যতঃ এরূপ বন্ধক হইয়া থাকে। খাজানার ডিক্রী জারীক্রমে ভূম্যধিকারী তালুক, কিম্বা পেটাও তালুকের সম্বন্ধে যে কার্য্য করেন, তাহাতেই এরূপ হইয়া থাকে। যে স্থলে পত্তনী বিষয়ক আইন (১৮১৯ সালের ৮ আইন) প্রয়োজিত হয়, সে স্থলে সেই আইন অনুসারে, কিম্বা ডিক্রীর পর ১৮৬৫ সালের ৮ আইনের বিধান বা ১৮৬৯ সালের ৮ আইন অনুসারে অনাদায় বাকী খাজানা আদায় করা হয়। সুতরাং নূতন বিধানে তালুক এবং পেটাও তালুকের সম্বন্ধে কোন প্রকৃতর পরিবর্ত্তন হইবে না। কিন্তু এই সাধারণ কথার দুটী ব্যতিরেক স্থল আছে; এই স্থলেই তাহার উল্লেখ করা যাইতেছে। আমরা এই বিধান [২০৭ ধারা (খ)] করিয়াছি যে, যে স্থলে বাকী খাজানার জন্য ডিক্রী পাইয়া কোন তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ব বিশিষ্ট ঘোত নীলামে ধরা হইবে, সে স্থলে যদি সেই নীলামের ডাক না হয়, তাহা হইলে যিনি ডিক্রী জারী করিয়াছেন তিনি, অর্থাৎ ভূম্যধিকারী নীলাম ডাকিবেন। এ বিষয়ে অসম্মত হইলে ভূম্যধিকারী ডিক্রীমত খাতকের শরীর বা তাহার অন্য সম্পত্তির বিরুদ্ধে ডিক্রী জারী করিতে পারিবেন না। কয়েকটী কথায় এই বিধানের উদ্দেশ্য বুঝাইয়া দেওয়া যাইতেছে। কোন রায়ত যেমন তাহার ঘোত ছাড়িতে পারে, কোন তালুকদার অথবা পেটাও তালুকদার তেমন আপনার তালুক বা পেটাও তালুক ছাড়িতে পারে না। এরূপ হইতে পারে যে, তালুক কি পেটাও তালুক একবারে অকর্ম্মণ্য হইয়া গিয়াছে; ইহা কোন বৃহৎ নদীর প্লাবনে বালুকায় আচ্ছাদিত হইয়াছে, বা কৃষিকার্য্যের বিঘ্নকারক তৃণাদিতে আবৃত হইয়াছে। এক্ষণে যেমন আইন রহিয়াছে, তাহাতে এই দুর্দ্দশাগ্রস্ত প্রজাকে এই অলাভজনক ভূমির জন্য খাজানা দিতে হয়। যদি সে খাজানা না দেয়, তাহা হইলে তাহার বিরুদ্ধে মোকদ্দমা উত্থাপিত ও ডিক্রী হইয়া থাকে। কেহই এই তালুক বা পেটাও তালুকের নীলাম না ডাকিলে প্রজা নিজে কারারুদ্ধ এবং তাহার অন্যান্য সম্পত্তি বিক্রীত হইয়া থাকে। প্রজার অবস্থা উন্নত হইলে সে এই অকর্ম্মণ্য ভূমির জন্য প্রতিবৎসর ভূম্যধিকারীকে খাজানা দিতে পারে। আমরা যে বিধানের প্রস্তাব করিয়াছি তাহাতে ইহা একবার মাত্র ঘটিতে পারে, সচরাচর ঘটিবে না। ভূম্যধিকারীকে

সামান্যতঃ প্রস্তাবিত বিধানে তালুক ও পেটাও তালুক সম্বন্ধে প্রকৃত কোন পরিবর্ত্তন হইবে না।

দুটী আবশ্যক পরিবর্ত্তন।

নীলামে যদি কেহ ক্রয় না করে, তাহা হইলে ভূম্যধিকারীকে ক্রয় করিতে হইবে।

অবশ্য এই নীলাম ডাকিয়া ভূমি ক্রয় করিতে হইবে ও সুতরাং প্রজা ভবিষ্যতের দারিদ্র হইতে রক্ষা পাইবে। প্রজার স্বার্থের জন্য বর্ত্তমান আইনের এইরূপ সংশোধন হইয়াছে; ভূম্যধিকারীর স্বার্থের জন্য নিম্নলিখিত ব্যবস্থা বিহিত হইয়াছে। আমরা ব্যবস্থা [২১১ ধারা, (৩)] করিয়াছি যে, বিক্রয়ের পূর্ব্বে এবং বাকী খাজনা আদায়ের জন্য যে ডিক্রী হইয়াছে, সেই ডিক্রীর তারিখের পরে যাহা প্রাপ্য হইবে, বিক্রয়োৎপন্ন টাকার উদ্বৃত্ত অংশ হইতে তাহা ভূম্যধিকারীকে দেওয়া যাইবে। কিন্তু যে মোকদ্দমায় ডিক্রী হইয়াছে তাহাতে যদি ভূম্যধিকারী এই অংশ নির্দ্দেশ করিতে পারেন, তাহা হইলে তিনি এই নিয়ম অনুসারে উহা পাইবেন না, এবং কোন স্থলে চূড়ান্ত ডিক্রীর তারিখের পর ছয় মাসের অধিক কালের জন্য তিনি খাজানা লাভ করিতে পারিবেন না। তদ্রূপ খাজানা দেনা থাকার বিষয়ে বিবাদ উপস্থিত হইলে আদালত তাহার নিষ্পত্তি করিবেন। এই সকল বিধানে মোকদ্দমার সংখ্যা ন্যূন হইবে, এবং তালুক বা পেটাও তালুক বিক্রয় হইয়া গেলে ব্যক্তিবিশেষকে দায়ী করিয়া কোন কোন স্থলে যে বাকী খাজানা আদায় করা দুরূহ হয় ভূম্যধিকারীর প্রাপ্য সেই খাজানা অনাদায় থাকিবে না।

খাজনার উপর ভূম্যধিকারীর দাওয়া অন্যান্য ঋণের সহিত তুল্য ভাবে হইবে, না উভয়ের মধ্যে ইহার বিশেষ করা যাইবে?

১৩৩। এই ধারা (৬৪) যখন কীলড্ সাহেব প্রথম প্রস্তুত করেন, তখন তাহাতে এই একটী অতিরিক্ত অংশ ছিল; "ভূম্যধিকারী ব্যতীত যদি কোন ব্যক্তি টাকার জন্য ডিক্রীজারীক্রমে এইরূপ কোন তালুক, পেটাওতালুক কিম্বা কোন স্থলে যে এই প্রকার বিক্রয় যোগ্য কোন ষোত বিক্রয় করেন, তাহা হইলে বিক্রয়ের টাকা হইতে প্রথমে সেই তালুক, পটাও তালুক বা ষোতের জন্য ভূম্যধিকারীর যে খাজানা প্রাপ্য থাকিবে, তিনি তাহা পাইবার অধিকারী হইবেন। এই খাজানা দেওয়ার পর অবশিষ্ট টাকা ডিক্রীদারের দাওয়া শোধ জন্য কিম্বা বিতরণের টাকা পাইবার অধিকারী উত্তমর্ণদিগের মধ্যে বিতরণ জন্য থাকিবে।" আমাদের মধ্যে অধিকাংশ মেম্বরের মতে এই অংশ টুকু পাণ্ডুলেখ্য হইতে বাদ দেওয়া উচিত বোধ হইয়াছে। এই পাণ্ডুলেখ্য মন্ত্রিসভায় উপস্থিত হইলে বিভিন্ন মত প্রবল হইতে পারে, এই জন্য আমাদের বিবেচনায় যে অংশ বাদ দেওয়া হইয়াছে, তাহার উল্লেখ করা কর্ত্তব্য। বর্ত্তমান আইন অনুসারে ভূম্যধিকারীর খাজানার দাওয়ার কোন রূপ অগ্রগণ্যতা নাই। যে স্থলে তাহার প্রজা দেওয়ানী কার্য্যবিধির বিংশ অধ্যায়ের বিধান অনুসারে দেউলিয়া বলিয়া স্বীকৃত হইবে সে স্থলে তিনি অন্যান্য উত্তমর্ণদিগের সহিত সমান হারে মাত্র অংশ লইতে পারেন। ইংলণ্ড এবং আমরা বোধ করি আমেরিকার আইন অনুসারে অন্যান্য উত্তমর্ণদিগের উপর ভূম্যধিকারীর কোন রূপ অগ্রগণ্যতা নাই। কিন্তু ভূম্যধিকারীকে ফাঁকি দিবার জন্য প্রজা এবং তাহাদের উত্তমর্ণদিগের মধ্যে যে যোগ সাজোস হয়, তাহার নিবারণ উদ্দেশে অষ্টম আইন, চতুর্দ্দশ অধ্যায়ের ১ ধারায় এই ব্যবস্থা আছে যে, আবাস বাটী কিম্বা ভূমিতে যে সকল দ্রব্য বা অস্থাবর সম্পত্তি থাকিবে, সেই দ্রব্য স্থানান্তরিত করিবার পূর্ব্বে যাহার মোকদ্দমাক্রমে ডিক্রী জারী হইতেছে সে যদি ভূম্যধিকারী অথবা তাহার পেয়াদাকে ঐ দ্রব্য বা অস্থাবর সম্পত্তি স্থানান্তর করণকালে প্রাপ্য খাজানার সমুদয় টাকা না দেয়, তবে তৎসমুয় ডিক্রীজারীর ক্ষমতার কোন স্থলে স্থানান্তরিত হইতে পারিবে না। কিন্তু এই বাকী খাজানা এক বৎসরের জন্য প্রাপ্য খাজানার অধিক হইবে না।

মহারাণীর আইনের ৮ বৎসরের আইনের ১৪ অধ্যায় ১ ধারা।

১৩৪। হিন্দুদিগের মধ্যে সহাধিকার প্রথা থাকাতে ভূম্যধিকারী এবং প্রজাদের সম্বন্ধ সাতিশয় গোলযোগ পূর্ণ হইয়া থাকে। এক্ষণে মুসলমানগণও সচরাচর এই প্রথার অনুকরণ আরম্ভ করিয়াছেন। সহাধিকারীগণ ভূম্যধিকারী হইলে যখন পরিবারের মধ্যে এক ব্যক্তি (কর্ত্তা) অথবা তাহাদের কোন সাধারণ কর্ম্মচারী সমুদয় বিষয়ের তত্ত্বাবধান করেন, তখন কোন গোলযোগ উপস্থিত হয় না, এবং তাহাদের প্রজারাও অন্যান্য ভূম্যধিকারিগণের প্রজাগণ অপেক্ষা অধিকতর অসুবিধা ভোগ করে না। কিন্তু যদি এই সরিকদিগের মধ্যে অনৈক্য ও বিবাদ উপস্থিত হয়, তাহা হইলে তাহাদের প্রজাদিগের বিস্তর অসুবিধা হইয়া থাকে। সকল সরিককেই তাহাদের সকলের রসীদ লইয়া খাজানা দিতে হয়। কিন্তু এদিকে প্রত্যেকে তাহার আপনার প্রাপ্য অংশ পৃথক ভাবে লইতে চেষ্টা করেন; প্রজা সকলের প্রার্থনা পরিপূরণ করিতে যাইয়া দেখে, তাহার দেয় খাজানা অপেক্ষা সে অধিক দিয়া ফেলিয়াছে। ইহার পর প্রতি অংশীদারের ভৃত্য বা তৎপক্ষীয় লোকেরা উপরি লাভের চেষ্টা পায়। ইহা পাইবার জন্য মুর্খ প্রজাদিগকে প্রতারিত করিয়া থাকে; এই রূপে প্রতারিত হইয়া প্রজারা কোন অংশীদারকে তাহার প্রাপ্য অংশ অপেক্ষা অধিক দিতে বাধ্য হয়। পক্ষান্তরে প্রমাণ প্রস্তুত করিবার জন্য বেশি অংশের রসীদ দেওয়া হয়, কিন্তু এদিকে এই মিথ্যা দলীলে যাহা লিখিত থাকে তাহা অপেক্ষা কম খাজানা দেওয়া হইয়া থাকে। ভাগ করা না হইলেও প্রতি অংশীদার আপন আপন অংশের খাজানা বাড়াইতে চেষ্টা করেন কিম্বা ভূমি মাপিতে উদ্যত হন; উভয় পক্ষের প্রতিদ্বন্দ্বী আমিনেরা চিঠা প্রস্তুত করে; রায়তেরা যদি কিছু ঘুস দিতে সমর্থ হয় অথবা দিতে ইচ্ছা করে, তাহা লইয়া এই চিঠার ভূমির পরিমাণ অল্প, অন্যথা অধিক করিয়া লেখা হয়। এদিকে মোকদ্দমা হইতে থাকে; রায়তেরা কখন এ অংশীদারের কখন বা ও অংশীদারের পক্ষ অবলম্বন করে; তাহারা সাক্ষ্য দিয়া এক পক্ষের ক্ষণিক কৃতজ্ঞতা ও অপর পক্ষের চির আক্রোশভাজন হয়। প্রতিদ্বন্দ্বিদিগের মধ্যে দাঙ্গা উপস্থিত হয়; এবং পোলীসের বিলক্ষণ উপার্জ্জন হয়। রায়তেরা দারিদ্র্যগ্রস্ত হয়, চাস বাস বন্ধ হয়, এবং গ্রামে অবিশ্বাস ও অনৈক্য বিরাজ করিতে থাকে। ভূম্যধিকারিদিগের মধ্যে সদ্ভাবের অভাব হইলে যে মারাত্মক ফলের উৎপত্তি হয়, ইহা তৎসমুদয়ের চিত্র। এই চিত্র কোনরূপে অতিরঞ্জিত করা হয় নাই।

যে স্থলে রায়তকে বহুসরিকের প্রাপ্য খাজানা দিতে হয়, ইহাদের অনৈক্য হইলে রায়তের অনেক কষ্ট সহিতে হয়।

১৩৫। ব্রিটিশ শাসনের প্রথমাবস্থায় ইহার প্রতিবিধানের আবশ্যকতা অনুভূত হইয়াছিল। ১৮১২ সালের এই ব্যবস্থা হয় যে, যে হেতু কোন২ স্থলে অবিভক্ত সংসৃষ্ট মহালের অধিষ্বামিদিগের মধ্যে বিবাদ জন্য সাধারণের অসুবিধা এবং ব্যক্তি বিশেষের অধিকারের ক্ষতি হইতে দেখা যায়, যখন রাজস্ব বিভাগের কর্ম্মচারিগণ অথবা সেই মহালের স্বার্থভোগী কোন ব্যক্তি দেওয়ানী আদালতের মধ্যবর্ত্তিতার জন্য উপযুক্ত কারণ দেখাইবেন, তখন জিলার জজ উপযুক্ত জামিন লইয়া কোন কার্য্যদক্ষ ব্যক্তিকে সেই মহালের তত্ত্বাবধান অর্থাৎ খাজানা সংগ্রহ, মালগুজারি প্রদান এবং কৃষিকার্য্য ও ভবিষ্যৎ উন্নতির উপায় বিধান জন্য নিযুক্ত করিতে পারিবেন (১৮১২ সালের পাঁচ আইন, ২৬ ধারা)। রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী অথবা পূর্ব্বোক্ত কোন ব্যক্তির প্রার্থনামত জিলার জজ এই নিযুক্ত

১৮১২ সালের ইহার প্রতিবিধান।

১৮২৯ সালের পাঁচ আইন।

ব্যক্তিকে কর্ম্মচ্যুত করিতে পারিতেন (ঐ, ২৭ ধারা)। উহার পরবর্ত্তী বিধিতে (১৮২৭ সালের পাঁচ আইন) এই ব্যবস্থা হয় যে, যখন জিলার আদালত কোন স্থসম্পত্তি প্রকৃষ্ট পদ্ধতিক্রমে শাসন এবং তত্ত্বাবধান করা আবশ্যক এবং উচিত বোধ করিবেন, তখন সেই মহাল ক্রোক করিতে এবং বিশ্বস্তভাবে উহার তত্ত্বাবধান জন্য সেই মহালের পরিমাণানুরূপ বিশিষ্ট ও উপযুক্ত জামিন লইয়া এক জন বিশ্বস্ত কর্ম্মচারী নিয়োগ করিতে কালেক্টরের প্রতি আদেশ দিবেন। ১৮১২ সালের ৫ আইনের যে উল্লেখ ১৮২৭ সালের ৫ আইনে ছিল তাহা ১৮৭৪ সালের ষোল আইন দ্বারা রদ হয়। এক্ষণে জিলার জজ কোন অবিভক্ত পরিবারের অধিকৃত মহালের তত্ত্বাবধারণের উপায় করিতে কালেক্টরকে আদেশ দিতে পারেন না। ১৮১২ সালের ৫ আইনের যে অংশ এখনও প্রচলিত আছে, তাহা কিন্তু উহা অসম্পূর্ণ এবং তন্নিবন্ধন প্রায় অকার্য্যকর হইয়া রহিয়াছে।

অংশীদারদিগের মধ্যে অনৈক্য উপস্থিত হইলে এক জন তত্ত্বাবধারক নিয়োগের সম্বন্ধে পাণ্ডুলেখ্যের বিধান।

১৩৬। বর্ত্তমান আইনের এই অবস্থায় আমাদের মধ্যে অনেকে উক্ত অংশ একবারে তুলিয়া দিয়া তাহার স্থলে কোন ফলোপধায়ক এক প্রস্থ বিধান সন্নিবেশিত করিবার ইচ্ছা করেন। আমরা তদনুসারে এই বিধান করিয়াছি যে, অংশীদারেরা অবিভক্ত ভাবে কোন মহাল, তালুক, বা পেটাও তালুক অধিকার করিলে যদি অবিভক্ত ভাবে তত্ত্বাবধানের সম্বন্ধে অনৈক্য এবং তন্নিবন্ধন (ক) সাধারণের অসুবিধা কিম্বা (খ) ব্যক্তিবিশেষের অধিকারের ক্ষতি হয়, বা হইবার সম্ভাবনা হয়, তাহা হইলে জিলার জজ প্রথম (ক) স্থলে কালেক্টরের এবং দ্বিতীয় (খ) স্থলে সেই মহাল, তালুক, অথবা পেটাও তালুকের কোন স্বত্ব সংসৃষ্ট ব্যক্তির আবেদন অনুসারে অংশীদারদিগের উপর নোটিস জারী করিয়া তাহাদিগকে এক জন সাধারণ তত্ত্বাবধারক নিয়োগ না করিবার হেতু দেখাইতে কহিবেন। যদি অংশীদারেরা এক মাসের মধ্যে এক জন সাধারণ তত্ত্বাবধারক নিয়োগ না করিবার হেতু না দেখায়, তাহা হইলে জিলার জজ তাহাদিগকে তত্ত্বাবধারক নিয়োগ করিতে আদেশ দিতে পারিবেন (পাণ্ডুলেখ্যের ৬৫ ধারা)। যদি অংশীদারেরা এই আদেশ প্রতিপালন না করে, তাহা হইলে জিলার জজ এক জন তত্ত্বাবধারক নিয়োগ করিবেন, অথবা যদি কোর্ট অব্ ওয়ার্ড ভারগ্রহণ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে ঐ কোর্ট কর্ত্তৃক এই মহাল, তালুক বা পেটাও তালুকের তত্ত্বাবধান হইবার আদেশ দিবেন। জিলার জজের এই অংশীদারদিগকে আইন অনুসারে ক্ষমতাভ্রষ্ট করিবার পূর্ব্বে, আমরা তাহাদিগকে আপনাদের ইচ্ছানুসারে কার্য্যাধ্যক্ষ নিয়োগ করিবার সুবিধা দেওয়া পরামর্শ সিদ্ধ বোধ করিয়াছি। কোর্ট অব্ ওয়ার্ড এই তত্ত্বাবধানের ভার লইলে ১৮৭৯ সালের কোর্ট অব্ ওয়ার্ড সংক্রান্ত বঙ্গীয় ৯ আইনের বিধান অনুসারে কার্য্য করিবেন (৬৬ ধারা)। এই তত্ত্বাবধানের ভার গ্রহণ করা কোর্ট অব্ ওয়ার্ডের ইচ্ছার উপর নির্ভর করিতেছে। কোন কোন স্থলে এরূপ ঘটিতে পারে যে, এই তত্ত্বাবধান কার্য্য অন্যরূপে চলিতে পারে না; এরূপ স্থলে আমাদের অধিকাংশের মতে এই তত্ত্বাবধান প্রণালী অবলম্বন যাহাতে হইতে পারে এপ্রকার বিধান করা আমাদের পরামর্শসিদ্ধ বোধ হইয়াছে। কোর্ট অব্ ওয়ার্ডের এই বিশেষ ক্ষমতা বৃদ্ধি করণ এবং তাহার প্রতি পরস্পর অনৈক্য সম্পন্ন ব্যক্তিদিগের মহাল তত্ত্বাবধান করিবার ক্ষমতা সমর্পণ করা সঙ্গত কি না, তদ্বিষয়ে ওকিনেলী সাহেব সংশয় প্রকাশ করিয়াছেন। যখন জেলার জজ কার্য্যাধ্যক্ষ নিয়োগ করিবেন, তখন তিনি তাহার পারিশ্রমিক এবং তাহার প্রণালী অর্থাৎ তাহা নির্দ্দিষ্ট বেতনরূপে প্রদত্ত হইবে বা আদায়ের শতকরা হিসাবে দেওয়া যাইবে, অবধারণ করিবেন। এতদ্ব্যতীত জিলার জজকে রীতিমত ন্যায়নির্ব্বাহ নিমিত্ত তাহার নিকট হইতে উপযুক্ত জামিন গ্রহণ করিতে হইবে। এই কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না হইলে অংশীদারেরা যে ক্ষমতা প্রয়োগ করিতে পারিত, ইহার তথেও সেই ক্ষমতা সমর্পিত হইবে। তাঁহাকে দস্তুরমত হিসাব রাখিতে হইবে; তিনি অংশীদারদিগকে এই হিসাব পরিদর্শন করিতে এবং ইহার নকল লইতে দিবেন। তিনি কালেক্টরের অথবা এই মহাল, তালুক বা পেটাও তালুকের স্বত্ব সংসৃষ্ট কোন ব্যক্তির আবেদনে পদচ্যুত হইতে পারেন। (৬৭ ধারা।) যদি জিলার জজ এরূপ বিশ্বাস করেন যে, অংশীদারেরা সাধারণের অসুবিধা বা ব্যক্তি বিশেষের অধিকারের ক্ষতি না করিয়া মহালের কার্য্য চালাইতে পারিবে, তাহা হইলে যে কোন সময়ে হউক, তাহাদের হস্তে এই তত্ত্বাবধানভার সমর্পণ করিতে পারিবেন।

তত্ত্বাবধারকের ক্ষমতা এবং কর্ত্তব্য।

সমুদায় অংশিদারকেই বাকী খাজানার মোকদ্দমায় পক্ষ থাকিতে হইবেক।

১৩৭। আমরা বিধান করিয়াছি (৬৯ ধারা) যে অংশীদারদিগকে দেয় খাজানা সেই অংশীদারগণের এক রসীদে অথবা তাহাদের কিম্বা ডিষ্ট্রিক্ট্ জজ কর্ত্তৃক নিযুক্ত কার্য্যাধ্যক্ষের রসীদে দিতে হইবে; এবং উক্ত ধারায় ইহাও বিহিত হইয়াছে যে কোন বাকী খাজানার মোকদ্দমা উপস্থিত করিতে হইলে কিম্বা উপস্থিত হইলে উক্ত অংশীদারদিগের সকলকেই একত্রে বাদী হইতে হইবে, কিম্বা প্রতিবাদী করিতে হইবে, নতুবা ঐ মোকদ্দমা খরচাসহ ডিসমিস হইবে। ইহাই সাধারণ বিধি; এস্থলে একেবারে সমুদায় খাজানার জন্যই মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। এই নিয়মের তিনটী ব্যভিচার আছে ১ম। যখন কোন প্রজা এবং এক কিম্বা একাধিক অংশীদার অপর অংশীদার কিম্বা অংশীদারগণের অনুমতি লইয়া পরস্পর এইরূপ সম্মত হয় যে উক্ত এক কিম্বা একাধিক অংশীদারের প্রাপ্য খাজানার অংশ তাহার কিম্বা তাহাদের নিকটই দেওয়া যাইবে, তখন এইরূপ আপনার অংশ এইপ্রকারে দেওয়া যাইতে পারে কিম্বা আদায় হইতে পারে। এইরূপ স্থলে সমুদয় পক্ষই সম্মত হওয়ায় কোন পক্ষই ক্ষতিগ্রস্ত হইতে পারে না। ২য়। যখন কোন প্রজা অপর অংশীদার কিম্বা অপর অংশীদারগণের বিনা আপত্তিতে কোন এক কিম্বা একাধিক অংশীদারের দেয় খাজানা সেই এক কিম্বা একাধিক অংশীদারকে দিয়া আসিতেছে, তখন খাজানার এই প্রকার অংশ এইপ্রকারে দিতে পারে এবং আদায় হইতে পারে। এমন স্থলে উপরোক্ত বন্দবস্তে সকল অংশীদারের মৌন সম্মতিকেই এগ্রিমেণ্টের তুল্য বিবেচনা করা যাইতে পারে। ৩য়। যদি কোন অংশীদার কোন প্রজার অপরাপর অংশীদারের সহিত যোগ থাকা বশতঃ উক্ত প্রজার নিকট তাহার নিজ অংশের প্রাপ্য খাজানা আদায় করিতে অসমর্থ হয়, তবে উক্ত অংশীদার উপরোক্ত প্রজার নামে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিতে পারে এবং এইপ্রকার মোকদ্দমায় অপর অংশীদারগণকে প্রতিবাদী করিতে পারিবে। পূর্ব্বোক্ত ব্যভিচারত্রয় আমরা মীমাংসিত মোকদ্দমা হইতে গ্রহণ করিয়াছি, এবং আমরা বিবেচনা করি উপরোক্ত নিয়মের ঐ সকল ব্যভিচারই উপযুক্ত ব্যভিচার, এবং নিষ্পত্তি দ্বারা এই প্রকারে যে আইন সংস্থাপিত হইয়াছে তাহার পরিবর্ত্তন করা উচিত নহে। আমরা নজীর দৃষ্টে বিবেচনা করিয়াছি যে কোন অংশীদার তান্যান্য অংশীদারগণের একযোগে ভিন্ন অথবা কার্য্যাধ্যক্ষের দ্বারা ভিন্ন (১) কোন স্বত্ব সরাসরীমতে নিলাম করাইতে পারিবে না (২) সকল অংশীদারের একমালী

এই নিয়মের তিনটী ব্যভিচার আছে।

একজন অংশীদার কোন স্বত্ব সরাসরী মতে নীলাম কিম্বা জরিপ অথবা জমা বৃদ্ধি করিতে পারিবে না।

প্রজার ভোগদখলী জমি জরিপ করিতে পারিবে না, (৩) এরূপ প্রজার খাজানা বৃদ্ধি করিতে পারিবে না। এই সকল বিধান খাজানা আমানত সম্বন্ধীয় আইনের সংশোধিত আইনের সহযোগে সহাধিকারী ভূম্যধিকারিগণের উৎপাত হইতে প্রজাগণকে নিশ্চয়ই রক্ষা করিবে এইরূপ আশা করা যাইতে পারে।

ভূম্যধিকারী ও প্রজাগণের বিবিধ প্রকার স্বত্ব -

১৩৮। আমরা একাদশ অধ্যায়ে ভূম্যধিকারিগণের ও প্রজাগণের বিবিধ প্রকার স্বত্ব সংগ্রহ করিয়াছি। এই সকল স্বত্বের কতকগুলি যে সকল রেগুলেসন্ অদ্যাপিও রদ হয় নাই, তাহা হইতে, এবং আর কতকগুলি নজীর হইতে সংগৃহীত হইয়াছে; অপর গুলি স্পষ্টাক্ষরে অবধারিত না হইলেও আদালতের নিষ্পত্তিদ্বারা প্রকারান্তরে অবধারিত হইয়াছে। জমীদারদিগের আব্ওয়াব অথবা অযথাকর লওয়া অথবা প্রজাগণের হাজিরা বাধ্য করা অথবা বেআইনী মতে খাজানা আদায় করার বিরুদ্ধে যে স্পষ্ট প্রতিষেধ ছিল, আমরা তাহা রাখিয়াছি (৭২ ধারা)॥ আমরা বিধান করিয়াছি যে কোন ভূম্যধিকারী জমি নূতন বিলি করিলে প্রজাকে সেই জমির দখল দিতে বাধ্য, এবং যে তালুক, পেটাওতালুক, যোত, অথবা ভূমির জন্য প্রজা ভূম্যধিকারী সম্বন্ধ স্থাপিত হয়, সেই তালুক, পেটাওতালুক, যোত, অথবা ভূমি প্রজা নিরুদ্বেগে ভোগদখল করিতে পারে তজ্জন্যও প্রত্যেক জমিদার বাধ্য। কিন্তু এই বাধ্যতা তাহার নিজের, কিম্বা তাহার অধীনস্থ কিম্বা উপরিস্থ কোন দাওয়াদারকর্তৃক ব্যাঘাত বা বিবাদ সম্পর্কেই কেবল খাটিবে, কোন তৃতীয় পক্ষকর্তৃক ব্যাঘাত বা বিবাদ সম্পর্কে খাটিবে না (৭৩ ধারা)। আমরা বিধান করিয়াছি যে কেহ তাহার নিজ স্বত্ব-কাল হইতে অধিকতর কালের জন্য কাহাকেও পাট্টা দিলে উক্ত পাট্টা অসিদ্ধ হইবে; এবং এই রূপ নিজ স্বত্ব-কাল হইতে অধিকতর কালের জন্য কেহ পাট্টা দিলে তাহার নিজ স্বত্ব কাল পর্য্যন্তই এই পাট্টা সিদ্ধ থাকিবে, এবং কেবল অতিরিক্ত কালের জন্য অসিদ্ধ হইবে। কিন্তু ইহাও বিহিত আছে যে যদি ঐ পাট্টাদাতা পরে ঐ অতিরিক্ত কালের জন্য স্বত্ববান্ হয়, তবে তাহার বিরুদ্ধে ঐ পাট্টা সিদ্ধ বলিয়া গণ্য হইবে। আমরা সুবিজ্ঞ চীফ্ জষ্টীস্ মহোদয়ের পরামর্শ অনুসারে ইহাও বিধান করিয়াছি যে যদি কোন ব্যক্তি যে ভূমিতে তাহার কোন প্রকার স্বত্ব নাই, কাহাকে সেই ভূমির পাট্টা দেয় এবং পাট্টা গৃহীতা ঐ পাট্টার অনুবলে ঐ ভূমি দখল করে, এবং যদি এই পাট্টাদাতা পরে ঐ ভূমিতে স্বত্ববান্ হয়, তবে ঐ পাট্টা এই প্রকার ভবিষ্যৎলব্ধ স্বত্ব সম্পর্কে দাতা ও গৃহীতা এবং উভয়পক্ষ হইতে স্বত্বলব্ধ অপরাপর ব্যক্তিগণ সম্বন্ধে বিশুদ্ধ থাকিবে (৭৪ ধারা) এই বিধান কোন কোন সুসভ্য দেশের আইন অনুমোদিত এবং সুবিচার, ন্যায়, এবং বিবেক সঙ্গত।

ভূম্যধিকারিগণ অযথাকর লইতে এবং প্রজাদিগের হাজিরা বাধ্য করিতে পারিবে না।

ভূম্যধিকারী প্রজাকে জমিতে দখল দিতে ও সে ঐ জমি দখলে রাখিতে পারে এই রূপ করিতে বাধ্য।

স্বত্বকাল হইতে অধিকতর সময়ের পাট্টা অথবা যে স্থানে স্বত্ব নাই তাহার পাট্টা।

ভূম্যধিকারীর জরীপ করিবার ও মাপ করিবার অধিকার।

১৩৯। প্রচলিত আইনে যে বিধান আছে, যে প্রজার সহিত স্পষ্ট কোন নিয়মদ্বারা প্রতিষিদ্ধ না থাকিলে ভূম্যধিকারী যে সকল মহাল, তালুক, পেটাও তালুক, এবং যোতের খাজানা পাইয়া থাকেন, তাহার সাধারণ জরীপ ও মাপ করিবার অধিকার তাঁহার আছে ইহার আমরা পুনঃ বিধান করিয়াছি; আমরা আরও বিধান করিয়াছি যে উক্ত ভূম্যধিকারীর পূর্ব্বোক্ত প্রকার জরীপ ও মাপ করিবার জন্য পূর্ব্বোক্ত ভূমিতে প্রবেশ করিবার অধিকার আছে (৭৫)। এই প্রকার অধিকার দেওয়ায় ইহা বলা যাইতে পারে, যে অন্যান্য আইন অনুযায়ী অধিকারের ন্যায় এই অধিকারও দেওয়ানী আদালতের সহায়তায় কার্য্যে পরিণত করা যাইতে পারে। সচরাচর স্থলে এই অধিকারে কার্য্যে পরিণত করিবার উপায়ের জন্য পাণ্ডুলিপিতে আমরা কোন বিশেষ বিধান করি নাই, কিন্তু ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, যে আমরা ঐ সকল স্থলের জন্য বিশেষ বিধান করিয়াছি যে যে স্থলে কোন ভূম্যধিকারী তাহার মহাল, তালুক এবং পেটাও তালুকের মধ্যস্থিত ভূমিতে দখলিকার ব্যক্তিগণকে নির্ণয় করিতে অথবা প্রত্যেক রায়তের ভোগাধীনে যে ভিন্ন ভিন্ন জমি আছে, তাহা অবধারণ করিতে অসমর্থ হইয়া থাকে।

সমস্ত মাপ গবর্ণমেণ্ট নির্দ্ধারিত পরিমাণ দ্বারা হইবে—

১৪০। যাহাদ্বারা ভূমির মাপ হইয়া থাকে, সেই স্থানীয় প্রচলিত নলের দৈর্ঘ্য, সম্বন্ধে নানা প্রকার বিবাদ ও মোকদ্দমা উপস্থিত হইয়া থাকে। ইহা সর্ব্বদাই দেখা যায় যে এক জন ভূম্যধিকারী তাহার নিজের ইচ্ছানুরূপ একটী নলদ্বারা তাহার ভূমি মাপিয়া থাকে, তাহার দৈর্ঘ্য সম্বন্ধে প্রমাণ গ্রহণ করিলে সন্দেহ উপস্থিত হইয়া থাকে। কিন্তু উপরি উক্ত মাপ কার্য্যে যে সমস্ত প্রজা রায়তগণের সম্বন্ধ আছে, তাহারা বলে যে পরগণার প্রচলিত নল যে উক্ত নল হইতে স্বতন্ত্র কেবল তাহা নহে, কিন্তু মাপ করিবার সময় জমিদার যে নলকে প্রচলিত নল বলিয়া বলেন, তাহার পরিবর্ত্তে কখন ২ তৃতীয় এক নলদ্বারা মাপকার্য্য হইয়া থাকে। যতদূর সম্ভবপর হয়, এই সমস্ত দোষ পরিহার করিবার উদ্দেশে আমরা এই বিধান করিয়াছি যে দেওয়ানী আদালত অথবা কালেক্টরের আজ্ঞানুসারে যে সকল মাপ হইয়া থাকে তাহা ১৪৪০০ বর্গফুটে যে এক বিঘা হয়, সেই গবর্ণমেণ্ট নির্দ্ধারিত পরিমাণ অনুসারে হইবেক। যদি এই রূপ দেখা যায় যে কোন মোকদ্দমার উভয় পক্ষের স্বত্ব সেই পরগণায় এক নির্দ্দিষ্ট নল প্রচলিত থাকায় সেই ভিন্ন প্রকার স্থানীয় পরিমাণদ্বারা নিয়মিত হইয়া থাকে, তবে উক্ত মোকদ্দমার উদ্দেশ্য সাধন জন্য উক্ত গবর্ণমেণ্ট নির্দ্ধারিত পরিমাণ স্থানীয় পরিমাণে পরিবর্ত্তিত করা যাইবে। যদি কোন্ স্থলে কি রূপ নল প্রচলিত এই সম্বন্ধে বিবাদ উপস্থিত হয়, তবে কালেক্টর যে মোকদ্দমা তাঁহার নিজ সমক্ষে উপস্থিত হয়, অথবা যে মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত হওয়ায় ঐ আদালত উক্ত বিষয় অবগত হইবার জন্য তাঁহার মত জিজ্ঞাসা করিয়া পাঠান, উক্ত নলের উপযুক্ত দৈর্ঘ্য নির্দ্ধারণ করিবেন। আমরা নজীর অনুযায়ী প্রচলিত আইন অনুসারে এই বিধান করিয়াছি যে কালেক্টরের হুকুমের পরে ডিষ্ট্রিক্ট জজের নিকট আপীল হইতে পারিবেক; কিন্তু যদি উক্ত প্রকার কোন আপীল উপস্থিত না করা হয়, তবে কালেক্টরের হুকুমই চূড়ান্ত হুকুম বলিয়া গণ্য হইবে (৭৬ ধারা)।

আবশ্যক বোধ হইলে উক্ত পরিমাণ স্থানীয় পরিমাণে পরিবর্ত্তিত করিতে হইবে।

রায়ত তাহার ভূমি কৃষিকার্য্যের অনুপযুক্ত করিতে পারিবে না, কিন্তু উৎকর্ষকর কার্য্য করিতে পারিবেক।

১৪১। আমরা সাধারণ কথায় এই বিধান করিয়াছি (৭৭ ধারা) যে কোন রায়ত যে ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারীর অনুমতি ব্যতীত তাহার অবস্থার এমন কোন পরিবর্ত্তন করিতে পারিবে না, যাহাতে উক্ত ভূমিকে কৃষিকার্য্য অথবা বাগানের জন্য অনুপযুক্ত করে; কিন্তু কোন রায়ত তাহার ভূম্যধিকারীর অনুমতি ব্যতীত নিম্ন লিখিত উৎকর্ষকর কার্য্য করিতে পারিবেক:——

(ক) কৃষিব্যবসায়ী রায়ত এবং তাহার পরিবারের বাসের উপযোগী বসংগৃহ ও বাহিরের গৃহ নির্ম্মাণ;

(খ) কৃষিকার্য্যের জন্য পুষ্করিণী, কূপ এবং জলসঞ্চয়, জলাগম ও জল বিতরণের উপযোগী অন্যান্য জলাধার নির্ম্মাণ;

(গ) ভূমির জল নিঃসরণের জন্য অথবা তাহা জলপ্লাবন হইতে রক্ষা করিবার জন্য অথবা জলদ্বারা ক্ষয় অথবা অন্য কোন প্রকার ক্ষতি হইতে রক্ষা করিবার জন্য উপায় অবলম্বন।

(ঘ) কৃষিকার্য্যের জন্য অনুর্ব্বর ভূমিকে উর্ব্বরাবস্থায় আনয়ন, পরিষ্কার বা বেষ্টন করণ;

(ঙ) উপরে উল্লিখিত কার্য্য নিচয়ের সংস্কার অথবা পুনর্ব্বার গঠন, অথবা কোন প্রকার পরিবর্ত্তন বা কোন প্রকার নূতন বিষয় যোগ;

(চ) ফলকর বৃক্ষ রোপণ।

রায়ত তাহার স্বরোপিত অথবা তাহার পূর্ব্ববর্ত্তী রায়ত কর্ত্তৃক রোপিত বৃক্ষাদি কর্ত্তন করিতে পারিবেক।

আমরা বিবেচনা করি যে পূর্ব্বোক্ত কার্য্যগুলি দ্বারা উৎকৃষ্ট চাষ ও কৃষিকার্য্যের যথেষ্ট উৎকর্ষসাধন হইয়া থাকে, বলিয়া ঐ সকল কার্য্য করিতে অনুমতি দেওয়া কর্ত্তব্য। আমাদের মধ্যে অধিকাংশের মতে এই বিষয়টী বঙ্গদেশের অনেক স্থলের প্রথানুগত বলিয়া বোধ হওয়ায় আমরা আরও বিধান করিয়াছি যে কোন রায়ত তাহার ভূমিস্থ যোতের স্বরোপিত বৃক্ষাদি কর্ত্তন ও ভোগ করিতে পারিবেক অথবা যে পূর্ব্ববর্ত্তী রায়তহইতে সে স্বরাও বা প্রকাশ্য বিক্রয়ে ক্রয় করিয়াছে বা দানপত্র, উইল অথবা উত্তরাধিকারিতা সূত্রে প্রাপ্ত হইয়াছে, তৎকর্ত্তৃক রোপিত বৃক্ষাদিও কর্ত্তন ও তাহা ভোগ করিতে পারিবেক (৭৭ ধারা)।

ভূম্যধিকারীর স্বত্ব হস্তান্তর করা হইলে যাঁহার নিকট হস্তান্তর করা হয়, তিনি প্রজাকে হস্তান্তরের বিজ্ঞাপন (নোটিস) দিতে বাধ্য।

১৪২। আমরা বিধান করিয়াছি যে যখন কোন ভূম্যধিকারীর স্বত্ব হস্তান্তর করা হয়, তখন যাহার নিকট হস্তান্তর করা হয়, তিনি প্রজাকে উক্ত হস্তান্তর সম্বন্ধে বিজ্ঞাপন (নোটিস) না দিলে উক্ত হস্তান্তরের পর যে খাজানা প্রাপ্য হইয়াছে এবং যে ব্যক্তি হস্তান্তর করিয়াছে, তাহার নিকট উক্ত প্রজা ঐ খাজানা দিয়া থাকিলে, উক্ত প্রজা ঐ খাজানার জন্য নূতন ভূম্যধিকারীর নিকট দায়ী নহে (৭৮ ধারা)। এই সরল বিষয়টির সম্বন্ধে কোন নিয়ম না থাকায় কতক মোকদ্দমা উপস্থিত হইয়াছে। আমরা কতক সংখ্যক স্থল নির্দ্দেশ করিয়াছি (৭৯ ধারা) যে যে স্থলে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ শেষ হইয়াছে বলিয়া ব্যক্ত করা হইয়াছে। ইহার কতিপয়স্থল বর্ত্তমান আইনে দেখিতে পাওয়া যায়, যথা রায়তে যখন পরিত্যাগ করিয়া যায়—এবং কোন২ স্থলে ভূম্যধিকারী যখন উচ্ছেদ করেন। কোন কোনটি নূতন এবং নজীরহইতে গৃহীত হইয়াছে, এবং যে স্থানে উচিত বোধ হইয়াছে নিয়মটী সম্পূর্ণ করিবার বাসনায় বিচার নিষ্পন্ন ফলে আবশ্যক কথা সংযোগ করিয়াছি। আমরা শেষোক্ত বিষয়ের সর্ব্ব প্রধান স্থলের উল্লেখ করিতে পারি। আমরা বিধান করিয়াছি যে হস্তান্তর করিবার অযোগ্য যোত সম্পর্কে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ পরিত্যাগ দ্বারা শেষ হইয়া থাকে, যখন প্রজা ভূমি চাষ করিতে অথবা উক্ত ভূমির খাজানা আদায় করিতে বিরত থাকিয়া এক বৎসর কাল যাবৎ উহার নিকটবর্ত্তী স্থান হইতে অনুপস্থিত থাকে এবং ভূম্যধিকারী (৭৯ ধারা, ৩ প্রকরণ) প্রজাসম্বন্ধ শেষ হইয়াছে বলিয়া গণ্য। হস্তান্তর যোগ্য যোত সম্বন্ধে ভূম্যধিকারীকে যোত নীলামের উদ্যোগ করিতে হইবেক, এবং যদি প্রজাকে পাওয়া না যায় তবে উক্ত যোতের মধ্যস্থিত কোন প্রকাশ্য স্থানে সমনের নকল লাগাইয়া দিতে হইবেক। (১৭৪ ধারা)।

পরিত্যাগ—

প্রজা কর্ত্তৃক ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার।

১৪৩। আমরা বিশেষরূপে বিবেচনা করিয়াছি যে, যে প্রজা ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার করে তাহার স্বত্ব জব্দ করিয়া তাহাকে শাস্তি দেওয়া যাইতে পারে কি না। আমাদের মধ্যে কেহ কেহ জব্দের বিরোধী; কিন্তু আমরা এক বাক্যে স্বীকার করি যে যখন কোন মোকদ্দমায়, যাহাতে ভূম্যধিকারী একপক্ষ থাকে, কোন প্রজা ঐ ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার করে এবং তাহার নিজের বা অপরের পক্ষে উক্ত ভূম্যধিকারীর বিরুদ্ধে লিখিত বা লিখিয়া লওয়া দলীল দ্বারা কোন স্বত্ব উত্থাপন করে, তখন ঐ ভূম্যধিকারীর উক্ত প্রজার নিকট হইতে জমি জব্দ করার একতার থাকিবে, যদি উপযুক্ত সময় মধ্যে উক্ত ভূম্যধিকারী ঐ প্রকার করিতে ইচ্ছা করে—এবং আমরা তদনুসারে বিধান করিয়াছি যে ৬ মাস মধ্যে ভূম্যধিকারী এইরূপ করিতে পারিবে। এই নিয়ম প্রয়োগে কোন অত্যাচার না হয় এজন্য আমরা আরও বিধান করিয়াছি যে যখন কোন প্রজা কোন ব্যক্তি কর্ত্তৃক কোন স্থানের দখল পাইয়া অস্বীকার কালে সেই ব্যক্তির স্বত্ব কাল অতীত হইয়াছে অথবা কোন প্রকারে স্বত্ব লোপ বা ধ্বংস হইয়াছে এইরূপ দর্শাইতে সমর্থ হয়, অথবা সেই ব্যক্তি কর্ত্তৃক না হইয়া অপর ব্যক্তি কর্ত্তৃক উক্তরূপ দখল পাইলেও যদি দেখাইতে পারে যে উক্ত ব্যক্তির স্বত্ব সে বাস্তবিক ভুলক্রমে অথবা বুঝিবার ত্রুটিতে স্বীকার করিয়াছে। আমরা সকলে এবিষয়ে এক মত হইয়াছি যে, বিশেষতঃ এই দেশে, সামান্যতঃ কোন কথার জন্য অথবা কোন প্রজা তাহার নিজ স্বত্ব অপেক্ষা অধিকতর স্বত্ব দাবী করার জন্য তাহার সম্পত্তি জব্দ হওয়া উচিত নহে।

রাজস্ব অথবা কর বাকী থাকাবশতঃ নিলাম হইলে তালুক অথবা নিষ্কর স্বত্ব ক্রেতার ইচ্ছানুসারে রহিত হইবার বিষয়।

১৪৪। সময়২ বাকী খাজানার নীলাম সম্বন্ধে যে সকল আইন প্রচলিত আছে যদিও সে সকল আইনের ভাষা একপ্রকার না হউক তথাচ সেই সকল আইনেরই মর্ম্ম এই যে বাকী খাজানার জন্য কোন মহাল নীলাম হইলে তদন্তর্গত তালুক অথবা অপরবিধ নিষ্কর স্বত্ব উক্ত নীলামের তারিখহইতে রহিত বা অসিদ্ধ হইবে। প্রিবিকৌন্সিলের একটী বিখ্যাত নিষ্পত্তি দ্বারা ইহা স্থির হইয়াছে যে উক্ত বিধানের অর্থ এই নহে যে নীলাম হইলেই তালুক অথবা নিষ্কর স্বত্ব রহিত হইয়া যাইবে কিন্তু ক্রেতার ইচ্ছানুসারে উক্ত তালুকাদি রহিত যোগ্য। বাকী খাজানার দায়ে তালুক নীলাম সম্বন্ধে যে সকল নূতন আইন হইয়াছে তাহার ভাষাতেও সেই অর্থ করা হইয়াছে। ইহা সচরাচর স্বীকার করা হইয়াছে যে ক্রেতার নীলামের পর উপযুক্ত সময় মধ্যে তাহার ঐরূপ ইচ্ছা প্রকাশ করিতে হইলে এক বৎসর মধ্যে করিতে এবং যখন দীর্ঘকাল যাবৎ ক্রেতা কোন উপায় অবলম্বন করে নাই, তখন তাহার ব্যবহার দ্বারা মৌনং সম্মতি লক্ষণং অনুমান করা হইবে। যাহা হউক আমরা বিবেচনা করি যে উহার জন্য একটী নির্দ্দিষ্ট সময় নির্দ্ধারণ করা আবশ্যক যে সময় মধ্যে নীলামের পূর্ব্বে যে তালুকাদিতে নিষ্কর স্বত্ব ছিল তাহা রহিত করিবার জন্য ক্রেতার ইচ্ছা প্রকাশ করিতে হইবেই হইবে। আমরা বিশ্বাস করি যে এরূপ সময় নির্দ্দিষ্ট থাকিলে মোকদ্দমা বাহুল্য কতক পরিমাণে কমিয়া যাইবে; এবং তদনুসারে আমরা বিধান করিয়াছি যে বাকী খাজানা অথবা রাজস্বের জন্য নীলাম হইলে যদি ক্রেতা নিষ্কর স্বত্ব রহিত করিতে অথবা শেষ করিতে ইচ্ছা করেন তাহা হইলে ক্রেতা এইরূপ স্বত্ব আছে এইরূপ অবগত হইবার এক বৎসর কাল মধ্যে পূর্ব্বোক্তরূপ রহিত কিম্বা শেষ করিবে। (৭৯ ধারা ৯ প্রকরণ।)

অবগত হওয়ার পর এক বৎসর মধ্যে রাখা না রাখার ইচ্ছা প্রকাশ করিতে হইবেক।

ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ কোন কর না দিলেই শেষ হয় না।

২৪৫। আমরা ব্যাখ্যাচ্ছলে বিধান করিয়াছি (৭৯ ধারা) যে যখন কোন সম্পত্তি সম্পর্কে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ কেবল দুই ব্যক্তির মধ্যে অবস্থিত থাকে তখন কেবল কর আদায় না করাতেই এই সম্বন্ধ শেষ হইবে না। এই বিষয়টী আদালতের নিষ্পত্তিহইতে যে বিধান প্রচলিত আছে তদনুসারে স্থির করা হইল। স্বেচ্ছাচার বশতঃ যে উচ্ছেদ করা হয় তাহা রহিত করিবার জন্য আমরা বিধান করিয়াছি যে কোন রায়তই আদালতের হুকুম বা ডিক্রীজারী ভিন্ন উচ্ছেদ হইবে না (৭৯ ধারা ৫ প্রকরণ)। উক্ত কারণ ভিন্ন অপর কোন হেতুতে কোন রায়তকে উচ্ছেদ করিলে সেই রায়ত ১৮৭৭ সালের বিশেষ উপকারবিষয়ক আইনের ৯ধারা অনুসারে প্রতীকার লাভ করিতে পারিবে এবং এই সকল বিধান অনুসারে আপন স্বত্বে পুনরায় দখল পাইতে পারিবে। আমরা বিধান করিয়াছি যে এক বৎসরের উচ্ছেদ জন্য খাজানা আদায় না করিলে উচ্ছেদের উৎখাতের যে অধিকার জন্মে, তাহা পরবর্ত্তী সনের খাজানা প্রাপ্তিদ্বারা রহিত হইয়াছে এইরূপ বিবেচনা করিতে হইবে। প্রচলিত আইনে জমাতে ফসল থাকা সত্ত্বে প্রজা উচ্ছেদ প্রাপ্ত হইলে ফসলের অধিকার সম্বন্ধে কোন বিধান নাই; এবং ক্ষেত্রে শস্য থাকা অবস্থায় যদি কোন রায়ত উচ্ছেদ প্রাপ্ত হয় তখন স্বভাবতঃই এই ফল দাঁড়ায় যে এই ফসলের অধিকার লইয়া অনেক বিবাদ ও মোকদ্দমা উপস্থিত হইয়া থাকে। আমরা বিধান করিয়াছি যে যখন কোন রায়ত ডিক্রীজারীদ্বারা উচ্ছেদ প্রাপ্ত হয়—এবং এই মাত্র দেখাইয়াছি ইহাই রায়ত উচ্ছেদ করিবার একমাত্র উপায়—এবং উচ্ছেদ সময়ে ক্ষেত্রে জমিতে এমন কোন শস্য থাকে অথবা ক্ষেত্রজাত অন্য কোন বস্তু সংগৃহীত থাকে যাহা উচ্ছেদ না হইলে রায়তেরই কাটিতে কিম্বা সঞ্চয় করিতে অধিকার থাকিত, তখন এই রূপ রায়ত উক্ত রূপে উচ্ছেদ হইলে এই প্রকার শস্য কিম্বা ক্ষেত্রজাত বস্তু কাটিতে কিম্বা সঞ্চয় করিতে স্বত্ববান্ হইবে, এবং শস্য রক্ষা করিতে, কাটিতে, সঞ্চয় করিতে এবং স্থানান্তরিত করিবার জন্য সেই জমী ব্যবহার করিতে পারিবে; এবং এই রূপ করিতে হইলে তাহাকে এই অভিপ্রায়ে ঐ জমী ব্যবহার এবং দখলের যুক্তিযুক্ত কতক অর্থ দিতে হইবেক (৮০)। আমরা ইহাও যুক্তিসিদ্ধ বিবেচনা করিয়াছি যে ভূম্যধিকারী ইচ্ছা করিলে যদি ডিক্রীজারীর সময়ে উক্ত ভূম্যধিকারী এই রূপ ইচ্ছার বিজ্ঞাপন দেয় উপযুক্ত মূল্যে উক্ত প্রকারের শস্য কিম্বা ক্ষেত্রজাত বস্তু নিজে কিনিতে পারিবে। যদি প্রজা ও ভূম্যধিকারী ফসলের কিম্বা ক্ষেত্রজাত বস্তুর মূল্যসম্বন্ধে একমত না হয়, আদালত তাহাদের এক পক্ষের প্রার্থনা মতে মূল্য নির্দ্ধারিত করিতে পারেন, এবং যে হুকুমে এই রূপ মূল্য নির্দ্ধারিত করিবেন, সেই হুকুম ডিক্রীর ন্যায় বলবৎ হইবে।

আদালতের হুকুম ভিন্ন কোন প্রকারে হইতে পারিবে না।

উচ্ছেদ প্রাপ্ত রায়তের উৎপন্ন দ্রব্যে স্বত্ববান এবং উক্ত শস্য স্থানান্তরিত করিবার জন্য ভূমি প্রবেশের অধিকার প্রাপ্ত হইবার কথা।

কিন্তু ভূম্যধিকারী মূল্য দিয়া লইতে পারে

১২৬। বেহার প্রদেশের জন্য ব্যবস্থাসম্বন্ধীয় কি কি বিশেষ পরিবর্ত্তন আবশ্যক তদ্বিষয়ে মত স্থির করিবার কালে বেহার প্রদেশীয় রাজস্ব আইন বিবেচনা করিবার জন্য যে কমিটী (১) নিযুক্ত হইয়াছিল সেই কমিটীর রিপোর্ট এবং ঐ তৎসহ কমিটীর কার্য্যপ্রণালীর বিবরণ আমরা বিশেষ মনোযোগ পূর্ব্বক বিবেচনা করিয়াছি। বেহার বঙ্গদেশ হইতে দুইটী গুরুতর বিষয়ে বিভিন্ন। প্রথম বিভিন্নতা এই যে বঙ্গদেশে সাধারণতঃ খাজানা টাকায়ই দেওয়া হয়, এই খাজানার টাকার সহিত মোট উৎপন্ন শস্য অথবা খরচ বাদ শস্যের সহিত কোন সম্পষ্ট সম্পর্ক থাকে না, কিন্তু বেহার প্রদেশের অনেক জিলায়ই খাজানা প্রকৃত প্রস্তাবে উৎপন্ন শস্যদ্বারাই দেওয়া হয়, অথবা মোট উৎপন্ন শস্যের কোন নির্দ্দিষ্ট অংশের মূল্যদ্বারা দেয়ও হয়। (২) বেহার প্রদেশীয় নিয়মের

১২শ অধ্যায়, বেহারের জন্য বিশেষ বিধান। বেহার কমিটীর রিপোর্ট বিচার।

(১) বঙ্গীয় গবর্ণমেণ্টের সেক্রেটরীর উক্ত কমিটী নিয়োগ বিষয়ক ১৮৭৮ সালের ৭ই সেপ্টেম্বর তারিখের ২১২২ নং চিঠী এবং পাটনার কমিশনরের ঐ কমিটীর রিপোর্ট প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের ৮ই মার্চ্চের ১১৪৫ নং চিঠী দেখ।

(২) আগোর নামক রীতানুসারে শস্য প্রকৃত প্রস্তাবে বিভক্ত করিয়া ভূম্যধিকারীর অংশ তাহাকে দেওয়া হয়। ধনসঞ্চী রীত্যনুসারে রায়ত উৎপন্ন শস্যের কতকাংশের মূল্য ভূম্যধিকারীকে দিয়া থাকে; ফসল উঠিলে শস্যের মূল্য নির্দ্ধারণ করা হয়, এবং এই নির্দ্ধারিত মূল্যানুসারে টাকার কর দেওয়া হয়। এতদ্ব্যতীত অন্য কিছু জানিতে হইলে পাটনার কমিশনরের রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর নিকট ১৮৫৮ সনের ২১ আগষ্ট তারিখের ১১৩০ নং চিঠী দেখ, ঐ চিঠীর নিম্নলিখিত পারাগ্রাফ সকল প্রণিধানযোগ্য;

৪। "আমি যে দ্বিতীয় সংশোধন প্রস্তাব করি তাহা এই সকলস্থলে প্রয়োজন। চাষ আরম্ভ করিবার পূর্ব্বেই যে উৎপন্ন শস্যে তাহাদের উভয়ের স্বত্ব থাকিবে, তৎসম্বন্ধে স্থির করা যাইবে তাহা ভূম্যধিকারীর সহিত স্থির করিয়া লওয়া রায়তের পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। এক রীতি (আগোর নামা) অনুসারে যখন শস্য পাকিয়া উঠে তখন উক্ত শস্যের জন্য ভূম্যধিকারী এক জন প্রহরী রাখে, এবং কাটানর উপযুক্ত হইলে নিজে কাটিয়া লইয়া যায়। ঐ প্রকার জমাস্থলে কখন কখন এইরূপও দেখা যায় যে রায়ত ভূম্যধিকারীর কেবল কর্ম্মচারীর শস্য কাটিয়া মাড়ে, এবং ঐ মাড়ার স্থানেই শস্য বিভাগ করিয়া দেয়, এইরূপ স্থলে ভূম্যধিকারী কেবল শস্য পাইবেন না খড়ও পাইবেন এবং উহা কি রায়তের নিজ গ্রামের মাড়ার জায়গায়ই তাঁহাকে দেওয়া যাইবেক অথবা জমাদারের সুবিধা হয় এমন কোন স্থানে দেওয়া যাইবেক উভয় তাহা স্থির হইয়া থাকে।"

৫। "সাহাবাদ এবং বেহার জিলায় অন্যান্য জিলা অপেক্ষা ভাওলী এবং ধনসঞ্চী জমা অধিক থাকায় বিবাদের সম্ভাবনা অধিক হইয়াছে। ১৮৪৯ সনে এবং ১৮৫১ সনে ডিরেক্টর সভার এক পত্রের মর্ম্মানুসারে এই সকল জমা উপলক্ষে অনেক চিঠী পত্র চলিয়াছিল। ব্যবস্থাপক সভায় যে সকল সভ্যগণ তদানীন্তন তর্ক বিতর্ক অবগত নাই তাঁহারা উক্ত বিষয়ের গুরুত্ব এবং তৎসম্পর্কীয় অন্যান্য বিষয় সকল অবগত হইতে পারেন এই অভিপ্রায়ে আমি সেই সময়ে যে সকল চিঠী পত্র লিখিত হইয়াছিল তাহারমধ্যে তিন খানি এই সঙ্গে পাঠাইতেছি।* এই সমস্ত পত্র পাঠে দৃষ্ট হইবে যে ধনসঞ্চী পাট্টায় ভূম্যধিকারী এবং প্রজার মধ্যে যে চুক্তিপত্র হয় তাহা পুঙ্খানুপুঙ্খরূপে স্থির করা কতদূর আবশ্যক। এই অভিপ্রায়ে আমি প্রস্তাব করি যে দ্বিতীয় ধারার যে সংশোধন প্রস্তাব করিয়াছি তৎসহযোগে নিম্নলিখিত বিধান, এটী নূতন ধারা রূপেই হউক, অথবা দ্বিতীয় ধারার আনুষঙ্গিকরূপেই হউক বিধিবদ্ধ করা কর্ত্তব্য।" "যদি কোন ভাওলী জমা, ধনসঞ্চী কিম্বা তৎসদৃশ অন্য কোন জমী যাহার খাজানা স্বরূপে রায়ত ভূম্যধিকারীকে উৎপন্ন শস্যের কতক অংশের বাজার মূল্য দিতে সম্মত হয়, তবে উক্ত জমীর পাট্টা মধ্যে বাজার মাস এবং যে তারিখে খাজানা দেওয়া হইবে তাহা নির্দ্দেশ করা আবশ্যক, বাজার মূল্যের সেই মাসের গড় হার দ্বারা উক্তরূপ চুক্তি নির্ণয় হইবে।"

৭। "যাঁহারা এই প্রদেশের বিষয়ে বিশেষরূপ অভিজ্ঞ তাঁহারা এই রূপ বিবেচনা করেন যে ভাওলী রীতিতে যে শস্যদ্বারা কিম্বা টাকা ও শস্যযোগে যে খাজানা আদায় করার প্রথা আছে তাহার উৎসাহ দেওয়া এবং ব্যবস্থাদ্বারা অনুমোদিত করা উচিত নহে

* ১৮৫৯ সনের ২য় আইনে দেখা আবশ্যক যেহেতুক তাহাতে উক্ত বিষয় সম্পর্কে অনেক বিষয় অবগত হইতে পারা যায়।

বেহার ও বঙ্গদেশে যে যে বিভিন্নতা।

একটী সাক্ষাৎ সম্বন্ধে এবং বিশেষ ফল এই যে ভূম্যধিকারীরা শস্যের মূল্য বৃদ্ধির সম্পূর্ণ উপকার প্রাপ্ত হইয়া থাকেন, এবং শস্যের মূল্য যা দাম বৃদ্ধির সঙ্গে সঙ্গে জমাবৃদ্ধি হওয়া বেহার দেশীয় রায়তের অভ্যাস। দ্বিতীয় বিভিন্নতা এই যে বঙ্গদেশে রায়ত সকল এবং ভূম্যধিকারী দুর্ব্বল, বেহারে ইহার বিপরীত। রায়ত (কোন কোন স্থান ভিন্ন) নিতান্ত দোচনীয় অবস্থাপন্ন এবং আইন প্রদত্ত স্বত্ব রক্ষার্থে ভূম্যধিকারীর প্রতিকূলে দণ্ডায়মান হইতে অশক্ত। এই দুইটী বিভিন্নতায় কতকটা কার্য্য কারণ ভাব থাকা, সম্ভবপর বেহার প্রদেশীয় নিয়ম প্রকৃত প্রস্তাবে ইউরোপখণ্ডের ম্যাটেয়ার রীতির সমতুল্য। কিন্তু এই শেষোক্ত রীতির অধীন প্রজারা যে সকল সুবিধা ভোগ করে বেহার প্রদেশীয় নিয়মে তাহার অনেক আছে, কিন্তু অসুবিধা গুলিও সমুদয়ই আছে।

বেহার প্রদেশীয় রীতি ম্যাটেয়ার রীতির সমাংশ।

ইউরোপীয় ম্যাটেয়ার সচরাচর নিরুদ্বেগে তাহার জমী ভোগদখল করে, এবং সে জমীতে নিজের ব্যয়ে অথবা শ্রমে যে উৎকর্ষ সাধন করে তাহার অন্ততঃ অর্দ্ধেক ফলভোগীও হয়। তাহার ভূম্যধিকারী কোন কোন স্থানে চাষ উপযোগী পশুর অর্দ্ধাংশ সাহায্য করিয়া থাকে এবং অন্যান্য স্থানে অর্দ্ধেক বীজ দিয়া থাকে। অনেক স্থানে এক খানি গৃহ তাহার জন্য রাখা হয়। এই প্রকারে ম্যাটেয়ার, যে শস্য সে এবং তাহার ভূম্যধিকারী অংশীদার সেই শস্য উৎপাদন করিবার জন্য সে ভূম্যধিকারীর অনেক সাহায্য পাইয়া থাকে। পক্ষান্তরে বেহার প্রদেশীয় রায়ত কেবল জমী ভিন্ন আর কিছুই পায় না। তাহার দখল সুরক্ষিত নহে এবং জমির উৎকর্ষসাধন জন্য তাহার কোন প্রকার উত্তেজক কারণ নাই, বরং শস্য স্বরূপে খাজানা আদায় কালে যে সকল অত্যাচার তাহাকে সহ্য করিতে হয়, তদ্দ্বারা যে শস্য উৎপাদন জন্য সমস্ত ব্যয় তাহাকে ফুলান করিতে হইয়াছে, তাহার অর্দ্ধাংশও তাহার ভাগ্যে ঘটিয়া উঠে না। (৩) ভূম্যধিকারীদিগের প্রজাদিগকে রক্ষা ও তাহাদের অবস্থা উন্নত করিতে যত্ন করা কর্ত্তব্য কর্ম্ম তাহা না করিয়া যে ঠিকাদারী কিম্বা ইজারাদারী রীতি অনুসারে তাহারা প্রজাদিগকে উৎপীড়িত হইবার জন্য ইজারাদারের হস্তে সমর্পণ করে, সেই ইজারাদারী রীতিই বেহার প্রদেশীয় কৃষক শ্রেণীর অবস্থা সম্বন্ধে সর্ব্বনাশ উৎপাদন করে।

বেহার প্রদেশীয় কৃষক শ্রেণীর দরিদ্রাবস্থা।

১৪৭। বেহার কমিটীর অনুরোধ ক্রমান্বয়ে বিবেচনা করাই সুবিধা। প্রথমতঃ তাঁহারা প্রস্তাব করেন যে ভূম্যধিকারীগণ প্রত্যেক বৎসর কালেক্টর অথবা অন্য কোন গবর্ণমেণ্ট কর্ম্মচারীর আফিসে এই কয়েকটী বিষয়ের বিবরণ দিতে বাধ্য থাকিবে। (১) প্রত্যেক রাইয়তের ক্রমিক নম্বর; (২) প্রত্যেক রাইয়তের নাম; (৩) প্রত্যেক রাইয়তের দখলী জমির পরিমাণ এবং ঐ জমির যে অংশের জন্য সে টাকায় কিম্বা উৎপন্ন বস্তুদ্বারা খাজানা আদায় হয়, তাহার পরিমাণ; এবং (৪) প্রত্যেক রায়তের নিকট ভিন্ন ভিন্ন প্রকারের বার্ষিক দাবীর বিশেষ বিবরণ এবং মোট দাবী। তাঁহারা বলেন;——

বেহার কমিটীর অনুরোধ।

ভূম্যধিকারীর গবর্ণমেণ্ট আপিসে বিবরণ দাখিল করিবার প্রস্তাব।

"আমাদের মধ্যে কেহ কেহ বলেন যে রাইয়তগণের এই রূপ বিবরণের নকল প্রাপ্তিই তাহাদের দখলী জমির পরিমাণ খাজানার দাবী, এবং তাহাদের প্রতি ভূম্যধিকারীর বার্ষিক দাবীর সংশিত পত্র স্বরূপ হইবে। আমাদের মধ্যে অবশিষ্টাংশের মত এই যে কার্য্যকালে রাইয়ত এই রূপ প্রথা প্রত্যাখ্যান করিবে।"

তাঁহারা আরও প্রস্তাব করেন যে।——

"এই বিবরণ দাখিল করা বলবৎ করিতে হইলে এই রূপ নিয়ম করা হইবে যে যদি কোন বাদী খাজানার মোকদ্দমার আরজীর সহিত তাহার বার্ষিক হিসাবের আমানতী রসীদ দাখিল না করে, অথবা তৌজী সেরেস্তায় এই রূপ বিবরণ দাখিল করা হইয়াছে—এ সম্বন্ধে আদালতের সন্তোষজনক প্রমাণ দর্শাইতে না পারে, তবে সেই খাজানার মোকদ্দমা ডিস্‌মিস হইবে।

তাঁহাদের অত্যন্ত ভ্রম। এই প্রদেশের অধিকাংশ জমীর উর্ব্বরতা সম্পূর্ণরূপে বৃষ্টির পরে নির্ভর করে। ভালবৎসরে জমী উত্তম ফসল প্রদান করে, মন্দ বৎসর প্রায় কিছুই শস্য জন্মে না; এবং মন্দ ও মাঝারি বৎসরের সংখ্যা উত্তমের সংখ্যা অপেক্ষা অনেক অধিক। রায়তের মূলধন ও নিজকে নিজে চালাইতে পারে এমন সম্বল না থাকা প্রযুক্ত নির্দ্দিষ্ট খাজানা (নগদ)দেওয়ার নিয়মে একটী কি ২টী মন্দ ঋতুতেই তাহার সর্ব্বনাশ হওয়ার সম্ভব। পক্ষান্তরে ভাওলী ও বাটাই রীত্যনুসারে খাজানা উৎপন্ন শস্যের হারানুসারে দেয় থাকায় তাহারা সকল সময়েই চালাইতে পারে এবং যদিও টাকা সঞ্চয়ের বড় সুবিধা না হয় সর্ব্বনাশ হইবার সম্ভাবনাও অতি বিরল। এজন্য এইরূপ জমা গুলি বড় লোকপ্রিয় এবং যদি ভূম্যধিকারী ন্যায়পর লোক হন তবে সকলের পক্ষেই সুবিধা। এই জমা উঠাইয়া দিবার যে চেষ্টাই করা যাইবে তাহাতে লোককে অসন্তুষ্ট করা হইবে মাত্র। কেবল আপত্তিস্থল এই যে, বর্ত্তমান আইনের অসম্পূর্ণতা বশতঃ এই প্রকার জমীভোগী রায়তেরা একেবারে ভূম্যধিকারীর করতলাধীন।"

১৮। ভাওলী রীতি সম্পর্কে আমার সংবাদদাতা সকলেই ধনবন্তী অথবা এষ্টিমেট কাগজ দাখিল করিতে বাধ্য করার আবশ্যকতার কথা বলেন। এই বিষয়ে সুচারুরূপে হৃদয়ঙ্গম করিতে হইলে ভাওলী রীতির হিসাব রাখার নিয়ম জানা আবশ্যক। যখন শস্য পাকিয়া উঠে, পাটোয়ারী, গোমস্তা, আমীন, জমীমাপক, জরীপকর্ণ, শালিশ, মধ্যস্থিদ্দা কিম্বা লেখক এবং গ্রামের ছোট রায়তেরা সকলে মিলিয়া যে ক্ষেত্রে শস্য পাকিয়া উঠিয়াছে সেই ক্ষেত্রের রায়তকে লইয়া সেই পাকা শস্যের ক্ষেতে যায়। প্রথম শালিশ কত শস্য হইয়াছে তাহার অনুমান (এষ্টিমেট) করে; তৎপরে আমীন অনুমান করে। এই দুই অনুমান এক হইলে, তখন বিষয় স্থির হইল বিবেচনা করিতে হইবে। যদি এক না হয়, তবে রায়ত যেখানে শস্য কম জন্মিয়াছে সেই খান হইতে এক কাঠা জমির শস্য কাটে, জমীদারের লোকে যে খানে শস্য বেশী হইয়াছে সেই খান হইতে আর এক কাঠা জমীর শস্য কাটে। উৎপন্ন শস্য হইলে একত্র করা হয় এবং একত্রেই ওজন দেওয়া হয় এবং এই হিসাব নমুনা ধরিয়া সমুদয় শস্যের অনুমান করা হয়। তৎপরে পাটোয়ারি এবং তাহার কেরানী বা লেখক দ্বারায় এই অনুমান ঘটিত একটী চুম্বক হিসাব (ধনবন্তী) প্রস্তুত করা হয় এবং উপস্থিত সকলের দ্বারায় সই করিয়া লওয়া হয়। তৎপর রায়তের শস্য কাটিয়া গোলাজাত করিতে কোন বাধা নাই। পাটোয়ারী তৎপরে বেহুরী নামক আর একটী হিসাব প্রস্তুত করে। উহাতে রায়তের খেপাজাতে কত শস্য আছে রায়তে বা কত শস্য পাইবে, এবং মাসিকে বা কত পাইবে লেখা থাকে। পাটোয়ারীই মালিকের অংশ, পূর্ব্বে যেরূপ বন্দোবস্ত থাকে তদনুসারে টাকায় বা শস্যে চাহিয়া পাঠায়। যদি টাকায় দেওয়ার এগ্রীমেণ্ট (বন্দোবস্ত) থাকে তবে গোমস্তা নিকটবর্ত্তী গ্রাম সকলের আমলার নিকট লিখিত কিম্বা বাজার দরের জন্য লিখিয়া পাঠায়। তাহারা গোমস্তার চিঠির পৃষ্ঠায়ই উত্তর দেয় এবং পরে গড় সাব্যস্ত করা হয়। এই প্রকারে দৃষ্ট হইবে যে শস্য ও শস্যের ওজনের অনুমান সম্পর্কীয় হিসাবই ভাওলী জমার প্রধান দলীল, জমাওয়াসীল হিসাব অপেক্ষাকৃত অল্পই কাজে আইসে।

(৩) উপরে যে বিভিন্নতা দর্শান হইয়াছে, তাহাতে শ্রীযুত ডেম্পিয়ার সাহেব স্বাক্ষর করিতে অশক্ত।

আমরা বহুদেশের জন্য এই বিষয়টা বিশেষরূপে বিবেচনা করিয়া দেখিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে ভূম্যধিকারীদিগকে কোন নির্দ্দিষ্ট ফারমে হিসাব রাখিতে বাধ্য করা অথবা কালেক্টরের আপিসে নিয়মিতরূপে বৎসরের নির্দ্দিষ্ট সময়ে সেই হিসাব দাখিল করিতে বাধ্য করা সঙ্গত নহে, এই প্রকার করিলে জমীদার ও কালেক্টরের উপর যেরূপ গুরুতর ভার অর্পণ করা হইবে তদনুরূপ ফল দর্শিবে না। পাটনার কমিশনর বেহার প্রদেশীয় পাটোয়ারী রীতি সম্বন্ধে অল্প কয়েক দিবস হইল রেবিনিউ বোর্ডে যে রিপোর্ট প্রদান করিয়াছেন, তাহাতে তিনি উক্ত বিষয়টী সূক্ষ্মানুসূক্ষ্মরূপে বিবেচনা করিয়া এই মত দিয়াছেন যে পাটোয়ারীদিগের হিসাব লেওয়ার বিষয় যে নিয়ম প্রচলিত আছে তাহা রহিত করা উচিত, সাহাবাদ ও চম্পারণের কালেক্টর মহোদয়গণেরও এ বিষয়ে এই মত। এই বিষয়ে আইন প্রণয়ন করিয়া এই প্রদেশে পরীক্ষা করা হইয়াছে, কিন্তু কোন ফল দর্শে নাই। বেহার কমিটী যে আইনের বিষয় প্রস্তাব করিয়াছেন তাহা বিধিবদ্ধ হইলে কার্য্যে পরিণত করা অত্যন্ত কষ্টকর হইবে। ইহার ন্যায়ানুগত শাসন নাই। যে সকল ব্যক্তিরা হিসাব দাখিল না করিবার জন্য অভিযুক্ত হইবে, অথবা মিথ্যা হিসাব দাখিল করার জন্য শাস্তিপ্রাপ্ত হইবে, তাহারা প্রচলিত আইনের বিরোধী হওয়ায় অশিক্ষিত লোকদিগের মনেও এমন স্থলে যে ঘৃণাব্যঞ্জক ভাবের উদয় হয়, তাহা প্রাপ্ত হইবেক না, কিন্তু তদ্বিপরীতে ন্যায় বিরোধী আজ্ঞার প্রতিকূলাচরণকারীরা যে সহানুভূতি প্রাপ্ত হয় তাহা প্রাপ্ত হইবে—কারণ ভূম্যধিকারী সম্প্রদায়েরা সকলেই এই ভাবে দেখিবে। তাহার বিধান পালন করার সাক্ষাৎ ফল এই হইবে যে প্রত্যেক ভূম্যধিকারীর অনেক ঘরের কথা বাহির হইয়া পড়িবে এইরূপ বিবরণ রাখিবার জন্য যে গৃহ প্রস্তুত হইবে, এবং সেই সকল কাগজপত্র সুশৃঙ্খল রাখিবার জন্য যে সকল কর্ম্মচারী রাখিতে হইবে তাহার ব্যয় আমাদের মতে রায়তদিগের উপকারের সম্ভাবনা অপেক্ষা অধিকতর হইবে। বেহার প্রদেশের অবস্থা এমৎ কিছু নাই যদ্দ্বারা আমরা ঐ প্রদেশের জন্য ভিন্নরূপ সিদ্ধান্ত করিতে পারি।

কার্য্য বিবরণ পৃঃ ৫।

১৪৮। বেহার কমিটী যে প্রস্তাবে পাটোওয়ারী কিম্বা জমীদারী সেরেস্তার জমাবন্দী, জমাওয়াসীল বাকী কিম্বা সেই প্রকারের অন্য কোন ফর্দ্দ কাগজ প্রমাণ লইতে পরিত্যাগ করিতে বলেন আমরা সেই প্রস্তাবে সম্মত হইতে পারি না। এই প্রস্তাবে উক্ত কমিটী এই সকল কাগজ পত্র বর্ত্তমান আইন অনুসারেও যে প্রমাণ স্বরূপে গৃহীত হওয়া উচিত নহে এইরূপ মত প্রকাশে সাহস করিতেছেন। বর্ত্তমান আইন অনুসারেই যদি ঐ সকল কাগজপত্র প্রমাণরূপে গৃহীত হইবার অযোগ্য হয়, তবে তাহাদের অযোগ্যতা স্থির করিবার জন্য নূতন বিধান প্রস্তুত করা অনাবশ্যক, কারণ অপ্রাসঙ্গিকতার ন্যূনাধিক্য নাই। সকল সভ্যদেশেই প্রাপ্ত প্রমাণের মূল্য, বিধান দ্বারা স্থির করা অথবা অতিসূক্ষ্ম নিয়মের দ্বারা কোন্ প্রমাণ গ্রহণীয় এবং কোন্ প্রমাণ উপেক্ষণীয় ইহা নিশ্চয় করার চেষ্টা পরিত্যক্ত হইয়াছে। যে সকল মত রুচিত হইয়া গিয়াছে তাহার পুনরুত্থাপনে বর্ত্তমান অবস্থায় আমাদের যে কিছু সাহায্য হইবে এমত মনে করি না। কোন বিষয় প্রমাণ স্বরূপ গ্রহণ করা এবং গৃহীত হইলে ন্যায্যরূপে তাহার গুরুত্ব ধরা এই উভয়ের মধ্যে যে বিভিন্নতা আছে তাহা অনেক দিন হইতে স্বীকৃত হইয়াছে এবং ভারতবর্ষীয় আইনে কার্য্যেও পরিণত হইয়াছে। গুরুত্বের মাত্রা অসংখ্য, লঘু তুলোমের যে ভার দ্বারা অতিসূক্ষ্ম তুলাদণ্ডও চালিত হয় না তাহা হইতে পৃথিবীর ভারের সহিত তুলনা করা যাইতে পারে। ইংলণ্ডীয় ব্যাঙ্কের সাবধান রক্ষিত খাতা সকল যাহাতে সত্যতার অনেক আভ্যন্তরিক প্রমাণ থাকিলেও বাহ্যিক অসংখ্য ঘটনা দ্বারা সেই সত্যতা সুপ্রমাণিত করা যাইতে পারে, এবং দেশীয় জমাবন্দীর ফর্দ্দ যাহা অর্দ্ধঘণ্টা মধ্যেই প্রস্তুত হইতে পারে এবং যাহাতে আভ্যন্তরিক ও বাহ্যিক প্রমাণের চিহ্ন অল্পই দেখিতে পাওয়া যায়, এই ইংলণ্ডীয় ব্যাঙ্কের খাতা এবং দেশীয় জমাবন্দীর বিভিন্নতা এক হাজার এবং দশমিক চতুর্থ স্থানের একের মূল্যের বিভিন্নতার তুল্য। আমরা বিবেচনা করি যে জমাবন্দী, জমাওয়াশীল বাকীও এই প্রকারের হিসাব পত্রের মূল্য নির্দ্ধারিত করার ভার আদালতের হস্তে ন্যস্ত থাকাই আবশ্যক; আদালত দেখিবেন যে সেই সকল হিসাব কিরূপ যত্নের সহিত প্রস্তুত হইয়াছে এবং তাহাদের আভ্যন্তরিক অথবা বাহ্যিক কি অকৃত্রিমতা আছে এবং তদনুসারে বিশেষ বিশেষ স্থলে তাহার কত গুরুত্ব আছে। মুদ্রিত রিপোর্টে অনেক মোকদ্দমা আছে যাহাতে দেখা যায় যে এই সকল অকৃত্রিমতার চিহ্ন বুঝিয়া কার্য্য হয়। এই বিষয় পরিত্যাগ করিবার পূর্ব্বে আমরা ভারতবর্ষীয় সাক্ষ্য সম্বন্ধীয় আইনের ৩৪ ধারার মন্তব্য উপলক্ষে দর্শাইতে চাহি যে যদিও দৈনন্দিন কার্য্যকালে হিসাবের বহীতে যে বিষয় লিখিত হয় তাহা সেই ধারা অনুসারে আদালতের বিচারাধীন কোন বিষয়ে প্রাসঙ্গিক প্রমাণ রূপে গৃহীত হইয়া থাকে, তথাপি সেই ধারায় আবার এই বিধান ও আছে যে ঐরূপ হিসাব বহী লিখিত বিষয়ই কেবল কোন ব্যক্তির প্রতিকূলে কোন দাবী স্থির করিবার পক্ষে যথেষ্ট প্রমাণ হইবে না।

জমাবন্দী, জমাওয়াসীল বাকী প্রভৃতি প্রমাণস্বরূপে গৃহীত না হইবার প্রস্তাব।

১৪৯। পাট্টা এবং কবুলিয়ত সম্বন্ধে বেহার কমিটী বলেন:—"আমরা বিবেচনা করি যে, কোন নির্দ্দিষ্ট পাঠে পাট্টা এবং কবুলিয়তের দান ও গ্রহণ অবশ্য কর্ত্তব্য বলিয়া স্থির করিতে চেষ্টা করিলে এই চেষ্টা বহুব্যাপী মোকদ্দমা ও বিবাদের কারণ হইয়া দাঁড়াইবে; আরও বিবেচনা করি যে, বেহার প্রদেশে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ তাহাতে পরস্পরের পক্ষে অত্যন্ত ক্লেশকর করিয়া তুলিবে; এবং ভবিষ্যতে প্রজার অবস্থার উৎকর্ষ সাধন করার পরিবর্ত্তে বরং অপকার করিতে পারে। অধিকন্তু বিধানপ্রবর্ত্তিত কোন নির্দ্দিষ্ট প্রকারের পাট্টা এবং কবুলিয়ত দান ও গ্রহণ অবশ্য কর্ত্তব্য করিলে রেজেষ্টরী আফিস এবং দেওয়ানী আদালতের সংখ্যা অনেক বৃদ্ধি করিতে হইবে, ইহার জন্য অনুরোধ করিতে আমরা প্রস্তুত নহি। এই বিষয়ে শ্রীযুত ব্রাউন সাহেব এক প্রস্তাব করিয়াছেন এবং তাহাতে কমিটী সম্মতি দিয়াছেন; তাহা এই যে যখনই কোন আদালত দখলী স্বত্বের জন্য ডিক্রী দিবেন, তখনই উক্ত আদালত যে জমিতে স্বত্ব ডিক্রী হইল তাহার সীমা লিখিত থাকে এরূপ পাট্টা ও কবুলিয়ত দান ও গ্রহণ করাইতে উভয় পক্ষকে বাধ্য করিবেন।"

পাট্টা ও কবুলিয়ত আদান প্রদান অবশ্য কর্ত্তব্য কি না এই বিষয়ে বেহার কমিটীর মত।

এই মত পূর্ব্বে আমরা (৭ এবং ৮ পারাগ্রাফ) যে মত অবলম্বন করিয়াছি সাধারণতঃ তাহার তুল্য। পাণ্ডুলিপির ১৫১ ধারায় রাইয়তী জমির নিয়ম নির্দ্ধারণ সম্পর্কীয় মোকদ্দমার যে বিধান আছে তাহা ১৬৭ ধারার বিধানের এবং দেওয়ানী কার্য্য বিধির আরজীর লিখিত বিষয়ের বিধানের সহিত একত্র গুহণ করিলে শ্রীযুত ব্রাউন সাহেবের প্রস্তাবের উদ্দেশ্য প্রচুর পরিমাণে সিদ্ধ হইবে। ১৯৫ ধারার (গ) প্রকরণের বিধান অনুসারে আরজীর লিখিত আবশ্যকীয় বিষয় গুলি ডিক্রীতে অবশ্য পুনর্ব্বার উল্লেখ করিতে হইবে, এবং উক্ত ডিক্রীর আদালতের সহী মোহরের নকল প্রজার পক্ষে পাট্টার কার্য্য এবং ভূম্যধিকারীর পক্ষে কবুলিয়তের কার্য্য করিবে। এইরূপ দলিলকে এই দেশীয় লোকেরা অত্যন্ত মূল্যবান জ্ঞান করে।

খাজানার জন্য চেক রসীদের ব্যবহারের কথা।

১৫০। বেহার কমিটীর অনেকাংশের এই মত এই যে চেক রসীদের ব্যবহার প্রচলিত করা হয়। তাঁহারা বিবেচনা করেন যে———

"রসীদ গুলি চেক রসীদ হইবে, এবং ভূম্যধিকারী নির্দ্দিষ্ট প্রণালীর চেক রসীদ দিতে অস্বীকার বা অবহেলা করিলে রসীদ দিতে অস্বীকার করে এই রূপ বিবেচনা করা হইবে; আরও "খাজানার নালিসের আরজীর সহিত, যে সময়ের খাজানার দাওয়া হয় বা যে অতিরিক্ত সময়ের আদালতের নিকট আবশ্যক বোধ হয়, বাদী সেই সময়ের খাজানার এক খানী রসীদ বহী দাখিল না করিলে তাহার মোকদ্দমা গুহণ করা যাইবে না।"

আমরা বিধান করিয়াছি (পাণ্ডুলিপির ৫৭ ধারা) যে প্রজার কোন কোন প্রয়োজনীয় বিষয় পূর্ণ রসীদ এবং বৎসরান্তে হিসাবের বিবরণ পাইতে অধিকার থাকিবে; ভূম্যধিকারী এই রূপ রসীদের ও হিসাবের বিবরণের অনুলিপি রাখিবে; এবং সে এই প্রকার রসীদ অথবা হিসাবের বিবরণ না দিলে দণ্ডনীয় হইবে। আইনে এতদপেক্ষা অধিকতর আর কিছু করিবার অনুরোধ করিতে আমরা প্রস্তুত নহি। আরজীর সহিত চেক রসীদের বহী দাখিল না করিলেই মোকদ্দমা যে ডিস মিস হইবে, এরূপ অনুরোধ করিতে আমরা প্রস্তুত নহি। আমরা বিবেচনা করি যে ভিন্ন২ অবস্থায় ঐ প্রকার রসীদ বহী দাখিল না করিলে কি দোষ ঘটে এবং বাহির করিলেই বা কি গুণ হয় তাহা বিবেচনা করিবার সম্পূর্ণ ভারই আদালতের হস্তে দেওয়া উচিত। এবং সকল স্থলে ব্যবহারের জন্য এই বিষয়ে একটী নির্দ্দিষ্ট নিয়ম বিধিবদ্ধ করিতে চেষ্টা পাইলে ব্যবস্থাপকদিগের একটী অত্যন্ত ভ্রমের কার্য্য হইবে।

রেজিষ্টরী কার্য্যের সুবিধার ও ব্যয় লাঘবের জন্য বেহার কমিটীর অনুরোধ।

১৫১। বেহার কমিটী রেজেষ্টরী কার্য্যের সুবিধা ও খরচা কমাইবার জন্য এই অনুরোধ করেন যে (১) রেজেষ্টরী আইনের এই রূপ সংশোধন করা উচিত যে কোন এক পক্ষকেই দলিলের নকল দাখিল করিতে অনুমতি দেওয়া হয়, তাহা হইলে রেজেষ্টারী আফিসে দলীলের নকল করিতে যে বিলম্ব, ব্যয় এবং অসুবিধা হয়, তাহা হইতে মুক্তি পাইতে পারিবে; এবং (২) প্রচলিত আইন মত কমিশ্যন না পাইয়াও সব রেজিষ্টরেরা দলীল রেজিষ্টরী করিবার জন্য মফঃসলে যাইতে পারে, তাহাদিগকে এইরূপ ক্ষমতা দেওয়া হয়। এই সকল প্রস্তাব বিবেচনার যোগ্য, কিন্তু আমরা বিবেচনা করি যে এই সকল বিষয়ের চর্চ্চা আমাদের কার্য্যের মধ্যে নহে।

বেহার প্রদেশে চাসী জমী বারম্বার পরিত্যাগ করিতে হয় বলিয়া রায়তেরা দখলী স্বত্ব পায় না।

১৫২। বেহার প্রদেশে রায়তের দখলীসত্ত্ব প্রাপ্তি পক্ষে এই একটী প্রধান অন্তরায় যে, দেশীয় রীতি মূলক কারণ বশতঃ রায়তেরা ক্রমিক বার বৎসর একই জমী কদাচিৎ ভোগ করিয়া থাকে এবং তজ্জন্য বর্ত্তমান আইনের অক্ষরানুসারে দখলী স্বত্ব জন্মায় না। কমিটী রিপোর্টে লিখিয়াছেন;———

"জমিদারের পাট্টা না দেওয়া এবং বেহার প্রদেশে যোতগুলি সামিল করিয়া লওয়া এবং ভাগ করিয়া দেওয়ার রীতিবশতঃ প্রকৃত প্রস্তাবে দখলীসত্ত্ব থাকিলেও, রায়তের সেই সত্ত্ব প্রমাণ করা সুকঠিন। বেহার প্রদেশীয় মহাল সকলের জমাবন্দী কাগজের পরীক্ষায় দেখা গিয়াছে যে বর্ত্তমান রায়তগণের শতকরা ৬০ জনে যে যে গ্রামে তাহারা বাস করে ১২ বৎসরের অধিককাল সেই সেই গ্রামে কোন জমী ভোগ করিয়াছে অথচ শতকরা এক জনেও ১২ বৎসর পূর্ব্বে যে পরিমাণ জমী ভোগ করিত সেই পরিমাণ জমী এক্ষণে ভোগ করে না। যেহেতু রায়তেরা পাট্টা কি অন্যরূপ কোন দলিল রাখে না যে দ্বারা দেখাইতে পারে কোন্ বিশেষ ক্ষেত্র তাহারা ১২ বৎসরের অধিক কাল ভোগ করিয়াছে এবং পরে কোন্ ক্ষেত্র প্রাপ্ত হইয়াছে, যে স্থানে তাহাদের নিঃসন্দেহ দখলীস্বত্ব আছে সে স্থানেও যে তাহারা বর্ত্তমান আইনুসারে ঐ স্বত্ব প্রমাণ করিতে পারিবে ইহা সন্দেহজনক। এই অনিষ্টপাতের প্রতীকারস্বরূপ আমরা প্রস্তাব করি যে কোন বাসেন্দা রায়ত কোন মহালে বার বৎসরের অধিক কোন জমী ভোগ করিলে সে সেই মহালের তাহার সমুদয় যোতে দখলী সত্ত্বের যে অধিকারী আইনের এই অনুমানটী বর্ত্তমানে যেরূপ আছে তদপেক্ষা বিশদ করা হয়। এই অনুমানের ফল এইরূপ হইবে যে কোন রায়ত কোন মহালের যে কোন জমীতে হউক না কেন, বার বৎসরের অধিক কাল বাস এবং চাষ করিলে সেই রায়তের তাহার সমুদয় যোতে বা কতকাংশে যে দখলীসত্ত্ব নাই ইহা প্রমাণ করার ভার জমিদারের শিরে পড়িবে।

আমাদের বোধ হইয়াছে উপরোক্ত উদ্ধৃতাংশে বেহার সম্বন্ধে বর্ত্তমান আইনের একটী গুরুতর ত্রুটি দেখাইয়া দিয়াছে। ভিন্ন২ সময়ে ভিন্ন ভিন্ন জমী চাষ করার রীতি ভারতবর্ষে বহুকাল হইতে প্রচলিত। এই রীতি পুরাতন গ্রাম্য সমাজ সকল অনুসরণ করিয়াছেন এবং আমরাও এখন জানিতেছি যে সময়ে২ সমাজের জমী বিভাগ করিয়া দেওয়া প্রাচীনকালের একটী সাধারণ নিয়ম ছিল এবং ইহার চিহ্ন বর্ত্তমান ইউরোপের সভ্যতম প্রদেশ সমূহেও এখনও বিদ্যমান আছে। (১) গ্রাম্য সম্প্রদায়ী প্রথা রহিত হইবার পরেও জমী যথেষ্ট এবং লোক কম থাকার গতিকে কৃষক কোন জমী ২।৩ বৎসর চাষ করণানন্তর এক শস্য উৎপাদন করিতে করিতে এবং সার না দেওয়াতে জমীর উর্ব্বরা শক্তি হ্রাস হইলে জমী সচরাচর পরিত্যাগ করিত। লোক সংখ্যা বৃদ্ধি হইতে লাগিলে এই রীতি

করিয়া আসিতে থাকে। বেহার প্রদেশে যে অবস্থা বিদ্যমান আছে তাহা উক্ত পুরাতন রীতির ভগ্নাবশেষই (*) হউক অথবা অন্য কোন কারণ বশতঃই হউক বেহার প্রদেশের এই বর্ত্তমান অবস্থাটী স্বতন্ত্র; এবং এই দেশের অবস্থা পরিবর্ত্তন জন্য যে নূতন ব্যবস্থা করা হয়, তাহাতে উক্ত বিষয় বিস্মৃত হওয়া উচিত নহে। যখন ১৮৫৯ সালের ১০ আইনে বিধিবদ্ধ হইল যে, কোন রায়ত ১২ বৎসরের অধিক কোন জমী চাষ বা ভোগ করিলে তাহার এই প্রকার ভোগকৃত ও কর্ষিত জমীতে দখলী স্বত্ব জন্মিবে; তখন ইহাতে বেহারের এই স্বতন্ত্র অবস্থার জন্য কোন বিধান করিতে উপেক্ষা হইল এবং আমরা এখন বিবেচনা করি যে এই অবস্থা স্বীকার করিয়া ইহার দোষের প্রতীকার করা সঙ্গত। আমরা এই অসুবিধা নিবারণ করিবার জন্য এই প্রস্তাব করি যে, যে সকল রায়ত কোন নির্দ্দিষ্ট তারিখে (যাহার জন্য পরে নোটিস দেওয়া হইবে, জিরাট জমী ভিন্ন অন্য প্রকার জমাতে দখলিকার আছে এবং তিন বৎসর যাবৎ ঐ জমী ক্রমিক ভোগ করিয়া আসিতেছে তাহারা যদি ইহা প্রমাণ করিতে পারে যে উক্ত মহালে অথবা এমন কোন মহালে যাহা কোন দিন এই মহালভুক্ত ছিল কোন জমী ১২ বৎসর ভোগ করিয়াছে, তবে উক্ত জমীতে তাহাদের দখলী স্বত্ব জন্মে এই রূপ বিধিবদ্ধ হউক (পাণ্ডুলিপির ৮১ ধারা দেখ)। যার বৎসর কোন জমী দখল করিলে বাসেদ্দা রায়ত হইবার ইচ্ছার চিহ্ন বলিয়া আমরা বিবেচনা করি এবং বেহার প্রদেশের স্বতন্ত্র অবস্থা দৃষ্টে আমরা এই দখলীসত্ত্বের সময় ১২ বৎসরের স্থলে ৩ বৎসর করিলাম। যে কোন নির্দ্দিষ্ট তারিখ সম্বন্ধে নোটিস জারী করা হইবে উক্ত দিবসে যে বিশেষ অবস্থা থাকে তৎসম্বন্ধেই এই বিধান বর্ত্তিবে। ভবিষ্যতে দখলীস্বত্ব প্রাপ্তি পাণ্ডুলিপির সামান্য বিধান অনুসারে হইবে বলিয়া অভিপ্রায় আছে। কিন্তু ইহা বিচার যোগ্য যে ভবিষ্যতে বেহারে দখলী স্বত্বের উৎপত্তি নিমিত্ত তিন বৎসরই যথেষ্ট বলিয়া গণ্য করা উচিত কি না।

জিরাট জমির সংজ্ঞা

১৫৩। কমিটী উত্তর পশ্চিম প্রদেশীয় খাজানা সম্বন্ধীয় আইন অর্থাৎ ১৮৭৩ সালের ১৮ আইনে উল্লিখিত সেরী ভূমির যে সংজ্ঞা আছে তাহা হইতে জিরাট ভূমির যে সংজ্ঞা সংগ্রহ করিয়া গুচ্ছকরিতে অনুরোধ করিয়াছেন, আমরা তাহাই গুচ্ছকরিয়াছি। তাঁহারা বলেন যে এইরূপসংজ্ঞা করায় বেহারপ্রদেশের কোন কোন স্থানে যে একটী রীতি প্রচলিত আছে, তাহা নিবারণ করিবে। সে রীতিটী এই ভূম্যধিকারিগণ বলপূর্ব্বক রাওতদিগের জমীর কতকাংশ কাড়িয়া লইয়া থাকে, অথবা জিরাট ভূমি লইয়া তৎপরিবর্ত্তে বাওলী ভূমি দিয়া জমাবন্দিতে উভয় ভূমিকেই জিরাট ভূমি বলিয়া লিখিয়া রাখে। ভবিষ্যতে রায়তদিগের ইচ্ছানুসারে কোন জমির বিনিময় সম্বন্ধে আমরা এই বিধান করিয়াছি (৮২ ধারা) যে যখন কোন ভূমির এই প্রকার বিনিময় হইবে, তখন রাওত তাহার পূর্ব্বের ভূমিতে যে প্রকার দখলী সত্ত্ব ভোগ করিত এই বিনিময়লব্ধভূমিতেও সেই প্রকার দখলীসত্ত্ব ভোগ করিবে। যদি কোন ভূমি তাহার ইচ্ছার বিরুদ্ধে বিনিময় করা হয় তবে সে আদালতে প্রতিবিধানের জন্য প্রার্থনা করিতে পারিবে।

রায়তের যে ভূমিতে দখলী স্বত্ব ছিল তাহার পরিবর্ত্তে ভূম্যধিকারী হইতে অন্য কোন ভূমি পাইলে তাহাতে দখলী স্বত্ব পাইতে পারিবে।

১৫৪। নিম্নলিখিত বিষয়গুলির উপর বেহার কমিটী যে মত দিয়াছেন, তাহা আমরা বিশেষরূপ পর্য্যালোচনা করিয়াছি:—যে সকল রাওতের দখলীস্বত্ব নাই তাহাদের উচ্ছেদ—যে সকল রায়ত ভূমির কোন প্রকার উৎকর্ষ-সাধন করিয়াছে তাহাদিগকে উচ্ছেদ করা হইলে তাহাদের ক্ষতিপূরণ—দখলী স্বত্ব হস্তান্তর করণের অধিকার—দখলী স্বত্বের ন্ রায়তদিগের কোর্পাবিলি করিবার অধিকার—শস্যাদির আটক সম্বন্ধীয় আইনের সংশোধন—জমা বৃদ্ধি সম্বন্ধীয় আইনের পরিবর্ত্তন ও উৎকর্ষ সাধন—খাজানা আদায়ের জন্য সরাসরী কার্য্যপ্রণালী—বিবাদ স্থলে কালেক্টর কর্ত্তৃক তার নির্দ্ধারণ—যে যে কিস্তিতে খাজানা দিতে হইবে—যে ব্যক্তি ভূমির খাজানা পাইয়া থাকে তৎ-কর্ত্তৃকউক্ত ভূমির জরীপ—বাকী খাজানা আদায়ের মোকদ্দমার আরম্ভীতে জমির সীমা ও পরিমাণের উল্লেখ—যখন কোন্ ব্যক্তিকে খাজানা দিতে হইবে এই বিষয় লইয়া বিবাদ উপস্থিত হয় তখন প্রজা কর্ত্তৃক খাজানা আমানত রাখা। উপরোক্ত বিষয়গুলির কোন কোন বিষয়ে কমিটীর সভ্যেরা রিপোর্টে যে অনুরোধ করিয়াছেন তাহাতে তাঁহারা সকলে একমত হন নাই; এবং কোন কোন বিষয়ে; যথা কার্য্যপ্রণালীর বিষয়ে কোন কোন সভ্য অন্যের সম্পূর্ণ বিপরীত মত অবলম্বন করিয়াছেন। উল্লিখিত বিষয় গুলি সম্পর্কে প্রচলিত আইনের অধিকাংশ দোষ বঙ্গ এবং বেহার উভয় স্থানের প্রতিই বর্ত্তে; এবং আমরা বিবেচনা করি যে চলিত আইন সংশোধন করিবার সময় বঙ্গ এবং বেহার উভয় প্রদেশ সম্বন্ধেই তুল্যরূপ ব্যবহার করা উচিত। এই নিমিত্ত আমরা বিবেচনা করি যে পাণ্ডু-লিপিতে ঐ সকল বিষয়ের উপর যে বিধান করা হইয়াছে তাহা বেহারের প্রয়োজন জন্য যথেষ্ট এবং উপযুক্ত।

যে যে বিষয়ে বঙ্গ ও বেহারের বিধানে কোন রূপ বিভিন্নতা করা উচিত বোধ হয় নাই।

১৫৫। বেহারে ভূমিজাত দ্রব্য দ্বারা খাজানা আদায়ের যে প্রচলিত নিয়ম আছে তৎসম্পর্কে উক্ত কমিটী এই ২ প্রস্তাব করেন।——

ফসল দ্বারা খাজানা আদায় করার নিয়ম সম্পর্কে বেহার কমিটীর প্রস্তাব।

১ম। ফসলের পরিমাণ অথবা মূল্য সম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে কোন পক্ষ আবেদন করিলেই কালেক্টর ভাগ, পরিমাণ ও মূল্য নির্দ্ধারণ করিবার জন্য এক জন উপযুক্ত কার্য্যকারককে প্রেরণ করিবেন;

২য়। দানাবন্দী অথবা মূল্য নির্দ্ধারণের কাগজ পত্র মূল্য নির্দ্ধারণের পর পনের দিনের মধ্যে কালেক্টরের আফিসেদাখিল করিতে হইবে;

৩য়। যখন কোন প্রজা উপযুক্ত কারণ ব্যতীত কোন বাওলী জমি পতিত রাখিবে, যে কালের জন্য উক্ত জমি পতিত রাখিবে, সেকালের জন্য তাহাকে উক্ত জমির খাজানা টাকায় দিতে হইবেক; এই খাজানার হার নিকটবর্ত্তী স্থানের ঐ প্রকার জমির খাজানার হার অপেক্ষা অধিকতর হইতে পারিবে না;

৪র্থ। যেস্থানে দখলী স্বত্ব স্থাপিত হইয়াছে সে স্থানের দখলী স্বত্ববান্ রায়ত অথবা জমিদার নিকটবর্ত্তী স্থানের দখলী স্বত্ববান রায়তগণ যে হারে খাজানার টাকা দিয়া থাকে সেই হারে বাওলী জমিকে নগদ টাকার

(*) শ্রীযুত ডাল্টিয়ার সাহেব বেহার প্রদেশের বর্ত্তমান অবস্থা সম্বন্ধে এই মন্তব্য খাটে কি না সন্দেহ করেন।

আদায়কারী জমিতে পরিবর্ত্তন করিতে পারিবেক, এবং যদি নিকটবর্ত্তী স্থানে খাজানার টাকা আদায়কারী জমি না থাকে, তবে পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরে যেরূপ ফসল হইয়াছে, তাহাতে জমিদারের অংশের উৎপন্নদ্রব্যের গড় মূল্য নির্দ্ধারণ করিয়া তদ্তুল্য খাজানার টাকা আদায় করিতে হইবেক ;

৫ ম। যখন উৎপন্ন দ্রব্য হইতে জমিদারের প্রাপ্য অংশের পরিমাণ কোন লিখিত চুক্তিপত্রে নির্দ্ধারিত না থাকে, ইহা অনুমান করা হইবে যে জমিদারের অর্দ্ধাংশ এবং রায়তের অর্দ্ধাংশ।

আমরা প্রথম ও দ্বিতীয় প্রস্তাবটী সম্পূর্ণরূপে গ্রহণ করিয়াছি এবং পাণ্ডুলিপির ৮৪ এবং ৮৫ ধারায় তাহা লিখিত হইয়াছে। জিলার মেজেস্ট্রেটদিগকে জিজ্ঞাসা করা যাইতে পারে বাঙ্গালা প্রদেশের জন্য উক্ত প্রকার বিধানের আবশ্যকতা আছে কি না। আমরা ৩য় প্রস্তাবটী অনুমোদন করিতে অসমর্থ। বৎসরে কোন্ জমি চাষ করা হইবে এবং কোন জমি চাষ করা হইবে না, রায়তদিগের এই অধিকারটী থাকায় দক্ষিণ বেহারের রায়তেরা উৎপন্ন শস্যের অর্দ্ধাংশ পর্য্যন্তও তাহাদের ভূমির কর স্বরূপ দিতে সমর্থ হইয়া থাকে। সুতরাং আমরা যত দূর জানিতে পারিয়াছি তাহাতে আমরা বেহার কমিটীর এই প্রস্তাব অনুমোদন করিতে পারি এমন সম্ভাবনা নাই। ৪র্থ প্রস্তাবটী আমরা অল্প কিছু পরিবর্ত্তন করিয়া গ্রহণ করিয়াছি এবং পাণ্ডুলিপির ৮৬ ধারায় তাহা সন্নিবেশিত হইয়াছে। আমাদের অনেকেই এইরূপ বিবেচনা করেন যে শস্যদ্বারা কর আদায়ে যে সকল উৎপীড়ন হইয়া থাকে, নগদ টাকায় কর দেওয়ার নিয়ম করিলে ঐ সকল দূর হইতে পারে এবং এই কর পরিবর্ত্তনের ক্ষমতা প্রজাদিগকে দিলেই কৃষিকার্য্যে উৎসাহ দেওয়া হইবে এইরূপ আশা করা যায়।* রায়তকে শস্যের পরিবর্ত্তে অবশ্যই টাকা দিতে হইবেক শ্রীযুত ডোম্পীয়ার সাহেব এইরূপ বাধ্যতার নিয়মের প্রতিরোধী(*) আমরা পঞ্চম প্রস্তাবটীও সম্পূর্ণ গ্রহণ করিয়াছি, কিন্তু আমরা আরও অতিরিক্ত বিধান করিয়াছি যে কোন অবস্থায়ই জমিদারের প্রাপ্য উৎপন্ন শস্যের অংশ অর্দ্ধাংশ অপেক্ষা অধিক হইতে পারিবে না।

বেহার প্রদেশের জন্য আইন করার উদ্দেশ্য।

১৫৬। আমরা বিবেচনা করি যে শস্যাদির বেতাইনী আটক হইতে অবৈধ খাজানা বৃদ্ধি হইতে, এবং অন্যায় কর হইতে, প্রজাকে রক্ষা করা বেহার প্রদেশের জন্য আইন করার প্রধান উদ্দেশ্য। রায়তগণকে নিজ দখলীস্বত্ব রক্ষা করিতে পারগ করা এবং শস্যাদিদ্বারা যে খাজানা আদায় হয়, এবং জমিস্থিত ফসলের মূল্যানুসারে অথবা অন্য কোন উপায়ে উৎপন্ন শস্যাংশের মূল্য নির্দ্ধারণ করিয়া যে নগদ টাকায় খাজানা দেওয়া হয় তাহা আদায় করিতে যে অত্যাচার ঘটে, তাহা নিবারণ করা এই আইনের আর একটী প্রধান উদ্দেশ্য। আমরা বিবেচনা করি, আইন দ্বারা যত দূর সংসাধিত হইতে পারে দ্বাদশ অধ্যায়ে বেহার সম্বন্ধে যে সকল বিশেষ বিধান করা হইয়াছে তৎসঙ্গে পাণ্ডুলিপির অন্যান্য বিধান যোগে এই সকল উদ্দেশ্য সংসাধিত হইবেক।

ক্ষতি ও দণ্ড।

১৫৭। ত্রয়োদশ অধ্যায়ে ক্ষতি ও দণ্ড সম্বন্ধে যে সকল বিধান করা হইয়াছে তৎসম্বন্ধে অল্পই মন্তব্য আবশ্যক করে। যেহেতু সেই সকল বিধান প্রকৃত প্রস্তাবে বর্ত্তমান আইনের বিধানের পুনঃবিধিবদ্ধকরণ মাত্র। (১) আইন অনুসারে দেয় খাজানার অতিরিক্ত টাকা বেআইনী আদায়ের জন্য; (২) খাজানা দেওয়া হইলে তজ্জন্য রসীদ না দেওয়ার জন্য; এবং (৩) বল পূর্ব্বক খাজানা আদায় করার জন্য ক্ষতিপূরণ দেওয়া যাইতে পারে। আমরা আইনের সে অংশ অবিকল রাখিয়াছি যাহাতে প্রজা খাজানা আদায় সম্বন্ধে অবহেলা করিয়া এইরূপ অবহেলার যুক্তিযুক্ত বা সম্ভবপর কারণ দেখাইতে না পারিলে, যে খাজানা দেওয়া বা আমানত করা না যায় তাহার উপর শতকরা ২৫ টাকায় অনধিক ক্ষতিপূরণ দেওয়াইবার জন্য আদালতের ক্ষমতা দেওয়া হইয়াছে। আদালতের নিষ্পত্তি অনুসারে ইহা বিশদ করা হইয়াছে যে (ক) খাজানার জন্য ডিক্রীর পূর্ব্বে উক্ত খাজানার সুদ এই সকল ক্ষতিপূরণের সঙ্গে দেওয়া হইবেক না; এবং (খ) ডিক্রীপ্রাপ্ত খাজানা ও খরচার মোট টাকার ন্যায় ক্ষতিপূরণের আজ্ঞা হইলে তাহার উপর আদায় তারিখপর্য্যন্ত শতকর ৬ টাকা হারে সুদ দিতে হইবেক। আমরা বর্ত্তমান বিধানের এই অংশও রাখিয়াছি যে যুক্তি- অথবা সম্ভবপর কারণ ব্যতিরেকে যে খাজানার জন্য দাবী করা হয়, অথবা খাজানা নিয়মিতরূপে কালেক্টরীকে যুক্ত দাখিল করা হইলেও যদি তাহার জন্য নালিশ করা হয়, তবে সেই খাজানার উপর শতকরা ২৫ টাকা হিসাবে আদালত প্রতিবাদীকে ক্ষতিপূরণ দেওয়াইতে পারিবেন।

তামাদি। জমীদার ও প্রজাদের মোকদ্দমার এবং দরখাস্তের তফসীল।

১৫৮। ১৮৭৭ সালের ১৫ আইন অর্থাৎ ভারতবর্ষীয় তামাদি আইনের তফশীলের আদর্শক্রমে আমরা এক তফসীলে জমিদার ও প্রজাবর্গের সেই সকল মোকদ্দমা ও দরখাস্ত সংগ্রহ করিয়াছি, যে সকল মোকদ্দমা ও দরখাস্তের জন্য ১৮৫৯ সন হইতে একটী বিশেষ তামাদি নিয়ম চলিয়া আসিতেছে, এবং আমরা ঐ ফর্দ্দে কতক নূতন বিষয়ের যোগ করিয়াছি। ১৮৭৭ সালের ১ আইনের অর্থাৎ বিশেষ উপকার বিষয়ক আইনের ৯ ধারার অন্তর্গত না হয় এমত স্থলে ভূম্যধিকারী কর্ত্তৃক বে-আইনীমতে কোন প্রজার উচ্ছেদ হইলে সেই প্রজাকে জমীদারের প্রতি- কূলে তাহার ঘোতের দখল পাওয়ার নালিশ এক বৎসরের মধ্যে উপস্থিত করিতে হইবে, এই রূপ আমরা বিধান করিয়াছি ; অর্থাৎ যে স্থলে মোকদ্দমায় বিনা সম্মতিতে বেদখল করা এই প্রশ্ন কেবল উত্থাপিত হইয়া থাকে এমত

---

* "শস্যই লোকের নিকট একটী অতি সুপরিচিত কর আদায়ের উপায়, তজ্জন্যই অতি সত্বর শুদ্ধ ও পরিমিত হওয়া সম্ভব। পক্ষান্তরে শস্যের মূল্য স্বরূপ টাকা দেওয়া হইলে শস্য কর আদায় করার জন্য যে সকল উৎপীড়ন ঘটে তাহা আর ঘটেনা, এবং এই রূপ শস্যের পরিবর্ত্তে টাকা দেওয়া না দেওয়ার ক্ষমতা স্থায়ি ভাবেই হউক অথবা সাময়িক ভাবেই হউক, প্রজার উপর থাকিলেই কৃষিকার্য্য যথেষ্ট উৎসাহিত হয়।" মেষর ক্যাম্বেল সাহেবের মন্তব্য লিপি। ১৮৩২ সনের সিলেক্ট কমিটীর রিপোর্টের পরিশিষ্ট ৫৬ পৃষ্ঠা।

(*) ডাম্পিয়ার সাহেব যে সকল কারণ দর্শনে এরূপ বিবেচনা করেন তাহা এই রিপোর্টের ১৪৬ ধারায় (গত ৭৩ পৃষ্ঠা দেখ) ফটনোট স্বরূপ পাটনার কমিশনরের চিঠীর দারাগ্রাফ মধ্যে দেখা যাইবে।

মহে, স্বত্ব সম্বন্ধেও প্রশ্ন উত্থাপিত হইয়া থাকে। তালুকদার কিম্বা পেটাও তালুকদার কর্তৃক ঐ প্রকার মোকদ্দমা উত্থাপনের বিষয়ে আমরা ৩ বৎসর মিয়াদ নির্দ্ধারিত করিয়াছি। আমরা বিধান করিয়াছি যে, নির্দ্ধারিত সময়ের পরে মোকদ্দমা উপস্থিত অথবা দরখাস্ত দাখিল হইলে, যদিও তামাদি আপত্তি স্বরূপ উত্থাপিত করা না হউক, তথাপি মোকদ্দমা ও দরখাস্ত ডিস্‌মিস্ হইবে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ব্যবস্থানুসারে ইহা করা হইয়াছে।

১৫৯। আমরা প্রস্তাবিত আইনে মোকদ্দমা এবং আবেদন বিষয়ে ভারতবর্ষীয় তামাদিসম্বন্ধীয় আইনের অর্থাৎ ১৮৭৭ সালের ১৫ আইনের নিম্নলিখিত অংশ সম্পষ্টরূপে বিস্তৃত করিয়াছি, যথা। (ক) ৪ ধারার ব্যাখ্যা যথা, যখন এতদ্ধানি আরজী কোন উপযুক্ত কর্ম্মচারীর নিকট অর্পণ করা হয়,—সাধারণ স্থলে তখনই মোকদ্দমা উপস্থিত করা হয়; পাপর সম্বন্ধে যখন নালিশ করিবার অনুমতির জন্য তাহার আরজী দাখিল করা হয়; যখন আদালতের দ্বারা কোন ব্যবসায়ী কোম্পানির কার্য্য শেষ করিয়া দেওয়া হয়, উক্ত কোম্পানির বিরুদ্ধে তাহার ও কোন দাবী থাকিলে, যখন দাবীদার আদালত নিযুক্ত ঋণপরিশোধকের নিকট তাহার দাবী লিখিয়া পাঠান; (খ) এই ২ বিষয় সম্বন্ধে ৫ ধারা অর্থাৎ যে মোকদ্দমা অথবা আরজীর মিয়াদের শেষ দিন আদালত বন্ধ হইবার দিনে পড়ে যে দিবস আদালত পুনর্ব্বার খুলিবে সেই দিবস পর্য্যন্ত তাহা গ্রাহ্য করা এবং মিয়াদ অতিবাহিত হইলে পর কোন মোকদ্দমার বা আরজী পুনর্ব্বিচার জন্য তাহা গৃহীত হওয়া, যখন আপিলান্ট অথবা আরজী প্রদানকারী আদালতকে সন্তুষ্ট করিতে পারে যে উপযুক্ত সময়ে আপিল বা আরজী উপস্থিত না করিবার যথেষ্ট কারণ আছে; এবং (গ) মিয়াদের সময় গণন বিষয়ক তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় তামাদি সম্বন্ধীয় আইনের কতকাংশ খাজানা সম্বন্ধীয় মোকদ্দমার বিশেষরূপে বিস্তৃত।

১৬০। ১৮৫৯ সন হইতে খাজানা সম্বন্ধীয় মোকদ্দমার এক বিশেষ তামাদি আইন চলিয়া আসিতেছে। বর্ত্তমান সাধারণ তামাদি আইন অর্থাৎ ১৮৭৭ সালের ১৫ আইন প্রচলিত হইবার পূর্ব্বে এই বিশেষ আইন কোন কোন বিষয়ে সাধারণ আইন হইতে বিভিন্ন ছিল:———যথা

১৮৫৯ সালহইতে খাজানা সম্বন্ধীয় মোকদ্দমার বিশেষ তামাদি আইন।

(১) সাধারণ তামাদি আইনের বিধানের বিপরীতে এই নিয়ম ছিল যে যখন আদালতের বন্ধের দিনে কোন মোকদ্দমার মিয়াদ অতীত হইত, তখন কোন সময় কর্ত্তন করা হইত না এবং যে দিবস আদালত পুনর্ব্বার খুলিত সে দিবস মোকদ্দমা উপস্থিত হইতে পারিত না।

যে যে বিষয়ে সাধারণ আইনের সহিত এই আইনের বিভিন্নতা।

(২) সাধারণ তামাদি আইনের বিধানের বিপরীত এই রূপ নিয়ম ছিল যে যখন কোন বাদী নালিসের এক হেতুমূলক অন্য একটী দেওয়ানী মোকদ্দমা উপযুক্ত যত্নের সহিত অন্য এক বিচারালয়ে চালাইত, অথবা অকপট বিশ্বাসের সহিত এমন এক আদালতে মোকদ্দমা করিত বিচারাধিপত্য না থাকায় অথবা ঐ প্রকার অন্য কোন কারণ বশতঃ যে আদালত উক্ত মোকদ্দমা গ্রাহ্য করিতে নিজে অসমর্থ হইতেন, তখন উক্ত কারণ জন্য সময় কর্ত্তন হইত না।

(৩) সাধারণ তামাদি আইনের বিধানের বিপরীতে এই রূপ নিয়ম ছিল যে আইন অনুযায়ী কোন প্রকার অক্ষমতা, অর্থাৎ অপ্রাপ্ত ব্যবহারতা, উন্মাদ, জড়তা থাকিলেও সময় কর্ত্তন হইত না;

(৪) সাধারণ তামাদি আইনের বিধানের বিপরীতে ইংলণ্ডীয় পদ্ধতি অনুসারে সময় গণনা হইত;

(৫) যে তর্কের উপর পূর্ব্বোক্ত প্রস্তাব কয়েকটী স্থাপিত হইয়াছে, সেই তর্কানুসারে তামাদি আইনের যে বিধানক্রমে আপীল করার সময় গণনা বিষয়ে নিম্ন আদালতের ডিক্রী ও রায়ের নকল পাইতে যে সময় আবশ্যক, সে সময় কর্ত্তনের ব্যবস্থা হইয়াছিল, সে বিধান খাজানার মোকদ্দমায় প্রয়োজিত হইত না; কিন্তু সদর আদালতের একটী সারকিউলার আজ্ঞা অনুসারে উক্ত সময় কর্ত্তন হইত।

১৬১। তামাদি আইনের ১৮৭১ সালের ৯ম) ৬ ধারার বিধান নিম্নে উল্লিখিত হইতেছে;—যখন এতৎসংযুক্ত কোন তফসীলে অনুল্লিখিত কোন আইনদ্বারা (যে আইন ইংলণ্ডের শাসনাধীন ভারতবর্ষের কোন অংশে এখন বলবৎ আছে, অথবা ভবিষ্যতে বলবৎ হইবে,) কোন মোকদ্দমা আপীল অথবা আরজীর জন্য এই আইনদ্বারা নির্দ্দিষ্ট মিয়াদ হইতে স্বতন্ত্র কোন প্রকার মিয়াদ বিশেষরূপে নির্দ্দিষ্ট হয়, তবে এই আইনের উল্লিখিত কোন কথাই উক্ত আইনের বিরোধী হইবে না। ১৮৫৯ সালের ১০ আইন এবং ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ম আইন এই আইন সংযুক্ত তফসীলে উল্লিখিত নাই,—এবং তদনুসারে ইহা নির্দ্ধারিত হইয়াছে যে ১৮৭১ সালের ৯ম আইনে উল্লিখিত কোন বিষয়ই উপরি উক্ত আইনের বিরোধী হয় নাই; অতএব ৯ম আইনে মিয়াদ গণনা বিষয়ে যে সকল নিয়ম আছে—তাহা খাজানার মোকদ্দমায় প্রযুক্ত অথবা তাহার বিরোধী হয় নাই। বর্ত্তমান মিয়াদ বিষয়ক আইনের (১৮৭৭ সালের ১৫শ) ৬ ধারা (যাহা ১৮৭১ সালের ৯ আইনের ৬ ধারার স্থানীয়) ভিন্ন ভাষায় নিবদ্ধ হইয়াছে;—যথা, "ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে বিশেষ কি স্থানীয় যে আইন এইণে প্রবল আছে বা ভবিষ্যকালে প্রচলিত হইবে, এমত কোন আইনে কোন মোকদ্দমা কি আপীল কি প্রার্থনা পত্র উপস্থিত করিবার বিশেষ মিয়াদ নির্দ্ধারিত থাকিলে, এই আইনের কোন কথাদ্বারা ঐ নির্দ্ধারিত মিয়াদের ব্যতিক্রম কি পরিবর্ত্তন হইবেবে না।" ইহা স্থিরীকৃত হইয়াছে (ইণ্ড, ল, রি, ৫ কলি, ১১০) যে ভাষা পরিবর্ত্তনের এই ফল হইয়াছে যে ১৮৭৭ সালের ১৫ আইনক্রমে নির্দ্ধারিত সময় গণনার জন্য মিয়াদের নিয়মগুলি সম্পষ্টই এই হেতুতে প্রয়োজিত হইতে পারে যে মিয়াদ গণনার জন্য যে নিয়ম নির্দ্ধারিত হইয়াছে তাহাতে মিয়াদ কালের সহিত কোন সম্পর্কই নাই যদি এই বিচারটীকেই চূড়ান্ত বলিয়া গ্রহণ করা যায় তবে বিশেষ উল্লেখ করিয়া বাকী খাজানার মোকদ্দমার প্রতি ৩য় অধ্যায় প্রয়োজিত করণ অনাবশ্যক, কারণ শীর্ষ লিখিত বিষয় দৃষ্টে সম্পষ্টই বোধ হয় যে এই অধ্যায়ের সমস্তই, (অর্থাৎ ১২ হইতে ২৫ ধারা পর্য্যন্ত) "মিয়াদ গণন" বিষয়ক। যাহাহউক আমরা উক্ত বিচার অনুসরণ করিয়া সম্পষ্ট কথায় বিধান করা অধিকতর সুবিধাজনক বোধ করিয়াছি। যথাযোগ্য বিবেচনার পর আমরা এই স্থির করিয়াছি যে অপারগতার স্থলে বাকী খাজানার মোকদ্দমায় সময়

দেওয়া উচিত নহে। আমরা বিবেচনা করি যে, অপ্রাপ্ত ব্যবহারাবস্থায় রায়তের নিকট খাজানা বাকী পড়িলে প্রাপ্ত ব্যবহার হইয়া কোন ব্যক্তিকে রায়তের নামে উক্ত বাকী খাজানার জন্য নালিশ করিতে ক্ষমতা দেওয়া উচিত নহে; যে ঋণ কোন নিঃস্ব লোক বাৎসরিক উৎপন্ন সামগ্রী হইতে বৎসর বৎসর আদায় করিয়া থাকে তাহা এই রূপ বাকী পড়িতে দেওয়া উচিত নহে; এবং যদি কোন অপ্রাপ্তব্যবহার ব্যক্তির মহালের কার্য্যাধ্যক্ষ খাজানা প্রাপ্য হইলে তাহা উশুল করিতে অবহেলা করেন, তবে উক্ত অপ্রাপ্তব্যবহার ব্যক্তির এই প্রতিবিধানের ক্ষমতা থাকা উচিত যে তিনি উক্ত কার্য্যাধ্যক্ষের বিরুদ্ধে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেন।

প্রজা ভূম্যধিকারীর পরস্পর অধিকার সম্বন্ধীয় মোকদ্দমার নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত যে সময়ে ভূম্যধিকারী খাজানার জন্য প্রজার নামে নালিশ করিতে পারিবেন। সেই সময় গণনার বিষয়।

১৬২। আমরা বিধান করিয়াছি (৯৪) যে যখন কোন ব্যক্তির মধ্যে কোন মোকদ্দমার এই ফল হইবে যে তাহাদের পরস্পরের মধ্যে প্রজা ও ভূম্যধিকারীর সম্বন্ধ আছে এবং ঐ মোকদ্দমার সময় ও ঐ প্রকার সম্বন্ধ ছিল এই রূপ দেখিতে পাওয়া যায়, কিন্তু ঐ মোকদ্দমা দ্বারা যে পর্য্যন্ত তাহাদের পরস্পরের অধিকার নির্দ্ধারিত না হয় সে পর্য্যন্ত উক্ত ভূম্যধিকারী উক্ত প্রজার নামে খাজানার জন্য নালিস করিতে অসমর্থ থাকে, তখন উক্ত খাজানার জন্য নালিসের মিয়াদ উক্ত মোকদ্দমা নিষ্পত্তির দিন হইতে গণিত হইবেক এই নিয়মটী পরিষ্কাররূপে ব্যক্ত করা কঠিন সে জন্য আমাদের ইচ্ছা যে সকলে ইহা বিচার করিয়া দেখেন। এই নিয়ম যে যে মোকদ্দমায় প্রযুক্ত হইয়াছে সেই সেই মোকদ্দমার প্রতি দৃষ্টি করিলেই আমাদের উদ্দেশ্যটী অধিকতর বোধগম্য হইবে। রাণী স্বর্ণময়ী বাদিনী ও শশিমুখী বর্ম্মনী প্রভৃতি প্রতিবাদিনীর (১২ মুর ইণ্ড আপিল ২৪৪; এবং এস্ সি, ২ বি এল আর, পি সি ১০) মোকদ্দমার বিষয় এই ছিল——কোন জমিদার ১৮১৯ সনের ৮ ম রেগুলেসন অনুসারে কোন পত্তনি তালুক নিলাম করিয়াছিল। তদনুসারে পত্তনিদারের স্বত্ব রহিত হইল এবং ক্রেতা দখল পাইল। তৎপর পত্তনীদার বিশুদ্ধ প্রণালী অনুসারে নিলাম হয় নাই বলিয়া নিলাম রহিতের জন্য নালিস উত্থাপিত করিয়া কৃতকার্য্য হয় এবং ক্রেতা যত দিন দখল করিয়াছিল তত দিনের ওয়াসিলাৎ সহিত পত্তনী তালুক পুনর্ব্বার প্রাপ্ত হইল। অতঃপর জমিদার উক্ত সময়ের খাজানার জন্য পত্তনীদারের বিরুদ্ধে নালিস উত্থাপিত করে। ১৮৫৯ সনের ১০শ আইন অনুযায়ি তামাদির সময় কোন রূপান্তর না করিয়া প্রয়োগ করিলে উক্ত খাজানা তামাদি হইয়া যাইত। কিন্তু প্রিবি কৌন্সিল এই মত দিয়াছিলেন যে উক্ত খাজানা তামাদি হয় নাই—যে নিলাম রহিত হইয়া যখন ঐ খাজানা দিবার জন্য বাধ্যতা জন্মিল সেই সময় হইতে নালিসের অধিকার জন্মিয়াছে—যে পত্তনীদার পুনর্ব্বার দখল প্রাপ্ত হওয়ায় খাজানা আদায় করার বাধ্যতাসহ মহল পুনর্ব্বার গ্রহণ করিয়াছে—এবং যে বৎসর সে পুনর্ব্বার দখল প্রাপ্ত হইয়াছে সেই বৎসরই উক্ত বাকী খাজানা দেয় হইয়াছে বলিয়া অবশ্য বিবেচনা করা যাইবে। এইস্থলে দুইটী বিষয় বিবেচিত হইবে ১মতঃ যে পর্য্যন্ত পত্তনীদার অধিকার চ্যুত ছিল সে পর্য্যন্ত জমিদার খাজানার জন্য তাহার বিরুদ্ধে নালিস উত্থাপিত করিতে পারে নাই; ২য়তঃ যে সময়ের খাজানার জন্য জমিদার দাবী করে পত্তনীদার সে সময়ের ওয়াসিলাৎ প্রাপ্ত হইয়াছে। এই মোকদ্দমা হইতে পরবর্ত্তী কয়েকটী মোকদ্দমার অবস্থা কিছু স্বতন্ত্র হইয়াছে, যাহাতে যদিও ভূম্যধিকারী ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ অস্বীকার করিয়াছেন ও উক্ত সম্বন্ধ রহিত করার চেষ্টা করিয়াছেন তথাপি প্রজা অধিকার চ্যুত হইয়াছিল না, সুতরাং উক্ত ভূম্যধিকারীর প্রজার নিকট খাজানা আদায় করার পক্ষে কোন প্রতিবন্ধক ছিল না। এই সকল মোকদ্দমায় যদিও একটী বিষয় বর্ত্তমান ছিল অর্থাৎ প্রজা কর্ত্তৃক জমির উপস্বত্ব গ্রহণ তথাপি অন্য বিষয়টীর অর্থাৎ ভূম্যধিকারীর নালিসের অসমর্থতা অভাব ছিল (আই, এল, আর, ৩ কলিকাতা ৬, ৭৯১, ৮১৭ দেখ।)

ডিক্রী ব্যতীত বাকী খাজানার জন্য সরাসর নিলাম। পত্তনী তালুকের রেগুলেসনের সমাবেশ।

১৬৩। আমরা এখন পাণ্ডুলিপির দ্বিতীয় অংশে হস্তক্ষেপ করিলাম, ইহাতে বিশেষনীয় আইন অর্থাৎ কার্য্যবিধি উল্লিখিত হইয়াছে। এই অংশের প্রথম অধ্যায়ে অর্থাৎ পাণ্ডুলিপির ১৫শ অধ্যায়ে দখলী স্বত্ববান্ প্রজাদিগের অথবা তালুকদারদিগের অথবা পেটাও তালুকদারদিগের খাজানা যাহা টাকায় দেওয়া হয় তাহা বৃদ্ধি করার কার্য্য বিবরণ সন্নিবেশিত হইয়াছে। জমাবৃদ্ধির বিষয় বিবেচনা করা উপলক্ষে আমরা এই বিষয় ইতিপূর্ব্বে সূক্ষ্মানুসূক্ষ্মরূপে বিবেচনা করিয়াছি, কারণ পাণ্ডুলিপির শৃঙ্খলা অনুযায়ী বিবেচনা করা অপেক্ষা এইরূপ করাই আমাদিগের অধিকতর সুবিধাজনক বোধ হইয়াছে। ১৬শ অধ্যায়ে ডিক্রী ব্যতীত সরাসরি নিলাম দ্বারা কোন কোন স্থলে বাকী খাজানা আদায়ের বিষয় উল্লিখিত হইয়াছে, এই অধ্যায়টী প্রকৃত পক্ষে ১৮১৯ সালের অর্থাৎ পত্তনী রেগুলেসনের প্রতিলিপি মাত্র। ইহাতে যতদূর সম্ভব হইয়াছে রেগুলেসনের ভাষাই গৃহীত হইয়াছে, এবং সেই জন্যই এই অধ্যায়ের ভাষা পাণ্ডুলিপির অন্যান্য অংশের ভাষা হইতে কিছু ভিন্ন রকম হইয়াছে। বিষয় গুলির শৃঙ্খলা বিষয়ে কতক পরিবর্ত্তন করিতে হইয়াছে, এবং উক্ত রেগুলেসন সম্বন্ধে যে সমস্ত সারবান্ প্রশ্ন উত্থাপিত হইয়াছে তৎসম্বন্ধে আদালতের নিষ্পত্তির মর্ম্ম নিবদ্ধ করিয়া কতক নূতন বিষয় যোগ করা হইয়াছে। চলিত আইন অনুসারে রাজস্ব আদায়কারী মহালের অধিকারীরাই উক্ত কার্য্যবিধি অনুসারে চলিতে পারে, এবং পত্তনী তালুক ও অন্যান্য যে যে তালুক সৃজন সময়ে চুক্তি লিখিত প্রস্তাবানুসারে বাকী খাজানার জন্য তাহাদের উপর নিলামের অধিকার বিশেষরূপে রাখা হইয়াছে, সেই সেই তালুক সম্বন্ধেই উক্ত কার্য্যবিধি খাটিবে। এই কার্য্যবিধি অন্যান্য তালুকে অথবা পেটাও তালুকে এবং দখলী যোত পর্য্যন্ত বিস্তৃত করা যাইতে পারে কি না এই প্রশ্নটী বিবেচনার যোগ্য। আমাদের মধ্যে কেহ কেহ কতক পরিমানে বিস্তারকরা সম্বন্ধে মত প্রকাশ করিয়াছেন; কিন্তু আমাদের মধ্যে অনেকাংশেই উক্ত শ্রেণীর ভূম্যধিকারীর হস্তে ব্যতীত অন্য কাহার হস্তে এই সরাসরী কার্য্যবিধি দেওয়ার বিরোধী। যে সমস্ত তালুকদারের প্রতি এই আইন কখন প্রযুক্ত হইতেছে, তাহারা সম্পন্ন লোক, সুতরাং তাহারা অন্যায়রূপে স্বত্বভ্রষ্ট হইলে, সেইস্বত্ব প্রতিপন্ন করিতে সমর্থ। রাজস্ব আদায়কারী মহালের অধিকারিরা, যাহারা এই আইন অনুযায়ী কার্য্য করিতে পারে, তাহারা ধনী লোক, সুতরাং তাহাদের বিরুদ্ধে ক্ষতিপূরণের ডিক্রী বলবৎ করা যাইতে পারে। ইহা প্রায় কখনই শুনা যায় না যে বাকী খাজানা প্রকৃত প্রস্তাবে দেওয়া হইলেও কোন তালুক সরাসরীমতে নিলামে উঠিয়াছে, এবং যে একমাত্র হেতুতে এই সকল নিলাম রহিত করিতে চেষ্টা করা হয় তাহা এই যে বিজ্ঞাপন প্রচারে (নুটিস জারিতে) অনিয়ম হইয়াছে। ইহা বলা যাইতে পারে

এই কার্য্য বিধি অন্যান্য তালুক ও পেটাও তালুকপ্রভৃতিতে বিস্তৃত করার বিষয়।

যে এই নুটিস জারির ভার, সচরাচরই সাধারণ লোকের হস্তে দেওয়া হয়, তাহারা কার্য্য করিতে সুচতুর নহে, এবং তাহারা যে অবৈধ লালসা হইতে মুক্ত তাহাও বোধ হয় না। এই সরাসরী নিলাম সকল যে পর্য্যন্ত জমিদারদের কার্য্য ও ইচ্ছার উপরে নির্ভর করে সে পর্য্যন্ত বিবেচনা করিলে এমন কথা বলা যায় না যে এই কার্য্য বিধির অনুচিত ব্যবহার হইয়া থাকে কিন্তু এই কার্য্যবিধি ক্ষুদ্র ক্ষুদ্র ভূম্যধিকারীর হস্তে অর্পণ করিয়া,—যে রায়তগণ অত্যাচারের বিরুদ্ধে সর্ব্বদা আইনের সাহায্য পাইবার অবস্থাপন্ন নহে, তাহাদের বিরুদ্ধে উহা প্রয়োগ করিবার অধিকার দিলে যে এই প্রকার সন্তোষজনক ফল ফলিবে তদ্বিষয়ে বলবৎ সন্দেহ।

১৬৪। রেগুলেসন অনুসারে—আমরা পাণ্ডুলিপিতে কোন পরিবর্ত্তন করি নাই—এই সকল সরাসরী নিলাম বৎসরের মধ্যে দুই বার হইয়া থাকে, যথা জ্যৈষ্ঠ মাসের ১ম এবং অগ্রহায়ন মাসের ১ম তারিখে। নিলামের আরজী ১লা বৈশাখ এবং ১লা কার্ত্তিক দেওয়া হইয়া থাকে। যদি ঐ সকল তারিখে আদালত বন্ধ থাকে, তবে এমন কোন বিধান নাই যে যেদিবস আদালত খুলিবে, সেই দিবস আরজী দেওয়া যাইবে অথবা নিলাম হইবে। আমরা পাণ্ডুলিপিতে এই প্রকার কোন বিধান করি নাই কারণ আমরা এমন কোন ঘটনা ঘটিতে দেখি নাই, অথবা আমাদিগকে কেহ জ্ঞাপন করে নাই, যাহাতে এইরূপ বিধানের অভাবে অপকার হইয়াছে। তথাচ আমরা এই বিষয়টী মনোনিবেশ পূর্ব্বক দেখিতে অনুরোধ করিতেছি কেননা আমাদের অজ্ঞানিত এমন অনেক কারণ থাকিতে পারে যে জন্য উক্ত বিষয়ে একটী নির্দ্দিষ্ট বিধান করা আবশ্যকীয় বলিয়া বোধ হইবে। পত্তনী রেগুলেসনের বিধানে আমরা এক মাত্র পরিবর্ত্তন করিয়াছি এই যে যে তালুকদারের তালুক, খাজানা আদায় না করার জন্য কোন নির্দ্দিষ্ট দিনে নিলাম হইবে বলিয়া বিজ্ঞাপন দেওয়া হইয়াছে, উক্ত তালুকদার ঐ দিনের পূর্ব্বদিন সূর্য্যাস্ত পর্য্যন্ত গবর্ণমেণ্ট ট্রেজারিতে বাকী খাজানা আনামত করিতে পারিবে। প্রচলিত আইন অনুসারে কালেক্টর দুই স্থল ব্যতীত বাকী খাজানা গ্রহণ করিতে বাধ্য নহে। যথা (১) যখন ঐ খাজানা আদায়ে অপারগ ব্যক্তি সরাসরি অনুসন্ধানের জন্য আরজী করিয়াছে (পাণ্ডুলিপির ১৩৭ ধারা দেখ); (২) যখন কোন পেটাও তালুকদার নিলাম হইলে তাহার পেটাও তালুক উঠিয়া যাইবে এই জন্য উক্ত নিলাম রহিত করিবার অভিপ্রায়ে সমস্ত টাকা আদায় করিতে ইচ্ছা করে (পাণ্ডুলিপির ১৩৮ ধারা দেখ)। এই দুই স্থলে বাকী খাজানার টাকা নিলামের দিবসে অথবা নিলামের সময়ের পূর্ব্বে যে কোন সময়ে আনামত করা যাইতে পারে। কিন্তু অনেক সময়ে এই রূপ ঘটিয়াছে যে এই দুই স্থল ব্যতীত অন্যান্য স্থলে ও কালেক্টরীতে টাকা আনামত করা হইয়াছে; এবং যে ব্যক্তি ঐরূপ আমানত করিয়াছে তাহার মনে এই বিশ্বাস হইয়াছে যে সে তালুকের নিলাম রহিত করিয়াছে, যদিও প্রকৃত পক্ষে তাহার ঐরূপ করা হয় নাই, কারণ ঐ টাকাটী তাহার ভূম্যধিকারীকে দেওয়া উচিত ছিল এবং তাহা না করিয়া কালেক্টরীতে তাহার আনামত রাখা আইন অনুসারে নিলাম প্রতি সেধক নহে। যে বিশেষ মোকদ্দমার বিষয় আমরা উল্লেখ করিলাম, সে মোকদ্দমায় তালুক নিলাম হইয়া গিয়াছিল এবং তালুকদারের অন্য কোন প্রতীকার ছিল না। এই প্রকারের সমূহ ক্ষতি নিবারণের অভিপ্রায়ে আমরা সকল স্থলেই কালেক্টরীতে বাকী খাজানা আনামত রাখিবার ক্ষমতা দেওয়া হয় এই বিষয় যুক্তিযুক্ত মনে করিয়াছি। অধিকন্তু যে একটী বিষয়ে সন্দেহ আছে সে বিষয়টী পরিষ্কার করিয়াছি এই বলিয়া যে পূর্ব্বোক্ত দুইটী স্থল ব্যতীত অন্যান্যস্থলে নিলামের পূর্ব্বদিবস সূর্য্যাস্তের পূর্ব্বে টাকা ভূম্যধিকারীর নিকট দিতে হইবে অথবা কালেক্টরীতে আমানত রাখিতে হইবে, এই রূপ না করিলে নিলাম স্থগিত বা নিবারণ থাকিবে না।

প্রয়োদের অলবা ডিক্রর দিন ছুটীর দিন থাকিলে তৎপর কোন বিধান আবশ্যকীয় কি না।

নিলামের পূর্ব্ব দিন সূর্য্যাস্তের পূর্ব্বে বাকী খাজানা কালেকটরীতে আনামত করিতে পারিবেক।

১৬৫। ১৭শ অধ্যায়ে ভূম্যধিকারী ও তাঁহাদের প্রজাগণের কিম্বা এজেণ্টদিগের মধ্যে মোকদ্দমা সকলের কার্য্যবিধির বিশেষ নিয়ম বর্ণিত হইয়াছে। ইহা প্রকাশ করা হইয়াছে (১৪৭ ধারা) যে, এই পাণ্ডুলিপি যে যে স্থলে অন্যরূপ বিধান করিয়াছে সেই সেই স্থল ভিন্ন ভূম্যধিকারী ও তাঁহাদের প্রজা কিম্বা এজেণ্ট গণ মধ্যে অভিযোগের কারণ উপলক্ষে যে সকল মোকদ্দমা উপস্থিত হইবে সেই সকল মোকদ্দমায় দেওয়ানী কার্য্যবিধি আইন খাটিবে; এবং (১৪৮ ধারা) এই সকল মোকদ্দমায় নালিশের হেতু সেই দেওয়ানী আদালতের অধিকারের স্থানীয় সীমার মধ্যে উপস্থিত হইয়াছে বলিয়া বুঝিয়া লইতে হইবে, যে দেওয়ানী আদালতের সেই জমির স্বত্বাস্বত্বের বিচারের অধিকার থাকিত যে জমির সম্বন্ধে বাদী এবং প্রতিবাদীর মধ্যে ভূম্যধিকারী এবং প্রজা অথবা এজেণ্ট সম্পর্ক রহিয়াছে। এই শেষোক্ত বিধান বর্ত্তমান আইনের লেখানুসারে বিহিত হইয়াছে। সরবরাকর এবং তহশিলদারদিগের মোকদ্দমা করা কিম্বা তাহাদের প্রতিকূলে মোকদ্দমা উপস্থিত করার পক্ষে আমরা বর্ত্তমান বিধান রাখিয়াছি এবং কোর্ট অব্ ওয়ার্ডের সের অধীন ম্যানেজারদিগের প্রতিও সেই বিধান বিস্তৃত করিয়াছি। কিন্তু আমরা বিধান করিয়াছি (১৪৯ ধারা) যে সভাসীন ভারতবর্ষীয় ষ্টেট সিক্রেটারির নামে অথবা যে ব্যক্তির অধিকার ভুক্ত উপরোক্ত মহাল আছে তাহার নামে এই সকল মোকদ্দমা চালাইতে হইবে। আমরা নায়েব ও গোমস্তা সম্বন্ধে বর্ত্তমান আইনের বিধান রাখিয়াছি, যদি সেই নায়েব ও গোমস্তা বিশেষ রূপে ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাহাদের মনিবদের ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টের ন্যায় কার্য্যকরে এবং যদিও উক্ত মনিবগণ আদালতের অধিকারের স্থানীয় সীমার মধ্যে বাস করে। ভূম্যধিকারীদিগকে এই প্রকার কার্য্যের যে সুবিধা দেওয়া হইয়াছে আমরা তাহা যুক্ত ভুক্ত মনে করি আমাদের বিবেচনার এবং সেই সুবিধা অপহৃত করা উচিত নয়। আবার আমরা ইহাও প্রজার পক্ষে বিধান করা যুক্তিযুক্ত বিবেচনা করিয়াছি যে ঐ আইনানুসারে এই প্রকার নায়েব অথবা গোমস্তাকে কোন নোটিস দেওয়া অথবা তাহার নিকট কোন কী কি টাকা দিবার প্রস্তাব তাহার মনিবের নিকট দেওয়া বা প্রস্তাব তুল্য বলিয়া গ্রাহ্য হইবে (১৫০ ধারা)

এই পাণ্ডুলিপি যে যে স্থলে অন্যরূপ বিধান করিয়াছেন সেই সেই স্থল ভিন্ন ভূম্যধিকারী ও প্রজা কিম্বা এজেণ্ট মধ্যের মোকদ্দমায় যে ওয়াদী কার্য্য বিধি আইন খাটিবে।

সরবরাহকার এবং তহশিলদার।

যা প্রতিকূলে নায়েব এবং গোমস্তা।

১৬৬। যে সকল কারণ বশতঃ আমরা পাট্টা ও কবুলিয়ত দাবীর মোকদ্দমা উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে রায়তি স্বত্বে নিয়ম স্থির স্থির করিবার মোকদ্দমা করিতে বলিয়াছি সেই সকল কারণ আমরা (উপরে ৮ পারাগ্রাফ) পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। ভূম্যধিকারী হউক কিম্বা রায়ত হউক উভয়েই নিম্নলিখিত বিষয় সকল অথবা তাহার

রায়তীস্বত্বের নিয়মসাব্যস্ত করিবারমোকদ্দমা।

কোন একটী স্থির করিবার জন্য মোকদ্দমা করিতে পারে ;—(ক) রায়তের ভোগাধীন জমীর পরিমাণ (খ) এই প্রকার জমীর জন্য বার্ষিক যত খাজানা দেয় ; (গ) কোন শ্রেণীর রায়ত (১৫৬ ধারা)। বাদীর আরজীতে ইহার প্রত্যেক বিষয় লেখা থাকিবে, যেহেতু মোকদ্দমার বাদ প্রতিবাদ করিবার কালে এবং কোন্ পক্ষের পিঠে প্রমাণ ভার পড়িবে তাহা স্থির করিবার কালে উহা আবশ্যক হইয়া থাকে। আমরা বিধান করিয়াছি যে বাদী তাহার আরজীর লিখিত নালিশের বিষয় ঠিক প্রমাণ করিতে কৃতকার্য্য না হইলেই যে তাহার মোকদ্দমা ডিস-মিস হইবে এমত নহে। বর্ত্তমান আইনানুসারে কবুলিয়তের দাবীর মোকদ্দমায় কবুলিয়তের ঠিক কপীর প্রমাণের আবশ্যকতায় মোকদ্দমার কার্য্যকারিতা নষ্ট করিয়া থাকে, এবং আমাদের ইচ্ছা এই যে মফস্বল আদা-লতে এই ভ্রমযুক্ত ফল আর স্থায়ী না হয়। আরজীতে যেরূপ বর্ণনাই থাকুক না কেন, আদালত রায়তী স্বত্ব ঘটিত প্রকৃত অবস্থা কি তাহা স্থির করিয়া নির্দ্দেশ করিতে অগ্রসর হইবেন।

খাজানা অনাদায়ে উচ্ছেদের কথা।

১৬৭। বাকী খাজানার মোকদ্দমায় অথবা যে বাকী খাজানায় ডিক্রী জারী হয় নাই সেই ডিক্রীর প্রাপ্তে উচ্ছেদের দাবী করিবার বিধান, এবং বাকী খাজানার ডিক্রীর টাকা ১৫ দিনের মধ্যে আদায় হইলে উচ্ছেদ রহিত করা সম্বন্ধীয় বিধান বর্ত্তমান আইন হইতে গৃহীত হইয়াছে ; কিন্তু আমরা নিষ্পত্তিকৃত মোকদ্দমার ফলানুসারে দুইটী ব্যাখ্যা যোগ করিয়াছি ; ১ম, যদিও পাট্টায় এইরূপ কোন সর্ত্ত লেখা থাকে যে খাজানা আদায়ের এক কিম্বা একাধিক কিস্তি খেলাপ করিলে অথবা খাজানা আদায় সম্পর্কে অন্য কোন নিয়ম ভঙ্গকরিলে ১৫ দিব-সের নিয়ম খাটিবে না তথাচ ডিক্রীমত খাতক ঐ ১৫ দিবস নিয়মের ফল পাইবে ; ২ য়, যদি প্রথম ডিক্রী আপীলে বা পুনর্বিচারে পরিবর্ত্তিত বা সংশোধিত হয় তবে এই ১৫ দিন আপীল কিম্বা পুনর্বিচারের নিষ্পত্তির তারিখ হইতে গণনা করিতে হইবে ; কিন্তু যদি ঐ রূপে পরিবর্ত্তিত বা সংশোধিত না হয়, তবে প্রথম ডিক্রীর তারিখ হইতে গণনা করিতে হইবে (১৫২ ধারা)। কোন কোন উচ্ছেদের মোকদ্দমায় অগ্রিমে ডিক্রীজারী সম্বন্ধে এবং এইরূপ মোকদ্দমায় আপীল উপস্থিত থাকিলে উচ্ছেদ স্থগিত না থাকা সম্বন্ধে (১৫৫ এবং ১৫৬ ধারা) আমরা বর্ত্তমান আইনের বিধান রাখিয়াছি।

কোন্ কোন্ আদা-লতে খাজানা কমী মো-কদ্দমা উপস্থিত করিতে হইবে।

১৬৮। ২৫ ধারার বিধান মতে দখলী স্বত্ববান রায়ত খাজানা কম পাইতে পারে ; এবং ৩১ ধারার বিধান মতে যে রায়ত তিন বৎসরের অধিক কিম্বা বার বৎসরের কম ভোগ করিয়াছে সে খাজানা কমাইবার দাবী করিতে পারে। আমরা বিধান করিয়াছি (১৫৩ ধারা) যে, উপরোক্ত দুই শ্রেণীর রায়তেরা অর্থাৎ যে রায়তেরা তিন বৎসরের অধিক ভোগবান্ আছে তাহারা খাজানা কমির মোকদ্দমা নিম্নলিখিত স্থানে উপস্থিত করিতে পারে (ক) যখন ২৫ ধারার বিশেষ উল্লিখিত ১ম ও ২য় হেতুবাদে খাজানা কমির দাবী করে দেওয়ানী আদালতে কিম্বা কালেক্টরের নিকট ; (খ) যখন উক্ত ধারার ৩য় হেতুবাদে খাজানা কমী দাবী করে কেবল কালেক্টরের নিকট ; কিন্তু কালেক্টরের নিকট এমন কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না, যদি অন্ততঃ ১০ রায়ত এক-যোগে উপস্থিত না করে। যাহারা একজমাধিকারীকে খাজানা দেয়, তাহাদের ভোগ বিভিন্ন হউক না কেন, এমন ১০ জন কিম্বা ততধিক সংখ্যক রায়তকে একযোগে খাজানা কমীর জন্য নালিশ করিতে ক্ষমতাপন্ন করি-লাম। এই সকল বিধান খাজানা বৃদ্ধি সম্পর্কীয় বিধান সকলের পক্ষান্তর মাত্র। যখন উৎপাদিকা শক্তির হ্রাস বশতঃ কিম্বা উৎপন্ন দ্রব্যের মূল্যের হ্রাস বশতঃ খাজানা কমী প্রার্থনা করা যায়, যে কারণ বশতঃ ইহা ঘটে তাহাতে কতক গুলি লোককে ব্যাপে সুতরাং কতকগুলি মোকদ্দমা একত্রে বিচার করিলে বিচারের উৎকর্ষ এবং বিচার আদালতের কার্য্যকারিকা শক্তির পরিমিত ব্যয়িতা লাভ করা হয়। সকল অবস্থায়ই তালুকদার, পেটাও-তালুকদার এবং কিম্বা সকল রায়তে নির্দ্দিষ্ট হারে খাজানা দেয় তাহাদের কর্ত্তৃক মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত করিতে হইবে। ১৫ অধ্যায়ের বিধান যতদূর খাটে তদনুসারে কালেক্টরের নিকট খাজানা কমীর মোকদ্দমার বিচার হইবে। দেওয়ানী আদালতে খাজানার মোকদ্দমা সকলের দেওয়ানী কার্য্যবিধি আইনের বিধান অনুসারে বিচার হইবে।

ডিক্রী জারী কখন কোন্ ব্যক্তির বিরুদ্ধে অথবা তাহার স্থাবর অস্থাবর সম্পত্তির বি-রুদ্ধে হইতে পারে।

১৬৯। আমরা প্রচলিত আইনের এই বিধান অপরিবর্ত্তিত রাখিয়াছি (১৫৪ ধারা) যে ডিক্রী জারির পরওয়ানা এক সময়ে কোন ব্যক্তির এবং তাহার সম্পত্তির বিরুদ্ধে বাহির হইতে পারিবেক না, কিন্তু ডিক্রীজারীর পরওয়ানা প্রাপ্ত হইবার পূর্ব্বে তালুক, পেটাওতালুক, অথবা দখলীস্বত্ববিশিষ্ট যোত অবশ্যই নীলাম হইবে এই নিয়ম বজায় রাখিয়া আমরা অস্থাবর অথবা স্থাবরঅথবা উভয় সম্পত্তির বিরুদ্ধে ডিক্রীজারির অনুমতি দিয়াছি ; ইহা দ্বারা দায়ি-কের অস্থাবর সম্পত্তির উপর জারি করিয়া পরিশোধ সম্ভব না থাকিলে কেবল স্থাবর সম্পত্তির উপর জারি হইবে এই প্রচলিত নিয়মের পরিবর্ত্তন করিয়াছি। এই বিধানের প্রথমাংশের উদ্দেশ্য উৎপীড়ন রহিত করা, বিশেষতঃ রায়তদিগের সম্বন্ধে তাহারা দেওয়ানী জেলে আবদ্ধ থাকিলে চাষ কার্য্য করিতে পারে না। যদি তাহাদের অস্থা-বর ও স্থাবর সম্পত্তি থাকে যদ্দ্বারা ডিক্রী পরিশোধ হইতে পারে, এমন অবস্থায় তাহাদিগকে জেলে দেওয়ার কোন অভিপ্রায়ই সিদ্ধ হয় না, সুতরাং তাহা কদাচিৎ কার্য্যে পরিণত হইয়া থাকে। যদি তাহাদের এমন কোন সম্পত্তি থাকে যাহা তাহারা গোপন করিয়াছে, তবে করাবাস হইলে তাহারা কখন২ বন্দোবস্তকরিয়া ফেলে। যদি তাহাদের কোন সম্পত্তি না থাকে, তবে কারারুদ্ধ হইলে তাহারা দেউলে প্রচারিত হইবার জন্য প্রার্থনা করিতে পারে। দ্বিতীয় বিষয় সম্বন্ধে আমাদের বক্তব্য এই, অন্যান্য ডিক্রীমত মহাজন ও খাজানার ডিক্রীমত মহাজনের মধ্যে কি জন্য তারতম্য করা হয়, এবং কি জন্য শেষোক্ত মহাজনকে স্থাবর ও অস্থাবর উভয়বিধ সম্পত্তির উপর ক্ষমতা দেওয়া হয় না, তাহা আমরা বুঝিতে পারিলাম না।

১৭০। আমরা আপীল সম্পর্কীয় আইন অপরিবর্ত্তিত রাখিয়াছি, এবং তৎসম্বন্ধে এই বলিয়াছি যে পাণ্ডুলিপি লিখিত কোন বিধানই ১৮৫৯ সনের ১০ আইন নির্দ্ধারিত আপীল বিষয়ক বিধান পরিবর্ত্তন করিতে পারিবে না, অর্থাৎ

জিলার জজ অথবা আডিশ্যনাল জজ প্রথমাবস্থায়ই হউক অথবা আপিলমুখেই হউক যে মোকদ্দমার মূল্য এক শত টাকার অতিরিক্ত নহে অথবা যে মোকদ্দমার বিবাদীয় সম্পত্তির মূল্য এক শত টাকার অতিরিক্ত নহে, এমন কোন মোকদ্দমার বিচারও নিষ্পত্তি করিলে এবং তাহাতে রায়ত বা প্রজার খাজানার বৃদ্ধি বা পরিবর্ত্তন সম্বন্ধীয় কোন প্রশ্ন অথবা বিরোধী পক্ষদ্বয় মধ্যে ভূমির স্বত্ব অথবা ভূমিতে স্বার্থ সম্বন্ধীয় কোন বিষয়ের মীমাংসা না হইয়া থাকিলে উক্ত নিষ্পত্তির উপর আর আপীল হইতে পারিবেক না (১৫৭ ধারা)। এই বিধানের যে কোন পরিবর্ত্তন প্রয়োজন আমাদের তাহা মত নহে; এবং আমরা ১৮৬৯ সনের বঙ্গীয় ৮ আইনের ১০২ ধারা অবিকল উদ্ধৃত করিয়াছি। হাই কোর্টের ফুলবেঞ্চ সিদ্ধান্ত করিয়াছেন যে উক্ত বিধান প্রণয়ন বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার ক্ষমতার বহির্ভূত নহে (ইণ্ড, ল, রি, ৩ কলি, ১৫১)। "অথবা আডিশ্যনল জজ" এই কথা কয়েকটী হাইকোর্টের যে একটী নিষ্পত্তি আছে যে জিলার জজ এবং আডিশ্যনাল জজ ঐ প্রকার আপিল সম্পর্কে একি অবস্থাপন্ন এই নিষ্পত্তি অনুসারে সন্নিবেশিত হইয়াছে (১৩ বঙ্গ, ল, র, ৩৭৬)।

মোকদ্দমার মূল্য এক শত টাকার অধিক না হইলে, এবং স্বত্ব সম্বন্ধীয় কোন প্রশ্নের মীমাংসা না হইলে জজ কি আডিশ্যনাল জজের নিষ্পত্তির উপর আপিল হইতে পারিবে না।

১৭১। টাকা, হিসাব কিম্বা কাগজপত্রের নিমিত্তে কর্ম্মকারকগণের বিরুদ্ধে মোকদ্দমার বিষয়ক আইনে কএকটি বিশেষ বিশেষ পরিবর্ত্তন করিয়াছি। প্রথমতঃ আমরা এই সকল বিধানের মধ্যে যাহারা প্রজাগণের নিকট খাজানা তহসিল করে কেবল তাহাদিগকে এমত নহে যাহারা এই প্রকার সংগৃহীত খাজানা বুঝিয়া লইয়া ভূম্যধিকারীর নিকট হিসাব দেয় তাহাদিগকেও ভুক্ত করিয়াছি। বড় বড় মহালে সচরাচর দেখা যায় যে এক শ্রেণীর আমলারা মফঃস্বলে খাজানা আদায় করে এবং অন্য এক শ্রেণীর আমলারা সদর মোকামে থাকিয়া হিসাব পত্রাদি রাখে এবং পূর্ব্বোক্ত তহসিলী কর্ম্মচারী হইতে খাজানা গ্রহণ করিয়া আবশ্যকমত খরচা দেওয়ার জন্য খাজানা খানায় দেয়। এই শেষোক্ত শ্রেণীর কর্ম্মকারকের উপর বর্ত্তমান আইনের এই বিশেষ বিধান প্রযুক্ত হয় কি না, সন্দেহ আছে। আমরা সেই সন্দেহ দূরীকরণ ইচ্ছায় এই বিধান ভূম্যধিকারী কর্ত্তৃক নিযুক্ত যে ব্যক্তিরা খাজানা তহসিল করে, যাহারা উক্ত তহসিলী খাজানা গ্রহণ করে এবং যাহারা ভূমি সংক্রান্তকার্য্য নির্ব্বাহ করে এই তিন শ্রেণীর লোকের উপরই খাটিবে নিয়ম করিয়াছি। বর্ত্তমান আইনে হিসাব দেওয়ার মোকদ্দমার কথার উল্লেখ আছে কিন্তু ইহার অর্থ কি বুঝা সুকঠিন কোন কোন স্থলে দেওয়ানী বিচারকগণ জমা ওয়াসীল বাকী, বাকী জায় প্রভৃতি কতকগুলি হিসাবের কাগজপত্র হাতে হাতে বুঝাইয়া দিলেই ডিক্রী দেওয়ার উপযুক্ত কারণ বিবেচনা করেন, এবং যদি এই সকলহিসাবপত্র আদালতে দাখিল করা হয়, তাহা হইলে ডিক্রীর যথেষ্ট কার্য্য হইয়াছে বলিয়া মনে করেন। তৎপর ভূম্যধিকার যে উপায়ে হউক, উহার শুদ্ধাশুদ্ধের বিষয় নিজে বুঝিয়া লইবেন; যদি অশুদ্ধ বলিয়া প্রমাণ করিতে পারেন, শুদ্ধ হিসাব অনুসারে তাঁহার নিকট যে টাকা দেয় হয়, তজ্জন্য তিনি আবার নালিশ উপস্থিত করিতে পারেন। ইহা স্পষ্টই দেখা যায় যে প্রতীকারলাভার্থ এ উপায়টি অত্যন্ত অসন্তোষজনক। অন্য অন্য স্থলে মকদ্দমার দাবী একটী কল্পিত সঙ্খ্যক, যথা ৫০০ টাকা ধরা হয়; এবং হয় হিসাবপত্র দেওয়ার জন্য নতুবা এই টাকার জন্য ডিক্রী হইয়া থাকে, প্রাপ্য কিনা শুদ্ধ হিসাব অনুসারে এই সঙ্খ্যক টাকা কর্ম্মকারকের স্থানে প্রকৃতপক্ষে ইহা নির্দ্ধারণ করিতে কোন চেষ্টা করা হয় না।

টাকা, হিসাব অথবা অন্যান্য কাগজ পত্রের নিমিত্তে কর্ম্মকারকের বিরুদ্ধে মোকদ্দমা। আইন সর্ব্বপ্রকার কারকের কর্ম্মকারকের উপর প্রযুজ্য।

১৭২। আমরা প্রতীকারটিকে সহজ এবং কার্য্যকর করিতে প্রয়াস পাইয়াছি। আমরা বিবেচনা করি এমন দুই প্রকার স্থল আছে যাহাতে প্রতীকার সম্ভাবিত—প্রথমতঃ যে স্থলে ভূম্যধিকারী অবগত আছেন যে কত টাকা অথবা বিশেষ কি হিসাব বা অন্য কাগজপত্র তাঁহার কর্ম্মকারক তাঁহাকে দিতে বাধ্য; দ্বিতীয়তঃ, যে স্থলে কর্ম্মকারক হিসাব না দেওয়ায় ভূম্যধিকারী বলিতে পারিতেছেন না কত টাকা আদায় হইয়াছে, এবং কত টাকার জন্য হিসাব দিতে হইবে। যে স্থানে অল্পসঙ্খ্যক প্রজা অধিক টাকা খাজানা দিয়া থাকে, সেই স্থলে সহজেই প্রথমোক্ত ব্যাপার ঘটিতে পারে। ভূম্যধিকারী জানিয়া থাকেন রায়তী জমির কোন্ কাগজপত্র তাঁহার কর্ম্মকারকের হস্তে রহিয়াছে, এবং প্রজারা কর্ম্মকারকের নিকট কত টাকা দিয়াছে তাহা তাহাদের নিকট জিজ্ঞাসা করিয়া অতি সহজেই জানিতে পারেন। যে স্থানে অধিকসঙ্খ্যক ক্ষুদ্র ২ প্রজা অল্প টাকা খাজানা দিয়া থাকে এবং তাহাদের প্রত্যেকের নিকট হিসাবের প্রকৃত অবস্থা স্থির করা অত্যন্ত কঠিন হইয়া থাকে, তখন শেষোক্ত বিষয়টি সহজেই ঘটিয়া থাকে। অনেক স্থলে নিরক্ষর প্রজা নিজের হিসাবপত্রের বিষয় কিছুই জানে না এবং সম্পূর্ণ রূপে জমীদারের আমলা এবং তাহাদের হিসাবের উপর নির্ভর করিয়া থাকে। অনেক সময়ে আদায় উসুলের খরচার ভার কর্ম্মকারকের হস্তে দেওয়া হয়, এবং যে পর্য্যন্ত এই সমস্ত খরচার হিসাব পরিষ্কার না করা হয়, কর্ম্মকারকের নিকট ভূম্যধিকারীর কত প্রাপ্য তাহা স্থির করা যাইতে পারে না। প্রথমোক্ত স্থলে ভূম্যধিকারী তাঁহার কর্ম্মকারকের নিকট যত টাকা এবং যে হিসাব অথবা কাগজপত্র দাবী করেন, তাহার একটী বিবরণ তাঁহার আরজীর মধ্যে লিখিয়া দিতে হইবে।

দুইটী স্থলের জন্য প্রতীকার বিধান (১) যে স্থলে ভূম্যধিকারী কত টাকা এবং কিরূপ দলীল পত্র পাইতে পারেন তদ্বিষয় অবগত আছেন।

(২) যে স্থলে কর্ম্মকারক হিসাব পত্র না দেওয়া হেতুক ভূম্যধিকারী উক্ত বিষয় গুলি অবগত হইতে পারেন না।

১৭৩। দ্বিতীয় স্থলটী পূর্ব্বের ন্যায় সরল নহে। আমরা এই স্থলে বিধান করিয়াছি যে ভূম্যধিকারী তাঁহার আরজীর মধ্যে লিখিয়া দেন যে তাঁহার কর্ম্মকারক উপযুক্ত হিসাব দিতে অবহেলা বা অস্বীকার করায় ঐ কর্ম্মকারকের হস্তে কত টাকা, কি কি কাগজপত্র, কি কি বৌচর, অথবা অন্যান্য কি কি দলীলপত্র আছে, তাহা তিনি (উক্ত ভূম্যধিকারী) নিশ্চয়রূপ বলিতে অসমর্থ, এবং আদালতের নিকট এই প্রার্থনা করেন, যে আদালত উক্ত কর্ম্মকারকের নিকট হিসাব গ্রহণ করেন এবং উক্ত হিসাব দৃষ্টে যদি বাদীকে দেয় কোন টাকা থাকে তাহা দিতে, এবং তাহার হাতে যে সকল কাগজপত্র, বৌচের অথবা দলীল থাকে, তাহা অর্পণ করিতে ডিক্রী দেন (১৯১ ধারা)। এই আরজী দাখিল করিলে, প্রতিবাদী যে সকল টাকা উসুল ও খরচ করিয়াছে তাহার সম্পূর্ণ এবং সন্তোষজনক হিসাব কেন দাখিল করিবে না, এবং তাহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার সময় যে যে কাগজপত্র, বৌচর অথবা দলীলপত্র তাহার হস্তে আসিয়াছে পারে, তাহা সে কি জন্য ভূম্যধিকারীর হস্তে অর্পণ করিবে না; তাহার কারণ দর্শাইতে তাহার প্রতি সমন জারি হইবে (১৯২ ধারা)। যদি প্রতিবাদী, উক্ত হিসাব কি জন্য দাখিল করিবে না এই বিষয়ে কোন প্রকার কারণ দর্শাইতে অসমর্থ হয়, অথবা যে কারণ দর্শায়, তাহা আদালতের মতে পর্য্যাপ্ত

প্রথমোক্ত স্থলের কার্য্যপ্রণালী।

দ্বিতীয় স্থলের কার্য্যপ্রণালী।

না হয়, তাহাহইলে আদালত তাহাকে উক্ত হিসাব আদালতে দাখিল করিতে আদেশ করিবেন এবং যে দিনে বা যাহার পূর্ব্বে তাহাকে ঐ হিসাব দাখিল করিতে হইবে এবং একটী দিন নির্দ্দিষ্ট করিয়া দিবেন। এই আদেশ অমান্য করিলে কারাবাসের আজ্ঞা অথবা সম্পত্তি ক্রোক অথবা এই উভয়দ্বারা তাহা বলবৎ করা যাইতে পারিবে (১৬৩ ধারা)। প্রতিবাদী হিসাব দাখিল করিলে বাদীকে উহা পরীক্ষা করিয়া দেখিতে এবং ঐ সম্বন্ধে তাহার কোন আপত্তি উপস্থিত হইলে, তাহা করিতে, উপযুক্ত সময় দেওয়া যাইবে। তৎপর আদালত উক্ত আপত্তি শুনিবার এবং মীমাংসা করিবার জন্য একটী দিন স্থির করিবেন, এবং তদনুসারে ডিক্রী দিবেন।

খাজানার মোকদ্দমার সংক্ষিপ্ত কার্য্যবিধি সরাসরী নামে খ্যাত কার্য্যবিধির তায়মক ফল।

১৭৪। আমরা এক্ষণে ১৮শ অধ্যায়ে উপনীত হইলাম, ইহাতে খাজানার মোকদ্দমা সম্বন্ধে আমাদের সাধ্যানুসারে সংক্ষিপ্ত কার্য্যবিধি নির্ণয় করিয়াছি। যদি কাহারও মতে এই কার্য্যবিধি তাঁহাদের আশানুরূপ সংক্ষিপ্ত না হইয়া থাকে এবং এ জন্য এই রূপ কার্য্যবিধি আপত্তি জনক হয় তবে প্রত্যুত্তরে আমরা ইহাই বলিতে চাই যে, বিচারের সংক্ষিপ্ত প্রণালী অত্যন্ত ভয়াবহ এই আমাদের দৃঢ় বিশ্বাস। সুবিচার করিতে হইলে, সত্য বাহির করিয়া লইতে হইবে; এবং সেই সত্য বাহির করিয়া লওয়া, বিশেষতঃ এই দেশে এবং নানা কারণে, সে সকল কারণ এ স্থানে সবিস্তরে উল্লেখ করিবার আবশ্যক নাই) অল্প সময় ও সহিষ্ণুতার কার্য্য নহে। কোন পক্ষের অনুকূলে যথেচ্ছ ও অস্বাভাবিক অনুমান দ্বারা বিচার সংক্রান্ত অনুসন্ধান কার্য্যের সংক্ষেপ করিবার চেষ্টাকরিলে জজের প্রমাণ দাখিল না করিতে দিয়া দ্রুত নিষ্পত্তিতে উপনীত হইতে পারেন বটে, কিন্তু আমরা তাহা নিরাপদ ও উন্নতা বিধান মনে করি না। এইদেশের গত অর্দ্ধশতাব্দির বিচার কার্য্যের ইতিহাসে দৃষ্ট হইবে যে লোকের স্বত্ব সম্বন্ধে দ্রুত ও অসতর্ক ভাবে বিচার করিবার পদ্ধতি ক্রমশঃই পরিত্যক্ত হইয়াছে; উক্ত পদ্ধতির এইফল হইত যে পরাজিত ও অসন্তুষ্ট ব্যক্তি অন্যায় কার্য্য প্রণালী দ্বারা ক্ষতিগ্রস্ত হইয়া থাকিলেও নিয়মিত মোকদ্দমা (বেঙ্গলার "সুট") দ্বারা স্বত্ব সাব্যস্ত করণ ভিন্ন তাঁহার উপায়ান্তর ছিল না। প্রমাণের ভার যুক্তিযুক্ত রূপে তাহার শত্রুর শিরে না পড়িয়া, তাহার শিরে পড়ায় ভবিষ্যৎ কৃতকার্য্যতার লাভের ও সম্ভাবনা ছিল না। উক্ত পদ্ধতিতে সুবিচার না হইয়া কেবল বল পূর্ব্বক মোকদ্দমা দমনকরা হইত, সুতরাং উহা রহিত করা যে সুবুদ্ধির কার্য্য হইয়াছে ইহা আমরা স্বীকার করি; যে সরাসরী কার্য্যপ্রণালীতে ঐ পদ্ধতির আংশিক পুনরুত্থাপনেরও সম্ভব খাজানার মোকদ্দমায় তাহার প্রচালন আমরা অনুমোদন করিতে পারি না।

যে যে শ্রেণীর মোকদ্দমায় নূতন কার্য্যপ্রণালী প্রয়োগ করা যাইবে।

১৭৫। পক্ষান্তরে আমাদের বিবেচনায় খাজানার মোকদ্দমার এমত কয়েক শ্রেণীর মোকদ্দমা আছে যে সকল মোকদ্দমার উচিত বিচার, সাধারণ দেওয়ানী মোকদ্দমার যে প্রচলিত বিস্তারিত আইন আছে, তদপেক্ষা সংক্ষিপ্ত কার্য্য প্রণালী দ্বারা নিষ্পন্ন হইতে পারে। আমরা এইরূপ প্রণালী ব্যবস্থাপনের চেষ্টা পাইয়াছি। যেং শ্রেণীর মোকদ্দমায় এই সংক্ষিপ্ত কার্য্যপ্রণালী প্রয়োগে সুবিধা হইতে পারে তাং নিম্নে বর্ণন করা যাইতেছে;—

(১) বাকী খাজানা আদায়ের মোকদ্দমা;
(২) উচ্ছেদের মোকদ্দমা;
(৩) জমী দখল প্রাপ্তির মোকদ্দমা;
(৪) খাজানা ও অন্যায় কর বেআইনীমতে আদায় করার জন্য অথবা রসীদ দিতে অস্বীকার করার জন্য ক্ষতিপূরণের মোকদ্দমা;
(৫) তালুক, পেটাওতালুক কিম্বা দখলীস্বত্বের যোতের উত্তরাধিকারিত্ব কিম্বা হস্তান্তর করণ রেজেষ্টরী করিতে বাধ্য করার মোকদ্দমা।

দেওয়ানী কার্য্যবিধির যে যে অংশ খাটিবে।

১৭৬। দেওয়ানী কার্য্যবিধি এবং উপরোক্ত খাজানার মোকদ্দমার জন্য প্রস্তাবিত কার্য্য বিধির মধ্যে বিভিন্নতার বিষয়গুলি অর্থাৎ যে যে বিষয়ে পূর্ব্বের কার্য্যবিধি সংক্ষিপ্ত করা গিয়াছে তাহা নিম্নে বিবৃত হইল;—

প্রথমতঃ—দেওয়ানী কার্য্যবিধির পশ্চাৎ লিখিত অংশ সমূহ খাজানার মোকদ্দমায় মোটেই আবশ্যক করিবে না, যথা, সন্ধান, পরিদর্শন, প্রশ্নপত্র এবং আফিডেবিট সম্বন্ধীয় ধারা সকল; খরচার জন্য জামিন সম্বন্ধীয় ৩৮০—৩৮২ ধারা; পাপরদের মোকদ্দমা সম্বন্ধীয় ৪০১—৪১৫ ধারা; বিদেশীয় ব্যক্তিদের দ্বারা এবং বিদেশীয় কিম্বা দেশীয় রাজাদিগের কর্তৃক কিম্বা তাঁহাদের প্রতিকূলে মোকদ্দমা সম্বন্ধীয় ৪৩০—৪৩৪ ধারা; বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা সম্বন্ধীয় ৪৭০—৪৭৬ ধারা;—গ্রাহক সম্বন্ধীয়৫০৩—৫০৫ ধারা; মধ্যস্থ সম্বন্ধীয় ৫০৬—৫২৬ ধারা; উভয়পক্ষের সম্মতিক্রমে কার্য্য প্রণালী সম্বন্ধীয় ৫২৭—৫৩১ ধারা; ক্রেয় বিক্রেয় নিদর্শন পত্র সম্বন্ধীয় ৫৩২—৫৩৮ ধারা; এবং সাধারণের হিতার্থ দস্তখত সম্বন্ধীয় ৫৩৯ ধারা।

চূড়ান্ত বিচারের জন্য সমন হইবে।

দ্বিতীয়তঃ—যে মোকদ্দমার প্রথম বিচারের দিবসে সচরাচর নিষ্পত্তি হয় তাহার চূড়ান্ত বিচার জন্য সকল মোকদ্দমায়ই সমন হইবে—(১৭৩ ধারা)। যে যে মোকদ্দমা স্থগিত রাখা বিধেয় সেই সেই মোকদ্দমার জন্য যুক্তি নিয়ম করিয়াছি—(১৮৮ ধারা।) কোন কোন স্থলে মোকদ্দমা স্থগিত রাখা অস্বীকার করিলে বিচার অস্বীকার করার তুল্য হইবে কিন্তু এইরূপ স্থল অতি বিরল; এবং যদি নিম্ন আদালত সকল তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম করেন এবং জেলার জজেরা তাঁহারা করেন কি না দৃষ্টি রাখেন; তবে আমাদের এই বিশ্বাস যে শতকরা ৯০ র অধিক খাজানার মোকদ্দমার প্রথম বিচারে উপযুক্তরূপ নিষ্পত্তি হইতে পারিবেক।

তৃতীয়তঃ—প্রতিবাদী ইচ্ছা করিলে প্রতিবাদের লিখিত বর্ণনা দাখিল করিতে পারিবেক কিন্তু অন্য কোন লিখিত উত্তর প্রত্যুত্তরের আবশ্যকতা নাই (১৮৪ ধারা।)

চতুর্থতঃ—আমরা বিধান করিয়াছি (১৯০ ধারা) যে, আদালত শুনানির দিনে প্রত্যেক পক্ষকে জিজ্ঞাসা করিয়া স্থির করিবেন যে অপর পক্ষে যে দলীল দাখিল করে এবং যাহা বলে তাহা সে স্বীকার করে কি না, এবং এই স্বীকার কিম্বা অস্বীকার তিনি লিপিবদ্ধ করিবেন। আমরা বিশ্বাস করি যে, অনেক স্থলে যে পরিমাণে প্রমাণ লওয়া আবশ্যক হইয়া থাকে, এই প্রণালীতে তাহা অনেকাংশে কমিবে এবং কোন২ স্থলে একেবারে প্রমাণ না লইলেও চলিবে। অনেক স্থলে নিম্ন শ্রেণীর দেওয়ানী বিচারকেরা মোকদ্দমার প্রথম অবস্থায় উভয় পক্ষের হস্তে মোকদ্দমা ছাড়িয়া দিয়া কেবল রায় লিখিবার কালে বিশেষ মনোযোগ করেন। প্রথম অবস্থায় যে সকল বৃত্তান্ত ও দলীল অবলীলাক্রমে স্বীকৃত হইবার সম্ভাবনা ছিল তাহা পক্ষদ্বয় ঐ সকল বৃত্তান্ত ও দলীল পত্রের দোষগুণ বুঝিয়া, তর্ক বিতর্কে উত্তেজিত হইয়া, ধর্ম্ম-জ্ঞান-শূন্য-মোক্তারগণ দ্বারা উপদিষ্ট হইয়া এবং যে উপায়েই হউক না কেন কেবল জয়ের জন্য ব্যস্ত হইয়া জেদ করিয়া অস্বীকার করিয়া থাকে। এই প্রকারে আদালতের কার্য্য-প্রণালীর বিলম্ব ঘটে এবং আদালতের সময় অনাবশ্যক প্রমাণ লইতে বৃথা নষ্ট হয়।

লিখিত উত্তর প্রত্যুত্তর নিষ্প্রয়োজন।

পঞ্চমতঃ—আমরা প্রমাণের মর্ম্মপত্র রাখিবার জন্য বিধান করিয়াছি (১৯২ ধারা।) এই পত্রে যাহা বলা হয় তাহার তাৎপর্য্য ও মর্ম্ম থাকিবে কিন্তু দেওয়ানী কার্য্য বিধির বিধান অনুসারে আপীল যোগ্য মোকদ্দমায় যে প্রকার সাক্ষীর জবানবন্দী সমুদয় লিপিবদ্ধ করিবার নিয়ম আছে সেই প্রকার লিপিবদ্ধ করিয়া রাখিতে হইলে যেরূপ সময় লাগিত তদপেক্ষা অনেক কম সময় লাগিবে। কোন বিশেষ প্রশ্ন কিম্বা উত্তর জন্য উচিত বিবেচনা করিলে, লিখিয়া রাখিতে পারেন। (১৯৩ ধারা)

জবানবন্দী লিপিবদ্ধ করার সংক্ষেপ উপায়

ষষ্ঠতঃ—আমরা বিধান করিয়াছি (১৯৯ ধারা) যে কোন ব্যক্তি মোকদ্দমার মূল বিষয় সম্বন্ধে বাদী বা প্রতিবাদীর প্রতিকূলে দাওয়া উত্থাপন করিলে আদালত তাহাকে কোন পক্ষ বলিয়া গণ্য করিবেন না। কিন্তু উপস্থিত মোকদ্দমার কোন পক্ষের সহিত উক্ত ব্যক্তির স্বত্ব সম্বন্ধীয় কোন প্রশ্ন উঠিলে এবং মোকদ্দমার নিষ্পত্তি সম্বন্ধে উক্ত প্রশ্নের মীমাংসা আবশ্যক বোধ হইলে উক্ত পক্ষদ্বয়ের মোকদ্দমার ন্যায় আদালত তাহার নিষ্পত্তি করিতে পারেন। স্বত্ব সাব্যস্তের জটিল প্রশ্ন উত্থাপন এবং সেই প্রশ্নের চূড়ান্ত ও সিদ্ধান্ত নিষ্পত্তি উপলক্ষে যে বিলম্ব হইয়া থাকে তাহা অপেক্ষা খাজানার মোকদ্দমায় অধিকতর বিলম্ব হইবার এমন আর কোন কারণ নাই। এই প্রকারে অল্প কয়েক টাকা খাজানা আদায়ের মোকদ্দমার সহস্র টাকা মূল্যের সম্পত্তির স্বত্বাস্বত্বের বিষয় উপস্থিত হইতে পারে, উহাতে ষ্ট্যাম্প রাজস্বের হানি করে। ফলতঃ ইহা কখন২ ঘটে যে খাজানার মোকদ্দমার নিষ্পত্তি করিতে এইরূপ প্রশ্নের নিষ্পত্তি প্রয়োজনীয় হইয়া থাকে। যে যে স্থলে এই রূপ ঘটনা হয় তখন এইরূপ বিচার ও নিষ্পত্তি করা যাইতে পারে, কিন্তু এইরূপ নিষ্পত্তি দেওয়ানী কার্য্যবিধি আইনের বিধান অনুসারে সেই বিষয়ের স্বতন্ত্র রীতিমত বিচারের ধান বিরোধী হইবেক না।—(২২৩ ধারা)

স্বত্বাস্বত্বের কঠিন প্রশ্নের উপেক্ষা।

সপ্তমতঃ—যে মোকদ্দমার দাবী ১০৲ টাকার অতিরিক্ত নহে এবং যে মোকদ্দমায় জমা বৃদ্ধি অথবা জমা পরিবর্ত্তনের অধিকার সম্বন্ধে কোন নিষ্পত্তি হয় নাই এমন বাকী খাজানার মোকদ্দমার আপীল না হয়, আমরা প্রস্তাব করি।

আপীলের মিয়াদ।

১৭৭। শেষোক্ত বিষয়ে আমাদিগের মত এই যে বাকী খাজানা আদায়ের নিমিত্ত ক্ষুদ্র মোকদ্দমা সম্পর্কে আপীল করিবার স্বত্ব হরণ করিলে কোন হানি হইতে পারে না। আপীল সম্বন্ধে লোকের মনের ভাব ও ক্ষুদ্র মোকদ্দমার আদালত সমূহের চূড়ান্ত বিচারাধিপত্য থাকার বিষয়ে সাধারণের যে বিদ্বেষ আছে তাহা আমরা বিলক্ষণ অবগত আছি বলিয়াই যে শ্রেণীর মোকদ্দমায় আপীল করিবার স্বত্ব হরণের প্রস্তাব করিতেছি তৎসম্পর্কে দুইটি রক্ষার উপায় বিধান করিলাম। প্রথমতঃ যে কর্ম্মচারীরা মনোনীত হইয়া শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেব হইতে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইবেন কেবল তাঁহাদিগেরই এই চূড়ান্ত বিচারাধিপত্য থাকিবে, ও দ্বিতীয়তঃ জিলার জজ সাহেবদের প্রতি পুনরালোচনা করিবার ক্ষমতা প্রদান করা যাইতেছে। তাঁহারা কার্য্যপ্রণালী কি নিষ্পত্তিগত কোন প্রকৃতির দোষ কি রীতি বৈপরীত্য ঘটাতে বিচারের হানি হইয়াছে ইহা স্ববোধ মতে বুঝিলেই এই ক্ষমতানুযায়ী কার্য্য করিতে পারিবেন।

যে রক্ষার উপায় করাতে ক্ষুদ্র মোকদ্দমার আপীল করিবার স্বত্ব হরণ করিবার প্রস্তাব করা যাইতেছে।

১৭৮। ১৮৭৯ সালের ১২ আইন দ্বারা সংশোধিত দেওয়ানী কার্য্য বিধান আইনে ৬৬৩ ধারা আছে। ইহার মধ্যে নিম্নলিখিত ৩২৩ টি ধারা খাজানার মোকদ্দমার প্রতি বর্ত্তান গিয়াছে। ১৩, ১৯, ২৫, ২৭, ৩২,৩৬-৪১, ৪৫,৪৯, ৫২-৫৭,৫৯, ৬০,৬২-৬৩.৬৬ ৬৭.৬৯,৭২,৭৩,৭৪,৭৭ ৮৮, ৯১-১০৩,১০৫-১০৯,১১১, ১৩৭-১৪৪,১৫৭-১৬১ ১৭৮ ১৭১-১৭৮-১৮৬.১৮৮.১৯১,১৯৩, ১৯২-২০৩,২০৫,২০৬,২১০, ২১৬ ২১৯-২২৮,২৩০-২৩৪,২৩৬ ২৫৪,২৫৭.২৫৭ ক. ২৫৮, ২৬৬-৩০৪, ৩০৬-৩১৯-৩২৬-৩৭৯,৩৮৩ ৩৯৫, ৩৯৭- ৪০০৪১৬-৪২৯৪৩৫-৪৬৯,৪৮০, ৪৮২-৪৯১,৫৪০ ৫৯১,৩০ সুদ্ধ ৬২৩-৬৩০,৬৪০-৬৪৫ ৬৪৮,৬৫১ ও ৬৫২ ধারা। এ স্থলে ইহাও বলা কর্ত্তব্য যে, উহার মধ্যে অনেক গুলি ধারার প্রয়োগ সময়ে২ প্রয়োজনীয় হইলেও খাজানা সংক্রান্ত মোকদ্দমায় বিচারে অতি বিরল দৃষ্ট হইবে। খাজানা সংক্রান্ত মোকদ্দমায় দেওয়ানী কার্য্যবিধান আইনের উক্ত সকল ধারা বর্ত্তাইয়া কার্য্যপ্রণালী বিষয়ক অধ্যায় যতদূর সাধ্য সরল ও কার্য্য সৌকর্য্য পক্ষে সহজ করণাভিপ্রায়ে দুইটি উপায় অবলম্বন করা গিয়াছে। অর্থাৎ প্রথমতঃ কোন বিষয়ে ঐ সকল ধারা বর্ত্তান দিয়া থাকিলে সে স্থলে যে২ ধারার কার্য্য প্রয়োজন, সেই স্থলেই সেই২ ধারার উল্লেখ করা গিয়াছে, যথা প্রতিবাদীর উপর সমনজারী করণ বিষয়ক ঐ আইনে যে২ ধারা আছে এই আইনের ১৭৪ ধারায় তাহার বিধান সন্নিবেশ করণ আবশ্যক বলিয়া তাহা ১৭৪ ধারার কথার মধ্যেই পাওয়া যাইবে। দ্বিতীয়তঃ যে স্থলে কার্য্যবিধান আইনের কোন ধারার উল্লেখ করা গিয়াছে, সেই স্থলেই আইনে ঐ ধারার পার্শ্বলিখিত যে মর্ম্ম আছে তাহা অথবা ঐ ধারায় যে২ কথা আছে তাহার সম্যক্ মর্ম্ম এরূপ ভাবে লেখা গিয়াছে যে বিচার সংক্রান্ত যে কর্ম্মচারীর তাহা দেখা প্রয়োজনীয় তিনি এক বারেই অভ্রান্তরূপে ঠিক ধারাটি বাহির করিতে পারিবেন।

দেওয়ানী কার্য্য বিধান আইনের যে সমস্ত ধারা খাজানার মোকদ্দমার প্রতি বিশেষমতে বর্ত্তান গিয়াছে।

বিশেষ কোন মোকদ্দমায় দেওয়ানী কার্য্য বিধান আইনের বিধানক্রমে বিচার হওন জন্য জিলার জজ সাহেব আদেশ করিতে পারিবেন।

১৭৯। প্রস্তাবিত কার্য্যপ্রণালী সংক্রান্ত আর একটি বিষয়ের এই স্থলে উল্লেখ প্রয়োজন। প্রথমতঃ, এইরূপ ঘটিতে পারে যে দেওয়ানী কার্য্যবিধান আইনের যে ২ ভাগ (যথা দৃষ্টি ও সন্ধান বিষয়ক অধ্যায়) আমরা এই আইনে গ্রহণ করি নাই, খাজানা সংক্রান্ত কোন গুরুতর মোকদ্দমায় অন্যতর পক্ষ এই ভাগের বিহিতমত কার্য্য করিতে পারিলে তাহার বিশেষ সুবিধা হয় আমরা তজ্জন্য জিলার জজ সাহেবের প্রতি এইরূপ ক্ষমতা দিয়াছি যে তিনি কোন এক পক্ষের প্রার্থনাক্রমে বিশেষ কোন মোকদ্দমা দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধানক্রমে বিচার হইবার আদেশ করিতে পারিবেন। তদ্রূপ আদেশ হইলেই উক্ত তাবৎ বিধান ঐ মোকদ্দমার বিচারের প্রতি বর্ত্তিবে।

আবেদন পত্র ও ডিক্রীতে যে ২ কথা থাকিবে।

১৮০। তালুক, পেটাওতালুক, ঘোত কি কোন ভূমি সংক্রান্ত মোকদ্দমার আবেদনপত্রে অন্য ২ বিষয়ের মধ্যে ঐ তালুকাদির পরিমাণ, অবস্থান, নাম ও সীমার বর্ণনা, কি বাদী সীমার কথা লিখিতে না পারিলে তৎপরিবর্ত্তে ঐ তালুকাদি চিনিতে পারিবার নিমিত্তে যথেষ্ট হইতে পারে এমত বর্ণনা, থাকিবার (১৬৭ ধারা) বিধান করিলাম। ডিক্রীতেও (১২৫ ধারার (গ) প্রকরণ) ঐ ২ বিষয়ের উল্লেখ থাকিবার আদেশ করিয়াছি। দেওয়ানী কার্য্য আইনের ৪৫ ধারাক্রমে একি প্রতিবাদী কি সংসৃষ্টভাবে একি প্রতিবাদীদের বিরুদ্ধে বাদী এক মোকদ্দমায় অনেক মোকদ্দমার হেতু সংযোগ করিয়া দিতে পারেন, অতএব দুই কি তদধিক তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের নিমিত্ত বাকী খাজানার দাওয়া হইলে তাহাও একি মোকদ্দমায় সংযোগ করিয়া দিতে পারা যাইবে। কিন্তু ঐ প্রত্যেক তালুকাদি কেবল আপন ২ বাকী খাজানার নিমিত্তে দায়ী ও নীলাম হইতে পারে বলিয়া আমরা আদেশ করিয়াছি যে এই রূপ স্থলে ঐ তালুক, পেটাওতালুক, ও দখলীস্বত্ববিশিষ্ট যোতর প্রত্যেকের যত বাকী খাজানার ডিক্রী হইল ডিক্রীতে তাহা পৃথক ভাবে লিখিতে হইবে (১২৫ ধারার (গ) প্রকরণ)

প্রতিবাদীকে বিচারের পূর্ব্বে যে ২ স্থলে ধৃত করা যাইতে পারিবেও তাহার নিয়ম।

১৮১। বিচারের পূর্ব্বে প্রতিবাদীকে ধৃতকরণ সম্পর্কে ১৮৫৯ সালের ১০ আইনে যে ২ বিধান আছে আমরা (১৭৫—১৭৯ ধারায়) তাহা সারতঃ গ্রহণ করিলাম, কিন্তু কোন তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত ৬৪ ধারার বিধানমতে তাহার খাজানার নিমিত্তে বন্ধকী দায়াধীন করা গেলে তাহার বাকী খাজানা আদায়ের মোকদ্দমায় ঐরূপ ধৃতকারণের ব্যবস্থা করি নাই। যে জিলায় আদালতের অধিবেশন হয় প্রতিবাদী সেই জিলাবাসী হইলে ও (ক) বাদীর দাওয়া সমূলক বিশ্বাস করিবার আপাততঃ হেতু আছে ও (খ) প্রথম স্থলে সমন জারী করিলে প্রতিবাদী পলায়ন করিবে আদালতের ইহা সুবোধ জন্মিলেই কেবল তাহাকে ধৃত করা যাইতে পারিবে। বাদী যথেষ্ট হেতু না থাকিয়া ধৃতকরণের আদেশ পাইলে প্রতিবাদীর ক্ষতিপূরণ প্রার্থনা করিবার অধিকার থাকিবে।

বিচারের পূর্ব্বে যে ২ স্থলে ক্রোক করা যাইতে পারিবে, ও তাহার নিয়ম।

১৮২। দেওয়ানী কার্য্যবিধান আইনে বিচারের পূর্ব্বে ক্রোককরণ বিষয়ে যে ২ বিধান আছে আমরা খাজানা সংক্রান্ত মোকদ্দমার প্রতি তাহা বর্ত্তাইলাম। বাদী এই সকল বিধানক্রমে আদালতের দ্বারা প্রতিবাদীর ফসল ক্রোক করিতে সমর্থ হইবেন ও তাহা হইলে ফসলাদি আটককরণ রূপ উপায়ের পরিবর্ত্তে স্থল বিশেষে এই বিধানগুলিতে প্রয়োজনীয় ও বিধিসম্মত উপায় হইবে। কিন্তু কোন তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত তাহারি খাজানার নিমিত্তে বন্ধকী দায়াধীন করা গেলে তাহার বাকী খাজানা আদায়ের মোকদ্দমায়, ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত নীলাম করিলে বিক্রয়োৎপন্ন টাকাতে সুদ ও খরচাসুদ্ধ উক্ত বাকী খাজানার টাকা শোধ হইবার সম্ভাবনা নাই বাদী আদালতের ইহা সুবোধ জন্মাইতে না পারিলে, বিচারের পূর্ব্বে ক্রোক হইবে না, আমরা এই রূপ বিধান করিয়াছি (১৮০ ধারা)। আমরা ব্যবস্থা করিলাম যে কোন তৈয়ারি শস্য কি অসংগৃহীত ফসলাদি উক্তরূপে ক্রোক করা গেলে ক্রোক সত্ত্বেও প্রতিবাদী কর্ত্তৃক কর্ত্তিত ও সংগৃহীত হইয়া তিনি মরাই কি অন্য যে স্থানে সচরাচর তাহা গাদি করিয়া রাখেন তথায় তদ্রূপে রাখা যাইতে পারিবে ও প্রতিবাদী তাহা করিতে শৈথিল্য করিলে বাদী ঐ শস্য কি ফসল কাটাইয়া কি সংগ্রহ করাইয়া তদ্রূপ মরাই কি স্থানে কি নিকটবর্ত্তী অন্য যে স্থানে সুবিধা হয় তথায় রাখাইতে পারিবেন। আরো যে শস্য কি ফসল রাখিলে নষ্ট হইতে পারে ইতিমধ্যে তাহার বিক্রয়ের (১৮১ ধারা) বিধান করিয়াছি।

প্রজার কৃষিকার্য্যের যন্ত্রাদি হল, গোরু কি সর ডিক্রীজারী করিয়া ক্রোক করা যাইতে পারিবে না।

১৮৩। দেওয়ানী কার্য্যবিধান আইনের ২৬৬ ধারা খাজানা সংক্রান্ত মোকদ্দমায় বর্ত্তাইবার ফলস্বরূপ নিম্নলিখিত অস্থাবর সম্পত্তি ডিক্রীজারী ক্রমে লওয়া যাইতে পারিবে না; অর্থাৎ (ক) ডিক্রীমত খাতকের নিজের, তাহার স্ত্রীর কি পুত্র কন্যাদির প্রয়োজনীয় পরিধেয় বস্ত্র; (খ) কৃষিকার্য্যোপযোগী যন্ত্রাদি, ও ডিক্রীমত খাতকের কৃষিকার্য্য করিয়া জীবিকা নির্ব্বাহ করণ পক্ষে যে পশ্বাদির প্রয়োজন আছে বলিয়া আদালতের বিবেচনা হয় সেই পশ্বাদিও (গ) কৃষকদের অধিকারগত ও দখলীকৃত বাসের ঘর ও অন্যান্য ঘরের উপকরণ। ইহাও বক্তব্য যে যে স্থলে ১৮৫৯ সালের ১০ আইনের বিধান মত ডিক্রীজারী ক্রমে ক্রোক হয় তথায় এই সকল সম্পত্তি মুক্ত নহে, সুতরাং যে ২ জিলায় ঐ আইন প্রবল আছে তথায় এই বিষয়ে ডিক্রীমত খাতকদের খাজানার ডিক্রীতে অনেক অসুবিধা ভোগ করিতে হয়।

বাকী খাজানার নিমিত্তে তালুক বিক্রয় হইয়া পেটাও পাট্টা ও দায় ব্যর্থ করা গেলে ব্যক্তি বিশেষের ক্লেশ।

পাণ্ডুলিপিতে তাহা নিবারণের বিধান।

বিক্রয়ে যাঁহার হানি হইবার সম্ভাবনা তাঁহার কর্ত্তৃক ডিক্রীর টাকা আদালতে আমানত করণ।

১৮৪। বাকী খাজানার নিমিত্তে কোন তালুক নীলাম হইলে ঐ তালুকে যে পেটাও স্বার্থ কি দায় থাকে তাহা ব্যর্থ হইবে রাজস্ব আদায়ের নিমিত্ত নীলামের আইনের এই বিধি গ্রহণ করাতে অনেক নির্দ্দোষী ব্যক্তিকে সময়ে ২ বিশেষ ক্লেশ ভোগ করিতে হয়। সাধ্যমত এই ক্লেশ নিবারণ করা আমাদিগের অধিকাংশেরই মতে অতিপ্রায় বাঞ্ছনীয় বোধ হওয়াতে আমরা কএকটি উপায় বিধান করিয়াছি ও তাহাতে এই উদ্দেশ্য সম্যক সফল হইবে ভরসা করি। (২০৫ ধারায়) বিধান করিয়াছি যে কোন তালুক কি পেটাওতালুকের বিক্রয়ার্থ বিজ্ঞাপন দেওয়া গেলে পর ঐ তালুকাদিতে স্বার্থযুক্ত কোন ব্যক্তির যদি তাহা দায়মুক্তভাবে বিক্রীত হইলে স্বার্থের হানি হয় তাহা হইলে তিনি ডিক্রী ও খরচার টাকা আদালতে আমানত করিতে পারিবেন ও খাজানা দিতে যাঁহার ত্রুটিবশতঃ ঐ তালুকাদি বিক্রয়ের বিজ্ঞাপন দেওয়া গেল তাঁহার স্থানে ঋণ দেওয়া টাকার ন্যায় তদ্রূপ যত টাকা আমানত করেন তাহা আদায় করিতে পারিবেন।

১৮৫। বাকী খাজানার নিমিত্তে কোন তালুক বিক্রয় হইয়া গেলে তদগত পেটাও স্বার্থ ও দায় ব্যর্থ করণের উদ্দেশ্য এই যে তাহাতে উপরিতন ভূম্যধিকারীর প্রাপ্য খাজানার নিশ্চিন্নতা অক্ষুণ্ণ থাকিবে। যদি কোন তালুক গত পেটাও স্বার্থ কি দায় বশতঃ তালুকদারের লাভ এত দূর গ্রাস না হইয়া যায় যে তিনি বক্রী উপস্বত্ব হইতে যে ভূম্যধিকারীর অধীনে ঐ তালুক ভোগ করেন তাঁহার প্রাপ্য খাজানা দিতে অসমর্থ হন; অথবা যদি উক্ত সকল পেটাও স্বার্থ ও দায়ের অধীন হইয়াও ঐ তালুক এত মূল্যে বিক্রয় হইতে পারে যে তাহা তালুকদারের দেয় বাকী খাজানার নিমিত্তে যত টাকার ডিক্রীই হউক না কেন তাহা শোধ হওন পক্ষে যথেষ্ট হয়, তাহা হইলে কখনই এই রূপ বলা যাইতে পারে না যে ভূস্বামীর খাজানার নিশ্চিন্নতার এতদূর ব্যাঘাত হইয়াছে যে তাহা পূর্ব্বোক্ত উদ্দেশ্যের কারণ বলিয়া গণ্য হইতে পারে। ভূমি পেটাও বিলি করিবার ও ভূমির উপর দায় সৃষ্টি করিবার স্বত্ব প্রত্যেক তালুকদারেরই আছে, দেশের সাধারণ নিয়মই এই। ভূম্যধিকারী নিজের প্রাপ্য খাজানা সম্বন্ধে নিঃসন্দেহ থাকিলে অন্য কর্তৃক এই স্বত্বানুযায়ি কার্য্য হওন বশতঃ ন্যায়তঃ আক্ষেপ করিতে কি এই স্বত্বের প্রতি আক্ষেপ করিতে পারেন না। পরন্তু এই স্বত্বানুযায়ী কার্য্যক্রমে তাঁহার খাজানা প্রাপ্তির ব্যাঘাত হইলেও প্রকাশ্য নীলামে তালুক বিক্রয়ে উক্ত খাজানা আদায়ের যে নিশ্চিন্নতা জন্মে তাহার হানি হইলে, কথা স্বতন্ত্র হইয়া পড়ে, ও তদ্রূপ স্থলে ভূম্যধিকারী যে সকল পেটাও স্বার্থ ও দায়বশতঃ তালুকদারের যে স্বার্থের এই রূপ পরিমাণ ঘটিয়াছে যে তাহা উক্ত তালুকদারের দেয় খাজানার যথেষ্ট প্রতিভূ হইতে পারে না ঐ সকল স্বার্থাদি ব্যর্থ করিবার নিমিত্তে যুক্তি সঙ্গতমতে প্রার্থনা করিতে পারেন।

ভূম্যধিকারীর প্রাপ্য খাজানা আদায় হওয়াই বিক্রয়ে দায় ব্যর্থ করণের উদ্দেশ্য।

১৮৬। এই বিবেচনা করিয়া আমরা (২০৩ ও ২০৬ ধারায়) এই ব্যবস্থা করিয়াছি। কোন তালুক, পেটাও তালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত তাহারি বাকী খাজানার নিমিত্তে ডিক্রীজারি ক্রমে বিক্রয়যোগ্য হইলে তাহা প্রথমতঃ দায় বিশেষের অধীন বলিয়া নীলামে ধরা যাইবে, এবং যত টাকা ডাক হয় তাহা ডিক্রী ও খরচার টাকা শোধ হওন পক্ষে যথেষ্ট হইলে তদ্রূপ দায়াধীন ভাবেই বিক্রয় করা যাইবে। সর্ব্বোচ্চ যত টাকা ডাক হয় ডিক্রীশোধ হওন পক্ষে তাহা যথেষ্ট না হইলে পর ডিক্রীদার অর্থাৎ ভূম্যধিকারী ঐ তালুকাদি দায়মুক্ত ভাবে বিক্রয় হইতে পারিবার দাওয়া করিতে পারিবেন। তদ্রূপ বিক্রয় তৎক্ষণাৎ হইতে পারিবে না, কিন্তু ঐ তারিখের পর পঞ্চদশ দিনের অন্যূন ও ত্রিশ দিনের অনধিক বিক্রয়ের কোন দিনে হইতে পারিবে। এবং ঐ তালুকাদি যে দায়মুক্ত ভাবে শীঘ্রই বিক্রয়ার্থ উপস্থিত করা যাইবে এই মর্ম্মে উক্ত তালুকাদির অন্তর্গত ভূমির সুপ্রকাশ কোন স্থানে এক খানি জ্ঞাপন পত্র লাগাইয়া দিতে হইবে। এই সকল বিধানের ফল স্বরূপ যাঁহাদের ঐ সম্পত্তিগত কোন পেটাও স্বার্থ কি দায়মূলক স্বার্থ থাকে বিক্রয়ের প্রথম দিনে ডিক্রীর টাকা শোধ হওন পক্ষে ডাকের টাকা যথেষ্ট হইয়া ঐ তালুকাদি দায়াধীন ভাবে বিক্রয় করা গেলে তাঁহাদের উক্ত স্বার্থাদির কোন হানি হইতে পারিবে না। আর যদি বিক্রয়ের প্রথম ঐ দিনে ডিক্রীর টাকা শোধ হওন পক্ষে ডাকের টাকা যথেষ্ট না হয়, উক্ত ব্যক্তিরা ডিক্রীর টাকা আদালতে আমানত করিয়া দায়মুক্ত ভাবে ঐ তালুকাদির বিক্রয় নিবারণ করতঃ আপনাদিগকে হানি হইতে রক্ষা করিবার সময় পাইবেন, ও যত টাকা আমানত করা গেল তাহাও ত্রুটীকারী ব্যক্তির স্থানে আদায় করিতে পারিবেন।

তালুক দায়ের অধীনে বিক্রয় করিয়া খাজানার দাওয়া শোধ করিলে উক্ত উদ্দেশ্য বিফল হয় না।

তালুক প্রথমতঃ দায়ের অধীন বলিয়া নীলামে ধরা যাইবে, ও ডিক্রীর টাকা শোধ হওন পক্ষে ডাক যথেষ্ট না হইলে দায়মুক্ত ভাবে বিক্রয় হইতে পারিবে, পাদটীকাতে ইহার বিধান আছে।

১৮৭। যে সকল দায় পূর্ব্বোক্ত ভাবে রক্ষা করা যাইবে আমাদের বিবেচনায় তাহা সৃষ্টি হইলেই উপরিতন ভূম্যধিকারীকে তদ্বিষয়ে নোটিস দেওয়া কর্ত্তব্য, ও বিচার না করিয়া সকল প্রকার দায়ই যে এইরূপে রক্ষা করা উচিত আমাদিগের ইহা মত নহে। আমরা এই উদ্দেশ্য সফল করণাভিপ্রায়ে "দায়" শব্দের অর্থ নির্ণয় স্থলে বলিয়াছি যে ক্রটিকারী ব্যক্তি ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের অধিকারী হন তিনি নিজ স্বার্থ-খর্ব্ব করিয়া প্রত্যেক যে দায়, স্বত্ব, পেটাও সত্ব কি অধীন স্বার্থ আইনমতে সৃষ্টি করিতে সমর্থ ছিলেন, এবং যাহা লিখিত ও উপযুক্তমতে রেজিষ্টরী করা কোন নিদর্শনপত্রক্রমে সৃষ্ট হইয়াছে (ঐ নিদর্শন পত্রের একখানি প্রতিলিপি উক্ত তালুকাদির খাজানা প্রাপ্যার উপর জারী করা প্রয়োজন) "দায়" শব্দে তাহাই বুঝাইবে ও গণ্য হইবে। আমাদিগের বিশ্বাস যে কোন ব্যক্তি বিক্রয়ের পর মিথ্যা করিয়া দায়ের কথা উত্থাপন পূর্ব্বক প্রতারণা করিবার চেষ্টা পাইলে এই বিধানক্রমে তাহার চেষ্টা ব্যর্থ হইবে। অপর ইহাতে ক্রয়েচ্ছু ব্যক্তিরা বিক্রয়যোগ্য কোন সম্পত্তির প্রকৃত মূল্য সম্বন্ধে সন্দেহ থাকিলে যত ডাকিতেন সম্ভবতঃ তদপেক্ষা অধিক টাকা ডাকিতে সমর্থ হইবেন। এই আইন প্রচলিত করিবার পূর্ব্বে রেজিষ্টরীকার্য্য সম্বন্ধে যে বিধি প্রবল ছিল লিখিত ও তদনুযায়ি উপযুক্তমতে রেজিষ্টরী করা কোন নিদর্শনপত্রক্রমে কোন দায় সৃষ্ট হইয়া থাকিলে আমরা তৎ সম্পর্কে এইরূপ বিধান করিয়াছি—এই আইন মত কার্য্য আরম্ভ হইবার ছয় মাসের মধ্যে তদ্রূপ নিদর্শনপত্রের একখানি প্রতিলিপি সম্পর্কযুক্ত ব্যক্তির উপর জারী করিতে হইবে। শ্রীযুক্ত ওকিনলীসাহেবের অভিপ্রায় ছিল যে এই আইনের পূর্ব্বে কোন দায় সৃষ্ট হইয়া সাময়িক কোন বিধিমতে তাহা রেজিষ্টরী করার প্রয়োজন না থাকাতে যদি রেজিষ্টরী করা গিয়া না থাকে তাহা হইলে তদ্রূপ দায়ের প্রতিও পূর্ব্বোক্ত বিধান বর্ত্তান যায়, কিন্তু আমাদিগের অধিকাংশেরই আশঙ্কা এই যে ইহাতে লোকের মিথ্যা করিয়া দায়ের কথা উত্থাপন করিতে প্রবৃত্তি হইতে পারে।

রেজিষ্টরী করা যে দায়ের বিষয়ে উপরিতন ভূম্যধিকারীকে নোটিস দেওয়া গেল কেবল তাহারই রক্ষার বিধান হইয়াছে।

১৮৮। রেজিষ্টরী করা যে সমস্ত দায়ের সৃষ্টি হওন বিষয়ে উপরিতন ভূম্যধিকারিকে নোটিস দেওয়া যায়ও যাহা কোন তালুক দায়মুক্তভাবে বিক্রীত হইলেও রক্ষা করা যায় সেইসকল দায় ভিন্ন কোন তালুকে তাহার স্বামী, প্রতিনিধি, কি স্বত্বাভিষিক্ত ব্যক্তি কর্ত্তৃক যে সকল দায় বর্ত্তান গেল ক্রেতা তৎসমুদায় ব্যর্থ ও রহিত করিবার অধিকারী হইবেন। কিন্তু যে সকল দায় আইনসঙ্গত অর্থাৎ যে লিখিত নিয়ম পত্রে ক্রমে প্রজা আদৌ অধিকার পাইলেন তৎক্রমে কি তৎপশ্চাৎ যিনি তাঁহাকে অধিকার দেওয়াইলেন তাঁহার কি তাঁহার প্রতিনিধি কি স্বত্বাভিষিক্ত ব্যক্তির লিখিত ক্ষমতাপত্র ক্রমে যে সকল দায় সৃষ্টি করিবার স্বত্ব স্পষ্টতঃ প্রদত্ত হইয়াছে তাহা এইরূপ ব্যর্থ করা যাইতে পারিবে না (২১০ ধারা।) এই বিধিমতে খুদকাস্ত প্রজা অথবা কোন ভূমিতে বাস করিয়া পুরুষানুক্রমে যাহারা কৃষিকার্য্য করে এমত ব্যক্তিদিগকে উচ্ছেদ করা যাইতে পারিবে না; কোন ক্রেতাও এ ব্যক্তিদের সহিত সরল ভাবে

উপরিতন ভূম্যধিকারী দায় সৃষ্টি সম্বন্ধে লিখিত সম্মতিপত্র দিয়া না থাকিলে ক্রেতা রেজিষ্টরী করা দায়ভিন্ন অন্য সকল দায় ব্যর্থ করিতে পারিবেন।

খোদ কর্ত্তা প্রজাকে উচ্ছেদ করা যাইতে পারিবে না।

যে অবস্থায় আদালত বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন।

বিক্রয় অসিদ্ধ করা গেলে খরীদের টাকা ফিরিয়া দিবার আজ্ঞা হইতে পারিবে।

কোন নিয়মাধীন হইয়া থাকিলে উক্ত সকল নিয়ম হইবার সময়ে ন্যায়তঃ উচ্চতর খাজানার দাওয়া করা যাইতে পারিত ইহা প্রমাণ করিতে না পারিলে, তাহা রহিত করিতে পারিবেন না। পরন্তু তিনি এই আইনের বিধানক্রমে অন্য সকল প্রজার খাজানা বৃদ্ধি করণার্থে প্রবৃত্ত হইতে পারিবেন। শ্রিথী কোমসিলকৃত একটি নিষ্পত্তি অনুযায়ি আমরা বিধান করিয়াছি যে কোন তালুক দায় মুক্ত করণার্থে ডিক্রীয়তখাতক নিজে কি অপর কেহ তাঁহার সহিত যোগে প্রতারণাভাবে কার্য্য করিলে তাঁহার দায় ব্যর্থ করিবার অধিকার থাকিবে না।

১৮৯। কার্য্যপ্রণালী সম্বন্ধে কেবল আর এক বিষয়ের অর্থাৎ বিক্রয় অসিদ্ধ করণ বিষয়ের বিশেষ উল্লেখ করা আবশ্যক বোধ করি। (ক) বিক্রয়ের বিজ্ঞাপন দিতে কি বিক্রয় কার্য্য চালাওনে গুরুতর ত্রুটি বৈপরীত্য ঘটিয়াছে ও (খ) তাহাতে গুরুতর হানি হইয়াছে ইহা প্রমাণ করা গেলেই কেবল আদালত বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন অন্যথা নহে (২১২ ধারা)। বিক্রয় অসিদ্ধ হওনের আজ্ঞা হইলে ঐ আজ্ঞাক্রমে খরীদের টাকা আদালতের বিবেচনামত সুদসুদ্ধ কি সুদ বিনা ফিরিয়া দিবার আদেশ থাকিবার বিধান করিলাম, ও ঐ আজ্ঞা যে ব্যক্তির হস্তে ঐ খরীদের টাকা কি তাহার কোন অংশ পড়িয়াছে বিক্রয় অসিদ্ধ হওনার্থ প্রার্থনাপত্রের নোটিস তাঁহার উপর জারীহইয়া থাকিলে তাঁহার বিরুদ্ধে টাকার ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে। ইহাতে ক্রেতার ক্রয়সম্ভূত উপকারে বঞ্চিত হইবার পর টাকা পুনঃ প্রাপ্তির নিমিত্তে মোকদ্দমা করিবার ক্লেশভোগ করিতে হইবে না।

বক্ষ্যমান বিষয় বিবেচনায় পাণ্ডুলিপিবৃহৎ নহে।

১৯০। এই রিপোর্টের সহিত যে পাণ্ডুলিপি আমরা সম্মান সহকারে উপস্থিত করিতেছি, তাহাতে ২২৫টি ধারা আছে। ইহার মধ্যে কতক গুলি ধারা সুদীর্ঘ হওয়াতে দুই কি তদধিক ভাগে বিভক্ত। বিচারাধীন বিষয়ের বিস্তার ও গুরুত্ব বিবেচনায় আমাদের এইরূপ বোধ হয় না যে এই প্রদেশস্থ ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ব্যবস্থাগত ও মোকদ্দমা সম্ভূত আইন যে পাণ্ডুলিপিক্রমে সংহিতা বদ্ধ হইতেছে তাহা ইহা অপেক্ষা ক্ষুদ্রায়তন করা যাইতে পারে। বঙ্গদেশীয় ব্যবস্থাসমূহের মধ্যে সাতটি, বঙ্গীয় ব্যবস্থাপক সভার চারিটি ও প্রধান ব্যবস্থাপক সভার চারিটি আইন আমরা সম্পূর্ণরূপে বা অংশতঃ রহিত করিবার প্রস্তাব করিলাম। বঙ্গদেশীয় প্রথমোক্ত সাতটি আইনে ৩৭টি ধারা আছে, তাহার কোন ২ ধারা (বিশেষতঃ পত্তনি আইনের) এই পাণ্ডুলিপির যে কোন ধারা অপেক্ষা দীর্ঘতর। ১৮৫৯ সালের ১০ আইনে ১৬৮টি ধারা আছে, ও ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইনের ১৯টি ধারা ও ১৮৬৫ সালের বঙ্গীয় ৮ আইনের ১৭টি ধারা রহিত হয় নাই; এই চারিটি আইনের ধারার সমষ্টি ২৪১ সুতরাং পাণ্ডুলিপির ধারার সংখ্যা অপেক্ষা অধিক। ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনে দেওয়ানী কার্য্যবিধান আইনসম্মত কার্য্যপ্রণালী না ধরিয়াও ১১১টি ধারা আছে। উপস্থিত পাণ্ডুলিপিতে ধারার এইরূপ বিন্যাস হইল:—

	ধারা।
মূল আইন	১৪
খাজানা বৃদ্ধি সংক্রান্ত কার্য্যপ্রণালী ...	৩৮
সদাসরিমতে বিক্রয়ের কার্য্যপ্রণালী ...	১৪
খাজানা আদায় প্রভৃতি বিষয়ক কার্য্যপ্রণালী...	৭৯
মোট	২২৫

উপস্থিত পাণ্ডুলিপি হইতে অতিরিক্ত আশা করা যাইতে পারেনা।

উত্তর পশ্চিম প্রদেশীয় ১৮৭০ সালের খাজানা সংক্রান্ত আইনে ২১২টি ধারা আছে ও উক্ত আইন সংশোধনার্থে যে পাণ্ডুলিপি এক্ষণে ব্যবস্থাপক সভায় অর্পিত হইয়াছে তাহাতে ২৯টি ধারা আছে, দুই যোগ করিলে ২৪১টি ধারা হয়। সংক্ষেপে এই সকল বিষয় আমরা উল্লেখ করিলাম, কারণ আমাদিগের অন্যতম সহযোগী এমত আশা প্রকাশ করিয়াছেন যে পাণ্ডুলিপি ব্যবস্থাপক সভায় অর্পিত হইলে "যেন ইহার অর্দ্ধেক ধারা ও উপধারা এবং সমস্ত উদাহরণ ও ব্যাখ্যা গুলি ত্যাগ করিয়া আইনটিকে সরল ও কার্য্যসুকর করা হয়।" তিনি আরো বলেন,— "আমরা ত্রুয়োদশনক্রমে অবগত আছি যে উদাহরণ ও ব্যাখ্যার উদ্দেশ্য প্রায়ই সফল হয় না ও মূলের অর্থ সুস্পষ্ট না করিয়া বরং তাহাতে নূতন ও অচিন্তিতপূর্ব্ব দুরূহতা ও সন্দেহ উপস্থিত করে"। আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এই বিষয় অবগত নহেন ও পূর্ব্বোক্ত কথা পাঠ করিবার পূর্ব্বে আমরা ইহা জ্ঞাত ছিলাম না। আমাদিগের নিজের বহুদর্শনক্রমে অন্য প্রকার জানিয়াছি। দণ্ডবিধি আইনে যে সকল উদাহরণ ও ব্যাখ্যা আছে বোধ হয় তাহাতে মূলের অর্থকারণ সম্বন্ধে অনেক স্থলেই ভ্রান্তি অপনীত করিয়াছে। অনুমানিক স্থল লইয়া উদাহরণ ও ব্যাখ্যা প্রণয়ন করিলে তাহার ফলোপধায়িতা সম্বন্ধে যতই কেন মত ভেদ থাকুক না, আমরা এই বিষয়ে আধুনিক প্রধান ব্যবস্থা প্রণেতৃ বর্গের মতের অনুমোদন করি। তাঁহারা প্রকৃত ঘটনামূলক উদাহরণ ও ব্যাখ্যার বিশেষ প্রয়োজনীয়তা স্বীকার করিয়া থাকেন।

১৯১। উপসংহার কালে বক্তব্য যে আমাদিগের প্রতি যে কার্য্যভার ন্যস্ত হইয়াছে তাহা দুরূহ বলিলে অন্যায় হয় না তাহাতে আমাদিগের কর্ত্তব্য কার্য্যের প্রতি অযথা গুরুত্ব আরোপ করিয়েছি এই রূপ প্রতীয়মান না হইলেও, এত দূর সন্দেহবিরহিত বিশ্বাস নাই যে আমাদিগের প্রণীত পাণ্ডুলিপি খানি ব্যবস্থারূপে পরিণত হইলেই এই সকল প্রদেশের গ্রাম্যসমাজে কৃষিকার্য্য সুলভ শান্তি ও সমৃদ্ধি সম্বন্ধে স্বর্গসুখের আবির্ভাব হইবে এবং মোকদ্দমা, দুর্ভিক্ষ ও এতদ্দেশে কৃষকজীবনে যে সকল দুর্দৈব সর্ব্বদাই ঘটিয়া থাকে তাহাতে আর ব্যাঘাত উৎপাদন করিতে পারিবে না। স্বতন্ত্র ২ জিলায় ও রাজকার্য্যের ভিন্ন২ বিভাগে নিযুক্ত থাকিয়া আমাদিগের বহুদর্শন ভিন্ন২ প্রকারে লাভ হইলেও পাণ্ডুলিপির অনেক প্রস্তাবে আমরা সকলেই ঐকমত্য প্রকাশ করিয়াছি। মতভেদ স্থলে

বাদানুবাদের পর এই রূপ সামঞ্জস্য স্বীকার করা উচিত বোধ করিয়াছি যে তাহাতে কাহারো মত সম্পূর্ণ রূপে অগ্রাহ্য হয় নাই। একান্ত ভরসা করি আমাদিগের শ্রম সার্থক হইবে, কিন্তু হইলে কি না তাহা সময় ও কার্য্যে প্রকাশ পাইবে। যদি মনুষ্য মাত্রেরই স্বত্ব ও কর্ত্তব্য কার্য্য গুলি সুনিশ্চিত ও সুনির্দ্দিষ্ট থাকিলে উপকারজনক হয়, তাহা হইলে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত স্বত্ব ও কর্ত্তব্য কার্য্যবিষয়ক ভাবৎ ব্যবস্থা এইরূপ একটি আইন মধ্যে সংগৃহ করাতেও অবশ্য উপকার হইবে। উদাহরণ স্বরূপ বক্তব্য পূর্ব্বে যে সকল স্থলে সন্দেহের কারণ বিদ্যমান থাকাতে মোকদ্দমা হইয়াছিল। স্বত্বনিয়ঞ্জন করণ ও সহঅংশী প্রভৃতি বিষয়ক অনেক গুলি বিধান-ক্রমে সেই সকল স্থলে সুস্পষ্ট বিধি প্রণীত হইয়াছে। কৃষক শ্রেণীর হিতার্থে আমরা তাহাদিগকে যথেচ্ছ ও অতিরিক্ত খাজানাবৃদ্ধি হইতে রক্ষার বিধান করিয়াছি, দখলীস্বত্বের অনুষঙ্গি নির্দ্দেশ করিয়া যত্নশীল প্রজার হস্তে তাহা যাহাতে মূল্যবান সম্পত্তি হইতে পারে তাহার বিধান করিয়াছি, সঙ্গতরূপ খাজানার কিস্তির ও খাজানা দেওয়া চলে প্রমাণ থাকিবার বিধান করিয়াছি ভূম্যধিকারীরা সহঅংশী হইয়া একমত হইতে না পারিলে সৎস্বভাব প্রজার প্রতি অত্যাচার নিবারণের বিধান করিয়াছি, উচ্ছেদিত প্রজার নিজ রোপিত ক্ষেত্রস্থ ফসল পাইবার ও তৎ কর্ত্তৃক ভূমির উৎকর্ষ বিধায়ক কোন কার্য্য অনুষ্ঠিত হইয়া থাকিলে তজ্জন্য ক্ষতিপূরণ পাইবার বিধান করিয়াছি ও পরিশেষে প্রজা যাহাতে নিজে সুখে থাকিতে পারে এমন বাসগৃহ নির্ম্মাণ করিতে পারিবে ও স্বদেশের অর্থোন্নতিতে কিয়দংশে লাভবান হইতে পারিবে এইরূপ বিধান করিয়া প্রজাভোগ্য স্বচ্ছন্দসুখ বৃদ্ধিকরণের প্রয়াস পইয়াছি।

প্রজার হিতার্থ বিধান।

১৯২। ভূম্যধিকারীর হিতার্থে আমরা তালুক, পেটাও তালুক ও দখলীস্বত্ববিশিষ্ট মোতের হস্তান্তর ও উত্তরাধিকার রেজিষ্টরীকরণার্থ বিধি প্রণয়ন করিয়াছি, ভূম্যধিকারীর স্বত্বাধিকার অস্বীকার করিলে প্রজাকে উচ্ছেদ করিতে পারিবার বিধান করিয়াছি 'এদেশে কোন ব্যক্তি জমীদারের বিরুদ্ধে কোন স্বত্বের দাওয়া উপস্থিত করিলে প্রায়ই দখলিকারের প্রজাদের মধ্যহইতে মিথ্যাসাক্ষ্য সংগ্রহ করিয়া নিজ স্বত্বাধিকার প্রমাণ করিবার চেষ্টা পাইয়া থাকে সুতরাং ভূম্যধিকারীর পক্ষে পূর্ব্বোক্ত ক্ষমতাপ্রাপ্তি' বিশেষ উপকারজনক, আমরা তালুকদার ও পেটাও তালুকদারদিগের খাজানা বৃদ্ধি করণার্থে সুনির্দ্দিষ্ট বিধি প্রণয়ন করিয়াছি ও প্রজার খাজানার যুক্তি সঙ্গতমত বৃদ্ধি করিবার নিমিত্তে শাসনকার্য্যে নিযুক্ত গবর্ণমেণ্টের কর্ম্মচারীদিগকে জমীদারের প্রয়োজনাধীন করিয়া এই উদ্দেশ্যসাধন পক্ষে তাঁহাকে প্রায় গবর্ণমেণ্টের সহিত তুল্য সুবিধা প্রদান করিয়াছি। পরিশেষে এতদ্দেশীয় ভূম্যধিকারী শ্রেণীর অন্যতর প্রধান অংশের 'প্রতিনিধিস্বরূপ যিনি নীলামখরীদার' হইয়া ভূমিক্রয় কার্য্যে মূলধন ন্যস্ত করেন যাহাতে তিনি ন্যস্তধনের লভ্য পাইতে পারেন তদ্বিষয়ে বিধান করিয়াছি। ইহাতে ভূসম্পত্তির মূল্য বৃদ্ধি হইয়া ভূম্যধিকারী শ্রেণীর উপকার হইবে। পাণ্ডুলিপিতে ভূম্যধিকারীদিগের পক্ষে যে ২ উপকার করণের বিধান হইয়াছে তাহা প্রজাপক্ষে প্রস্তাবিত উপকারসমূহের সহিত সম্পূর্ণরূপে তুল্য মূল্য বলিয়াই আমাদিগের বিশ্বাস। কেহ অন্যথা ভাবিলে তাঁহাদিগের স্মরণার্থে এই মাত্র বলিতে বাসনা করি যে, অনেকের মতেপ্রজাদের এতদপেক্ষা কতই অধিক প্রার্থনা করিবার অধিকার আছে। সমগ্র সমাজের হিতার্থে ভূসম্পত্তির নূতন করিয়া বিভাগকরণ প্রয়োজন হইলে যে কোন সময়ে ব্যবস্থাপ্রণেতৃগণের যে তদ্রূপ বিভাগ করণের ক্ষমতা আছে তদ্বিষয়ে কোন সন্দেহই হইতে পারে না। এইরূপ কার্য্যের অব্যবহিত ফলস্বরূপ বর্ত্তমান স্বত্বাদির হানি ঘটিলে সুসভ্য দেশের ব্যবস্থাপকেরা সচরাচর ক্ষতিপূরণের ব্যবস্থা করিয়া থাকেন। পাণ্ডুলিপির লিখিত কোন বিধানক্রমে এই বিধির বিষয়ীভূত হইতে পারে এমত কোন স্থল ঘটিলে আমাদিগের মতে ঐ বিধি অনুসারেই কার্য্য হওয়া উচিত। পরন্তু আমরা অধিকাংশ ব্যক্তিই সুস্পষ্টভাবে বলিতেছি যে আমাদিগের মতে পাণ্ডুলিপির লিখিত কোন কথাক্রমেই এইরূপ স্থল ঘটে নাই। ইহার যে সমস্ত বিধান প্রজাদের হিতার্থে প্রস্তাবিত হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের নিয়মক্রমে সংরক্ষিত ক্ষমতা অর্থাৎ অধীন তালুকদার, প্রজা ও ভূমিকর্ষণকারী অন্য ব্যক্তিদের রক্ষণ ও মঙ্গলার্থ যে সকল আইন প্রণয়ন করণ আবশ্যক, সেই সকল আইন শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব যে সময়ে বিহিত বোধ করেন সেই সময় প্রণয়ন করণার্থ তাঁহার প্রতি যে, ক্ষমতা অর্পিত হইয়াছে সেই ক্ষমতানুসরণেই প্রণয়ন করা যাইতে পারে। ৮

ভূম্যধিকারীর হিতার্থ বিধান।

* এচ, এল, ডাম্পিয়র, সভাপতি।

সি, ডি, ফীল্ড,

এ, মাকেঞ্জী;

জে, ওকিনিলী,

* মোহিনীমোহন রায়,

১৮৮০ সাল ১৯ জুন।

* প্যারীমোহন মুখোপাধ্যায়,

ব্রজেন্দ্রকুমার শীল।

কমিশ্যনের এই ২ সভ্যেরা এতৎ সংযুক্ত তাঁহাদিগের মন্তব্যলিপির অপেক্ষা রাখিয়া স্বাক্ষর করিলেন।

(৮) ১৭৯৩ সালের ১ আইনের ৮ ধারার ১ প্রকরণ।

শ্রীযুত ডাম্পিয়র সাহেবের মন্তব্যলিপি।

১। দখলীস্বত্ববিশিষ্ট প্রজারা যত টাকা খাজানা দেন তাহা বৃদ্ধিকরণার্থ কার্য্যপ্রণালীর বিষয় পাণ্ডুলিপির ১৪ চতুর্দ্দশ অধ্যায়ে লিখিত হইয়াছে। এই অধ্যায়ের অন্তর্গত ধারাগুলির বর্ত্তমান আকারে ভূমিগত স্থায়ি ও হস্তান্তরকরণীয় স্বত্ববিশিষ্ট ভূম্যধিকারীরা কালেকটরের সাহায্যতায় কার্য্যপ্রণালীর অনুষ্ঠান করিয়া দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের খাজানা বৃদ্ধি করিবার অভিনবও সহজতর উপায় লাভ করিতে পারিবেন। কোন ভূম্যধিকারী ২২ ধারার উল্লিখিত প্রথম, দ্বিতীয় কি তৃতীয় হেতুতে খাজানা বৃদ্ধি করিবার বাসনা করিলে নিজ ইচ্ছামত ঐ সকল ধারাক্রমে পূর্ব্বমত দেওয়ানী আদালতে অথবা নূতন কার্য্যপ্রণালী অনুসারে কালেকটরের নিকট মোকদ্দমা করিতে সমর্থ হইবেন, ও (মূল্যবৃদ্ধিবশতঃ) চতুর্থ হেতুতে হইলে। কেবল কলেকটরের নিকট তদ্রূপ মোকদ্দমা করিতে পারিবেন।

২। এইরূপ অনুমান করা হইয়াছে যে অল্পসংখ্যক প্রজারবিরুদ্ধে মোকদ্দমা করিবার অভিপ্রায় থাকিলে ভূম্যধিকারী দেওয়ানী আদালতেই গমন করিবেন। আমি এই অনুমানের কোন হেতু দেখিতে পাই না। কালেকটরের আদালতে অনুষ্ঠেয় কার্য্যপ্রণালী ভূম্যধিকারীদের মনোমত হইলে স্বতন্ত্র ভাবাপন্ন মোকদ্দমাতেও তাঁহাদের ঐ প্রণালীরই অনুসরণ করিবার সম্ভাবনা। ক্ষতিবিশেষের নিবারণ কল্পেই উপস্থিত পাণ্ডুলিপি প্রণীত হইয়াছে, প্রজারা যোগ করিয়া প্রতিকূলাচরণ করিলে ভূম্যধিকারী আইন ও সর্ব্বসম্মতিমত আপনার যে সকল স্বত্ব আছে তাহা প্রবল করিতে কার্য্যতঃ অক্ষম হন বলিয়া যাহাতে তদ্রূপ প্রতিকূলতা অতিক্রম করিতে পারেন তাহার বিশেষ উপায় বিধান করাই ইহার উদ্দেশ্য। কিন্তু পূর্ব্বোক্তরূপ সম্ভাবনা থাকিলে এই উদ্দেশ্য অতিক্রম করা হয়।

৩। অপিচ নূতন কার্য্যপ্রণালী অনুসরণ করা সম্পূর্ণরূপেই ভূম্যধিকারীদের ইচ্ছাসাপেক্ষ, সুতরাং তাহা জমীদারদিগের মনোমত হইলেই তদনুযায়ি কার্য্য করণার্থ লোক পাইবার নিমিত্তে এককালে অনেকেই গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিবেন, আমার এইরূপ আশঙ্কা হয়। ঐ প্রার্থনা বিশেষ অসুবিধাজনক হইবে, হয়ত সত্বর পূরণ করা ও অসম্ভব হইয়া পড়িবে। অতএব আমার অভিপ্রায় যে ব্যক্তি বিশেষের দেয় খাজানা নির্দ্ধারণ করিবার কোন মোকদ্দমা রাজস্ব সংক্রান্ত কর্ত্তৃপক্ষদিগের দ্বারা বিচারিত হইবে কি না তাহা অবধারণ করিবার ক্ষমতা গর্ণমেণ্টের হস্তে থাকা উচিত।

কোন ভূম্যধিকারী সাধারণ্যে প্রয়োগ হইতে পারে, খাজানার হারের এইরূপ কোন তালিকা প্রস্তুত করা যায় বাসনা করিলে তাঁহাকে অবশ্যই ১০১ ও পরবর্ত্তীধারা ক্রমে কলেকটরের নিকট প্রার্থনা করিতে হইবে। কিন্তু তদ্রূপে প্রস্তুত কোন তালিকানুযায়ী কি অন্য কোন নিয়মানুসারে প্রত্যেক প্রজার কত খাজানা দিতে হইবে তাহা অবধারণ করণার্থ মোকদ্দমা আমার মতে প্রার্থনাস্থলে দেওয়ানী আদালতে উপস্থিত করা ও তৎসম্পর্কে প্রয়োজন হইলে দেওয়ানী কার্য্যবিধান আইনের ৩০ধারা প্রয়োগ করিতে পারা আবশ্যক।

৪। যদি এইরূপে উপস্থাপিত মোকদ্দমার সংখ্যা অধিক হয় ও কালেকটরের নিকট অনুষ্ঠেয় কার্য্যপ্রণালী ক্রমে যে গুরুতর কষ্ট নিবারণের উপায় বিধান করা গিয়াছে ঘটনার অবস্থা বিবেচনায় সেই কষ্টের আবির্ভাব লক্ষিত হয়। তাহাহইলে ঐ মোকদ্দমা গুলি কালেকটরের নিকট দেওয়া যাইবে। পাণ্ডুলিপির ১৩০ ধারা ক্রমে এইরূপে মোকদ্দমা অর্পণ করণার্থে আদেশ করিবার ক্ষমতা জজ সাহেবদের প্রতি প্রদত্ত হইয়াছে কিন্তু আমার মতে ঐ ক্ষমতা লেপ্টেনেণ্টগবর্ণর সাহেবের প্রতি অর্পণ করা উচিত। মোকদ্দমা কালেকটরের নিকট অর্পণ করিবার উত্তম কারণ আছে, জজ সাহেবের অভিমতি ক্রমে লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের ইহা সুবোধ জন্মিলে তিনি পাণ্ডুলিপির ১০৭ ও পরবর্ত্তীধারা সমুহের বিধানানুযায়ী বর্দ্ধিত জমাবন্দী করিবার নিমিত্তে কালেকটরের প্রতি আদেশ করিবেন।

৫। পরন্তু ১১২ ও পরবর্ত্তিধারা সমুহের লক্ষিতমন যে সকল স্থলে ভূম্যধিকারী এইরূপ প্রমাণ করিতে পারেন যে তাঁহার ক্ষমতা বহির্ভূত কোন কারণবশতঃ মহালের বর্ত্তমান অবস্থা তিনি সম্যক অবগত নহেন তাহা হইলে আমারমতে ঐ সকল স্থল পূর্ব্বোক্ত বিধানহইতে মুক্ত করা উচিত। সম্পত্তির স্বত্বাধিকারী প্রতিকূল থাকিলে সম্পত্তি ক্রয় করিয়া তাহার নিকট হইতে কাগজপত্র ও সন্ধানাদি পাওয়া যায় না। ইহাতে ক্রেতার যে কত ক্লেশ ও অসুবিধা ভোগ করিতে হয় তাহা সকলেই বিদিত আছেন। এইরূপ স্থলে ভূম্যধিকারী একেবারেই ১১২ ধারার অভিপ্রায়মত কালেকটরের নিকট "বন্দোবস্তী জমাবন্দী" করিবার নিমিত্তে প্রার্থনা করিতে,পারিবেন আমার এই অভিপ্রায়।

কলিকাতা,
১৮৮০ সাল ৫ জুন।

এচ, এল, ডাম্পিয়র।

শ্রীযুত বাবু প্যারী মোহন মুখোপাধ্যায়ের মন্তব্য লিপি।

১। উপস্থিত আইনের পাণ্ডুলিপির অন্তর্গত অনেক গুলি বিধানই আমাদিগের অধিকাংশ ব্যক্তির মতানুযায়ী হওয়াতে এবং যে সকল ঘটনাও যুক্তিতে ঐ বিধানগুলির পোষকতা হয় পূর্ব্ববর্ত্তি রিপোর্টে যথোচিত মত কেবল তাহারই উল্লেখ থাকাতে পাণ্ডুলিপির বিষয়ীভূত অন্ততঃ কএকটিমূল বিষয়ে আমার অভিপ্রায় লিপিবদ্ধ করিতে ইচ্ছা করি।

২। পাণ্ডুলিপি খানি যে মূল সূত্রানুসারে প্রণীত হইল বলিয়া প্রকাশ তাহা এই।—কোন দেশের ভূমিতে ঐ দেশের লোকদিগেরই অধিকার আছে; সুতরাং শাসন কর্ত্তৃপক্ষ দিগের উচিত যে নির্দ্ধারিত স্বত্ববিশিষ্ট ব্যক্তিদের প্রতি সাধ্যমত সদয় ব্যবহার করিয়াও ব্যক্তি বিশেষের কোন প্রকার স্বত্ব ভোগ হওন কি কৃষিকার্য্য করণ দ্বারা যাহাতে সমাজস্থ অধিকাংশ লোকের দারিদ্র্য সংঘটিত হয় চিরকালের নিমিত্ত তাহা হইতে না দেন। কিন্তু এই মতের অনুসরণ করিলে ব্যক্তি বিশেষের সম্পত্তি-গত অধিকারের মূলে আঘাত করা হয়। দীর্ঘকাল ভোগের ফলস্বরূপই হউক কি পরিশ্রম বা অর্থদ্বারাই অর্জ্জিত হউক, সম্পত্তিগত স্বত্ব সাধহিত ভাবে মান্য করা উচিত। নির্দ্ধারিত স্বত্বের লোপ করা শাসন কর্ত্তার অভিপ্রায় হইলে উক্ত স্বত্বাধিকারীকে তাহার মূল্যের উপযুক্ত অর্থ কিম্বা তুল্যমূল্য কোন বস্তু দিয়া ক্ষতিপূরণ করা কর্ত্তব্য। কোন এক জন প্রজাকে ভারতবর্ষীয় সমস্ত লোকের উপকারার্থ যত্নপূর্ব্বক কৃষিকার্য্য করিতে বলাও যে রূপ যুক্তি সঙ্গত, প্রজাসমূহের হিতার্থে ভূম্যধিকারীর নির্দ্ধারিত স্বত্বের প্রতি হস্তক্ষেপ করাও সেই রূপ যুক্তি সঙ্গত।

রিপোর্টের ১৫ পৃষ্ঠা।

৩। গবর্ণমেণ্ট ১৭৯৩ সালে জমীদার দিগকে "ভূস্বামী" ও "ভূম্যধিকারী" বলিয়া প্রকাশ করেন। দশসালা বন্দবস্ত শেষ হইবার পূর্ব্বে প্রদত্ত পাট্টাক্রমে যে প্রজাদের যোত ছিল কেবল তাহারা ও খোদকস্ত প্রজা ভিন্ন অন্য কোন প্রজারই ভূমিতে দখলীস্বত্ব থাকা কি নির্দ্ধারিত খাজানার হারে ভূমি দখল করিতে পারিবার স্বত্ব থাকা প্রকাশ পায় নাই। পক্ষান্তরে ভূম্যধিকারীদের প্রতি আদেশ হইয়াছিল যে তাঁহারা দশ বৎসরের অধিক কালের নিমিত্ত পাট্টা দিতে পারিবেন না।

১৭৯৩ সালের ৪৪ আইনের ২ ধারা ও হেতুবাদ। ১৭৯৩ সালের ৮ আইনের ৫২ ও ৬০ ধারা।

৪। ১৮৬৪ সালে হাই কোর্টের অধিকাংশ জজেরাই এই মত প্রকাশ করেন যে ১৮৫৯ সালের ১০ আইনের ৬ ধারাক্রমে দখলীস্বত্ব সৃষ্টি হওয়াতে ভূমধ্যকারীর স্বত্বের প্রতি আক্রমণ করা হইয়াছে। বিচারপতি ষ্ট্রেন্সর বলেন যে ইহাতে "পূর্ব্বপ্রচলিত আইনের গুরুতর উল্লঙ্ঘন ঘটিয়াছে" এবং সর বর্ণেস পীকক, বাবু শম্ভুনাথ পণ্ডিত প্রভৃতি অপর বিচারপতিরা উক্ত স্বত্ব রহিত করিবার পরামর্শ দিয়াছিলেন। তদানীন্তন ব্যবস্থাবিদ প্রধান বিচারপতি তাহার পরামর্শের হেতু স্থলে বলেন এতৎক্রমে অন্ততঃ চিরস্থায়ী বন্দোবস্তের অধীন জিলা সমূহে প্রজাদিগের প্রতি অপ্রচলিতপূর্ব্ব দখলী স্বত্বপ্রদান হওয়াতে জমীদার দিগের ন্যায্য স্বত্বের প্রতি হস্তক্ষেপ করা হইয়াছে. দ্বিতীয়তঃ ইহাতে ক্ষুদ্র যোত সকল চিরস্থায়ী করিবার সম্ভাবনা থাকাতে শেষে দেশের হিতপক্ষে বিশেষ অনিষ্ট হইবে। এই বিষয়ে সর রিচার্ড সার্থ সাহেব ও সমান দৃঢ়তা সহকারে এই মত প্রকাশ করিয়াছেন;—এইবিধানটি যতই কেন সুবিবেচিত ও সমীচীন থাকুক না, ইহা কার্য্যে পরিণত হওয়াতে যে চিরস্থায়ি বোন্দবস্ত ক্রমে ভূম্যধিকারীর প্রতি প্রদত্ত স্বত্বের প্রতি আক্রমণ হইয়াছিল তাহা বোধহয় অস্বীকার করা অসম্ভব।"

৪, ওয়াইমান ২৪৭ পৃষ্ঠা।

৪ ওয়াইমান পৃষ্ঠা।

১৮৮০ সালের ৭ জানুয়ারির মন্তব্য লিপি।

৫। প্রজাদের এই স্বত্ব এত দীর্ঘ কাল ভোগ হইয়া আসিয়াছে যে উপস্থিত সময়ে তাহা রহিত করিবার প্রস্তাব বিষয়ে তর্ক নিষ্প্রয়োজন; কিন্তু ব্যবহার ব্যাখ্যা করিবার দায়িত্ব বিশিষ্ট কর্ম্মচারীদের পূর্ব্বোক্ত রূপঅভিপ্রায় দৃষ্টে ভূম্যধিকারিদের বলিবার অধিকার আছেযে তাঁহাদিগের স্বত্বের উপর আর অধিক হস্তক্ষেপ করা না হয়। কিন্তু উপস্থিত আইনের পাণ্ডুলিপিতে (১) যাহারা কোন মকররীদার কি ইস্তমরার দারের অধীন কোন ভূমি ভোগ কি কর্ষণ করিয়াছে তাহাদের প্রতি, (২) যে কোর্পা প্রজারা কোন নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত না হইয়া প্রকারান্তরে কি বৎসর দখলী স্বত্ব বিশিষ্ট প্রজার পেটাও থাকিয়া ভূমি ভোগ বা কর্ষণ করিয়াছেন তাহাদিগের প্রতি; এবং (৩) যাহারা তিনবৎর বা তদধিককাল ও ১২ বৎসরের ন্যূন কাল ভূমি ভোগ করিয়াছে রূপান্তরিতভাবে তাঁহাদিগের প্রতি দখলীস্বত্ব প্রদান করিবার বিধান হইয়াছে।

১৯ ধারা। ও ব্যাখ্যা। ঐ

৪ অধ্যায়।

৬। পাণ্ডুলিপির ১৯ ধারাক্রমে মকররীদার ও ইস্তমরারীদার ও যে প্রজাদের যোত ২০ বৎসর একই হারে খাজানা দেওয়া হইয়াছে অনুমানে খাজানা বৃদ্ধি হওয়া হইতে রক্ষিত বলিয়া প্রকাশ করা গিয়াছে বা যাইবে তাঁহাদিগের দখলীস্বত্ব হরণ হইয়া তাঁহাদিগের কোর্পা প্রজাদিগের প্রতি প্রদান করা হইতেছে। ইহাতে সমূহ গোলযোগ উৎপাদিত হইবে। মকররীদারেরা যে ভূমি আপনারা কর্ষণ

করেন তৎসম্বন্ধে তাঁহাদিগকে উপরিতন ভূম্যধিকারিদের অনুগ্রহাধীন হইতে হইবে ও তাঁহাদিগের পেটাও প্রজাদের স্থানে খাজানা পাইবার দাওয়া খর্ব্বীকৃত হইয়া এক্ষণে খাজানারস্বরূপ নানা জিলায় উৎপন্ন শস্যের যে পরিমাণ পাইতেছেন তদপেক্ষা কম পরিমাণ লইতে হইবে। এই ক্ষতির অংশ জমীদারদিগকেও সহ্য করিতে হইবে। দখলীস্বত্ববিশিষ্ট প্রজার উত্তরাধিকারী না রাখিয়া মৃত্যু হইলে পাণ্ডুলিপির ২০ ধারার (গ) প্রকরণমতে তাহার ভূমির অধিকার লইতে ভূম্যধিকারীর স্বত্ব আছে স্বীকার করা হইয়াছে, কিন্তু মকররীদার কি তাঁহার কোর্পা প্রজার মৃত্যু হইলে তাহার ভূমি ভূম্যধিকারী অধিকার করিতে পরিবেন না। প্রথমোক্তস্থলে ঐ ভূমি গবর্ণমেণ্টে জব্দ হইবে, শেষোক্ত স্থলে মকররীদারের প্রতি পুনর্ব্বার বর্ত্তিবে।

২৩ ধারণ (খ) প্রকরণ।

৭। প্রচলিত আইনের কোন ব্যাখ্যানুসারেই কোর্পা প্রজাদার সংক্রান্ত নূতন বিধান গুলির ন্যায়তা প্রতিপন্ন হয় না। বিচারপতিরা এইমত প্রকাশ করিয়াছেন যে কোর্পা প্রজারা দখলী স্বত্ব লাভ করিতে পারে না। বিচারপতি এল, এস, জাকসন সাহেব (উইকলীরিপোর্টের ২২ নং ২৬পৃ) লিখেন যে "আইনমতে দখলীস্বত্ব বিশিষ্ট প্রজা কর্ত্তৃক ভূমির কোর্পা বিলি করণের ব্যবস্থা আছে, কিন্তু এক দখলীস্বত্বের মধ্যে আর একটি দখলীস্বত্ব জন্মিবার বিধান নাই"। পেটাও দখলী স্বত্বের সৃষ্টি হইলে শ্রেণী বিশেষের বহু সংখ্যক প্রজার অবস্থাগত মৌলিক পরিবর্ত্তন ঘটিয়া প্রজা ও তাহাদের পেটাও প্রজাদিগের পরস্পরের স্বত্ব নির্ণয় করণ পক্ষে বিষম গোলযোগ উপস্থিত হইবে। কোন প্রজা তাহার যোতের অন্তর্গত ভূমির কোন অংশ কোর্পা বিলি করিলে ঐ অংশ সম্পর্কে মধ্যবর্ত্তি প্রজাস্বরূপ হইয়া বক্রী অংশ সম্পর্কে দখলীস্বত্ব বিশিষ্ট প্রজা হইবেন। কোর্পা প্রজাও ভূমিতে যে তাহারা গুরুতর স্বত্ব আছে ইহা উপলব্ধি করিতে পারিলেই তাহার মধ্যে আর এক শ্রেণীর প্রজাদিগকে তাহা কোর্পা বিলি করিতে পারিবে। প্রকৃত কৃষক শ্রেণীভুক্ত শেষোক্ত ব্যক্তিদের উপকার করণই এক্ষণে উদ্দেশ্য হইলেও তাহাদিগের কোন স্বত্বই থাকিবে না।

১৯, উ, রি, ১৫।

১৫. উ, রি, ৪৬৯।

৮। যে সকল প্রজা তিন বৎসরের অধিক ও ১২ বৎসরের ন্যূন কাল কোন ভূমি ভোগ করিয়াছে তাহাদিগের প্রতিও আইনসম্মত পদবী ও স্বত্ব প্রদান পক্ষে সমান আপত্তি আছে। এইরূপ করিলে জমীদারের স্বত্বের প্রতি নূতন করিয়া ও অন্যায় ভাবে হস্তক্ষেপ করা হইবে। এতদ্দেশের প্রচলিত নিয়মই এই যে যাহারা পূর্ণ ১২ বৎসর কাল ভূমি ভোগ কি চাষ করিয়া দখলীস্বত্বলাভ না করিয়াছে তাহারা জমীদার যে খাজানা দাওয়া করেন তাহাই দিতে অথবা ভূমিত্যাগ করিতে বাধ্য। কিন্তু এক্ষণে প্রস্তাব করা হইতেছে যে প্রজা কেবল তিন বৎসর ভূমি ভোগ কি চাষ করিলেই তাহাতে তাঁহার এক প্রকার স্বামিত্ব স্বত্ব জন্মিবে। ঠিক দখলী স্বত্ব বিশিষ্ট প্রজার ন্যায় তাহারও খাজানা হ্রাস হইবার নিমিত্ত দাওয়া করিবার স্বত্ব থাকিবে। প্রজা যত খাজানা দিতে সম্মত আছে ভূম্যধিকারী তদপেক্ষা অধিক দাওয়া করিলে, ক্ষতিপূরণ স্বরূপ বর্দ্ধিত যত খাজানা দাওয়া করিলেন ততটাকা ও সম্ভবতঃ ভূম্যধিকারীর অজ্ঞাতসারে ও বিনানুমতিতে ঐ ভূমিতে কোন ঘর নির্ম্মিত কি অন্য কার্য্য করা গেলে তাহার মূল্য স্বরূপ টাকা উচ্ছেদ করণের প্রজাকে অগ্রে না দিলে তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না। প্রকাশ্য নীলাম বা ঘরাও বিক্রয় হইলে এক্ষণকার দখলীস্বত্ব বিশিষ্ট যোত যে মূল্যে বিক্রয় হইতে দেখা যায় তদ্বিবেচনায় ক্ষতিপূরণের টাকা পূর্ব্বোক্ত হিসাবে দিতে হইলে তাহা তদ্রূপ যোতের সম্পূর্ণ মূল্য অপেক্ষা অধিক হইবে। অতএব অনেকস্থলেই প্রকৃত পক্ষে এই সকল প্রজারা দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদিগের অপেক্ষা অধিকতর মূল্যবান স্বত্ব ভোগের অধিকারী হইবে।

৩১ ধারা।

২৭ (খ) ধারা।

৯। ব্যবস্থাসম্মত যে অনুষঙ্গ গুলিকে দখলী স্বত্বের অনুষঙ্গ বলিয়া প্রকাশ করা হইয়াছে তাহাতেও জমীদারের স্বত্বের প্রতি হস্তক্ষেপ করা হইয়াছে। আদালত সমূহের ব্যাখ্যানুযায়ী সর্ব্বসম্মত রীতি ও ব্যবস্থার বিরুদ্ধে প্রজাকে তাহার দখলীকৃত ভূমিতে জমীদারের অনুমতি বিনা পাকা ঘর, অন্য বাসের ঘর কি বাহিরের প্রভৃতি নির্ম্মাণ করিবার ও তাহাতে পুষ্করিণী খনন করিবার ও তাহাতে তৎকর্ত্তৃক কি অন্য যে প্রজা হইতে প্রকাশ্য কি ঘরাও বিক্রয়ে, অথবা দান, চরমপত্র কি উত্তরাধিকারসূত্রে সে ঐ ভূমি লাভ করিয়াছে সেই প্রজা কর্ত্তৃক কোন বৃক্ষাদি রোপিত হইয়া থাকিলে তাহা কর্ত্তন ও গ্রহণ করিবার অধিকারী বলিয়া প্রকাশ করা গিয়াছে। এইরূপ নিষ্পত্তি হইয়াছে যে "প্রজা নিজ ভূমিতে বৃক্ষ রোপণ করিলে ঐ বৃক্ষে জমীদারের স্বত্ব থাকে ও বৃক্ষ বর্দ্ধিত হওনকালীন তাহাতে প্রজা উপকার লাভ করিতে পারিলেও তাহা ছেদন করিবার ক্ষমতা তাঁহার নাই"। কোনভূমির উপরিস্থিত বৃক্ষ কাটিয়া ফেলিলে বিলি হওন পক্ষে ঐ ভূমির মূল্য বিলক্ষণ হ্রাস হইয়া পড়ে ও কর্ত্তিত বৃক্ষের মূলোৎপাটন করিয়া ঐ ভূমিকে কৃষিযোগ্য অবস্থায় আনিতে অনেক ব্যয় হইয়া থাকে। সুতরাং প্রজা বৃক্ষগুলি আত্মসাৎ

৩ ভা. স রি ৬৯২ ৭৮১ পৃষ্ঠা।

৩৬ ধারা।

৭৭ ধারা।

অতিরিক্ত উ' রি, ৩৬৭।

করিয়া ভূমি ছাড়িয়া দিলে তাহারই সম্পূর্ণলাভ ও ভূম্যধিকারীরই সম্পূর্ণক্ষতি। প্রজাদিগের বাস বাটী সংক্রান্ত বিধানগুলি ভ্রান্ত অনুমানের উপর নির্ভর করিয়া প্রণীত হইয়াছে। এইরূপ অনুমান করা হইয়াছে যে আইনের অনিশ্চিত অবস্থাহেতু অনেক প্রজাই সরলভাবে বিশ্বাস করিয়া থাকে তাহারা ইচ্ছামত তাহাদের ভূমির উপর বাটী প্রস্তুত করিতে পারে। কিন্তু ঘটনা ইহার সম্পূর্ণ বিপরীত। বাসবাটী নির্ম্মাণেচ্ছু প্রজা সর্ব্বস্ব লই জমিদার কি তাঁহার নায়েবের নিকট যাইয়া উক্ত কার্য্যের নিমিত্তে একখণ্ড বাস্তুভূমি জমা করিয়া লন। পাকাবাটী প্রস্তুত করার ইচ্ছা না থাকিলে তাঁহার কোন সেলামী দিতে হয় না। বাটী নির্ম্মাণ করিতে তাঁহাকে কোন অসুবিধা ভোগ করিতে হয় না, কিন্তু তিনি ইহা উত্তমরূপ জ্ঞাত থাকেন যে জমীদারের অনুমতি বিনা তিনি কৃষিযোগ্য ভূমির উপর বাটী প্রস্তুত করিয়া ঐ ভূমিকে বাস্তুরূপে পরিণত করিতে পারেন না। কৃষিযোগ্য ভূমি অপেক্ষা বাস্তুভূমির খাজানা অধিক অনুমান করা হইয়াছে, কিন্তু এরূপ সর্ব্বস্থলে নহে; অনেকস্থানে কমখাজানা পাওয়া যায়। পাকাবাটী কি বাগান প্রস্তুত করিবার ইচ্ছা করিলে প্রজারা ভূম্যধিকারীর স্থানে সর্ব্বদাই স্থায়ী পাট্টা লইয়া আপনাদের স্বত্বরক্ষা করিয়া থাকেন। গতবৎসরের শাসন সংক্রান্ত বিজ্ঞাপনীতে দৃষ্ট হয় ১৮৭৮-৭৯ সালে বঙ্গপ্রভৃতি প্রদেশে ১১৯,০১৫ খানি এই প্রকার পাট্টা রেজিষ্টারী করা হইয়াছে। অতএব বিচারাধীন বিধানটি সম্পূর্ণরূপ নিষ্প্রয়োজন, ও ইহাতে বাস্তুভূমির খাজানা তদ্রূপ ভূমির বাজার দর অপেক্ষা শতকরা বৎসর ৫ টাকার অধিক হিসাবে ধরা যাইতে পারিবে না নিয়ম হওয়াতে জমীদারদিগের সমূহ ক্ষতির কারণ হইবে। যেরূপ অনুমান করা হইয়াছে এক মুহূর্ত্তের নিমিত্তও সেইরূপ অনুমান করিয়া দখলীস্বত্ব বিশিষ্ট যোতের মূল্য উহার চারিবৎসরের খাজানা সমষ্টির তুল্য বলিলে ইহাই দৃষ্ট হয় যে প্রজা কোন ভূমির উপর একটি বাসের ঘর কি বাহিরের ঘর নির্ম্মাণ করিলেই উহার কার্য্যক্রমে ঐ ভূমি খণ্ডের খাজানা কমাইয়া শেষে চলিত খাজানার এক পঞ্চমাংশ মাত্র করিয়া লইতে পারিবেন। পরন্তু অনেক স্থানে খদল স্বত্ব বিশিষ্ট যোতের মূল্য প্রায়ই একবৎসরের খাজানা অপেক্ষা অধিক হয় না। অতএব এই সকল স্থানে দখলীস্বত্ব বিশিষ্ট যোত বাস্তুভূমিরূপে পরিণত হইলে প্রস্তাবিত বিধি অনুসারে তাহার খাজানা ঐ অনুপাতে কম হইবে। জমীদারের বিনানুমতিতে পুষ্করিণী খননার্থ প্রজাকে ক্ষমতা দিবার যে বিধান করা হইয়াছে পূর্ব্বোক্ত মন্তব্য গুলি প্রয়োজনমত পরিবর্ত্তন করিলে তাহার প্রতিও প্রয়োগযোগ্য।

রিপোর্ট ১১১ প্রকরণ।

ষ্টাটিষ্টিকাল রিটর্ণ, ৪০ পৃষ্ঠা।

৪২ ধারা।

রিপোর্টের ১২৯ প্রকরণ।

১০। কোন প্রজা নিজের বাসের জন্য প্রয়োজন নহে এমত কোন কুঠি কি ঘর প্রস্তুত করিলে ঐ প্রজাকে উচ্ছেদ করিবার ক্ষমতা পাণ্ডুলিপিতে জমীদারের প্রতি প্রদত্ত হইয়াছে বটে, কিন্তু এইরূপ স্থলেও বিধান হইয়াছে যে ভূম্যধিকারী ঐ ভূমির অন্যরূপ ব্যবহারের কথা জ্ঞাত না থাকাতে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে প্রজাকে নোটিস না দিলে শেষোক্ত ব্যক্তি ক্ষতিপূরণস্বরূপ টাকা পাইবার অধিকারী হইবেন। এই প্রশ্নের বিচার কালে বিচারপতি এন্‌স্লী সাহেবের পশ্চাল্লিখিত কথা গুলি (৩, ভা. ল. বি, ৭৮৪) স্মরণ করিলে ভাল হয়:—"আইনমত প্রদত্ত দখলী স্বত্বক্রমে কেবল নির্দ্দিষ্ট কতিপয় নিয়মাধীনে প্রজাদের খাজানা বৃদ্ধি হইতে পারিবে নিয়ম থাকিলেও ভূমির উপর সম্পূর্ণ স্বামিত্ব স্বত্ব প্রদান করিতে পারা যায় না। ভূম্যধিকারীর সর্ব্বদাই ইহা বলিবার অধিকার আছে যে যে কার্য্যের নিমিত্তে ভূমি দেওয়া হইয়াছিল কেবল সেই কার্য্যেই তাহার ব্যবহৃত হইবে, এই বিষয়ের ব্যবস্থা উদার ভাবে ব্যাখ্যা করিলেও ভূমির এক প্রকার ভোগের স্থলে সম্পূর্ণ অন্যপ্রকার ভোগের বিধি দৃষ্ট হয় না।"

৩৯ ধারা।

১১। খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বক্তব্য যে যাহা এত কাল পর্য্যন্ত জমীদারের এই বিষয়ে গুরুতর বাধা স্বরূপ হইয়া রহিয়াছে তাহার কিছুই করা হয় নাই। চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে কোন যোতের খাজানা একই হারে দেওয়া গিয়া থাকিলে তাহা বৃদ্ধি হইতে পারিবে না বলিয়া যদি বিধি আছে অবশ্য কেহই তাহার ন্যায্যতা অস্বীকার করেন না কিন্তু ঐ যোতের খাজানা যে তদ্রূপে দেওয়া হইতেছে তাহা প্রমাণ করিবার ভার প্রজার উপর ন্যস্ত না করিয়া উক্ত খাজানা যে তদ্রূপ দেওয়া হয় নাই ইহা প্রমাণ করিবার ভার জমিদারের উপর ন্যস্ত হইবার কারণ কি? প্রজা বলিতেছে যে ঐ খাজানা নির্দ্দিষ্টরূপে দেওয়া হইয়াছে ও তাহার কথা সত্য হইলে সে উত্তমরূপে তাহা প্রমাণ করিতে পারে, পক্ষান্তরে জমীদারের পক্ষে নিজের কথা প্রমাণ করিবার উপায় নাই। চিরস্থায়ি বন্দোবস্তের সময় হইতে ভূমি অধিকার করিতেছেন এমদ্দেশে এমন জমীদারের সংখ্যা অতি অল্পতঃ, এই বিরল প্রাপ্য ব্যক্তিদিগকে ত্যাগ করিলে প্রায় সকল ভূম্যধিকারীরাই প্রকাশ্য বা ঘরাও বিক্রয়ে তাঁহাদিগের অধিকার লাভ করিয়াছেন। ভূয়োদর্শনে জানিতে পারা যায় যে খাজানা বৃদ্ধির অধিকাংশ মোকদ্দমায় এমত কি শতকরা নব্বরের অধিক মোকদ্দমায়, প্রজা মোকদ্দমার সময়ের পূর্ব্ব বিশ বৎসর একই হারে খাজানা দেওয়ার প্রমাণ করাতে আইনমত তাহার সপক্ষ যে অনুমান হইল ভূম্যধিকারীরা ঐ অনুমানের খণ্ডন করিতে পারেন নাই। উক্ত সকল স্থলেই যে ১৭৯৩ সাল অবধি ভূমি অধিকৃত হইয়া আসিতেছিল ইহা সম্ভব নহে। এইরূপ অনুমান চিরস্থায়ি বন্দোবস্তের সময়ে এতদ্দেশের যে এক তৃতীয়াংশ অপেক্ষাও অধিক ভূমি পতিত অবস্থায় ছিল ও প্রত্যেক পরগনায় প্রচলিত খাজানার হার সময়ে২ যে পরিবর্ত্তিত হইত এই সকল সুবিদিত ঘটনার

৭ ধারা।

সহিত সঙ্গত হয় না। ভূম্যধিকারীরা কোন গতিকেই বিশেষতঃ তাহারা নীলাম খরীদার হওয়াতে প্রজার অনুকূল যে অনুমান করা হইল তাহার খণ্ডন করা অসম্ভব দেখিয়া খণ্ডন করিতে পারিলেন না বলিয়া তাঁহাদিগের ন্যায্য প্রাপ্য পাইলেন না। ১৮৫৯ সালের ১০ আইন প্রণীত হইবার অল্পদিন পরেই পূর্ব্বোক্ত বিধির কার্য্যক্রমে জমীদারদিগের বিশেষ কষ্ট অনুভূত হয়, গত বিশ বৎসরের মধ্যে প্রজারা অনেক স্থলেই কোন ব্যবস্থাগত পারিভাষিক কি অন্য আপত্তি উত্থাপন করিয়া খাজানা বৃদ্ধি নিবারণ করণপক্ষে কৃতকার্য্য হওয়াতে এইরূপ প্রমাণসংগ্রহ করণে সমর্থ হইয়াছে যে তাহার সহায়তায় প্রজার অনুকূল উক্ত অনুমান সংক্রান্ত আইনের কার্য্যক্রমে ভূম্যধিকারির কষ্ট দ্বিগুণিত হইবে। কমিশনরের সভ্যেরা এই অনুমান সংক্রান্ত বিধির কার্য্য হইতে গবর্ণমেণ্টের স্বার্থরক্ষা করণ আবশ্যক দেখিয়া বিধান করিয়াছেন যে, "যে সকল মহালে চিরস্থায়ি বন্দোবস্ত প্রচলিত হয় নাই, তথায় উক্ত অনুমানের কার্য্যক্রমে খাজানা বৃদ্ধি হইবার বাধা হইবে না।" অনুমান সংক্রান্ত উক্ত বিধির অন্যায্যতা ইহা অপেক্ষা আর কিছুতেই অধিকতর বিশদ হইতে পারিবে না। যদি গবর্ণমেণ্ট আপনার এত দূর প্রভাব ও ক্ষমতা সত্ত্বেও এবং সুরক্ষিত ও সুপ্রণালী সিদ্ধ হিসাবপত্র থাকিলে যে সকল উপায় ও কৌশল সুলভ হয় তাহা লাভ করিয়াও বহুদর্শন বলে নিজ স্বার্থরক্ষা করণার্থে আইন পরিবর্ত্তনের আবশ্যকতা অনুভব করিয়া থাকেন, তাহাহইলে সাধারণ ভূম্যধিকারীদের স্বার্থ রক্ষার্থে আইন সংশোধ করিবার আবশ্যকতা কি অধিক ও গুরুতর নহে ?

৬ ও ১৭ ধারা। বর্জ্জিতস্থল।

১২। খাজানা বৃদ্ধির হার সম্পর্কে এতদ্দেশে প্রজাদের জমীদারকে কত খাজানা দিতে হইবে তাহা কর্ত্তৃপক্ষেরই অবধারণ করা কর্ত্তব্য এই আনুমানিক নিয়মের অনুসরণ করিয়াই প্রচলিত আইনের বিধান গুলির মৌলিক পরিবর্ত্তন করা হইয়াছে। কিন্তু বঙ্গদেশীয় ব্যবস্থা সমূহ পাঠ করিয়া আমার উপপত্তি এই যে এতদ্দেশে প্রজাদের খাজানা শাসন কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক না হইয়া প্রচলিত রীতি ক্রমেই অবধারিত হইয়া থাকে ব্যবস্থাপকেরা এইটি স্থিরীকৃত মূল নিয়ম বলিয়া সর্ব্বদাই স্বীকার করিয়া আসিয়াছেন। ১৭৯৩ সালের আইনে জমীদারকে রীতি অনুযায়ি কি পরগনা প্রচলিত পূর্ণ-হারে খাজানা পাইবার অধিকারী বলিয়া প্রকাশ করা হইয়াছে। বঙ্গদেশের অনেক স্থানে প্রজার (স্পষ্টই বোধ হয় ইহারা খোদকাস্তা প্রজা) উচ্ছেদ হইতে মুক্ত থাকিবার যে স্বত্ব ভোগ করে তাহার উল্লেখ করিয়া লার্ড কর্ণওয়ালিস ১৭৯০ সালের ৩রা ফেব্রুয়ারি তারিখের মন্তব্যলিপির এক স্থানে লিখিয়াছেন যে "যেব্যক্তি ভূমি কর্ষণ করুক না, জমীদার প্রচলিত খাজানার অপেক্ষা অধিক পাইতে পারেন না, অনেক স্থানেই কৃষকেরা এই খাজানার অপেক্ষা অধিক দিতে সমর্থ নহে। অপর একজনকে ভূমি বিলি করিবার অভিপ্রায় ঐ ভূমির প্রজাকে উচ্ছেদ করিবার ক্ষমতা জমীদারের প্রতি প্রদান করিলে তাঁহাকে নিরর্থক অত্যাচারে করিবার ক্ষমতা দেওয়া হয়, এরূপ অত্যাচারে তাঁহার কোন লাভ নাই।" ১৮১২ সালের ৫ আইন ও নীলামের সকল আইনক্রমেই প্রচলিত বা পরগনা হারের অস্তিত্ব স্বীকার করা হইয়াছে; যাহারা ১৮৫৯ সালের ১০ আইন প্রণয়ন করিয়াছিলেন তাঁহারাও এই বিষয়ে জমীদারদিগের স্বত্ব হরণ করেন নাই। শ্রীযুত মার্কেঞ্জি সাহেব গত জানুয়ারি মাসের ৬ তারিখের নিজ মন্তব্য লিপির ৭প্রকরণে যথার্থই বলিয়াছেন "আমার মতে দখলী স্বত্বক্রমে প্রজা কেবল যথেষ্ট উচ্ছেদ হইতে রক্ষিত হইতে পারিবেন কিন্তু সুবিধা জনক নির্দ্দিষ্ট খাজানার হারে তাহা অধিকার করিতে পারিবেন না"। ঈশ্বর ঘোষের মোকদ্দমার নিষ্পত্তির মধ্যে সর বেনেস পীকক লিখিয়াছেন "নূতন প্রজার নিকট সঙ্গতমত যে খাজানা পাওয়া যাইতে পারে তদপেক্ষা কম খাজানায় ব্যবস্থাপকগণ যে অপ্রচলিত পূর্ব্বদখলী স্বত্ব প্রদান করিবার অভিপ্রায় করিয়াছিলেন ইহা বলিলে আইনের এরূপ ব্যাখ্যা করা হয় যে তাহাতে চির স্থায়ি বন্দোবস্তাধীন জিলাসমূহে ভূম্যধিকারীদিগের নির্দ্ধারিত স্বত্বপ্রতি অন্যায় হস্তক্ষেপ, ও তাহাদিগের সম্পত্তির বিলক্ষণমূল্য হ্রাসের কারণ হওয়াতে উক্ত চিরস্থায়ি বন্দোবস্তের সময়ে তাহাদিগের প্রতি আপন পরিশ্রম ও সুচারুরূপ কার্য্য সম্পাদনের সম্পূর্ণ ফলাধিকারী হইবেন বলিয়া যে আশা দেওয়া হইয়াছিল তাহাও ব্যর্থ করা হইবে। এই বিষয়ে প্রভিকৌন্সলের একটি প্রধান নিষ্পত্তি মধ্যে লেখা আছে, চিরস্থায়ী বন্দোবস্তক্রমে জমীদার যে সময়ে২ পরগনা বা প্রচলিত হারে তাঁহার জমীদারীর অন্তর্গত খাজানাদায়ী সমস্ত ভূমির খাজানা বৃদ্ধি করিবার স্বত্ববান এই অনুমানের উপরই খাজানা বৃদ্ধির মোকদ্দমা নির্ভর করিয়া থাকে, কেবল যে স্থলে কোন নিয়মপত্রক্রমে আবদ্ধ হইয়া উক্ত স্বত্ব ক্রমে "তাঁহার কার্য্য করিবার বাধা থাকে কি বিবেচনার বিষয়ীভূত ভূমি বঙ্গদেশীয় ১৭৯৩ সালের ৮ আইনের স্বীকৃত বর্জ্জিত স্থল মধ্যে গণ্য হয় সেই স্থলেই অন্যরূপ হয়"। ১৭৯৩ সালে গবর্ণমেণ্ট ঐ সালের ১ আইনের ৮ ধার ক্রমে অধীন তালুকদার, প্রজা ও ভূমির কর্ষণকারী অপর ব্যক্তিদের রক্ষা করণ ও মঙ্গলার্থ" প্রয়োজন মত আইন প্রণয়ন করিতে পারিবার নিমিত্ত আপনার ক্ষমতা রাখেন, কিন্তু কোর্ট অব ডিরেকণ্টরস্ দিগের লিখিত পত্রের উদ্ধৃত কথাতে দৃষ্টী হয় যে তদ্রূপ ক্ষমতা রাখিয়া কেবল প্রয়োজনমত এইরূপ আইনপ্রণয়ন করণের ক্ষমতার উল্লেখ করা হয় যাহাতে প্রজাদিগকে স্বীয় অধিকার হইতে অন্যায় পূর্ব্বক উচ্ছেদকরণ কি তাহাদিগের উপর অন্যায়কর্ম্মের ভার ন্যস্ত করণ নিবারিত হইতে পারে। ঐ ক্ষমতা ক্রমে যে জমীদারকে দেয় প্রজার খাজানা ও অবধারিত

রিপোর্টের ৪৬ প্রকরণ।

২ওয়াই মাণ ১৯০

হবিংটন আনালিসীশ, ২ নং ১৮৯ পৃষ্ঠা।

হইতে পারিবে বলিলে ১৭৯৩ সালে একইকালে যে ব্যবস্থা সমূহ প্রণীত হয় তাহার লিখন ও মর্ম্ম বিবেচনায় সম্পূর্ণ অসঙ্গত ব্যবহার করা হয়।

১৩। উপরে যে আনুমানিক মূল নিয়ম আক্রমণ করিলাম তাহা অনুসরণ করিয়া কমিশ্যনের সভ্যেরা এই রূপ বিধান করিবার প্রস্তাব করিয়াছেন যে দখলীস্বত্ববিশিষ্ট কোন প্রজার ভূমির বর্দ্ধিত খাজানা ঐ ভূমির উৎপন্ন মোট শস্যের গড় ধরিয়া বাৎসরিক যে মূল্য হয় তাহার চতুর্থাংশের অধিক হইবে না। উৎপন্ন শস্যে জমীদারের প্রাপ্য অংশ এইরূপ যদৃচ্ছভাবে নির্দ্দিষ্ট করণ চেষ্টা কেবল যে জাজ্বল্যমান প্রকৃত ঘটনার বিরুদ্ধ তাহা নয়, কারণ বঙ্গ ও বেহার উভয় দেশেই শস্য ভাগ করিয়া খাজানা দেওয়ার নিয়ম প্রবল থাকিলে উভয় স্থানেই জমীদারের প্রাপ্য অংশ প্রায়ই কোন স্থলে অর্দ্ধেকের কম নাই, এইরূপ চেষ্টা ন্যায়বিরুদ্ধ ও অসুবিধাজনক। দেশের যেং স্থানে খাজানা উৎপন্ন সমগ্র শস্য মূল্যের শতকরা ২৫৲ টাকার অনেক অধিক হারে দেওয়া যায় এই বিধি ক্রমে তথায় এককালে খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। ঐ সকল স্থানে ভূম্যধিকারীরা তাঁহাদের ন্যায্য লভ্য হইতে অধিক লভ্য পাইতেছেন এরূপ তর্ক আপাত মনোহরভিন্ন আর কিছু বলা যাইতে পারে না। কোন জিলায় উৎপন্ন শস্যের অনুপাতে খাজানা অধিক হইলেই যে তথায় অবশ্যম্ভাবি ফল স্বরূপ ভূম্যধিকারীরা অধিক লভ্য পান কি কোন জিলায় ঐ অনুপাতে খাজানা কমহইলেই যে তাহারা তদ্রূপ কম লভ্য পান ইহা সত্য নহে। পথকর সংক্রান্ত কাগজে মহাল প্রভৃতির যে মূল্য অবধারিত হইয়াছে তাহাতে প্রতীয়মান হয় যে বীরভূম ও হুগলীতে উৎপন্ন শস্যের অনুপাতে খাজানা একচতুর্থাংশ অপেক্ষা অনেক অধিক কিন্তুমহালের রাজস্ব তাহার মূল্যের শতকরা ৪৫৲ টাকার অধিক হিসাবে অবধারিত হইয়াছে। আবার ঢাকা ও চট্টগ্রাম জিলায় ঐ অনুপাত ষোড়শ ভাগের এক ভাগেরও অল্প কিন্তু মহালের রাজস্ব তাহার মূল্যের শতকরা ২৫ টাকারও কম অবধারিত হইয়াছে। সুতরাং প্রস্তাবিত বিধিক্রমে কার্য্য হইলে এইফল হইবে যে কোন২ স্থলে) আমি যেরূপ পূর্ব্বেই বলিয়াছি) ইহাতে খাজানা বৃদ্ধি করণ এককালে হইতে পারিবে না, আবার কোন২ স্থলে ইহাতে ভিন্ন২ অনুপাতে খাজানা বৃদ্ধি হইবে, আবার স্থলবিশেষেইহাতে প্রতি দশবৎসর অন্তর খাজানা দ্বিগুনিতও হইবে, ও সর্ব্বস্থলেইপ্রজা ও ভূম্যধিকারী এতকাল পর্য্যন্ত ভূমি হইতে পরস্পর যে লাভ পাইতেছেন তাহার ব্যত্যয় হইবে। খাজনা বৃদ্ধিসংক্রান্ত মোকদ্দমার নিষ্পত্তি করণপক্ষে ইহাতে আদালতের কোন সাহার্য্য লাভ হইবে না। সর রিচার্ড টেম্পল সাহেবের শাসন কালে ও তৎপরে গবর্ণমেণ্ট সাধারণের নিমিত্ত যে সমস্ত কাগজপত্র প্রকাশ করিয়াছেন তদৃষ্টে বোধ হয় যে উৎপন্ন শস্যের চতুর্থাংশই খাজানার সর্ব্বোচ্চ সীমা ইহা জানিতে পারিলে আদালতের বিশেষ সাহায্য হয় না, কারণ কার্য্যতঃ উৎপন্ন শস্য সম্পর্কে খাজানার অনুপাত একস্থানে বা শত ভাগের ৫ ভাগমাত্র আবার অন্যত্র শত ভাগের ৪০ ভাগও দেখা যায়।

২৩ ধারা (খ)।

রিপোর্ট ৪৭ প্রকরণ।

১৮৭৮।৭৯ সালের অতিরিক্ত রিপোর্ট ৩৭৪ পৃষ্ঠা।

হার্ডিসন সাহেবের টেবিল।

১৪। বিখ্যাত খাজানার মোকদ্দমায় টেবর সাহেব বলিয়াছিলেন "দেশ প্রচলিত যে হারক্রমে কোন ভূমির মোট উৎপন্ন শস্যের অন্যতর ভাগের মূল্য বুঝায় তাহা যে নামেই অভিহিত হউক উপযুক্ত ও ন্যায্য শব্দ আমারমতে সেই হার সম্পর্কেই প্রযুক্ত হয় বলিয়া ও বিবাদ স্থলে দখলী স্বত্ব বিশিষ্ট প্রজা যে হারে খাজনা দিয়া থাকেন সেই হারই বিপরীত প্রমাণ করিতে না পারিলে, যে উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করিতে হইবে আইনে এইরূপ আদেশ থাকাতে এক্ষণে যে খাজনা দেওয়া যায় বিপরীত প্রমাণের অভাবে তাহাকেই প্রচলিত হার বলিয়া ন্যায্যতঃ অনুমান করা যাইতে পারিবে। এই অনুমান প্রবল মানিয়া প্রজা কি জমীদারের চেষ্টা কি ব্যয় বিনা কেবল সাধারণ মূল্য বৃদ্ধিবশতঃ উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইলে কোন্ মূল নিয়মানুসারে খাজানা নিরূপিত হইবে? এক্ষণে দেয় খাজানাই প্রচলিত খাজানা হওয়াতে, আমার অবলম্বিত মতানুসারে উহাতেই মোট উৎপন্ন শস্যের যে অংশ জমীদারের প্রাপ্য সেই অংশের মূল্য বুঝাইয়া থাকে। জমীদার ও প্রজার কৃত কোন কার্য্য বিনা অন্য কারণে শস্যের মূল্য বৃদ্ধি হওয়াতে জমীদার তাঁহার প্রাপ্য শস্যাংশের বর্দ্ধিত মূল্যানুপাতে খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান হইবেন।" এই বিষয় সংক্রান্ত সমস্ত কথা বিবেচনা করিলে পূর্ব্বোক্ত বিধিটিই উপস্থিত প্রশ্নের প্রকৃত ন্যায়ানুগত মীমাংসা স্বরূপ হইতে পারে। ইহা অনুসরণ করিলে জমীদার ও প্রজাকে স্থানীয় রীতি ক্রমে শস্যের যে অংশ প্রত্যেকের উচিত প্রাপ্য বলিয়া প্রকাশ আছে সেই অংশই দেওয়া হইবে ও শস্যের বর্দ্ধিত মূল্য সর্ব্বদাই যে অনুপাতে তাঁহাদিগের মধ্যে বিভাগ হইত ঐ মূল্য সেই অনুপাতেই বিভাগ হইবে। কমিশ্যনের সভ্যেরা ট্রেবর সাহেবের সহিত একমত হইয়া বলেন যে খাজনা সম্বন্ধে কোন কার্য্য করিতে হইলে এক্ষণকার প্রচলিত খাজানাই মূল বলিয়া গণ্য করিতে হইবে, অথচ খাজানা বৃদ্ধির মোকদ্দমায় অনুপাতমূলক বিধিটি কার্য্যকর করিবার প্রয়াস না পাইয়া সভ্যদের মধ্যে অধিকাংশ ব্যক্তিই বর্দ্ধিত খাজানার একটি সর্ব্বোচ্চ সীমা প্রস্তাব করিয়াই ক্ষান্ত হইয়াছেন। যদি যত্ন পূর্ব্বক অনুসন্ধানের পর ভিন্ন২ জিলায় কি অন্য সকল স্থানে উৎপন্ন শস্য ও খাজানার মধ্যে যে অনুপাত লক্ষিত হয় তাহা চিরকালের জন্য নির্দ্ধারিত ও প্রকাশিত হয় ও খাজানা বৃদ্ধি করণার্থ সকল মোকদ্দমায় ও কার্য্য প্রণালীতে ভবিষ্যতে উক্ত অনুপাত মূলে নিষ্পত্তি করা

৩, উ, বি, ১৮ আইন ৪৯ পৃষ্ঠা।

রিপোর্ট ৪৭ প্রকরণ।

যায়, তাহাহইলে, আমার বোধ হয়, যে বিখ্যাত খাজানার মোকদ্দমার বিচারে ন্যায়ানুগত যে মূল সূত্র সমূহ প্রকাশিত হইয়াছে তাহার কার্য্য সহজ হইবে ও খাজানা সংক্রান্ত মোকদ্দমার অনুসন্ধান ও নিষ্পত্তি কার্য্য এক্ষণে যে জটিলতায় জড়িত থাকে তাহাও অপনীত হইবে। আইনের উপস্থিত পাণ্ডুলিপিতে পূর্ব্বোক্ত বিধির ন্যায্যতা প্রকারান্তরে স্বীকার করা গেলেও ঐ বিধিটি এরূপ আকারে গ্রহণ করিবার অনুরোধ হইয়াছে যে তাহাতে অনুসন্ধান কার্য্যের জটিলতা, ভিন্নং মোকদ্দমার ফলের ভিন্নতা ও অযথা গোলযোগ পূর্ব্বের ন্যায় থাকিয়া যাইবে; বিখ্যাত খাজানার মোকদ্দমায় ঐ বিধিটি যে আকারে নির্দ্দিষ্ট হইয়াছে সেই আকারে কার্য্য হইলেই সর্ব্বদাই উক্ত গোলযোগাদি ঘটিয়া থাকে।

২৩ (খ) ধারা।
১০ (খ) ধারা।

১৫। অনুপাতের বিধিটি খাজানা বৃদ্ধি বরণ সর্ব্বদাই যেরূপ বিবেচিত হইয়াছে তদ্রূপ মূল বিধি স্বরূপ গণ্য করিলে, বর্দ্ধিত খাজানা পূর্ব্ব খাজানার দ্বিগুণ অপেক্ষা অধিক হইবে না। (১) এই বিধিটির কি কোন যোতের খাজানা একবার বর্দ্ধিত হইলে পশ্চাৎ দশবৎসরের মধ্যে আর বর্দ্ধিত হইতে পারিবে না।

২৩ (ক) ধারা।

(২) এই বিধিটির, কি ভূমির উৎপাদিকা শক্তি কি উৎপন্ন শস্যের মূল্য ভূম্যধিকারী কি প্রজার যত্ন কি ব্যয় বিনাবৃদ্ধি হইয়া থাকিলে ভূম্যধিকারী ঐ বৃদ্ধিজন্য লভ্যের কেবল অর্দ্ধেক অংশ পাইতে স্বত্ববান। (৩) এই বিধিটির কোন প্রয়োজন হইবে না। (১) ও (২) বিধি দুইটি অনাবশ্যক হইলেও অপেক্ষাকৃত অনাপত্তিযোগ্য কিন্তু (১) বিধির ন্যায় (৩) বিধিটি স্পষ্ট নির্দ্দেশ সূচক হওয়াতে তৎক্রমে হুগলী ও বর্দ্ধমান জিলার বর্দ্ধিত লাভ ন্যায়তঃ ভাগ করা হইবে, কিন্তু ঢাকা ও চট্টগ্রাম জিলায় ভূম্যধিকারী ও প্রজার মধ্যে ঐ লভ্য এরূপ অনুপাতে বিভক্ত হইবে যে প্রজার বিরুদ্ধে যত দূর যায় বর্ত্তমান অনুপাত অপেক্ষা ঐ অনুপাত অষ্ট হইতে দশ গুন পর্য্যন্ত অধিক হইবে। খাজানা বৃদ্ধি সংক্রান্ত বিধিবিধানের এই ফল হইবে যে অনুসরণীয় অনুপাত মূলক সহজ একটি বিধির পরিবর্ত্তে মুনসেফ বা কালেকটরের পালনার্থ এমত কতক গুলি বিধি প্রণীত হইবে যে তাহাতে উপস্থিত প্রশ্নের নিষ্পত্তি করণ পক্ষে কণামাত্র ও অধিকতর ন্যায় কি বিচার সম্ভাবনা না থাকিয়া বরং প্রচলিত যে বিধি রহিত করার কল্পনা হইতেছে তজ্জনিত জটিলতা অপেক্ষা অধিক গোলযোগ সংঘটিত হইবে।

১১ ধারা।
৯ ধারা।
রিপোর্টের ১১ প্রকরণ
রিপোর্টের ১৭ প্রকরণ।
২৩ (গ) ধারা।

১৬। প্রত্যেক যে রাইয়তি যোতের মধ্যে ১০০ বিঘা কি তদধিক ভূমি আছে তাহা তালুকে পরিণত করিবার প্রস্তাব করা হইয়াছে। তালুকদার যে খাজানা আদায় করেন তাহা হইতে তাঁদায়ের খরচ বাদ দিয়া, এক্ষণে টাকার শতকরা ৩০৲ টাকা তাঁহার অংশের উচ্চতম লাভ বলিয়া নির্দ্দিষ্ট না হইলে প্রস্তাবটীতে ভূম্যধিকারিদের যথা কিঞ্চিৎক্ষতি হইলেও তাহা বিশেষ হানিজনক হইত না। তালুকদার মোট যেঃ খাজানা আদায় করেন ১৮১৯ সালের ৫ আইনের ৮ ধারাক্রমে তাহার শতকরা ১০৲ টাকা হিসাবে তাঁহার লভ্যের অংশ নিরূপিত হইয়া ছিল, ও ১৮৫৯ সালে উক্ত আইন রহিত হইয়া ভ্রান্তিবশতঃ তৎপরিবর্ত্তে নূতন কোনবিধান প্রণীত না হইলেও আদালতে পূর্ব্বোক্ত অংশই উপযুক্ত ও ন্যায্য বলিয়া গ্রাহ্য হইয়া আসিতেছে। তালুকদার ও মধ্যবর্ত্তী অন্য লোকেরা কৃষিসমাজের বিশেষ প্রয়োজনীয় লোক নহে স্বীকার করাহইয়াছে তবে তাঁহাদিগের লভ্যাংশ বাড়াইয়া দিবার কারণ কি? জমীদারের স্বার্থ হানি করিয়াই বা এরূপ করা হয় কেন?

২৩ (ঘ) ধারা।

১৭। খাজানার ক্রমিক বৃদ্ধি বিষয়ক প্রস্তাবও আপত্তিযোগ্য। এই প্রকরণে বিধান করা হইয়াছে যে খাজানা ৫ বৎসরের অনধিক কাল পর্য্যন্ত বৎসর২ ক্রমশঃ বাড়িয়া বৃদ্ধির নির্দ্দিষ্ট সীমায় পহুঁছিবে কোন ডিক্রীমত এই রূপ আজ্ঞা হইতে পারিবে। এই বিষয় আমার ১৮৮০ সালের ২০ আপ্রিলের মন্তব্য লিপিতে যাহা বলিয়াছি তাহাই পুনর্ব্বার বলিতে ইচ্ছা করি।—"ক্রমিক বৃদ্ধি হওনের নিয়মটি নূতন ও উপস্থিত বিষয়ের সহিত ইহার কোন সংস্রবই নাই। পতিত ভূমির আবাদ করিতেহইলে অধিকসময় না গেলে ঐ ভূমিতে পুরফসল হইবে না বিবেচনায় কোন প্রজা ক্রম বর্দ্ধনশীল জমায় যে তাহা লইতে ইচ্ছা করিতে পারে হইবুঝিতে পারা যায়, কিন্তু আদালতের বিবেচনামত উপযুক্ত ও ন্যায্য হার অপেক্ষা কম হারে খাজানা দিবার অধিকার প্রজার পক্ষে এমন কি দুই কি তিন বৎসরের নিমিত্তেই বা কেন থাকিবে। বর্দ্ধিতখাজানার ভার অল্প২ করিয়া ক্রমশঃ প্রজার উপর ন্যস্ত করা উচিত এই রূপ বিবেচনা করা গেলে উভয় পক্ষের স্বত্বের যথার্থ পর্য্যালোচনা করা হয় না। তদ্রূপ প্রজা অপেক্ষা কোন শস্যভোক্তী ব্যক্তির শস্যের মূল্য এক কালে বৃদ্ধি না হইয়া ক্রমশঃ বৃদ্ধি হউক বলিবার অধিকতর স্বত্ব আছে। প্রজার বিষয়ে অবশ্যই অনুমান করিতে হইবে যে শস্যের মূল্য ক্রমশঃ বৃদ্ধি হইয়াছে ও সে আপোষে ভূম্যধিকারীকে তাঁহার প্রাপ্য বর্দ্ধিত মূল্যের অংশ দিতে অসম্মতি প্রকাশ করিয়াছে। এরূপ স্থলে প্রজার প্রতি অনুগ্রহ করিলে সে অনুগ্রহ অপাত্রে করা হইবে এবং তাহাতে মোকদ্দমা করণ প্রবৃত্তির প্রশ্রয় দেওয়া হইবে আপোষে খাজানা নিরূপণ করা চিরকালের নিমিত্তে অসম্ভব হইয়া পড়িবে।"

১৮। যেস্থলে শস্য ভাগ করিয়া খাজানা দিবার নিয়ম আছে তথায় ভূম্যধিকারীর প্রাপ্য অংশ শতকরা পঞ্চাশ ভাগ নির্দ্দিষ্ট হইয়াছে। পরন্তু বঙ্গ ও বেহার উভয় প্রদেশের অনেক স্থানেই, ভূম্যধিকারী প্রজাকে বীজ, কি পরিশ্রম বা অন্য সাহায্য না করিলেও উৎপন্ন শস্যের নয় আনা অংশ পাইয়া থাকেন। এক্ষণকার প্রচলিত হার কমাইবার চেষ্টা করিলে তাহাতে যে কেবল অন্যায় হইবে তাহা নহে আরো বর্ত্তমান স্বত্বাদির প্রতি হস্তক্ষেপ করিয়া বহুল গোলযোগ উৎপাদন করিবে। বেহারে শস্য ভাগ করিয়া খাজানা দিবার নিয়ম থাকাতে তত্রত্য প্রজাদের প্রতি বৎসর২ খাজানা-স্বরূপ শস্যের মূল্য হিসাবে টাকা দেওনের ক্ষমতা প্রদানের প্রস্তাবেও আমি আপত্তি করি। যে স্থলে খাজানা স্বরূপ শস্যের ভাগ দেওয়া যায় তথায় খাজানা বৃদ্ধি করিবার আবশ্যকতা হয় না, উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইলে উভয় পক্ষই লভ্যের নিজ২ নিয়মিত অংশ পাইয়া থাকেন। এক্ষণে উভয় পক্ষের স্বত্বই যে স্থলে তৃতীয় ব্যক্তির সাহায্য বিনা আপনা আপনি নিরূপিত হইতেছে, প্রস্তাবিত পরিবর্ত্তন সংঘটিত হইলে সেই স্থলে মোকদ্দমা অপরিহার্য্য হইয়া উঠিবে। ৮৬ ধারা।

১৯। ভূম্যধিকারীরা তাহাদের প্রাপ্য খাজানা আদায় করিবার নিমিত্ত ফসল আটক করিবার বিধানের প্রায় সর্ব্বদাই সাহায্য গ্রহণ করিয়া থাকেন। আইনমত উপায় কার্য্যতঃ অবলম্বন না করিয়া বলপূর্ব্বক কার্য্য করিবার ভয় প্রদর্শন করিয়াই তাঁহারা উক্ত বিধানের সাহায্যে উপযুক্ত সময়ে খাজানা আদায় করিতে সমর্থ হন ও বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা করিলে প্রজাদিগের যে সময়, কার্য্য, ও অর্থক্ষতি হইত তাহা নিবারণ করিতে পারেন। ভূম্যধিকারীদের আপনাদিগের প্রতি প্রদত্ত ক্ষমতার অপব্যবহার করিবার প্রায়ই প্রবৃত্তি হয় না ও প্রকৃতই উক্ত ক্ষমতা অপব্যবহার হয় না। অপব্যবহার স্থলে যে গুরুতর দণ্ডের বিধান করা হইয়াছে তাহাতে নিরর্থক কি অত্যাচার করণাভিপ্রায়ে ফসল আটক করণ হইতে দেয় না। অন্যায়মতে উক্ত ক্ষমতানুযায়ী কার্য্য হইলে আইনে ক্ষতিগ্রস্থ প্রজার বিলক্ষণ রূপে ক্ষতি পূরণের ব্যবস্থা আছে। ফসল আটক করণ রূপ বর্ত্তমান কার্য্যপ্রণালী ভূম্যধিকারীদের মনে এরূপ বদ্ধমূল হইয়াছে যে তাঁহারা ইহাকে প্রজাদের নিকট হইতে সময় মত ও সহজে খাজানা আদায়ের উৎকৃষ্টতর কার্য্যকর উপায় বলিয়া জ্ঞান করেন। প্রজারা সাধারণতঃঅমিতব্যয়ী বলিয়া বিদিত আছে, এই প্রণালীটি রহিত করিলে পরিণামে তাহাদিগের উপকার না হইয়া বরং অপকার হইবে। ইহা রহিত করণ পক্ষে যে সমস্ত কারণ দেওয়া হইয়াছে তাহা অপ্রকৃত ও অপ্রচুর জ্ঞান সম্ভূত হওয়াতে তাহার বলে জমীদার ও প্রজা উভয়েরই পক্ষে দুর্ঘটন স্বরূপ হয় আইনের এমত কোন পরিবর্ত্তন করা ন্যায্য হইবে না। রিপোর্টের ৪প্রকরণ।

২০। দুই কি তদধিক সহ অংশীর অধিকৃত মহাল কি তালুকের কার্য্য নির্ব্বাহ করণার্থ কার্য্য নির্ব্বাহক নিযুক্ত হইবার নিমিত্তে কোন এক জন প্রজা কি অতি ক্ষুদ্রতম অংশের অধিকারী প্রার্থনা করিলে জিলার আদালত সমূহের প্রতি যে তদ্রূপ কার্য্যনির্ব্বাহক নিযুক্ত করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে তাহার আবশ্যকতা প্রতিপন্ন হয় নাই। সম্প্রতি হাই কোর্টের পূর্ণাধিবেশনের একটি নিষ্পত্তি ক্রমে স্বীকৃত হইয়াছে যে প্রত্যেক সহাধিকারীই প্রাপ্য স্বীয় খাজানার অংশ আদালতে মোকদ্দমা করিয়া ভাগ করিয়া লইতে পারিবেন। ইহাতেই অভিভক্ত মহাল ও তালুকের প্রজাদের কষ্টের কারণ ও সহ অংশীদের মধ্যে ও বিবাদের কারণ অপনীত করিবে। অতএব আদালত কর্ত্তৃক কার্য্য নির্ব্বাহক নিয়োগের প্রস্তাব অনাবশ্যক। সর জর্জ্জ কাম্পবেল সাহেবের শাসন কালে এইরূপ একটি প্রস্তাব হইয়াছিল। তদ্বিষয়ে শাসন ও বিচার কার্য্য সংক্রান্ত যে সকল কর্ম্মচারীর মত জিজ্ঞাসা করা হয় তাঁহারা প্রতিকূলমত প্রকাশ করেন ও শেষে তাহার দোষ গুণের সম্পূর্ণরূপ বিচার করিয়া প্রস্তাবটি ত্যাগ করা হয়। অনর্থক ব্যবস্থা প্রণয়নদ্বারা ভূমি সংক্রান্ত বিষয়ে প্রত্যেক ব্যক্তির স্বাধীনভাবে কার্য্য করণে বাধা ঘটাইবার যে প্রবৃত্তি ইউরোপ খণ্ডে মধ্যযুগে প্রাদুর্ভূত হইয়াছিল তাহা পুনর্ব্বার সৃষ্টি করা নিশ্চই বাঞ্ছনীয় নহে। ৬৫ ধারা।

২১। গুটিকতক সামান্য বিষয়েও আমাকে অধিকাংশ সংযোগী হইতে ভিন্নমত প্রকাশ করিতে হইল। (১) প্রচলিত আইনে বাকি খাজানার উপর শতকরা ১২৲ টাকা হারে সুদ দিবার ব্যবস্থা আছে পাণ্ডুলিপিতে ভূম্যধিকারীর মাস কিস্তিক্রমে খাজনা আদায় করিবার স্বত্ব হরণ করা হইয়াছে অথচ সুদের হার কতক অংশে আদালতের বিবেচনাধীন করা হইয়াছে। (২) আদালতে স্থিরীকৃত হইয়াছে বটে যে কোন যোতের সীমার পরিবর্ত্তন না হইয়া পরিমাণের কিঞ্চিৎ বৃদ্ধি হইলে খাজনা বৃদ্ধির হেতু হয় না, কিন্তু পাণ্ডুলিপিতে এই বিষয়ে যে সকল উদাহরণ দেওয়া হইয়াছে তাহার মূল সূত্র অনুসারে কার্য্য হইলে বিবিমতে ইহার মধ্যে ঘাইসে না এইরূপ অনেকস্থলেই ভূম্যধিকারী অধিক ভূমি থাকা হেতুতে খাজনা ৫৬ ধারা। ২২ ধারা।

রুদ্ধ করিবার স্বত্ব হইতে বঞ্চিত হইবেন। ইহাও স্পষ্ট বুঝা যাইতেছে যে স্থলে বিঘাপ্রতি খাজানা নির্দ্ধারিত আছে সেই স্থলে পূর্ব্বোক্ত নিয়ম বর্ত্তিতে পারে না, সুতরাং ভূমি অল্প পরিমাণ বৃদ্ধি হইলেও
২৫ ধারা। খাজানা বৃদ্ধি না হইবার কারণ নাই। পক্ষান্তরে প্রজা তাহার দশ বিঘার যোত মাপে এক কাঠা কম হইয়াছে এরূপ বলিলে খাজানা কম হইবার নিমিত্তে প্রার্থনা করিতে পারিবে। (৩) তালুকাদির খাজানা দিতে ত্রুটি হইলে তাহার বিক্রয় বিষয়ে পাণ্ডুলিপিক্রমে আইনের যে পরিবর্ত্তন করিবার প্রস্তাব হইয়াছে তাহা অনাবশ্যক, আমি নিঃসন্দিগ্ধরূপে বলিতে পারি ইহাতে বহুল মোকদ্দমার সৃষ্টি হইবে।

২০৬ ধারা। ২২। দখলীস্বত্ব হস্তান্তর করণযোগ্য করিবার প্রস্তাব করিয়া যে সকল যাদানুবাদ হইবার প্রার্থনা করা হইয়াছিল তাহাতে ইহাই প্রকাশ হয় যে প্রস্তাবটিতে ভূম্যধিকারীদিগের প্রতি অবিচার হইবে অথচ ইহা হিতকর হইবে কি না সেপক্ষে সন্দেহ রহিয়াছে। এই বিষয়ে সুপণ্ডিত প্রধান বিচারপতি মহাশয় তাঁহার গত ৮ জানুয়ারি তারিখের মন্তব্য লিপিতে যে কথাগুলি বলিয়াছেন তাহা এতদূর ঘটনামূলক ও যুক্তিযুক্ত যে আমি তাহার কএকটি উদ্ধৃত করিয়াই ক্ষান্ত হইব। দখলীস্বত্ব সৃষ্টিকরণ যে ন্যায়মূলক কার্য্য বলিয়া সমর্থন করা যাইতে পারে ইহা অনুমান করত তিনি এই সঙ্গত কথাটি জিজ্ঞাসা করিয়াছেন, "যদি ভূম্যধিকারির প্রতি ন্যায় বিচার করিতে হইলে তাঁহার স্থায়িরূপে ভাল প্রজা পাওয়া প্রয়োজন হয়, তাহাহইলে প্রজা নিজের স্বার্থ হস্তান্তর করিতে পারিবে এই রূপ বিধান করিলে সেই ন্যায় বিচার কোথায় থাকিবে? প্রজাদের কর্ত্তৃক যোত হস্তান্তরিতহইলে জমীদারদিগের কিছু অসুবিধা অথবা ক্ষতি হইতে পারে বলিয়া তদ্রূপ কার্য্য তাহাদিগের আপত্তি করা উচিত নয় এরূপ বলা অন্যায়। আমার বিবেচনায় কেবল এই কারণেই জমীদার অথবা অন্য কোন শ্রেণীর লোকেরা কোন রাজকার্য্যের প্রতি ন্যায়তঃ সম্পূর্ণরূপে আপত্তি করিতে পারেন। প্রতিপক্ষ কোন জমীদার তাঁহার প্রতিবাদীর মহালের অন্তর্গত কতকগুলি রাইয়তি যোত ক্রয় করিয়া তদ্রূপে লব্ধ নিজক্ষমতা ও পদ মর্য্যাদাক্রমে শেষোক্ত ব্যক্তির প্রজাগণের মধ্যে অসন্তোষ ও বিদ্রোহিতা সৃষ্টি করিলে আমার বোধ হয় তাহা অপেক্ষা বিরক্তির আর গুরুতর কারণ হইতে পারে না। আইনমত ভূম্যধিকারীর নিজ প্রজা মনোনিত করিবার স্বত্ব আছে, তাহা হরণ করিলে যে তাহার প্রতি কোন অন্যায় করা হয় না, বোধহয় কোনরূপ যুক্তি দেখাইয়া এই রূপ তর্ককরা অসম্ভব। তদ্রূপ অন্যায় সহ্যকরণকে আমি কাল্পনিক ক্লেশ বলিয়া স্বীকার করিতে পারি না। পক্ষান্তরে ইহাও সমানভাবে সত্যভাবি যে বঙ্গদেশীয় প্রজাদিগের ন্যায় দরিদ্র ব্যক্তিদিগকে ইচ্ছানত তাহাদিগের যোত বিক্রয় করণ কি বন্ধক দেওনের উপায় করিয়া দিলে তাহাদিগকে অসঞ্চয়ী ও অমিতব্যয়ী করিবার সুনিশ্চিত উপায় বিধান করা হইবে। আমার বিবেচনায় এই সকল ব্যক্তিদিগকে রক্ষা করিবার ও নিজ সম্পত্তি নষ্ট করিতে না দিবার উৎকৃষ্ট উপায়ই এই যে তাহারা নিজ সম্পত্তিতে স্থায়ী স্বার্থ লাভ করিয়া কোন ভাবে কি কোন প্রকারে তাহা হস্তান্তর করিতে পারিবে না।" দখলীস্বত্ব হস্তান্তর যোগ্য করাহইলে উক্তস্বত্ববিশিষ্ট প্রজাদিগকে বাকী খাজানার নিমিত্তে উচ্ছেদ করিবার বিধান পাণ্ডুলিপির বিহিতমতের হত করিতে হইবে। অতএব গবর্ণমেণ্ট দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় যোগ্য বলিয়া স্থির করিলে, জমীদারেরা এরূপ আশা করিতে পারেন যে তাঁহাদিগের স্বাত্ত্বের এই অভিনব
৭৯ ধারা। হানি সংঘটন হওয়াতে যথোপযুক্তমত ক্ষতিপূরণ করা যাইবে ও অন্ততঃ খাজানা আদায় ও বৃদ্ধিকরণার্থ
ব্যাখ্যা। তাঁহাদিগের কার্য্য করিবার সুবিধা করিয়া দেওয়া হইবে।

৪৮,৪৪ ধারা। ২৩। ভূম্যধিকারীদের স্বত্বের প্রতি যে অভিনব হস্তক্ষেপ হইতেছে তৎপরিবর্ত্তে পাণ্ডুলিপিতে তাঁহাদিগকে কি সুবিধা ও উপকার দিবার প্রস্তাব হইয়াছে? তালুক, পেটা তালুক ও যোত উত্তরাধিকার, দান, বিক্রয় কি অন্য কোন সূত্রে হস্তান্তরিত হইলে তদ্রূপ হস্তান্তর করণ কার্য্যের রেজষ্টরী বিষয়ক বিধান পাণ্ডুলিপির যে২ ধারায় আছে কেবল তাহাতেই জমীদার দিগের স্বত্ব এক বিষয়ে স্বীকার করা হইয়াছে বলিয়া তাহা প্রচলিত আইনের উৎকর্ষ সাধন চেষ্টা স্বরূপগণ্য করিতে পারেন। কিন্তু এই বিধানগুলি রাইয়তের যোতের হস্তান্তরকরণীয়তা বিষয়ে যে সকল নূতন ধারা প্রণীত হইয়াছে তাহারই অবশ্যম্ভাবি উপজাত স্বরূপ। কালেক্টর সাহেব কর্ত্তৃক খাজানা নিরূপণই ওয়ার্থ নূতন বিধান-ক্রমে জমীদারের উপকার হইবার না সন্দেহ আছে। ইহা তে পক্ষ দিগের যে উকীল দ্বারা উপস্থিত হওন ও আপীল করণ সম্পর্কে আইনমত স্বত্ব আছে তাহা হরণ হইয়া শাসন কার্য্যে নিযুক্ত কর্ম্মচারিদের হস্তে বিশিষ্ট মূল্যবান স্বত্ব নির্ণয়ের ভার ন্যস্ত হইবে।

২৪। সমগ্র বিষয় বিবেচনায় আমার মত এই যে, লিখিত ও অলিখিত যে সকল ব্যবহারক্রমে এক্ষণে প্রজার সহিত ভূম্যধিকারির সম্বন্ধ নিরূপিত হইয়া থাকে তাহা ভূম্যধিকারি সাধারণের যেরূপ আদরের সামগ্রী তত্তুলনায় পাণ্ডুলিপিখানি বর্ত্তমান আকারে অর্দ্ধেক আদরণীয়ও হইবে না। এক দিকে তাঁহাদিগের হিতসাধক দুই একটী মাত্র প্রস্তাব করিয়া তৎপরিবর্ত্তে ভিন্নং পঞ্চাশটী দিকে তাঁহাদিগের স্বত্ব খর্ব্ব ও লোপ করিবার প্রস্তাব করা হইতেছে।

১৮৮০ সাল ১৪ জুন। শ্রীপ্যারীমোহন মুখোপাধ্যায়।

শ্রীযুক্ত বাবু মোহিনীমোহন রায়ের মন্তব্য।

১। পাণ্ডুলিপিখানি আদ্যোপান্ত সাকল্যে অনুমোদন করি না ও ইহাতে ভূমির স্বত্বসংক্রান্ত মূল ব্যবস্থাসম্বন্ধে যে অনেকগুলি গুরুতর পরিবর্ত্তন করিবার প্রস্তাব আছে তাহা আমি অত্যন্ত মূল্য জ্ঞান করি। আমি এইরূপ পরিবর্ত্তনের বিরুদ্ধে সর্ব্বদাই মত প্রকাশ করিয়াছি। ভূমিগত স্বত্বসম্পর্কে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে এরূপ সম্বন্ধ যে এক শ্রেণীর প্রতি কোন একটি মূল্যবান স্বত্ব প্রদান করিলেই অপর শ্রেণীর স্বার্থের তদনুরূপ খর্ব্বতা সাধিত হইবে। সুতরাং আমার মতে ১৮৫৯ সালের ১০ আইনের ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের নির্দ্দিষ্ট ভূম্যধিকারী ও প্রজাদের স্বত্বসম্বন্ধে কোন গুরুতর পরিবর্ত্তন করা উচিত নহে। কিন্তু কার্য্যপ্রণালী ও উভয় শ্রেণীর সম্বন্ধ সরলতর করিয়া ও তাহাদিগের ন্যায্য ও নিঃসন্দিগ্ধ সত্ত্বানুযায়ী কার্য্য হওনপক্ষে এক্ষণে আইন ও রীতি-ঘটিত যে সকল বিঘ্ন ও বাধা আছে তাহা অপসরণ করিয়া অনেকাংশে তাহাদিগের উভয়েরই উপকার ও মোকদ্দমা-সংখ্যা হ্রাস করা যাইতে পারে। খাজানাসংক্রান্ত কমিশানে রাজপুরুষ-শ্রেণীভুক্ত সভ্যসংখ্যাই অধিক; তাঁহাদিগের অধিকাংশ ব্যক্তিরই কিঞ্চিৎ ভিন্ন মত, তাঁহারা বোধ হয় বিবেচনা করেন যে, প্রচলিত আইনে, [১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনে] ভূম্যধিকারী ও প্রজার বিরোধী স্বত্ব যে ভাবে নির্দ্দেশ করা হইয়াছে তাহা সম্যক্ "বিজ্ঞানসম্মত" না হওয়াতে উভয় শ্রেণীর মধ্যে ভূসম্পর্ক নূতন করিয়া নির্দ্দেশ ও ভূসম্পত্তি নূতন করিয়া ভাগ করা যাইতে পারে ও করাও কর্ত্তব্য।

২। এক বিষয়ে অনেক বাদানুবাদ ও মতভেদ ঘটিয়াছিল। বিষয়টি এই—১৮৫৯ সালের ১০ আইনে পূর্ব্বপ্রচলিত আইন পরিবর্ত্তিত হইয়া প্রজার উপকার কি অপকার হইয়াছে। এই বিষয়ে আমার মত স্পষ্ট ও সুনিশ্চিত ও উচ্চ কর্ত্তৃপক্ষকর্ত্তৃক সমর্থিত। সর বর্ণেস পীকক তাঁহার লিখিত ১৮৬৪ সালের ৩১ মার্চ্চের মন্তব্যলিপিতে বলেন, "আমার বিবেচনায় ৬ ধারাটি আপত্তি-যোগ্য ও প্রথমতঃ ইহাতে চিরস্থায়ী বন্দোবস্তাধীন জিলাসমূহে প্রজাদিগের প্রতি অপ্রচলিত-পূর্ব্ব দখলীস্বত্ব প্রদান করিয়া জমীদারদিগের ন্যায্য স্বত্বের উপর হস্তক্ষেপ করা হইতেছে বলিয়া ইহা রহিত করা উচিত।" লর্ড কানিং (১৮৫৯ সালের ১০ আইনের) ঐ পাণ্ডুলিপিতে আপনার সম্মতিসূচক সংবাদ দিয়া বলেন যে, "পাণ্ডুলিপির লিখিত ভূম্যধিকারী ও প্রজার পরস্পর স্বত্ব-সংক্রান্ত গুরুতর বিষয়গুলি মীমাংসা করা অনেক দিন অবধিই বাঞ্ছনীয় হইয়াছে। পাণ্ডুলিপি-খানি বঙ্গদেশীয় প্রজার অবস্থার উৎকর্ষসাধনপক্ষে প্রকৃত ও একান্ত প্রয়াসের ফল, ইহাতে প্রজার স্বত্ব স্পষ্টরূপে নির্দ্দেশকরণ ও জমীদারদিগের ক্ষমতা সীমাবদ্ধ করণার্থ যে সকল বিধান বহুকাল পূর্ব্বেই প্রণীত হওয়া উচিত ছিল, তাঁহার প্রণয়নদ্বারা প্রজারা ইতিপূর্ব্বে যে স্বাধীনতা ও স্বাব-লম্বিতা ভোগ করে নাই; এক্ষণে তাহা ভোগ করিতে পারিবে এরূপ আশা দেওয়া হইয়াছে।"

৩। পূর্ব্বোক্তরূপ উচ্চ কর্ত্তৃপক্ষদিগের মতদ্বারাই এই বিষয়ের সিদ্ধান্ত হইয়াছে বোধ হয়। কিন্তু আমার বিবেচনায় ১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্ববর্ত্তি অবস্থা ধরা উচিত নহে। এক্ষণে ঐ আইন প্রায় গত ২০ বৎসর অবধি ব্যবস্থাস্বরূপ প্রচলিত রহিয়াছে, বঙ্গদেশীয় লোকেরা ইহার বিধান উত্তমরূপ অবগত হইয়াছেন ও ঐ আইনমূলেই তাঁহাদিগের বন্দোবস্ত ও মিয়মপত্রাদি করিয়াছেন। নূতন ব্যবস্থা প্রচলনজন্য যে অশান্তি ও অসন্তোষের আবির্ভাব হয় তাহারও অনেক হ্রাস হইয়াছে। কোন একটি ব্যবস্থা উত্তমরূপ প্রচলিত হইতে ও দেশের লোকদের তদনুযায়ী কার্য্য করিয়া আপন আপন সম্বন্ধ স্থির করিয়া লইতে প্রায়ই অনেক সময় লাগে। ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত প্রচলিত আইন পূর্ব্বোক্তরূপ অবস্থায় উপনীত হইয়াছে বলিলে অন্যায় হয় না। যে কার্য্যের ফলস্বরূপ উক্ত দুই শ্রেণীর মধ্যে পুনর্ব্বার বিবাদ উপস্থিত হইয়া আবার কিছুকাল অশান্তি ও উপদ্রবের আবির্ভাব হইতে পারে, এরূপ কার্য্য অতি সাবধানে পরিহার্য্য। আমার আশঙ্কা হয় যে, বহুল গুরুতর পরিবর্ত্তন না করিয়া পাণ্ডুলিপিখানি আইনে পরিণত হইলে এই ফল উৎপাদন হইবার বিলক্ষণ সম্ভাবনা।

৪। পাণ্ডুলিপিসংক্রান্ত একটি আপত্তিযোগ্য বিষয়ের বিশেষমতে উল্লেখ করা প্রয়োজন। বিধানগুলি সর্ব্বাঙ্গসুন্দর করিবার প্রয়াস পাওয়াতে এই ব্যবস্থাক্রমে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ জটিল হইয়া পড়িয়াছে। সরলকরণ পক্ষে অতি অল্পই কার্য্য হইয়াছে। আমি বলি না যে এই বিষয়ে কিছুই করা হয় নাই, কিন্তু অনেক অধিক করা যাইতে পারিত। পাণ্ডুলিপিখানির উপস্থিত আকারে ইহাতে যে জটিলতার সন্নিবেশ করা হইয়াছে তদ্তুলনায় সরল করণার্থ বিধানগুলি কিছুই নহে। সুতরাং আমাদের পাণ্ডুলেখ্যখানির ১৮৫৯ সালের ১০ আইন অপেক্ষা উৎকৃষ্টতর ব্যবস্থারূপে বিবেচিত হইবার অতি অল্পই স্বত্ব আছে। প্রাচীন ব্যবস্থার একটি ধারা বিস্তার করিয়া দশটি করা হইয়াছে, ও আধুনিক ব্যবস্থাসমূহে যেরূপ দেখা যায় তদ্রূপ অনেক উদাহরণ ও ব্যাখ্যা দেওয়া হইয়াছে। আমরা ভূয়োদর্শনক্রমে অবগত আছি যে উদাহরণ ও ব্যাখ্যার উদ্দেশ্য প্রায়ই সফল হয় না ও মূলের অর্থ সুস্পষ্ট না করিয়া বরং তাহাতে নূতন ও অচিন্তিতপূর্ব্ব দুরূহতা ও সন্দেহ উপস্থিত করে। পাণ্ডুলিপিখানির অদৃষ্টক্রমে যদি ইহা ব্যবস্থাপক সভায় অর্পিত হয়, তাহা হইলে যেন ইহাকে যত্নপূর্ব্বক উপযুক্ত আকারে পরিণত করিয়া ইহার অর্দ্ধেক ধারা ও উপধারা এবং সমস্ত উদাহরণ ও ব্যাখ্যাগুলি ত্যাগ করিয়া আইনটিকে সরল ও কার্য্যসুকর করা হয়। উৎকর্ষ সাধনার্থক কতকগুলি বিশেষ আপত্তিযোগ্য বিধান এই সকল উপধারা, উদাহরণ

ও ব্যাখ্যামধ্যেই নিহিত আছে। (১৮ ধারার ১ ব্যাখ্যা ও ৭৭ ধারার (খ) প্রকরণ দেখ।)

৫। পাণ্ডুলিপিতে প্রচলিত আইনের যে সমস্ত বিষয় পরিবর্ত্তন করিবার প্রস্তাব করা হইয়াছে তৎসমুদয় সমালোচন করা আমার অভিপ্রেত নহে; তন্মধ্যে বিশিষ্ট আপত্তিযোগ্য যে কএকটি প্রস্তাবে গুরুতর অনিষ্ট সম্ভাবনা, কিম্বা বর্ত্তমান স্বত্বের উল্লঙ্ঘন হইতে পারে কেবল সেই গুলিরই সংক্ষেপে উল্লেখ করিব।

(ক) ৩ অধ্যায়, ১৮ ধারা।—দখলীস্বত্ববিশিষ্ট প্রজাকর্ত্তৃক পেটাওবিলিকরণ ও তদ্রূপ প্রজাকে তালুকদারে পরিণত করণার্থ বিধান। ইহাতে ভূম্যধিকারীদিগের ও কিয়ৎপরিমাণে দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের ও আপন পেটাওপ্রজা সম্পর্কীয় স্বত্বের স্পষ্ট উল্লঙ্ঘন হইয়াছে; ইহাতে বহুল পরিমাণে মোকদ্দমা ঘটিবার সম্ভাবনা।

(খ) ৪ অধ্যায়, ২৬-৩১ ধারা।—তিন বৎসরের প্রজাদের প্রতি রূপান্তরিত আকারে দখলীস্বত্ব প্রদান। ইহা একটি জাজ্বল্যমান অন্যায় পরিবর্ত্তন, ইহার বিষয় বলা বাহুল্য।

(গ) ৬ অধ্যায়, ৩৭, ৩৮, ৩৯ ও ৪০ ধারা।—৩৬ ধারাক্রমে প্রজা আপন যোতের অন্তর্গত ভূমির উপর বাসের ঘর প্রস্তুত করিতে পারিবে, এই ধারায় আমার আপত্তি নাই। কিন্তু ৩৭, ৩৮, ৩৯ ও ৪০ ধারায় অনিষ্ট হইবার সম্ভাবনা এবং বিদ্বেষমূলক ও কষ্টকর মোকদ্দমার সৃষ্টি করিবে। আমার বিবেচনায় প্রজাকে যে কার্য্যের নিমিত্তে ভূমি জমা করিয়া দেওয়া যায়, সে তদ্ভিন্ন অন্য কোন কার্য্যের নিমিত্ত ঐ ভূমি ব্যবহার করিলে অনিষ্টকারী পদবাচ্য। তাহার প্রতি এতদূর দয়া করিয়া অনিষ্টপ্রতিচিকীর্ষু ভূম্যধিকারীর পথে এতগুলি বাধা সৃজন করিবার ন্যায়সঙ্গত কোন কারণই নাই। ৪০ ধারাটি এতদ্দেশীয় আদালতের প্রাচীন কএকটি নিষ্পত্তি লক্ষ্য করিয়া প্রণীত হইয়াছে। বোধ হয়, ইহার মূল নিয়মে দোষ আছে। তাহার পর অনেক মোকদ্দমায় স্থির হইয়াছে যে মোকদ্দমা করিতে বিলম্ব হইলেই সম্মতি থাকা প্রকাশ হয় না, এবং বাদী প্রতিকার লাভ করিবার স্বত্ব হইতে বঞ্চিত হন না। (ভারতবর্ষীয় ল রিপোর্টের, এলাহাবাদ আদালতের ১ খণ্ড, ৩২ পৃষ্ঠা ও বঙ্গদেশীয় ল রিপোর্টের ১০ খণ্ড, ৩২৪ পৃষ্ঠা দেখ।)

(ঘ) ৬ অধ্যায়, ৪১ ও ৪২ ধারা।—এই "উৎকর্ষ" সাধন করিতে গেলে বিশেষ অনিষ্ট হইতে পারে: ইহা বহুবিস্তীর্ণ ও ব্যাপক ভাবাপন্ন। শিল্পকার, দোকানদার ও কৃষকেতর অন্য ব্যক্তিরা গ্রামের যে বাস্তুভূমি বাসের ঘর প্রস্তুত করণার্থে ব্যবহার করিয়া থাকেন তৎপ্রতি দখলীস্বত্ব বর্ত্তাইবার প্রস্তাবে আমার আপত্তি নাই, কিন্তু ঐ ভূমির সর্ব্বোচ্চ খাজানা তাহার বাজার দরের শতকরা ৫ টাকার হিসাবে ধার্য্য হওয়ায় আমার আপত্তি আছে। এই হার আমার বিবেচনায় বড় কম। শতকরা ৯ টাকা হইলে ঠিক হয়। গ্রামের যে সমস্ত ভূমি বাসার্থ ব্যবহৃত হয় না ও যে ভূমি কোন নগরের অন্তর্গত (তাহা বাসার্থে ব্যবহৃত হউক বা না হউক), তাহার প্রতি সাধারণ ব্যক্তিদের সম্পত্তি এককালে জব্দ করিবার অভিপ্রায় না থাকিলে দখলীস্বত্ববিষয়ক নিয়মটি বর্ত্তান যাইতেই পারে না।

(ঙ) ১০ অধ্যায়, ৬৫—৬৭ ধারা।—কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ বিধানের আবশ্যকতা নাই, তাহাতে কোন প্রয়োজনই সিদ্ধ হইবে না। কোন সম্পত্তির অংশ পাইবার দাওয়া থাকিয়া যাহারা বেদখল আছে, এমন অনেক লোক কোন আকারে তাহাদিগের দাওয়া স্বীকার করা যাইবে বলিয়া কিম্বা প্রতিপক্ষদিগকে কষ্ট দিবার অভিপ্রায়ে এই বিধানের আশ্রয় গ্রহণ করিবে। আমার বিবেচনায় বর্ত্তমান আইন এই সম্পর্কে কার্য্য পক্ষে যথেষ্ট ও তাহা পরিবর্ত্তন করিবার প্রয়োজন নাই।

(চ) ১১ অধ্যায়, ৭৭ ধারা, (খ) প্রকরণ।—প্রজাদের বৃক্ষচ্ছেদন করিবার স্বত্ব। রতনজী ইদুলজী সেটের মোকদ্দমায় (১০, উ, রি, ১৩ পৃষ্ঠা, পৃ, কৌ) প্রিবী কৌন্সিলের বিচারসংক্রান্ত সত্তা বলেন, "ভূমির উপরিস্থিত বৃক্ষ ভূমিরই অংশভূত, ঐ বৃক্ষচ্ছেদন ও বিক্রয় করিবার স্বত্ব ভূস্বামীর স্বত্বেরই অনুষঙ্গ। আপীলকারককে (গবর্ণমেণ্টের অধীন ইজারদার) ঐ বৃক্ষে যে তাঁহার অধিকার আছে কি তাহা ছেদন করিবার যে তাঁহার স্বত্ব আছে তাহা নিম্নলিখিত কোন একটি হেতুমূলক বলিয়া দেখাইতে হইবে। উক্ত অধিকার তাঁহার পাট্টার অবশ্যম্ভাবি অনুষঙ্গ, কিম্বা দ্বিতীয়তঃ তাহা কোন স্পষ্ট ব্যবস্থামূলক, কিম্বা তৃতীয়তঃ তাহা পাট্টামধ্যে সন্নিবেশযোগ্য কোন রীতির অনুযায়ী, কিম্বা চতুর্থতঃ তাহা পাট্টার স্পষ্ট নিয়মানুযায়ী।"

(ছ) ১৮ অধ্যায়, ২০৬ ও ২০৭ ধারা।—ব্যবহারাজীবস্বরূপ এই "উৎকর্ষ সাধন" চেষ্টার জন্য আমার কৃতজ্ঞ হওয়া উচিত। ইহাতে নিশ্চয়ই বহুল মোকদ্দমা উৎপন্ন হইবার সম্ভাবনা। কিন্তু নীলামযোগ্য যোত সম্পর্কে খাজানার ডিক্রীজারীকরণপক্ষে ইহাতে গুরুতর বাধা হইবে। স্যর বর্নেস্ পীকক তাঁহার একটি নিষ্পত্তির একস্থলে বলিয়াছেন যে "এ দেশে বাদী ডিক্রী পাইলেই তাঁহার কষ্ট আরম্ভ হয়।" বস্তুতঃ আমাদিগের আইনে ডিক্রীজারীকরণের বাধা ও বিলম্ব ঘটাইবার নিমিত্তে অনেকগুলি সুকৌশলসম্পন্ন সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। অন্য ডিক্রী অপেক্ষা খাজানার নিমিত্ত ডিক্রীজারীকরণে বিলম্ব হইলে অধিকতর অনিষ্ট হয় ও ক্ষতির সম্ভাবনা থাকে। অন্য ডিক্রীতে কেবল সুদই বাড়িতে থাকে কিন্তু খাজানার ডিক্রীতে সুদ ও তাহার পর সময়ের খাজানা এই দুই বাড়িয়া উঠে।

ইহাও বিবেচনাযোগ্য যে অধীন প্রজারা আপনাদিগের সম্ভাবিত ক্ষতির বিষয় সম্পূর্ণ রূপে অবগত থাকিয়াই যোত লাভ করিয়াছে ও তদ্রূপ অবস্থার জন্যই মূল্য দিয়াছে এরূপ অনুমান

করা যাইতে পারে। উপরিতন ভূম্যধিকারীদের ক্ষতি করিয়া তাহাদের উপকারার্থ আইনের পরিবর্ত্তন করা হউক অর্থাৎ উপরিতন ভূম্যধিকারীকে অধিকতর বাধা ও ক্ষতির সম্ভাবনাধীন করিয়া তাহাদিগকে এককালে ক্ষতি হইতে রক্ষা করা হউক, ন্যায়সঙ্গত মতে তাহারা এরূপ প্রার্থনা করিতে পারে না। অধীন প্রজারা মূল তালুক রক্ষা করিবার ও ডিক্রীর টাকা আমানত করিয়া আপনার স্বার্থ রক্ষা করিবার স্বত্ববান হইয়াছে। আমার বিবেচনায় যে সকল স্থলে দায় ও মধ্যবর্ত্তী ভূসম্পর্ক সংখ্যা অনিয়মিত রূপে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে সেই সকল স্থলে তাহা লোপ করা বিশেষ মতে আবশ্যক। তদ্রূপ স্থলে বাকী খাজানার নিমিত্তে উপরিস্থ তালুক বিক্রয় হইলেই ঐ সম্পত্তি রক্ষা হইবার উপায় হয়। রিপোর্টের ১২ ধারায় লিখিত হইয়াছে যে বাকরগঞ্জে ভূস্বামী বা জমীদারের অধীনে ক্রমান্বয়ে তেরজন ব্যক্তির ভূমিতে স্বার্থ আছে। প্রস্তাবিত পরিবর্ত্তনক্রমে কতিপয় মধ্যবর্ত্তী প্রজার কথঞ্চিত উপকার হইলেও আনুষঙ্গিক যে জটিলতা ও তজ্জনিত যে মোকদ্দমা ঘটিবে তদ্বিবেচনায় ঐ উপকার অতি সামান্য।

৬। পরিশেষে, রিপোর্টের ৭ ধারায় যে একটি গুরুতর বিষয়ের উল্লেখ হইয়াছে তৎসম্পর্কে কিছু বলিতে ইচ্ছা করি। আমার বিবেচনায় প্রজাস্বত্ববিষয়ক সকল নিয়মপত্রই লিখিয়া করিতে হইবে আইনে ইহার আদেশ থাকা আবশ্যক, এই পরামর্শটি কমিশনের অধিকাংশ সভ্যই বিনা কারণে অগ্রাহ্য করিয়াছেন। রিপোর্টে যে সকল বৃত্তান্তের উল্লেখ ও যুক্তির প্রয়োগ করা হইয়াছে তাহাতে ইহাই প্রমাণ হয় যে ভূতকাল সম্পর্কে উক্ত আইন প্রবল করা উচিত নহে। নূতন প্রজাসম্বন্ধ ঘটিলে তৎপ্রতি উক্ত আইন বর্ত্তাইবার বিরুদ্ধে আমি একটিও বৃত্তান্ত বা যুক্তি অন্বেষণ করিয়াও পাই নাই।

ইহা স্বীকার করা হইয়াছে যে "এই পরামর্শটি অনেকবার প্রদত্ত ও অনেক সময়ে প্রধান কর্ত্তৃপক্ষগণকর্ত্তৃক সমর্থিতও হইয়াছে। পূর্ব্বোক্তরূপ নিয়মপত্র লিখিয়া করিবার পরামর্শসিদ্ধতা বহুকাল পূর্ব্বেই ইংলণ্ডীয় জনসাধারণকর্ত্তৃক অনুভূত হইয়াছিল। প্রতারণাবিষয়ক আইনের প্রথম ধারায় বিধিবদ্ধ হইয়াছিল যে না লিখিয়া বাচনিক পাট্টা দিলে ঐ পাট্টা কেবল ঠিকা পাট্টার ন্যায় প্রবল ও কার্য্যকর হইবে। রেজিষ্টরী আফিসসমূহের কার্য্যদৃষ্টে প্রকাশ যে নূতন রায়তীজমা সৃষ্টিকরণে লিখিত নিয়মপত্রাদির সর্ব্বদাই ব্যবহার হইয়া থাকে।"

কিন্তু ইহা বলা হইয়াছে যে "বঙ্গ ও বেহার প্রদেশের অধিকাংশ রায়তি জমাই লিখিত নিয়মপত্রক্রমে না হইয়া দেশাচারের উপর নির্ভর করে।" এই কথাটি বৃত্তান্তমূলক কি না সন্দেহ আছে ও অস্পষ্টভাবে বলা হইয়াছে। কিন্তু নূতন রায়তি যোতসম্পর্কে লিখিত নিয়মপত্র প্রচলনের বিরুদ্ধে এই কথা হইতে যে উপপত্তি করা হইয়াছে তাহা স্পষ্টই ভ্রান্তিবিজৃম্ভিত। দেশাচার বিষয়ক ব্যবস্থা প্রিবী কৌন্সীলকর্ত্তৃক নীলকৃষ্ণদেব বর্ম্মণের মোকদ্দমায় (১২, উ, রি, ২৩ পৃষ্ঠা, প্রি, কৌ,) যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাতে দেখা যায়, "যে কোন স্থলে কোন দেশাচার প্রচলিত থাকা প্রমাণ হইলে ঐ দেশাচারক্রমে তথায় সাধারণ ব্যবস্থা রহিত হইবে, কিন্তু শেষোক্ত ব্যবস্থাই দেশাচারের বিষয়ীভূত ব্যাপার ভিন্ন অন্যত্র প্রবল হইবে।" পাণ্ডুলিপিতে দেশাচার ও দেশাচারানুগত স্বত্বরক্ষার্থে বিশেষ বিধান করা হইয়াছে। (রিপোর্টের ১২ ধারা দেখ।) ঐ স্থলে লিখিত হইয়াছে, "আমরা বিশ্বাস করি যে এদেশে ও অন্যান্য দেশে এমন অনেক দেশাচার আছে, যাহা লোকে বেশ জানে, ভূম্যধিকারিরাও স্বীকার করেন, এবং বিচারালয়েও প্রমাণ করা যাইতে পারে; এবং আমরা ইহা স্পষ্টরূপে বুঝাইতে চাই যে পাণ্ডুলিপির বিধানদ্বারা স্পষ্টাক্ষরে রহিত করা না গেলে বা স্পষ্টই তাহার বিরুদ্ধ না হইলে এসকল দেশাচারের প্রতি হস্তক্ষেপ করা পাণ্ডুলিপির অভিপ্রেত নহে।" দেশাচার অনুসারে অতি অল্প স্থানেই কার্য্য হইয়া থাকে, সুতরাং উহা নূতন রায়তি যোতের প্রতি কিরূপে বর্ত্তিতে পারে বুঝা সহজ নহে। নূতন রায়তি যোত সৃষ্টি হইলেই নূতন লিখিত নিয়মপত্র করিতে হইবে এইরূপ আদেশ করিয়া আইন প্রণীত হইলে তাহাতে কোন স্থানে দেশাচার থাকা প্রমাণ হইলে ঐ দেশের প্রতি হস্তক্ষেপ হইবে না, হইতেও পারিবে না।

প্রতারণাবিষয়ক আইনের প্রথম ধারার ন্যায় কোন আইন প্রণয়ন করিলে স্পষ্টই সুবিধা হয়। ঐরূপ আইন হইলে ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ সরল হইয়া অপেক্ষাকৃত সুনিশ্চিত এবং সন্দেহ ও বিবাদ হইতে মুক্ত হইবে ও মোকদ্দমার বিলক্ষণ হ্রাস হইবে। তাহাতে বর্ত্তমান আইনের প্রায় কোন পরিবর্ত্তন হইবে না। এতদ্দেশীয় আদালতকর্ত্তৃক অনেক মোকদ্দমায় স্থিরীকৃত হইয়াছে যে উচ্ছেদিত প্রজা তাহার ভূম্যধিকারীর বিরুদ্ধে পুনর্ব্বার অধিকার পাইবার নিমিত্তে মোকদ্দমা করিলে "তাহারই প্রমাণ করা আবশ্যক যে সে জমীদারের প্রদত্ত কোন পাট্টাক্রমে কি ১০ আইনের ৬ ধারামত লব্ধ দখলীস্বত্বক্রমে অধিকার পাইবার স্বত্ববান।" রামমোহন দাসের মোকদ্দমায় বিচারপতি দ্বারকানাথ মিত্রকৃত নিষ্পত্তি হইতে পূর্ব্বোক্ত কথাগুলি উদ্ধৃত করা গেল। (১৪, উ, রি, ৪১ পৃষ্ঠা।)

৭। দখলীস্বত্ব থাকুক, বর্ত্তমান সকল প্রকার রায়তি যোত ও দেশাচার রক্ষিত হউক, কিন্তু যেন আইনক্রমে কোন রায়তি স্বত্ব সৃষ্টি করা না হয়। ইহাও বিধান করা হউক যে অতঃপর প্রজাত্ব সম্বন্ধসূচক নিয়ম "লিখিত না হইলে কেবল ঠিকা পাট্টার ন্যায় প্রবল ও কার্য্যকর হইবে।" ইহাই সরল ব্যবস্থা, ও বোধ হয় ইহাতেই দেশের উপস্থিত প্রয়োজন সিদ্ধ হইবে।

১৮৮৩ সাল, ১৬ জুন। মোহিনী মোহন রায়।

শ্রীযুক্ত মাকেঞ্জি সাহেবের মন্তব্য।

১। আমি রিপোর্টে স্বাক্ষর করিয়াছি ও মোটামোটি সমস্ত সিদ্ধান্তেই গ্রাহ্য করিয়াছি; কিন্তু ছুয়েতেই এমন কতকটি কথা আছে যাহা আমি সম্পূর্ণরূপে অনুমোদন করি না।

২। কমিশ্যনের কয়েক জন মেম্বর ইদানীং কলিকাতায় না থাকা প্রযুক্ত বহুবিধ অসুবিধা সত্ত্বেও, শ্রীযুত কীল্ড সাহেব যে প্রকারে আমাদের অধিকাংশের মত যথাযথরূপে রিপোর্টে সন্নিবেশ করিয়াছেন এবং আমরা সকলে একত্র থাকিবার সময়ে যে যে সাধারণ সিদ্ধান্তে উপনীত হইয়াছিলাম তৎসমুদয় যে প্রকারে পাণ্ডুলেখ্যের ধারাগুলিতে ব্যক্ত করিয়াছেন, তজ্জন্য তিনি বিশেষ প্রশংসার যোগ্য। কার্য্য যে প্রকারে করা হইয়াছে, বোধ হয়, কেবল একজন মেম্বর শ্রীযুত বাবু মোহিনীমোহন রায়, তাহার দোষ ধরা উচিত বোধ করিয়াছেন। ইনি, আমাদের দুর্ভাগ্যবশতঃ, কমিশ্যনের চোয়াল্লিশ অধিবেশনের মধ্যে অর্দ্ধেকেরও কম অধিবেশনে উপস্থিত হইবার অবকাশ পান, কখনও উপস্থিত হইলেও অধিবেশনের শেষ পর্য্যন্ত প্রায় থাকিতে পারিতেন না, অনেকগুলি গুরুতর বিষয়ের বাদানুবাদ সময়ে উপস্থিত ছিলেনই না, এবং এক্ষণে যে কার্য্যের দোষ ধরিতেছেন সেই কার্য্য সম্পাদন সম্বন্ধে অন্য প্রত্যেক মেম্বর অপেক্ষা কম সাহায্য করিয়াছেন। ইহাতে আমি নিজে দুঃখিত আছি, কারণ ইনি আমাদিগকে যে কতকটি পরামর্শ দেন তাহা কাজের পরামর্শ ও তাহাতে তীক্ষ্ণবুদ্ধির পরিচয় পাওয়া যায়, এবং ইনি অনুপযুক্তরূপ মৌনাবলম্বন না করিয়া উদ্যোগ সহকারে পরামর্শ দিলে, তাঁহার সাহায্যে আমাদের অনেক উপকার হইতে পারিত।

৩। প্রধান লক্ষণগুলি ধরিলে, পাণ্ডুলেখ্যে যে মেম্বর সকলের সাধারণ সিদ্ধান্ত ব্যক্ত আছে, তাহার সন্দেহ নাই। তবে যে দুই জন ভদ্রলোক জমীদারদের বিশেষ প্রতিনিধিস্বরূপ ছিলেন, তাঁহারা, অর্থাৎ, বাবু প্যারীমোহন মুখোপাধ্যায় ও বাবু মোহিনীমোহন রায়, চিহ্নিত ব্যতিরেকস্থল। যে পাণ্ডুলিপিতে জমীদারদিগকে খাজানা আদায় ও বৃদ্ধি করিবার অপর্য্যাপ্ত সুবিধা করিয়া দেওয়া যায় ও অধীন প্রজাদের ও রায়তদের আইনমতে স্বীকৃত কতিপয় অধিকার যথাসাধ্য কমাইয়া দেওয়া যায়, কেবল সেই পাণ্ডুলিপিরই তাঁহাদের সম্পূর্ণ অনুমোদন পাইবার সম্ভাবনা, আমি এইরূপ আশঙ্কা করি। বিশেষতঃ বাবু প্যারীমোহন মুখোপাধ্যায় তালুকদারদিগকে বা চাষীদিগকে কোনরূপ অধিকার দানবিষয়ে বরাবর বিরোধী আছেন; এবং দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের উচ্চতম খাজানার হার ও দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তর-যোগ্যতা প্রভৃতি বিষয়ে ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিএশনের আপন পদানুযায়ী কার্য্যকরণকালে ব্যক্ত অপেক্ষাকৃত উদার মতও উড়াইয়া দেন। এই দুই জন ভদ্রলোকই আপন আপন মতভেদ-সূচক পত্রে "১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্ববর্ত্তি অবস্থা ধরিবার" বিরুদ্ধে যথাশক্তি আপত্তি করেন, যদি ইহাতে প্রজাদের কোন উপকার হইবার সম্ভাবনা হয়; কিন্তু উভয়েই ১০ অধ্যন ছাড়িয়া দিতে প্রস্তুত, যদি তাহাতে তাঁহাদের আপন শ্রেণীর কোন লাভ হইবার সম্ভাবনা থাকে। ইহার কিঞ্চিৎ প্রমাণস্বরূপ আমি নিম্নলিখিত পদদ্বয়, বৈলক্ষণ্য দেখাইবার নিমিত্ত, পাশাপাশি স্থাপন করিলাম :—

পাণ্ডুলেখ্যসম্বন্ধে শ্রীযুত বাবু মোহিনীমোহন রায়ের মন্তব্য হইতে উদ্ধৃত।

"পাণ্ডুলিখানি আমি সাকল্যে অনুমোদন করি না, এবং ইহাতে ভূমির স্বত্বসংক্রান্ত মূল ব্যবস্থাসম্বন্ধে যে অনেকগুলি গুরুতর পরিবর্ত্তন করিবার প্রস্তাব আছে, তাহা আমি অত্যন্ত দূষ্য জ্ঞান করি। আমি এইরূপ পরিবর্ত্তনের বিরুদ্ধে সর্ব্বদাই মত প্রকাশ করিয়াছি। ...এ-নিমিত্ত আমার মতে ১৮৬৯ সালের ১৯ আই-নের ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের নির্দ্দিষ্ট ভূম্যধিকারী ও প্রজাদের স্বত্বসম্বন্ধে আমাদের কোন গুরুতর পরিবর্ত্তন করা উচিত নহে।.....আমার বিবেচনায় ১০ আইনের পূর্ব্ববর্ত্তি অবস্থা ধরা উচিত নহে।"

কমিশ্যনের অষ্টাদশতম অধিবেশনের কার্য্যবিবরণ হইতে উদ্ধৃত।

"২০ বৎসর কোন রায়তের খাজানা পরি-বর্ত্তিত না হইয়া থাকিলে, উক্ত ভূমির খাজানা চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ভোগ হইয়া আসিতেছে, এই যে অনুমান হয় শ্রীযুত বাবু মোহিনীমোহন রায় তাহা পরি-বর্ত্তন করিবার প্রস্তাব করিলেন।

হাঁ	না
শ্রীযুত বাবু মোহিনী-মোহন রায়।	কমিশ্যনের অন্য ছয় জন মেম্বর।
শ্রীযুত বাবু প্যারী-মোহন মুখোপাধ্যায়।	

৪। এই ভিন্নমত মেম্বরেরা যে ভাবে এই বিষয়ে হস্তার্পণ করেন তাহার উল্লেখ করা উচিত জ্ঞান করিলেও, আমি এক মুহূর্ত্ত জন্য এমন বলিনা যে ইহাতে তাঁহাদের দোষাদোষ বিচার অসিদ্ধ বা তাঁহাদের মুক্তি অবজ্ঞেয় হইতেছে। তাঁহারা একটি কঠিন প্রশ্নের একপক্ষ সমর্থন করেন, এবং এরূপ করিতে তাঁহাদের অধিকার আছে। তাঁহারা আপনারা ভূম্যধিকারী হওয়াতে

বঙ্গদেশের জমীদারী স্বত্বের প্রকৃতি ও পরিমাণ সম্বন্ধীয় বড় বড় কথা বলিবেন, ইহা স্বাভাবিক বটে। ১৭৯৩ সালের আইনে "ভূস্বামী" ও "ভূমির মালিক" শব্দের প্রয়োগ লইয়া তাঁহারা অবশ্য অনেক ধুমধাম করিয়াছেন, এবং এরূপ করাও তাঁহাদের পক্ষে বিহিত বটে। তাঁহারা আপন দলের প্রধান অবলম্বনস্বরূপ শ্রীযুত সার বার্ণেস্ পীকক সাহেবকে দৃঢ়রূপে ও ন্যায্যতঃ ধরিয়া আছেন; এবং তাঁহাদের সৌভাগ্য যে বর্ত্তমান চীফ জষ্টিস সাহেব (এপর্য্যন্ত অপর পক্ষের যুক্তি না শুনিয়া) জমীদার-দলের মত গ্রহণ করিয়াছেন বলিয়া উল্লেখ করিতে পারেন। সুতরাং দেখা যাইতেছে যে তাঁহাদের বৃত্তান্তঘটিত মতসম্বন্ধে অনেক কথা বলিবার আছে, এবং উহা যে বলা হইবে না এমন কোন সম্ভাবনা নাই। বঙ্গদেশের ভূসংক্রান্ত ও সমৃদ্ধিশালী ব্যক্তিদের প্রতিপোষক ক্ষমতাশালী অনেক সংবাদপত্র আছে, এবং এখানে ও বিলাতে তাঁহাদের অনেক ক্ষমতাশালী বন্ধু আছে। তাঁহাদের মধ্যে অনেক সুন্দরপ্রকৃতি, অতিশয় বুদ্ধিমান ও অত্যন্ত পরোপকারী লোক আছেন। রাজকর্ম্মচারীরা তাঁহাদিগকে অনুগ্রহ করিতে ভাল বাসেন ও তাঁহাদের সহিত মৈত্রসম্বন্ধ রাখা সুখকর বোধ করেন। সম্পত্তিসংক্রান্ত পাশ্চাত্য জ্ঞান ও ব্রিটনদ্বীপের ভূম্যধিকারী ও প্রজাসম্বন্ধ হইতে যে প্রত্যেক সংস্কারের উৎপত্তি হয় তাহা সম্পূর্ণরূপে তাঁহাদের পক্ষে। কেবল বহুবিধ পুরাতন কাগজপত্র, পুরাতন আইন ও পুরাতন গ্রন্থের অনেক নীরস অংশ অধ্যয়ন করিয়া, এবং এই প্রদেশের গ্রাম্য বন্দোবস্তের কতকগুলি অসঙ্গত প্রতীয়মান ব্যবস্থাবশেষ নিবিষ্টচিত্তে ও সূক্ষ্মানুসূক্ষ্মরূপে পরীক্ষা করিয়া, কেহ জানিতে পারে যে এই চিরস্থায়ীবন্দোবস্তী বঙ্গদেশেও ভূমিসংক্রান্ত প্রশ্নের এমন অন্যতর পক্ষ আছে, যাহা জমীদারদের বর্ণনায় দৃষ্ট হয় না; আধুনিক ব্যবস্থাদ্বারা যাহার অনুমানানুরূপ ব্যত্যয় হয় নাই; যাহাতে বহুসংখ্যক বঙ্গীয় কৃষকদের স্বার্থ আছে; এবং যাহা ইদানীন্তন কএক বৎসরের ঘটনানিবন্ধন একবার পাকাপাকি করিয়া সুপ্রকাশরূপে গবর্ণমেণ্টের ও ব্যবস্থাপকদিগের বিবেচনাগোচরে আনা আবশ্যক হইয়াছে।

৫। যে যে কারণে আমি নিজে এই মত অবলম্বন করিতে বাধ্য হইয়াছি, যে বঙ্গদেশে ব্যবস্থাগত ও কার্য্যতঃ জীবন্ত প্রজাস্বত্ব আছে, তাহার বিস্তারিত বিবরণ আমি এস্থলে দিতে পারি না। কৃষকের এই স্বত্বদ্বারা জমীদারের মালিকীস্বত্ব সীমাবদ্ধ ও নিয়মিত, এবং অবিবেচনাজনিত ব্যবস্থাদ্বারা ইহার বিশেষ হানি হইয়া থাকিলেও ইহা এখনও একেবারে বিনষ্ট হয় নাই। ঐ সকল কারণের মধ্যে কতকগুলি কমিশানের কার্য্যবিবরণে, বিশেষতঃ শ্রীযুত ওকিনেলী সাহেবের ঐতিহাসিক মন্তব্য লিপিতে, দৃষ্ট হইবে। কমিশান অধিকাংশ মেম্বরের অভিমতিতে কার্য্যতঃ সেই সাধারণ মত অবলম্বন করিয়াছেন; কিন্তু এই বিষয়ের মীমাংসা নিমিত্ত আমি যে সহজ উপায় অবলম্বন করিবার পরামর্শ দিয়াছিলাম, তাহা অবলম্বন করিবার পথ দেখিতে পান নাই। এ নিমিত্ত আমি অতি সংক্ষেপে আর একবার আমার যাহা বক্তব্য বলিতে চাই, এবং জমীদারেরা সুবোধ হইলে যাহা দিতে চাহিতেন ইহাতে তদতিরিক্ত কিছুই নাই দেখাইতে চাই।

৬। আমি প্রথমেই বলিতেছি যে ১৮৫৯ সালের ১০ আইনের প্রতি আমার নিজের বিশেষ শ্রদ্ধা নাই। ইহার পূর্ব্বে যে সকল চিঠিপত্র চলে, এবং ইহা বিধিবদ্ধ হইবার সময়ে যে সকল বাদানুবাদ হয়, আমি সমুদয় পড়িয়াছি, এবং আমার বোধ হয় যে এমন প্রয়োজনীয় কোন ব্যবস্থাসম্বন্ধে এত অসম্পূর্ণ বিবেচনা ও বাদানুবাদ কখনও হয় নাই। বস্তুতঃ তৎকালে খাজানা আদায়ের সরাসরী কার্য্যপ্রণালী ও ক্রোকপ্রণালী প্রচলিত থাকাতে যে যে দোষের উৎপত্তি হইয়াছে বলিয়া স্বীকৃত হইত, প্রধানতঃ সেই সেই দোষ নিবারণার্থে উক্ত আইন কল্পিত; এবং মূল ব্যবস্থাগত যে যে বিধান উহার মধ্যে সন্নিবিষ্ট হইয়াছিল সে সমুদয় প্রায় দৈবাৎ সংগৃহীত। তৎসংক্রান্ত যে রাশি রাশি বিবরণ গবর্ণমেণ্টের মহাফেজখানায় পড়িয়াছিল, এবং পূর্ব্বকালীন যে বহুসংখ্যক বাদানুবাদ ও প্রস্তাব ক্রমে বিস্মৃতির গর্ভে পতিত হইতে দেওয়া হয়, সেই সকলের প্রতি কোন দৃষ্টি করা হয় নাই। লিখিবার সময়ে আমার সম্মুখে মূল কাগজপত্র রহিয়াছে, এবং রায়তদের স্বত্বসংক্রান্ত ভূতপূর্ব্ব বাদানুবাদসম্বন্ধে, এই সকল স্বত্ব রক্ষণার্থ কোর্ট অব্ ডিরেক্টরের ভূতপূর্ব্ব আজ্ঞাসম্বন্ধে, এবং জমীদারদের কর্ত্তৃক "অবিহিত স্বত্বাক্রমণ" বিষয়ক কালেক্টরদের ভূতপূর্ব্ব বর্ণনা সম্বন্ধে, এত কম কথা জানা ছিল, দেখিলে বিস্ময়াপন্ন হইতে হয়। উক্ত আইনের পাণ্ডুলিপিসম্বন্ধীয় রিপোর্টের মধ্যে প্রায় যেটিতে কেবল বঙ্গদেশের গ্রাম্য সমাজের ব্যবস্থাগত ইতিবৃত্তের কিঞ্চিৎ প্রকৃত জ্ঞান দৃষ্ট হইল, সেটি ইহার সঙ্গে সংযোগ করিয়া দিলাম। এটি শ্রীযুক্ত এ, স্কোল্স সাহেবের মিনিট, যদিও স্কোল্স সাহেবও বাসেন্দা রায়তের অবস্থাগত প্রকৃত বল সম্পূর্ণরূপে অবগত ছিলেন না। পাণ্ডুলিপির ভারপ্রাপ্ত মেম্বর শ্রীযুক্ত কর্ি সাহেবের উপদেশার্থে লেপ্টেনেণ্ট গবর্ণর শ্রীযুক্ত এফ, এম, হ্যালিডে সাহেব যে মন্তব্যপত্র লিপিবদ্ধ করেন, তাহাও এই সঙ্গে দিলাম। ১৮৫৯ সালে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা চিরস্থায়ী খাজানার হার প্রাপ্ত হইবার কত নিকটে পৌঁছিয়াছিল, এবং দৃশ্যতঃ উক্ত রায়তদের সাধারণ ভাবে খাজানা বৃদ্ধির উত্তেজনা করিবার কত অল্প অভিপ্রায় ছিল, দেখিলে আশ্চর্য্য বোধ হয়। ইহাও কম আশ্চর্য্যের বিষয় নহে যে ১০ আইনসম্বন্ধীয় সিলেক্ট কমিটী, বঙ্গদেশের সহিত যাহার কোন সংস্রব ছিল না, উত্তর-পশ্চিম প্রদেশের রেবিনিউ বোর্ডের এমন এক সরকুলরের ভ্রান্তিমূলক অর্থ করিয়া দখলীস্বত্ব-

সম্বন্ধে বার বৎসরের নিয়ম অবলম্বন করিবার প্রধান প্রবৃত্তি পাম, ইহা কাগজপত্র পড়িয়া জানা যায়। পাণ্ডুলিপি যখন উপস্থিত করা যায়, তাহাতে ইহা স্বীকৃত ব্যবস্থা বলিয়া নির্দ্দিষ্ট ছিল যে, প্রত্যেক বাসেন্দা রায়তের দখলীস্বত্ব আছে, এবং যে ভূমি পূর্ব্বে তাহাদের দখলে ছিলনা ও যাহার নিমিত্ত তাহাদের লিখিত পাট্টা নাই বাসেন্দা রায়তেরা তাহাও তিন বৎসর চাষ করিলে তাহাদের দখলীস্বত্ব জন্মে। আইন যখন বিধিবদ্ধ হয়, উহাতে বাস্তবিক প্রধানতঃ উক্ত ভ্রান্তি-হেতুক ঐ ব্যবস্থা নির্দ্দেশ করা হইল না।

৭। ১০ আইন প্রণয়নের আভ্যন্তরিক ইতিবৃত্ত যখন এইরূপ, তখন ব্যবস্থাসম্বন্ধীয় এক প্রকার আপ্তবাক্যস্বরূপ ইহার উল্লেখ করা, এবং ইহার পরিবর্দ্ধন ও পরিবর্ত্তনের কথা সনাতন ধর্ম্ম ত্যাগ ও দেবস্থাপহরণের ন্যায় গণনা করাই আমার চক্ষে অসঙ্গত বলিয়া লাগে। যদি দেখাইতে পারা যায় যে এই আইনে যে সকল প্রশ্নসম্বন্ধে বিধান আছে, এতদ্দ্বারা তাহার সন্তোষজনক মীমাংসা হয় নাই, তবে আমি বলি যে অন্য অসম্পূর্ণ ব্যবস্থার ন্যায় ইহার সংশোধন হউক। ইহা অবলম্বন করিয়া আদালতে যে রাশি রাশি বিরোধী নিষ্পত্তি হইয়াছে, তাহাতেই প্রমাণ হইতেছে যে এই আইনটী অসম্পূর্ণ। এতদ্দ্বারা কোথাও ভূম্যধিকারী ও প্রজার স্বত্বের মীমাংসা হইয়াছে বলিলে সত্যের অপলাপ করা হয়। ইহাতে নিশ্চয় জমীদারদের সন্তোষ জন্মে নাই, তাঁহারা আপন স্বার্থানুরোধে ইহার সংশোধন নিমিত্ত উচ্চৈঃস্বরে প্রার্থনা করিতেছিলেন, এবং ইহার বিধানক্রমে তাঁহারা প্রথমে আইনমতে যে পদ প্রাপ্ত হইয়াছেন, যখন কেবল তাহা হারাইবার আশঙ্কা হয়, তখনই প্রজাদের সহিত আপনাদের সম্বন্ধের চূড়ান্তমীমাংসাস্বরূপ এই আইনের দোহাই দেন। তাঁহারা আমাদিগকে বারম্বার বলিয়াছেন যে আইন যেরূপ আছে, তাহাতে তাঁহারা খাজানা আদায় করিতে বা বৃদ্ধি করিতে পারেন না; এবং গবর্ণমেণ্ট কেবল এই এই বিষয়ের প্রতি দৃষ্টি রাখিলে, আইনটি রদ হইয়া যায় দেখিতে তাঁহাদের বিলক্ষণ ইচ্ছা আছে। তবে এই এই বিষয়-সম্বন্ধে আইন সংশোধন করা সর্ব্বথা আমাদের উচিত হইতেছে; কিন্তু যখন আমরা ভূম্যধিকারী-দের স্বার্থানুরোধে ভূম্যধিকারী ও প্রজার বর্ত্তমানসম্বন্ধ বস্তুগত্যা বিচলিত করিতেছি, উভয় পক্ষের ন্যায়ানুগত সম্বন্ধ সংরক্ষা বা পুনঃসংস্থাপন নিমিত্ত অন্য কিছুর প্রয়োজন আছে কি না আমাদের নিশ্চয়ই দেখা উচিত। ১৮৫৯ সালের ব্যবস্থাদ্বারা যেরূপ জমীদারদের স্বত্বের সঙ্কোচ ঘটে, সেইরূপ রায়তদেরও কোন হানি হইয়াছে কি না, এ বিষয়ের অনুসন্ধান করিতে আমার বিবেচনায় কমিশ্যনের মেম্বরেরা বাধ্য ছিলেন।

৮। আমার এ বিষয়ে কোন সন্দেহ নাই যে অতি প্রাচীন কালাবধি ইহাই ভারতবর্ষীয় ভূমিসংক্রান্ত ব্যবস্থার স্বতঃসিদ্ধ বিধি বলিয়া পরিগণিত হইল যে প্রত্যেক বাসেন্দা কৃষক যে পর্য্যন্ত ভূমিসংক্রান্ত করের নির্দ্দিষ্ট অংশ রাজাকে কিম্বা (বঙ্গদেশে) চুক্তিমতে রাজার প্রতিনিধিস্বরূপ জমীদারকে দিত, সে পর্য্যন্ত সে যে ভূমি চাষ করিত সেই ভূমি নির্ব্বিবাদে দখলে রাখিবার অধিকারী ছিল। এই স্বত্ব কৃষকদের স্বভাবতঃ ছিল, এবং ইহা কোনরূপে সদর মালগুজার-স্বরূপ জমীদার হইতে উদ্ভূত নহে। ভূমির নির্দ্দিষ্ট কর না দেওয়া ভিন্ন অন্য কোন কারণে উচ্ছেদ আমি এতদ্দেশীয় লোকের মনোগত ভাবের ও তাহাদের ব্যবস্থা ও দেশাচারের সমুদয় ভাবগতিকের বিরুদ্ধ বলিয়া বিবেচনা করি। আমি বলি যে বঙ্গদেশে প্রত্যেক বাসেন্দা রায়তের আপন ভোগে দখলীস্বত্ব ছিল; এবং যে প্রত্যেক কৃষক গ্রাম্যসমাজভুক্ত হইয়া চাষ করিবার নিমিত্ত কায়েম বসবাস করিত, সে তাহাতেই বাসেন্দা রায়ত হইত। আমার মত এই যে, বাসেন্দা রায়ত বলিয়া স্বীকৃত হইলে তাঁহার বাসগ্রামের উপর যে রাজস্ব ধরা যাইত, নির্দ্দিষ্ট স্থানীয় হারে তাঁহার সেই রাজস্বের অংশ দিতে হইত, অন্য কোন উচ্চতর হারে নহে। আমার বিশ্বাস এই যে এই নিয়ম পরিবর্ত্তন করিতে অথবা রায়তবিশেষের খাজানার হার বা সাধারণ স্থানীয় হার ইচ্ছামতে বৃদ্ধি করিবার ক্ষমতা জমীদারদিগকে দিতে ১৭৯৩ সালের ব্যবস্থাপকগণের অভিপ্রায় ছিল না, এবং আমি ইহা প্রায় নিশ্চিত বলিয়া বিবেচনা করি যে আমাদের ব্যবস্থাধীনে প্রথমে সামান্য ভূম্যধিকারীদের দেশাচারানুগত প্রচলিত হার পরিবর্ত্তন করিবার কোনরূপ বৈধ ক্ষমতা ছিল না। কিন্তু আমি স্বীকার করি যে বস্তুতঃ সামান্য ভূম্যধি-কারীরা নীলামখরিদারদের অনুকূলে প্রণীত ও সরকারীরাজস্ব রক্ষণার্থে কল্পিত বিশেষ বিধির লাভ পাইয়া অবিচলিত ভাবে আদালতের অনুমোদন সহকারে (কিন্তু অল্পদিন পূর্ব্ব পর্য্যন্ত ব্যবস্থাপকগণের অনুমোদন বিনা) ইচ্ছামত খাজানা বৃদ্ধি করেন, এবং এক্ষণে ন্যায়তঃ তাঁহাদের এই স্বত্ব অস্বীকার করা যায় না। অন্য দিকে আবার আমি বিবেচনা করি যে রায়তের পদ ন্যায়তঃ একেবারে বিনষ্ট করা যাইতে পারে না। তাহার প্রাচীন স্বত্বের বলে, এবং ঐ স্বত্ব রক্ষাকরণার্থ হোম্ গবর্ণমেণ্টের পুনঃ-পুনঃ-প্রদত্ত আজ্ঞার বলে, সে ইচ্ছামত উচ্ছেদ হইতে রক্ষা পাইবার অধিকারী; সে এরূপ দাওয়া করিবার অধিকারী যে তাহার খাজানার হার নিকটবর্ত্তী স্থানের প্রচলিত বা আইনমতে স্থাপিত হারই হয়; এবং ১৭৯৩ সালের গবর্ণমেণ্টের অভিপ্রায় অনুসারে সে এরূপ উপকার পাইবার অধিকারী, যে তাহার ভোগ হইতে কেবল ভরণপোষণ নহে, যুক্তিমত লভ্যও পাইতে পারে। যদি ১০ আইন কোন অংশে এই সকল স্বত্বসঞ্চয়ে সহায়তা করিতে না পারে, তবে আমি বলি যে উক্ত উদ্দেশ্য সাধনজন্য রায়তও আপন পক্ষ হইতে উক্ত আইন সংশোধন হইবার ন্যায়ানুগত দাওয়া করিতে পারে।

৯। বুদ্ধিমান জমীদার এইমাত্র চাহেন যে সহজে খাজানা পাইতে পারেন, এবং দেশীয় শস্যের মূল্যবৃদ্ধিজনিত লভ্যের অংশ পাইতে পারেন। যদি তাঁহার এমন সঙ্গতিপন্ন কায়েম প্রজা থাকে, যাহারা মাঝে মাঝে দুর্ব্বৎসর হইলেও তাহার চাপ সহ্য করিতে পারে, তবে তাঁহারই সম্পূর্ণ সুবিধা। তাঁহার খাজানা আদায়ের উপযুক্ত সুবিধা থাকিলে ইচ্ছামতে রায়তদিগকে উচ্ছেদ করিবার স্বত্বের দাওয়া করণার্থ তাঁহার কোন ন্যায্য কারণ থাকিতে পারে না। তিনি ইচ্ছাপূর্ব্বক প্রত্যেক সঙ্গতিপন্ন রায়তের দখল করিবার স্বত্ব স্বীকার করিবেন। তবে কিরূপে আমরা সঙ্গতিপন্ন রায়ত সংগ্রহ করিব? আইনমত প্রাপ্য যাহা এক্ষণে খাজানা হইয়া দাঁড়াইয়াছে, তাহা সঙ্কোচ করাই একমাত্র উপায়। যদি ইহা একবার স্বীকৃত হয় যে রায়তের ষোতে তাঁহার লাভজনক স্বার্থ আছে, কৃষিসংক্রান্ত সমৃদ্ধির মূলপত্তন হইল, জ্ঞান করা যাইতে পারে। এক্ষণে জমীদারেরা এই বলিয়া দুঃখ করেন, যে ১০ আইনে তাঁহাদের যে সকল সুবিধা করিয়া দেওয়া হইয়াছে, তাহা সত্ত্বেও তাঁহারা খাজানা বৃদ্ধি করিতে পারেন না। শস্যের মূল্য উপলক্ষে তাঁহাদের খাজানা বৃদ্ধি করিবার স্বত্ব ঐ আইনেই প্রথমতঃ নির্দ্দিষ্টরূপে স্বীকৃত হইয়াছে। রায়তের লাভজনক স্বার্থ তাঁহারা একেবারে চিরকালের নিমিত্ত স্বীকার করিয়া লইতে সম্মত না হইলে, এখনও তাঁহাদের পথে যে সকল কণ্টক আছে আমি নিজে তাহা দূর করিতে চাহি না। যদি তাঁহারা আপনাদের বর্ত্তমান অবস্থার উন্নতি করিতে চাহেন, তবে আমি বলি যে দেশের সাধারণ উন্নতি সাধনার্থ যে যে যুক্তিসিদ্ধ ব্যবস্থার প্রয়োজন, তাহাতে তাঁহাদের সম্মত হইতে হইবে। এক্ষণে তাঁহাদের যে আয় আছে, আমি তাহা কাড়িয়া লইতে চাহি না; কিন্তু কৃষকদের স্বত্ব স্বীকার ও পুনঃসংস্থাপন-কার্য্যে তাঁহারা সাহায্য করিতে প্রস্তুত না হইলে আমি তাঁহাদের আয়বৃদ্ধি করিবার উপায় প্রস্তুত করিয়া দিতে চাহি না। জমীদার ও কৃষক উভয়েই অর্থ-বিশেষে মালিক, এবং একজন অন্য জনের স্বত্ব মানা করিবেন।

১০। ভারতবর্ষীয় ভূমিসংক্রান্ত আইনের কল্পনায় (যদিও দুর্ভাগ্যক্রমে কার্য্যে নহে) যেরূপ সঙ্গতিপন্ন কৃষকদলের দিকে সর্ব্বদাই টান দেখা যায়, সেইরূপ সঙ্গতিপন্ন কৃষকদলের সংরক্ষণ ও প্রয়োজন হইলে সৃষ্টি, আমার বিবেচনায়, দুর্ভিক্ষ নিবারণের একমাত্র প্রকৃত উপায়। এই উদ্দেশ্য সাধনার্থ আমার ইচ্ছা এই যে গবর্ণমেণ্ট খাজানার হার নির্দ্ধারণকার্য্য আপন হস্তে গ্রহণ করেন। আমি আবার বলিতেছি যে, এক্ষণে জমীদারদের যে কোন লভ্য আছে তাহা কাড়িয়া লওয়া আমার ইচ্ছা নহে। তবে যে কোন স্থলে ঐ লভ্য স্পষ্টই অত্যন্ত অধিক, যথা যেস্থলে ভূম্যধিকারী সকল দায় রায়তের স্কন্ধে ফেলিয়া আপনি মোট উৎপন্নের অর্দ্ধেকের অধিক গ্রহণ করেন, সেস্থলে স্বতন্ত্র কথা। কিন্তু আমার অভিপ্রায় এই যে রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষেরা পূর্ব্বের ন্যায় ভবিষ্যতে লভ্য বণ্টন করিয়া দেন; এবং বাসেন্দা কৃষকদিগের উপর উপরিস্থ কেহ ইচ্ছামতে কোনরূপ হস্তক্ষেপ করিতে না পারে।

১১। এই অভিপ্রায়ে আমি কমিশ্যানের নিকট প্রস্তাব করি যে, কোন রায়ত ক্রমান্বয়ে তিন বৎসর কোন গ্রামের ভূমি চাস করিয়া থাকিলে, রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষেরা যে হার স্থির করিয়া দেন, সেই হারে ঐ রায়তের দখল করিবার স্বত্ব স্বীকৃত হউক। দেশের অবস্থা পরিবর্ত্তন এবং জরীপ অনুযায়ী গ্রামের যথেচ্ছ চৌহদ্দী হওয়াতে, যাহাদিগকে প্রাচীন বাসেন্দা রায়তের তুল্য বলিয়া যুক্তিমতে ধরা যায়, সেইরূপ রায়ত হইবার অভিপ্রায়ের উপযুক্ত প্রমাণস্বরূপ আমি তিন বৎসরকাল ধরিয়াছিলাম। শ্রীযুত ওকিনিলী সাহেব, শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার শীল এবং অনেকদূর শ্রীযুত হ্যারিসন্ সাহেব আমার সহিত একমত হন। দুর্ভাগ্যক্রমে শ্রীযুত ড্যাম্পিয়র সাহেব ও ফীলড সাহেব "১০ আইন সমর্থন করা" প্রয়োজনীয় জ্ঞান করিয়া এই প্রস্তাবে সম্মত হইলেন না, যদিও আমার বিশ্বাস এই যে, এ আপত্তি ছাড়া, শ্রীযুত ড্যাম্পিয়র সাহেব এই প্রস্তাবের অনুকূল ছিলেন। এই প্রস্তাব যদি গ্রাহ্য হইত, তবে তিন বৎসরের অধিকারবিশিষ্ট রায়তদের উচ্ছেদ হইলে ক্ষতিপূরণের যে সকল জটিল প্রস্তাব শ্রীযুত হ্যারিসন্ সাহেব উপস্থিত করেন এবং যেগুলি পাণ্ডুলিপির ৪ অধ্যায়ে সন্নিবেশিত হইয়াছে, তৎসমুদয়ের প্রয়োজন হইত না।

১২। আমার এইরূপ মত হওয়াতে, আমি পাণ্ডুলিপির ২০ ধারার (ঙ) প্রকরণের বিধানে সন্তুষ্ট নহি। উক্ত বিধান এই, ভূম্যধিকারির সহিত রায়তের এরূপ চুক্তি হইতে পারে যে উভয়ের মধ্যে যে কোন নিয়ম হয় রায়ত তাহা ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে। আমি ১৯ ধারার ৪ ব্যাখ্যার (জ) প্রকরণও আমার ভাল লাগে না; উহাতে ভূম্যধিকারির প্রতি এই ক্ষমতা দেওয়া হইয়াছে যে তিনি নূতন প্রজার সহিত এই চুক্তি করিতে পারিবেন যে তাহার দখলীস্বত্ব জন্মিবে না। আমি বলি যে সাধারণের হিতার্থে পূর্ব্বোক্ত দখলীস্বত্ব ব্যতিরেকস্থল না হইয়া সাধারণবিধি হওয়া উচিত; এবং সাধারণ রাজনীতিমূলক কোন বিধি ব্যক্তিবিশেষের চুক্তিদ্বারা ব্যর্থ করিতে দেওয়া আমার অভিপ্রায় নহে। ঐ চুক্তির এক পক্ষের অর্থাৎ রায়তের সর্ব্বদাই অতিরিক্ত অসুবিধা হইবার কথা, এবং স্বাধীন থাকিলে, সে নিঃসন্দেহ যে যে নিয়মে বদ্ধ হইতে অস্বীকার করিত, সেই সেই নিয়মে স্বাক্ষর করিতে বাধ্য হইতে পারে। আমি আরো দেখিতে পাইতেছি যে বিলাতের ইকুইটি আদালতে যেস্থলে ক্ষতিপূরণের টাকা দিলে ন্যায় বিচার হইতে পারে সেই স্থলে উচ্ছেদসংক্রান্ত নিয়ম প্রবল করিতে অস্বীকার করা হয়।

১৩। পাণ্ডুলিপির আর একটি কথাসম্বন্ধে অর্থাৎ ৪৫ ধারার শেষ প্রকরণসম্বন্ধে আমার আপত্তি আছে। যদি দেওয়ানী আদালতসমূহ অর্থতত্ত্ব-ঘটিত বিষয়ের বিচার করিতে অক্ষম বলিয়া তাহাদের হস্তক্ষেপ ব্যতিরেকে গবর্ণমেণ্ট আপন রাজস্ববিষয়ক কার্য্যকারকদের দ্বারা জমীদারদিগের প্রাপ্য খাজানা এক্ষণে নির্দ্ধার্য্য করিতে আরম্ভ করেন, তবে আপন রাজস্ব-নির্দ্ধারণ-কার্য্যসম্বন্ধে নিশ্চয়ই গবর্ণমেণ্টের স্বাধীনতা থাকা উচিত। অতি প্রাচীন কালাবধি যাবৎ আদালতসমূহ ১০ আইনের অশ্রুতপূর্ব্ব অর্থ না করিয়াছিলেন, তাবৎ গবর্ণমেণ্ট আপন রাজস্ব আপনি নির্দ্ধারণ করিতেন। জমীদার অপেক্ষা লঘুকর নির্দ্ধারণে গবর্ণমেণ্টের অধিকতর স্বার্থ আছে। আমি স্বীকার করি যে গবর্ণমেণ্ট অতীতকালে সর্ব্বদা ইহা বুঝিতে পারেন নাই। কিন্তু রাজপুরুষদের মনে এই সম্বন্ধে অনেক পরিবর্ত্তন ঘটিতেছে; সে যাহা হউক, এরূপ স্থলে উপযুক্ত সংশোধক কর্ত্তৃপক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, দেওয়ানী আদালত নহে। যদি আবশ্যক হয়, রাজস্ববিষয়ক কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ শক্ত ও সুবিবেচিত বন্দোবস্তী আইন প্রণয়ন কর; তাহা হইলে ১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইনমতে আমাদের যেমন কেবল দেওয়ানী আদালতের পার্শ্বে পার্শ্বে ঘুরিয়া কার্য্য করিতে হয়, তাহা না করিয়া দেওয়ানী আদালতদিগকে একেবারে একদিকে রাখিতে পারিব।

১৪। ১৫ অধ্যায়সম্বন্ধে শ্রীযুত ডাম্পিয়র সাহেব যে যে কথা বলিয়াছেন, আমি সাধারণতঃ তাহাতে সম্মতি দিতে প্রস্তুত আছি। যদি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষেরা স্থানবিশেষের ভিন্ন ভিন্ন শ্রেণীর ভূমির নিমিত্ত স্বীকৃত হার নির্দ্দেশ করেন, এবং বিবাদস্থলে ভূম্যধিকারী ও আদালতসমূহ ঐ সকল হার গ্রাহ্য করিতে বাধ্য হন, তবে যাহা কিছু আবশ্যক তাহা প্রায়ই সম্পন্ন হইবে। কার্য্যতঃ পুরাতন পরগণা নিরিখ পুনঃসংস্থাপিত হইবে। ঐ নিরিখ শীঘ্রই সর্ব্বত্রব্যাপী ও গ্রাহ্য হইবে।

১৫। কোর্পাবিলিসম্বন্ধীয় প্রশ্ন অত্যন্ত কঠিন। পাণ্ডুলেখ্যে উহার যে মীমাংসা প্রদত্ত হইয়াছে ও ভূমির পরিমাণ ধরিয়া তালুকে ও মোতে যথেচ্ছাক্রমে যে প্রভেদ করা হইয়াছে, তাহা কতদূর গ্রাহ্য হইবার ও তদনুসারে কতদূর সহজে কার্য্য হইবার সম্ভাবনা, তদ্বিষয়ে নিশ্চয় করিয়া আমি কিছুই বলিতে পারি না। কিন্তু এই প্রণালী বিবেচনা করিয়া দেখিবার যোগ্য। কমিশ্যানের কার্য্যবিবরণগত মন্তব্যলিপিতে এ বিষয়ে আমার যাহা কিছু বলিবার প্রয়োজন, বলিয়াছি। আমি এস্থলে কেবল এই কথা বলিতে চাই যে, যে রায়তদের দখলীস্বত্ব নাই তাহাদের খাজানার আইনমত অত্যুচ্চ হার নির্দ্ধারণ করিয়া দিলে, আমার বিবেচনায় তাহা এদেশের গ্রাম্য বন্দোবস্তের মধ্যে পরিণামে স্থান পাইত, এবং অত্যধিক কোর্পাবিলি সম্বন্ধে আস্তে আস্তে সফলরূপ বাধা হইয়া দাঁড়াইত। মোট উৎপন্ন ধরিয়া এইরূপ আইনমত অত্যুচ্চ হার নির্দ্ধারণ করিবার মতের বিরুদ্ধে যে সকল আপত্তি হইতে পারে, আমি তৎসমুদয় বেশ জানি; কিন্তু ইহা ভাবিয়া দেখা উচিত, যে মনুর সময় হইতে এই মত ভারতবর্ষবাসিদের পরিচিত, এবং ইহার প্রয়োগঘটিত অসাম্যে তাহারা অসন্তুষ্ট নহে। করবিষয়ে চিরকালই অসাম্যে থাকিবে, এবং আমাদের ইহা স্মরণ রাখা উচিত, যে আমরা প্রকৃত প্রস্তাবে যাহার মীমাংসা চেষ্টা করিতেছি, তাহা আদৌ খাজানা নহে, ভূমিসংক্রান্ত কর।

১৬। আমার ইহা বলা প্রায় নিষ্প্রয়োজন, যে কমিশ্যানের অধিকাংশ মেম্বরদের সহিত আমি শ্রীযুত বাবু প্যারীমোহন মুখোপাধ্যায়ের খাজানা-বৃদ্ধি-বিষয়ক মতের প্রতিবাদ করি। উহাতে কার্য্যতঃ এই দাঁড়ায় যে, যখন কোন জিলায় একজন অত্যাচারী ও মোকদ্দমা-প্রিয় জমীদার মাসিক কিস্তির নিমিত্ত রায়তদের নামে নালিশ করিয়া ও অন্যান্য বিরক্তিকর উপায়ে তাহাদের স্বত্ব ধ্বংস করিয়া তাহাদিগকে অত্যধিক খাজানা দিতে বাধ্য করেন, ঐ খাজানা যুক্তিমত অত্যুচ্চ খাজানা অপেক্ষা অনেক অধিক হইলেও উহা ভবিষ্যৎ খাজানা-বৃদ্ধির পক্ষে নূতন সোপান বলিয়া গণ্য হইবে। আইনে যখন দিয়াছে, তখন উক্তরূপ প্রত্যেক জমীদার সর্ব্বথা আপনাদের বর্ত্তমান লভ্য ভোগ করুন, এবং যেরূপ পারেন, আপন মনকে প্রবোধ দিউন; কিন্তু তাঁহার এরূপ আশা করা উচিত নয়, যে গবর্ণমেণ্ট কিম্বা ব্যবস্থাপকগণ তাঁহার দুর্ভাগ্য প্রজাদের সর্ব্বনাশ সাধন করিতে সাহায্য করিবেন।

১৭। আমি পূর্ব্বমতের ন্যায় তাঁহার এ মতেরও প্রত্যাখ্যান করি, যে দখলীস্বত্ববিশিষ্ট যোতহস্তান্তর যোগ্য করা গেলে জমীদারদিগকে "তাঁহাদের স্বত্বের এই নূতন লঙ্ঘন নিমিত্ত ক্ষতিপূরণ" দেওয়া উচিত। যদি এইরূপ অসঙ্গত দাওয়ানিবন্ধন বঙ্গদেশের জমীদারী স্বত্ব বস্তুতঃ কি ইহার অধিকতর ব্যাপক ও সূক্ষ্ম অনুসন্ধান হয়, তবে ইহাতে কিঞ্চিৎ উপকার হইতে পারে, যদিও উহা সম্পূর্ণরূপে শ্রীযুত বাবু প্যারীমোহন মুখোপাধ্যায়ের কল্পিত প্রণালীতে না হইবারই সম্ভাবনা।

১৮। তাঁহার ও শ্রীযুত বাবু মোহিনীমোহন রায়ের মন্তব্যলিপির অন্যান্য কথার যথেষ্ট উত্তর আমার বিবেচনায় কমিশ্যনের রিপোর্টেই আছে।

দার্জ্জিলিঙ্গ,
১৮৮০ সাল, ২৩ মে।

এ, মাকেঞ্জি।

A. চিহ্নিত পরিশিষ্ট।

"ফোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বাঙ্গালা দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার" আইনের পাণ্ডুলিপিসম্বন্ধে শ্রীযুক্ত এ, ষোল সাহেবের ১৮৫৮ সালের ১৯এ মে তারিখের মিনিট।

আমি বিবেচনা করি যে, এই পাণ্ডুলিপির ৩ ও তাহার পরবর্ত্তী ধারাগুলিতে বিচার করিয়া বিধিবদ্ধ করিবার নিমিত্ত যে বিষয়ের প্রস্তাব হইয়াছে, ব্যবস্থাপকগণের বিবেচনা নিমিত্ত তদপেক্ষা গুরুতর বিষয় কখনও উপস্থিত হয় নাই, বা (আমি বলি) হইতে পারে না। ১৭৯৩ সালের ১৭ (১) আইনের ৮ ধারার ১ প্রকরণে গবর্ণমেণ্ট অঙ্গীকার করেন যে, যে সকল শ্রেণীর লোক আপনাদের অবস্থাগুণে সর্ব্বাপেক্ষা সহায়হীন তাহাদিগকে রক্ষা করিবেন এবং রায়তদের ও অন্য চাষীদের রক্ষা ও মঙ্গল নিমিত্ত যে যে আইনের প্রয়োজন তাহা বিধিবদ্ধ করিবেন। উক্ত ধারাগুলিতে এই অঙ্গীকার পালনের প্রথম মহতী চেষ্টা দৃষ্ট হইতেছে।

এই বিষয় সম্বন্ধে যে ব্যবস্থার প্রস্তাব হইয়াছে, তাহা স্বভাবতঃই দুই প্রধান ভাগে বিভক্ত হইতেছে; প্রথম, রায়তের দখলের আইনমত প্রকৃতি বা স্বত্ব, ও দ্বিতীয়, তাহার যে খাজানা ধরা যাইতে পারে।

পাণ্ডুলিপির ৩ ও ৪ ধারায় রায়তের দখলের প্রকৃতি ভিন্ন ভিন্ন নামে বর্ণিত হইয়াছে। আমরা পুরুষানুক্রমিক রায়ত, বাসেন্দা রায়ত, ও অন্য রায়তদের উল্লেখ করিয়াছি। আমি ইহা জানি না এমন নয় যে রায়তের দখলের প্রকৃতি এক অর্থে তাহার দেয় খাজানা বা খাজানার হার দ্বারা অনেক পরিমাণে নিরূপিত হয়; কিন্তু আমরা সকলেই দখলসংক্রান্ত চিরস্থায়ী ও কিয়ৎ-কালীন স্বত্বের বৃহৎ প্রভেদ অবগত আছি; এবং আমাদের ভাষায় কি বুঝায় ইহা স্পষ্ট করিয়া বিবেচনা করা, এবং আমরা যে সকল ভূসম্পর্কের নিমিত্ত আইন প্রস্তুত করি, তাহার বিশেষ ভাব আইনমত যথারূপে নির্দ্দেশ করা, আমার অত্যন্ত প্রয়োজনীয় বোধ হয়।

৪ ধারায় বলা হইয়াছে যে প্রত্যেক বাসেন্দা রায়ত যে ভূমি ভোগ বা চাষ করেন, তাহাতে তাঁহার দখলীস্বত্ব আছে। ৩ ধারায় পুরুষানুক্রমিক রায়ত শব্দ ব্যবহৃত হইয়াছে। বাসেন্দা ও পুরুষানুক্রমিক এই দুই শব্দে কোন প্রভেদ আছে কি না; এবং যদি থাকে, সেই প্রভেদ কি প্রকার? বাসেন্দা রায়তের যে স্বত্ব আছে বলিয়া ধরা হইয়াছে, তাহা অতিশয় উচ্চ দরের, কারণ সে দেয় খাজানা দিলে তাহার দখল নড়চড় করিতে পারা যায় না। আমি অনুমান করি যে বাসেন্দা শব্দে স্থায়ী বাস অর্থাৎ পুরুষানুক্রমিক দখল বুঝায়, এবং এইরূপ রায়ত ১৮২২ সালের ১১ আইনের ৩২ ধারায় সূচিত খোদকস্ত বা কদিমা রায়ততুল্য। নাম যাহা হউক না, স্বত্বটি বোধ হয় প্রধানতঃ দীর্ঘভোগমূলক; এবং বোধ হয় "দীর্ঘভোগমূলক দখলীস্বত্ব" এইরূপ শব্দ প্রয়োগ করিলে বর্ত্তমান স্বত্বের ভালরূপ নির্দ্দেশ হইবে, এবং আইনের নিরূপিত কষ্টিমতে বিবাদীয় ভূসম্পর্ক পরীক্ষা করিবার সর্ব্বোৎকৃষ্ট উপায় হইবে। এই নিমিত্ত আমার প্রথম প্রস্তাব এই যে ৩ ও ৪ ধারার শব্দগুলি তুল্যরূপ হয়, এবং "বাসেন্দা" ও "পুরুষানুক্রমিক" শব্দের পরিবর্ত্তে "দীর্ঘভোগজনিত দখলীস্বত্ববিশিষ্ট" এই কথা দেওয়া যায়।

আমি কিন্তু এরূপ বলি না যে একরূপ শব্দ প্রয়োগ করিলেই প্রত্যহ যে সকল গোলযোগ মিটাইতে ও নিষ্পত্তি করিতে হয়, তৎসমুদয়ের সফলরূপ মীমাংসা হইবে। ইহাতে সন্দেহ না থাকিতে পারে, যে খোদকস্ত রায়তের দীর্ঘভোগজনিত দখলীস্বত্ব আছে; কিন্তু দীর্ঘভোগ-বর্দ্ধনশীল ও কালাতিপাতে স্থায্য। এইরূপে যে দখল কাঁচা ও নূতন হওয়াতে স্থায়ী স্বত্ব বলিয়া গণ্য হয় না, তাহাই দীর্ঘকাল স্বীকৃত হইলে পরিণামে দীর্ঘাভোগমূলক হইয়া উঠে। দেশাচারের ন্যায় স্বত্বের উৎপত্তি ও উন্নতি অলক্ষ্য থাকিতে পারে; কিন্তু কালে আমরা তাহার লক্ষণ বর্ণনা করিয়া চিরস্থায়ী করিতে কুণ্ঠিত হই না। যে বাসেন্দা রায়ত সংপ্রতি কোন ভূমি প্রাপ্ত হইয়াছে, তাহার অনুকূলে দীর্ঘভোগজনিত দখলীস্বত্ব সৃষ্টি করিবার অভিপ্রায় বোধ হয় পাণ্ডুলিপির ৫ ধারার শেষ বাক্যে আছে। লিখিত চুক্তিদ্বারা প্রজার স্বত্ব প্রকারান্তরে সঙ্কোচিত করা না গেলে, তিন বৎসর অধিকার ও খাজানা দেওয়া হইলেই এস্থলে দখলীস্বত্বের সৃষ্টি হইতেছে। ইহা দৃষ্ট হইবে যে বাসেন্দা রায়তেরা যে নূতন ভূমি প্রাপ্ত হন, এই বিধান কেবল সেই ভূমি সম্বন্ধেই করা হইয়াছে। দীর্ঘভোগজনিত সম্পর্কে যে ভূমির পূর্ব্বে ভোগ হয় নাই, তাহা তিন বৎসর পরে পুরাতন ভূমির মধ্যে ধরা যাইবে এবং আমি অনুমান করি, দখলসংক্রান্ত একই নিয়মের অধীন হইবে; এবং আমার বোধ হয়, যখন কিয়ৎকালের দখল হইলেই ভূম্যধিকারির উচ্ছেদ করিবার স্বত্ব সঙ্কোচিত হইতেছে, তখন দীর্ঘকাল দখলহেতুক অন্য রায়তদের অনুকূলে এরূপ বিধান করা উচিত।

আমার বিশ্বাস, বহুদর্শনদ্বারা সকলেই জানেন যে রায়তদের পুরাতন ও নূতন দখলের মধ্যে কোন বিশেষ প্রভেদ প্রত্যাশা করা বৃথা। কদিমী শব্দে পুরাতনমাত্র বুঝায়। যে ভূমি

বিশেষমতে রায়তের নিজের এবং যাহার নিমিত্ত অন্য কেহ সমান দাওয়া উপস্থিত করিতে পারে না, খোদকস্ত শব্দে সেই ভূমির দখল বুঝায় বোধ হয়। কিন্তু বড় ও সাধারণ রকমের প্রভেদ যথেষ্ট দেখিতে পাওয়া যায়। একদিকে খোদকস্ত রায়তের ধারাবাহিক দখল জমা আছে; এই দখল তাহার ইচ্ছামতে চলিতেছে, যদিও জমীদারের মৌন সম্মতিতেও বটে। অন্যদিকে, কিয়ৎকালীন দখলের সচরাচর এমন কতকগুলি লক্ষণ আছে, যাহা স্থায়ী স্বত্বের বিরোধী, যথা ইদানীন্তন ও আকস্মিক প্রাপ্তি, অমিত্য দখল, নির্দ্দিষ্ট কালের নিমিত্ত পাট্টা। এই নিমিত্ত প্রধানতঃ খাজানার রসীদদ্বারা কিন্তু সম্ভবতঃ অন্য প্রকারে, জমীদার বার বৎসরের দখল স্বীকার করিয়া থাকিলে, তাহাতে দীর্ঘভোগজনিত দখলীস্বত্ব জন্মিবে, ইহাই আমার অধিকতর মনোমত। কিন্তু কোন লিখিত চুক্তির স্পষ্ট বাক্য হইতে, অথবা যে অবস্থায় কোন ভূসম্পর্ক সৃষ্ট হয় বা চলিত থাকিতে দেওয়া হয়, সেই অবস্থার সঙ্গে একত্র করিয়া ধরিলে কোন দখলীসের সাধারণ শব্দ প্রয়োগ হইতে ইহা অনুমান করা যাইতে পারিবে, যে জমীদারের ইচ্ছাক্রমে কোন দখলীস্বত্ব নূতন করিয়া লওয়া যাইতে পারে। যেখানে কোন লিখিত চুক্তি নাই, কেবল বার বৎসর দখল হইলেই স্থায়ী স্বত্ব জন্মিবে; কিন্তু কোন দখলীসে উঠিয়া যাইবার স্পষ্ট নিয়ম না থাকিলে যদি স্থলবিশেষে অবস্থানুসারে এরূপ অনুমান না হয়, পাট্টার মিয়াদ গত হইলেই দখল করিবার সীমাবদ্ধ স্বত্ব বুঝাইবে না।

যে বিধিমতে রায়তের ভূমির খাজানা ধরা যাইবে, পাণ্ডুলিপির ও ধারায় তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। দুই প্রকার হার আছে। পুরুষানুক্রমিক রায়তদের খাজানা অবধারিত হারে ধরা যায়, অন্য রায়তদের সামান্য প্রচলিত হারে। নিঃসন্দেহ এরূপ অভিপ্রায় নাই যে দীর্ঘভোগ জনিত দখলী স্বত্বক্রমে ভূমিভোগকারী যে রায়ত পূর্ব্বে সমান হারে খাজানা দিতে দায়ী ছিল না, পূর্ব্বে যে দাওয়ার বৃদ্ধি হইতে পারিত সেই দাওয়া সঙ্কোচ করিয়া সে পাট্টা পাইবার অধিকারী হইবে। কিন্তু আমার বলিতে হইতেছে যে খোদকস্ত রায়তদের অবধারিত হার সম্বন্ধেই হউক কিম্বা অন্য রায়তদের চলিত হার সম্বন্ধেই হউক, কোন রায়তের যে খাজানা দেয় হয় তাহার পরিমাণ নিরূপণ নিমিত্ত আমরা যে অনুসন্ধান করিয়াছি তাহাতে কার্য্যতঃ প্রায়ই সাম্য দেখিতে পাই নাই। হারসম্বন্ধীয় প্রকাশ্য অনুসন্ধানের ন্যায় অসন্তোষজনক ব্যাপার আর নাই। বস্তুতঃ সর্ব্বশ্রেণীর রায়ত ও প্রজাদের মধ্যে কিঞ্চিন্মাত্র সাম্য নাই, অথবা অল্পমাত্র আছে; এবং যদিও বস্তুগত্যা প্রদত্ত খাজানার হারগুলি কাছাকাছি হইয়া থাকে, কোন একটি হার আদর্শ-স্বরূপ ধরিয়া চলা ইহার কারণ নয়। ইহার কারণ এই যে, ভিন্ন ভিন্ন লোকের বিশেষ বিশেষ নির্দ্ধারিত খাজানা পরস্পর তুলনা করিয়া দেখিলে হিসাব করিয়া একটা গড় পড়তা করা যায়। এই কথা বুঝিয়া আমার বোধ হয়, দীর্ঘভোগজনিত দখলীস্বত্বক্রমে ভোগকৃত ভূমির কর নির্দ্ধারণ নিয়মিত করিবার বিধান করা উচিত। যত খাজানা প্রত্যেক স্থলে ধরিতে হইবে, তাহা পূর্ব্বদত্ত টাকার সাম্যদৃষ্টে নিরূপণ করা উচিত, নিকটবর্ত্তী ভূমির উপর যে খাজানা ধরা যায়, তত্তুল্য হার প্রবল করিয়া নয়। প্রত্যেক ব্যক্তির দায় তাহার আপন স্বত্বানুসারে নিয়মিত হওয়া উচিত, যে স্বত্ব রক্ষা করা তাহার কার্য্য নহে তদনুসারে নয়।

১৭৯৩ সালের প্রচারিত বিধি হইতে যে মূলসূত্র টানিয়া আনা যায়, আমি তদনুসারে চলিতে চাই। ঐ সালের ৮ আইনে জমীদারদিগকে বলা হয়, তাহারা খোদকস্ত রায়তদের সহিত কিরূপ ব্যবহার করিবে। জমীদার ও প্রজার আইনমত সম্বন্ধেও সরকারী রাজস্বের চিরস্থায়ী বন্দোবস্তের ভাব ব্যাপ্ত ছিল। চিরস্থায়ী বন্দোবস্ত একপক্ষীয় নহে; ভূম্যধিকারীর পক্ষে চিরস্থায়ী ও প্রজার পক্ষে অচিরস্থায়ী নহে। প্রত্যুতঃ প্রজাদের যাহার যেমন অবস্থা ছিল, তাহাই যে যে মহালের উপর জমীদার বিশেষ কারণ বিনা আইনমতে হাত বাড়াইতে পারিতেন না, সেই সেই মহালের প্রাপ্তিযোগ্য আয়প্রকাশক বলিয়া গ্রাহ্য হয়। এই কথার পোষকতায় আমার ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ও ৬০ ধারার উল্লেখ করিবার বিশেষ প্রয়োজন নাই। কিন্তু ব্যবস্থাপকগণের তাৎকালিক অভিপ্রায় ভাল করিয়া জানা অত্যন্ত প্রয়োজনীয়, এবং তজ্জন্য পরিচিত আইন উদ্ধৃত করাও কর্ত্তব্য। অধীন তালুকদারদের সম্বন্ধে ইহা স্পষ্টই বোধ হয় যে তাহাদের তাৎকালিক অবস্থাদ্বারা জমীদারের হাত বাঁধা পড়ে। বন্দোবস্ত সম্পূর্ণ হইবার পূর্ব্বে তাঁহার নিকট যে খাজানা দেয় ছিল, তাহাই তিনি পাইতে পারিবেন, তদধিক নহে; এবং স্পষ্ট করিয়াই এই নিয়ম করা হয় যে, যদিও তাঁহার আপনার দেয় খাজানা বর্দ্ধিত করা গিয়া থাকে, তথাপি কোন কোন ঘটনার প্রমাণ না হইলে তিনি আইনমতে তালুকদারদের স্থানে বর্দ্ধিত খাজানার দাওয়া করিতে পারিবেন না। খোদকস্ত রায়তদের সম্বন্ধেও ঐরূপ। তাহাদের সম্বন্ধে এই বিধি ছিল যে, প্রতারণার প্রমাণ না হইলে পূর্ব্বচুক্তির বিরুদ্ধে তাহাদের স্থানে খাজানা বৃদ্ধির দাওয়া করা যাইবে না; কিন্তু যদি ইহা দেখান যায় যে, বন্দোবস্তের পূর্ব্ব তিন বৎসরের মধ্যে যে খাজানা প্রদত্ত হয়, তাহার হার প্রচলিত পরগণা নিরিখ অপেক্ষা কম করা হইয়াছিল, তবে উক্ত দাওয়া হইতে পারিবে। এস্থলে ইহা উল্লেখযোগ্য যে গত তিন বৎসরের মধ্যে খাজানা কম করিবার উপর খাজানাবৃদ্ধি নির্ভর করিতেছে। যদি তিন বৎসরের অধিক

কাল সমান পরিমাণে রায়তের খাজানা আদায় করা স্থির থাকে, তবে নির্দ্ধারিত কর পরিবর্ত্তিত করা যাইবেনা। অবধারিত খাজানা নিরূপণনিমিত্ত এই ব্যবস্থা আমার প্রধান প্রমাণ বলিয়া বোধ হয়। এই বিধি ১৭৯৩ সাল অবধি প্রবল আছে। খোদকস্ত রায়ত যদি ছয় বৎসর খাজানা দিয়া থাকে, তবে তাহার খাজানার হার অত্যন্ত কম একথা শুনা যাইতে পারে না। ১৭৯৩ সালে তিনি এই আইনের আশ্রয় পান, এবং এক্ষণে আইন অপেক্ষাকৃত ন্যূন পরিমাণে রায়তের রক্ষক হইতে পারে না। ১৭৯৩ সালে বিধি ছিল যে দীর্ঘভোগজনিত দখলী স্বত্বক্রমে ভোগকৃত ভূমির নির্দ্ধারিত খাজানা তিন বৎসর মধ্যে প্রচলিত নিরিখের কম করা হইয়াছে, ইহার প্রমাণ হইলে ঐ খাজানা বহাল করিয়া লওয়া যাইতে পারিত; এবং যে মূলসূত্রানুসারে এইরূপ কার্য্য হইত তাহা যুক্তিসঙ্গতা এই স্বীকারমূলক বোধ হয় যে তিন বৎসরের অধিককাল সমান খাজানা দেওয়া গেলে, ভবিষ্যতে ঐ খাজানা দিতে থাকিবার দীর্ঘভোগজনিত স্বত্ব জন্মে। আমি আরো বিবেচনা করি যে চিরস্থায়ীবন্দোবস্তের ব্যবস্থাগত মতানুসারে যেরূপ জমীদারের, সেইরূপ প্রজারও, নির্দ্ধার্য্যকর সকলরূপে চিরস্থায়ী হয়। ইহা এত মূল্যবান্ সত্য যে ইহা বিস্মৃত হইতে দেওয়া উচিত নহে। ইহা দীর্ঘভোগজনিত ভূমির দখলীকারদের প্রতি যেমন অন্য প্রজাদের প্রতিও তেমনই বর্ত্তে, কিন্তু ইহা পূর্ব্বোক্ত দখলীকারদের প্রতিও বর্ত্তে। উঠবন্দী প্রজার ও কিয়ৎকালীন ইজারদারের স্বত্ব হইতে স্বতন্ত্র ভূমিগত প্রজাস্বত্ব উক্ত বন্দোবস্তের নির্দ্দিষ্ট মূলে ছিল। এই সকল স্থায়ী প্রজাস্বত্ব হইতে সমুৎপাদ্য স্থিত খাজানা বন্দোবস্তের অবধারিত আয় ধরিয়া প্রত্যেক মহালের সদরজমা নিয়মিত হয়; এবং বিশেষ কারণ দেখাইতে না পারিলে, জমীদারেরা তৎকালে আদেয় খাজানা বৃদ্ধি করিতে সক্ষম হইতেন না। গবর্ণমেণ্টের পক্ষীয় চুক্তি জমীদারদের পক্ষে চুক্তি প্রবল করিত। কোন মহালের খাজানার একাংশ অবধারিত (যদিও অপরিজ্ঞাত) বলিয়া অনুমিত হইত; এবং গবর্ণমেণ্টের দাওয়া সীমাবদ্ধ হওয়াতে তৎসম্বন্ধে এই নিয়মও উহ্য থাকিত যে এই বিশেষ শ্রেণীর প্রজাদের দেয় খাজানা জমীদারদের স্থির রাখিতে হইবে।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে মহালের প্রজারা এক্ষণকার ন্যায় তিন প্রধান শ্রেণীতে বিভক্ত ছিল। প্রথম যে শ্রেণীকে সামিলী তালুকদার বলে। এই সাধারণ শ্রেণীবন্ধনের অন্তর্গত ভূসম্পর্ক-সমূহ ভিন্ন ভিন্ন জিলায় প্রচলিত স্থানীয় ভাষায় অনেক ভিন্ন ভিন্ন নামে অভিহিত হইত, কিন্তু সর্ব্ব স্থলে ঐ ভূসম্পর্কের যেরূপ প্রকৃতি তাহাতে নির্দ্দিষ্ট খাজানায় পুরুষানুক্রমে ভোগকৃত দখলীস্বত্ব বুঝায়। দ্বিতীয় অপেক্ষাকৃত অধীন শ্রেণী; ইহা প্রথম শ্রেণীর অন্তর্গত হইতে পারে, না হইতেও পারে; দীর্ঘভোগজনিত দখলীস্বত্বক্রমে যে রায়তেরা যোত ভোগ করে, তাহারা এই শ্রেণীর লোক। তৃতীয়, যে রায়তেরা বা অন্য প্রজারা কিয়ৎকালের নিমিত্ত ভোগ করে। প্রথম শ্রেণীসম্বন্ধে জমীদারদের খাজানা বৃদ্ধি করিবার সাধারণ স্বত্ব নাই বলিয়া প্রকাশ করা হয়। উক্ত প্রজাকর্ত্তক তখন যে খাজানা দেয় ছিল, তাহাই তাঁহার চরমদায় বলিয়া গ্রাহ্য হয়। ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায় নির্দ্দিষ্ট বিশেষ ও অত্যন্ত সীমাবদ্ধ নিয়মানুসারে, জমীদার আপন দাওয়া বাড়াইবার কারণ দেখাইতে পারিতেন, কিন্তু উক্ত বিশেষ কারণ ব্যতিরেকে প্রজার ভূসম্পর্ক অনাক্রম্য ছিল। ঐ স্বত্বই আমাদের সময় পর্য্যন্ত ১৮৫৯ সালের ১ আইনের ২৬ ধারাদ্বারা বহমান হইয়া আসিয়াছে। আবার, দ্বিতীয় শ্রেণীর রায়তদের যে যে স্বত্ব ছিল, সেই সেই স্বত্ব ১৭৯৩ সালের ৮ আইনের ৬০ ধারায় ও ১৮৫৯ সালের ১ আইনে ঐরূপেই ন্যস্ত করা হইয়াছে।

এই সকল কারণে আমি বলি যে, জমীদারের সদর জমা চির-অবধারিত, এবং প্রজার খাজানা চির-বর্দ্ধনশীল নহে। দুইই আইনদ্বারা অবধারিত; এবং আমার বোধ হয়, আইনের আন্তরিক ভাব আগ্রহসহকারে কার্য্যে পরিণত করা আমাদিগের কর্ত্তব্য।

১৭৯৩ সাল অবধি যে যোতদার দীর্ঘভোগজনিত দখলীস্বত্বক্রমে ভূমিভোগ করিয়া আসিতেছে, তাহার খাজানা সম্বন্ধে কোন গোলযোগ হইতে পারে না। আমি কেবল হারের কথা বলিতেছি না, খাজানার পরিমাণের কথাও বলিতেছি। এত দীর্ঘকাল যে খাজানা প্রদত্ত হইয়াছে, আইনের ভাব দেখিতে গেলে, তাহা বৃদ্ধি করা যাইতে পারে না।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে সকল যে অধীন ভূসম্পর্ক ছিল, আমার বিবেচনায় তৎপ্রতিও এই বিধি প্রয়োগ করা উচিত; অর্থাৎ ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায় বিশেষ স্থলে জমীদারদের প্রতি তালুকদারদের বা তত্তুল্য স্বত্বক্রমে ভোগী অন্য প্রজাদের খাজানা বৃদ্ধি করিবার যে ক্ষমতা অর্পণ করা যায়, আমি সেই ক্ষমতা রহিত করিতে চাই। বর্ত্তমান অবস্থার প্রতি দৃষ্টি কর। ১৭৯০ সালের বন্দোবস্ত হইবার পর প্রায় ৭০ বৎসর গত হইয়াছে। এই দীর্ঘকাল মধ্যে তালুকদারের খাজানা লইয়া কোন গোলযোগ হয় নাই। বস্তুতঃ বাকী রাজস্ব নিমিত্ত যতকাল কোন মহাল নীলাম না হয়, এতকালের পর, তালুকদারদিগকে আদালতে উপস্থিত করা যাইতে পারে না; কিন্তু এমন কষ্টজনক দৃষ্টান্ত আমাদের সম্মুখে আসিয়া থাকে, যে স্থলে গবর্ণমেণ্ট কি প্রজার,

প্রত্যেক ব্যক্তির অপরিচিত নীলাম খরিদারের আইনমতে খাজানা বৃদ্ধি করিবার আপনাদের যে বিশেষ স্বত্ব আছে তাহা প্রবল করিতে যায়। ইহা তালুকদারের পক্ষে জীবন মরণের কথা। গত পঞ্চাশ বৎসরের অনেক অধিক কাল তিনি ও তাঁহার পূর্ব্বপুরুষেরা অবধারিত খাজানা দিয়া আসিয়াছেন, ঐ খাজানা আদৌ চিরস্থায়ী বন্দোবস্তের মূল পত্তন মধ্যে পরিগণিত ছিল। সহসা এক হাজার টাকার পরিবর্ত্তে তাঁহার প্রতি তিন হাজার টাকার দাওয়া হয়। ইহা সত্যই তাঁহার পক্ষে জীবন মরণের কথা। আইনক্রমে অনুমান এই হইতে পারে যে, যদি খরিদার ইহা প্রমাণ করিতে পারেন যে, তাঁহার পূর্ব্বপদধারী ১৭৯০ সালের জমীদার জিলায় বিশেষ দেশাচারমতে অথবা কিয়ৎকালের নিমিত্ত খাজানা কম করিয়া দেওয়া হইয়াছিল বলিয়া কিম্বা ঐ ভূসম্পর্কের নিয়মানুসারে বর্দ্ধিত খাজানার দাওয়া করিতে পারিতেন, তাহা হইলেই কেবল খাজানা বৃদ্ধি করিতে পারেন। কিন্তু ১৭৯০ সালের জমীদার আপনার সুবিধা ছাড়িয়া দেন; এবং তিনি যে দাওয়া প্রবল করিতে কার্য্যতঃ আপনাকে অক্ষম জ্ঞান করেন, এত দীর্ঘকালের পর কোন প্রজার বিরুদ্ধে সেই দাওয়া পুনর্জীবিত করিতে দিলে তাঁহাকে হানিজনক বিপদে ফেলা হয়।

আমি বলিয়াছি যে দীর্ঘভোগজনিত স্বত্ববিশিষ্ট ১৭৯০ সালের যোতদার সম্বন্ধে কোন গোলযোগ হইতে পারে না। অপেক্ষাকৃত ইদানীন্তনকালে সমুৎপন্ন দীর্ঘভোগজনিত দখলীস্বত্ব সম্বন্ধে আমার বোধ হয় যে, খাজানা নির্দ্ধারণের স্বত্বসম্বন্ধে যে কোন গোলযোগ উপস্থিত হয়, আইনের দ্বারা তাহার মীমাংসা করা উচিত এবং অনুপস্থিত আদালতের বিচার নিমিত্ত তাহা রাখিয়া দেওয়া উচিত নয়। আমি এইরূপ নির্দ্দেশ করিবার প্রস্তাব করি যে, দীর্ঘভোগজনিত দখলীস্বত্বক্রমে ভূমি ভোগ কারী যে রায়ত পাট্টা পাইয়া বা পাট্টা ব্যতিরেকে সমানভাবে নির্দ্দিষ্ট পরিমাণ খাজানা দিয়া আসিয়াছে, তাহার উপর খাজানা বৃদ্ধির দাওয়া হইতে পারিবে না।*

চিরকাল দখিলকার বাসেস্থা রায়তেরা আপনাদের স্বত্ব নিমিত্ত জমীদারদের স্থানে কোন অনুগ্রহ প্রাপ্ত হয় নাই। যদি কোন বিষয়ে আমরা এই দেশের প্রচলিত ব্যবস্থায় পবিত্র বল প্রয়োগ করিতে পারি, তবে এই বিষয়ে। পরিশ্রম ও দখল এই দুই হইতে দীর্ঘভোগজনিত স্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব জন্মে। কেবল তিন বৎসরের মধ্যে কম করা হইয়া থাকিলেই, ১৭৯৩ সালের ৮ আইনমতে দীর্ঘভোগজনিত স্বত্ববিশিষ্ট যোতদারের নির্দ্ধারিত খাজানা পরিবর্ত্তিত হইতে পারে। পরবর্ত্তীকালের স্বত্বসম্বন্ধে আমি বার বৎসর প্রস্তাব করি। সকল রায়ত দীর্ঘভোগজনিত স্বত্ববিশিষ্ট রায়ত নহে; কিন্তু দীর্ঘভোগজনিত স্বত্ববিশিষ্ট রায়তের যোতের প্রকৃতি নির্দ্দেশ করিয়া সেই সঙ্গেই আইনের ব্যক্ত বিধিমতে তাহার যে স্বার্থ থাকিবে আমাদের তাহাও নির্দ্দেশ করা উচিত।

এই উৎকৃষ্ট পাণ্ডুলিপির অন্যান্য অংশের বিচার করিতে আমার অবকাশ না হইতে পারে, কিন্তু প্রথম ধারাগুলি একটি স্বতন্ত্র বিষয় সম্বন্ধীয়, এবং এক্ষণে আমি কেবল এই বিষয়ের কথাই বলিলাম। কিয়ৎকালীন ও সীমাবদ্ধ ভূসম্পর্ক সম্বন্ধে, আমি ২ ধারার শেষাংশের প্রতি মনোযোগ আকর্ষণ করিতে চাহি। তথায় বিধান আছে যে ৩ ধারায় যে হার (অর্থাৎ যে চলিত পরগণা নিরিখ) নির্দ্দিষ্ট হইয়াছে, কোন রায়ত কোন অবস্থায় তদতিরিক্ত হারে বর্দ্ধিত খাজানা দিতে দায়ী হইবে না। ১৮৪৫ সালের ১ আইনের ২৬ ধারায় বিধি আছে যে জমীদার "স্বেচ্ছাক্রমে" খাজানা বৃদ্ধি করিতে পারেন; এবং যখন বস্তুগত্যা স্থানীয় হার নির্দ্দেশ ইচ্ছামত দাওয়ার বিরুদ্ধে হইতেছে, পাণ্ডুলিপির প্রস্তাব অবলম্বিত হইলে বর্ত্তমান ব্যবস্থা রহিত হইবে।

B চিহ্নিত পরিশিষ্ট।

বিবিধ।

খাজানা আদায় বিষয়ক পাণ্ডুলিপি।

পাণ্ডুলিপির বিধানসম্বন্ধে সাধারণতঃ শ্রীযুত করি সাহেবের সহিত আমার ঐকমত্য আছে; এবং ইহার সম্বন্ধে যে সকল ভিন্ন ভিন্ন রিপোর্ট আসিয়াছে, আমি এক্ষণে তৎসমুদয় তাঁহার নিকট পাঠাইতে চাই। তন্মধ্যে কোন কোন রিপোর্টে মূলসূত্রবিষয়ক প্রয়োজনীয় তর্ক বিতর্ক আছে এবং বিশেষ বৃত্তান্ত সম্বন্ধেও অনেকগুলি সৎপরামর্শ আছে। এ সমুদয় শ্রীযুত স্যামুএলস সাহেবের রিপোর্টে বিশেষ করিয়া দেখা যায়, এবং তথায় ভাওলী ষোতে বর্ত্তিবার যোগ্য আইনসম্বন্ধে কএকটি প্রয়োজনীয় কথাও দৃষ্ট হইবে।

২। এতদ্দেশীয় যাঁহাদের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে, আপীলসম্বন্ধে তাঁহাদের অত্যন্ত ও অত্যাশ্চর্য্যরূপ ঐকমত্য দেখা যায়। সকলেই আপীল চাহেন, এবং এই অধিকার কোনরূপে সঙ্কোচ করা অসুবিধা ও অন্যায় জ্ঞান করেন। ৫০ টাকার কম মূল্যের মোকদ্দমায় কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে দিয়া, সর্ব্বসাধারণের এইরূপ মনোগত ভাবানুসারে আমি কার্য্য করিতে চাই; কিন্তু টাকা গ্রহণ ও প্রদানের অতিরিক্ত কোন প্রশ্ন থাকিলে, বিচার কার্য্যসংক্রান্ত আদালতে আপীল হইবে।

৩। সদর আদালতের জজ শ্রীযুত রেম্ন সাহেব বলেন যে, ১৮৪৫ সালের ১ আইনের ২৬ ধারা বিধিবদ্ধ হইবার পর অনেক নজীর দ্বারা ইহা স্থিরীকৃত হইয়াছে যে, ঐ ধারাক্রমে যেপ্রকার প্রজা বিশেষরূপে রক্ষিত, নীলামখরিদার ইচ্ছামতে তদ্ভিন্ন সকল প্রজাকেই উচ্ছেদ করিতে বা তাহাদের খাজানা বৃদ্ধি করিতে পারেন; কিন্তু বর্ত্তমান পাণ্ডুলিপির ৩ ও ৪ ধারাক্রমে অন্যান্য শ্রেণীর লোকেরাও ঐরূপ রক্ষণ প্রাপ্ত হইতেছে, সুতরাং ঐ ধারাদ্বয় পূর্ব্ব পূর্ব্ব ব্যবস্থার ও তন্মূলক আদালতের নিষ্পত্তির বিরুদ্ধ। কিন্তু আমি বিবেচনা করি যে, পাণ্ডুলিপির ঐ অংশের অভিপ্রায় ১৮৪৫ সালের ১ আইনের অভিপ্রায় হইতে ভিন্ন নহে, অর্থাৎ উক্ত অভিপ্রায় খোদকস্ত ও কদিমী রায়তদের স্বত্ব নির্দ্দেশ করা ও বজায় রাখা, এবং "অবধারিত হারে ভূমি ভোগকারী পুরুষানুক্রমিক রায়ত" ও "বাসেন্দা রায়ত ও কৃষক" শব্দে উক্ত শ্রেণীর রায়তই বুঝায় বলিয়া আমি বোধ করি। সর্ব্বদাই যাহার অর্থ করিবার প্রয়োজন ছিল, হয়ত এই সুযোগে সেই "খোদকস্ত ও কদিমী রায়ত" শব্দের অর্থ করা উচিত। সদর আদালতের জজ শ্রীযুত ষোল্স সাহেব পরামর্শ দিয়াছেন যে পাণ্ডুলিপির ৩ ও ৪ ধারায় ব্যবহৃত শব্দের পরিবর্ত্তে "দীর্ঘভোগজনিত দখলীস্বত্ববিশিষ্ট" এই কথা দেওয়া হয়; এবং তিনি ক্রমাগত দখলের মিয়াদ বার বৎসর অবধারিত করিতে চাহেন, তাহার পর কোন রায়ত তাঁহার প্রস্তাবিত বর্ণনার মধ্যে আসিবে। ইহাতে আমি সম্মতি দিতে চাই, কারণ আমার বিশ্বাস যে ইহা করিলে রায়তদের সম্বন্ধে আমাদের যে প্রধান কর্ত্তব্য ব্যবস্থাপন কার্য্যদ্বারা দীর্ঘকাল পালিত হয় নাই, সেই কর্ত্তব্য সম্পাদন হইবে। আমাদের আইনের অন্যত্র যে "খোদকস্ত ও কদিমী রায়তের" উল্লেখ আছে, তাহাতেই যে এইরূপ অর্থবোধ হয় ইহাও আমি কোন উপায়ে দেখাইতে চাহি।

৪। ঐরূপ রায়তেরা বাস্তবিক যে খাজানা দেয়, শ্রীযুক্ত ষোল্স সাহেব পরিমাণসম্বন্ধে তাহা স্থায়ী বলিয়া নির্দ্দেশ করিবার প্রস্তাব করেন। কিন্তু এ বিষয়ে আমার দ্বিধা আছে, কারণ আমার বিশ্বাস এই যে, এক্ষণে জমাবিশষ্টীর সাধারণ আদালতে মোকদ্দমা করিয়া যেরূপ হয়, সেইরূপ এই বিষয় নূতন খাজানাসংক্রান্ত আদালতদ্বারা নিরূপিত হইতে দেওয়া অপেক্ষাকৃত ভাল। আর আমার ইচ্ছা এই যে নূতন আদালতের বিচার্য্য ভিন্ন ভিন্ন প্রকার মোকদ্দমার উল্লেখ মধ্যে খাজানা বন্দোবস্ত বা ধার্য্য বা বৃদ্ধি করিবার মোকদ্দমা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

৫। আপন আপন রায়তদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার সম্বন্ধে পাণ্ডুলিপির ৮ ধারা দ্বারা জমীদারদের যে ক্ষমতাসঙ্কোচ হইতেছে তদ্বিষয়ে যে যে কর্ম্মচারীর পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে, তাঁহাদের মধ্যে কিঞ্চিৎ মতভেদ আছে। এ বিষয়ে শ্রীযুক্ত স্যামুএলস সাহেবের সহিত আমি সম্পূর্ণরূপে একমত হইয়া বিবেচনা করি যে, রায়তেরা সহজ উপায়ে যাহাদের ক্ষমতার বহির্ভূত হইয়া যাইতে পারে, এইরূপ কোন কোন ক্ষুদ্র জমীদারেরা যদিও এই ক্ষমতাহরণ কষ্টকর বলিয়া বোধ করিবে, তথাপি বর্ত্তমান প্রণালীক্রমে এত গুরুতর অন্যায়াচারণ হয় ও এত অসহ্য অত্যাচার হইতে পারে যে পাণ্ডুলিপির প্রস্তাবমতে নিঃসন্দেহ এই প্রণালীর সংশোধন হওয়া উচিত।

৬। যে সকল কর্ত্তৃপক্ষ এই পাণ্ডুলিপিসম্বন্ধে রিপোর্ট করিয়াছেন, তাঁহারা যাহা কিছু বলিয়াছেন, তাহাতে মুন্সেফদের পরিবর্ত্তে কালেক্টর ও ডেপুটী কালেক্টরদের হাতে নূতন আদালতের কর্ম্মসমর্পণবিষয়ক আমার মতের কোন পরিবর্ত্তন হয় নাই। ডেপুটী কালেক্টরদিগকে অতি সাবধানে নির্ব্বাচিত করিয়া শীঘ্রই প্রত্যেক জিলায় এইরূপে অবস্থাপিত করিতে হইবে যে তিন থানা লইয়া এক একজন থাকিবেন। অন্ততঃ প্রথমে এই কার্য্যকারকদের হস্তে এই নূতন ক্ষমতা দিলেই রায়তদের আবশ্যক আশ্রয় ও সংরক্ষণের বিধান হইবে। পরে সম্ভবতঃ মুন্সেফদের দ্বারা এই কার্য্য হইতে পারিবে, কিন্তু এক্ষণে নহে। নূতন আইনের কার্য্যনির্ব্বাহ নিমিত্ত প্রথমে মুন্সেফদিগকে নিয়োগ করিলে ইহার প্রস্তাবিত সুবিধা সকল নষ্ট হইবার আশঙ্কা আছে।

১৮৫৮ সাল, ২৭ নবেম্বর। এফ, জে, হ্যালিডে।

এই অত্যন্ত প্রয়োজনীয় বিষয়ে রেবিনিউ বোর্ডের স্থানে রিপোর্ট পাইলে ভাল হইত; কিন্তু ইহার নিমিত্ত আমি দীর্ঘকাল অপেক্ষা করিয়া শেষে উক্ত রিপোর্টের অভাবে আপন মত লিখিতে বাধ্য হইলাম। যখন পরে পাওয়া যায় তজ্জন্য আর কোন বলিবার কথা থাকিলে, আমি তাহা যোগাইতে ত্রুটি করিব না।

এফ, জে, এচ।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

স্থানীয় ব্যাপ্তি। উড়িষ্যাখণ্ড ছাড়া, এবং তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইনের প্রথম তফসীলের তৃতীয় খণ্ডের নির্দ্দিষ্ট তফসীলে লেখা প্রদেশ ছাড়া, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যেং দেশ থাকে সেই২ দেশে এই আইন বর্ত্তিবে, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের সমুদয় বা কোন অংশ উড়িষ্যাখণ্ডে বর্ত্তাইতে পারিবেন, এবং উক্ত জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি এই আইন অথবা ঐ জ্ঞাপনপত্রে ইহার যে অংশ নির্দ্দিষ্ট হইবে তাহা উক্ত খণ্ডে প্রচলিত হইবে।

প্রবর্ত্তন। এই আইন ১৮৮০ সালের ——মাসের——তারিখে প্রবল হইবে।

আইন রহিত করণ। ৩ ধারা। এই আইন প্রচলিত হইবার তারিখ অবধি ইহার প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলি এতদ্দ্বারা রহিত করা গেল। যৎকালে এই আইন বা ইহার কোন অংশ উড়িষ্যাখণ্ডে বর্ত্তমান যায়, তৎকালে ঐ সকল আইনের মধ্যে যেং আইন উক্ত খণ্ডে প্রবল থাকে, অথবা এই আইনের কিয়দংশ মাত্র বর্ত্তমান গেলে, তন্মধ্যে যেং আইন ঐ অংশের সহিত অসঙ্গত হয় সেগুলি উক্ত খণ্ডে আর চলিবে না

কিন্তু

(১) এই আইন দ্বারা যে কোন আইন বা ব্যবস্থা রহিত করা যায়, কোন ব্যবস্থায় বা দলীলে সেই আইনের বা ব্যবস্থার উল্লেখ থাকিলে, উহা এই আইনের বা তদ্বিষয়ক এই আইনের অংশ বিশেষের উল্লেখ জ্ঞান করিয়া অর্থ করিতে হইবে।

(২) এই রাহিত্য দ্বারা

(ক) রহিত করা কোন আইনের বিগত কার্য্যের, অথবা ঐ আইনমতে যথা বিধি যাহা কিছু করা বা করিতে দেওয়া হইয়াছে তাহার, কিম্বা

(খ) রহিত করা আইনমতে যে কোন স্বত্ব বা অধিকার লব্ধ, কর্ত্তব্য উৎপন্ন, বা দায় উপস্থিত হইয়াছে, তাহার, কিম্বা

(গ) পূর্ব্বোক্তরূপ কোন স্বত্ব, অধিকার, কর্ত্তব্য বা দায়সংক্রান্ত কোন অনুসন্ধানের বা আইনমত কার্য্যানুষ্ঠানের বা প্রতিকারের কোন ব্যাঘাত হইবে না; এবং এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপ পক্ষহত, সেইরূপে উক্ত অনুসন্ধান ও আইনমত কার্য্যানুষ্ঠান ও প্রতিকার হইতে পারিবে, এবং

(৩) এই আইন প্রচলিত হইবার সময়ে যে কোন ব্যবস্থা, স্বত্ব, অধিকার, বিষয় বা বস্তু প্রবল বা বিদ্যমান না থাকে, এই রাহিত্য দ্বারা তাহা পুনর্জ্জীবিত হইবে না।

শব্দার্থ। ৩ ধারা। পূর্ব্বাপর কথা দ্বারা বিভিন্ন অভিপ্রায় প্রকাশ না হইলে, এই আইনে নিম্নলিখিত শব্দ ও কথাগুলি নিম্নলিখিত অর্থে ব্যবহৃত হইবে।—

মহাল। প্রচলিত আইন ক্রমে কোন জিলার কালেক্টর মালগুজারী ভূমির ও লাখেরাজ ভূমির যেং সাধারণ রেজিষ্টর প্রস্তুত করিয়া রাখেন, সেই২ রেজিষ্টরে একটি দফার মধ্যে যে ভূমি লেখা যায়, "মহাল" শব্দে সেই ভূমি বুঝাইবে।

ভূস্বামী বা জমিদার। যে ব্যক্তি মালিক স্বরূপ একাকী বা সংসৃষ্টভাবে কোন মহাল বা তাহার কোন অংশ বা তদন্তর্গত কোনস্বার্থ ভোগদখল করেন, "ভূস্বামী বা জমিদার" শব্দে তাঁহাকে বুঝাইবে।

তালুক। "তালুক" শব্দে (১) নিজ ভূস্বামির অধীন ও রায়তের উর্দ্ধতন খাজানা দায়ী ভূসম্পর্ক বুঝাইবে। (২) কোন ভূসম্পর্ক রাজস্ব বা খাজানার দায়ে মুক্ত থাকিলে, যদি মহালের ভূস্বামির স্বার্থও উক্ত রাজস্বমুক্ত বা খাজানা মুক্ত ভূসম্পর্ক এই উভয়ের মধ্যে ঐ ভূমিতে কোন খাজানা দায়ী স্বার্থ না থাকে, তবে "তালুক" শব্দে উক্ত ভূসম্পর্কও বুঝাইবে

উদাহরণ।

(ক) পত্তনী নামক স্বার্থ একটি তালুক।

(খ) কএক বৎসরের মিয়াদের ইজারা একটি তালুক।

(গ) আনন্দের ১২০ বিঘা নিষ্কর লাখেরাজ ভূমি আছে, তাহা বলরামের মালগুজারী মহালের সীমার অন্তর্গত এবং প্রচলিত আইনক্রমে জিলার কালেক্টর সাহেব লাখেরাজ ভূমির যে সাধারণ রেজিষ্টর রাখেন তাহার কোন দফার মধ্যে লিখিত নহে। এই ভূমি প্রকৃত প্রস্তাবে রায়তদের দখলে আছে। তাহারা আনন্দকে খাজানা দিয়া থাকে। উক্ত ভূমিতে আনন্দের যে স্বার্থ আছে তাহা তালুক বলিয়া গণ্য হইবে।

(ঘ) এক মালগুজারী মহালের ভূস্বামী বলরাম ঐ মহালের অন্তর্গত ৫০ বিঘা ভূমি খাজানামুক্ত করিয়া আনন্দকে দান করিলেন। ঐ ভূমি প্রকৃত প্রস্তাবে রায়তদের দখলে আছে। ঐ রায়তদের যে খাজানা দেয় হয়, উক্ত দানের বলে আনন্দ তাহা পাইবার অধিকারী। এই ৫০ বিঘায় আনন্দের যে স্বার্থ আছে তাহা তালুক বলিয়া গণ্য হইবে।

যে ব্যক্তি মালিকস্বরূপ একাকী বা সংশ্লিষ্টভাবে কোন তালুক বা তাহার কোন অংশ বা তদন্তর্গত কোন স্বার্থ ভোগদখল করেন, "তালুকদার" শব্দে তাঁহাকে বুঝাইবে।

তালুকদার।

"পেটাওতালুক" শব্দে (১) কোন তালুকদারের অধীন ও রায়তের উর্দ্ধতন খাজানাদায়ী তুসম্পর্ক বুঝাইবে। (২) কোন তুসম্পর্ক খাজানার দায়ে মুক্ত থাকিলে, যদি মহালের তুস্বামির স্বার্থ ও উক্ত খাজানা-মুক্ত তুসম্পর্ক ঐ উভয়ের মধ্যে ঐ তুমিতে কোন খাজানাদায়ী স্বার্থ থাকে, তবে "পেটাও তালুক" শব্দে উক্ত তুসম্পর্কও বুঝাইবে।

পেটাওতালুক।

একই তুমি সম্বন্ধে একাধিক পেটাও তালুক থাকিলে, নিজ তালুকদারের অধীন পেটাও তালুককে "প্রথম শ্রেণীর পেটাও তালুক" বলা যাইবে। ঐ পেটাও-তালুকের অব্যবহিত অধীন তালুককে "দ্বিতীয় শ্রেণীর পেটাও তালুক", এবং শেষোক্ত পেটাও তালুকের অব্যবহিত অধীন তালুককে "তৃতীয় শ্রেণীর পেটাও তালুক," বলা যাইবে, ইত্যাদি।

প্রথম শ্রেণীর পেটাও তালুক।

দ্বিতীয় শ্রেণীর পেটাও তালুক।

তৃতীয় শ্রেণীর পেটাও তালুক।

উদাহরণ।

(ক) দর পত্তনী প্রথম শ্রেণীর পেটাও তালুক।

(খ) সে পত্তনী দ্বিতীয় শ্রেণীর পেটাও তালুক।

(গ) দর ইজারা একটি পেটাও তালুক।

(ঘ) বলরাম গোপালপুর মহালের তুস্বামী চন্দ্রের অধীনে ২০০০ বিঘা তুমির পত্তনী তালুকদার ঐ ২০০০ বিঘার মধ্যে ৮০ বিঘা তুমি বলরাম খাজানামুক্ত করিয়া আনন্দকে দান করেন। এই ৮০ বিঘা প্রকৃত প্রস্তাবে রায়তদের দখলে আছে। ঐরূপ দান করা গেলে পর তাঁহারা আনন্দকে খাজানা দিয়া থাকে। আনন্দের স্বার্থ পেটাও তালুক বলিয়া গণ্য হইবে।

যে ব্যক্তি মালিকস্বরূপ একাকী বা সংশ্লিষ্টভাবে কোন পেটাও তালুক বা তাহার কোন অংশ বা তদন্তর্গত কোন স্বার্থ ভোগ দখল করেন, "পেটাও তালুকদার" শব্দে তাঁহাকে বুঝাইবে।

পেটাও তালুকদার।

যে ব্যক্তি তুমি ভোগ করে, অথবা তুমি দখল ও চাষ করে, সেই ব্যক্তি কিম্বা স্বত্ব সম্বন্ধে সেই ব্যক্তির পূর্ব্বপদধারী ঐ তুমি চাষ বা আবাদ করিবার নিমিত্ত প্রথমে দখল পাইয়া থাকিলে, ১১ ধারার বিধানের নিয়মাধীনে "রায়ত," শব্দে ঐ ব্যক্তিকে বুঝাইবে। কোন ব্যক্তি আপনি, বা আপনার পরিবারস্থ ব্যক্তিবর্গদ্বারা, বা চাকরদ্বারা, বা বেতনভোগী মজুর দ্বারা, অথবা যে ব্যক্তিদিগকে ঐ তুমি বা তাহার কোন অংশ কোর্পা বিলি করেন তাহাদের দ্বারা, অথবা অংশতঃ এই ব্যক্তিদের একদলের ও অংশতঃ অন্যদলের দ্বারা, চাষ করিলে, এই লক্ষণের মর্ম্মানুসারে তুমি চাষ বা আবাদ করেন।

রায়ত।

যে তুমি কোন রায়ত ভোগ করে, কিম্বা দখল ও চাষ করে, এবং যাহা এক স্বতন্ত্র প্রজাস্বত্বের বিষয়ীভূত হয়, সেই তুমিতে ঐ রায়তের যে স্বার্থ থাকে তাহাকে "যোত" বলে।

"যোত"

যে যোতে কোন রায়তের বা ৪১ ধারায় লিখিত কোন প্রজার দখলী স্বত্ব থাকে, "দখলী স্বত্ব বিশিষ্ট যোত" বলিতে সেই যোত বুঝাইবে।

দখলীস্বত্ববিশিষ্ট যোত।

যে ব্যক্তিকে কোন রায়ত আপনার যোত বা তাহার কোন অংশ কোর্পা বিলি করে, "কোর্পারায়ত" বলিতে সেই ব্যক্তিকে বুঝাইবে।

কোর্পা রায়ত।

তালুকদার বা পেটাও তালুকদার বা দখলীস্বত্ব-বিশিষ্ট রায়ত যে তুমি ভোগ করেন, সেই তুমিতে অব্যবহিত উর্দ্ধতন স্বার্থবিশিষ্ট তুস্বামীকে বা তালুকদারকে বা পেটাও তালুকদারকে উক্ত উর্দ্ধতন স্বার্থ স্বীকার ও পরিশোধ নিমিত্ত তাহার যাহাকিছু নগদ বা শস্যাদিরূপে দিতে হয়, অথবা তুমি ব্যবহার বা দখল করিবার নিমিত্ত কিম্বা খাসকর বা বনকর বা জলকর প্রভৃতি স্বত্ব ভোগনিমিত্ত প্রতিদান বা ক্ষতিপূরণস্বরূপ যাহা কিছু নগদ বা শস্যাদিরূপে দিতে হয়, তাহাকে "খাজানা" বলে।

খাজানা।

"তুমি" শব্দে তদুপরিস্থ বন ও জলও বুঝায়। কোন রায়ত যে তুমি চাষ বা ভোগ করে, তৎপ্রতি এই শব্দের প্রয়োগ হইলে, যে তুমি কৃষি কার্য্য বা বাগানের নিমিত্ত ব্যবহার করা যায় বা ব্যবহার করিবার কল্পনা থাকে, সেই তুমি বুঝাইবে। ১৮ অধ্যায়ে এইশব্দে (ক) তালুক, বা পেটাও তালুক ও যোত, ও (খ) কৃষিকার্য্য, বাগান বা পশুচারণ প্রভৃতি কার্য্য নিমিত্ত, অথবা বাস-গৃহ বা শিল্পকর্ম্ম প্রভৃতির ইমারত নিমিত্ত যে তুমি ব্যবহার করা বা করিতে দেওয়া যায় তাহা ও (গ) খাসকর বনকর, জলকর প্রভৃতি স্বত্ব বুঝাইবে।

"তুমি।"

ব্যাখ্যা।—বাস্তু তুমি রায়তের দখলে থাকিলে, কৃষি কার্য্যার্থে ব্যবহৃত তুমি হইবে, এবং ঐ রায়ত যে তুমি চাষ করে তাহার সহিত এক যোত বলিয়া গণ্য হইবে।

যে ব্যক্তি নগদ বা শস্যাদিরূপ খাজানা দিতে দায়ী তাহাকে "প্রজা" বলে।

"প্রজা।"

যে ব্যক্তিকে কোন প্রজা নগদ বা শস্যাদিরূপ খাজানা দিতে দায়ী, তাঁহাকে "তুম্যধিকারী" বলে।

তুম্যধিকারী।

যে নিদর্শনপত্র বলে তুম্যধিকারী ও প্রজা সম্বন্ধ সৃষ্ট হয় বা চলিত থাকে, তাহা তুম্যধিকারী প্রজার অনুকূলে সম্পাদন করিলে, সেই নিদর্শনপত্রকে "ভোগানুমতিপত্র" বা "পাট্টা" বলে।

ভোগানুমতিপত্র। পাট্টা।

যে নিদর্শনপত্রবলে তুম্যধিকারী ও প্রজাসম্বন্ধ সৃষ্ট হয় বা চলিত থাকে, তাহা প্রজা তুম্যধিকারির অনুকূলে সম্পাদন করিলে, সেই নিদর্শনপত্রকে "কবুলিয়ত" বলে, ইহার মধ্যে ভোগানুমতিপত্রের বা পাট্টার অনুরূপ পত্রও গণ্য।

কবুলিয়ত।

যে জিলায় একজন কালেক্টর সাহেব নিযুক্ত হন "কালেক্টরী" শব্দে সেই জিলা বুঝাইবে। যে তুমি ঐ জিলার স্থানীয় সীমার অন্তর্গত নহে কিন্তু ঐ জিলায় খাজানা

কালেক্টরী।

খাজানা যে মহালের রাজস্ব দেওয়া যায় সেই মহালের অন্তর্গত, "কালেক্টরী" শব্দে সেই ভূমি গণ্য হইবে না।

স্বাক্ষরিত।

কোন ব্যক্তি আপনার নাম লিখিতে না পারাতে চেরা সহী করিলে "স্বাক্ষরিত" শব্দে চেরা সহী করা বুঝাইবে। এই শব্দে পূর্ব্বোক্ত ব্যক্তির নামের "মোহরযুক্ত"ও বুঝাইবে।

বিচারপতি।

"বিচারপতি" শব্দে কোন আদালতের আধিপত্যকারী কর্ত্তৃপক্ষ বুঝাইবে।

ধারা।

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

দেশাচার প্রভৃতি সংরক্ষণের কথা।

৪ ধারা। এই আইনের কোন কথা দ্বারা

(ক) কোন দেশাচার বা দেশাচারানুগত স্বত্ব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হইলে অথবা এই আইনের বিধানক্রমে স্পষ্টতঃ বা তাবত পরিবর্ত্তিত বা রহিত না হইলে তাহার,

(খ) আইনে যেরূপ লক্ষণ ও সীমার নির্দ্দেশ আছে তদনুযায়ী বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতার ও কর্ম্মের,

(গ) এই আইন দ্বারা স্পষ্টতঃ বা তাবতঃ যে বিশেষ বা স্থানীয় আইন রহিত করা না যায় তাহার কোন বিধানের,

কোন ব্যতিক্রম করিবার অভিপ্রায় নাই।

উদাহরণ।

নির্দ্দিষ্ট মিয়াদে বা বৎসর২ হিসাবে রায়তের আপন ভূমি কোর্পাবিলি করিবার দেশাচার এই আইনের বিধানের সহিত অসঙ্গত নহে, এবং এই আইনের বিধান দ্বারা স্পষ্টতঃ বা তাবতঃ পরিবর্ত্তিত বা রহিত করা যায় নাই। এই আইন দ্বারা উক্ত দেশাচারের কোন ব্যতিক্রম হয়, এরূপ অভিপ্রায় নাই।

খণ্ডে ও অধ্যায়ে আইন বিভাগের কথা।

৫ ধারা। এই আইন পশ্চাল্লিখিতমতে খণ্ডে ও অধ্যায়ে বিভক্ত।—

প্রথম খণ্ড।—ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধীয় মূল ব্যবস্থা।

১ অধ্যায়।—তালুকদার ও পেটাওতালুকদারদের কথা।

২ অধ্যায়।—যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করিতে স্বত্ববান্ তাহাদের কথা।

৩ অধ্যায়।—যে রায়তেরা বার বৎসর ভূমি ভোগ করিয়া দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে তাহাদের কথা।

৪ অধ্যায়।—যে রায়তেরা তিন বা ওদধিক বৎসর কিন্তু বার বৎসরের ন্যূন কাল ভূমি ভোগ করিয়াছে তাহাদের কথা।

৫ অধ্যায়।—যে রায়তেরা তিন বৎসরের ন্যূন কাল ভূমি ভোগ করিয়াছে তাহাদের কথা।

৬ অধ্যায়।—ইমারত প্রভৃতির নিমিত্ত ভূমির ব্যবহারের কথা।

৭ অধ্যায়।—স্বত্ব নিমজ্জনের কথা।

৮ অধ্যায়।—তালুক, পেটাওতালুক ও দখলী স্বত্ববিশিষ্ট ভোগের হস্তান্তর রেজিষ্টরী করণের কথা।

৯ অধ্যায়।—খাজানা, খাজানার কিস্তী, খাজানার রসীদ, খাজানা আদায়ত করণ, খাজানা বন্ধন ও খাজানা বন্ধকের কথা।

১০ অধ্যায়।—সহাধিকারিদের কথা।

১১ অধ্যায়।—ভূম্যধিকারী ও প্রজাদের কোন২ রূপ বিধি স্বত্বের কথা।

১২ অধ্যায়।—মেহারের নিমিত্ত বিশেষ বিধানের কথা।

১৩ অধ্যায়।—ক্ষতিপূরণের ও দণ্ডের কথা।

১৪ অধ্যায়।—মিয়াদের কথা।

দ্বিতীয় খণ্ড। ভূম্যধিকারী ও প্রজাদের মধ্যে মোকদ্দমার কার্য্যপ্রণালীর বিধি।

১৫ অধ্যায়।—দখলী স্বত্ববিশিষ্ট রায়তদের ও তালুকদার পেটাওতালুকদারদের নগদ খাজানা দিতে হইলে, খাজানা বৃদ্ধি করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৬ অধ্যায়।—বিনা ডিক্রীতে সরাসরী নীলাম দ্বারা কোন২ স্থলে বাকী খাজানা আদায় করিবার কথা।

১৭ অধ্যায়।—ভূম্যধিকারী ও তদীয় প্রজা বা কর্ম্মকারকদের মধ্যে যে মোকদ্দমা হয় তাহার কার্য্যপ্রণালী-গত কোন২ বিশেষ বিধির কথা।

১৮ অধ্যায়।—বাকী খাজানা আদায়ের মোকদ্দমার ও অন্য কোন২ মোকদ্দমার কার্য্য-প্রণালীর কথা।

প্রথম খণ্ড।

ভূম্যধিকারী ও প্রজাসম্বন্ধীয় মূল ব্যবস্থা।

---

১ অধ্যায়।—তালুকদার ও পেটাওতালুকদারদের কথা।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি অবধারিত খাজানায় তালুক বা পেটাওতালুক ভোগ হইলে তাহার খাজানা বৃদ্ধি হইতে না পারিবার কথা।

৬ ধারা।—(ক) মিয়াদী পাট্টাক্রমে ভোগ না হইলে, কোন তালুকদার বা পেটাও তালুকদার, ১৭৯৩ খৃষ্টাব্দে বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার যে চিরস্থায়ী বন্দোবস্ত হয়, তৎকালাবধি যাহার পরিবর্ত্তন হয় নাই এরূপ অবধারিত খাজানা দিয়া আপন তালুক বা পেটাওতালুক ভোগ করিতে থাকিলে, তাঁহার ঐ খাজানা বৃদ্ধি হইতে পারিবে না।

অপরিবর্ত্তিত খাজানায় বিশ বৎসর ভোগ হইলে অনুমানের কথা।

(খ) এই আইনমত কোন মোকদ্দমায় যদি প্রমাণ হয় যে, যে হারে খাজানা দিয়া কোন তালুক বা পেটাওতালুক ভোগ হইতেছে, উক্ত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্ব বিশ বৎসর মধ্যে তাহার পরিবর্ত্তন হয় নাই, তবে ঐ তালুক বা পেটাওতালুক উক্ত চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ঐ খাজানা দিয়া ভোগ হইয়া আসিতেছে, এরূপ অনুমান হইবে। কিন্তু যদি বিপরীত দর্শান যায়,

অথবা উক্ত তালুক বা পেটাওতালুক পরে সৃষ্ট হইয়াছে, কিম্বা ঐ খাজানা পরবর্ত্তি কোন সময়ে অবধারিত হইয়াছে, ইহার প্রমাণ দেওয়া যায়, তবে ঐ অনুমান হইবে না।

বর্জ্জিত কথা।—যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হয় নাই, তদন্তর্গত তালুকের বা পেটাওতালুকের যেলা রাজস্বের কিয়ৎকালীন বন্দোবস্তের মিয়াদ ফুরাইলে উক্তরূপ অনুমান হইয়া ঐ তালুকের বা পেটাওতালুকের খাজানা বৃদ্ধির বাধা হইবে না। কিন্তু কোন রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষ গবর্ণমেণ্টের স্থানে পাকা বন্দোবস্ত করিবার বা বন্দোবস্ত দৃঢ় করিবার ক্ষমতা পাইয়া বন্দোবস্তী কার্য্যানুষ্ঠানমধ্যে ঐ তালুক বা পেটাওতালুক অবধারিত হারে খাজানা দিয়া চিরকাল ভোগ করিবার স্বত্ব স্পষ্ট বাক্যে স্বীকার করিয়া থাকিলে, স্বতন্ত্র কথা।

তালুক বা পেটাওতালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ভোগ হইয়া আসিতেছে, কোন২ স্থলে মাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।

৭ ধারা। উক্ত চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক বা পেটাওতালুক ভোগ হইয়া আসিতেছে, নিম্নলিখিতরূপ প্রমাণ ব্যতিরিকে তাহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না, অর্থাৎ (১) যে ভূম্যধিকারির অধীনে ঐ তালুক প্রভৃতি ভোগ করা যায় তিনি, (ক) জিলার বিশেষ দেশাচারক্রমে, কিম্বা (খ) যে নিয়মাধীনে ঐ তালুক বা পেটাওতালুক ভোগ হয় তদনুসারে, তাহার খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান্; অথবা (২) ঐ তালুকদার বা পেটাওতালুকদার আপনার খাজানা কমাইয়া লইয়া দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে দায়ী হইয়াছেন, এবং ভূমি হইতে ঐ খাজানা তোলা যাইতে পারে।

১ ব্যাখ্যা।— কোন তালুকদার বা পেটাওতালুকদার যদি দেখাইতে পারেন যে তাঁহার তালুক বা পেটাওতালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ছিল ও কালেক্টর সাহেবের আফিসে রেজিষ্টরী করা যাইতে পারিত, তবে তাহা প্রকৃত প্রস্তাবে রেজিষ্টরী করা গিয়া না থাকিলেও, ঐ তালুকদার বা পেটাওতালুকদার এই ধারামত উপকার প্রাপ্ত হইতে পারিবেন।

২ ব্যাখ্যা।—ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের বিধানমতে যে ভূমি গৃহীত হয়, তন্নিমিত্ত কোন তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানা কমাইয়া দেওয়া গেলে ঐ কমান এই ধারার মর্ম্মানুযায়ী কমান বলিয়া গণ্য হইবে না।

পৈবস্তীক্রমে প্রাপ্ত ভূমির নিমিত্ত তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধির দাবির ও শিকস্তী ক্রমে নষ্টভূমির নিমিত্ত খাজানা কমাইয়া লইবার স্বত্বের কথা।

৮ ধারা। ৬ বা ৭ ধারার প্রকারান্তরের কথা থাকিলেও বিপরীত ভাবের স্পষ্ট চুক্তি যে স্থলে না থাকে, সেই স্থলে, প্রত্যেক তালুকদার বা পেটাওতালুকদার, পৈবস্তী হইয়া তাঁহার তালুকের বা পেটাওতালুকের যে ভূমি বৃদ্ধি হয় তন্নিমিত্ত অতিরিক্ত খাজানা দিতে দায়ী হইবেন, এবং শিকস্তী হইয়া বা প্রকারান্তরে তাঁহার তালুকের বা পেটাওতালুকের ভূমির পরিমাণ কম হইলে তন্নিমিত্ত খাজানা কম করিয়া লইবার স্বত্ববান্ হইবেন। যে পরিমাণ ভূমি বাড়ে বা কমে, তাহা তালুকের বা পেটাওতালুকের পূর্ব্বের জুমির যে অংশ যত পরিমাণে খাজানা বাড়ান বা কমান যায় তাহা পূর্ব্ব প্রচলিত খাজানার সেই অংশ হইবে।

তালুকের ও পেটাওতালুকের খাজানা বৃদ্ধির সীমার কথা।

৯ ধারা। যে স্থলে কোন তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানার হার বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে ঐ হার নিকটস্থ তদ্রূপ তালুক বা পেটাওতালুক যাঁহারা ভোগ করেন তাঁহারা দেশাচারানুগত যে হারে খাজানা দেন সেই হার পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে; যে স্থলে তদ্রূপ দেশাচারানুগত হার নাই অথবা যে স্থল ৬ ধারার বর্জ্জিত কথার মধ্যে পড়ে, সেই স্থলে আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করেন, সেই হার খাজানা বৃদ্ধির চরম সীমা হইবে। কিন্তু যে স্থলে কোন দেশাচারানুগত হার নাই সেই স্থলে তালুকদারের বা পেটাওতালুকদারের মোট যত খাজানা পাওনা হয় তাহা হইতে খাজানা আদায় করিবার খরচ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাঁহার লভ্য তাহার শতকরা ত্রিশভাগের অধিক না হয়। উক্ত তালুকদার আপনার তালুকের বা পেটাওতালুকের অন্তর্গত ভূমির কোন অংশ আপনি দখল করিলে, অথবা ঐ ভূমির কোন অংশ খাজানামুক্ত করিয়া দান করিলে, ঐ২ অংশের নিমিত্ত যুক্তিমত খাজানা হিসাব করিয়া পূর্ব্বোক্ত মোট খাজানার মধ্যে ধরিতে হইবে।

বর্দ্ধিত খাজানা পূর্ব্ব দেয় খাজানার দ্বিগুণের অধিক না হইবার ও খাজানাবৃদ্ধি ক্রমশঃ হইবার কথা।

১০ ধারা। (ক) যে স্থলে কোন তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানা-বৃদ্ধি করা যাইতে পারে দেখা যায় বর্দ্ধিত খাজানা পূর্ব্ব দেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না, এবং আদালত আজ্ঞা করিতে পারিবেন যে খাজানা বৃদ্ধি ক্রমে২ করা যাইবে, অর্থাৎ যাবৎ খাজানা বৃদ্ধির উর্দ্ধ সীমায় উপস্থিত না হওয়া যায়, পাঁচ বৎসরের অনধিক কএক বৎসর ব্যাপিয়া ক্রমে২ বৎসর২ খাজানা বৃদ্ধি হইবে।

খাজানা একবার বর্দ্ধিত হইলে দশবৎসর পরিবর্ত্তিত হইতে না পারিবার কথা।

(খ) এই আইনের বিধানমতে কোন দেওয়ানী আদালত কোন তালুকদারের বা পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধি করিয়া থাকিলে, উক্ত খাজানা বৃদ্ধি করিবার চূড়ান্ত আজ্ঞার তারিখ অবধি দশ বৎসর গত না হইলে উক্ত খাজানা পরিবর্ত্তন করা যাইতে পারিবে না।

ব্যাখ্যা।—পৈবস্তী হইয়া ভূমি বৃদ্ধি হওয়াতে যে খাজানা বৃদ্ধি হয় অথবা শিকস্তা হইয়া ভূমি নষ্ট হওয়াতে যে খাজানা হ্রাস হয়, তাহা এই ধারার (খ) প্রকরণের মর্ম্মানুযায়ী পরিবর্ত্তন নহে।

নির্দ্দিষ্ট কালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে না হইলে, গবর্ণমেণ্ট বা কোন ভূস্বামী যে ব্যক্তিকে ১০০ বিঘার অধিক ভূমি হস্তান্তর করিয়া দেন, তাঁহার ৮,৯ ও ১০ ধারার মর্ম্মানুযায়ী তালুকদার বলিয়া গণ্য হইবার কথা।

১১ ধারা। (ক) প্রকারান্তরের দেশাচার বা চুক্তি থাকিলেও, গবর্ণমেণ্ট বা কোন ভূস্বামী, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বা পরে, নির্দ্দিষ্ট কালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে না হইয়া কোন ব্যক্তিকে একমাত্র হস্তান্তরপত্রক্রমে কস্তিমত একশত বিঘার অধিক ভূমি হস্তান্তর করিয়া দিলে পর ঐ ব্যক্তি উক্তরূপ হস্তান্তরীকৃত ভূমি অধিকার করিয়া থাকিলে, ৮,৯ ও ১০ ধারার মর্ম্মা-

দুয়ারী তালুকদার বলিয়া গণ্য হইবেন। উক্তরূপ প্রত্যেক তালুক ঐ ব্যক্তি বা তাঁহার উত্তরাধিকারী বার বৎসর ভোগ করিয়া থাকিলে, চিরস্থায়ী ও হস্তান্তর-যোগ্য হইবে।

নির্দ্দিষ্টকালের মিমিত্ত বা বৎসর২ হিসাবে না হইলে, কোন তালুকদার বা পেটাওতালুকদার যে ব্যক্তিকে ১০০ বিঘার অধিক ভূমি হস্তান্তর করিয়া দেন, তাঁহার ৮, ৯ ও ১০ ধারার মর্ম্মানুযায়ী পেটাওতালুকদার বলিয়া গণ্য হইবার কথা।

(খ) প্রকারান্তরের দোষে বা ত্রুটি থাকিলেও, কোন তালুকদার বা পেটাও তালুকদার, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বা পর, নির্দ্দিষ্টকালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে না হইয়া কোন ব্যক্তিকে একমাত্র হস্তান্তর-পত্রক্রমে কস্মিনকালে একশত বিঘার অধিক ভূমি হস্তান্তর করিয়া দিলে পর ঐ ব্যক্তি উক্তরূপ হস্তান্তরীকৃত ভূমি অধিকার করিয়া থাকিলে, ৮, ৯ ও ১০ ধারার মর্ম্মানুযায়ী পেটাওতালুকদার বলিয়া গণ্য হইবেন। উক্তরূপ প্রত্যেক পেটাও তালুক ঐ ব্যক্তি বা তাঁহার উত্তরাধিকারী বার বৎসর ভোগ করিয়া থাকিলে, চিরস্থায়ী ও হস্তান্তরযোগ্য হইবে।

১২ ধারা। ১১ ধারায় উল্লিখিত একমাত্র হস্তান্তর-পত্রে যে ভূমি ধরা যায় তাহার অর্দ্ধেকের অধিক ঐ হস্তান্তর করণকালে কৃষিকার্য্যের অনুপযোগী থাকিলে, এবং উক্ত কৃষিকর্ম্মের অনুপযোগী ভূমি কৃষিযোগ্য করা ঐ হস্তান্তর করণের একটি উদ্দেশ্য হইলে, এবং ঐ কৃষিকর্ম্মের অনুপযোগী ভূমি তদনুসারে কৃষিযোগ্য করা গেলে, ১১ ধারায় উল্লিখিত উক্তরূপ কোন তালুকদারের বা পেটাও তালুকদারের খাজানা, ৯ ধারায় প্রকারান্তরের কথা থাকিলেও, এরূপে বৃদ্ধি করা যাইবে না, যে ৯ ধারায় উল্লিখিত অবশিষ্ট টাকা ঐ ধারার বিধান অনুসারে হিসাব করিয়া ধার্য্য হইবে ঐ টাকার শতকরা কুড়ি ভাগের কম তাঁহার লভ্য না হয়; এবং যে স্থলে ঐ খাজানা বৃদ্ধি করা যায়, সেই স্থলে আদালতের যেরূপ উপযুক্ত ও ন্যায্য বোধ হয়, আদালত ঐ তালুকদারকে বা পেটাওতালুকদারকে লভ্যস্বরূপ উক্ত অবশিষ্ট টাকার শতকরা কুড়ি ভাগের অধিক তদ্রূপ কোন অংশ দিতে পারিবেন।

হস্তান্তর করিবার সময়ে হস্তান্তরীকৃত ভূমির অর্দ্ধেকের অধিক কৃষিকর্ম্মের অনুপযোগী থাকিলে, ১১ ধারায় লিখিত তালুকদার ও পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধির সীমার কথা।

১৩ ধারা। সমুদয় চিরস্থায়ী তালুক ও পেটাও-তালুক অন্য স্থাবর সম্পত্তির ন্যায় পুরুষানুক্রমে ভোগ্য, উইল করিবার যোগ্য, বিক্রয় বা দান ক্রমে বা ভোগাধিকারির ইচ্ছামত প্রকারান্তরে হস্তান্তর-যোগ্য, তাঁহার নিজের দেনার জন্য দায়ী, এবং দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালীর অধীন হইবে, বলিয়া প্রকাশ করা গেল।

চিরস্থায়ী তালুক ও পেটাওতালুক পুরুষানুক্রমে ভোগ্য এবং উইল ও হস্তান্তর করিবার যোগ্য বলিয়া প্রকাশ করিবার কথা।

১৪ ধারা। (ক) পত্তনী তালুক চিরকালের নিমিত্ত অবধারিত খাজানা দিয়া ভোগ করা যায়; ইহা পুরুষানুক্রমে ভোগ্য, উইল করিবারযোগ্য, বিক্রয় বা দানক্রমে বা ভোগাধিকারির ইচ্ছামত প্রকারান্তরে হস্তান্তর-যোগ্য, তাঁহার নিজের দেনার জন্য দায়ী, এবং দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালীর অধীন হইবে।

পত্তনী তালুকের আইনমত অনুষঙ্গের কথা।

(খ) পত্তনী তালুকের খাজানা দেওয়ার ত্রুটি হইলে, তাহা অসিদ্ধ করা যাইতে পারিবে না, কিন্তু ঐ তালুক প্রকাশ্য নীলামে ধরিয়া বিক্রয় করা যাইতে পারিবে এবং উক্ত তালুকের বাকী খাজানার অতিরিক্ত বিক্রয়োৎপন্ন টাকার যাহা কিছু উদ্বৃত্ত থাকে, ত্রুটিকারী পত্তনীদার অর্থাৎ ঐ পত্তনী তালুক ভোগাধিকারী এই আইনের বিধানের নিয়মাধীনে তাহা পাইতে পারিবেন।

(গ) পত্তনীদার আপনার তালুকের অন্তর্গত ভূমি যে কোন প্রকারে স্বীয় স্বার্থগত অধিক সুবিধা দেখেন, সেই প্রকারে বিলি করিতে পারিবেন, এবং উক্ত পত্তনীদার অন্যের সহিত যে কোন চুক্তি করেন, তাহা সেই চুক্তির উভয় পক্ষ এবং তাঁহাদের উত্তরাধিকারী ও আসিনীদের অর্থাৎ প্রতিনিধিদের মধ্যে বৈধ ও সিদ্ধ থাকিবে। কিন্তু ভূস্বামী পত্তনী তালুক করিয়া দিবার সময়ে তাহার যে অবস্থা ছিল, তাঁহার বাকী খাজানার নিমিত্ত তিনি ঐ তালুককে সেই অবস্থায় দায়ী ধরিতে পারিবেন, এবং স্বীয় প্রজা পত্তনীদারের কার্য্যজনিত সমুদয় দায় হইতে মুক্ত জ্ঞান করিতে পারিবেন, উক্ত চুক্তিদ্বারা ভূস্বামির এইসত্বের কোন বিঘ্ন হইবে না।

ব্যাখ্যা।—কোন পাট্টাক্রমে স্পষ্ট ভূসম্পর্ক ঐ পাট্টায় পত্তনী তালুক বলিয়া লেখা গেলে, এইরূপ অনুমান হইবে যে এই ধারার নির্দ্দিষ্ট অনুষঙ্গ সহিত তালুক কল্পিত হইয়াছে।

১৫ ধারা। ১৪ ধারার বিধান আবশ্যক পরিবর্ত্তনসহ নিম্নলিখিত পেটাওতালুকের প্রতি অর্থাৎ দরপত্তনী নামা দ্বিতীয় শ্রেণীর পত্তনী তালুকের প্রতি, ও সেপত্তনীনামা তৃতীয় শ্রেণীর পত্তনী তালুকের প্রতি, ও চাহর পত্তনী বা চতুর্থ শ্রেণীর পত্তনী তালুকের প্রতি, বর্ত্তিবে।

১৪ ধারার বিধান আবশ্যক পরিবর্ত্তন সহ পেটাও-পত্তনীতালুকের প্রতি বর্ত্তিবার কথা।

২ অধ্যায়।—যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করিতে স্বত্ববান তাহাদের কথা।

১৬ ধারা। ১৭৯৩ খৃষ্টাব্দে বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার যে চিরস্থায়ী বন্দোবস্ত হয়, তৎকালাবধি খাজানার যে অবধারিত হার পরিবর্ত্তিত হয় নাই, সেই হারে যে রায়তেরা ভূমি ভোগ করে, তাহাদের সেই হারে ভূমি ভোগ করিতে থাকিবার অধিকার আছে।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যাহার পরিবর্ত্তন হয় নাই, রায়ত সেই হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিলে, তাহার সেই হারে ভোগ করিতে থাকিবার কথা।

১ ব্যাখ্যা।—খাজানা শস্যাদিরূপে দেয় হইলে, উৎপন্নের অবধারিত অংশ এই ধারার মর্ম্মানুযায়ী অবধারিত হার বলিয়া গণ্য হইবে।

২ ব্যাখ্যা।—ভূমি ভিন্ন২ ব্যক্তিকে দেওয়া গেলে, কিম্বা হস্তান্তর করা গেলে, অথবা যে ভূমির সহিত এক যোগে কোন খোতের অংশ ছিল সেই ভূমি হইতে পৃথক করা গেলে, অথবা অন্য ভূমির সহিত মিশাইয়া এক খোত করা গেলে, যদি ঐ কার্য্য দ্বারা খাজানার

হার পরিবর্ত্তিত না হইয়া থাকে, তবে এই ধারার কার্য্য হইবার কোন বিঘ্ন হইবে না।

১৭ ধারা। যদি কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে প্রমাণ হয় যে, কোন রায়ত যে ভূমি ভোগ করে, তাহার খাজানা উক্ত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বিশ বৎসর মধ্যে পরিবর্ত্তিত হয় নাই, তবে ইহার বিপরীত দর্শান না গেলে, বা উক্ত খাজানা পরে কোন সময়ে ধার্য্য হইয়াছে ইহার প্রমাণ দেওয়া না গেলে, এই অনুমান হইবে যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ঐ খাজানা দিয়া ভূমি ভোগ হইয়া আসিতেছে।

মোকদ্দমার পূর্ব্বে বিশ বৎসর মধ্যে ভূমির খাজানা পরিবর্ত্তিত না হইয়া থাকিলে অনুমানের কথা।

ব্যাখ্যা।—চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে খাজানার পরিবর্ত্তন হয় নাই, সেই খাজানায় সেই সময়াবধি ভূমি ভোগ হইয়া আসিতেছে, রায়ত স্পষ্ট বাক্যে এইরূপ বাদ উত্থাপন না করিলেও, যদি ঐ রূপে ভোগ হইবার বিরুদ্ধ কোন কথা তাহার উক্তির মধ্যে না থাকে, তবে ঐ অনুমান হইতে পারিবে।

বর্জ্জিত কথা।—যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হয় নাই তদন্তর্গত ভূমি ভোগকারী রায়তের বেলা, রাজস্বের কিয়ৎকালীন বন্দোবস্তের মিয়াদ ফুরাইলে, উক্ত অনুমানবলে ঐ ভূমির খাজানা বৃদ্ধির কোন বাধা হইবে না। কিন্তু কোন রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষ গবর্ণমেণ্টের স্থানে পাকা বন্দোবস্ত করিবার বা বন্দোবস্ত দৃঢ় করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া, বন্দোবস্তের আনুষ্ঠানিক কার্য্যমধ্যে অবধারিত খাজানার হারে ঐ ভূমি চিরকাল ভোগ করিবার স্বত্ব স্পষ্টতঃ স্বীকার করিয়া থাকিলে, স্বতন্ত্র কথা।

কিয়ৎকালীন বন্দোবস্তী মহাল হইলে, বর্জ্জিত কথা।

১৮ ধারা। কোন রায়ত অবধারিত হারে ভূমি ভোগ করিবার অধিকারী হইলে পৈতৃকী হইয়া তাহার যোতের যত ভূমি বৃদ্ধি হয় তন্নিমিত্ত অতিরিক্ত খাজানা দিতে দায়ী হইবে এবং শিকস্তী হইয়া তাহার যোতের যে পরিমাণ ভূমি কম হয়, তন্নিমিত্ত খাজানা কমাইয়া লইতে পারিবে। পরিমাণের বৃদ্ধি বা হ্রাস উক্ত যোতের পূর্ব্ব পরিমাণের যে অংশ হয়, খাজানার বৃদ্ধি বা হ্রাস পূর্ব্বপ্রদত্ত খাজানার সেই অংশ হইবে।

রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিলে, পৈতৃকী হইয়া ভূমি বৃদ্ধি হইলে তজ্জন্য তাহার অতিরিক্ত খাজানা দিতে হইবা ও শিকস্তী হইয়া ভূমি কম হইলে তজ্জন্য তাহার খাজানা কমাইয়া লইতে পারিবার কথা।

৩ অধ্যায়।—যে রায়তেরা বার বৎসর ভূমি ভোগ করিয়া দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে, তাহাদের কথা।

১৯ ধারা। ১১ ধারার বিধানের নিয়মাধীনে, যে কোন রায়ত ক্রমাগত বার বৎসর কাল প্রজাস্বরূপ ভূমি ভোগ করিয়া, অথবা প্রজাস্বরূপ ভূমি দখল ও চাষ করিয়া তন্নিমিত্ত খাজানা দিয়া আসিয়াছে, তাহা পাট্টাক্রমে বা অন্য যে প্রকারে ভোগ বা দখল করা যাউক না কেন, সেই ভোগ করা, অথবা দখল ও চাষ করা ভূমিতে সেই রায়তের দখলী স্বত্ব আছে।

বার বৎসর ভূমি ভোগ করিলে, অথবা দখল ও চাষ করিলে, দখলী স্বত্ব প্রাপ্ত হইবার কথা।

উদাহরণ।

আনন্দ আট বৎসর ভূমি ভোগ ও চাষ করিয়া তাহাদের খাজানা দেয়। নবম বৎসরে ভূমি শিহস্তা হইয়া ঐ স্থান জলমগ্ন হয়, এবং আনন্দ খাজানা দেওয়া বন্ধ করে। সাত বৎসর পরে ভূমি সেই স্থানেই আবার উঠে। ঐ ভূমিতে আনন্দের দখলী স্বত্ব নাই।

১ ব্যাখ্যা।—রায়তের পিতা অথবা রায়ত অন্য যে ব্যক্তির উত্তরাধিকারী হয় সেই ব্যক্তি ঐ ভূমি যত কাল ভোগ বা দখল করে, সেই কাল রায়ত স্বয়ং যত কাল ভোগ বা দখল করিয়াছে তাহার সহিত, উক্ত বার বৎসর কালের হিসাব ধরিবার সময়ে, যোগ করা যাইতে পারিবে। কিন্তু ভূম্যধিকারির সম্মতিক্রমে হউক বা না হউক, বার বৎসর পূর্ণ হইবার পূর্ব্বে উত্তরাধিকার ভিন্ন প্রকারান্তরে হস্তান্তর হইলে হস্তান্তরকারী যতকাল ভোগ বা দখল করেন তাহা হস্তান্তরক্রমে গৃহীতার ভোগের বা দখলের সময়ের সহিত যোগ করা যাইতে পারিবে না। কিন্তু উক্ত ভূম্যধিকারী উক্তরূপ যোগ হইবে বলিয়া স্পষ্ট বাক্যে লিখিয়া সম্মতি দিলে, ঐরূপ যোগ হইতে পারিবে।

২ ব্যাখ্যা।—যে ভূম্যধিকারির অধীনে কোন রায়ত উক্ত বারবৎসরের সমুদয় বা কিয়দংশ কাল ভূমি ভোগ বা দখল করে, ঐ ভোগ করা বা দখল করা ভূমিতে সেই ভূম্যধিকারির কোন স্বত্ব ছিল না, অথবা সেই ভূম্যধিকারী একজন সহাধিকারী মাত্র, এরূপ প্রমাণ হইলে ঐ রায়তের দখলী স্বত্ব প্রাপ্ত হইবার কোন বাধা হইবে না।

৩ ব্যাখ্যা। নিম্নলিখিত ব্যক্তিরা দখলীস্বত্ব প্রাপ্ত হইতে পারিবেন,—

(ক) কোন মোকররীদারের বা ইস্তমরারীদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন, তিনি;

(খ) ১১ ধারার লিখিত কোন তালুকদারের বা পেটাও তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন সেই ব্যক্তি আপনি পেটাও তালুকদার না হইলে, এবং তিনি দখল পাইবার পূর্ব্বে অন্য কেহ এই আইনের, অথবা ১৮৫৯ সালের ১০ আইনের, কিম্বা বঙ্গীয় মন্ত্রিসভার প্রণীত ১৮৬৯ সালের ৮ আইনের বিধানমতে সেই ভূমিতে দখলী স্বত্ব প্রাপ্ত হইয়া না থাকিলে, তিনি;

(গ) কোন ভূমির দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের অব্যবহিত অধীনে ঐ ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন, ঐ ভূমি নির্দ্দিষ্ট কালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে ভোগ বা দখল করা না হইলে, তিনি;

(ঘ) কোন ভূস্বামীর অব্যবহিত অধীনে খামার, বা নিজযোত, বা সেরী ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন, ঐ ভূমি নির্দ্দিষ্ট কালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে ভোগ বা দখল করা না হইলে, তিনি।

৪ ব্যাখ্যা।—নিম্নলিখিত স্থলে নিম্নলিখিত কোন ব্যক্তি দখলী স্বত্ব প্রাপ্ত হইতে পারিবেন না,

(ক) যে ভূমি কোন ভূম্যধিকারির মহালের অংশ, সেই ভূমিতে ঐ ভূম্যধী ;

(খ) যে ভূমি ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ বা ১৩ ধারার লিখিত কোন তালুকদারের তালুকের অংশ, সেই ভূমিতে ঐ তালুকদার ;

(গ) যে ভূমি ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ বা ১৩ ধারার লিখিত কোন পেটাও তালুকদারের পেটাও তালুকের অংশ, সেই ভূমিতে ঐ পেটাও তালুকদার ;

(ঘ) যে ভূমিতে কোন মকররীদারের বা ইস্তমরারীদারের মকররী বা ইস্তমরারী স্বত্ব আছে, সেই ভূমিতে ঐ মকররীদার বা ইস্তমরারীদার ;

(ঙ) যে ভূমি কোন ইজারদারের ইজারার অন্তর্গত, সেই ভূমিতে ঐ ইজারদার। কিন্তু, কোন ভূমিতে প্রকারান্তরে যথাবিধি দখলী স্বত্ব প্রাপ্ত হইলে পর ঐ ভূমি ইজারার অংশ স্বরূপ ভোগ করিলে, ঐ দখলী স্বত্ব নষ্ট হইবে না।

(চ) কোন ভূমির দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের অব্যবহিত অধীনে ঐ ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন, উক্ত ভূমি নির্দ্দিষ্ট কালের নিমিত্ত বা বৎসর২ হিসাবে ভোগ করিলে, সেই ব্যক্তি।

(ছ) কোন ভূস্বামির অব্যবহিত অধীনে খামার নিজ খোত বা সেরী ভূমি ভোগ বা দখল করিয়া তাঁহাকেই যে ব্যক্তি খাজানা দেন, ঐ ভূমি নির্দ্দিষ্ট কালের নিমিত্ত, বা বৎসর২ হিসাবে ভোগ করা গেলে, সেই ব্যক্তি ;

(জ) যে প্রজা আপন ভূম্যধিকারির স্থানে প্রথমে ভূমির অধিকার পাইবার সময়ে ঐ ভূম্যধিকারির সহিত লিখিত চুক্তি করেন যে ঐ ভূমিতে দখলীস্বত্ব উৎপন্ন হইবে না, ঐ চুক্তিপত্র নিয়মিতরূপে রেজিষ্টরী করা গেলে, সেই প্রজা। অন্য কোন স্থলে কোন চুক্তি থাকাতে প্রজার দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কোন বাধা হইবে না।

২০ ধারা। এই আইনমতে কিম্বা এই আইনদ্বারা রহিত করা কোন আইনমতে যে খোতে দখলীস্বত্ব জন্মিয়াছে, তাহার নিম্নলিখিত আইনমত অনুষঙ্গ হইবে, অর্থাৎ,

দখলীস্বত্ববিশিষ্ট খোতের আইনমত অনুষঙ্গের কথা।

(ক) ঐ খোতের বাকীখাজানার ডিক্রী জারীক্রমে তাহা বিক্রয় করা যাইতে পারিবে, কিন্তু অন্য কোন ডিক্রীজারীক্রমে তাহা বিক্রয় করা যাইতে পারিবে না।*

কেবল বাকী খাজানার ডিক্রী জারীক্রমে বিক্রয় হইতে পারিবার কথা।

*৬৪ ধারায় বিধান আছে যে কোন ভূম্যধিকারী ডিক্রী পাইলে অন্য প্রকারে ডিক্রী জারী করিবার পূর্ব্বে বিক্রয় করিবেন। বিক্রয়ের সময়ে সকলেই ডাকিতে পারিবেন।—২০৮ ধারার (১) প্রকরণ দেখ।

(খ) ঐ খোত খরাও বিক্রয় বা দানক্রমে হস্তান্তর ও উইলক্রমে বিনিয়োগ করা যাইতে পারিবে, এবং উক্ত হস্তান্তর বা বিনিয়োগ কার্য্যের সিদ্ধতা পক্ষে ভূম্যধিকারির সম্মতি আবশ্যক হইবে না। কিন্তু ভূম্যধিকারির লিখিত সম্মতি ব্যতিরেকে উক্ত খোতের কিয়দংশের হস্তান্তর বা আংশিক বিনিয়োগ ভূম্যধিকারির পক্ষে সিদ্ধ হইবে না। হস্তান্তর/ক্রমে প্রাপ্তা যাবৎ অধিকার না পান তাবৎ এই প্রকরণমত হস্তান্তর কার্য্য সম্পূর্ণ হয় না।*

বিক্রয় বা দানক্রমে হস্তান্তর ও উইলক্রমে বিনিয়োগ করা যাইতে পারিবার কথা।

*হস্তান্তর ও উত্তরাধিকার রেজিষ্টরী করিবার বিধান অন্যত্র আছে।—৮ অধ্যায়ের ৪৬—৫৪ ধারা দেখ।

(গ) প্রজা যে উত্তরাধিকারের ব্যবস্থার অধীন, সেই ব্যবস্থানুসারে ঐ খোত উত্তরাধিকৃত হইতে পারিবে, কিন্তু ভূম্যধিকারির সম্বন্ধে সিদ্ধ থাকিতে পারে তাঁহার লিখিত সম্মতি ব্যতিরেকে ঐ খোত বা তাহার খাজানা এরূপে বিভাগ করা যাইবে না। কোন ভূমির দখলী স্বত্ব বিশিষ্ট রায়ত উত্তরাধিকারী না রাখিয়া ও উইল না করিয়া মরিলে, ভূম্যধিকারী ঐ ভূমির অধিকার গ্রহণ করিতে পারিবেন।

প্রজার উত্তরাধিকারের ব্যবস্থাক্রমে উত্তরাধিকৃত হইতে পারিবার কথা।

(ঘ) ভূমির দখলী স্বত্ব বিশিষ্ট কোন রায়ত ঐ স্বত্ব বা ভূমি বা তাহার কোন অংশ বন্ধক দিতে পারিবে না, ও তদ্রূপ বন্ধক সর্ব্বথা ব্যর্থ হইবে, এবং কোন বিচারালয় তাহা গ্রাহ্য করিবেন বা অন্যথা বিচারসম্পর্কীয় কোন কার্য্যে তাহা কলবৎ করিবেন না।

দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের বন্ধক দিতে না পারিবার কথা।

(ঙ) যে ভূমিতে কোন রায়তের দখলী স্বত্ব আছে খাজানা না দেওয়া গেলে বা অন্য কোন কারণে তাহাকে সেই ভূমি হইতে উচ্ছেদ করা যাইতে পারিবে না। কিন্তু যদি ঐ রায়তের সহিত ভূম্যধিকারির এই মর্ম্মের লিখিত চুক্তি হইয়া থাকে যে রায়ত কোন নিয়ম লঙ্ঘন করিলে ভূমি হইতে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে, তবে সেই নিয়ম লঙ্ঘন করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে। তদ্রূপ কোন নিয়ম লঙ্ঘন হওয়াতে উক্তরূপ কোন রায়তের উচ্ছেদ হইলে, সে ২৯ ও ৩০ ধারার বিধানমতে উৎকর্ষ সাধনের ক্ষতিপূরণের টাকা পাইতে পারিবে।

যে ভূমিতে রায়তের দখলী স্বত্ব আছে, সেই ভূমি হইতে তাহাকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

২১ ধারা। যে স্থলে দখলীস্বত্ব বিশিষ্ট কোন খোতের নিমিত্ত রায়ত শস্যাদিরূপ খাজানা দিয়া থাকে, এবং ঐ রায়ত স্বীয় ভূম্যধিকারির স্থানে শস্যোৎপাদন নিমিত্ত বীজ বা মজুর বা অন্য কোন সাহায্য পায় না, সেই স্থলে ২৩ ধারার (গ) প্রকরণের উল্লিখিত প্রধান শস্য সম্বন্ধে ঐ খাজানা মোট উৎপন্নের শতকরা পঞ্চাশ ভাগের অধিক হইবে না। উক্ত প্রধান শস্য ছাড়া অন্য শস্য হইলে, যদি ভূম্যধিকারী ও প্রজা লিখিয়া চুক্তি করিয়া থাকেন যে মোট উৎপন্ন অংশ খাজানাস্বরূপ ভূম্যধি-

দখলী স্বত্ব বিশিষ্ট রায়তের খাজানা শস্যাদিরূপে দিতে হইলে, তাহা প্রধান শস্যাদির সম্বন্ধে শতকরা পঞ্চাশ ভাগের অধিক না হইবার কথা।

অন্য শস্য সম্বন্ধে বিশেষ চুক্তিপত্র করিয়া গ্রহণ করিতে পারিবার ও তদ্রূপ চুক্তিপত্র না থাকিলে প্রধান শস্যের শত করা পঁচিশ ভাগের মূল্য আদায় করিতে পারিবার কথা।

পরের একটি নির্দ্দিষ্ট

কারিকে দেওয়া যাইবে, তবে ঐ চুক্তি প্রবল করা যাইতে পারিবে; কিন্তু উক্তরূপ চুক্তিপত্র না থাকিলে, ভূম্যধিকারী ২৩ ধারার (গ) প্রকরণের বিধানমতে গণিত মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের শতকরা পঁচিশ ভাগ ছাড়া বা তাহার অধিক পাইতে পারিবেন না।

২২ ধারা। যে ভূমিতে কোন রায়তের দখলীস্বত্ব আছে সেই ভূমির নিমিত্ত ঐ রায়ত ভূম্যধিকারিকে মুদ্রাযোগে (নগদ খাজানা দিলে, এই আইনের অন্য বিধানের নিয়মাধীনে, ঐ ভূমিধিকারী সেই খাজানা বৃদ্ধি করিতে পারিবেন। নিম্নলিখিত এক বা একাধিক হেতু ধরিয়া ঐ খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে, অন্য হেতু ধরিয়া নয়।—

দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা যে হেতু ধরিয়া বৃদ্ধি করা যাইতে পারে, তাহার কথা।

(১) সমশ্রেণীর রায়তেরা পার্শ্ববর্ত্তী সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে, উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(২) ঐ রায়ত যে পরিমাণ ভূমির নিমিত্ত পূর্ব্বে খাজানা দিয়াছে, জরীপ দ্বারা প্রমাণ হইয়াছে যে সে তদপেক্ষা অধিকপরিমাণ ভূমি ভোগ করিতেছে।

(৩) যে সময়ে খাজানা ধার্য্য হয়, সেই সময়ের অথবা পরবর্ত্তী কোন সময়ের উৎপাদিকা শক্তির তুলনায় রায়তের পরিশ্রম বা খরচ ভিন্ন এবং যাহা অস্থায়ী বা আকস্মিক মাত্র নহে এরূপ কারণ ভিন্ন ঐ রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(৪) যে সময়ে খাজানা ধার্য্য হয়, সেই সময়ের বা পরবর্ত্তি কোন সময়ের দামের তুলনায় রায়তের পরিশ্রম বা খরচ ভিন্ন এবং যাহা অস্থায়ী বা আকস্মিক মাত্র নহে এরূপ কারণ ভিন্ন ঐ স্থানে বা চলিত বাজারে শস্যের দাম বৃদ্ধি হইয়াছে।

উদাহরণ।

(১) হেতুসম্বন্ধীয়।

(ক) আনন্দ এক্ষণে যে ভূমি ভোগ ও দখল করেন, তাঁহার পিতামহ সত্তর বৎসর পূর্ব্বে তাহা কৃষিযোগ্য করিয়া আবাদ করেন, এবং তাহা ঐ পিতামহ হইতে উত্তরাধিকা ক্রমে তাঁহাতে বর্ত্তিয়াছে। বলরাম পনের বৎসর ভূমি ভোগ ও চাষ করিয়াছেন। যখন তিনি ঐ ভূমির অধিকার প্রাপ্ত হন, ইহা আবাদ অবস্থায় ছিল। সুতরাং আনন্দ ও বলরাম উভয়েরই দখলীস্বত্ব আছে। ইহার প্রমাণ আছে যে, প্রথম যে রায়ত বাস করিয়া ভূমি কৃষিযোগ্য করে, তাহার পুত্রপৌত্রাদির বিশেষ অধিকার আছে। আনন্দ ও বলরাম সমশ্রেণীর রায়ত নহেন।

(খ) আনন্দের প্রপিতামহ চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে যে যোত ভোগ করিতেন, তাহা উত্তরাধিকারক্রমে প্রাপ্ত হইয়া আনন্দ ভোগ দখল করিতেছেন। বলরাম বিশ বৎসর পূর্ব্বে তাঁহার যোতের অধিকার প্রাপ্ত হন। চিরস্থায়ী বন্দোবস্তে। সময়ে যে রায়তদের ভোগদখল ছিল, তাহাদের পুত্রপৌত্রাদি পরে অধিকারপ্রাপ্ত রায়তদের অপেক্ষা টাকা প্রতি চারি আনা কম নিরিখে ভূমি ভোগ করে, ইহার প্রমাণ আছে। আনন্দ ও বলরাম সমশ্রেণীর রায়ত নহেন।

(গ) আনন্দ যে ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছে, তাহা ভূম্যধিকারী অধীনে ও তাঁহাকেই খাজানা দিয়া ভোগ করে। বলরাম ১৯ ধারার ৩ ব্যাখ্যা (গ) দফার উল্লিখিত অবস্থায় দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছেন। আনন্দ ও বলরাম সমশ্রেণীর রায়ত নহে।

(২) হেতু সম্বন্ধীয়।

(ক) আনন্দ নামা রায়ত বিঘা প্রতি এক টাকা হিসাবে ভূমি ভোগ করিয়া ১৭ বিঘার নিমিত্ত ১৭ টাকা বার্ষিক খাজানা দিয়া আসিতেছে। জরীপ করিয়া দেখা গেল যে সে ২৩ বিঘা ভূমি ভোগ করিতেছে, এবং ঐ সমস্ত ভূমি একই প্রকারের। তাহার খাজানা বৃদ্ধি হইয়া ২৩ টাকা হইতে পারিবে।

(খ) আনন্দ নামা রায়ত জমা ওয়াসিল বাকী কাগজে ও রায়তের কবজে ২৭ বিঘা বলিয়া নিয়ত লিখিত যোত ভোগ করিয়া তজ্জন্য ৩৩৸০ খাজানা দিয়া থাকে। কস্মিন্ কালে এই যোতের জরীপ হয় নাই এবং শিকস্তী হইয়া ইহার পরিমাণ কম হইয়াছে, একথা কেহ বলে না। কিন্তু জরীপ করিয়া দেখা গেল যে স্পষ্ট করিয়া পৃথক্ করা যাইতে পারে এরূপ ১৫ বিঘা ভূমি পৈবস্তী হইয়া ঐ যোতে যোজিত হইয়াছে। মূল যোতের যে কোন অংশ দেখ, এই পৈবস্তী ভূমি তদপেক্ষা উৎকৃষ্টতর, এবং আনন্দের সমশ্রেণীর রায়তেরা পার্শ্ববর্ত্তী সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে, তাহা বিঘা প্রতি দুই টাকা প্রমাণ হয়। আনন্দের ৩৩৸০ সাবেক খাজানার অতিরিক্ত ৩০৲ টাকা দিতে হইবে।

(গ) আনন্দ ১৮৬০ সালে পাট্টা পত্র বলে যোতের অধিকার প্রাপ্ত হন। ঐ পাট্টার যোতের ভূমি ৩৭ বিঘা বলিয়া লেখা আছে ও চৌহদ্দী দেওয়া আছে। ভূমি আবাদী গ্রামের মধ্যে অবস্থিত ও উহার চৌহদ্দী স্থির করিয়া নির্দ্দেশ করা যাইতে পারে। ১৮৮০ সালে ঐ চৌহদ্দীর অন্তর্গত ভূমি জরীপ করিয়া ৪৫ বিঘা পাওয়া গেল। পাট্টার চৌহদ্দীর মধ্যে যে অতিরিক্ত ৮ বিঘা ভূমি পাওয়া গেল, তজ্জন্য আনন্দের বর্দ্ধিত খাজানা দিতে হইবে না।

(ঘ) আনন্দ ১৮৫০ সালে পাট্টাপত্র বলে যোতের অধিকার প্রাপ্ত হন। ঐ পাট্টায় যোতের ভূমি ন্যূনাধিক ৫০ বিঘা বলিয়া লেখা আছে, ও চৌহদ্দী দেওয়া আছে। ভূমি যে গ্রামে আছে তাহা ১৮৫০ সালে প্রায় অবিচ্ছিন্ন জঙ্গল ছিল এবং চৌহদ্দী ঠিক ও নির্দ্দিষ্ট নহে। ১৮৮০ সালে দেখা গেল যে আনন্দের অধিকারে ২০০ বিঘা আবাদী ভূমি আছে, চৌহদ্দীর দ্বারা যেরূপ বর্ণনা আছে তাহা ঐ ভূমি সম্বন্ধে খাটে। আনন্দের খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

(ঙ) আনন্দ ১৮৬৩ সাল অবধি ১৮৭৫ সাল পর্য্যন্ত বিঘা প্রতি এক টাকা হিসাবে ৩০ বিঘা ভূমি ভোগ ও চাষ করে। সে ঐ প্রকার নিয়মিত রূপে যে ভূমি ১৮৭৫ সালপর্য্যন্ত চাষ করে তাহার পূর্ব্ব সীমায় আনন্দের ভূম্যধিকারির অপরিষ্কৃত পতিত ভূমি ছিল। ১৮৭৬ সালে আনন্দ এই পতিত ভূমির প্রতি হাত বাড়াইতে আরম্ভ করে, এবং ১৮৮০ সালে দেখা গেল যে আপন ভূম্যধিকারির সম্মতি বিনা সে আপনার প্রথম ভোগ ও চাষকৃত ৩০ বিঘার অতিরিক্ত পতিত ভূমির ২০ বিঘা অধিকার করিয়াছে। আনন্দের ভূম্যধিকারী এই ২০ বিঘা সম্বন্ধে আনন্দকে অনধিকার প্রবেশকারী বলিয়া গণনা করিয়া তাহাকে ঐ ভূমি হইতে উচ্ছেদ করিবার ও উহার ওয়াশীলাৎ আদায় করিবার মোকদ্দমা করিতে পারেন, অথবা আনন্দের মূল ৩০ বিঘা যোতের অতিরিক্ত ২০ বিঘা নিমিত্ত তাহাকে প্রজা বলিয়া গ্রহণ করিতে পারেন। শেষোক্ত স্থলে আনন্দ উক্ত ২০ বিঘার নিমিত্ত অতিরিক্ত বা বর্দ্ধিত খাজানা দিতে দায়ী হইবে।

১ ব্যাখ্যা।—(ক) যে ভূমির খাজানা যাঁহার প্রাপ্য হয়, সেই ভূমিতে তাঁহার চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থ না থাকিলে, কিম্বা

'ভূম্যধিকারী" শব্দের অর্থ।

(খ) যে ভূমির খাজানা যাঁহার প্রাপ্য হয়, সেই ভূমিতে তাঁহার ইজারা বা পাট্টাই স্বত্ব না থাকিলে, এই ধারার মর্ম্মানুসারে তাঁহাকে "ভূম্যধিকারী" বলিয়া গণ্য করা যাইবে না।

২ ব্যাখ্যা।—যে ভূমি কৃষিকার্য্য, বাগান, বা পশুচারণ প্রভৃতি কার্য্য নিমিত্ত ব্যবহৃত হয় বা ব্যবহার করিবার কল্পনা না থাকে, এই ধারায় "ভূমি" শব্দে সেই ভূমি বুঝাইবে। পশুচারণ নিমিত্ত যে ভূমি ব্যবহৃত হয় বা ব্যবহার করিবার কল্পনা থাকে, চতুর্থ হেতু ক্রমে ভূম্যধিকারী তাহার খাজানা বৃদ্ধি করিতে প্রবৃত্ত হইলে, ঐ খাজানা এই রূপে নিরূপণ করিতে হইবে। সাবেক খাজানা যে সময়ে ধার্য্য হয় সেই সময়ে বা পরে কোন সময়ে পার্শ্ববর্ত্তী কৃষিযোগ্য ভূমির যে নিরিখ প্রচলিত ছিল, সাবেক খাজানার হার সেই নিরিখের যে অংশ, বর্দ্ধিত খাজানার হার পার্শ্ববর্ত্তী কৃষিযোগ্য ভূমির খাজানার হারের সেই অংশ হইবে।

"ভূমি" শব্দের অর্থ।

৩ ব্যাখ্যা।—এই আইনের পশ্চাল্লিখিত বিধানমতে হারের তালিক প্রস্তুত ও অনুমোদিত হইলে, তদ্রূপে যে কোন হার ধার্য্য করা যায় তাহা এই ধারার নির্দ্দিষ্ট খাজানাবৃদ্ধির প্রথম হেতুর মর্ম্মানুযায়ী প্রচলিত হার বলিয়া গণ্য হইবে।

সালেষ্টর সাহেব যে হার ধার্য্য করেন তাহা প্রচলিত হার বলিয়া গণ্য হইবার কথা।

২৩ ধারা।(ক) যে কোন স্থলে ২২ ধারার নির্দ্দিষ্ট তৃতীয় বা চতুর্থ হেতুর বলে কোন দখলীস্বত্ববিশিষ্ট যোতের খাজানা বৃদ্ধি করা যায় সেই স্থলে যদি কেবল ভূম্যধিকারির পরিশ্রম বা খরচে ভূমির উৎপাদিকা শক্তির বা শস্যের মূল্যের বৃদ্ধি হইয়া থাকে, তবে উক্ত ভূম্যধিকারী উক্ত বৃদ্ধির সম্পূর্ণ লাভ পাইবার অধিকারী হইবেন। যদি উক্ত বৃদ্ধি ভূম্যধিকারির বা রায়তের পরিশ্রম বা খরচ ভিন্ন প্রকারান্তরে হইয়া থাকে, তবে উক্ত ভূম্যধিকারী ঐ লাভের কেবল অর্দ্ধেক পাইবার অধিকারী হইবেন।

কেবল ভূম্যধিকারির পরিশ্রমে ও খরচে হইলে, সমস্ত বৃদ্ধিতে, নতুবা কেবল অর্দ্ধেকে, তাঁহার অধিকার হইবার কথা।

(খ) যে স্থলে ২২ ধারার নির্দ্দিষ্ট তৃতীয় বা চতুর্থ হেতুর বলে কোন দখলীস্বত্ববিশিষ্ট যোতের খাজানা বৃদ্ধি করা যায়, বর্দ্ধিত খাজানা পূর্ব্বপ্রদত্ত খাজানার দ্বিগুণের অধিক হইবে না; এবং বর্দ্ধিত উৎপাদিকাশক্তি বা বর্দ্ধিত মূল্য সাবেক উৎপাদিকা শক্তি বা সাবেক মূল্য অপেক্ষা যে পরিমাণে অধিক হয় বর্দ্ধিত খাজানা পূর্ব্বপ্রদত্ত খাজানা অপেক্ষা সেই পরিমাণাতিরিক্ত হারে ধরা যাইবে না। বর্দ্ধিত উৎপাদিকা শক্তি বা বর্দ্ধিত মূল্য নিরূপণ করিবার সময়ে, আদালত বা কালেক্টর সাহেব অবস্থানুসারে যেরূপ যুক্তিসিদ্ধ জ্ঞান করেন সেইরূপ কএক বৎসরের গড়পড়তর প্রতি দৃষ্টি রাখিয়া চলিবেন।

তৃতীয় বা চতুর্থ হেতুর বলে যত দূর খাজানা বৃদ্ধি হইতে পারিবে, তাহার কথা।

কএক বৎসরের যুক্তিমত গড় পড়তা ধরিয়া হিসাব করিবার কথা।

(গ) যে স্থলে ২২ ধারার নির্দ্দিষ্ট প্রথম, তৃতীয় বা চতুর্থ হেতুর বলে দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের খাজানা বৃদ্ধি করা যায়, সেই স্থলে বর্দ্ধিত খাজানা যে ভূমির নিমিত্ত খাজানা দেয় হয় সেই ভূমির মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের চারি ভাগের এক ভাগের অধিক না হইবার কথা।

প্রথম বা তৃতীয় বা চতুর্থ হেতুর বলে যে খাজানা বৃদ্ধি করা যায়, তাহা প্রধান শস্য ধরিয়া মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের চারি ভাগের এক ভাগের অধিক না হইবার কথা।

বার্ষিক মূল্যের চারি ভাগের এক ভাগের অধিক, কিম্বা ১৯ ধারার ৩ব্যাখ্যার (গ) দফার উল্লিখিত কোন রায়তের বেলা, দশভাগের তিনভাগের অধিক হইবে না। উক্ত গড় বার্ষিক মূল্য কেবল প্রধান শস্যগুলি ধরিয়া এবং যে কএক বৎসর যুক্তিসিদ্ধ বোধ হয় সেই কএক বৎসরের ফসলের সময়ের দাম ধরিয়া গণনা করা যাইবে।

রেবিনিউ বোর্ড সময়ে২ উক্ত গড় বার্ষিক মূল্য গণনা করিবার বিধি প্রণয়ন করিতে পারিবেন, ও প্রণীত হইলে তাহা পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত বা রহিত করিতে পারিবেন, এবং কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া উক্ত বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট কোন জিলা বা জিলা অপেক্ষা ক্ষুদ্র কোন চক্রে উক্ত গণনা নিমিত্ত কোন্ কোন্ শস্য প্রধান শস্য বলিয়া গণ্য হইবে ইহা নিরূপণ করিয়া জ্ঞাপন করিবেন। তদ্রূপ কোন জিলার বা চক্রের নিমিত্ত উক্ত প্রধান শস্যগুলি উক্তরূপে নিরূপিত ও বিজ্ঞাপিত হইলে, ঐ প্রধান শস্যের কোন পরিবর্ত্তন করিতে হইলে এক বৎসর পূর্ব্বে বিজ্ঞাপন দিতে হইবে।

গড়মূল্য নির্ণয়ার্থ ও প্রধান শস্য নিরূপণ পূর্ব্বক বিজ্ঞাপন প্রদানার্থ রেবিনিউ বোর্ডের বিধি করিবার কথা।

(ঘ) যে কোন স্থলে দখলীস্বত্ববিশিষ্ট কোন যোতের খাজানা বৃদ্ধি করিবার অনুমতি দেওয়া হয়, আদালত কিম্বা কালেক্টর সাহেব, উচিত বোধ করিলে, আজ্ঞা করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি ক্রমে২ করা যাইবে, অর্থাৎ, যতদূর খাজানা বৃদ্ধি করিবার অনুমতি দেওয়া হয়, বৎসর২ ক্রমে২ খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অনধিক কএক বৎসরে তত দূর বৃদ্ধি করা যাইবে।

ক্রমে২ খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

(ঙ) যে কোন স্থলে ২২ ধারার নির্দ্দিষ্ট চতুর্থ হেতুর বলে রায়তের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে দেখা যায়, সেই স্থলে ঐ রায়ত যদি পথকর, পূর্ত্তকার্য্যকর প্রভৃতির বাবদ বার্ষিক কোন টাকা দিয়া আসিয়া থাকে, তবে অন্যপ্রকারে ঐ রায়তের যে বর্দ্ধিত খাজানা দিতে হয় তাহা ঐ বার্ষিক টাকার ন্যূন পরিমাণে কমাইয়া দিতে হইবে।

পথকর প্রভৃতির নিমিত্ত রায়তের বাদ পাইতে পারিবার কথা।

উদাহরণ।

দখলী স্বত্ববিশিষ্ট রায়ত আনন্দ বর্ম্মক খাজনা ৮৲ টাকা দিয়া আসিতেছিল। খাজনা বৃদ্ধির কার্য্য সুষ্ঠু হইয়া, দেখা গেল যে এই খাজনা চতুর্থ হেতুর বলে বাড়াইয়া ন্যায্য রূপ ১২৲ টাকা করা যাইতে পারে। কিন্তু আনন্দ পথকর বাবদ বার্ষিক চারি আনা দিতেছিল, সুতরাং তাহাকে তাহার চারি আনা কম ১২৲ টাকা, অর্থাৎ ১১৷৹ দিতে হইবে।

২৪ ধারা। (১) যে নির্দ্দিষ্ট মিয়াদ গত হয় নাই, সেই মেয়াদে লিখিত পাট্টার বলে দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়ত ভূমি ভোগ করিলে, কিম্বা (২) খাজানা বৃদ্ধি করা যাইবে না ভূম্যধিকারির সহিত রায়তের এইরূপ চুক্তি হইয়া থাকিলে, ঐ রায়তের খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না।

কোনং স্থলে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি না হইবার কথা।

২৫ ধারা। দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের মুদ্রাযোগে (নগদ) যে খাজানা দিতে হয়, কেবল নিম্নলিখিত এক বা একাধিক হেতুতে ঐ রায়ত, ১০৫ ধারার (ক) প্রকরণের ও ১১১ ধারার (ক) প্রকরণের ও ১১৩ ধারার বিধানের নিয়মানুসারে, সেই খাজানা কমাইয়া লইতে পারিবে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত যে স্থলে খাজানা কমাইয়া লইতে পারিবেন, তাহার কথা।

(১) ঐ রায়ত পূর্ব্বে যে পরিমাণ ভূমির খাজানা দিয়াছে, তদ্দ্বারা প্রমাণ হইয়াছে যে, সে তদপেক্ষা কম ভূমি ভোগ করিতেছে।

(২) যে সময়ে খাজানা ধার্য্য হয় সেই সময়ের বা পরবর্ত্তী কোন সময়ের উৎপাদিকা শক্তির সহিত তুলনায় ঐ রায়তের ভোগকৃত ভূমির বর্ত্তমান উৎপাদিকা শক্তি, রায়তের ক্ষমতাতীত যে কারণ অস্থায়ী বা আকস্মিক মাত্র নহে, সেই কারণে কমিয়া গিয়াছে।

(৩) যে সময়ে খাজানা ধার্য্য হয় সেই সময়ের বা পরবর্ত্তী কোন সময়ের দামের সহিত তুলনায় ঐ স্থানের বা চলিত বাজারের শস্যের দাম রায়তের ক্ষমতাতীত যে কারণ অস্থায়ী বা আকস্মিকমাত্র নহে, সেই কারণে কমিয়া গিয়াছে।

৪ অধ্যায়।—যে রায়তেরা বার বৎসরের কম কিন্তু তিন বৎসর বা তদধিককাল ভূমিভোগ করিয়াছে। তাহাদের কথা।

২৬ ধারা। যে রায়ত বার বৎসরের কম কিন্তু ক্রমাগত তিন বৎসর বা তদধিক কাল নির্দ্দিষ্ট মিয়াদে বা বৎসরং হিসাবে দিলি করা খামার, নিজ ষোত বা সেরী ভূমি ছাড়া ভূমি প্রজাস্বরূপ ভোগ করে, অথবা প্রজাস্বরূপ দখল ও চাষ করে, নিম্নলিখিত কোন একটি কারণ না ঘটিলে ভূম্যধিকারী তাহাকে ভূমিহইতে উচ্ছেদ করিতে পারিবেন না, অর্থাৎ (ক) যদি সে খাজানা না দেয়, অথবা (খ) কোন নিয়ম লঙ্ঘন নিমিত্ত উচ্ছেদরূপ দণ্ড হইবে তাহার পাট্টায় এরূপ স্পষ্ট বিধান থাকিলেও যদি সে ঐ নিয়ম লঙ্ঘন করে, কিম্বা (গ) ভূম্যধিকারী বর্দ্ধিত খাজানার দাওয়া করিলে যদি সে তাহা দিতে অস্বীকার করে।

যে রায়ত তিন বৎসর ভূমি চাষ বা ভোগ করিয়াছে ইচ্ছামত উচ্ছেদ হইতে তাহার সংরক্ষণের কথা।

উক্ত বর্দ্ধিত খাজানা ও তাহা দাওয়া করিবার হেতু নির্দ্দেশ করিয়া রায়তকে নোটিস দেওয়া যাইবে; (ক) যে২ জিলায় বা জিলার অংশে ফসলী বা আমলী সন চলে, তথায় জ্যৈষ্ঠ মাসে বা তৎপূর্ব্বে, আর (খ) যে২ জিলায় বা জিলার অংশে বাঙ্গালা সন চলে, তথায় পৌষ মাসে বা তৎপূর্ব্বে ঐ নোটিস দেওয়া যাইবে। উক্ত বর্দ্ধিত খাজানা চাহিবার হেতু এই আইনের কোন বিধান দ্বারা সীমাবদ্ধ হইবে না।

রায়তকে বর্দ্ধিত খাজানার দাওয়ার নোটিস দিবার কথা।

২৭ ধারা। (ক) ২৬ ধারার বিধানমতে উক্তরূপ কোন রায়তকে বর্দ্ধিত খাজানার দাওয়ার নোটিস দেওয়া গেলে, নোটিস পাইবার তারিখের পর যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের প্রথম দিবসের পর যদি সে ঐ নোটিসের উল্লিখিত ভূমি ভোগ দখল করিতে থাকে, তবে ঐ দিবসাবধি তাহার ঐ বর্দ্ধিত খাজানা দিতে হইবে।

উক্তরূপ কোন রায়তকে ঐরূপ নোটিস দেওয়া গেলে, যদি সে ভূমি অধিকারে রাখে, তাহার দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে হইবার কথা।

(খ) যদি উক্ত রায়ত দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে অনিচ্ছুক হয় ও নোটিসের লিখিত ভূমি পরিত্যাগ করিতে চাহে, তবে যে বৎসর নোটিস দেওয়া যায় সেই বৎসর শেষ না হইতে২ কোন সময়ে সে আপন ভূম্যধিকারিকে ইস্তফা করিবার নোটিস দিতে পারিবে। ঐ ইস্তফা করিবার নোটিস আদালতের দ্বারা দিতে হইবে, এবং যদি ঐ ভূম্যধিকারি নোটিস পাইবার পর আগামী বৎসরের প্রথম মাসের মধ্যে ২৮ ধারার নির্দ্দিষ্ট উপদ্রবজনিত ক্ষতিপূরণের টাকা ঐ রায়তকে দেন বা আদালতে দাখিল করেন, তবে উভয়ের মধ্যে ঐ ভূমি সম্পর্কে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ রহিত হইবে।

ঐরূপ কোন রায়ত উক্ত বর্দ্ধিত খাজনা দিতে অনিচ্ছুক হইলে, তাহার ভূমি ইস্তফা করিতে পারিবার কথা।

২৮ ধারা। যে রায়ত আপন ভোগকৃত ভূমির নিমিত্ত দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে অনিচ্ছুক হওয়াতে, ২৭ ধারার (খ) প্রকরণের নির্দ্দিষ্ট প্রকারে ঐ ভূমি ইস্তফা করে, সে উপদ্রবজনিত ক্ষতিপূরণস্বরূপ পূর্ব্বোক্ত নোটিসের দাবীকৃত এক বৎসরের বর্দ্ধিত খাজানার তুল্য টাকা পাইবার অধিকারী হইবে। উক্ত (খ) প্রকরণের বিধানানুসারে ঐ টাকা ঐ রায়তকে না দেওয়া গেলে বা আদালতে দাখিল করা না গেলে, সে সাবেক খাজানা দিয়া ঐ ভূমি অধিকার রাখিতে পারিবে, অথবা স্বীয় ইচ্ছাতে ঐ টাকার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। *

উক্তরূপ কোন রায়ত আপন ভূমি ইস্তফা করিলে, উপদ্রবজনিত ক্ষতিপূরণস্বরূপ তাহার এক বৎসরের বর্দ্ধিত খাজানা পাইবার অধিকারের কথা।

* উৎকর্ষ সাধনের নিমিত্ত ক্ষতিপূরণের কথা।

যে রায়ত বার বৎসর ভোগ করিয়া দখলীস্বত্ব প্রাপ্ত হয়, উৎকর্ষসাধন নিমিত্ত সচরাচর তাহার ক্ষতিপূরণের প্রয়োজন হয় না, কারণ আমরা স্থির করিয়াছি যে খাজানার ডিক্রীজারীক্রমে তাহার ষোত নীলাম করা যাইবে, এবং যে মূল্য পাওয়া যায় তন্মধ্যে উৎকর্ষসাধনের মূল্যও থাকিবে। ভূম্যধিকারির খাজানার দাওয়া শোধ করা গেলে পর বিক্রয়োৎপন্ন যাহা কিছু উদ্বর্ত্ত থাকে তাহা রায়ত পাইবে। খাজানা না দিলেই কেবল এইরূপ ঘটিবে। পাট্টার নিয়ম লঙ্ঘন নিমিত্ত যে উচ্ছেদ ঘটিতে পারে, তৎসম্বন্ধে দখলীস্বত্ব বিশিষ্ট রায়তকে উৎকর্ষ সাধন নিমিত্ত ক্ষতিপূরণ দিবার বিধান ২০ ধারার (ঙ) প্রকরণে করা গিয়াছে।

যে রায়ত তিন বৎসর ভোগ করে নাই, উৎকর্ষসাধন নিমিত্ত তাহার ক্ষতিপূরণের কোন বিধি করিব না আমরা স্থির করিয়াছি।

যে রায়তেরা বার বৎসরের কম কিন্তু তিন বৎসর বা তদধিক কালভোগ করিয়াছে, তাহাদের সম্বন্ধে বিধান করা আবশ্যক এবং পাণ্ডুলিপিতে তাহাদের সম্বন্ধে বিধান করা গিয়াছে।

২৯ ধারা। যে রায়ত নির্দ্দিষ্ট মিয়াদে বা বৎসরের হিসাবে বিলি করা খামার, নিজজোত, বা সেরী ভূমি ছাড়া ভূমি বর বৎসরের কম কিন্তু ক্রমাগত তিন বৎসর বা তদধিককাল প্রজাস্বরূপ ভোগ করে বা প্রজাস্বরূপ দখল ও চাষ করে, তাহাকে যদি ২৬ ধারার উল্লিখিত কোন হেতুতে ঐ ভূমি হইতে উচ্ছেদ করা যায়, অথবা যদি সে ২৭ ধারায় (খ) প্রকরণমতে ঐ ভূমি ইস্তফা করে, তবে উক্তরূপে ভোগ বা দখল করিবার সময়ে সে ঐ ভূমিতে যে কোন উৎকর্ষসাধন করিয়া থাকে তজ্জন্য ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবে।

যে রায়ত বার বৎসরের কম কিন্তু তিনবৎসর ভোগ করিয়াছে তাহাকে উচ্ছেদ করা গেলে, উৎকর্ষসাধন নিমিত্ত তাহার ক্ষতিপূরণ পাইবার অধিকারের কথা।

ব্যাখ্যা।—যে কার্য্যদ্বারা ভূমি চাষ করিবার স্থায়ী সুবিধা হইয়াছে, অথবা ভূমির উৎপাদিকাশক্তি স্থায়ীরূপে বর্দ্ধিত হইয়াছে, এই ধারার "উৎকর্ষসাধন" শব্দে সেই কার্য্য বুঝাইবে, এবং ইহার মধ্যে নিম্নলিখিত কার্য্যগুলি গণ্য হইবে, যথা,—

(ক) চাষী রায়তের বাসের উপযোগী বাসগৃহ ও গোশালা প্রভৃতি নির্ম্মাণ;

(খ) কৃষিকার্য্যার্থে জল সঞ্চয়, যোগান বা বিতরণের নিমিত্ত পুষ্করিণী ও কূপ প্রভৃতি খনন;

(গ) ভূমির জলনিঃসরণের, অথবা জলপ্লাবন হইতে ভূমি সংরক্ষণের,

অথবা জলজনিত ক্ষয় বা অন্যহানি নিবারণের কার্য্য সকল;

(ঘ) কৃষিকার্য্যার্থ ভূমি আবাদ বা পরিষ্কার করা বা ঘেরা;

(ঙ) পূর্ব্বোক্ত কোন কার্য্য নূতন করিয়া বা পুনর্ব্বার করা, অথবা তাহার পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করা;

(চ) ফল বৃক্ষ রোপণ করা।

৩০ ধারা। ২৯ ধারার উল্লিখিত ক্ষতিপূরণের নিমিত্ত যত টাকা যে প্রকারে যে সময়ে দিতে হইবে ভূম্যধিকারী ও রায়ত উভয়ে মিলিয়া তাহার বন্দোবস্ত করিতে পারিবেন। উভয়ের মিল না হইলে, দেওয়ানী আদালত একজনের দরখাস্ত পাইলে ঐ ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিতে পারিবেন এবং তাহা নিরূপণ করিবার সময়ে নিম্নলিখিত বিধানের প্রতি দৃষ্টি রাখিবেন।—

ভূম্যধিকারী ও রায়ত উভয়ে মিলিয়া ক্ষতিপূরণ দেওয়া সম্বন্ধে বন্দোবস্ত করিতে পারিবার কথা। উভয়ের মিল না হইলে, দেওয়ানী আদালতের নিষ্পত্তি করিবার ও ঐ নিষ্পত্তি যে বিধানক্রমে হইবে তাহার কথা।

(ক) রায়ত যে বৎসর উৎকর্ষসাধন কার্য্যে অর্থব্যয় করে, সেই বৎসরের পর যত কাল তাহার প্রজাসম্বন্ধ থাকে ও উৎকর্ষসাধনজনিত উপকার প্রাপ্ত হয়, রায়ত উৎকর্ষসাধন নিমিত্ত যত টাকা খরচ করে, তাহা হইতে সেই কালের প্রত্যেক বৎসরের বাবদ হারহারিমতে কিয়দংশ বাদ দিলে, এ উৎকর্ষসাধন সম্বন্ধে রায়তের ক্ষতিপূরণের টাকা স্থির হইবে।

(খ) কোন উৎকর্ষসাধন সম্বন্ধে ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিবার সময়ে, তাহা উক্ত রূপে মেরামত করিয়া বা সুবস্থায় রাখিতে হইলে যত টাকা যুক্তিমতে আবশ্যক বোধ হয়, তৎপ্রতি দৃষ্টি রাখিয়া ঐ ক্ষতিপূরণের টাকা কমাইতে হইবে।

(গ) রায়তের কার্য্যদ্বারা ভোগের অপকর্ষ সাধিত হইলে, তাহার হিসাব ধরিতে হইবে।

দেওয়ানী আদালত ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিয়া তাহার ডিক্রী দিবেন। ঐ ডিক্রীতে ক্ষতিপূরণের নিমিত্ত যত টাকা দিবার আজ্ঞা হয় তাহা ১০ টাকার অনধিক হইলে, ঐ ডিক্রী চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

ক্ষতিপূরণের টাকার নিমিত্ত ডিক্রী দিবার কথা।

৩১ ধারা। ২৬ ধারার উল্লিখিত কোন রায়ত ২৫ ধারায় উল্লিখিত সমুদয় বা কোন হেতুবলে মুদ্রাযোগে (নগদ) দেয় তাঁহার খাজানা কমাইয়া লইবার দাওয়া করিতে পারিবেন। উক্ত রায়তের ঐরূপে খাজানা কমাইয়া লইবার অধিকার থাকিলেও, ভূম্যধিকারী ঐ রায়তের খাজানা কমাইয়া দিতে অনিচ্ছুক হইলে, ঐ রায়ত ২৭ ধারার নির্দ্দিষ্ট প্রকারে ঐ ভূমি ইস্তফা করিতে পারিবে, এবং তাহা হইলে ২৮,২৯, ও ৩০ ধারার বিধানমতে ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবে। এরূপস্থলে যে ক্ষতিপূরণের টাকা আদায় হইতে পারিবে, তাহা না কমাইয়া দেওয়া এক বৎসরের খাজানার টাকার তুল্য হইবে।

তিন বৎসরের রায়তের খাজানা কমাইয়া লইবার দাওয়া করিতে পারিবার ও ভূম্যধিকারী অস্বীকার করিলে, ভূমি ইস্তফা করিয়া ক্ষতিপূরণের দাবা করিতে পারিবার কথা।

৫ অধ্যায়।—যে রায়তেরা তিন বৎসরের ন্যূনকাল ভূমি ভোগ করিয়াছে তাহাদের কথা।

৩২ ধারা। (১) এই আইনের অন্য বিধানের নিয়মাধীনে যে রায়ত, লিখিত চুক্তিক্রমে হউক বা না হউক, তিন বৎসরের ন্যূন কাল প্রজাস্বরূপ ভূমি ভোগ, বা প্রজাস্বরূপ ভূমি দখল ও চাষ করিয়াছে, সে ঐ ভোগ বা দখল বশতঃ আপন ভূম্যধিকারির ইচ্ছার বিরুদ্ধে উক্ত ভূমি অধিকারে রাখিতে পারিবে না; কিন্তু যে রায়ত আপন ইচ্ছাক্রমে ভূমি ছাড়িয়া যায় না, দেওয়ানী আদালতের কার্য্য ব্যতিরিক্ত অন্য কোন প্রকারে তাহাকে উচ্ছেদ করা যাইবে না।

যে রায়ত তিন বৎসরের কম ভোগ করিয়াছে, ভূম্যধিকারির তাহাকে ইচ্ছাক্রমে কিন্তু কেবল আদালতের দ্বারা উচ্ছেদ করিতে পারিবার কথা।

(২) যে রায়ত তিন বৎসরের ন্যূন কাল প্রজাস্বরূপ ভূমিভোগ বা প্রজাস্বরূপ ভূমিদখল ও চাষ করিয়াছে সে,

ভবিষ্যৎ খাজানা নিরূপণ নিমিত্ত বা খাজানা কমাইয়া লইবার নিমিত্ত উক্ত রায়তের মোকদ্দমা উপস্থিত করিতে না পারিবার কথা।

(ক) যে খাজানা দিয়া উক্ত ভূমি ভোগ অথবা দখল ও চাষ, করিয়া থাকিতে পারিবে, তাহার নিরূপণ নিমিত্ত, কিম্বা

(খ) আপন পূর্ব্বে উক্ত ভূমির যে খাজানা দিত তাহা কমাইয়া লইবার নিমিত্ত,

আপন ভূম্যধিকারির বিরুদ্ধে মোকদ্দমা চালাইতে পারিবে না।

৩৩ ধারা। (১) ৩২ ধারার উল্লিখিত কোন রায়ত যদি নির্দ্দিষ্ট মিয়াদ ছাড়া অন্য প্রকারে অধিকার প্রাপ্ত হইয়া থাকে, অথবা নির্দ্দিষ্ট মিয়াদে অধিকার প্রাপ্ত হইয়া থাকিলেও ঐ মিয়াদ গত হইলে পর যদি আপন ভূম্যধিকারির স্পষ্ট বা ভাবানুগত সম্মতিক্রমে ভূমি ভোগ করিতে থাকে, তবে পশ্চাল্লিখিত বিধানমতে ঐ

উক্তরূপ কোন রায়ত নির্দ্দিষ্ট মিয়াদে অধিকার প্রাপ্ত না হইয়া থাকিলে কিম্বা মিয়াদ গত হইলেও ভোগ করিতে থাকিলে উঠিয়া যাইবার নোটিস দিয়া তাহাকে উচ্ছেদ করা যাইতে না পারিবার কথা।

রায়তকে উঠিয়া যাইবার নোটিস না দেওয়া গেলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে না।

উঠিয়া যাইবার নোটিস যে সময়ে ও যে প্রকারে দিতে হইবে তাহার কথা।

(২) ঐ উঠিয়া যাইবার নোটিস লিখিয়া দেওয়ানী আদালতের দ্বারা দিতে হইবে।

(ক) যে জিলায় বা জিলার অংশে ফসলী বা আমলী সন চলে, তথায় জ্যৈষ্ঠ মাসে বা তৎপূর্ব্বে, আর (খ) যে জিলায় বা জিলার অংশে বাঙ্গালা সন চলে, তথায় পৌষ মাসে বা তৎপূর্ব্বে ঐ নোটিস দিতে হইবে।

৩৩ ধারা। যদি কোন রায়ত ৩৩ ধারার (১) প্রকরণের উল্লিখিত স্থলে ঐ ধারার (২) প্রকরণের বিধানমতে ভূমি হইতে উঠিয়া যাইবার নোটিস পাইয়া ঐ নোটিস পাইবার পর আগামী বৎসরের প্রথম দিবসাবধি ভূমি পরিত্যাগ করিয়া যাইতে অস্বীকার করে; কিম্বা

৩৩ ধারার বিধান মতে যে রায়তকে নোটিস দেওয়া যায়,

কিম্বা তিনবৎসরের ন্যূন মিয়াদগত হইলে যে রায়ত ভূম্যধিকারির সম্মতি বিনা ভোগ করিতে থাকে,

যদি কোন রায়ত তিন বৎসরের কম মিয়াদে ভূমির অধিকার প্রাপ্ত হইয়া ঐ মিয়াদ গত হইলে ঐ ভূমি পরিত্যাগ করিয়া যাইতে অস্বীকার করে এবং ভোগ করিতে থাকে সম্বন্ধে আপন ভূম্যধিকারির স্পষ্ট বা ভাবানুগত সম্মতি না পাইয়া থাকে;

তবে ভূম্যধিকারি যে বৎসর নোটিস দেওয়া হয় সেই বৎসর গত হইলে পর অথবা ঐ মিয়াদ ফুরাইলে পর তিন মাস মধ্যে উক্ত রায়তকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং যেস্থলে উক্তরূপ কোন মোকদ্দমা উপস্থিত করা যায়, সেই স্থলে নোটিস দিবার বৎসরের বা ঐ মিয়াদের পর কোন সময় এমন করিয়া ধরা যাইবে না যে ঐ রূপ কোন রায়ত, এই আইনক্রমে তিন বৎসর বা তদধিক কাল ভূমি ভোগকারী অথবা দখল ও চাষকারী রায়তেরা যেরূপ উপকার প্রাপ্ত হয়, তদ্রূপ উপকার প্রাপ্ত হইবে।

তাহাকে মোকদ্দমা করিয়া আদালত দ্বারা উচ্ছেদ করিতে পারিবার কথা।

যতকাল অন্যায় রূপে ভোগ হয়, তাহা গণনার মধ্যে না আনিবার কথা।

উক্ত রায়তকে উচ্ছেদ করা গেলে, ঐ ভূমি বিলি হইয়া থাকিবার পূর্ণমূল্য ও ক্ষতিপূরণের নিমিত্ত ঐ রায়তের দায়ের কথা।

এবং যদি ঐ ভূম্যধিকারী উক্ত রায়তকে উচ্ছেদ করিবার ডিক্রী পান তবে পূর্ব্বোক্ত বৎসর বা মিয়াদ গত হইলে পর যত কাল অধিকার প্রাপ্ত হন নাই তত কাল বিলি করিলে ঐ ভূমির যে মূল্য হইত তাহা এবং অধিকার প্রাপ্ত না হওয়াতে তাঁহার অন্য যেহানি বা ক্ষতি হইয়াছে তাহার যুক্তিসঙ্গত ক্ষতিপূরণের টাকা ঐ ডিক্রী জারী করিয়া আদায় করিতে পারিবেন।

৩৫ ধারা। (১) কোন রায়ত তিন বৎসরের ন্যূনকাল প্রজাস্বরূপ ভূমি ভোগ করিলে, অথবা প্রজাস্বরূপ দখল ও চাষ করিলে, সে পূর্ব্ব বৎসর যে খাজানা দিয়াছে তাহার অধিক খাজানা দিতে দায়ী হইবে না। কিন্তু যদি ঐ অধিক খাজানা দিবে বলিয়া রায়ত ভূম্যধিকারির সহিত চুক্তিপত্র করিয়া থাকে;

যে রায়ত তিন বৎসরের কম ভূমি ভোগ করিয়াছে, লিখিত চুক্তি না থাকিলে বা নোটিস না দেওয়া গেলে তাহার অধিক খাজানা দিতে না হইবার কথা। নোটিস খাজানাবৃদ্ধির হেতু লিখিবার কথা।

কিম্বা যদি ঐ অধিক খাজানার দাওয়া করিয়া ৩৩ ধারায় লিখিত নোটিস ঐ ধারায় (২) প্রকরণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহাকে দেওয়া যায়, তবে ঐ অধিক খাজানা দিতে হইবে যে হেতুর বলে ঐ অধিক খাজানার দাওয়া হয়, তাহা ঐ নোটিসে লেখা থাকিবে; কিন্তু ঐ হেতুগুলি এই আইনের কোন বিধান দ্বারা সীমাবদ্ধ হইবে না।

(২) (১) প্রকরণের বিধানমতে উক্তরূপ কোন ঐ নোটিস পাইলে রায়তের ভূমি ইস্তফা করিতে পারিবার ও ইস্তফা না করিলে, সাবেক খাজানার দ্বিগুণমাত্র পর্য্যন্ত দাবিকৃত বর্দ্ধিত খাজানা দিতে হইবার কথা।

রায়তকে অধিক খাজানার দাওয়ার নোটিস দেওয়া গেলে, ঐ রায়ত উক্ত বর্দ্ধিত খাজানা দিতে অনিচ্ছুক হইলে ঐ নোটিস পাইবার পর আগামী বৎসরের প্রথম দিবসের পূর্ব্বে ঐ ভূমি ইস্তফা করিতে পারিবে সে এইরূপে ভূমি ইস্তফা না করিলে, আগামী বৎসরের উক্ত প্রথম দিবসাবধি ঐ নোটিসের দাবীকৃত বর্দ্ধিত খাজানা দিতে দায়ী হইবে। কিন্তু এই বিধিমতে কোন স্থলে তাহার সাবেক খাজানার দ্বিগুণের অধিক দিতে হইবে না।

ব্যাখ্যা।—যখন কোন রায়তকে উঠিয়া যাইবার বা নির্দ্দিষ্ট বর্দ্ধিত খাজানা দিবার নোটিস দেওয়া যায় এবং সে উক্ত নোটিসের উল্লিখিত ভূমি অধিকারে বাখাই স্থির করে, ঐ নোটিস দ্বারা প্রজাসত্ত্ব রহিত হয় না, এবং উক্ত নোটিস (১) প্রকরণমত নোটিস বলিয়া বিবেচিত হইবে।

৬ অধ্যায়।—ইমারত নির্ম্মিত ভূমি ব্যবহার করিবার কথা।

৩৬ ধারা। যে ভূমি কৃষিকার্য্য, বাগান, বা পশু চারণ প্রভৃতিকার্য্য নিমিত্ত ব্যবহৃত হয় বা ব্যবহার করিতে দেওয়া যায়, সেই ভূমি ১৬ বা ২৬ ধারায় উল্লিখিত কোন রায়ত ভোগ করিতে থাকিলে, ঐ ভূমির ভূম্যধিকারির অনুমতি ব্যতীত উহার কোন অংশ ইমারত নিমিত্ত অথবা উহা পূর্ব্বোক্ত যে ব্যবহারে লাগে বা যে ব্যবহার জন্য দেওয়া গিয়াছে তাহার বিরুদ্ধ অন্য কোন কার্য্য নিমিত্ত ব্যবহার করিবে না।

ভূমি ইমারত নিমিত্ত কিম্বা উহা যেরূপ ব্যবহার জন্য দেওয়া যায় তাহার বিরুদ্ধ অন্য কার্য্য নিমিত্ত রায়তের ব্যবহার করিতে না পারিবার কথা।

কিন্তু উক্ত অনুমতি বিনা রায়ত ঐ ভূমির উপর আপনার ও আপন পরিবারের ব্যবহারের ও দখলের উপযোগী ইষ্টক নির্ম্মিত বা অন্য প্রকারের বাসগৃহ ও তৎসঙ্গে যে বাহিরের ঘর ও গোশালাদি আবশ্যক হয় তাহা নির্ম্মাণ করিতে পারিবে।

উপযুক্ত বাসস্থান নির্ম্মাণের প্রতি এই বিধি না বর্ত্তিবার কথা।

৩৭ ধারা। যদি উক্তরূপ কোন রায়ত ভূম্যধিকারির অনুমতি বিনা উক্ত ভূমি ইমারত নিমিত্ত অথবা উহা যে ব্যবহারে লাগে বা যে ব্যবহার জন্য দেওয়া গিয়াছে তাহার বিরুদ্ধ অন্য কোন কার্য্য নিমিত্ত ব্যবহার করিতে আরম্ভ করে, উক্ত ভূম্যধিকারী ঐ রায়তকে দেওয়ানী আদালতের দ্বারা নোটিস দিতে পারিবেন। ঐ নোটিসে তাহার প্রতি আদেশ থাকিবে যে, ঐ ভূমির অন্যরূপ ব্যবহার

রায়ত অন্য কার্য্য নিমিত্ত ভূমি ব্যবহার করিলে তাহাকে আপত্তির নোটিস দেওয়া যাইতে পারিবার কথা।

হইতে বিরত হইবে, এবং উহার পূর্ব্বাবস্থার পরিবর্ত্তন হইয়া থাকিলে, উহাকে পূর্ব্বাবস্থায় পুনঃ সংস্থাপিত করিবে।

৬৮ ধারা। যে স্থলে কোন রায়ত ভূমি পরিবর্ত্তন

ভূমিস্বত্ব সম্বন্ধে নোটিস দেওয়া গেলে, রায়ত যদি অদেয় পাল্টন না করে, ও ভূম্যধিকারী নিষেধসূচক আজ্ঞা না দেন, তবেই নিষেধসূচক আজ্ঞা অমান্য করিলে রায়তকে উচ্ছেদ করিতে পারিবার কথা।

করিতে আরম্ভ করিবার পর যুক্তমত সময় মধ্যে ঐ রায়তী ভূমি সম্বন্ধে নোটিস দেওয়া যায়, যে ভূমি সম্বন্ধে ঐ রায়ত নোটিসের অদেয় পাল্টন না করে, এবং যদি উক্ত ভূম্যধিকারী বিশেষ উপকার বিষয়ক ১৮৭৭ সালের আইনের বিধান মতে দেওয়ানী আদালতে প্রার্থনা করিয়া ঐ রায়তের প্রতি এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা প্রাপ্ত হন যে ঐ রায়ত ঐ ভূমির অবস্থা পরিবর্ত্তন কার্য্য হইতে বিরত হয়, এবং, তাহার পূর্ব্বাবস্থা পরিবর্ত্তন করিয়া থাকিলে, তাহা পূর্ব্বাবস্থায় পুনঃ সংস্থাপিত করে, তবে ঐ নিষেধসূচক আজ্ঞার তারিখের পর একমাস মধ্যে, অথবা এক তারিখ নোটিস দেওয়া হয়ে, ঐ নিষেধসূচক আজ্ঞার নোটিস রায়তে দিবার পর একমাস মধ্যে, ঐ রায়ত তদন্ত করিয়া কার্য্য করিতে বন্ধ করিলে, যে ভূমি সম্বন্ধে ঐ নিষেধসূচক আজ্ঞা প্রদত্ত হয় আর সেই ভূমি হইতে তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন এবং তাহার পরিবর্ত্তিত অবস্থা পূর্ব্বাবস্থায় পুনঃ সংস্থাপিত করিতে পারিবেন

এই ধারার অভিপ্রায় এই যে ভূম্যধিকারী আপন সম্পত্তির প্রতি ভঙ্গী সাধারণ তত্ত্বাবধান করেন, সুতরাং তিনি সতর্ক হইলে বিনা আপত্তিতে রায়তকে অপব্যয় করিতে দিবেন,

৪০ ধারা। উক্তরূপ কোন রায়ত কোন কার্য্য করিতে আরম্ভ করিয়াছে, ইহা জানিয়া ও ভূম্যধিকারী ঐ কার্য্য বন্ধ করিতে আদেশ না করিয়া যদি ঐ রায়তকে ঐ কার্য্য করিতে দেন, তবে ঐ ভূম্যধিকারী ঐ কার্য্য করিতে দিবার পর ছয় মাস মধ্যে ঐ রায়তকে ঐ কার্য্য বন্ধ করিতে আদেশ করিয়া নোটিস দিলে ঐ রায়ত ঐ কার্য্য বন্ধ করিতে বাধ্য হইবে।

কিন্তু ভূম্যধিকারী ছয় বৎসরের মধ্যে ঐরূপ নোটিস দিবেন না,

৪১ ধারা। ভূম্যধিকারী অবগত হইয়া বিনা আপত্তি রায়তকে অপব্যয় করিতে দিলে,

ভূম্যধিকারী যদি ঐ রায়তকে ঐ কার্য্য করিতে দেখিয়া ও জানিয়া ছয় মাস মধ্যে ঐ কার্য্য বন্ধ করিতে আদেশ না করেন, তবে ঐ ভূম্যধিকারী ঐ কার্য্য করিতে দিবার পর ছয় মাস মধ্যে ঐ রায়তকে ঐ কার্য্য বন্ধ করিতে আদেশ করিয়া নোটিস দিলে ঐ রায়ত ঐ কার্য্য বন্ধ করিতে বাধ্য হইবে।

কিন্তু ভূম্যধিকারী ছয় বৎসরের মধ্যে ঐরূপ নোটিস দিবেন না,

৪২ ধারা। কোন প্রজা ৪১ ধারার বিধানমতে কোন ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইলে, যদি পূর্ব্ব দশবৎসরের মধ্যে ঐ ভূমির খাজানা বৃদ্ধি না হইয়া থাকে, ভূম্যধিকারী সময়ে ঐ খাজানা এরূপে বৃদ্ধি করিতে পারিবেন, যে তাহা তদ্রূপ সুবিধা বিশিষ্ট ও তদ্রূপ কার্য্যে ব্যবহৃত পার্শ্ববর্ত্তী ভূমির নিমিত্ত অন্য প্রজাদের দত্ত খাজানার তুল্য হয়, অথবা ঐ ভূমির বাজার দরের শতকরা পাঁচভাগের তুল্য হয়।

ইমারত ও তদ্রূপ অন্য কার্য্য নিমিত্ত ব্যবহৃত ভূমির খাজনা বৃদ্ধি করিবার বিধির কথা।

৭ অধ্যায়।

স্বত্ব নিমজ্জনের কথা।

৪৩ ধারা। (ক)—যখন ডিক্রীজারী বা প্রকাশ্য নীলামে ক্রয় দ্বারা, কিম্বা দান, উত্তরাধিকার বা উইল দ্বারা কোন মহালের ভূস্বামী উক্ত মহালের অন্তর্গত কোন তালুকের মালিক হন, তখন যদি উক্ত ভূস্বামী নিজের কোন বিপরীত অভিপ্রায় ছিল ইহা দর্শাইতে না পারেন তবে অনুমান করিয়া লইতে হইবে যে উক্ত তালুক ভূস্বামীর স্বার্থে নিমজ্জিত হইয়াছে এবং একই ব্যক্তি মহাল ও তালুক উভয়ের মালিক হওয়াতে নিম্নলিখিত নিয়মাধীনে ঐতালুক বিলুপ্ত হইয়াছে।

যখন একই ব্যক্তি মহাল ও তদ্গত তালুকের মালিক হন তখন ঐ তালুকের উক্ত মহালে নিমজ্জিত হইবার কথা।

(১) ঐ ব্যক্তির একই স্বত্বে ও একই সময়ে মহাল ও তালুক এই উভয়ের মালিক হওয়া আবশ্যক।

(২) নাবালক স্থলে যতদিন তিনি বয়ঃপ্রাপ্ত না হন কিম্বা অসুস্থমনা ব্যক্তি স্থলে যতদিন তিনি সুস্থমনা না হন ততদিন এরূপ অনুমান হইবে না।

(৩) যে কোন ব্যক্তির উক্ত তালুকের উপর অধিকার আছে তাহার কিম্বা কোন পেটাও তালুকদারের কিম্বা কোন রায়তের প্রতিকূলে উক্ত স্বত্বনিমজ্জনবিধি বর্ত্তিবে না।

(৪) উক্ত ভূস্বামীর পূর্ব্ববর্ত্তী তালুকদারের যেসকল ব্যক্তির সহিত ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ থাকাতে তাহাদের উপর যে সমস্ত স্বত্ব ছিল কিম্বা তিনি তাহাদের নিকট যে সমস্ত দায়ে আবদ্ধ ছিলেন, উক্ত ভূস্বামী, গবর্ণমেণ্টের বাকী রাজস্বের জন্য ভূমি নীলাম সম্বন্ধে যৎকালে যে আইন প্রবল থাকে তাহার বিধানের নিয়মাধীনে এবং ডিক্রীজারী দ্বারা অথবা ডিক্রীজারী ব্যতিরেক বাকী খাজানার জন্য নীলাম সম্বন্ধে এই আইনের যে সমস্ত বিধান আছে তদ্বারা নিয়মাধীনে সেই সমস্ত স্বত্ব প্রাপ্ত হইবেন ও সেই সমস্ত দায়ে আবদ্ধ হইবেন।

বিশ্ত দুই বা ততোধিক ব্যক্তি সহাধিকারী হইলে যদি একলে না হইয়া এক বা ততোধিক ব্যক্তি উক্ত মহালের অন্তর্গত তালুকের মালিক হন তাহা হইলে স্বত্বনিমজ্জন ঘটিবে না।

উপবিধান।

(খ) যে তারিখে এরূপ মহাল ও তালুক উভয়ের মালিক হইলেন সেই তারিখ হইতে তিন মাস গত হইলে উক্ত বিপরীত অভিপ্রায় নিম্নলিখিতরূপে প্রমাণ করিতে হইবে, অন্য রূপে করিলে হইবে না, অর্থাৎ উক্ত অভিপ্রায় প্রকাশক এবং উক্ত তিন মাসের মধ্যে যথানিয়মে রেজিষ্টরী করা দলীল দাখিল করিয়া এবং ২০৩ ধারার (ক) প্রকরণের অন্তর্গত (৪) ও (৫) শাখার উক্ত ধারা উল্লিখিত বিজ্ঞাপন প্রচার করিবার যে রীতির বিধান হইয়াছে সেই রীত্যনুসারে উক্ত দলীলের নকল প্রচারিত করা হইয়াছে এই বিষয়ের প্রমাণ দিয়া।

অভিপ্রায় প্রকাশক দলীল তিন মাসের মধ্যে রেজিষ্টরী করিবার এবং তালুকের অন্তর্গত ভূমিতে প্রচারিত করিবার কথা।

৪৪ ধারা। ৪৩ ধারার বিধান সকল, আবশ্যক পরিবর্ত্তন সহ যত দূর সম্ভব, কোন তালুকদার ১ম শ্রেণীর পেটাও তালুক প্রাপ্ত হইলে, তাহার উপর খাটিবে, কোন ১ম শ্রেণীর পেটাও তালুকদার ২য় শ্রেণীর পেটাও তালুক প্রাপ্ত হইলে তাহার উপর খাটিবে এবং এইরূপ নিয়মে ক্রমান্বয়ে খাটিবে; এবং কোন জমীদার বা তালুকদার অথবা পেটাও তালুকদার, যে দখলী স্বত্ব বিশিষ্ট যোতের খাজানা ইতিপূর্ব্বে সাক্ষাৎ সম্বন্ধে উক্ত জমীদার বা তালুকদার অথবা পেটাও তালুকদারকে দেওয়া হইত সেই দখলিস্বত্ব বিশিষ্ট যোত প্রাপ্ত হইলে, তাহার উপর খাটিবে।

যে স্থলে উৎকৃষ্টতর স্বত্বের মালিক অভিমুষ্ট স্বার্থ প্রাপ্ত হইবে সেস্থলে ৪৩ ধারার বিধান সকল প্রয়োগ হইবার কথা।

৪৫ ধারা।—এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশ সকলে এই আইন হইল এবং পূর্ব্বাবধি এই আইন ছিল যে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট্ সেক্রেটরী সাহেব ক্রয় দ্বারা কিম্বা অন্য প্রকারে কোন মহাল প্রাপ্ত হইলে ঐ মহালের অন্তর্গত ভূমির মালিকী স্বত্ব ঐ স্টেট সেক্রেটরী সাহেবের সর্ব্বোৎকৃষ্ট স্বত্বে নিমজ্জিত হইবে এবং একই ব্যক্তিতে ঐ মালিকী স্বত্ব ও সর্ব্বোৎকৃষ্ট স্বত্ব সম্মিলিত হওয়াতে উক্ত মালিকী স্বত্বের বিলোপ হইবে। ৪৩ ধারার (ক) প্রকরণে উল্লিখিত তৃতীয় ও চতুর্থ নিয়ম ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত স্টেট সেক্রেটরী সাহেব কর্ত্তৃক প্রাপ্ত তদ্রূপ প্রত্যেক মহালে খাটিবে।—বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭৯ সালের ৮ আইনের এই প্রকার কোন মহালের উপর যে কার্য্যকারিতা আছে তাহার, কিম্বা রাজকীয় প্রাপ্য আদায় জন্য যৎকালে যে কোন আইন প্রবল থাকে তাহার বিরুদ্ধে যাইবে এই ধারার অন্তর্গত কোন কথার এরূপ অর্থ করিতে পারা যাইবে না।

যখন ভারতবর্ষের পক্ষে মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারি সাহেব কোন মহাল ক্রয় করিবেন তখন মালিকী স্বার্থের সর্ব্বোৎকৃষ্ট স্বত্বে নিমজ্জিত হইবার কথা।

উদাহরণ।—

ভূমির বাকী রাজস্বের জন্য নীলামে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের পক্ষে বর্দ্ধমানের কালেক্টর সুলতানপুর নামক এক মহাল ক্রয় করিলেন। ক, খ, গ, এই মহালের অন্তর্গত ভূমির ভোগাধিকারী রায়ত এবং বিক্রয়ের পূর্ব্বে তাহারা বাৎসরিক কতক টাকা খাজানাস্বরূপ সাক্ষাৎ সম্বন্ধে সুলতানপুরের মালিককে দিয়াছে। বিক্রয়ের পর তাহারা উক্ত বৎসরিক কতক টাকা ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে দিবার দায়ী এবং ঐ কতক টাকা ভূমির রাজস্ব স্বরূপ দেয়, খাজানা স্বরূপ দেয় নহে।

তালুক, পেটাও তালুক এবং দখলীস্বত্ব বিশিষ্ট যোত হস্তান্তর করণের রেজিষ্টরী করিবার কথা।

৪৬ ধারা। কোন তালুকের বা পেটাও তালুকের অথবা তাহার কোন অংশের কিম্বা কোন দখলীস্বত্ববিশিষ্ট যোতের উত্তরভোগিত্ব বা হস্তান্তর করণ, ঐ উত্তরভোগিত্ব সংঘটনের বা হস্তান্তর করণের পর তিন মাসের মধ্যে যে ভূম্যধিকারীকে উক্ত তালুক বা পেটাওতালুক অথবা দখলী স্বত্ববিশিষ্ট যোতের খাজানা দিতে হয় তাঁহার সেরেস্তার বা কাছারীতে রেজেষ্টারী করিতে হইবে। এবং উক্ত ভূম্যধিকারি প্রতি এই আদেশ হইতেছে যে তিনি উক্ত প্রত্যেক হস্তান্তর করণ ও উত্তরভোগিত্ব রেজেষ্টরী করেন ও অন্য প্রকারে সফল করেন। কিন্তু কোন ভূম্যধিকারী উক্ত তালুক বা পেটাও তালুক কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট তালুকের খাজনার কোন বিভাগ বা বণ্টন রেজেষ্টরী করিয়া দিতে বা সফল করিতে বাধ্য নহেন এবং উক্ত ভূম্যধিকারির লিখিত সম্মতি ব্যতিরেকে কোন বিভাগ বা বণ্টন তাঁহার বিপক্ষে সিদ্ধ হইবে না।

প্রজার তদীয় ভূম্যধিকারির সেরেস্তায় তাহার তালুক বা পেটাও তালুক অথবা দখলীস্বত্ব বিশিষ্ট যোত হস্তান্তর করণ রেজেষ্টরী করিবার কথা।—ভূম্যধিকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে খাজানার বিভাগ তাঁহাকে বাধ্য করিতে না পারিবার কথা।

১ব্যাখ্যা।—এই ধারার "হস্তান্তর করণ" শব্দে ঘরাও বিক্রয়, দান বা বিনিময় দ্বারা কিম্বা ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর করণ বুঝায় এবং এইরূপ হস্তান্তর করণ এই ধারার "হস্তান্তর করণ" শব্দের অন্তর্নিবিষ্ট।

২ব্যাখ্যা।—উইল বা উত্তরাধিকারিত্ব সূত্রে বর্ত্তমান এই ধারার "উত্তরভোগিত্ব" শব্দের অন্তর্নিবিষ্ট যে উত্তরভোগিত্ব স্থলে একাধিক উত্তরাধিকারী থাকেন তথায় প্রত্যেক উত্তরাধিকারীরই নিজ২ নাম রেজেষ্টরী করিয়া লইবার স্বত্ব আছে।

৪৭ ধারা। তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ববিশিষ্ট তালুকের প্রত্যেক উত্তরভোগিত্ব ও হস্তান্তর করণ স্থলে, যদি উক্ত হস্তান্তরকরণ উহার নিজ বাকি খাজানার ডীক্রীজারী ক্রমে নীলাম হইয়া না হয় তবে উহার ভূম্যধিকারির ফী পাইবার স্বত্ব আছে এবং ঐ ফী উক্ত হস্তান্তরকরণ ও উত্তরভোগিত্বের রেজেষ্টরী হইলে দিতে হইবে। ঐ ফী উক্ত তালুক, পেটাও তালুক বা দখলী স্বত্ব বিশিষ্ট তালুকের বাৎসরিক খাজানার উপর শতকরা দুই টাকা হিসাবে হইবে, কিন্তু ঐ ফী এক টাকার কম বা এক শত টাকার অধিক হইবে না। ঐ ফী না দিলে উক্ত ভূম্যধিকারী ঐ হস্তান্তর করণ বা উত্তরভোগিত্ব রেজেষ্টরী করিতে অস্বীকার করিতে পারেন।

তালুক, পেটাও তালুক বা দখলী স্বত্ববিশিষ্ট যোত হস্তান্তর করা গেলে, ভূম্যধিকারির ফী পাইবার অধিকারের কথা।

৪৮ ধারা। (ক) তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ব বিশিষ্ট যোত হস্তান্তর করণ স্থলে যদি উক্ত হস্তান্তর করণ ডিক্রী জারী ক্রমে নীলাম হইয়া না হয়, তবে রেজেষ্টরীর দরখাস্তের তারিখ হইতে ও তৎপরে, উক্ত তালুক বা পেটাও তালুক বা দখলীস্বত্ব বিশিষ্ট যোতের খাজানার দায় হইতে হস্তান্তরকারী নিজে নিষ্কৃতি পাইবেন এবং যাঁহাকে হস্তান্তর করিয়া দিয়াছেন তিনি নিজে তজ্জন্য দায়ী হইবেন।

হস্তান্তর করিলে এবং হস্তান্তর করণ বা উত্তরভোগিত্ব রেজেষ্টরি করিলে খাজানা দিবার দায়ের উপর যে ফল বর্ত্তিবে তাহার কথা।

(খ) তালুক, পেটাও তালুক বা দখলীস্বত্ব বিশিষ্ট যোত উহার বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম হইয়া হস্তান্তরিত হইলে আদালত কর্তৃক উক্ত বিক্রয় মঞ্জুরের দিন হইতে ও তৎপরে উক্ত খাজনার জন্য হস্তান্তরকরণসূত্রে প্রাপ্তা নিজে দায়ী হইবেন। পূর্ব্ব প্রজা উক্ত দিন পর্য্যন্ত সমস্ত খাজনার জন্য নিজে দায়ী থাকিবেন।

(গ) কোন তালুক বা পেটাও তালুক উহার বাকী খাজনার ডিক্রীজারীক্রমে নীলাম না হইয়া যদি অন্য ডিক্রীজারীর নীলাম দ্বারা হস্তান্তরিত হয়, তবে যে প্রজার স্বার্থ এইরূপে হস্তান্তরিত হইল, ভূম্যধিকারিকে এই রূপ হস্তান্তর হইবার নোটিস্ দেওয়া সেই প্রজার কর্ত্তব্য মধ্যে পরিগণিত হইবে। যদি উক্ত প্রজা যথোচিত সময়ের মধ্যে নোটিস্ দেয়, তবে বিক্রয় মঞ্জুর হইবার দিন অবধি খাজনার দায় হইতে সে নিজে নিষ্কৃতি পাইবে এবং হস্তান্তর সূত্রে প্রাপ্তা তজ্জন্য দায়ী হইবে। যদি যথোচিত সময়ের মধ্যে নোটিস্ দিতে সে অবহেলা করে তবে সে যত দিন না ঐরূপ হস্তান্তর হইবার নোটিস্ না দেয় ততদিন ঐ খাজনার জন্য নিজে দায়ী থাকিবে।

(গ) কোন ব্যক্তি কোন তালুক, পেটাওতালুক বা দখলী স্বত্ব বিশিষ্ট যোতের উত্তরভোগিত্ব প্রাপ্ত হইলে, এই উত্তর ভোগী ব্যক্তি দখল প্রাপ্ত হইলে, পূর্ব্ব প্রজার মৃত্যু হইতে ও তৎপরে দেয় খাজনার জন্য নিজে দায়ী হইবে।

৪৯ ধারা। ডিক্রী জারীক্রমে নীলামে হস্তান্তর করণ ভিন্ন অন্য কোন রূপে কোন তালুক, বা পেটাও তালুক বা দখলীস্বত্ব বিশিষ্ট যোতের হস্তান্তর করণ স্থলে যদি ৪৬ ধারার বিধানমতে তিন মাসের মধ্যে উক্ত হস্তান্তর করণের রেজিষ্টরী করিবার দরখাস্ত না করা হয় এবং রীতিমত ফী উপস্থিত না করা হয় তবে হস্তান্তর কারী ঐ খাজানার দায়ী থাকিবেন এবং ঐ ভূম্যধিকারী ঐ হস্তান্তর করণ গ্রাহ্য করিতে বাধ্য নহেন। কিন্তু একবৎসরের খাজানার উপর শত করা কুড়ি টাকা ফী দিলে, সেই ভূম্যধিকারী উক্ত তিনমাস কালগত হইলে ঐ হস্তান্তর করণ রেজিষ্টরী করিয়া দিবেন। পরন্তু ঐ ফী দশ টাকার কম ও এক হাজার টাকার অধিক হইবে না।

অন্য হস্তান্তর করণের রেজিষ্টরী না হইলে তাহার ফলের কথা।

৫০ ধারা। (ক) কোন তালুক বা পেটাও তালুকের উত্তরভোগিত্ব প্রাপ্ত হইলে কিম্বা ডিক্রী জারীক্রমে নীলামে উহা হস্তান্তরিত হইলে, যাহাদের নামে হস্তান্তর হইয়াছে তাহাদের সকলে কিম্বা অন্যতম অথবা উত্তর ভোগিগণ সকলে কিম্বা তাহাদের অন্যতম ৪৬ ধারার বিধানমতে তিন মাসের মধ্যে যদি উক্ত উত্তরভোগিত্ব বা হস্তান্তর করণের রেজিষ্টরী করিবার দরখাস্ত না করে এবং রীতিমত ফী জমা না দেয়, তবে ঐ ভূম্যধিকারির উক্ত তালুক বা পেটাওতালুক ক্রোক করিবার ও দখল করিবার স্বত্ব থাকিবে।

কোন তালুক বা পেটাও তালুকের পক্ষে উত্তর ভোগিত্বের বা ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর করণের রেজিষ্টরী না হইলে তাহার ফলের কথা।

(খ) ঐ তালুক বা পেটাও তালুক ক্রোক হইবার পর এবং যে পর্য্যন্ত ঐ উত্তরভোগিত্ব বা হস্তান্তর করণ রেজিষ্টরী না হয় সেই পর্য্যন্ত পেটাও তালুকদার কিম্বা রায়ত গণের নিকট হইতে খাজানা আদায় করিবার ঐ ভূম্যধিকারীর স্বত্ব থাকিবে, এবং ক্রোকের খরচা, আদায়ের ব্যয় ও নিজ প্রাপ্য খাজানা বাদে বক্রী টাকা যে ব্যক্তি উত্তরভোগিত্বসূত্রে অথবা ঐ নীলাম খরিদ সূত্রে অধিকারী হইবে, তাহার গচ্ছিত ধনের ন্যায় জমা রাখিবেন।

ভূম্যধিকারী ক্রোকী তালুক বা পেটাও তালুকের খাজানা আদায় করিতে পারেন; কিন্তু তাঁহাকে আপনার খাজানা ইত্যাদি বাদে বক্রী টাকার হিসাব দিতে হইবে, ইহার কথা।

(গ) পেটাও তালুকদার অথবা রায়ত গণের নিকট হইতে এইরূপ আদায়ী খাজানা যদি ক্রোকের খরচা, আদায়ের ব্যয় এবং ঐ ভূম্যধিকারির প্রাপ্য খাজানা পরিশোধ করণে পর্য্যাপ্ত না হয়, তবে উত্তরভোগিত্ব বা ডিক্রীজারীর নীলামে খরিদসূত্রে অধিকারী ব্যক্তি ঐ বাকী টাকার জন্য দায়ী হইবেন এবং উক্ত ভূম্যধিকারী ৬৪ ধারার বিধানের নিয়মাধীনে তাঁহার নিকট হইতে উক্ত টাকা আদায় করিবার জন্য তাঁহার বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

আদায় পর্য্যন্ত না হইলে উত্তরভোগিত্ব বা খরিদ সূত্রে অধিকারী ব্যক্তির বাকীর জন্য দায়ী হইবার কথা।

(ঘ) উক্ত তিন মাস কাল গত হইবার পর যে কোন সময়ে ঐ ভূম্যধিকারী এক বৎসরের খাজানার উপর শতকরা কুড়ি টাকা ফী দিলে ঐ উত্তরভোগিত্ব বা ডিক্রীজারীর নীলামে হস্তান্তর করণ রেজিষ্টরী করিয়া দিতে পারিবেন; কিন্তু ঐ ফী দশ টাকার কম বা এক হাজার টাকার অধিক হইবে না।

তিন মাস পরে জরিমানা দিলে ভূম্যধিকারী তালুক বা পেটাও তালুক রেজিষ্টরী করিতে পারেন, ইহার কথা।

৫১ ধারা। কোন তালুক বা পেটাও তালুকের উত্তরভোগিত্ব প্রাপ্ত হইলে কিম্বা ডিক্রীজারীর নীলাম দ্বারা উহা হস্তান্তরিত হইলে যদি ৪৬ ধারার বিধান মতে উক্ত উত্তরভোগিত্ব বা হস্তান্তরকরণ, হস্তান্তর করণ সূত্রে প্রাপ্তাগণ সকলে বা তাহাদের অন্যতম অথবা উত্তরভোগিগণের সকলে বা অন্যতম রেজিষ্টরী না করে, তবে উক্ত যোত ক্রোক করিবার ও দখল করিবার ঐ ভূম্যধিকারির স্বত্ব থাকিবে এবং তিনি উহা চাষ করিতে বা চাষের জন্য বিলি করিতে পারিবেন। এক বৎসরের খাজানার উপর শতকরা কুড়ি টাকা ফী দিলে, উক্ত তিনমাসকাল গত হইবার পর যে কোন সময়ে ঐ ভূম্যধিকারী ঐ উত্তরভোগিত্ব বা ডিক্রীজারীর নীলামে হস্তান্তরকরণ রেজিষ্টরী করিতে দিবেন; কিন্তু উক্ত ফী দশ টাকার কম কিম্বা এক হাজার টাকার অধিক হইবে না। উত্তরভোগিত্ব বা ডিক্রীজারীর নীলামে হস্তান্তর করণ সূত্রে অধিকারী ব্যক্তি ফসলী, আমলী বা বাঙ্গালা সনের মধ্যে যাহা তাহার দেশে প্রচলিত আছে ঐ উত্তরভোগিত্ব বা হস্তান্তর করণের ঠিক পরবর্ত্তী সেই সন শেষ হইবার পূর্ব্বে যদি রেজিষ্টরী করিবার দরখাস্ত না করে কিম্বা রীতিমত ফী দিবার প্রস্তাব না করে তবে ঐ যোত ঐ ভূম্যধিকারির সম্পূর্ণ অধিকারে থাকিবে।

কোন যোতের পক্ষে উত্তরভোগিত্ব বা ডিক্রীজারীর নীলামে হস্তান্তরকরণের রেজিষ্টরী না হইলে তাহার ফলের কথা।

৫২ ধারা। যদি কোন ভূম্যধিকারী কোন তালুক, পেটাও তালুক বা দখলী স্বত্ব বিশিষ্ট যোত, ৪৬ ধারার বিহিত রীত্যনুসারে রেজিষ্টরী না করেন বা অন্য প্রকারে সফল না করেন কিম্বা করিতে অস্বীকার করেন, তবে ঘরাও নীলাম, দান বা বিনিময় দ্বারা হস্তান্তর করণস্থলে ঐ হস্তান্তরকারক কিম্বা যে কোন স্থলে হস্তান্তরক্রমে প্রাপ্তা বা উত্তরভোগী দেওয়ানী আদালতে উক্ত ভূম্যধিকারীর নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারে। এবং কি জন্য ঐ উত্তরভোগিত্ব বা হস্তান্তরকরণ রেজিষ্টরি হইবে না যদি তাহার বিশিষ্ট হেতু দর্শান না হয়, তবে উক্ত দেওয়ানী আদালত উহার রেজিষ্টরীর হুকুম দিয়া ডিক্রী দিবেন এবং তদ্ব্যতীত যে স্থলে উক্ত উত্তরভোগিত্ব বা হস্তান্তরকরণ রেজিষ্টরী করিতে বা অন্য প্রকারে সফল করিতে তাচ্ছিল্য বা অস্বীকার করায় অর্থক্ষতি হইয়াছে সে স্থলে হানিপূরণের অনুমতি দিতে পারিবেন।

যদি ভূম্যধিকারী রেজিষ্টরী না করেন বা করিতে অস্বীকার করেন তবে তাঁহাকে বাধ্য করিবার জন্য দেওয়ানী মোকদ্দমা চলিবে। যে স্থলে অর্থক্ষতি ঘটিয়াছে সে স্থলে হানিপূরণের অনুমতি দেওয়া যাইতে পারে।

৫৩ ধারা। (ক) যে স্থলে কোন পত্তনী তালুক ঘরাও নীলাম, দান বা বিনিময় দ্বারা অথবা ডিক্রী জারিতে নীলাম দ্বারা হস্তান্তরিত হইবে, সে স্থলে হস্তান্তরকরণ সূত্রে প্রাপ্তার নিকট উক্ত তালুকের দেয় বাৎসরিক খাজানার অর্দ্ধেক পরিমাণে মাতব্বর জামিন চাহিবার ভূস্বামীর স্বত্ব থাকিবে এবং যতদিন পর্য্যন্ত ঐরূপ জামিন দেওয়া ও লওয়া না হয় ততদিন ঐ ভূস্বামী উক্ত হস্তান্তর করণ রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারেন।

যাঁহার নামে পত্তনী করা যাইবে বা যিনি উইল সূত্রে পত্তনীতালুক পাইবেন তাঁহার বাৎসরিক খাজানার অর্দ্ধেক পরিমাণে জামিন দিবার কথা।

(খ) যদি হস্তান্তর করণ স্থলে ঐরূপ জামিন চাওয়া হয় এবং ঐ হস্তান্তর করণের তারিখ হইতে তিন মাসের মধ্যে উক্ত জামিন উপস্থিত করা না হয় তবে যে পর্য্যন্ত না উক্ত জামিন উপস্থিত করা হয় সে পর্য্যন্ত হস্তান্তর করণ সূত্রে প্রাপ্তাকে বাদ দিয়া উক্ত তালুক ক্রোক ও দখল করিবার ভূস্বামীর স্বত্ব থাকিবে। ৫০ ধারার (খ) ও (গ) প্রকরণের বিধান সকল এই প্রকার ক্রোকের উপর বর্ত্তিবে।

যদি এক মাসের মধ্যে জামিন উপস্থিত করা না হয় তবে ভূস্বামী ঐ তালুক ক্রোক করিতে পারেন, ইহার কথা।

(গ) হস্তান্তরকরণসূত্রে প্রাপ্তার প্রস্তাবিত জামিন যদি ভূস্বামী অগ্রাহ্য করেন এবং এই রূপ অগ্রাহ্য করাতে হস্তান্তর করণ সূত্রে প্রাপ্তা অসন্তুষ্ট হন তবে তিনি জিলার জজ সাহেবের নিকট এই মর্ম্মে দরখাস্ত করিতে পারেন যে জজসাহেব উক্ত ভূস্বামীকে উক্ত জামিন গ্রহণ করিবার ও উক্ত হস্তান্তর করণের রেজিষ্টরী করিবার হুকুম দেন। প্রস্তাবিত জামিনের যোগ্যতা বিষয়ে জজ সাহেবের হৃদ্বোধ জন্মিলে তিনি ঐ হুকুম দিতে পারেন, আর যদি তাঁহার

প্রস্তাবিত জামিন গ্রহণ করিতে অস্বীকার করিলে জিলার জজসাহেবের নিকট দরখাস্ত করিবার কথা। উক্ত জজসাহেব ইহাতে হুকুম দিতে পারেন এবং ঐ হুকুমের আপীল নাই।

ক্রোধ না জন্মে তবে দরখাস্ত না মঞ্জুর করিয়া হুকুম দিতে পারেন। এইরূপ হুকুমের আপীল হইবে না।

৫৪ ধারা। রেবিনিউ বোর্ড সকল শ্রেণীর ভূস্বামীগণের জন্য পাঠ নির্দ্ধারণ করিয়া দিতে পারিবেন। যেসকল তালুক পেটাও তালুক বা দখলী স্বত্ববিশিষ্ট যোতের খাজানা উক্ত ভূস্বামীগণকে দেওয়া হয় সেই সকল তালুক, পেটাওতালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোতের উত্তরভোগিত্ব বা হস্তান্তরকরণের রেজিষ্টর উক্ত ভূস্বামিগণ উক্ত পাঠে রাখিবেন। রেবিনিউ বোর্ড উক্ত রেজিষ্টর রাখিবার নিয়মাবলী করিতেও করা হইলে রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন এবং এতদ্ভাতীত ঐ নিয়ম ভঙ্গ করিলে পঞ্চাশ টাকার অনধিক দণ্ড বিধান করিতে পারিবেন। চারি-আনা ফী দিলে উক্ত রেজিষ্টরে তৎসম্বন্ধীয় লেখার নকল পাইবার উক্ত উত্তরভোগিত্ব বা হস্তান্তরকরণ সম্পর্কীয় যে কোন ব্যক্তির স্বত্ব থাকিবে। ঐ ভূস্বামির কন্যা যে ব্যক্তি তাঁহার পক্ষে সচরাচর খাজনা গ্রহণ করে তাহার স্বাক্ষর উক্ত নকলে থাকিবে এবং যদি ঐ ভূস্বামী সর্ব্বদা মোহর ব্যবহার করেন তবে উক্ত ভূস্বামির মোহর উক্ত নকলে থাকিবে।

রেবিনিউবোর্ড উত্তরভোগিত্ব এবং হস্তান্তরণের রেজিষ্টরের পাঠ নির্দ্ধারিত করিয়া দিতে পারিবেন, তাহার কথা। চারি আনা ফী দিলে লেখার নকল পাইবার তৎসম্পর্কীয় ব্যক্তিগণের স্বত্ব থাকিবে তাহার কথা।

৯ অধ্যায়।

খাজানা, খাজানার কিস্তি, খাজানার কবজ, খাজানা আমানত, খাজানা বন্টন এবং খাজনা বন্ধকের কথা।

৫৫ ধারা। (ক) যে২ তারিখে ও যে২ কিস্তিতে দেওয়া প্রথানুগত কিম্বা তালুকদার বা পেটাও তালুকদার তাহাদের ভূস্বামির সহিত যে২ তারিখে ও যে২ কিস্তিতে দিবার করার করিয়াছে সেই২ তারিখে ও সেই২ কিস্তিতে, উক্ত তালুকদার বা পেটাও তালুকদারের দেয় খাজানা দিতে হইবে এবং উক্ত প্রথা বা করার না থাকিলে এই ধারার (খ) প্রকরণে উল্লিখিত তারিখে এবং উক্ত প্রকরণে নির্দ্দিষ্ট রীত্যনুসারে অবধারিত কিস্তিতে দিতে হইবে।

তালুকদারের বা পেটাও-তালুকদারকে কোন্২ তারিখে এবং কোন্২ কিস্তিতে খাজনা দেয় তাহার কথা।

(খ) রায়তদিগের দেয় খাজানা চারি ত্রৈমাসিক কিস্তিতে দিতে হইবে। উক্ত কিস্তি ক্রমান্বয়ে ১লা আষাঢ়, ১লা আশ্বিন, ১লা পৌষ এবং ১লা চৈত্র তারিখে পাওনা হইবে। যে স্থলে এই আইন আরম্ভের পূর্ব্বে ঐ খাজানা দিবার কিস্তির বন্দোবস্তকারক কোন করার করা হইয়াছে বা কোন প্রথা প্রচলিত আছে সে স্থলে

রায়তদিগের খাজানা কোন্২ তারিখে এবং কোন্২ কিস্তিতে দেয় তাহার কথা।

(ক) ঐ করার বা প্রথা অনুসারে বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে দেয় কিস্তির সমষ্টি ১লা আষাঢ় তারিখে দেয় কিস্তির টাকা বলিয়া গণ্য হইবে।

(খ) উক্ত করার বা প্রথা অনুসারে শ্রাবণ, ভাদ্র এবং আশ্বিন মাসে দেয় কিস্তির সমষ্টি ১লা আশ্বিন তারিখে দেয় কিস্তির টাকা বলিয়া গণ্য হইবে।

(গ) উক্ত করার বা প্রথা অনুসারে কার্ত্তিক, অগ্রহায়ণ ও পৌষ মাসে দেয় কিস্তির সমষ্টি ১লা পৌষ তারিখে দেয় কিস্তির টাকা বলিয়া গণ্য হইবে।

(ঘ) উক্ত করার বা প্রথা অনুসারে মাঘ, ফাল্গুন এবং চৈত্র মাসে দেয় কিস্তির সমষ্টি ১লা চৈত্র তারিখে দেয় কিস্তির টাকা বলিয়া গণ্য হইবে।

ঐরূপ কোন করার বা প্রথা না থাকিলে, কালেক্টর সাহেব যেরূপ অনুসন্ধান আবশ্যক জ্ঞান করিবেন তাহা করণান্তর এবং সেই জিলার যে রীতি তিনি সর্ব্বাপেক্ষা অধিক প্রচলিত বোধ করিবেন সেই রীতি অনুসারে, উপরোক্ত প্রত্যেক ত্রৈমাসিক কিস্তিতে মোট খাজানা কত অংশ দিতে হইবে তাহা অবধারিত করিয়া দিবেন। খাজানার যত অংশ ক্রমান্বয়ে ১লা আষাঢ়, ১লা আশ্বিন, ১লা পৌষ এবং ১লা চৈত্র তারিখে দেয় বলিয়া এইরূপে স্থির হইবে তাহার মোটিস নিম্নলিখিতরূপে দিতে হইবে।

কালেক্টর সাহেবের যে হুকুমে উক্ত কিস্তি অবধারিত হইয়াছে তাহার নকল ঐ জিলার প্রত্যেক থানায় এবং পশ্চাৎ উল্লিখিত কর্ম্মচারিদিগের অর্থাৎ জিলার জজ, কালেক্টর, মাজিষ্ট্রেট, তাবৎ মুনসেফগণ, মহকুমার ভারপ্রাপ্ত কার্য্যকারকগণ এবং ঐ জিলার সব-রেজিষ্ট্রারগণের আদালত বা কাছারীতে লটকাইয়া দিয়া এবং ঐ জিলার সদরমোকামে, ঐ জিলার অন্তর্গত প্রত্যেক মহকুমার সদরে এবং বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে২ স্থানে আদেশ করিবেন সেই২ স্থানে ঢেড়রা দিয়া উক্ত হুকুম প্রচারিত করিয়া নোটিস দিতে হইবে।

৫৬ ধারা। ৫৫ ধারার বিধানমতে যে দিবস খাজানার কিস্তি দেয় সেই দিন বা সেই তারিখে সূর্য্যাস্তের পূর্ব্বে যে কোন খাজানার কিস্তি দেওয়া বা পরিশোধ করা না হইবে তাহা বাকীখাজানা বলিয়া জ্ঞান করা যাইবে এবং সেই দিন বা সেই তারিখ অবধি যে তারিখে উহার ডিক্রীর হুকুম হইবে সেই তারিখ পর্য্যন্ত বাৎসরিক শতকরা বার টাকা হারে উহার উপর সুদ চলিবে। যে দিন বা যে তারিখে কিস্তি দেয় সেই দিন বা সেই তারিখে নিজ আয়ত্বের বহির্ভূত কোন কারণে উক্ত টাকা দিতে বা পরিশোধ করিতে অক্ষম হইয়াছিল যদি প্রজা ইহা দর্শাইতে না পারে তবে যে২ স্থলে উক্ত বাকীখাজানা কোন দেওয়ানী আদালতের সাহায্যে আদায় হয় সেই২ স্থলে সেই দেওয়ানী আদালত হইতে উক্ত সুদের ডিক্রী হইবে।

বাকীখাজানা কাহাকে জ্ঞান করা যাইবে তাহার কথা। বাকীখাজানার সুদের কথা।

খাজানার কবজের কথা।

৫৭ ধারা। (ক) নিজ ভূম্যধিকারিকে খাজানা বা খাজানার ন্যায় আদায় যোগ্য কোন টাকা দিলে উক্ত টাকার কবজ অন্যায্যে পাইবার প্রত্যেক প্রজার স্বত্ব আছে। টাকা দিবার তারিখ; যে টাকা নগদ দেওয়া হইল তাহা; কিম্বা যে স্থলে খাজানা শস্যাদিরূপে দিতে হয় সে স্থলে যে পরিমাণ শস্য দেওয়া হইল তাহা; যে তালুক, পেটাওতালুক, বা যোত সম্বন্ধে খাজানা বা টাকা নগদ কিম্বা শস্যাদিরূপে দেওয়া হইল তাহা; যে কিস্তিতে এবং যে সনে ঐ টাকা দেওয়া স্বীকার করা হইল তাহা; ঐ কবজে এই সকল বিষয়ের সবিশেষ উল্লেখ থাকিবে। ঐ ভূম্যধিকারী উক্ত কবজের একখানি অনুলিপি রাখিবেন এবং ঐ অনুলিপিতে উক্ত সমস্ত বিশেষ কথা সন্নিবেশিত হইবে।

ভূম্যধিকারিকে খাজানা দিলে প্রজার কবজ পাইবার স্বত্ব আছে তাহার কথা। ঐ কবজে কি২ বিষয় উল্লিখিত থাকিবে তাহার কথা। ভূম্যধিকারির নিকট কবজের অনুলিপি থাকিবার কথা।

(খ) নিজ জিলায় ফসলী, আমলী বা বাঙ্গালা সনের মধ্যে যাহা চলিত তাহার শেষে প্রত্যেক প্রজা তদীয় ভূম্যধিকারির নিকট হইতে একখানি হিসাব বিবরণ পাইবার অধিকারী। ঐ প্রজা উক্ত ভূম্যধিকারির নিকট যে তালুক, পেটাওতালুক, যোত কিম্বা ভূমিরজন্য খাজানা দেয়, সেই তালুক, পেটাওতালুক, যোত বা ভূমি; তজ্জন্য বাৎসরিক যত খাজানা দিতে হয় তাহা; ঐ সনের প্রারম্ভে যত খাজানা বাকী আছে, তাহা; ঐ সনে যত টাকা দেওয়া হইয়াছে; তাহার কত অংশ ঐ সনের খাজানায় জমা হইয়াছে এবং কতই বা গতসন সকলের বাকীতে জমা হইয়াছে তাহা; ঐ সনের শেষে যদি দিতে বাকী থাকে তবে কত টাকা দিতে বাকী আছে, এই সকল বিষয় উক্ত হিসাবের বিবরণে লেখা থাকিবে। উক্ত ভূম্যধিকারী ঐ হিসাবের বিবরণের একখানি অনুলিপি রাখিবেন এবং ঐ অনুলিপিতে উক্ত সমস্ত বিশেষ কথা সন্নিবেশিত হইবে।

বৎসরান্তে হিসাবের বিবরণ পাইবার প্রজার স্বত্ব আছে তাহার কথা। ভূম্যধিকারির তদনুলিপি রাখিবার কথা।

(গ) প্রত্যেক ভূম্যধিকারী উক্ত কবজ ও হিসাবের বিবরণের পাঠ রাখিবেন এবং তাহার সহিত অনুলিপি সকল সংলগ্ন থাকিবে। ঐ পাঠ একত্র বহীর আকার বাঁধাই হইবে, প্রত্যেক বহীতে উক্ত কবজ বা হিসাব পঁচিশ খানার কম থাকিবে না এবং উহাতে পর২ নম্বর দেওয়া থাকিবে। প্রত্যেক কবজ বা হিসাবের বিবরণ এবং উহার অনুলিপিতে পর২ একই নম্বর থাকিবে।

ভূম্যধিকারীর উক্ত কবজ ও হিসাবের বিবরণের পাঠ সম্বলিত বহীও উহার অনুলিপি রাখিবার কথা।

(ঘ) কোন ভূম্যধিকারী এই আইন প্রচলিত হইবার ছয়মাস পরে কোন প্রজাকে প্রার্থনামতে উপরোক্ত বিশেষ কথা সম্বলিত কবজ বা হিসাবের বিবরণ দিতে অবহেলা বা অস্বীকার করিলে, তাঁহাকে ৮৮ ধারায় নির্দ্দিষ্ট দণ্ডের দায়ী হইতে হইবে।

বিহিত পাঠে কবজ বা হিসাবের বিবরণ দিতে অবহেলা বা অস্বীকার করিলে দণ্ডের কথা।

কালেক্টরীতে খাজানা আমানত করিবার কথা।

৫৮ ধারা। (১) ৫৯ ধারার নিরূপিত নিয়মাধীনে প্রজা পশ্চাৎ উল্লিখিত যে কোন স্থলে তাহার দেয় খাজানা, তাহার জন্য ও যৎ সম্পর্কে খাজানা দেওয়া হয় সেই তালুক, পেটাও তালুক, যোত বা ভূমি যে জিলায় কিম্বা মহকুমা থাকিলে যে মহকুমার মধ্যে স্থিত সেই জিলার কালেক্টরী খাজানাখানায় বা সেই মহকুমার খাজানাখানায় আমানত করিয়া দিতে পারিবে। অর্থাৎ

কোন২ স্থলে প্রজা যে খাজানা পাওনা হইয়াছে তাহা কালেকটরীতে আমানত করিয়া দিতে পারে।

(ক) যে স্থলে প্রজা বা তাহার কর্ম্মকারক মালকাছারীতে বা যে স্থলে ঐ খাজানা দিতে হয় তথায় যথাসময়ে ঐ খাজানা দিবার প্রস্তাব করিয়াছে এবং এইরূপে প্রস্তাবিত খাজানা লওয়া হয় নাই।

(খ) যে স্থলে ঐ খাজানা সহাধিকারিদিগকে সংসৃষ্টভাবে দিতে হয় এবং ঐ প্রজা ঐ খাজানার সহাধিকারিদিগের সংসৃষ্ট কবজ পাইতে অক্ষম হইয়াছে এবং সহাধিকারিরা বা জিলার জজ সাহেব কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করেন নাই।

(গ) যে স্থলে কোন২ ব্যক্তি ঐ খাজানা পাইবার স্বত্বাধিকারী এ প্রজার প্রকৃত রূপে এই সন্দেহ জন্মিবে।

(২) উপরোক্ত বিধানের নিয়মাধীনে এবং উপরোক্ত স্থলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্টগবর্ণরসাহেবের নিকট হইতে, নির্দ্দিষ্ট ভূমিখণ্ডের মধ্যবর্ত্তী তালুক, পেটাও তালুক যোত এবং ভূমির খাজানা আমানত গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত রাজকীয় কার্য্যকারকের নিকট উক্ত খাজানা আমানত করা যাইবে। যে স্থলে কোন রাজকীয় কার্য্যকারককে এইরূপ বিশেষ ক্ষমতা প্রদত্ত হইয়াছে সে স্থলে উক্ত ভূমিখণ্ডের মধ্যবর্ত্তী কোন তালুক, পেটাও তালুক যোত বা ভূমির খাজানা আমানত কোন কালেক্টরী বা মহকুমার খাজানা খানায় গৃহীত হইবে না।

রাজকীয় কার্য্যকারক খাজানা আমানত গ্রহণ করিবার বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইতে পারেন।

৫৯ ধারা। উক্ত খাজানা আমানত নিম্নলিখিত নিয়মাবলীর অধীনে হইবে অর্থাৎ—

যে নিয়মে খাজানা আমানত করা যাইতে পারে তাহার কথা।

(ক) যে স্থলে প্রস্তাব করা হইয়াছে সেই স্থলে ঐ প্রস্তাবের পর কালেক্টরী বা মহকুমার খাজানাখানা বা সম্ভ রাজকীয় কার্য্যালয় যে তারিখে প্রথম খুলিবে সেই তারিখ হইতে দশপূর্ণ দিনের মধ্যে আমানত করিতে হইবে এবং অন্যান্য স্থলে খাজানা পাওনা হইবার পর যে তারিখে প্রথম উক্ত খাজানা বা রাজকীয় কার্য্যালয় খুলিবে সেই দিন হইতে ১৫ পূর্ণ পনের দিনের মধ্যে আমানত করিতে হইবে। যদি কালেক্টরী বা মহকুমার খাজানাখানা অথবা রাজকীয় কার্য্যালয় দশম দিনে বন্ধ হইয়া যায় তবে যে তারিখে উক্ত খাজানাখানা বা রাজকীয় কার্য্যালয় পুনরায় খুলিবে সেই তারিখে আমানত করিতে হইবে।

(খ) একখানি লিখিত দরখাস্ত ও তৎ সঙ্গে২ এই আইনে সংলগ্ন দ্বিতীয় তফসীলের *A* চিহ্নিত পাঠে বা তৎসদৃশ কোন পাঠে লিখিত প্রতিজ্ঞাপত্র দাখিল যথা২ সময়করিয়া উক্ত আমানত করিতে হইবে প্রজা সঙ্গে ঐ প্রতিজ্ঞা পত্র লিখিয়া দিবে, অথবা সেযদি উহার বিষয়ীভূতবৃত্তান্ত অবগত না থাকে তাহাহইলেযে ব্যক্তি নিজেতাহা অবগত আছে সে উহা লিখিয়াদিবে।

(গ) ৫৮ ধারার উল্লিখিত তালুক, পেটাও তালুক যোত ও ভূমি সম্বন্ধে প্রজার নিকট ঐ ভূম্যধিকারির পাওনা খাজানার এবং যে স্থলে প্রস্তাব করা হইয়াছিল সে স্থলে উক্ত প্রস্তাব কালে যদি কিছু সুদ পাওনা থাকে সেই সুদের সমস্ত টাকা খাজানা বলিয়া আমানত করিতে হইবে।

৬০ ধারা। ৫৮ ধারার নিরূপিত কোন অবস্থামতে ও ৫৯ ধারার উল্লিখিত নিয়মাবলীর অধীনে খাজানা আমানত করিতে আসিলে কালেক্টরী খাজানাখানা বা মহকুমার মালখানার ভারপ্রাপ্ত কার্য্যকারক বা উপরোক্ত রাজকীয় কার্য্যকারক তাহা গ্রহণ করিবেন এবং নিজের মোহর করিয়া উক্ত খাজানার রসীদ দিবেন। যেন বাস্তবিক নিম্নলিখিত ব্যক্তিগণ উক্ত টাকা গ্রহণ করিয়াছে সেই ভাবে ও সেই পরিমাণে উক্ত রসীদ উক্ত প্রজাদের এবং উপরোক্ত প্রকারে আমানতি খাজানা হইতে সম্পূর্ণ নিষ্কৃতিপত্র স্বরূপ হইবে এবং সেইরূপে কার্য্যে লাগিবে।

এইরূপে আমানতি খাজানার কবজ খাজানা খানার কর্ত্তৃপক্ষের বা রাজকীয় কার্য্য-কারকের নিজ মোহর করণান্তর দিবার কথা এবং উহা সিদ্ধ নিষ্কৃতি পত্র স্বরূপ হইবার কথা।

(ক) ৫৮ ধারার (ক) চিহ্নিত স্থলে যাহার নিকট খাজানা দিবার প্রস্তাব করা হইয়াছিল সেই ব্যক্তি।

(খ) ৫৮ ধারার (খ) চিহ্নিত স্থলে সহাধিকারিগণ সংসৃষ্টভাবে।

(গ) ৫৮ ধারার (গ) চিহ্নিত স্থলে দাওয়াকারী ব্যক্তিগণ সংসৃষ্টভাবে বা যে দাওয়াকারী উক্ত খাজানা পাইবার স্বত্বাধিকারী স।

খাজানার স্বত্বাধিকারী ব্যক্তিগণ বা স্বত্বাধিকারী হইবার জন্য দাওয়াকারী ব্যক্তিগণকে আমানতের নোটিস দিবার কথা।

৬১ ধারা। (ক) কালেক্টরি খাজানা বাকী বা মহকুমার খাজনা বাকীর ভারপ্রাপ্ত কার্য্যকারক কিম্বা উপরোক্ত রাজকীয় কার্য্য কারক, আমানতকারী যে দরখাস্ত করিয়াছে ও তৎসহিত যে প্রতিজ্ঞাপত্র দিয়াছে তাহার মর্ম্মানুসারে উক্ত খাজানা পাইবার স্বত্বাধিকারী ব্যক্তি কিম্বা উপরোক্ত সহাধিকারী বা দাওয়াকারী ব্যক্তিগণের উদ্দেশে, আপন কাছারীর কোন প্রকাশ স্থলে উক্ত আমানতের বিজ্ঞাপন অবিলম্বে লটকাইয়া দিবেন। এই বিজ্ঞাপন লটকাইয়া দিবার পর পনের দিনের মধ্যে (খ) প্রকরণ মতে যদি টাকা পাইবার প্রার্থনায় কোন দরখাস্ত করা না হয় তবে উক্ত কার্য্যকারক উক্ত পনের দিন গত হইবার পরবর্ত্তী পনের দিনের মধ্যে উক্ত ব্যক্তি বা সহাধিকারীগণ বা দাওয়াকারিগণের উপর আমানতের নোটিস্ জারী করাইবেন।

(খ) এই মর্ম্মে দরখাস্ত হইলে পর এবং (ক) চিহ্নিত প্রকরণমতে যে নোটিস জারী করিতে হয় তাহা জারী করিবার খরচা বাদ দিয়া এই রূপে আমানতি উক্ত খাজানা

এবং দরখাস্ত করিলে উক্ত ব্যক্তিগণকে তাহাদের রসীদ কিম্বা সংসৃষ্ট রসীদ কিম্বা রীতিমত নিযুক্ত কর্ম্মচারীর রসীদ লইয়া ঐ আমানতি টাকা দিবার কথা।

(১) উহার অধিকারী ব্যক্তিকে কিম্বা (২) সংসৃষ্ট রসীদ পাইলে সহাধিকারী ব্যক্তিদিগকে, কিম্বা যদি তাহারা স্বয়ং বা জিলার জজ সাহেব তাহাদের পক্ষে সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিয়া থাকেন তবে ঐ সাধারণ কার্য্যাধ্যক্ষকে কিম্বা (৩) রসীদ পাইলে উক্ত দাওয়াকারিগণকে কিম্বা তাহাদের মধ্যে যে কোন ব্যক্তি তাহার স্বত্ব প্রকাশক ও স্বত্ব সাব্যস্তকারী ডিক্রী পাইয়াছে তাহাকে দেওয়া যাইবে। এই বিধান মতে যে ব্যক্তিকে টাকা দেওয়া যাইবে সে নিয়মিত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের দ্বারা ঐ টাকা লইতে পারিবে।

(গ) উক্ত আমানতের তারিখ হইতে তিন বৎসর কালের মধ্যে (খ) প্রকরণমতে ঐ আমনতি টাকা যদি দেওয়া না হয়, তবে ঐ আমনতি টাকা আমানতকারী দরখাস্ত করিলে এবং ৬০ ধারার উল্লিখিত রসীদ ফিরাইয়া দিলে আমানতকারিকে প্রত্যর্পণ করা হইবে। ঐ টাকা ঐ তিন বৎসরের মধ্যে যে কোন সময়ে উক্ত রসীদ ফিরাইয়া দিলে এবং (খ) প্রকরণমতে স্বত্বাধিকারী ব্যক্তি বা ব্যক্তিগণ এবং আমানতকারী সংসৃষ্ট ভাবে দরখাস্ত করিলে, উক্ত দরখাস্তে প্রার্থিত রীত্যনুসারে দেওয়া যাইবে।

আমানতকারিকে প্রত্যর্পণ কিম্বা তাহার ও ভূম্যধিকারীর সংসৃষ্ট অনুরোধে টাকা দিবার কথা।

খাজানা বন্টনের কথা।

৬২ ধারা। যে স্থলে দুই বা ততোধিক ব্যক্তি স্বতন্ত্র প্রজাই স্বত্বের বিষয়ীভূত ভূখণ্ডের পৃথক্ পৃথক্ ভাগের পৃথক্ ভাবে স্বত্বাধিকারী হয় এবং যে স্থলে উক্ত ভূখণ্ডের উক্ত অংশ চৌহদ্দী বা সীমা দ্বারা বিশদ আছে বা বিভক্ত করা যাইতে পারে সে স্থলে উক্ত ব্যক্তিগণ ঐ খাজানা বন্টন করিয়া লইবার অধিকারী হইবে এবং বন্টন হইলে পর ক্রমান্বয়ে ঐ ভূমিখণ্ড সকলের উপর বিলি করা খাজানার অংশ পৃথক্ পৃথক্ ভাবে পাইবার অধিকারী হইবে।

কোন্ স্থলে খাজানা বন্টন হইবে তাহার কথা।

৬৩ ধারা। উক্ত ব্যক্তিগণের ও যে প্রজা ঐ খাজানা দেয় সেই প্রজার সহিত পরস্পর করারে উক্ত বন্টন করা হইতে পারে। যদি ঐ ব্যক্তিগণ ও ঐ প্রজা, যে রীতিতে ঐ বন্টন হইবে সেই রীতি সম্বন্ধে একমত হইতে না পারে, তবে উক্ত কোন ব্যক্তি বা প্রজা দরখাস্ত করিলে দেওয়ানী আদালত বন্টন করিবার কার্য্যপ্রণালী অবলম্বন করিতে পারিবেন এবং এই অভিপ্রায়ে উক্ত ভূমির সমগ্র বা কিয়দংশের মাপ করিবার আদেশ দিতে পারেন।

কিরূপে বন্টন করা হইবে তাহার কথা।

খাজানা বন্ধকের বিধি।

৬৪ ধারা। প্রত্যেক তালুক, পেটাও তালুক এবং দখলী-স্বত্ববিশিষ্ট যোত উহার খাজানার জন্য বন্ধক আছে জ্ঞান করিতে হইবে এবং উক্ত খাজানা উহাদিগের প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে। এই খাজানা বাকী পড়িলে যতদিন না ভূম্যধিকারী উক্ত তালুক, পেটাওতালুক বা যোত সরাসরী রূপে বা ঐ খাজানার জন্য ডিক্রী জারী দ্বারা নীলামের সপক্ষে তিনি এই আইন দ্বারা যে ক্ষমতাপন্ন হইয়াছেন তদনুসারে সরাসরীরূপে বা উক্ত খাজানার ডিক্রীজারীতে প্রথমে নীলামে তুলিবেন, ততদিন তিনি ঐ বাকী খাজানা আদায় জন্য অন্যকোন কার্য্য প্রণালী অবলম্বন করিতে অধিকারী হইবেন না।

প্রত্যেক তালুক, পেটাও তালুক এবং যোত নিজ খাজানার জন্য বন্ধক আছে জ্ঞান করিবার এবং উক্ত খাজানা উহাদিগের প্রথম দায়ের মধ্যে গণ্য করিবার কথা।

১০ অধ্যায়।

সহাধিকারিগণের কথা।

৬৫ ধারা। (১) সহাধিকারিগণ সংসৃষ্টভাবে কোন মহাল, তালুক বা পেটাওতালুকের মালিক হইলে যদি তাহারা ঐ সকলের সংসৃষ্ট বন্দোবস্তে একমত না হয় এবং সেই কারণে (ক) সাধারণের অসুবিধা বা (খ) ব্যক্তিবিশেষের স্বত্বের হানি হয় বা হইবার সম্ভাবনা হয়, তবে ঐ জিলার জজ সাহেব (ক) চিহ্নিত স্থলে কালেক্টরের এবং (খ) চিহ্নিত স্থলে যাহার ঐ মহাল, তালুক বা পেটাও তালুকে স্বার্থ আছে সেব্যক্তি দরখাস্ত করিলে, কেন উক্ত সহাধিকারিগণ একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবে না তাহার কারণ দর্শাইবার নোটিস তাহাদের উপর জারী করিবার হুকুম দিতে পারেন।

সহাধিকারিগণ একমত না হইলে জিলার জজসাহেব কেন তাহারা সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবে না তাহার কারণ দর্শাইবার নোটিস তাহাদের উপর জারী করিবার হুকুম দিতে পারেন, ইহার কথা।

(২) যদি উক্ত সহাধিকারিগণ ঐ নোটিস জারির একমাসের মধ্যে কারণ দর্শাইতে না পারে কিম্বা যদি তাহা তাহাদের দর্শিত কারণ জিলার জজসাহেবের বিবেচনায় যথেষ্ট না হয়, তবে ঐ জিলার জজসাহেব সহাধিকারিগণকে

যদি কোন কারণ বা যথেষ্টকারণ দর্শান নাহয় তবে জিলার জজসাহেব কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার আদেশযুক্ত হুকুম দিতে পারেন তাহার কথা।

একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার আদেশ-সূচক হুকুম দিতে পারিবেন। ঐ হুকুম দিবার পূর্ব্বে যে কোন সহাধিকারী উপস্থিত হয় নাই, ঐ হুকুমের নকল তাহার উপর জারী করা যাইবে।

৬৬ ধারা।—(১) যদি উক্ত সহাধিকারিগণ উক্ত হুকুম হইবার পর এক মাসের মধ্যে অথবা যে স্থলে ঐ হুকুম জারী হইয়াছে তথায় উক্ত জারী হইলে একমাসের মধ্যে সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করে এবং ঐ জিলার জজ সাহেবের গোচরার্থ ঐ নিয়োগের সংবাদ না দেয়, তবে উক্ত জিলার জজ সাহেব (ক) যে স্থলে কোর্ট অব ওয়ার্ডস্ উক্ত মহাল, তালুক বা পেটাও তালুকের ভার লইতে সম্মত হন সে স্থলে কোর্ট অব ওয়ার্ডস দ্বারা ঐ মহাল, তালুক বা পটাও তালুক বা পেটাও তালুকের কার্য্যাধ্যক্ষতা করিবার আদেশ দিতে পারিবেন,

এই হুকুম অমান্য করিলে জজসাহেব কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারেন।

এইরূপে নিযুক্ত কার্য্যাধ্যক্ষকে কর্ম্মচ্যুত করিবার কথা।

(খ) যে কোন স্থলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন। তাহা হইলে উক্ত সহাধিকারিগণকে এই নিয়োগের দ্বারা নিবারিত হইতে হইবে।

(২) বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই ধারার বিধান সকল যে কোন মহাল, তালুক বা পেটাও তালুকে খাটে তৎসমুদয়ের কার্য্যাধ্যক্ষ করণার্থ যে কোন জিলার জন্য এক ব্যক্তিকে নিযুক্ত করিতে পারেন এবং এইরূপ নিয়োগ হইয়া গেলে উক্ত ব্যক্তি (১) প্রকরণের অন্তর্গত (খ) দফার মতে জিলার জজ সাহেব কর্ত্তৃক কার্য্যাধ্যক্ষ নিযুক্ত হইবে।

(৩) যে কোন স্থলে কোর্ট অব ওয়ার্ডস্ (১) প্রকরণের অন্তর্গত (ক) দফা মতে কোন মহাল, তালুক বা পেটাও তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার গ্রহণ করেন সেই স্থলে ১৮৭৯ সালের কোর্ট অব ওয়ার্ডস্ বিষয়ক আইনের যে সমস্ত বিধান অস্থাবরসম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয়, সেই সমস্ত বিধান উক্ত কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবে।

"কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন" কোর্ট অব ওয়ার্ড কর্ত্তৃক কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবে, তাহার কথা।

৬৭ ধারা। ৬৬ ধারার (১) প্রকরণের অন্তর্গত (খ) দফা মতে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত হইলে জিলার জজ সাহেব উক্ত কার্য্যাধ্যক্ষের পারিশ্রমিক বন্দোবস্ত করিতে ও সময়ে২ তাহা পরিবর্ত্তন করিতে পারেন। ঐ পারিশ্রমিক অবধারিত বেতন ব্যতিরিকার্য্যাধ্যক্ষরূপে যে টাকা আদায় করেন তাহার উপর শত করা হার হইতে পারে। ঐ কার্য্যাধ্যক্ষ তাহার কর্ম্মে রীতিমত আঞ্জাম করিবার জন্য জজ সাহেবের যে জামিন যুক্তিসঙ্গত ও যথোচিত বিবেচনা হইবে সেই জামিন দিতে হইবে তিনি নিযুক্ত না হইলে সহাধিকারিরা যেং ক্ষমতা সংস্থষ্টভাবে প্রয়োগ করিতে পারিতেন, তিনিও কার্য্যাধ্যক্ষতা করণার্থে সেই সেই ক্ষমতা পাইবেন ও প্রয়োগ করিবার অধিকারী হইবেন। তিনি রীতিমত হিসাব রাখিবেন এবং সহাধিকারীদিগকে বা তাহাদের কোন জনকে মধ্যে২ উক্ত হিসাব পরিদর্শন করিতে ও উহার নকল লইতে দিবেন। তিনি ঐ জিলার জজ সাহেবের আজ্ঞাক্রমে কর্ম্মচ্যুত হইতে পারিবেন, অন্য প্রকারে হইবেন না এবং কালেক্টরের বা উক্ত মহাল, তালুক বা পেটাও তালুকের স্বার্থবিশিষ্ট ব্যক্তির দরখাস্তে কর্ম্মচ্যুত হইতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের বেতনের ও জামিন দিবার ও ক্ষমতার কথা। হিসাব রাখা তাহার যে কর্ত্তব্য তাহার ও কর্ম্মচ্যুত করিবার কথা।

৬৮ ধারা। যদি জিলার জজ সাহেবের এরূপ বোধ জন্মে যে সহাধিকারিগণ কর্ত্তৃক সংস্থষ্ট ভাবে কার্য্যাধ্যক্ষতা সাধারণের অসুবিধা বা ব্যক্তিবিশেষের স্বত্বের হানি ব্যতীত চলিবে, তবে ঐ জিলার জজ সাহেব যে কোন সময়ে ঐ কার্য্যাধ্যক্ষতাভার উক্ত সহাধিকারিগণকে প্রত্যর্পণ করিবার আদেশ করিতে পারিবেন।

যদি সহাধিকারিগণ রীতিমত কার্য্যাধ্যক্ষতা করিতে প্রস্তুত হয়, তবে তাহাদিগকে কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার কথা।

৬৯ ধারা। পশ্চাৎ উল্লিখিত বর্জ্জিত স্থল ভিন্ন, উক্ত সহাধিকারিগণের সংস্থষ্ট কবজ পাইলে কিম্বা যে স্থলে তাঁহারা বা জিলার জজ সাহেব কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিয়াছেন সে স্থলে ঐ কার্য্যাধ্যক্ষের কবজ পাইলে সহাধিকারিগণকে দেয় খাজানা দেওয়া যাইবে। উক্ত খাজানার বাকী আদায় করিবার জন্য যে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে তাহাতে ঐ সমস্ত সহাধিকারিগণকে পক্ষ করিতে হইবে। সমস্ত সহাধিকারিগণের পরিবর্ত্তে যদি এক বা ততোধিক সহাধিকারী ঐ রূপ কোন মোকদ্দমা উপস্থিত করেন সেই মোকদ্দমা এবং যে মোকদ্দমায় সমস্ত সহাধিকারিগণকে পক্ষ করা হয় নাই সেই মোকদ্দমা মায় খরচা ডিসমিস হইয়া যাইবে।

সহাধিকারিগণের সংস্থষ্ট কবজ অথবা কার্য্যাধ্যক্ষের কবজ পাইলে খাজানা দিবার কথা। একজন সহাধিকারী নিজ অংশের খাজানার জন্য পৃথক্ নালিশ করিতে পারেন না।

বর্জ্জিত কথা (১)।—যে স্থলে কোন প্রজা এবং এক বা ততোধিক সহাধিকারী, অন্য বা অন্য সকল সহাধিকারির সম্মতিক্রমে এই করার করিয়াছে যে, খাজানার যে অংশে এক বা ততোধিক সহাধিকারী অধিকারী তাহা উহাকে বা উহাদিগকে সাক্ষাৎসম্বন্ধে দেওয়া হইবে সে স্থলে উক্ত খাজানার অংশ উক্তরূপে দেয় ও উক্ত রূপে আদেয় হইবে।

বর্জ্জিত কথা (১)।—যে স্থলে প্রজা খাজানা পৃথক দিবার যুক্তি করিয়াছে তাহার কথা।

বর্জ্জিত কথা (২)।—যে স্থলে প্রজা বহুসহাধিকারির মধ্যে এক বা ততোধিক ব্যক্তিকে, অন্য বা অন্য সকল সহাধিকারির বিনা আপত্তিতে, এক বা ততোধিক সহাধিকারী খাজানার যে অংশের অধিকারী উহা বরাবর দিয়া আসিতেছে, সেস্থলে খাজানার উক্ত অংশ ঐরূপে দেয় এবং ঐ রূপে আদেয় হইবে।

বর্জ্জিত কথা (২)।—যে স্থলে প্রজা খাজানার অংশ বরাবর পৃথক্ দিয়া আসিতেছে তাহার কথা।

বর্জ্জিত কথা (৩)।—যে স্থলে সহাধিকারী যোগ সাযোসের জন্য খাজানার নিজ অংশ প্রাপ্ত না হয়, তাহার কথা।

বর্জ্জিত কথা (৩)।—যে স্থলে কোন সহাধিকারী, প্রজা এবং অন্যান্য সহাধিকারির যোগে, প্রজার দেয় খাজানার নিজ অংশ প্রাপ্ত হইতে না পারে, সে স্থলে উক্ত সহাধিকারী খাজানার নিজ অংশ পৃথক্ আদায়ের জন্য মোকদ্দমা করিতে পারে এবং উক্ত মোকদ্দমায় উক্ত অন্যান্য সহাধিকারিকে প্রতিবাদী করিবে।

৭০ ধারা। কোন সহাধিকারী অন্যান্য সহাধিকারির সহিত সংসৃষ্টভাবে ভিন্ন কিম্বা সমস্ত সহাধিকারীকর্ত্তৃক বা জিলার জজ-সাহেবকর্ত্তৃক নিযুক্ত-কর্ম্মাধ্যক্ষ দিয়া ভিন্ন ১৬ অধ্যায়ের বিধানমতে কোন তালুক সরাসরী নীলামে উঠাইতে, কিম্বা উক্ত সহাধিকারিগণের প্রজাগণের ভোগদখলে স্থিত ভূমি মাপ করিতে, কিম্বা উক্ত প্রজাগণের খাজানা বৃদ্ধি করিতে, কিম্বা যে স্থলে উক্ত মাপ বা খাজানা বৃদ্ধি জন্য মোকদ্দমা করা আবশ্যক সে স্থলে, উক্ত সহাধিকারিগণকে উক্ত মোকদ্দমার পক্ষ না করিয়া ঐ মোকদ্দমা চালাইতে পারিবে না।

এক জন সহাধিকারী তালুক সরাসরী নীলামে উঠাইতে পারে না, কিম্বা ভূমি মাপ করিতে পারে না, কিম্বা প্রজার খাজানা বৃদ্ধি করিতে পারে না, তাহার কথা।

---

১১ একাদশ অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজাগণের কতকগুলি মিশ্রস্বত্বের বিধি।

৭১ ধারা। জমীদারেরা যে কয়েক বৎসরের জন্য ইচ্ছা এমন কি চিরকালের জন্য এবং যে কোন পাঠে এবং চুক্তিকারী পক্ষগণের অতিশয় সুবিধাজনক ও তাহাদের প্রত্যেকের স্বার্থের অতিশয় উপকারী যে কোন খাজানায় সেই ভূমির পাট্টা দিতে পারেন, যে ভূমি তালুকদার, পেটাও তালুকদার বা রায়তগণ চিরস্থায়ী বন্দোবস্তের সময় ভোগ দখল করিত না, বা যে ভূমি উক্তরূপে ভোগ করা হইলেও তৎপরে উক্ত জমীদারের খাস বা প্রকৃত অধিকারে আসিয়াছে। কিন্তু এই সকল কার্য্য এই আইনের অন্যান্য বিধানের নিয়মাধীনে এবং নিম্ন-লিখিত নিয়মাবলীর অধীনে হওয়া আবশ্যক, এবং অন্যরূপে হইবে না।

জমীদারগণ যে কয়েক বৎসরের জন্য ইচ্ছা যে কোন পাঠে এবং যে কোন খাজানায় পাট্টা দিতে সক্ষম, তাহার কথা।

১। প্রজার সহিত যে কোন স্বত্বে চুক্তি হইবে, সেই স্বত্বে তাহার নিয়মাবলীর এবং উহার বিষয়ীভূত খাজানার পরিমাণের বিশেষ নিরূপণ থাকা আবশ্যক।

নিয়মাবলীর কথা।

২। প্রকৃত খাজানার উপর আবওয়াব মাথট নাম দিয়া কিম্বা অন্য নাম দিয়া যে কোন অন্যায় কর ধার্য্য করা হইবে, তৎসমুদায় আইনবিরুদ্ধ বলিয়া জ্ঞান করা যাইবে, এবং উক্ত কর-আদায়কারী ব্যক্তি ৮৭ ধারার বিহিত দণ্ডের নিয়মাধীন হইবে, এবং ঐরূপ আবওয়াব ইত্যাদি দিবার জন্য যদি কোন নিয়ম বা করার থাকে, তৎসমুদায় অসিদ্ধ ও বাতিল হইবে।

৩। ভূস্বামীর সহিত চুক্তিকারী কিম্বা তৎকর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তি উক্ত ভূস্বামীর স্বাক্ষরিত বা লিখিত ক্ষমতা ভিন্ন ঐ ভূমির অথবা তাহার কর আদায়ের ভার লইতে পারিবে না।

কোন জমীদার লাখেরাজ ভূমি দান করিতে পারে, এবং উক্ত দান কেবল ঐ দাতা, তাহার উত্তরাধিকারিগণ কিম্বা তাহার বা তাহাদের সম্পর্কে দাওয়াকারী, যে কোন ব্যক্তিকে বাধ্য করিতে পারিবে।

৭২ ধারা। কোন ভূম্যধিকারী (ক) যে কোন স্থলে তাহার প্রজার উপর নূতন কর কিম্বা গবর্ণমেণ্ট রাজস্ব অবধারণকালে দেয় বলিয়া ধরা হয় নাই এরূপ কোন টাকা, কিম্বা যে টাকা আইন দ্বারা অনুমত বা রাজস্বসম্বন্ধীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক অনুমোদিত, প্রাচীন প্রথানুযায়ী নহে, তাহা ধার্য্য করিতে পারিবে না।

ভূম্যধিকারী তাহার প্রজার উপর কোন আবওয়াব ধার্য্য করিতে পারিবে না, তাহার কথা।

(খ) খাজানার ব্যবস্থা করিবার জন্য কিম্বা অন্য কোন অভিপ্রায়ে তাহার প্রজাগণকে হাজির করাইতে কিম্বা এই আইনে বিহিত উপায় ভিন্ন, বলপূর্ব্বক খাজানা আদায় করিবার জন্য, বলপ্রকাশক অন্য কোন উপায় অবলম্বন করিতে পারিবে না।

কিম্বা তাহার প্রজাগণকে বলপূর্ব্বক হাজির করাইতে বা আইনানুসারে ভিন্ন অন্যরূপে বলপূর্ব্বক খাজানা আদায় করিতে পারে না, তাহার কথা।

৭৩ ধারা। ভূম্যধিকারী প্রজাকে যৎসম্পর্কে তাহাদের মধ্যে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ আছে, সেই তালুক, পেটাও তালুক, যোত বা ভূমির শান্তিপূর্ণ ও নির্ব্বিঘ্ন দখল ও ভোগে যতদিন ঐ সম্বন্ধ থাকিবে, ততদিন রক্ষা করিতে বাধ্য। যে স্থলে ভূম্যধিকারী কিম্বা তাঁহার অধীনে, বা ঊর্দ্ধতন দাওয়াকারী কোন ব্যক্তি উপদ্রব, বা বিঘ্ন করিতেছে কেবল সেইস্থলেই উক্ত কর্ত্তব্য কর্ম্ম কার্য্যে পরিণত করিতে হইবে। যে স্থলে তৃতীয় পক্ষ উপদ্রব বা বিঘ্ন করিতেছে, তথায় কার্য্যে পরিণত করিতে হইবে না।

ভূম্যধিকারী প্রজাকে দখল দেওয়াইতে ও ঐ দখল বজায় রাখিতে বাধ্য, তাহার কথা।

নূতন বিলিস্থলে প্রজার প্রার্থনামতে ভূম্যধিকারী হস্তান্তরিত সম্পত্তিতে উক্ত প্রজাকে দখল দেওয়াইতে বাধ্য।

৭৪ ধারা। ভূমিতে স্বার্থবিশিষ্ট কোন ব্যক্তি আপন স্বার্থের অতিরিক্ত স্বত্বে উক্ত ভূমির সিদ্ধ পাট্টা দিতে সক্ষম নহেন।

পাট্টাদাতার স্বার্থের অতিরিক্ত সরতে পাট্টা দেওয়া যাইতে পারে না, তাহার কথা।

পাট্টাদাতার স্বার্থের অতিরিক্ত স্বত্বে পাট্টা দেওয়া হইলে উক্ত স্বার্থের পরিমাণ পর্য্যন্ত সিদ্ধ এবং শুদ্ধ অতিরেকের পক্ষে অসিদ্ধ, কিন্তু যদি উক্ত পাট্টাদাতা উক্ত পাট্টা দিবার পর উক্ত অতিরেক প্রাপ্ত হয়, তবে উক্ত পাট্টাদাতা এবং উক্ত পাট্টাগ্রহীতা এবং ক্রমান্বয়ে তাহাদের বা তাহাদের অন্যতরের অধীনে দাওয়াকারী ব্যক্তিগণের মধ্যে উক্ত অতিরেকের সম্বন্ধে উক্ত পাট্টা সিদ্ধ বলিয়া গণ্য হইবে।

পাট্টাদাতার স্বার্থের অতিরিক্ত স্বত্বযুক্ত পাট্টা উক্ত স্বার্থের পরিমাণ পর্য্যন্ত সিদ্ধ এবং শুদ্ধ অতিরেকের পক্ষে অসিদ্ধ, তাহার কথা।

যদি কোন ব্যক্তি যে ভূমিতে তাহার কোন স্বার্থ নাই, সেই ভূমির পাট্টা কোন পাট্টাগ্রহীতাকে দেয় এবং সে উক্ত পাট্টাসূত্রে উক্ত ভূমিতে দখল পায়, এবং

আদৌ স্বার্থহীন কোন ব্যক্তি পাট্টা দিলে ঐ পাট্টা তৎপরে প্রাপ্ত স্বার্থের পরিমাণ পর্য্যন্ত সিদ্ধ হইবে, তাহার কথা।

যদি উক্ত পাট্টাদাতা ব্যক্তি তৎপরে উক্ত ভূমিতে কোন স্বার্থ প্রাপ্ত হয়, তবে উক্ত পাট্টাদাতা এবং উক্ত পাট্টা-গ্রহীতা এবং ক্রমান্বয়ে তাহাদের বা তাহাদের অন্তরের অধীনে দাওয়াকারী ব্যক্তিগণের মধ্যে উক্ত উত্তরকালে প্রাপ্ত স্বার্থের পরিমাণ পর্য্যন্ত উক্ত পাট্টা সিদ্ধ বলিয়া গণ্য হইবে।

৭৫ ধারা। ৭০ ধারার বিধানের নিয়মাধীন এবং চুক্তি অনুসারে যদি নিষিদ্ধ না হয়, তবে সাধারণরূপে জরীপ ও মাপ করিবার ভূম্যধিকারির অধিকার আছে, তাহার কথা।

যদি ভূমির দখলীকারগণের সহিত স্পষ্ট নিয়মে নিষিদ্ধ না হয়, তবে ভূম্যধিকারী যে মহাল, তালুক, পেটাও তালুক বা যোতের খাজানা পাইয়া থাকেন, সেই মহাল, তালুক, পেটাও তালুক বা যোতের অন্তর্গত তাবৎ ভূমি সাধারণরূপে জরীপ ও মাপ করিতে তাঁহার অধিকার আছে, এবং তদ্ব্যতীত উক্ত জরীপ বা মাপ করিবার অভিপ্রায়ে উক্ত ভূমিতে তাঁহার প্রবেশাধিকার আছে।

উদাহরণ।

(ক) ক নামক কোন জমীদার নিজ মহালের এক অংশ খকে পত্তনি বিলি করিল; ককে দেয় পত্তনি খাজানা পাঁচ শত টাকা অবধারিত হইল। কাজে কাজেই রায়তেরা খকে খাজানা দিতে লাগিল। ক ও খ উভয়ে পত্তনি পাট্টাভুক্ত ভূমি জরীপ ও মাপ করিবার অধিকারী।

(খ) ক কোন মহালের ভূস্বামী। খ কয়েক মহালের স্থানীয় সীমার মধ্যস্থিত লাখেরাজ ভূমি ভোগ করে। ক, খয়ের লাখেরাজ ভূমি মাপিবার অধিকারী নহে।

৭৬ ধারা। (ক) যেস্থলে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে উপস্থিত মোকদ্দমায় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট মাপ অনুসারে মাপ করিবার কথা।

যেস্থলে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে উপস্থিত মোকদ্দমায় দেওয়ানী আদালত বা কালেক্টর সাহেবের হুকুমমতে ভূমি মাপ হয়, সেস্থলে উক্ত মাপ, যে মাপে কট্টিমত এক বিঘাতে ১৪৪০০ বর্গ ফুট হয়, সেই গবর্ণমেণ্ট মাপ অনুসারে হইবে। যে পরগণায় ভূমি অবস্থিত সেই পরগণায় নির্দ্দিষ্ট মানদণ্ডের অনুযায়ী বিভিন্ন প্রকার স্থানীয় মাপ

প্রয়োজন হইলে স্থানীয় মাপে পরিণত করিবার কথা।

দ্বারা যদি উক্ত মোকদ্দমার পক্ষগণের স্বত্ব বন্দোবস্ত করা হইয়া থাকে, তবে মোকদ্দমায় ব্যবহারের জন্য গবর্ণমেণ্ট মাপ উক্ত স্থানীয় মাপে পরিণত করিতে হইবে।

(খ) এই আইনমতে কোন মোকদ্দমায় উক্ত নির্দ্দিষ্ট মানদণ্ডের দৈর্ঘ্য-সম্বন্ধে কোন বিবাদ উঠিলে, কালেক্টর সাহেব তাঁহার নিকট উপস্থিত কোন মোকদ্দমায় কিম্বা কোন দেওয়ানী আদালতে উপস্থিত মোকদ্দমায়, উক্ত অভি-

বিবাদস্থলে উক্ত নির্দ্দিষ্ট মানদণ্ডের দৈর্ঘ্য স্থির করিবার কথা।

প্রায়ে ঐ দেওয়ানী আদালত কালেক্টরের মতামত জিজ্ঞাসা করিলে, উক্ত মানদণ্ডের যথার্থ দৈর্ঘ্য স্থির করিয়া দিবেন। জিলার জজ সাহেবের নিকট ঐ কালেক্টরের নিষ্পত্তির আপীল হইবে। উক্ত আপীল উপস্থিত না করিলে উক্ত কালেক্টরের নিষ্পত্তি শেষ ও চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭৭ধারা। (ক) প্রজা যে ভূমি প্রজারূপে ভোগ করে, সেই ভূমি যে অভিপ্রায়ে বিলি করা হইয়াছে, বা যে অভিপ্রায়ে প্রথানুসারে ব্যবহার হইয়া আসিতেছে, সেই অভিপ্রায়মত উক্ত ভূমি যথোচিত নিয়মে ব্যবহার করিতে বাধ্য। রায়ত তাহার ভূম্যধিকারির সম্মতি ভিন্ন যাহাতে ভূমি চিরকালের জন্য কৃষিকার্য্য বা বাগাতকার্য্যের অনুপযুক্ত হইয়া পড়ে, এরূপে ভূমির অবস্থা প্রকৃষ্টরূপ পরিবর্ত্তন করিতে পারে না। কিন্তু যে কোন রায়ত উক্ত সম্পত্তি ব্যতিরেকে ২৯ ধারায় উল্লিখিত যে কোন উৎকর্ষসাধন করিতে পারে।

প্রজা ভূমির অবস্থা চিরকালের জন্য পরিবর্ত্তন করিতে পারিবে না, তাহার কথা। উৎকর্ষ সাধনের উপবিধি।

(খ) রায়ত, যে কোন প্রথা তদ্বিরুদ্ধে থাকুক, তাহার যোতস্থিত নিজকর্ত্তৃক বা যে রায়তের নিকট হইতে প্রকাশ্য বা মুরাও বিক্রয়, দান, উইল, কিম্বা উত্তরাধিকারিত্বদ্বারা উক্ত যোত প্রাপ্ত হইয়াছে, তৎকর্ত্তৃক রোপিত বৃক্ষ কাটিবার ও নিজ ব্যবহারে আনিবার অধিকারী।

রায়ত নিজকর্ত্তৃক বা স্বত্ববান্ পূর্ব্বতন ব্যক্তি কর্ত্তৃক রোপিত বৃক্ষ কাটিবার অধিকারী, তাহার কথা।

৭৮ ধারা। যে কোন স্থলে ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তরিত হইয়াছে, সেই স্থলে যদি ঐ হস্তান্তরকরণ সূত্রে প্রাপ্তা প্রজাকে হস্তান্তরকরণের নোটিস্ না দিয়া থাকে, তবে যে খাজানা হস্তান্তরকরণের পর পাওনা হইয়াছে, এবং যে ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তরিত হইয়াছে, তাহাকে দেওয়া হইয়াছে সেই খাজানার জন্য উক্ত প্রজা হস্তান্তরকরণসূত্রে প্রাপ্তার নিকট দায়ী নহে।

প্রজা হস্তান্তরকরণের নোটিস না পাইলে পূর্ব্ব ভূম্যধিকারিকে দত্ত খাজানার জন্য ভূম্যধিকারির স্বার্থের হস্তান্তরকরণ-সূত্রে প্রাপ্তার নিকট দায়ী নহে, তাহার কথা।

৭৯ ধারা। এই আইনের অন্যান্য বিধানের নিয়মাধীনে প্রজাই স্বত্ব উহার পক্ষগণের মধ্যে নিম্নলিখিত ঘটনাবলীর কোন একটি দ্বারা ক্রমান্বয়ে নিম্নলিখিত স্থলে শেষ হইয়া থাকে, অর্থাৎ—

ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধ কোন কোন স্থলে কোন ঘটনাদ্বারা শেষ হয়, তাহার কথা।

১। নির্দ্ধারিত সময়ের জন্য পাট্টাস্থলে—যদি প্রজা ভূম্যধিকারির বিনা আপত্তিতে অতিরিক্তকাল ভোগ না করে, কিম্বা যদি পাট্টার বল ভিন্ন অন্যরূপে

নির্দ্ধারিত সময় অতীত হওন দ্বারা—বর্জ্জিত স্বত্ব।

ভূমির দখলে প্রজার স্বত্ব না থাকে, তবে উক্ত নির্দ্ধারিত কাল অতীত হওন দ্বারা।

২। যে ভূম্যধিকারির স্বার্থ শুদ্ধ কিয়ৎকালের

ভূম্যধিকারীর নিয়াদী নিমিত্ত স্থায়ী, উক্ত স্বার্থের স্বার্থের স্থিরীকরণদ্বারা।

অতিরিক্তকালে প্রজাই স্বত্ব যাঁহার সৃষ্টি করিবার ক্ষমতা নাই, সেই ভূম্যধিকারী পাট্টা দিলে—যদি পাট্টার বল ভিন্ন অন্যরূপে ভূমি

বর্জ্জিতকথা।

দখলে প্রজার স্বত্ব না থাকে, তবে উক্ত স্বার্থের কাল অতীত হওনদ্বারা, এবং উক্ত ভূম্যধিকারির দখল নিঃশেষ হওয়া দ্বারা।

৩। নিয়মিত কালের জন্য দেওয়া পাট্টা ভিন্ন

নোটিস্ দিয়া রায়তকর্ত্তৃক ভূমি ইস্তফাকরণ দ্বারা।

অন্য কোনসূত্রে রায়তকর্ত্তৃক ভোগ স্থলে—রায়ত এক যোতরূপে যে ভূমি ভোগ বা চাষ করিয়া আসিতেছে সেই সমগ্র ভূমি ইস্তফাকরণ দ্বারা। বিশেষ নিয়ম এই যে উক্ত ভূমির খাজানার অধিকারী ব্যক্তিকে কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে রায়তের অভিপ্রায় সম্বলিত নোটিস, ইস্তফা কার্য্যে পরিণত হইবার পূর্ব্ব বৎসরে যে জিলায় বা জিলার কোন অংশে ফসলী বা আমলী সন প্রচলিত তথায় জ্যৈষ্ঠমাসে বা তাহার পূর্ব্বে এবং যে জিলায় বা জিলার কোন অংশে বাঙ্গালা সন প্রচলিত তথায় পৌষমাসে বা তাহার পূর্ব্বে, রায়তের লিখিয়া দিতে হইবে।

যদি রায়ত উক্ত নোটিস্ না দিয়া থাকে এবং ঐ ভূমি অন্য ব্যক্তিকে বিলি করা না হইয়া থাকে, তবে উক্ত রায়ত উক্ত ভূমির খাজানার জন্য দায়ী থাকিবে।

যদি উক্ত খাজানার অধিকারী ব্যক্তি বা তাহার কর্ম্মকারক উক্ত নোটিস্ লইতে বা উক্ত নোটিস্ প্রাপ্তির রসীদ স্বাক্ষর করিয়া দিতে অস্বীকার করে, তবে যে আদালতের এলাকার মধ্যে উক্ত ভূমি বা তাহার কোন অংশ অবস্থিত, সেই আদালতে উক্ত রায়ত দরখাস্ত করিতে পারে। এবং উক্ত দরখাস্ত করিলে উক্ত আদালত উক্ত ব্যক্তি বা তাহার কর্ম্মকারকের উপর উক্ত নোটিস্ জারী করাইবেন।

৪। হস্তান্তরকরণযোগ্য যোতস্থলে—যৎ-

পরিত্যাগকরণ দ্বারা।

কালে প্রজা ভূমির চাষ হইতে বা উহার খাজানা দেওয়া হইতে বিরত হইয়া এক বৎসর ধরিয়া নিকটস্থ স্থান হইতে অনুপস্থিত হইয়াছে এবং যৎকালে ভূম্যধিকারী প্রজার স্বত্ব নিঃশেষ হইয়াছে ব্যবহার দ্বারা ইচ্ছাপূর্ব্বক ইহা প্রকাশ করেন, তৎকালে পরিত্যাগকরণ দ্বারা।

৫। হস্তান্তরকরণযোগ্য যোতস্থলে বাঙ্গালা

খাজানা না দেওয়ার জন্য রায়তকে উঠাইয়া দেওয়া দ্বারা।

সনের শেষে কিম্বা ফসলী বা আমলী বা বিলায়তী সনের জ্যৈষ্ঠমাসের শেষে উক্ত যোতের জন্য বাকী খাজানা পাওনা হইলে,—যে ভূমি সম্বন্ধে উক্ত বাকী পাওনা হইয়াছে সেই ভূমি হইতে উঠাইয়া দেওয়া দ্বারা।

দেওয়ানী আদালতের ডিক্রী বা হুকুম জারী ভিন্ন অন্য প্রকারে কোন রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে না। কোন সনের খাজানা না দেওয়ার জন্য উঠাইয়া দিবার যে স্বত্ব থাকে, পরবর্ত্তী কোন সনের খাজানা গ্রহণ করিলে, তাহা উপেক্ষিত হইয়াছে জ্ঞান করিতে হইবে।

৬। ভূমিতে চিরস্থায়ী বা হস্তান্তরকরণযোগ্য

খাজানা না দেওয়ার জন্য ইজারাদার বা পাট্টাদারকে উঠাইয়া দেওয়া দ্বারা।

স্বার্থশূন্য ইজারাদার বা অন্য পাট্টাদারের পক্ষে, বাকী খাজানা পাওনা হইলে এবং দেওয়া না হইলে—পাট্টা বাতিল করা এবং পাট্টাদারকে উঠাইয়া দেওয়া দ্বারা।

দেওয়ানী আদালতের ডিক্রী বা হুকুমজারী ভিন্ন অন্য প্রকারে উক্ত পাট্টা বাতিল করিতে ও উক্ত পাট্টাদারকে উঠাইয়া দিতে পারা যাইবে না।

৭। কোন রায়ত দখলীস্বত্বশূন্য হইলে এবং

কোন কোন স্থলে ছাড়িয়া দিবার নোটিস্ দ্বারা।

২৬ ধারায় যেরূপ উল্লিখিত হইয়াছে সেরূপ রায়ত না হইলে, কিম্বা নির্দ্ধারিত সময়ের প্রজা তাহার ভূম্যধিকারির স্পষ্ট বা ভাবতঃ সম্মতিতে উক্ত নিরূপিত সময় গত হইবার পরও ভোগ করিলে—৩৩ ধারার বিধানমতে ছাড়িয়া দিবার নোটিস্ দ্বারা।

ব্যাখ্যা।—উচ্ছেদ নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা ছাড়িয়া দিবার নোটিসের সহিত একরূপ নহে।

৮। যে কোন প্রজার পক্ষে—যে মোকদ্দমায়

প্রজা ভূম্যধিকারির স্বত্ব অস্বীকার করিলে এবং বিরোধী স্বত্ব উত্থাপন করিলে অস্বীকার দ্বারা।

তাহার ভূম্যধিকারী এক পক্ষ আছেন, সেই মোকদ্দমায় যদি ঐ প্রজা উক্ত ভূম্যধিকারির স্বত্ব অস্বীকার করে এবং এই আইন বা দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী-বিষয়ক আইনের বিধানমতে লিখিত বা আদালত কর্ত্তৃক লিখনে পরিবর্ত্তিত বিষয় দ্বারা আপনার বা অন্য ব্যক্তির বিরোধী স্বত্ব আছে ইহা উত্থাপন করে, এবং যদি উক্ত ভূম্যধিকারী ছয় মাসের মধ্যে উক্ত অস্বীকারকে উক্ত প্রজাই স্বত্ব-বিলোপ-স্বরূপ ইচ্ছাপূর্ব্বক জ্ঞান করিয়াছেন ইহা ব্যবহার দ্বারা প্রকাশ করেন, তবে উক্ত অস্বীকার দ্বারা।

কিন্তু যেস্থলে উক্ত প্রজা উক্ত ভূম্যধিকারী দখল দেওয়াইলে এরূপ দর্শাইতে পারিবে যে উক্ত অস্বীকারকরণ কালে উক্ত ভূম্যধিকারির স্বত্ব নিঃশেষ হইয়াছে বা ব্যর্থ হইয়াছে, বা অগ্রাহ্য হইয়াছে; কিম্বা যেস্থলে উক্ত ভূম্যধিকারী দখল না দেওয়াইলে উক্ত প্রজা এরূপ দর্শাইতে পারিবে যে, প্রকৃত পক্ষে ভ্রম বা ভুলক্রমে ভূম্যধিকারী বলিয়া সে তাহার স্বত্ব স্বীকার করিয়াছে, সেস্থলে অস্বীকার দ্বারা উক্ত বিলোপ অনুমোদনীয় হইবে না।

উদাহরণ।

খ ১২৭৯ সালের ১লা বৈশাখ হইতে সন ১২৮৮ সালের চৈত্র মাসের শেষ দিন পর্য্যন্ত ক নামক জমীদারের নিকট হইতে কোন মহাল ইজারা লইয়া ১২৭২ সালে গ নামক রায়তকে উক্ত মহালের অন্তর্গত কুড়ি বিঘা ভূমি বিলি করিল, এবং গকে দখল দেওয়াইল। ইজারার নিরূপিতকাল গত হইবার সময়ে ১২৮৮ সালের চৈত্র মাসায় ক গকে নোটিস্ দিল, ১২৮৯ সালের খাজানা থকে দিও না। খ ১২৮৯ সালের খাজানার প্রথম কিস্তীর জন্য গয়ের নামে মোকদ্দমা উপস্থিত করিল, এবং ঐ মোকদ্দমায় গ খয়ের ভূম্যধিকারিত্ব স্বত্ব অস্বীকার করিল। উত্তরকালে খ কয়ের নিকট হইতে আরও দশ বৎসরের জন্য ইজারা পাইয়া উক্তরূপে খয়ের স্বত্ব অস্বীকার জন্য গকে উঠাইয়া দিবার চেষ্টা করিল। উক্ত বৃত্তান্ত প্রদর্শন করিলে গকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না।

৯। মহাল, তালুক বা পেটাও তালুকের নীলাম খরিদদার ব্যক্তি তত্তৎকালে প্রবল যে কোন আইনদ্বারা পাট্টা না দিবার বা প্রজাই স্বত্ব নিঃশেষ করিবার অধিকার প্রাপ্ত হয়, সেই আইনের অধীনে খাজানা বা রাজস্বের বাকীর জন্য যৎকালে ভূম্যধিকারির উক্ত মহাল, তালুক বা পেটাও তালুক বিক্রয় নীলাম হইয়া যায় এবং যৎকালে উক্ত ক্রেতা পাট্টা অসিদ্ধ করিতে চাহে, বা উক্ত প্রজাই স্বত্ব নিঃশেষ করিতে চাহে।

যদি ক্রেতা নিঃশেষ করিতে চাহে তাহা হইলে রাজস্ব বা খাজানার বাকীর জন্য নীলাম দ্বারা।

ব্যাখ্যা। কোন সম্পত্তি সম্বন্ধে যদি দুই ব্যক্তির মধ্যে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ বর্ত্তমান থাকে, তবে উক্ত সম্পত্তির জন্য উক্ত প্রজাকর্ত্তৃক উক্ত ভূম্যধিকারিকে দেয় খাজানা না দেওয়ামাত্রে উক্ত সম্বন্ধ নিঃশেষ হইবে না।

শুদ্ধ খাজানা না দেওয়াতে ভূম্যধিকারী ও প্রজাসম্বন্ধ নিঃশেষ হয় না, তাহার কথা।

৮০ ধারা। যেস্থলে ডিক্রীজারীতে রায়তকে ভূমি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে, সেস্থলে যদি উঠাইয়া দিবার কালীন ঐ ভূমিতে শস্য বা অন্য অসংগৃহীত জমীর উৎপন্ন জন্মিয়া থাকে, এবং যদি রায়ত উক্তরূপে উচ্ছেদ না হইলে উহা কাটিবার বা সংগ্রহ করিবার অধিকার পাইত, এরূপ হয়, তবে ঐ উচ্ছেদ স্থলেও রায়ত ঐ শস্য বা উৎপন্ন কাটিবার বা সংগ্রহ করিবার অধিকারী, এবং উক্ত রায়ত সেই শস্য রক্ষা, কাটা, সংগ্রহ করা ও লইয়া যাইবার অভিপ্রায়ে উক্ত ভূমি ব্যবহার করিবার অধিকারী এবং এইরূপ ব্যবহার করিলে যে কয়েক দিনের জন্য রায়ত উক্ত ভূমি ব্যবহার করিবে, রায়ত সেই কয়েক দিনের যথোচিত খাজানা দিবার দায়ী।

যে রায়তকে ভূমি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে তাহার পূর্ব্বরোপিত শস্যে অধিকার আছে এবং ঐ শস্য তুলিয়া লইবার জন্য ভূমিতে প্রবেশাধিকার আছে, তাহার কথা।

কিন্তু যদি ভূম্যধিকারী ডিক্রীজারীর দরখাস্তকালে উক্ত শস্য বা উৎপন্ন ক্রয় করিবার অভিপ্রায় আছে এইরূপ নোটিস্ দেয়, তবে উক্ত ভূম্যধিকারী উচিত মূল্যে উক্ত শস্য বা উৎপন্ন ক্রয় করিতে পারে। যেস্থলে উক্ত মূল্যসম্বন্ধে ভূম্যধিকারী ও রায়তে ঐক্য হইবে না, সেস্থলে উভয়ের অন্যতর দরখাস্ত করিলে আদালত উক্ত শস্য বা উৎপন্নের মূল্য নির্দ্দিষ্ট করিয়া দিতে পারিবেন এবং ঐ মূল্য নির্দ্দিষ্টকারক হুকুম ডিক্রীর ন্যায় বলবৎ হইবে।

ভূম্যধিকারী ইচ্ছা করিলে বিবাদস্থলে আদালত যে মূল্য নির্দ্দিষ্ট করিয়া দিবে সেই মূল্যে উক্ত শস্য বা উৎপন্ন ক্রয় করিতে পারিবেন, তাহার কথা।

---

১২ দ্বাদশ অধ্যায়।

বেহারের পক্ষে বিশেষ বিধান।

৮১ ধারা। যে রায়ত সালের মাসের তারিখে জরত ভিন্ন অন্য ভূমি দখল করিতেছে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী তিন বৎসর অবিচ্ছেদে দখল করিয়া আসিতেছে, সেই রায়তের তিন বৎসর অবিচ্ছেদে দখলে স্থিত উক্ত ভূমিতে দখলীস্বত্ব জন্মিয়াছে বলিয়া গণ্য করিতে হইবে। যদি প্রথমোক্ত ভূমি যে মহালের অন্তর্গত সেই মহালে কিম্বা পূর্ব্ববর্ত্তী কোন কালে যে মহাল উক্ত মহালের সহিত এক মহালভুক্ত ছিল সেই মহালে স্থিত জরত ভিন্ন অন্য প্রকার যে কোন ভূমি উক্ত প্রজা উপরোক্ত তারিখের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বার বৎসরের প্রত্যেক বৎসর দখল করিয়া থাকে।

যদি কোন রায়ত কোন মহালের অন্তর্গত ভূমি হইতে পূর্ব্বে বার বৎসর ভোগ করিয়া থাকে, তবে উক্ত মহালের অন্তর্গত ভূমি তিন বৎসর ভোগ করিলে উক্ত রায়তের দখলীস্বত্ব জন্মিবে, তাহার কথা।

ব্যাখ্যা।—সম্পূর্ণরূপে ভূস্বামীর জন্য এবং তাহার লাভ লোকসানে, তাহার নিজ মূলধনে, কিম্বা তাহার চাকর বা বেতনভোগী মজুর দ্বারা, কিম্বা অংশতঃ উক্ত উভয় দলের লোক অবিচ্ছেদে বার বৎসর যে ভূমির কৃষিকার্য্য চলিয়া আসিতেছে, "জরত" ভূমিশব্দে সেই ভূমি বুঝিতে হইবে।

৮২ ধারা। যে ভূমিতে রায়তের দখলীস্বত্ব আছে, তাহার সমগ্র বা কিয়দংশ একই মহাল, তালুক বা পেটাও তালুকের অংশভুক্ত অন্য ভূমির বিনিময়ে স্বইচ্ছায় যদি উক্ত রায়ত তাহার ভূম্যধিকারিকে দেয়, তবে উক্ত ভূমির বিনিময়ে প্রাপ্ত ভূমিতে রায়তের দখলীস্বত্ব থাকিবে।

যে ভূমিতে রায়তের দখলীস্বত্ব ছিল, ভূম্যধিকারির সহিত সেই ভূমির বিনিময়ে প্রাপ্ত ভূমিতেও উক্ত রায়তের দখলীস্বত্ব থাকিবার কথা।

৮৩ ধারা। যদি খাজানা বাস্তবিক মোট উৎপন্নের কিয়দংশরূপে ভূম্যধিকারিকে দেয় হয়, তবে কোনস্থলেই উক্ত অংশ অর্দ্ধেকের অতিরিক্ত হইবে না, এবং যেস্থলে বিভিন্ন-অংশ নিরূপণকারী কোন লিখিত কয়ারপত্র নাই, সেস্থলে উক্ত অংশ অর্দ্ধেক বলিয়া অনুমান করিয়া লইতে হইবে।

শস্যাদিরূপে দেয় খাজানা মোট উৎপন্নের অর্দ্ধেকের অতিরিক্ত হইবে না এবং কোন স্পষ্ট করার না থাকিলে মোট উৎপন্নের অর্দ্ধেক হইবে, ইহার কথা।

৮৪ ধারা। (ক) যেস্থলে খাজানা ভূমির বাস্তবিক মোট উৎপন্নের নির্দ্দিষ্টঅংশ দিয়া কিম্বা ক্ষেত্রস্থ শস্যের আন্দাজ বা যাচাই দ্বারা নিরূপিত উক্ত অংশের তুল্য অর্থমূল্য দিয়া কিম্বা তাদৃশ কোন উপায়দ্বারা দেয় হয়, এবং যেস্থলে দেয় উৎপন্নের অংশ বন্দোবস্ত করিবার জন্য বা দেয় তত্তুল্য অর্থমূল্য নির্দ্ধারণ করিবার জন্য উভয় পক্ষের, অর্থাৎ ভূম্যধিকারী ও প্রজার স্বয়ং বা কর্ম্মকারক দ্বারা উক্ত ভূমিতে একত্র উপস্থিত থাকা আবশ্যক হয়, সে স্থলে যদি উক্ত পক্ষদ্বয় উপরোক্ত অভিপ্রায়ে উক্ত ভূমিতে একত্র উপস্থিত থাকা আপসে বন্দোবস্ত করিতে না পারে, কিম্বা দেয় উৎপন্নের অংশ বন্দোবস্ত করিবার বিষয়ে বা দেয় তত্তুল্য অর্থমূল্য নির্দ্ধারণ বিষয়ে উক্ত পক্ষদ্বয়ের মধ্যে কোন বিবাদ উত্থিত হয়, তবে উক্ত পক্ষদ্বয়ের অন্যতর জিলার কালেক্টর সাহেবের নিকট এই মর্ম্মে দরখাস্ত করিতে পারেন যে, তিনি উৎপন্নের অংশ বন্দোবস্ত করিয়া দিতে বা উপরোক্ত তত্তুল্য অর্থমূল্য নির্দ্ধারণ করিতে এবং তদনুসারে নিষ্পত্তি করণার্থে একজন উপযুক্ত কার্য্যকারক পাঠান।

যদি খাজানা শস্যাদিরূপে বা শস্যের কিয়দংশের অর্থমূল্যে দেয় হয়, তবে ভূম্যধিকারী বা প্রজা বিবাদস্থলে নিষ্পত্তিকরণার্থে কোন কার্য্যকারক পাঠাইবার জন্য কালেক্টরের নিকট আবেদন করিতে পারেন, ইহার কথা।

(খ) ঐরূপ কোন দরখাস্ত কালেক্টরের নিকট করা হইলে তিনি উক্ত অভিপ্রায়ে কোন উপযুক্ত কার্য্যকারক পাঠাইবেন। উক্ত কার্য্যকারক যেস্থানে ও যে সময়ে নিষ্পত্তি করিবেন, সেই স্থান ও সময়ের যথোচিত নোটিস উভয় পক্ষকে দিবেন এবং তদনুসারে সেই স্থানে ও সেই সময়ে নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন, এবং যে পক্ষকে দোষী বোধ করিবেন, সেই পক্ষকে খরচা দিতে আদেশ করিতে পারিবেন। যদি কোন পক্ষ নোটিস পাইয়া হাজির না হয়, তথাপি সেই পক্ষের অনুপস্থিতিতে কৃত নিষ্পত্তিতে তাহাকে বাধ্য হইতে হইবে। নিষ্পত্তি হইবামাত্র তৎক্ষণাৎ তাহা কার্য্যে পরিণত হইতে পারিবে। কোন পক্ষ অসন্তুষ্ট হইলে ঐ নিষ্পত্তি মামলুর করিবার জন্য দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। এরূপ মোকদ্দমা উপস্থিত না করিলে, এই নিষ্পত্তিই চূড়ান্ত হইবে।

কালেক্টর কার্য্যকারক পাঠাইবেন, তাঁহার কৃত নিষ্পত্তি দেওয়ানী আদালত মামলুর না করিলে, বলবৎ হইবার কথা।

৮৫ ধারা। যদি ভূমির জন্য দেয় খাজানা উক্ত ভূমির বাস্তবিক মোট উৎপন্নের অবধারিত অংশের তুল্য অর্থমূল্য হয় এবং উক্ত তুল্য অর্থমূল্য ক্ষেত্রস্থ শস্যের আন্দাজ বা যাচাই (দানাবন্দী) দ্বারা বা তাদৃশ অন্য কোন উপায়ে নির্দ্ধারিত হয়, তবে দানাবন্দী বা যাচাইর কাগজপত্র উক্ত যাচাইর পর পনের দিনের মধ্যে জিলার কালেক্টর সাহেবের কাছারীতে রক্ষিত হইবে।

দানাবন্দী বা যাচাইর কাগজপত্র যাচাইর পর পনের দিনের মধ্যে কালেক্টরের কাছারীতে আমানত হইবার কথা।

৮৬ ধারা। দখলী-স্বত্ববিশিষ্ট যে কোন প্রজা কিম্বা উক্ত প্রজার ভূম্যধিকারী ৮৪ ধারায় উল্লিখিত রীতানুসারে দেয় খাজানা বাৎসরিক অর্থ খাজানার পরিবর্ত্তিতরূপে পাইবার অধিকারী। উক্ত অর্থ খাজানার প্রত্যেক শস্যকর্ত্তনকালে উৎপন্ন শস্যের সহিত সাক্ষাৎ সম্বন্ধে কোন সম্পর্ক থাকিবে না, কিন্তু এই আইনের বিধানাধীনে উক্ত অর্থমূল্য বৃদ্ধি হইতে পারিবে। তুল্য শ্রেণীর প্রজাগণকর্ত্তৃক তুল্য প্রকারের ও সন্নিহিত স্থানস্থ তুল্য সুবিধাযুক্ত ভূমির জন্য দেয় প্রচলিত অর্থ খাজানা অনুসারে কিম্বা যদি সন্নিহিত স্থানে উক্তরূপ কোন প্রচলিত হার না থাকে, তবে পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের বাস্তবিক মোট উৎপন্নের ভূম্যধিকারির প্রাপ্য অংশের গড় মূল্য ধরিয়া, রায়ত কৃষিকার্য্যের সমস্ত ঝোঁক লইয়াছে সেই বিবেচনায় উহা হইতে উচিতমত কিছু বাদ দিয়া, উক্ত বাৎসরিক অর্থ খাজানা অবধারিত হইবে।

রায়ত বা ভূম্যধিকারী শস্যাদিরূপে বা মোট উৎপন্নের অংশের তুল্য মূল্যরূপে দেয় খাজানা বাৎসরিক অর্থখাজানার পরিবর্ত্তিতরূপে পাইবার অধিকারী, তাহার কথা। যে নিয়মে উক্ত পরিবর্ত্তন করিতে হইবে, সেই নিয়মের কথা। পরিবর্ত্তন করিবার কার্য্যপ্রণালীর কথা।

কালেক্টরের নিকট অবলম্বনীয় কার্য্যপ্রণালী-সম্বন্ধে ১৫ অধ্যায়ের বিধান সকল যতদূর প্রাসঙ্গিক হইবে ততদূর এই ধারার বাৎসরিক অর্থ খাজানার বন্দোবস্তসম্বন্ধে খাটিবে।

---

১৩ ত্রয়োদশ অধ্যায়।

হানিপূরণ এবং দণ্ডের কথা।

৮৭ ধারা। আইনমতে প্রজার দেয় খাজানার অতিরিক্ত কিছু টাকা বা উক্ত ভূমির উৎপন্নের অংশ উক্ত ভূম্যধিকারী উক্ত প্রজার নিকট আইনবিরুদ্ধরূপে লইলে, উক্ত প্রজা উক্ত প্রকারে অন্যায়রূপে গৃহীত টাকা, উক্ত টাকার দ্বিগুণের অনধিক হানিপূরণ সমেত, উক্ত ভূম্যধিকারির নিকট হইতে আদায় করিবার অধিকারী।

দেয় খাজানার অতিরিক্ত প্রজার নিকট হইতে ভূম্যধিকারী অন্যায়পূর্ব্বক গ্রহণ করিলে, হানিপূরণের কথা।

৮৮ ধারা। প্রজা খাজানাস্বরূপ কিছু টাকা দিলে যদি উহার রসিদ না দেওয়া হয়, তবে উক্ত প্রজা উক্ত খাজানা গ্রহীতার নিকট হইতে এইরূপে প্রদত্ত টাকার দ্বিগুণের অনধিক হানিপূরণ আদায় করিবার অধিকারী।

খাজানার রসিদ না দিলে হানিপূরণ আদায় হইতে পারিবার কথা।

৮৯ ধারা। খাজানা আইনমতে পাওনা হউক বা না হউক, যদি কোন প্রজার নিকট হইতে তাহাকে আংশিকরূপে কয়েদ বা অন্য প্রকারে আটক করিয়া আদায় করা যায়, তবে উক্ত প্রজা এইরূপ অন্যায় আদায়দ্বারা তাহার যে হানি হইয়াছে সেই হানির যাহা উপযুক্ত পূরণ বলিয়া জ্ঞান হইবে সেই হানিপূরণ আদায় করিবার অধিকারী। ঐরূপ অন্যায়কারী ব্যক্তি আইনমতে যে দণ্ডের বা শাস্তির যোগ্য, এই ধারামত হানিপূরণ দেওয়া গেলে, সেই দণ্ড বা শাস্তির কোন বাধা বা ব্যতিক্রম হইবে না।

আটক দ্বারা অন্যায়পূর্ব্বক খাজানা আদায় করিলে, হানিপূরণের কথা।

৯০ ধারা। বাকী খাজানা আদায়ের জন্য উপস্থিত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে প্রতিবাদী যথোচিত বা সম্ভবপর কারণ অসত্তে তাহার দেয় খাজানা দিতে উপেক্ষা বা অস্বীকার করিয়াছে, এবং ৫৫ ধারার বিধানমতে যে তারিখে উক্ত খাজানা দেয় সেই তারিখে বা তাহার পূর্ব্বে বাদী বা নিয়মিতরূপে ক্ষমতাপন্ন বাদীর কর্ম্মকারক উক্ত টাকা দিবার প্রস্তাব করে নাই, কিম্বা যে স্থলে বাদী বা উক্ত কর্ম্মকারক উক্ত প্রস্তাবিত টাকা গ্রহণ করিতে অস্বীকার করিয়াছে, সে স্থলে এই মোকদ্দমা উপস্থিত করণের পূর্ব্বে ৫৮ ধারার বিধানমতে উক্ত টাকা কালেক্টরীতে আমানত করে নাই, তবে আদালতের পক্ষে ইহা আইনসঙ্গত যে খাজানা বা খরচার জন্য যত টাকার ডিক্রী হইয়াছে তাহা ছাড়া ডিক্রীতে দত্ত খাজানার উপর শতকরা ২৫ টাকার অনধিক যত হানিপূরণ আদালতের উপযুক্ত বলিয়া বোধ হইবে, সেই হানিপূরণ উক্ত বাদীকে দেওয়ান। এই হানিপূরণ দেওয়াইবার হুকুম হইলে উহার এবং মোকদ্দমার যে খাজানা এবং খরচার ডিক্রী হইয়াছে উহার ডিক্রীর তারিখ হইতে আদায় দেওয়া পর্য্যন্ত শতকরা ৬ টাকা হারে সুদ চলিবে।

যথোচিত বা সম্ভবপর কারণ ব্যতিরেকে যে খাজানা দেওয়া হয় নাই, সেই খাজানার উপর শতকরা ২৫ টাকার অনধিক হানিপূরণ আদালত দেওয়াইতে পারেন, তাহার কথা।

ব্যাখ্যা।—হানিপূরণ ছাড়া ডিক্রীতে প্রদত্ত খাজানার উপর ডিক্রীর পূর্ব্বকালীন সুদ আদালত না দিতে পারেন।

৯১ ধারা। বাকী খাজানা আদায়ের জন্য উপস্থিত কোন মোকদ্দমাতে যদি আদালতের এরূপ বোধ হয় যে বাদী বিশিষ্ট বা সম্ভবপর কারণ ব্যতিরেকে প্রতিবাদীর বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিয়াছে কথা কালেক্টরীতে আমানত করিয়া দিবার তারিখে যত টাকা বাদীর পাওনা বলিয়া আদালতের বোধ হইবে সেই সমস্ত টাকা ৫৮ ধারার বিধানমতে প্রতিবাদী যথাসময়ে কালেক্টরীতে দিয়া আসিয়াছে, তবে উক্ত আদালতের পক্ষে ইহা আইনসঙ্গত যে প্রতিবাদীকে ক্ষতিপূরণ স্বরূপ যাহা আদালতের বিবেচনায় উপযুক্ত হইবে তত টাকা দেওয়াইয়া দেন, কিন্তু উহা বাদীর প্রার্থিত মোট টাকার উপর শতকরা ২৫ টাকার অতিরিক্ত হইবে না। এবং আদায় বা দেওয়ার দিন পর্য্যন্ত বাৎসরিক শতকরা ১২ টাকা হারে সুদ সমেত উক্ত টাকা, ঐ আদালতের ডিক্রী দ্বারা যে সমস্ত টাকা দিবার অনুমতি হয়, তাহার ন্যায় বাদীর নিকট হইতে আদায় হইবে।

যে স্থলে খাজানার জন্য যাহার নামে অন্যায়রূপে মোকদ্দমা উপস্থিত করা হইয়াছে সেই প্রতিবাদীকে, প্রার্থিত টাকার উপর শতকরা ২৫ টাকার অনধিক ক্ষতিপূরণ আদালতের দেওয়াইতে পারিবার কথা।

---

১৪ চতুর্দ্দশ অধ্যায়।

মিয়াদের কথা।

৯২ ধারা। ৯৩ ধারার বিধানের নিয়মাধীনে এই আইনসংলগ্ন তৃতীয় তফসীলে নিরূপিত মোকদ্দমা, আপীল এবং দরখাস্ত ক্রমান্বয়ে ইহাদের প্রত্যেকের নিমিত্ত যে সময় নির্দ্ধারিত আছে, সেই সময়ের মধ্যে উপস্থিত করিতে ও করিতে হইবে; এবং উপস্থিতকরা প্রত্যেক মোকদ্দমা বা আপীল এবং কৃত দরখাস্ত উক্তরূপে নির্দ্ধারিত মিয়াদের কাল অতীত হইলে, মিয়াদের তর্ক না উঠিলেও ডিস্‌মিস্ হইয়া যাইবে।

তৃতীয় তফসীলে উল্লিখিত মোকদ্দমা এবং দরখাস্ত উক্ত তফসীলে নির্দ্ধারিত সময়ের মধ্যে উপস্থিত করিতে ও করিতে হইবে, নতুবা ডিস্‌মিস্ হইয়া যাইবে।

৯৩ ধারা। ১৮৭৭ সালের ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক আইনের নিম্নলিখিত অংশ সকল ৯২ ধারায় উল্লিখিত মোকদ্দমা, আপীল এবং দরখাস্তে খাটিবে; অর্থাৎ, দ্বিতীয় ভাগের ৪র্থ ও ৯ম ধারার ব্যাখ্যা এবং সমগ্র তৃতীয় ভাগ।

ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক আইনের কোন্ কোন্ অংশ উক্ত মোকদ্দমা ও দরখাস্তে খাটিবে, তাহার কথা।

৯৪ ধারা। যে স্থলে কোন ব্যক্তিগণের মধ্যে উপস্থিত মোকদ্দমার ফল এই যে তাহারা পরস্পর ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ বিশিষ্ট থাকিবে এবং যত দিন মোকদ্দমা চলিতেছিল ততদিন তাহারা ঐ সম্বন্ধে যুক্ত ছিল, কিন্তু যত দিন না তাহাদের পরস্পরের স্বত্ব মোকদ্দমাদ্বারা অবশেষে নিঃশেষ হইয়াছে, তত দিন ভূম্যধিকারী খাজানার জন্য প্রজার নামে মোকদ্দমা উপস্থিত করিতে অক্ষম ছিলেন, সে স্থলে উক্ত কোন প্রজার নামে মোকদ্দমা করিবার মিয়াদের কাল ঐ মোকদ্দমা শেষ হওয়া হইতে গণনা করিতে হইবে।

যে স্থলে ভূম্যধিকারী ও প্রজার পরস্পর স্বত্বসম্পর্কীয় মোকদ্দমার শেষ না হইলে ভূম্যধিকারী খাজানার জন্য প্রজার নামে পূর্ব্বে মোকদ্দমা করিতে না পারে, সে স্থলে সময় গণনার কথা।

দ্বিতীয় খণ্ড।

ভূম্যধিকারী ও প্রজায় মোকদ্দমা হইলে তাহার কার্য্যপ্রণালী।

১৫ পঞ্চদশ অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অথবা তালুকদার অথবা পেটাও তালুকদারগণের সনদ খাজানা বৃদ্ধি করিবার কার্য্যপ্রণালীর কথা।

চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারী খাজানা বৃদ্ধি করিতে হইলে কোন্ আদালতে যাইয়া নালিশ করিবেন, তাহার কথা।

৯৫ ধারা। (ক) যে ভূমিতে রায়তের দখলীস্বত্ব জন্মিয়াছে সেই ভূমিতে চিরস্থায়ী হস্তান্তরযোগ্য স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারী, ২২ ধারায় নির্দ্দিষ্ট প্রথম তিনটী কারণের এক বা অধিক হেতুতে উক্ত রায়তের খাজানা বৃদ্ধি করিতে হইলে আপন ইচ্ছাক্রমে এই অধ্যায়ের পর লিখিত বিধানমতে দেওয়ানী আদালতে অথবা কালেক্টর সাহেবের নিকট যাইয়া নালিশ করিতে পারেন। উক্ত ধারার ৪র্থ হেতুবশতঃ খাজানা বৃদ্ধি করিতে হইলে কেবল মাত্র কালেক্টর সাহেবের নিকট যাইতে পারিবেন।

খাজানা বৃদ্ধি করিতে হইলে ইজারা-সম্ভূত বা পাট্টাপ্রদত্ত স্বার্থবান জমীদার কোন্ আদালতে নালিশ করিবেন, তাহার কথা।

(খ) যে ভূমিতে রায়তের দখলীস্বত্ব জন্মিয়াছে, সেই ভূমিতে ইজারাসম্ভূত অথবা পাট্টাপ্রদত্ত স্বার্থবিশিষ্ট ভূম্যধিকারী ২২ ধারায় নির্দ্দিষ্ট প্রথম কারণত্রয়ের এক বা অধিক কারণবশতঃ পূর্ব্বোক্ত রায়তের খাজানা বৃদ্ধি করিতে হইলে এই অধ্যায়ের পরলিখিত বিধানমতে দেওয়ানী আদালতে যাইয়া নালিশ করিতে পারিবেন, এবং যদি এরূপ স্বার্থের দশ বৎসরের অন্যূন সময় অভুক্ত থাকে, তাহা হইলে তৃতীয় ও চতুর্থ কারণদ্বয় অথবা তাহার অন্যতর কারণবশতঃ খাজানা বৃদ্ধি করিতে হইলে এরূপ ভূম্যধিকারী কালেক্টর সাহেবের নিকট যাইয়া নালিশ করিতে পারিবেন; কিন্তু দশ বৎসরের ন্যূন স্বার্থ থাকিলে পারিবেন না।

* ১। দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী।

দেওয়ানী আদালতে খাজানাবৃদ্ধির কার্য্যানুষ্ঠান আবেদনপত্রের দ্বারা আরম্ভ করিতে হইবে। যদি আগামী বৎসরের খাজানার ন্যূনাধিক্য করিতে হয় তাহা হইলে কোন্ সময়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে তাহার কথা।

৯৬ ধারা। ২২ ধারায় নির্দ্দিষ্ট প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কারণে এক বা অধিক কারণবশতঃ দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি করিতে হইলে ভূম্যধিকারী যদি দেওয়ানী আদালতে নালিশ করিতে চাহেন তাহা হইলে উক্ত আদালতে অথবা আদালতের তরফ এই কার্য্যের জন্য নিযুক্ত কর্ম্মচারীর নিকট আবেদনপত্র দাখিল করিবেন। আগামী বৎসরের খাজানার ন্যূনাধিক্য করিতে হইলে আবেদনপত্র (ক) যে সকল জিলায় বা জিলার বিভাগে ফসলী বা আমলী সন চলিত তথায় বৈশাখ মাসে বা তাহার পূর্ব্বে (খ) এবং যে সকল জিলায় বা জিলার বিভাগে খাজানা সন প্রচলিত তথায় অগ্রহায়ণ মাস বা তাহার পূর্ব্বে, দাখিল করিতে হইবে।

আবেদনপত্রে খাজানা বৃদ্ধির সমস্ত হেতুর উল্লেখ থাকিবার কথা।

৯৭ ধারা। এই আবেদনপত্রে, আবেদনপত্রে উল্লিখিত প্রত্যেক খোতের সম্বন্ধে ২২ ধারায় নির্দ্দিষ্ট কোন্ কারণ বা কারণ সমূহবশতঃ খাজানাবৃদ্ধির দাওয়া করা হইয়াছে, তাহার বিশেষ বর্ণনা থাকা আবশ্যক।

প্রথম কারণবশতঃ বৃদ্ধি প্রার্থনা করিলে যে সকল বিষয়ের উল্লেখ থাকা উচিত, তাহার কথা।

১। যদি উক্ত কারণসমূহের প্রথম কারণবশতঃ খাজানাবৃদ্ধির দাওয়া করা হয়, তাহা হইলে আবেদনপত্রে অধিকন্তু নিম্নলিখিত বিষয় সকলের উল্লেখ থাকা আবশ্যক।

(ক) রায়তের দখলীকৃত ভূমির পরিমাণ এবং যে স্থলে নানাশ্রেণীর ভূমি থাকে সে স্থলে প্রত্যেক শ্রেণীর ভূমির পরিমাণ।

(খ) উক্তভূমি অথবা উক্তভূমির প্রত্যেক শ্রেণীর জন্য প্রকৃত প্রস্তাবে প্রদত্ত খাজানার হার।

(গ) প্রকৃত প্রস্তাবে প্রদত্ত হারের পরিবর্ত্তে যে হার প্রচলিত আছে বলিয়া উল্লেখ করিয়া বাদী দাওয়া করেন।

দ্বিতীয় কারণবশতঃ বৃদ্ধি প্রার্থনা করিলে যে সকল বিষয়ের উল্লেখ থাকা উচিত, তাহার কথা।

২। যখন উক্ত কারণসমূহের দ্বিতীয় কারণবশতঃ খাজানা বৃদ্ধি দাবী করা হইবে তখন আবেদনপত্রে অধিকন্তু নিম্নলিখিত বিষয় সমূহের উল্লেখ থাকা আবশ্যক।

(ক) যে পরিমাণ ভূমির জন্য পূর্ব্বে খাজানা রায়ত কর্ত্তৃক প্রদত্ত হইত এবং যদি নানাশ্রেণীর ভূমি থাকে, তাহা হইলে প্রত্যেক শ্রেণীর ভূমির পরিমাণ।

(খ) এরূপ ভূমির জন্য যে মোট খাজানা প্রদত্ত হয় এবং প্রত্যেক শ্রেণীর ভূমির জন্য যে হারে বা হারসমূহে উক্ত খাজানা নির্ণীত হইয়াছিল।

(গ) (ক) চিহ্নিত অংশে নির্দ্দিষ্ট ভূমি অপেক্ষা অতিরিক্ত যে ভূমির জন্য বাদী অধিক খাজানা পাইবার দাবী করেন, তাহার পরিমাণ।

(ঘ) (গ) চিহ্নিত অংশের নির্দ্দিষ্ট ভূমির জন্য যে অতিরিক্ত খাজানা দাবী করা হয়, তাহার পরিমাণ।

(ঙ) মোট যত খাজানার দাবী করা হয় অর্থাৎ খ ও ঘ চিহ্নিত অংশে যাহা উক্ত হইয়াছে, তাহার মোট।

তৃতীয় কারণবশতঃ বৃদ্ধি প্রার্থনা করিলে যে সকল বিষয়ের উল্লেখ থাকা উচিত, তাহার কথা।

৩। যখন তৃতীয় কারণবশতঃ খাজানাবৃদ্ধির দাবী করা হয় তখন আবেদনপত্রে অধিকন্তু নিম্নলিখিত বিষয়ের উল্লেখ থাকা আবশ্যক।

(ক) রায়তের ভোগাধীন ভূমির পরিমাণ এবং যে স্থলে নানাশ্রেণীর ভূমি থাকে, প্রত্যেক শ্রেণীর ভূমির পরিমাণ।

---

* এই কার্য্যপ্রণালীতে খাজানাবৃদ্ধির নোটিস এবং তৎসহ গোলযোগ ও পুরোভাবিকত্ব সমূহের কোন সম্পর্ক রহিল না।

(ঙ) এরূপ ভূমির জন্য যে মোট খাজানা পূর্ব্বে প্রদত্ত হইত এবং যে হারে, অথবা হারসমূহে উক্ত খাজানা নির্ণীত হইয়াছিল।

(গ) ভূমির যে উৎপাদিকাশক্তি বৃদ্ধি হইয়াছে বলিয়া উল্লেখ করা হইয়াছে, তাহার কারণ ও পরিমাণ।

(ঘ) এরূপ বৃদ্ধি হওয়ার ফলস্বরূপ বাদী যে বর্দ্ধিত খাজানা বা খাজানার হার দাবী করেন।

দেওয়ানী কার্য্যবিধি আইনের বিধান সকল দেওয়ানী আদালতে উপস্থিত খাজানাবৃদ্ধির মোকদ্দমায় খাটিবার কথা।

৯৮ ধারা। (ক) যে দেওয়ানী আদালতে উক্ত আবেদনপত্র দাখিল করা হইয়াছে, সে আদালত দেওয়ানী মোকদ্দমায় কার্য্যপ্রণালীবিষয়ক আইনের বিধানসমূহ অনুসারে কার্য্য করিবেন এবং উক্ত আবেদনপত্র দাখিল করণদ্বারা উপস্থাপিত মোকদ্দমার বিচারের কার্য্যপ্রণালী উক্ত আইনের বিধানসমূহ অনুসারে সম্পাদিত হইবে।

অর্থী-প্রত্যর্থীর মধ্যে উত্থাপিত ন্যায়সঙ্গত বিবাদ্য বিষয়ের মীমাংসা দেওয়ানী আদালতের করিয়া দিবার কথা।

(খ) উক্ত আদালত ভূম্যধিকারীর খাজানা বৃদ্ধি করিবার স্বত্ব এবং প্রার্থিত খাজানা বৃদ্ধির ন্যায্যতা বিষয়ে নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রাপ্ত হইবেন, ভূম্যধিকারী বর্দ্ধিত খাজানা অথবা ন্যায্য অথবা যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করা যায় এরূপ ন্যূন খাজানা গ্রহণে স্বত্ববান বলিয়া হুকুম দিতে পারিবেন, এবং যত দূর সম্ভব মোকদ্দমার বৃদ্ধি নিবারণ করিবার জন্য অর্থী-প্রত্যর্থীগণের মধ্যে সাক্ষাৎ সম্বন্ধে উত্থাপিত সকল বিষয়েরই নিষ্পত্তি করিয়া দিতে পারিবেন। যেস্থলে আদালত খাজানা বৃদ্ধির ডিক্রী দিবেন, সেস্থলে খাজানা বৃদ্ধি যে বৎসর আবেদনপত্র দাখিল হইয়াছে, তাহার পরবর্ত্তী ফসলী, আমলী অথবা বাঙ্গালা সনের আরম্ভ হইতে বলবৎ হইবে।

উদাহরণ।

(ক) ক ২২ ধারায় নির্দ্দিষ্ট কারণসমূহের প্রথম কারণবশতঃ দখলীস্বত্ববিশিষ্ট খ নামক রায়তের খাজানা বৃদ্ধি করিবার জন্য নালিশ করে। সে বলে, খ বিঘা প্রতি এক টাকা খাজানায় ২০ বিঘা জমী ভোগ করে এবং ২০ টাকা খাজানা দেয়; খ যে শ্রেণীর প্রজা সেই শ্রেণীর প্রজাদের তুল্যরূপ সুবিধাবিশিষ্ট সেই প্রকারের নিকটবর্ত্তী ভূমির খাজানা প্রচলিত হার অনুসারে এক টাকা আট আনা। সুতরাং খর খাজানা বর্দ্ধিত হইয়া ৩০ টাকা হওয়া উচিত। খ জবাব দেয় যে, সে ১৫ বিঘা মাত্র জমী ভোগ করে এবং উক্ত প্রচলিত হার যে তাহার প্রদত্ত বিঘা প্রতি এক টাকার অধিক, তাহা সে অস্বীকার করে। প্রচলিত হার যে এক টাকা আট আনা তাহা প্রমাণ করিতে ক অপারগ হইল। তথাপি খ ১৫ বিঘা কি ২০ বিঘা জমী ভোগ করে, এবং তাহার খাজানা ১৫ টাকা কি ২০ টাকা, আদালত তাহা নিষ্পত্তি করিয়া দিবেন।

(খ) ক ২২ ধারায় নির্দ্দিষ্ট কারণসমূহের দ্বিতীয় কারণবশতঃ দখলীস্বত্ববিশিষ্ট খ নামক রায়তের খাজানা বৃদ্ধি করিবার জন্য নালিশ করে। সে বলে, খ পূর্ব্বে বিঘাপ্রতি এক টাকা আট আনা হারে দশবিঘা জমী ভোগ করিত। তাহার পর অল্প দিন হইল, পৈরস্তীক্রমে আর আট বিঘা জমী তাহার ভোগে বৃদ্ধি হইয়াছে, এবং খর পূর্ব্ব দত্ত ১৫ টাকার পরিবর্ত্তে ২৭ টাকা খাজানা দেওয়া উচিত। পৈরস্তীক্রমে তাহার ভোগে যে জমী বৃদ্ধি হইয়াছে খ তাহা অস্বীকার করে। সে বলে, যে সে পূর্ব্বে দশ বিঘা নয়, পনের বিঘা জমী ভোগ করিত এবং খাজানার হার এক টাকা আট আনা নয়, বিঘাপ্রতি এক টাকা মাত্র ছিল। পৈরস্তীর কোন সন্তোষজনক প্রমাণ নাই। তথাপি খ পূর্ব্বে দশ বিঘা কি পনের বিঘা জমী ভোগ রাখিত এবং খাজানার হার এক টাকা, কি এক টাকা আট আনা, আদালত তাহার বিচার করিবেন।

(গ) ক দখলীস্বত্ববিশিষ্ট খ নামক রায়তের নামে খাজানাবৃদ্ধির নালিশ করে। নালিশের কারণ এই যে, গবর্ণমেণ্ট খাল কাটান প্রযুক্ত খএর জমীর জল নিঃসরণ হইয়া ঐ জমীর উন্নতি হওয়ায় খএর খরচ এবং চেষ্টা ব্যতিরেকে ভূমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি হইয়াছে। জমীর উৎপাদিকাশক্তি যে বৃদ্ধি হইয়াছে খ তাহা অস্বীকার করে এবং বলে, যে তাহার জমীর খাজানা চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে অপরিবর্ত্তিত থাকা প্রযুক্ত উহার খাজানা বৃদ্ধি দিতে বাধ্য নহে। ক নিজ কথামত ভূমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি প্রমাণ করিতে অসমর্থ হইল। তথাপি চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে খ এক খাজানার হারে জমী ভোগ করিতেছে এবং ঐ হার কখন পরিবর্ত্তিত হয় নাই, এ কথা সত্য কি না এবং তজ্জন্য তাহার জমী খাজানা বৃদ্ধি হইতে রক্ষা পাইতে পারে কি না, আদালত ইহার বিচার করিবেন।

২। কালেক্টরের নিকট কার্য্য-প্রণালীর কথা।

খাজানা বৃদ্ধি বা খাজানা বন্দোবস্তের জন্য কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবার কথা।

৯৯ ধারা। যে ভূম্যধিকারী ২২ ধারায় নির্দ্দিষ্ট কারণচতুষ্টয়ের মধ্যে এক বা অধিক কারণবশতঃ দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা বৃদ্ধি করিবার জন্য কালেক্টরের নিকট যাইয়া নালিশ করিতে ইচ্ছা করেন, কিম্বা যে জমীদার, ১১২ ধারায় বর্ণিত স্থলে সেই ধারায় উল্লিখিত বিষয় সকলের বিশেষ অবস্থা নিশ্চিত রূপে জানিতে ইচ্ছা করেন, তিনি যে জমীর খাজানা পাইতে স্বত্ববান্ সেই জমী অথবা তাহার কোন অংশ যে জিলায় অবস্থিত তথাকার কালেক্টর সাহেবের নিকট তজ্জন্য দরখাস্ত করিবেন।

জমী দুই কিম্বা তদধিক জিলায় অবস্থিত হইলে বিচারাধিপত্যের কথা।

যে স্থলে ভূমি একই কমিশনরের বিভাগের অন্তর্গত দুই বা তদধিক জিলায় অবস্থিত, সেস্থলে উক্ত কমিশনর সাহেব এবং যে স্থলে ভূমি একই কমিশনরের বিভা-

গের অন্তর্গত নহে, এমন দুই বা তদধিক জিলায় অবস্থিত, সেস্থলে রেবিনিউ বোর্ড, কোন কারণ উপযুক্ত বোধ হইলে, আদেশ দিতে পারেন যে উক্ত ভূমির কোন এক অংশ অন্য যে কোন কালেক্টরীর অন্তর্গত তথাকার কালেক্টরের নিকট উক্ত দরখাস্ত উঠাইয়া লওয়া যাইতে পারিবে। এবং শেষোক্ত কালেক্টর প্রথমতঃই এরূপ দরখাস্ত তাঁহার নিকট উপস্থিত হইলে যেরূপ কার্য্যবিধির অনুসরণ করিতেন এস্থলেও সেইরূপ করিবার ক্ষমতা পাইবেন।

যে ভূম্যধিকারী এই ধারামত দরখাস্ত করিয়াছেন এই অধ্যায়ে ইহার পর তিনি দরখাস্তকারী নামে অভিহিত হইবেন। আবেদনপত্রে স্বাক্ষর এবং সত্যপাঠলিখন বিষয়ে ১৬৮ ধারায় যে যে বিধান আছে, পূর্ব্বোক্ত প্রকার দরখাস্তেও সে সকল বিধান খাটিবে।

১০০ ধারা। দরখাস্তকারী আপন দরখাস্তে যে মহাল তালুক বা পেটাওতালুকের বিষয়ে দরখাস্ত করা হইয়াছে তাহার (১) হারের তালিকা (২) বর্দ্ধিত জমাবন্দী এবং বন্দোবস্তী জমাবন্দীর জন্য প্রার্থনা করিতে পারেন।

দরখাস্তকারির (১) হারের তালিকা (২) বর্দ্ধিত জমাবন্দী, অথবা (৩) বন্দোবস্তী জমাবন্দী প্রার্থনা করিতে পারিবার কথা।

যে ফর্দ্দে বা তফসীলে কোন মহাল, তালুক বা পেটাও তালুকের স্থানীয় প্রচলিতশ্রেণী-বিভাগ-প্রণালী অনুসারে ভূমির শ্রেণী এবং প্রত্যেক শ্রেণীর উপর দেয় খাজানার হার লিখিত থাকে তাহার নাম হারের তালিকা। যেস্থলে ২২ ধারায় নির্দ্দিষ্ট কারণসমূহের প্রথম বা দ্বিতীয় কারণবশতঃ খাজানা বৃদ্ধির দাবী করা হয়, তখন উক্ত তালিকায় তালিকা প্রস্তুত করার অব্যবহিত পূর্ব্বে প্রচলিত দেয় খাজানার হার প্রকাশ থাকিবে। যখন উক্ত কারণ সমূহের তৃতীয় ও চতুর্থ কারণ বশতঃ খাজানা-বৃদ্ধি দাবী করা হয়, তখন উক্ত ফর্দ্দে উক্ত প্রচলিত হার প্রকাশ থাকিবে, এবং আরও কালেক্টর সাহেব উক্ত কারণসমূহের প্রত্যেক কারণবশতঃ যে বর্দ্ধিত হার নির্দ্ধারিত করিয়া দেন তাহাও প্রকাশ থাকিবে।

হারের তালিকার অর্থ।

যে ফর্দ্দে বা তফসীলে কোন মহাল, তালুক বা পেটাও-তালুকের রায়তগণের নাম, ভূমির পরিমাণ এবং যখন ভূমি ভিন্ন ভিন্ন শ্রেণীভুক্ত তখন প্রত্যেক রায়তের প্রত্যেক শ্রেণীর ভূমির পরিমাণ, প্রত্যেক শ্রেণীস্থ ভূমির জন্য পূর্ব্বে দেয় খাজানার হার, প্রত্যেক রায়তের ভোগাধীন প্রত্যেক শ্রেণীর জমীর সমষ্টির জন্য উক্ত রায়তের দেয় মোট খাজানা, এবং প্রত্যেক রায়তের দেয় খাজানার সর্ব্বসুদ্ধ মোট প্রদর্শিত হয়, তাহার নাম জমাবন্দী।

জমাবন্দীর অর্থ।

বর্দ্ধিত জমাবন্দীর অর্থ।

যে জমাবন্দীতে অধিকন্তু নিম্নলিখিত বিষয় সকলও প্রদর্শিত হয়, তাহার নাম বর্দ্ধিত জমাবন্দী।

(ক) যেস্থলে ২২ ধারায় উল্লিখিত কারণ সমূহের প্রথম কারণবশতঃ খাজানা বৃদ্ধির আদেশ করা হয় তখন—পূর্ব্ব দেয় হারের পরিবর্ত্তে কোন শ্রেণীর ভূমির জন্য যে প্রচলিত হারের আদেশ করা হইয়াছে, তজ্জন্য প্রত্যেক রায়তের ভোগাধীন উক্ত শ্রেণীর জমীর জন্য দেয় নূতন মোট খাজানা; এবং প্রত্যেক রায়তের দেয় খাজানার নূতন সর্ব্বসুদ্ধ মোট।

(খ) যখন পূর্ব্বোক্ত কারণসমূহের দ্বিতীয় কারণবশতঃ খাজানা বৃদ্ধির আদেশ করা হয় তখন—প্রত্যেক রায়তের দখলী বলিয়া প্রমাণীকৃত প্রত্যেক শ্রেণীর অতিরিক্ত ভূমি; পূর্ব্বোক্ত কারণ বশতঃ প্রত্যেক রায়তের ভোগাধীন উক্ত শ্রেণীর জমীর জন্য দেয় নূতন মোট খাজানা; এবং প্রত্যেক রায়তের দেয় খাজানার নূতন সর্ব্বসুদ্ধ মোট।

(গ) যখন পূর্ব্বোক্ত কারণসমূহের তৃতীয় অথবা চতুর্থ কারণবশতঃ খাজানা বৃদ্ধির আদেশ করা হয়—তখন প্রত্যেক শ্রেণীর ভূমির জন্য খাজানার যে বর্দ্ধিত হারের আদেশ হইল; তজ্জন্য প্রত্যেক রায়তের ভোগাধীন উক্ত শ্রেণীর সমস্ত ভূমির জন্য দেয় নূতন মোট খাজানা; প্রত্যেক রায়তের দেয় খাজানার নূতন সর্ব্বসুদ্ধ মোট।

বন্দোবস্তী জমাবন্দীর অর্থ।

যে ভূম্যধিকারী, কোন্ রায়তেরা খাজানার জন্য তাঁহার নিকট দায়ী, উক্ত রায়তদিগের দেয় খাজানা কি, এবং যে যে ভূমিখণ্ডের জন্য উক্ত খাজানা উক্ত রায়তদিগের প্রত্যেক কর্ত্তৃক দেয় হইয়াছে তাহা কোথায়, এই সকল নির্ণয় করিতে অপারগ, তাঁহার দরখাস্ত অনুসারে কালেক্টর সাহেব যে জমাবন্দী প্রস্তুত করিয়া দেন, তাহার নাম বন্দোবস্তী জমাবন্দী।

ক। হারের তালিকা পাইবার জন্য কার্য্যানুষ্ঠানের কথা।

১০১ ধারা। (ক) যখন দরখাস্তকারী যে মহাল, তালুক বা পেটাওতালুকের জন্য দরখাস্ত হইয়াছে সেই মহাল তালুক বা পেটাওতালুকের হারের তালিকা প্রস্তুত করিবার জন্য প্রার্থনা করে, তখন সে তাহার আপনার মতে ন্যায্য ও যুক্তিসঙ্গত এবং যদনুসারে সে দখলিস্বত্ববিশিষ্ট রায়তগণের নিকট বর্দ্ধিত খাজানা আদায় করিবার দাবী করে, এরূপ এক হারের তালিকার নকল দরখাস্তের সঙ্গে দাখিল করিবে। অধিকন্তু উক্ত দরখাস্তে তাহার, যে সকল কারণবশতঃ উক্ত খাজানা বৃদ্ধি করিতে দাবী করে, তাহা স্পষ্ট করিয়া নির্দ্দেশ করা আবশ্যক; এবং ২২ ধারায় উল্লিখিত তৃতীয় এবং চতুর্থ কারণস্থলে যে সময় হইতে উক্ত কারণ সকল কার্য্যকর হইয়াছে, তাহাও লিখিত থাকিবে।

হারের তালিকার জন্য দরখাস্তকারী তাহার দরখাস্তের সঙ্গে সে যে তালিকা অনুসারে দখলী-স্বত্ববিশিষ্ট রায়তের নিকট খাজানা আদায় করিতে চাহে, তাহার নকল দাখিল করিবে।

(খ) দরখাস্ত হইলে পর কালেক্টর সাহেব যে মহাল, তালুক বা পেটাও তালুকের সম্বন্ধে দরখাস্ত হইয়াছে, তাহার রায়তগণকে নোটিস দিবেন এবং উক্ত নোটিসদ্বারা তাহাদিগকে এক মাসের মধ্যে উপস্থিত হইয়া উক্ত নকলে লিখিত হারে সম্মত হইতে অথবা উক্ত হারে তাহাদের যদি কোন আপত্তি থাকে তাহা উত্থাপন করিতে, আদেশ করিবেন।

এক মাসের মধ্যে রায়তদিগকে সম্মতি দিবার বা আপত্তি করিবার জন্য নোটিস দিবার কথা।

১০২ ধারা। (ক) যদি নোটিস প্রকাশ বা জারী করার এক মাসের মধ্যে দরখাস্তকারী যাহাদিগের খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা করিতেছেন সেই সকল প্রজারা নির্দ্দিষ্ট হারে সম্মতি প্রদান করে, তাহা হইলে, কালেক্টর সাহেব তদনুসারে হারের তালিকা প্রস্তুত করিবেন এবং ১০৫ ধারার বিধান সকল সে স্থলে খাটিবে। যদি উক্ত রায়তেরা উক্ত নির্দ্দিষ্ট হারে সম্মতি প্রদান না করে, এবং যদি তাহারা অথবা তাহাদের মধ্যে কোন ব্যক্তি উপস্থিত হয় এবং উক্ত হারে আপত্তি করে, কালেক্টর সাহেব যে মহাল, তালুক বা পেটাও তালুকের সম্বন্ধে দরখাস্ত করা হইয়াছে তাহার জন্য হারের তালিকা প্রস্তুত করিবার জন্য কার্য্যানুষ্ঠান করিবেন। তাঁহার কার্য্যানুষ্ঠানের অন্তে তিনি তাহার এক বর্ণনাপত্র প্রস্তুত করিবেন। এবং সেই বর্ণনাপত্রে দরখাস্তকারিগণ বা তাহাদের মধ্যে কেহ যে হার দাবী করে, তাহার আদেশ বা নিষেধ করিবার এবং তৎপরিবর্ত্তে কোন কম হার আদেশ করিবার কারণ সকল প্রকাশ করিবেন।

যদি রায়তেরা উক্ত হারে সম্মত না হয় কিম্বা আপত্তি করে, তবে কালেক্টরের হারের তালিকা প্রস্তুত করিবার জন্য কার্য্যানুষ্ঠানের এবং দরখাস্তকারির দাবীকৃত হারের আদেশ বা নিষেধ করিবার কারণ প্রদর্শন করিবার কথা।

(খ)। পূর্ব্বোক্ত প্রকারে প্রস্তুত হারের তালিকা প্রচারিত করিতে হইবে এবং সেই সঙ্গে দরখাস্তকারী এবং রায়তদিগকে এই বলিয়া নোটিস দিতে হইবে যে যদি তাঁহার অথবা তাঁহাদের উক্ত হারের তালিকা অথবা তাহার কোন অংশের উপর কোন আপত্তি থাকে, তাহা হইলে উক্ত প্রচারের পর এক মাসের মধ্যে সেই আপত্তি উত্থাপন করিয়া কালেক্টর সাহেবের নিকট লিখিত দরখাস্ত দাখিল করা আবশ্যক।

দরখাস্তকারী এবং রায়তদিগের নিকট, তাহারা আপত্তি করিতে পারিবে, এই অভিপ্রায়ের নোটিসের সহিত হারের তালিকা প্রচার করিবার কথা।

১০৩ ধারা। যদি এই প্রকার কোন আপত্তি দাখিল হয়, তাহা হইলে কালেক্টর সাহেব তাহার সংশোধন ও পরিবর্ত্তন বিচার করিবার কার্য্যানুষ্ঠান করিবেন এবং নিজ প্রস্তুত হারের তালিকা পরিবর্ত্তন বা সংশোধন করিতে পারেন। উক্ত এক মাস সময় অতিক্রান্ত হইয়া গেলে পর এবং উক্ত হারের তালিকা সংশোধন অথবা পরিবর্ত্তন হইলে পর, কালেক্টর সাহেব উক্ত হারের তালিকা এবং তাহার সঙ্গে তাঁহার কার্য্যবিবরণ এবং দরখাস্ত কারী কিম্বা রায়তগণকর্ত্তৃক দাখিল করা আপত্তির দরখাস্তসমূহ বিভাগের কমিশনর সাহেবের নিকট অথবা বিভাগের কমিশনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে পুনর্দৃষ্টি জন্য পেশ করিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে সময়ে কলিকাতা গেজেটে প্রকাশিত আজ্ঞাপত্রদ্বারা কোন্ মোকদ্দমা রেবিনিউ বোর্ড দ্বারা, কোন্‌গুলি কমিশনর সাহেবের দ্বারা চূড়ান্তরূপে পুনর্দৃষ্ট হইবে, আদেশ করিতে পারিবেন। এরূপ আদেশ করিবার সময় লেপ্টেনেণ্ট গবর্ণর খাজানার কত মোট সমষ্টি লইয়া বা কত পরিমিত জমীর জন্য মোকদ্দমা, বা সেই মোকদ্দমার কত সংখ্যক রায়ত লিপ্ত, তাহা বিবেচনা করিয়া আজ্ঞা দিবেন।

কালেক্টর দ্বারের তালিকা ও তাহার সহিত তাঁহার কার্য্যানুষ্ঠান এবং আপত্তির দরখাস্ত উর্দ্ধতন রাজস্ব কর্ম্মচারীদের পুনর্দৃষ্টি নিমিত্ত অর্পণ করিবার কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বোর্ড ও কমিশনরের পুনর্দৃষ্টি ক্ষমতা বিষয়ে বন্দোবস্ত করিবার কথা।

১০৪ ধারা। রেবিনিউ বোর্ড অথবা কমিশনর সাহেব যেরূপ যুক্তিসঙ্গত বলিয়া বোধ হয় তদনুসারে হারের তালিকা এবং ১০৩ ধারার বিধানমতে পেশকরা কার্য্যবিবরণ পুনর্দর্শন, সংশোধন বা পরিবর্ত্তন করিবার এবং সেই সঙ্গে প্রেরিত আপত্তি অথবা তাহার কোন অংশ গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইবেন, এবং চূড়ান্ত আজ্ঞা দিবার পূর্ব্বে যদি কোন স্থলে এরূপ পদ্ধতি অবলম্বন করিলে সুবিধা বোধ হয়, তাহা হইলে আরও কার্য্যানুষ্ঠান বা তদন্তের জন্য আদেশ করিতে বা অপেক্ষা করিতে পারিবেন। বোর্ড কিম্বা কমিশনর সাহেব পুনর্দর্শনের ক্ষমতানুসারে কার্য্য করিবার সময় কার্য্যপ্রণালীতে লিপ্ত কোন লোকের অথবা এরূপ লোকের তরফ উপস্থিত কোন উকীল বা আডবোকেটের কথা শুনিতে পারিবেন, কিন্তু শুনিতে বাধ্য হইবেন না।

বোর্ড কিম্বা কমিশনরের হারের তালিকা পুনর্দৃষ্টি, সংশোধন ও পরিবর্ত্তন করিতে সম্পূর্ণ ক্ষমতা থাকিবার এবং অধিকন্তু তদন্ত আদেশ করিতে পারিবার এবং স্বার্থবান্ পক্ষের কথা শুনিতে পারিবার কথা।

১০৫ ধারা। (ক) বোর্ড অথবা কমিশনরের চূড়ান্ত অনুমতিপ্রাপ্ত উক্ত প্রকার হারের তালিকা, ১০৬ ধারায় কথিত দেওয়ানী আদালতে অথবা কালেক্টরের নিকটস্থ সমস্ত কার্য্যপ্রণালীতে পূর্ব্বোক্ত দরখাস্তকারী এবং রায়তগণের সম্বন্ধে চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। উক্ত তালিকা, ১০২ ধারার (খ) প্রকরণে উল্লিখিত নোটিস্ যে বৎসর দেওয়া হইবে, তাহার পরবর্ত্তী বৎসরের আরম্ভ হইতে, যে সকল জমী লইয়া উক্ত কার্য্যপ্রণালী অবলম্বিত হইয়াছে, তদ্বিষয়ে দশ বৎসরের

শিকস্তী এবং পৈবস্তীজনিত হ্রাস বৃদ্ধির নিয়মাধীনে হারের তালিকা দশ বৎসর বলবৎ থাকিবার কথা।

জন্ত, এবং তাহার পরও যে পর্য্যন্ত এই আইনানুযায়ী নূতন কার্য্যপ্রণালীদ্বারা পরিবর্ত্তিত না হয় তত দিন বহাল থাকিবে; যে সকল রায়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছে, অথচ প্রথা, চুক্তি কিম্বা যুক্তিসঙ্গত অন্য কোন বিশেষ কারণে অধিকতর সুবিধাজনক হার পাইতে স্বত্ববান্ নহে, উক্ত তালিকায় নির্দ্দিষ্ট হার, এই আইনের অন্যান্য বিধানসমূহের নিয়মাধীনে, তাহাদের দেয় ন্যায্য এবং যুক্তিসঙ্গত হার বলিয়া পরিগণিত হইবে।

হারের তালিকার সহীমোহরের নকল এই আইনের বিধান অনুসারে কার্য্য হইয়াছে তদ্বিষয়ার্থে চূড়ান্ত প্রমাণ হইবার কথা।

(খ) উক্ত হারের তালিকা অথবা তাহার সহী মোহরের নকল, বোর্ড, কমিশুনর এবং কালেক্টর সাহেবের কার্য্যপ্রণালী যে এই আইনের বিধানসমূহমতে নিষ্পন্ন হইয়াছে, সকল দেওয়ানী আদালতে তাহার চূড়ান্ত প্রমাণস্বরূপ হইবে।

দরখাস্তকারির দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া হারের তালিকা বলবৎ করিতে পারিবার কথা।

১০৬ ধারা। (ক) দরখাস্তকারী দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া এই প্রকার রায়তের বিরুদ্ধে উক্ত তালিকা জারী করিয়া লইতে পারেন, এবং দশের অনধিক যে কোন সংখ্যক রায়তকে ঐ মোকদ্দমায় সহপ্রতিবাদী করিয়া লইতে পারেন। কিম্বা দরখাস্তকারী হারের তালিকা চূড়ান্ত অনুমতি পাইবার তারিখের পর তিন মাস অন্তে এবং এক বৎসরের মধ্যে যে কোন সময়ে বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার জন্য কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারেন।

কিম্বা তিন মাসের পর বর্দ্ধিত জমাবন্দীর জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

এরূপ দরখাস্ত পাইলে কালেক্টর সাহেব বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার জন্য কার্য্যানুষ্ঠান করিবেন এবং এই জন্য এই আইন অনুসারে যে সকল ক্ষমতা পরিচালনা করিতে শক্তিবান হইয়াছেন সে সমস্ত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। যদি কালেক্টর সাহেবের এরূপ সদ্বোধমতে বিশ্বাস হয় যে রায়তদিগের অবাধ্যতা বা অযৌক্তিক আচরণে দরখাস্তকারী হারের তালিকা বলবৎ করিতে পারেন নাই, তাহা হইলে বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার সমস্ত খরচা ঐ প্রকার রায়তদিগের দিতে হইবে বলিয়া আদেশ করিতে পারেন।

রায়তেরা অবাধ্য হইলে বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার খরচার কথা।

(খ) দেওয়ানী আদালত অথবা কালেক্টরের নিকট এই প্রকার যে কোন কার্য্যানুষ্ঠানে হারের তালিকা নির্দ্দিষ্ট ভূমিশ্রেণীর খাজানার হার ভিন্ন আর সকল বিষয় প্রমাণ করিবার ভার উপরি উক্ত ঐ প্রকার রায়তদিগের খাজানা বর্দ্ধিত করিবার জন্য প্রথমতঃই দেওয়ানী আদালতে যাইয়া নালিশ করিলে যেরূপ হইত সেইরূপ দরখাস্তকারির উপরই পড়িবে।

হারের তালিকা প্রস্তুত হওয়া প্রযুক্ত প্রমাণের ভার পরিবর্ত্তিত না হইবার কথা।

খ। বর্দ্ধিত জমাবন্দী পাইবার জন্য কার্য্যানুষ্ঠানের কথা।

বর্দ্ধিত জমাবন্দীর জন্য দরখাস্তকারী, সে যে বর্দ্ধিত জমাবন্দী অনুসারে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের নিকট খাজানা আদায় করিতে চাহে, তাহার এক নকল দরখাস্তের সঙ্গে দাখিল করিবে, ইহার কথা।

১০৭ ধারা। (ক) যখন দরখাস্তকারী যে মহাল, তালুক বা পেটাওতালুকের জন্য দরখাস্ত হইয়াছে, সেই মহাল, তালুক বা পেটাও তালুকের বর্দ্ধিত জমাবন্দীর প্রার্থনা করে, তখন সে আপনার মতে যে জমাবন্দী ন্যায্য ও যুক্তিসঙ্গত বলিয়া মনে করে, এবং যদনুসারে সে দখলীস্বত্ববিশিষ্ট রায়তগণের নিকট বর্দ্ধিত খাজানা সংগ্রহ করিবার দাবী করে, এরূপ এক বর্দ্ধিত জমাবন্দীর নকল দরখাস্তের সঙ্গে দাখিল করিবে। অধিকন্তু নির্দ্দিষ্ট প্রত্যেক রায়তের খাজানা বৃদ্ধি দাবী করার কারণ অথবা কারণ সকল তাহার স্পষ্টরূপে নির্দ্দেশ করা আবশ্যক, এবং ২২ ধারার নির্দ্দিষ্ট তৃতীয় ও চতুর্থ কারণস্থলে যে সময় হইতে উক্ত কারণ সকল কার্য্যকর হইয়াছে তাহারও নির্দ্দেশ করিতে হইবে। এরূপ বর্দ্ধিত জমাবন্দীর নকলে রায়তের নাম লেখা থাকিলে উহা সে যে তাহার নামের পার্শ্বে লিখিত ভূমিতে দখলীস্বত্ববিশিষ্ট, তাহার স্বীকার বলিয়া পরিগণিত হইবে।

এক মাসের মধ্যে রায়তকে সম্মতি দিবার জন্য বা আপত্তি করিবার জন্য নোটিস দিবার কথা।

(খ) কালেক্টর সাহেব ইহার পর বর্দ্ধিত জমাবন্দীর নকলে যে সকল রায়তের নাম লেখা আছে তাহাদিগকে নোটিস্ দিবেন, এবং সেই নোটিস্ দ্বারা তাহাদের প্রত্যেক ব্যক্তিকে এক মাসের মধ্যে উপস্থিত হইয়া বর্দ্ধিত জমাবন্দীর নকলে তাহাদের নিজ নিজ নামে যেরূপ লেখা হইয়াছে, তাহাতে সম্মত হইতে অথবা যদি সেই লেখায় তাহাদের কিছু আপত্তি থাকে, তাহা উত্থাপন করিতে আদেশ করিবেন।

যদি সকল রায়ত উপস্থিত হয় এবং বর্দ্ধিত জমাবন্দীতে সম্মতি দেয়, তবে উহা দশ বৎসরের জন্য উভয়পক্ষকে আবদ্ধ করিবে, এই মর্ম্মে কালেক্টরের আজ্ঞা দিবার কথা।

১০৮ ধারা। (ক) যদি উক্ত নোটিস প্রচার অথবা জারী করার পর এক মাসের মধ্যে ঐ সমস্ত রায়ত উপস্থিত হইয়া যে বর্দ্ধিত খাজানার হারের দাবী করা হইয়াছে তাহাতে, কিম্বা বর্দ্ধিত জমাবন্দীর উক্ত নকলে তাহাদের প্রত্যেকের নামে যেরূপ লেখা হইয়াছে, তাহাতে সম্মতি দেয়, তাহা হইলে কালেক্টর সাহেব আজ্ঞাপত্রের তারিখ হইতে দশ বৎসর সময়ের জন্য ঐ বর্দ্ধিত জমাবন্দী অনুসারে কার্য্য করিতে দরখাস্তকারী এবং উক্ত প্রজারা বাধ্য বলিয়া আজ্ঞা দিবেন; এবং পৈবস্তীতে যোজিত জমীর খাজানা বৃদ্ধি এবং শিকস্তীতে ক্ষয়িত জমীর খাজানা হ্রাস সম্বন্ধীয় এই আইনের বিধানসমূহের নিয়মাধীনে, পূর্ব্বোক্ত দশ বৎসর এবং তাহার পরও যত দিন চুক্তি, অথবা এই আইন অনুযায়ী নূতন কার্য্যপ্রণালীদ্বারা পরিবর্ত্তিত না হয়, তত দিন উক্ত দরখাস্তকারী এবং উক্ত রায়তগণ উক্ত

বর্দ্ধিত জমাবন্দী অনুসারে কার্য্য করিতে বাধ্য থাকিবে।

(খ) যদি উক্ত এক মাস সময়ের মধ্যে উক্ত সমস্ত রায়ত উপস্থিত না হয় এবং পূর্ব্বোক্তমত সম্মতি না দেয়, কিম্বা যদি তাহারা অথবা তাহাদের মধ্যে কেহ উপস্থিত হয় এবং যে বর্দ্ধিত খাজানার হার দাবী করা হইয়াছে তাহাতে কিম্বা বর্দ্ধিত জমাবন্দীর উক্ত নকলে তাহাদের সম্বন্ধে যাহা লেখা হইয়াছে, তাহাতে আপত্তি করে, তাহা হইলে কালেক্টর সাহেব যে মহাল, তালুক বা পেটাওতালুক সম্বন্ধে দরখাস্ত হইয়াছে তাহার বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার কার্য্যানুষ্ঠান করিবেন। এই কার্য্যানুষ্ঠানের মধ্যে যে কোন সময়ে যে কোন রায়ত হার এবং বর্দ্ধিত জমাবন্দীর নকলস্থিত বিষয়ে, যতদূর পর্য্যন্ত তাহার নিজের সম্বন্ধ, লিখিত দরখাস্তের দ্বারা সম্মতি দিতে পারে, এবং তাহা হইলে উক্ত রায়ত এবং উক্ত দরখাস্তকারী উক্ত হার ও বিষয় অনুসারে কার্য্য করিতে বাধ্য হইবেন।

যদি রায়তেরা সকলে উপস্থিত না হয়, ও সম্মতি না দেয়. এবং তাহাদের মধ্যে কেহ নিজের দেয় হার ও লেখার উপর আপত্তি করে, কালেক্টর বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবেন। কোন রায়তের যে কোন সময়ে নিজের নামে লেখাবিষয়ে সম্মতি দিতে পারিবার কথা।

১০৯ ধারা। (ক) এই সকল কার্য্যানুষ্ঠানের উপসংহার হইলে কালেক্টর উহার একবর্ণনাপত্র প্রস্তুত করিবেন এবং তাহাতে তিনি যে সকল কারণবশতঃ বর্দ্ধিত জমাবন্দীর নকলস্থিত সমস্ত হার বা লেখা অথবা তাহাদের যে কোনটীর আদেশ, নিষেধ বা পরিবর্ত্তন করিবেন, তাহা প্রকাশ করিতে হইবে। তাহার পর এই সকল বিষয়ে তাঁহার নিজ সিদ্ধান্ত অনুসারে তিনি বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবেন।

কালেক্টর কার্য্যবিবরণের বর্ণনাপত্র প্রস্তুত করিবেন এবং বর্দ্ধিত জমাবন্দীর নকলের হার ও লেখা আদেশ বা নিষেধ করিবার কারণ প্রদর্শন করিবেন, ইহার কথা।

(খ) উক্ত প্রকারে প্রস্তুত বর্দ্ধিত জমাবন্দী প্রচারিত করিতে হইবে; এবং সেই সঙ্গে দরখাস্তকারী ও রায়তদিগকে এই বলিয়া নোটিস দিতে হইবে, যে যদি তাহার অথবা তাহাদের উক্ত বর্দ্ধিত জমাবন্দীতে যে সকল হার ও লেখা আছে, তাহাতে কোন আপত্তি থাকে তাহা হইলে উক্ত প্রচারের পর এক মাসের মধ্যে সেই আপত্তি উত্থাপন করিয়া কালেক্টর সাহেবের নিকট লিখিত দরখাস্ত দাখিল করা আবশ্যক।

এক মাসের মধ্যে দরখাস্তকারী ও রায়তদিগকে আপত্তি করিবার জন্য বর্দ্ধিত জমাবন্দীর সঙ্গে নোটিস দিবার কথা।

১১০ ধারা। (ক) যদি দরখাস্তকারী কিম্বা রায়তেরা কিম্বা রায়তদিগের মধ্যে কেহ বর্দ্ধিত জমাবন্দীর হার অথবা লেখার বিষয়ে কোন আপত্তি উত্থাপন করে, তাহা হইলে কালেক্টর তাহার বিচার করিবেন; এবং উক্ত আপত্তি সমূহের সত্যতা অথবা তদন্যথা বিষয়ে সন্তোষজনক প্রমাণ পাইবার জন্য তাঁহার যেরূপ আবশ্যক বলিয়া বোধ হয়, এরূপ কোন কার্য্যপ্রণালী অবলম্বন করিতে পারিবেন, এবং মূল কার্য্যপ্রণালীতে তিনি যে সকল ক্ষমতা পরিচালনা করিতে পারিতেন, এস্থলেও সে সকল ক্ষমতা পরিচালনা করিতে পারিবেন, এবং তাঁহার যেরূপ ন্যায্য বোধ হয় তদনুসারে তিনি পূর্ব্বোক্ত হার বা লেখা নামঞ্জুর করিবার, সংশোধন করিবার, কিম্বা অন্য কোন প্রকারে পরিবর্ত্তিত করিবার, অথবা পূর্ব্বোক্ত আপত্তি অগ্রাহ্য করিবার, আজ্ঞা দিতে পারেন।

কালেক্টরের আদেশের উপর আপীল করিবার কথা।

(খ) যে কোন ভূম্যধিকারী বা রায়ত পূর্ব্বোক্ত আজ্ঞার দ্বারা স্পৃষ্ট হইবে, সে যদি উহাতে অসন্তুষ্ট হয় তাহা হইলে পূর্ণ ত্রিশ দিনের মধ্যে খণ্ডের কমিশ্যনরের নিকট আপীল রুজু করিতে পারিবে; এবং এরূপ আপীল হইলে উক্ত কমিশ্যনর আরও অনুসন্ধান করিয়া বা তদ্ব্যতিরেকে তাঁহার নিজের যেরূপ ন্যায্য বোধ হয় তদনুসারে আজ্ঞা দিতে পারিবেন।

১১১ ধারা। (ক) যদি পূর্ব্বোক্ত বর্দ্ধিত জমাবন্দীতে উক্ত এক মাস সময়ের মধ্যে কোন আপত্তি না করা হয়, কিম্বা যদি কোন আপত্তি করা হয়, তবে ১১০ ধারার বিধান মতে তাহার নিষ্পত্তি হইবামাত্রেই, দরখাস্তকারী এবং বর্দ্ধিত জমাবন্দীতে উল্লিখিত রায়তগণ যত দিন কার্য্যানুষ্ঠান হইতেছিল তাহার মধ্যে তাহারা অথবা তাহাদের কেহ উপস্থিত হউক আর নাই হউক, পূর্ব্বোক্ত বর্দ্ধিত জমাবন্দীমত কার্য্য করিতে একান্তই বাধ্য হইবে; এবং পৈবস্তীতে যোজিত জমীর খাজানা বৃদ্ধি এবং শিকস্তীতে ক্ষয়িত জমীর খাজানার হ্রাস বিষয়ক এই আইনের বিধান সকলের নিয়মাধীনে উক্ত মাস শেষ হইবার পর দশ বৎসর পর্য্যন্ত, এবং তাহার পর যত দিন চুক্তি বা এই আইনের অনুযায়ী নূতন কার্য্যানুষ্ঠানদ্বারা পরিবর্ত্তিত না হয়, তাবৎ কাল পর্য্যন্ত উহারা ঐ বর্দ্ধিত জমাবন্দীতে বাধ্য থাকিবে; অধিকন্তু ১০৫ ধারার (খ) প্রকরণের বিধান সকলও এই বর্দ্ধিত জমাবন্দীতে খাটিবে।

যদি আপত্তি না হয় বা হইলেও যদি নিষ্পত্তি হইয়া যায়, তাহা হইলে নিষ্পত্তির সময় হইতে দশ বৎসরের জন্য বর্দ্ধিত জমাবন্দীতে বাধ্য থাকিবার ও ১০৫ ধারার (খ) প্রকরণ তাহাতে খাটিবার কথা।

(খ) যে রায়ত ঐ প্রকার বর্দ্ধিত জমাবন্দীর অনুসারে দরখাস্তকারীকে খাজানা দিতে বাধ্য হয়, সে উক্ত খাজানায় স্বত্ববান্ বলিয়া দাবীকারী কোন তৃতীয় ব্যক্তির ওয়াসিলৎ দিতে বাধ্য হইবে না; কেবল মাত্র উক্ত দরখাস্তকারির বিরুদ্ধে চলিতে পারিবে।

দরখাস্তকারীকে খাজানা দিতে রায়তকে বাধ্য করিলে রায়তের তৃতীয় ব্যক্তিকে খাজানা দিতে বাধ্য না হইবার কথা।

গ। বন্দোবস্তী জমাবন্দী পাইবার জন্য কার্য্যানুষ্ঠানের কথা।

বন্দোবস্তী জমাবন্দীর জন্য দরখাস্তকারী তাহার দরখাস্তে যে অবস্থাহেতুক তাহাকে দেয় খাজানা স্থির করিতে অপারগ হইয়াছে, তাহার বর্ণনা করিবার কথা।

১১২ ধারা। (ক) যখন দরখাস্তকারী যে মহাল, তালুক বা পেটাওতালুকের সম্বন্ধে দরখাস্ত হইয়াছে সেই মহাল, তালুক বা পেটাওতালুকের বন্দোবস্তী জমাবন্দীর জন্য প্রার্থনা করে, তখন সে তাহার দরখাস্তে যে সকল ঘটনাবশতঃ কোন্ রায়তেরা তাহার নিকট খাজানা দিতে বাধ্য, এরূপ রায়তদিগের দেয় খাজানা কত এবং যে সকল ভূমিখণ্ডের জন্য ঐ সকল রায়তের প্রত্যেককর্ত্তৃক উক্ত খাজানা দেয় হইয়াছে, তাহা নির্ণয় করিতে পারে নাই; তাহা প্রকাশ করিবে। কালেক্টর সাহেব দরখাস্তকারী পূর্ব্বোক্ত বিষয় সকল সূক্ষ্মানুসূক্ষ্ম রূপে নির্ণয় করিতে পারে নাই এবং তজ্জন্য হারের তালিকা এবং বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করিবার জন্য অবলম্বিত কার্য্যপ্রণালী কার্য্যকর হইবে না, ইহা সদ্বোধমতে বুঝিতে পারিলে, বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবার কার্য্যানুষ্ঠান করিবেন; এবং তাহা হইলে উক্ত মহাল, তালুক বা পেটাও তালুকের রায়তদিগকে নোটিস্ দিবেন।

(খ) সেই নোটিসে তাহাদিগকে একমাসের মধ্যে উপস্থিত হইতে এবং বিশেষ বৃত্তান্ত বর্ণন করিবার জন্য রায়তকে নোটিস দিবার কথা।

মধ্যে উপস্থিত হইতে এবং তাহাদের প্রত্যেকের ভোগ-করা প্রত্যেক ভূমিখণ্ড, তাহার শ্রেণী, পরিমাণ এবং চৌহদ্দী, সেই জমীর জন্য ইতিপূর্ব্বে প্রদত্ত খাজানা, এবং যে খাজানা তাহারা এক্ষণে দিতে স্বীকৃত আছে, সমস্ত বর্ণনা করিতে তাহাদিগকে বলা হইবে। অধিকন্তু প্রত্যেক রায়ত তাহার ভোগ করা জমীতে দখলীস্বত্ব আছে বলিয়া দাবী করে কি না, বর্ণনা করিবে।

১১৩ ধারা। এ নোটিস প্রকাশ অথবা প্রদান জারী করার পর এক মাসের মধ্যে যদি রায়তেরা উপস্থিত হয়, এবং নোটিসদ্বারা তাহাদিগকে যে সকল বিষয় বলিতে বলা হইয়াছে, তাহা প্রকাশ করে, এবং দরখাস্তকারী এই প্রকারে বর্ণিত বিষয়ে সম্মতি দান করে, তাহা হইলে কালেক্টর সাহেব তদনুসারে বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবেন; ১০৮ ধারার (ক) প্রকরণের বিধান সকল বন্দোবস্তী জমাবন্দীতে খাটিবে। যদি ঐ রায়তেরা না উপস্থিত হয়, এবং উক্ত বিষয় সকল না বর্ণনা করে, কিম্বা যদি উক্ত বিষয় সকল তাহাদের বা তাহাদের যে কোন ব্যক্তিদ্বারা বর্ণিত হইলে, দরখাস্তকারী যে সকল কারণে উহার উপর আপত্তি করেন, তাহা কালেক্টর সাহেবের আপাততঃ প্রতীতিতে প্রচুর যদি রায়ত প্রার্থিতমত বিশেষ বৃত্তান্ত দেয় এবং দরখাস্তকারী তাহাতে সম্মত হয়, কালেক্টর তদনুসারে বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবেন। যদি বৃত্তান্ত না দেওয়া অথবা দিলেও প্রতিবাদ করা হয়, কালেক্টরের কোন্ জমীর জন্য কোন্ রায়তের কত খাজানা দেয় তাহা নির্দ্ধারণ করিতে কার্য্যারম্ভ করিবার কথা।

বোধ হয়, তাহা হইলে কোন্ সকল রায়ত দরখাস্তকারীকে খাজানা দিতে বাধ্য, কোন্ কোন্ জমীর জন্য উক্ত খাজানা দেয়, উক্ত জমীতে রায়তের কিরূপ স্বত্ব আছে, পূর্ব্বদত্ত খাজানা বা হারের অধিক হউক বা না হউক কি পরিমাণ খাজানা বা হার উক্ত জমীর জন্য দরখাস্তকারী উক্ত রায়তদিগের নিকট হইতে আদায় করিতে স্বত্ববান্, তাহা স্থির এবং নির্ণয় করিবার জন্য উক্ত কালেক্টর কার্য্যানুষ্ঠান করিবেন।

১১৪ ধারা। কার্য্যানুষ্ঠানের উপসংহারে কালেক্টর সাহেব উহার বর্ণনাপত্র প্রস্তুত করিবেন; এবং উহাতে ১১৩ ধারায় উল্লিখিত নানা বিষয়ের নির্ণয় এবং তাদৃশ নির্ণয়ের কারণ সকল প্রকাশ করিবেন। তাহার পর তিনি ঐ সকল বিষয়ের নিজকৃত নির্ণয় অনুসারে বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবেন। ১০৯ ধারার (খ) প্রকরণের এবং ১১০ এবং ১১১ ধারার বিধান সকল বন্দোবস্তী জমাবন্দীতে খাটিবে।

কালেক্টর কি স্থির করিলেন এবং তাহার কারণ কি কি প্রদর্শন করিয়া কার্য্যানুষ্ঠানের এক বর্ণনাপত্র প্রস্তুত করিবার কথা।

সাধারণ বিধান।

১১৫ ধারা। ৯৯ ধারামত দরখাস্তে, উক্ত ধারায় বিচারাধিপত্যবিষয়ক বিধানের নিয়মাধীনে যে কোন সংখ্যক ভূম্যধিকারীর একযোগ হওয়া আইনসঙ্গত হইবে; এইরূপ একযোগী ভূম্যধিকারীসকল কালেক্টরের কার্য্যানুষ্ঠানের ব্যয়ের কে কত অংশ দিতে সম্মত তাহা পৃথক্ পৃথক্ করিয়া উল্লেখ করিতে পারিবেন। কিন্তু কালেক্টর সাহেব যদি উপযুক্ত মনে করেন যে কোন দরখাস্তকারীর অধিকৃত যে কোন মহাল, তালুক, পেটাও তালুক অথবা নির্দ্দিষ্ট পরিমাণ ভূমির সম্বন্ধে স্বতন্ত্র কার্য্যানুষ্ঠানের আজ্ঞা করিতে পারেন; এরূপ ঘটনা হইলে উক্ত দরখাস্তকারীকে এরূপ স্বতন্ত্র কার্য্যানুষ্ঠানের সমস্ত খরচা দিতে হইবে।

দরখাস্তে যে কোন সংখ্যক ভূম্যধিকারী যোগ দিতে পারিবার কথা, কিন্তু কালেক্টরের স্বতন্ত্র কার্য্যানুষ্ঠানের আদেশ দিতে পারিবার কথা।

১১৬ ধারা। ১০১ ধারা, ১০৭ ধারা অথবা ১১২ ধারা অনুযায়ী যে কোন স্থলে কালেক্টর যদি উপযুক্ত বোধ করেন, তবে উল্লিখিত বিষয় সকলের নির্ণয় এবং নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে দরখাস্তকারী এবং রায়ত এই উভয়ের বিবাদের বিষয় সকল মৈত্রীভাবে মিটাইয়া দিবার চেষ্টা করিতে পারিবেন, এবং যদি এরূপ মিটান হইয়া যায় তাহা হইলে কালেক্টর সাহেব মিটান পত্রের রীতিমত নথী প্রস্তুত করিবেন, এবং ঐ নথী অনুসারে কার্য্য করিতে উহাতে লিখিত সকল ব্যক্তি বাধ্য হইবে।

কালেক্টরের মৈত্রীভাবে মিটাইয়া দিবার চেষ্টা করিতে পারিবার এবং এরূপ মিটান সিদ্ধ করিতে পারিবার কথা।

১১৭ ধারা। (ক) যখন যখন দরখাস্তকারী কালেক্টর সাহেবের স্বাক্ষরিত লিখিত নোটিস্‌দ্বারা আদেশ প্রাপ্ত হইবে, তখন কালেক্টর সাহেব কার্য্যানুষ্ঠান চালাইবার জন্য যে টাকা আবশ্যক বলিয়া নির্দ্ধারিত করিবেন সেই টাকা আমানত করিবে। যদি দরখাস্তকারী তাঁহার উপর নোটিস্ দিবার দিনের পর পনের দিনের মধ্যে ঐ টাকা আমানত না করে, তাহা হইলে কালেক্টর কার্য্যানুষ্ঠান বন্ধ করিবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা তিনি আপনার বিবেচনামতে উক্ত পনের দিন অতিক্রান্ত হইয়া গেলে উক্ত টাকা গ্রহণ করিতে পারিবেন।

প্রয়োজনমতে কার্য্যানুষ্ঠানের খরচা দরখাস্তকারীর আমানত করিবার কথা; না পারিলে তাহার ফলের কথা।

(খ) যেস্থলে দুই বা তদধিক দরখাস্তকারী ১১৫ ধারার বিধানমতে একযোগ হয়, সেস্থলে উহাদের মধ্যে যে কেহ তাহার নিজের মহাল, তালুক বা পেটাওতালুকের সম্বন্ধে কার্য্যানুষ্ঠান চালাইবার জন্য কালেক্টর যে টাকা স্থির করিয়া দেন আমানত করিতে পারে, এবং কালেক্টর সাহেব এরূপ কার্য্যানুষ্ঠান চালাইতে পারেন। কালেক্টরের নোটিস দ্বারা আদিষ্ট টাকার নিজ অংশ আমানত না করে এরূপ যে কোন দরখাস্তকারীর অধিকৃত মহাল, তালুক বা পেটাওতালুকের সম্বন্ধে কার্য্যানুষ্ঠান বন্ধ করিবার জন্য কালেক্টর আজ্ঞা দিতে পারেন। যদি এ দরখাস্তকারিগণ সহাধিকারী হয়, তাহা হইলে তাহাদের মধ্যে যে কোন একজন অথবা তদধিক ব্যক্তি উক্ত পনের দিন শেষ হইবার পর সাত দিনের মধ্যে আর একজন যে টাকা আমানত করিল না, তাহা আমানত করিতে পারিবে এবং ঐ প্রকারে আমানত করা টাকা দেওয়ানী আদালতে মোকদ্দমাদ্বারা আদায় করিতে স্বত্ববান্ হইবে।

যাহারা সহাধিকারী অথবা যাহারা ১১৫ ধারামত একত্র হইয়াছে এরূপ দরখাস্তকারিগণের মধ্যে কেহ কেহ আমানত করিতে অপারগ হইলে তাহার কথা।

দুই বা তদধিক দরখাস্তকারিদের একজন প্রয়োজনীয় টাকা আমানত করিতে পারিবার এবং বাকীদারদের নিকট তাহা আদায় করিতে পারিবার কথা।

১১৮ ধারা। যে কোন স্থলে কালেক্টর সাহেব ১১৭ ধারামতে কার্য্যানুষ্ঠান বন্ধ করিবার আজ্ঞা করেন, এবং যে কোন স্থলে দরখাস্তকারী কালেক্টরের অনুমতি ব্যতীত কার্য্যানুষ্ঠান হইতে অপসৃত হয়েন, সে স্থলে কালেক্টরের নিকট অথবা দেওয়ানী আদালতে প্রথমোক্ত কার্য্যানুষ্ঠানের সহিত সম্পর্কবিশিষ্ট জমীর জন্য খাজানা বৃদ্ধির নূতন কার্য্যানুষ্ঠান উক্ত বন্ধ করিবার আজ্ঞার তারিখ হইতে অথবা অপসরণ প্রযুক্ত কার্য্যানুষ্ঠান শেষ হইবার তারিখ হইতে দশ বৎসর পূর্ণ হইবার পূর্ব্বে চলিতে পারিবে না। কিন্তু এই ধারায় এমন কিছুই অন্তর্ভুক্ত নাই, যাহার এরূপ ব্যাখ্যা হইতে পারে, যে তদ্দ্বারা উক্ত দশ বৎসরের মধ্যে পৈবস্তীতে যোজিত জমীর খাজানা বৃদ্ধি বা শিকস্তীতে ক্ষয়িত জমীর খাজানা হ্রাস করা বন্ধ হইতে পারে।

অনুমতি ব্যতীত দরখাস্তকারী অপসৃত হইলে অথবা কার্য্যানুষ্ঠান বন্ধ করিবার আজ্ঞা হইলে দশ বৎসরের মধ্যে আর নূতন কার্য্যানুষ্ঠান না হইবার কথা।

১১৯ ধারা। (ক) ১০১ ধারার (খ) প্রকরণে, ১০২, ১০১, ১০২, ১০৭, ১০৯ ধারার (ঙ) প্রকরণে, ১০৭ এবং ১১২ ধারায় উল্লিখিত ধারার (খ) প্রকরণে, ১০৯ নোটিস্ কিরূপে প্রচার ধারার (খ) প্রকরণে ও ১১২ করিতে হইবে, তাহার কথা। ধারার (খ) প্রকরণে যে নোটিসের উল্লেখ আছে, তাহার নকল এবং যেস্থলে হারের তালিকা কিম্বা বর্দ্ধিত জমাবন্দীর অথবা বন্দোবস্তী জমাবন্দীর নকল নথীর সামিল করা হইয়াছে কিম্বা প্রকাশিত করিবার জন্য আদেশ দেওয়া হইয়াছে, উহারও নকল, যে সকল ভূমির সম্বন্ধে দরখাস্ত করা হইয়াছে, সেই সকল জমী যে সকল গ্রামের অন্তর্গত, এরূপ প্রত্যেক গ্রামের মাল কাছারীতে কিম্বা উক্ত গ্রামের অথবা উক্ত ভূমির কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া দিলেই প্রকাশ করা হইবে; এবং উক্ত গ্রামে অথবা উক্ত ভূমি সকলের উপর ঢেঁড়রা দিয়া উক্ত নোটিস্ যে লটকান হইয়াছে তাহার ঘোষণা করিতেও হইবে। বিশেষ এই যে উক্ত হারের তালিকা বা বর্দ্ধিত জমাবন্দী বা বন্দোবস্তী জমাবন্দীর যে অংশটুকুতে উক্ত গ্রামের ভূমির কথা আছে, উক্ত গ্রামে সেইটুকু মাত্র প্রকাশ করা আবশ্যক হইবে।

(খ) যেস্থলে একজন অথবা কতিপয় মাত্র রায়তের বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান অবলম্বন করা হইয়াছে, কিম্বা যেস্থলে ন্যায্য বলিয়া বোধ হয়, সেস্থলে কালেক্টর সাহেব আপনার বিবেচনামতে আজ্ঞা দিতে পারিবেন যে, প্রত্যেক রায়তের নামে তাহার সম্বন্ধীয় বিষয় সকল সম্বলিত এক এক খানি নোটিস প্রদান করা হয়; ঐ নোটিস এই ধারার বিধানমত সাধারণ নোটিসের পরিবর্ত্তে অথবা তাহার অতিরিক্ত হইতে পারে।

সাধারণ নোটিসের পরিবর্ত্তে অথবা তাহার অতিরিক্ত ব্যক্তিগত নোটিস দিবার কথা।

১২০ ধারা। হারের তালিকা, বর্দ্ধিত জমাবন্দী অথবা বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবার জন্য যে সকল কার্য্যানুষ্ঠান আবশ্যক, তাহা সম্পন্ন করিবার জন্য কালেক্টর সাহেব রেবিনিউ বোর্ডকর্ত্তৃক তাঁহার উপদেশার্থ যে সকল বিধি প্রণীত হয়, তদনুসারে চলিবেন; রেবিনিউ বোর্ড বাঙ্গালাদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে সময়ে সময়ে এই আইনের বিধান সকলের সহিত অসঙ্গত না হয় এরূপ বিধি এ সকল বিধানকে বলবৎ করিবার জন্য উক্ত বোর্ডের যেরূপ

রেবিনিউ বোর্ড যে সকল নিয়ম বাঁধিয়া দিবেন কালেক্টর কার্য্যানুষ্ঠানে ঐ সকল নিয়মদ্বারা চালিত হইবার কথা।

গবর্ণমেণ্টের অনুমতিক্রমে বিধি প্রণয়ন, রাহিত বা পরিবর্ত্তন করিবার ক্ষমতা, বোর্ডের থাকিবার কথা।

আবশ্যক বোধ হয়, প্রণয়ন করিতে পারিবেন, এবং প্রণীত হইলে তাহা পরিবর্ত্তন করিতে, তাহাতে যোগ করিতে ও তাহা রহিত করিতে পারিবেন। ঐ বিধি এবং তাহার বৃদ্ধি, পরিবর্ত্তন এবং রহিত করণ কলিকাতা গেজেটের পর পর তিন ইস্যুতে প্রকাশিত হইবে।

১২১ ধারা। (ক)। কালেক্টর সাহেব তাঁহার বিবেচনামতে তাঁহার কার্য্যানুষ্ঠানের যে কোন সময়ে হউক, মোকদ্দমার কোন পক্ষ হউক আর না হউক, সাক্ষী সমন করিতে, তাহাদিগকে আদালতে উপস্থিত করিতে এবং তাহাদের পরীক্ষা করিতে এবং দলীলাদি দাখিল করাইতে এবং খরচা দেওয়াইতে, অথবা তাহার ভাগ বিলি করিতে দেওয়ান আদালতের যে সকল ক্ষমতা আছে, তাহা পরিচালনা করিতে পারিবেন; এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের যে সকল বিধান এই সকল বিষয়ে খাটিতে পারে, তাহা উক্ত ক্ষমতাপ্রাপ্ত কালেক্টরের সম্বন্ধেও খাটিবে।

সাক্ষীর সমন এবং পরীক্ষার জন্য এবং দলীল উপস্থিত করাইবারজন্য দেওয়ানী আদালতের যে সকল ক্ষমতা আছে তাহা কালেক্টরের পাইবার কথা।

(খ) তিনি স্বার্থবান্ ব্যক্তিদিগের সম্মতি ক্রমে, তাঁহার কার্য্যানুষ্ঠানের যে কোন সময়ে আপন বিবেচনামতে, যে কোন বিষয় সালিশীতে সমর্পণ করিতে পারেন, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫০৬ হইতে ৫২২ পর্য্যন্ত ধারার বিধান সকল এই আইনের বিধান সকলের সঙ্গে যতদূর সঙ্গত হয় ঐ সালিশীর কার্য্যানুষ্ঠানে খাটিবে।

সালিশীতে অর্পণ করিবার এবং দেওয়ানী কার্য্যবিধির বিধান সকল তাহাতে খাটিবার কথা।

১২২ ধারা। (ক) প্রত্যেক জিলার কালেক্টর সাহেব ফসল কাটার সময় ২৩ ধারার (গ) প্রকরণেকথিত প্রধান শস্য সকলের বাৎসরিক দামের তালিকা প্রস্তুত করিবেন। রেবিনিউ বোর্ড সময়ে সময়ে যে সকল সাধারণ আদেশ দিবেন, উক্ত মূল্যের তালিকা তদনুসারে প্রস্তুত হইবে; এবং প্রস্তুত হইলে পর মনোনীত করণের বা পুনর্দর্শনের জন্য উক্ত তালিকা বোর্ডের নিকট সমর্পিত হইবে।

রেবেনিউ বোর্ডের সাধারণ উপদেশক্রমে প্রধান উৎপন্ন দ্রব্যের বাৎসরিক মূল্যের তালিকা কালেক্টরের প্রস্তুত করিবার এবং পুনর্দৃষ্টি বা মনোনীত করণ জন্য উহা বোর্ডে পেশ করিবার কথা।

(খ)। উক্ত ২৩ ধারার (গ) প্রকরণে কথিত জিলা অথবা ভূখণ্ডের জন্য যে মূল্যের তালিকা প্রস্তুত হইবে, তাহা রেবিনিউ-বোর্ডকর্ত্তৃক মনোনীত ও পুনর্দৃষ্ট হইলে উক্ত বোর্ডের একজন সেক্রেটরীদ্বারা স্বাক্ষরিত হইয়া প্রতি বৎসর কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে। এরূপে প্রকাশিত মূল্যের তালিকা এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে প্রাসঙ্গিক প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে, এবং যে জিলা বা ভূখণ্ডের জন্য উহা উক্ত প্রকারে প্রকাশিত হইয়াছে তথাকার সেই বৎসরের প্রধান প্রধান শস্যের মূল্যের বিষয়ে আপাততঃ প্রমাণ হইবে।

বোর্ডকর্ত্তৃক পুনর্দৃষ্ট ও মনোনীত মূল্যের তালিকা কলিকাতা গেজেটে প্রকাশ হইবার এবং আপাততঃ প্রতীতিতে উহা প্রধান উৎপন্ন দ্রব্যের মূল্যের প্রমাণ হইবার কথা।

১২৩ ধারা। (ক) কালেক্টর সাহেব তাঁহার বিবেচনামতে কার্য্যানুষ্ঠানের যে কোন সময়ে যে সকল ভূমির জন্য কার্য্যানুষ্ঠান হইতেছে সে সমস্ত জমী অথবা তাহার যে কোন অংশ জরীপ করাইতে পারেন, এবং রায়ত অথবা অন্য স্বার্থবিশিষ্ট লোককে জরীপ করিবার সময় উপস্থিত থাকিতে হইবে, এই উপদেশ দিয়া আজ্ঞা দিতে পারেন। উক্ত আজ্ঞা ১১৯ ধারায় উল্লিখিত নোটিস্ প্রকাশ করিবার জন্য উক্ত ধারায় বিহিত উপায় অনুসারে প্রচার করিতে হইবে।

কালেক্টর জমী জরীপ করিতে এবং রায়তদিগকে হাজির থাকিতে আদেশ করিবেন; নোটিস প্রচারের কথা।

(খ) যে কোন রায়ত এরূপ আজ্ঞা প্রচারের পর উপস্থিত না হয় এবং তাহার নিজের জমী দেখাইয়া না দেয়, সে সম্পাদিত জরীপ যে ঠিক তদ্বিষয়ে এবং তাহার অনুপস্থিতিতে যে সকল কার্য্যানুষ্ঠান হইবে তদ্বিষয়ে আপত্তি করিতে নিষিদ্ধ হইবে। যদি রীতিমত অনুসন্ধানের পর কালেক্টর সাহেব জমী জরীপ করিতে এবং রায়ত ও জমী ভোগকারী অন্য লোকদিগের নাম নির্ণয় করিতে অপারগ হয়েন, তাহা হইলে ঐ জমীতে ভূম্যধিকারীর সম্পূর্ণ এক্তার বলিয়া অভিপ্রায় প্রকাশ করিতে পারেন। যদি কোন রায়ত বা অন্য ব্যক্তি কালেক্টর সাহেবের অভিপ্রায় প্রকাশ লিপিবদ্ধ হইলে পর পনের দিনের মধ্যে উপস্থিত হয় এবং তাহার পূর্ব্বে অনুপস্থিতির যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন করে, তাহা হইলে কালেক্টর সাহেব তাঁহার যেরূপ ন্যায্য বিবেচনা হয়, সেরূপ যে কোন শর্ত্তে বা নিয়মে তাঁহার পূর্ব্ব অভিপ্রায় প্রকাশ পরিবর্ত্তন অথবা রদ করিতে পারেন। যদি উক্ত রায়ত অথবা অন্য ব্যক্তি ঐরূপ যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন না করে, তাহা হইলে কালেক্টর সাহেব উক্ত অভিপ্রায়প্রকাশ পরিবর্ত্তন বা তাহা রদ করিতে অস্বীকার করিয়া আজ্ঞা করিতে পারেন। ১১০ ধারার (খ) প্রকরণে বিধান সকল এই আজ্ঞায় খাটিবে।

হাজির না হওয়ার ফলের কথা।

১২৪ ধারা। লেপ্টেনেণ্ট গবর্ণর এই অধ্যায়ের কার্য্যসমূহের জন্য যে কোন ব্যক্তিকে কালেক্টরের ক্ষমতা প্রদান করিতে পারেন, এবং জিলার কালেক্টর এবং উক্ত ব্যক্তির এই আইনমতে উত্থিত কার্য্য ভাগ করিয়া লইবার যেরূপ সুবিধা বোধ হয় সেরূপ আদেশ দিতে পারেন। যে কোন ডেপুটী

এই আইন অনুসারে কার্য্য জন্য বিশেষ কালেক্টর নিযুক্ত হইবার এবং কালেক্টর অথবা বিশেষ কালেক্টরের তত্ত্বাবধানাধীনে ডেপুটী কালেক্টরের কার্য্য করিতে পারিবার কথা।

কালেক্টর, জিলার কালেক্টর অথবা কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত যে কোন ব্যক্তির শাসন ও তত্ত্বাবধানে ১০১, ১০২, ১০৩, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৭, ১১৯, ১২০, ১২১, ১২৩, ১২৬, ১২৭ এবং ১২৮ ধারায় কালেক্টরকে যে সকল ক্ষমতা দেওয়া হইয়াছে তাহা সমস্ত বা অংশতঃ পরিচালনা করিতে পারিবেন। কালেক্টর সাহেব, হয় আপন ইচ্ছায়, না হয় ক্ষতিগ্রস্ত বলিয়া প্রকাশ করে এমন লোকের দরখাস্ত মতে উক্তরূপ শাসন এবং তত্ত্বাবধান করিতে পারিবেন।

আমলা প্রভৃতি নিয়োগের কথা।

১২৫ ধারা। রেবিনিউ বোর্ড কর্ত্তৃক সেই উদ্দেশে কৃত বিধি সমূহের অধীনে কালেক্টর সাহেব এই অধ্যায়ের বিধান সকল অনুসারে ধার্য্য হইবার জন্য আবশ্যক সমস্ত কার্য্য এবং সমস্ত অনুসন্ধান করিবার প্রয়োজনমত আমলা ও অন্য কর্ম্মকারক নিযুক্ত করিতে পারিবেন। এই সকল কর্ম্মকারকের বেতন ও চাকরীর মিয়াদ কমিশ্যনরের সম্মতির অধীন হইবে।

কার্য্যানুষ্ঠান শেষ হইলে কালেক্টর সমস্ত খরচার হিসাব প্রস্তুত করিবেন, অতিরিক্ত আমানত ফিরাইয়া দিবার এবং কম হইলে আদায় করিবার কথা।

১২৬ ধারা। ১০৪ ধারামতে চূড়ান্ত সম্মতি প্রাপ্ত হইয়া হারের তালিকার জন্য কার্য্যানুষ্ঠান চূড়ান্ত হইয়া যাইবামাত্র অথবা ১১০ এবং ১১৪ ধারামতে রুজু করা আপীল অথবা উত্থাপন করা আপত্তি নিষ্পত্তি হইয়া গেলে কালেক্টর সাহেব এরূপ কার্য্যের অনুষ্ঠানের মোট ব্যয়ের এক হিসাব প্রস্তুত করিবেন। যদি এই মোট ব্যয় ১১৭ ধারামতে আমানতী টাকার মোট অপেক্ষা কম হয়, তাহা হইলে দরখাস্তকারীদিগের মোট আমানতী টাকার অংশ অনুসারে বাকী টাকা উহাদিগকে প্রত্যর্পণ করিতে হইবে। কিন্তু যদি এরূপ (ব্যয়ের) মোট সমষ্টি, আমানতী টাকার মোট সমষ্টি অপেক্ষা অধিক হয়, তাহা হইলে ১১৭ ধারার বিহিত নোটিস্ দিবার পর ১৫ দিনের মধ্যে দরখাস্তকারীদিগের ঐ ফাজিল টাকা ঐরূপ অংশে দিতে হইবে। এরূপ দেওয়ার ত্রুটী হইলে রাজকীয় প্রাপ্য আদায়ের জন্য সে সময়ে যে আইন বলবৎ থাকিবে, তাহার বিধানসমূহ অনুসারে রাজকীয় প্রাপ্যের ন্যায় ঐ টাকা আদায় হইতে পারে।

১২৭ ধারা। ১২৬ ধারামতে প্রস্তুত কার্য্যানুষ্ঠানের হিসাবে কার্য্যানুষ্ঠানের কোন্ কোন্ বাব ধরতে হইবে তাহার কথা।

(ক) যে কালেক্টর অথবা ডেপুটী কালেক্টর দ্বারা কার্য্যানুষ্ঠান সম্পাদিত হইয়াছে, তাহার সমস্ত বেতন ও বারবরদারী অথবা উহার কোন অংশ। এই বাবমত খরচ স্থির করিবার সময় কার্য্যানুষ্ঠানে কালেক্টর বা ডেপুটী কালেক্টরের সময়ের যে অংশ ব্যয় হইয়াছে তদ্বিষয়ে দৃষ্টি রাখা আবশ্যক।

(খ) ১২৫ ধারামতে নিযুক্ত আমলাদিগের বেতন অথবা যেস্থলে উক্ত আমলারা অনেক কার্য্যানুষ্ঠানে ব্যাপৃত ছিল, সেস্থলে যে কার্য্যানুষ্ঠানের ব্যয়ের হিসাব প্রস্তুত হইতেছে, তাহাতে উক্ত আমলাগণের দত্ত সময়াংশের অংশানুযায়ী উক্ত বেতনের ভাগ।

(গ) সমস্ত নৈমিত্তিক ব্যয় এবং কার্য্যানুষ্ঠানার্থ যে ব্যয় বাস্তবিক করা হইয়াছে। কিন্তু কালেক্টর অথবা কমিশ্যনর সাহেব আপন বিবেচনামতে ১১০ ধারা অথবা ১১৪ ধারানুযায়ী রুজু করা আপীল অথবা উত্থাপন করা আপত্তি মীমাংসা করিবার সময় আজ্ঞা করিতে পারেন যে উহার অব্যবহিত খরচা আপত্তিকারী অথবা আপীল রুজুকারী, অথবা কার্য্যানুষ্ঠানে লিপ্ত যে কোন ব্যক্তি উহার প্রতিবাদ করে, তাহার দিতে হইবে।

উপবিধান।

যখন দরখাস্তকারী কৃতকার্য্য হন রায়তেরা খরচা দিতে বাধ্য; খরচা এক বৎসরের বর্দ্ধিত খাজানার অধিক না হইবার কথা।

১২৮ ধারা। (ক) যে স্থলে বর্দ্ধিত জমাবন্দী প্রস্তুত করা হইয়াছে এবং কার্য্যানুষ্ঠানের ফলস্বরূপ দরখাস্তকারী বর্দ্ধিত খাজানায় স্বত্ববান্ বলিয়া প্রতিপন্ন হইয়াছে, সেস্থলে কালেক্টর সাহেব তাঁহাকে রায়তদিগের নিকট হইতে খরচা দেওয়াইবার হুকুম দিতে পারেন। কিন্তু কোন রায়তই বর্দ্ধিত জমাবন্দী অনুসারে নির্দ্ধারিত তাহার যোতের এক বৎসরের খাজানার অধিক খরচা দিতে বাধ্য হইবে না। কালেক্টর সাহেব আপন বিবেচনা মতে আদেশ দিতে পারেন যে, এই কারণবশতঃ যে কোন রায়তের দেয় খরচা তিন বৎসরের অনধিক যে কোন সময় পর্য্যন্ত কিস্তিবন্দী দ্বারা প্রদত্ত হইবে। কালেক্টরের হুকুমের তারিখ হইতে আদায়ের তারিখ পর্য্যন্ত উক্ত প্রকার প্রত্যেক কিস্তির উপর শতকরা বাৎসরিক ছয় টাকার হিসাবে সুদ দিতে হইবে।

কিস্তীবন্দী অনুসারে খরচা দেয় হইতে পারে।

(খ) এই ধারা অনুসারে রায়তের দেয় খরচা যদি হুকুমের তারিখের পর পনের দিনের মধ্যে না দেওয়া হয়, অথবা যেস্থলে খরচা কিস্তিবন্দীতে দেয়, যদি কোন কিস্তির নির্দ্ধারিত দিনে সেই কিস্তি না দেওয়া হয়, তাহা হইলে বাকী খাজানা যে উপায়ে আদায় হয়, উক্ত খরচা সেই উপায়ে আদায় হইবে।

অনাদায়ী খরচা বাকী খাজানার ন্যায় আদায় হইতে পারিবার কথা।

১২৯ ধারা। কার্য্যানুষ্ঠানের সহিত সম্পর্কবিশিষ্ট সকল ব্যক্তিই এই অধ্যায়ের বিধান সকলের অনুযায়ী কালেক্টর কর্ত্তৃক প্রস্তুত বর্ণনাপত্র এবং কোন হারের তালিকা বর্দ্ধিত জমাবন্দী অথবা বন্দোবস্তী জমাবন্দীর সহী মোহরের নকল পাইতে স্বত্ববান্ হইবে। এইরূপ

রায়তের নকল পাইতে স্বত্ববান্ হইবার কথা।

নকল লইবার খরচা উক্ত ব্যক্তির দিতে হইবে। চারি আনা ফী দাখিল করিলে রায়ত কোন জমাবন্দীর যতটুকুতে তাহার সম্পর্ক আছে, ততটুকুর সহী মোহরের নকল পাইতে স্বত্ববান্ হইবে।

দেওয়ানী আদালতের রিপোর্ট মতে জিলার জজ সাহেবের এক স্থান হইতে রুজু করা বহুসংখ্যক মোকদ্দমা উঠাইয়া কালেক্টরের হস্তে সমর্পণ করিতে পারিবার কথা।

১৩০ ধারা। যেস্থলে একই স্থানে ষোত রাখে এরূপ রায়তগণের বিরুদ্ধে এক বা ততোধিক ভূম্যধিকারী দেওয়ানী আদালতে বহুসংখ্যক মোকদ্দমা রুজু করে, এবং দেওয়ানী আদালতের এরূপ বাঞ্ছনীয় বোধ হয় যে উক্ত মোকদ্দমাসমূহ এই অধ্যায়ের অন্তর্গত বিধানসমূহ অনুসারে কালেক্টরের দ্বারা নিষ্পত্তি হওয়া উচিত, সেস্থলে উক্ত দেওয়ানী আদালত যে জিলার জজ সাহেবের অধীন, সেই জজ সাহেবের নিকট এই মর্ম্মে অনুরোধ করিতে পারিবেন। উক্ত জিলার জজ সাহেব যদি উচিত বিবেচনা করেন, উক্ত মোকদ্দমা সকল উঠাইয়া উক্ত কালেক্টরের হস্তে অর্পণ করিতে পারিবেন। এরূপ স্থলে কালেক্টর সাহেব ৯৯ ধারার বিধানসমূহমতে তাঁহার নিকট দরখাস্ত হইলে যেরূপ করিতেন, উক্ত মোকদ্দমা সকলও সেইরূপে নিষ্পত্তি করিবার জন্য কার্য্যানুষ্ঠান করিবেন। যেস্থলে জজ সাহেবের অর্পণমত কালেক্টর সাহেব হারের তালিকা, বর্দ্ধিত জমাবন্দী অথবা বন্দোবস্তী জমাবন্দী প্রস্তুত করিবার জন্য কার্য্যানুষ্ঠান করিতে যাইবেন, সেস্থলে তিনি এরূপ কার্য্যানুষ্ঠানের পূর্ব্বে যে পরিমাণ ভূমির প্রতি উক্ত হারের তালিকা, বর্দ্ধিত জমাবন্দী অথবা বন্দোবস্তী জমাবন্দী খাটিবে, তাহা স্থির করিয়া লইবেন।

যেখানে বিবাদ আছে সেখানে কালেক্টরের আপন ইচ্ছামতে খাজানা বন্দোবস্ত করিতে পারিবার কথা।

১৩১ ধারা। যদি কোন জিলার কালেক্টর সাহেবের এরূপ প্রতীতি হয় যে তাঁহার জিলার কোন বিস্তৃত স্থানের মধ্যে খাজানার সম্বন্ধে সম্ভবতঃ শান্তিভঙ্গ উপস্থিত করিতে পারে, এরূপ বিবাদ উপস্থিত হওয়াপ্রযুক্ত উক্ত স্থানের রায়তগণকর্ত্তৃক ভূম্যধিকারীদিগকে দেয় খাজনার বিষয়ে বন্দোবস্ত করা নিতান্ত প্রয়োজনীয় হইয়াছে, তাহা হইলে তাঁহার এরূপ প্রতীতিকে মনে স্থান দিবার কারণ লিপিবদ্ধ করিতে পারিবেন এবং কমিশনর সাহেবের দ্বারা উহা শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থ প্রেরণ করিতে পারিবেন। যদি লেপ্টনেণ্ট গবর্ণরের এরূপ কার্য্যানুষ্ঠান অবলম্বনের প্রয়োজনীয়তা বোধ হয়, তাহা হইলে তিনি কালেক্টর সাহেবকে আপন ইচ্ছামতে খাজানার বন্দোবস্ত করিতে ক্ষমতা দিতে পারিবেন।

এরূপ ক্ষমতা পাইলে পর ৯৯ ধারামতে দরখাস্ত করা হইলে কালেক্টর যে সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন এই উদ্দেশে তিনি সেই সকল ক্ষমতার সহিত বন্দোবস্তের কার্য্যে প্রবৃত্ত হইতে পারিবেন।

৩। তালুকদার এবং পেটাওতালুকদারদিগের দেয় নগদ খাজানা বৃদ্ধি করিবার কার্য্যপ্রণালীর কথা।

তালুক অথবা পেটাওতালুকের খাজানা বৃদ্ধি করিতে ইচ্ছুক ভূম্যধিকারির দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবার কথা।

১৩২ ধারা। নিম্ন-লিখিত স্থলসমূহে অর্থাৎ—

(ক) যেস্থলে ভূস্বামী আপন অব্যবহিত অধীন স্বার্থবান্ তালুকদারের খাজানা বৃদ্ধি করিবার দাবী করে;

(খ) যে স্থলে তালুকদার আপন অব্যবহিত অধীন স্বার্থবিশিষ্ট পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধি করিবার দাবী করে;

(গ) যে স্থলে উর্দ্ধতন পেটাওতালুকদার আপনার অব্যবহিত অধীন স্বার্থবিশিষ্ট পেটাওতালুকদারের খাজানা বৃদ্ধি করিবার দাবী করে;

(ঘ) যে স্থলে ভূম্যধিকারী ১৮ ধারার বিধানসমূহ অনুসারে নির্দ্ধারিত হারে ভূমি ভোগে স্বত্ববান্ রায়তের খাজানা বৃদ্ধি করিবার দাবী করে;

(ঙ) যেস্থলে ভূম্যধিকারী ৪২ ধারার বিধানসমূহ অনুসারে ৪১ ধারার নির্দ্দিষ্ট ভূমির খাজানা বৃদ্ধি করিবার দাবী করে;

উক্ত ভূস্বামী, তালুকদার, উর্দ্ধতন পেটাওতালুকদার অথবা ভূম্যধিকারীকে দেওয়ানী আদালতে অথবা দেওয়ানী আদালতের তরফ নিযুক্ত কোন কর্ম্মকারকের নিকট এক আবেদনপত্র দাখিল করিতে হইবে। আগামী বৎসরের খাজানা ন্যূনাধিক করিতে হইলে (ক) যে জিলায় অথবা জিলার যে সকল অংশে ফসলী বা আমলী সন প্রচলিত, তথায় বৈশাখ মাসে বা তাহার পূর্ব্বে কিম্বা (খ) যে জিলায় অথবা জিলার যে সকল অংশে বাঙ্গালা সন প্রচলিত, তথায় অগ্রহায়ণ মাসে বা তাহার পূর্ব্বে উক্ত আবেদনপত্র দাখিল করিতে হইবে। এই প্রকারে দেওয়ানী আদালতে দাখিল করা সমস্ত আবেদনপত্রের প্রতি ৯৮ ধারার বিধান সকল বর্ত্তিবে।

আগামী বৎসরের খাজানা ন্যূনাধিক করিতে হইলে কোন্ সময়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে, তাহার কথা।

---

১৬ ষোড়শ অধ্যায়।

কোন্ কোন্ স্থলে ডিক্রী ব্যতীত সরাসরী বিক্রয়দ্বারা বাকী খাজানা আদায় হইবার কথা।

কোন্ কোন্ প্রকার তালুকের সরাসরী বিক্রয়ের জন্য দরখাস্ত করিতে ভূস্বামীর স্বত্ববান্ হইবার কথা।

১৩৩ ধারা। ৭০ ধারার বিধান এবং এই অধ্যায়ের অন্যান্য বিধানসমূহের নিয়মাধীনে মালগুজারী মহালের ভূস্বামীরা যে সকল পত্তনী এবং অন্যান্য তালুক সৃষ্টি কালীন বন্দোবস্তের করারে বাকী খাজানার নিমিত্ত বিক্রয় করিবার অথবা বিক্রয় করাইবার স্বত্ব বিশেষরূপে আপন হস্তে রাখিয়াছেন, সেই সকল পত্তনী তালুক বা অন্যান্য তালুকের সাময়িক বিক্রয়ের জন্য যেরূপ হতঃপর ১৩৪ এবং ১৩৫ ধারায় বিহিত হইয়াছে, তদনুসারে দরখাস্ত করিতে স্বত্ববান্। যে সকল স্থলে বিক্রয়ের করারে সময় সম্বন্ধে কোন সীমা নির্দ্দিষ্ট নাই

সেই সকল স্থলেই এই ক্ষমতা অনুসারে কার্য্য করা সীমাবদ্ধ হইবে এরূপ নহে। উহা কেবল মাত্র বৎসরের শেষে বিক্রয় করিবার করার বিশিষ্ট বন্দোবস্তে ভোগাধীন তালুকেও তুল্যরূপে বর্ত্তিবে।

পহেলা বৈশাখে প্রথম বিক্রয়ের জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

১৩৪ ধারা। (ক) বৈশাখ মাসের প্রথম দিনে অর্থাৎ যে বৎসরের খাজানা বাকী তাহার পর বৎসরের প্রথমে ঐরূপ যে কোন ভূস্বামী ১৩৩ ধারায় যে সকল তালুকের প্রকৃতি বর্ণিত হইয়াছে সেই সকল তালুকের সমস্ত বা যে কোন অধিকারীদিগের নিকট গত বৎসরের হিসাবে তাঁহার নিজ প্রাপ্য যাহা বাকী আছে তাহার বিশেষরূপে বর্ণনা সম্বলিত দরখাস্ত কালেক্টর সাহেবের নিকট দাখিল করিতে পারিবেন।

পাওনার অনাদায়ে বিক্রয়ের নোটিসের সঙ্গে প্রাপ্য বাকীর বিশেষ বর্ণনা কালেক্টরের কাছারীতে লটকাইয়া দিবার কথা।

(খ) এইরূপ প্রাপ্য বাকীর বিশেষ বর্ণনা, ইহার পর, কালেক্টরের কাছারীর কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া দেওয়া হইবে। তাহার সঙ্গে এই নোটিস থাকিবে যে যদি দাবী করা টাকা আগামী পহেলা জ্যৈষ্ঠের পূর্ব্বে না দেওয়া হয়, তাহা হইলে উহার পরিশোধ জন্য বাকীদারের তালুক ঐ দিবস প্রকাশ্য নীলামে বিক্রয় হইবে। যদি জ্যৈষ্ঠমাসের পহেলা রবিবার অথবা অন্য কোন ছুটির দিন হয়, তাহা হইলে তৎপরিবর্ত্তে তাহার পর প্রথম যে দিন কাছারী খুলিবে সেই দিন বিক্রয় হইবে।

ভূস্বামীর সদর কাছারীতে উক্ত প্রকার নোটিস লটকাইয়া দিবার এবং তালুকে প্রচার করিবার কথা।

(গ) এই রূপ এক নোটিস ভূস্বামীর নিজ সদর কাছারীতে লটকাইয়া দেওয়া হইবে এবং ঐ নোটিসের নকল অথবা নোটিশের যে অংশ কোন বিশেষ স্থলে খাটিবে তাহার উদ্ধৃত অংশের নকল ভূস্বামী, তালুকের কার্য্য যেস্থানে সম্পন্ন হয়, তথায় অথবা বাকীদারের তালুকের মধ্যে প্রধান গ্রাম বা নগরে উক্তরূপে প্রচারিত হইবার জন্য পাঠাইয়া দিবেন। ভূস্বামী কেবল উপরি নির্দ্দিষ্ট নিয়মাবলীর প্রতিপালন জন্য দায়ী রহিবেন।

তালুকে প্রচার করিবার জন্য আদেশ করা নোটিস দেওয়া এবং দিবার বিশিষ্ট প্রমাণের কথা।

(ঘ) ঐ নকল অথবা তাহার যে উদ্ধৃত অংশ স্থল বিশেষের প্রতি বর্ত্তে একজন পেয়াদাদ্বারা জারী করিতে হইবে; ঐ পেয়াদা বাকীদারের রসীদ অথবা তাঁহার কার্য্যাধ্যক্ষের রসীদ অথবা যেস্থলে তাহাদের ঐ রসীদ অপ্রাপ্য হয়, নিকটবাসী তিনজন সম্পন্ন লোকের স্বাক্ষর, ঐ নোটিস্ যে ঐ জায়গায় আনীত এবং প্রকাশিত হইল তাহার প্রমাণস্বরূপ ফেরত আনিবে।

যদি গ্রামের লোকেরা প্রমাণস্বরূপ তাহাদের নাম স্বাক্ষর করিতে আপত্তি বা অস্বীকার করে, তাহা হইলে ঐ পেয়াদা সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী মুন্সেফের কাছারীতে অথবা যেখানে মুন্সেফ নাই, সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী থানায় যাইবে, এবং তথায় ঐ নোটিস্ রীতিমত প্রচার করা হইয়াছে এই মর্ম্মে আপন উচ্চায় শপথ করিবে। উক্ত মুন্সেফ বা থানার কর্ম্মকারক উক্ত মর্ম্মের এক সার্টিফিকেট সহী এবং মোহর করিয়া উক্ত পেয়াদার হস্তে দিবেন।

ব্যাখ্যা।—উক্ত নকল অথবা উহার যে অংশ স্থলবিশেষে খাটে সেই অংশ বাকীদারের নিজের হস্তে প্রদান করা ও উহা কাছারীতে অথবা তালুকস্থিত প্রধান গ্রাম বা নগরে প্রচার করা ঠিক তুল্যস্থানীয় হইতে পারে না।

(ঙ) যদি উক্ত রসীদ বা প্রমাণস্বরূপ গ্রহীত স্বাক্ষরের মর্ম্ম হইতে এরূপ বোধ হয় যে নোটিস্ বৈশাখমাসের পহেলই তারিখের পূর্ব্বে যে কোন সময়ে প্রচারিত হইয়াছে, তাহা হইলে উক্ত রসীদ বা স্বাক্ষর নির্দ্ধারিত দিবসে বিক্রয়ের কার্য্যানুষ্ঠানের উপযুক্ত প্রতিভূ স্বরূপ হইবে।

কার্ত্তিক মাসে দ্বিতীয় বিক্রয়ের জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

১৩৫ ধারা। বৎসরের মধ্যভাগে কার্ত্তিক মাসের প্রথম দিনে ভূস্বামী আশ্বিন মাসের শেষ পর্য্যন্ত প্রচলিত বৎসরের খাজানার হিসাবে তাঁহার প্রাপ্য বাকীর এক বর্ণনাপত্র সম্বলিত দরখাস্ত কালেক্টরের নিকট দাখিল করিতে পারিবেন। এবং যদি অগ্রহায়ণ মাসের পহেলা তারিখের পূর্ব্বে বিজ্ঞাপিত বাকীর সমস্ত না দেওয়া হয়, অথবা উহার যে অংশ, কার্ত্তিক মাসের মধ্যবর্ত্তী দাবীর সহিত বাকী খাজানা একত্র করিলে যে মোট টাকা হয় তাহা হইতে বাদ দিলে, বৎসরের প্রথম হইতে কার্ত্তিক মাসের শেষ পর্য্যন্ত ভূস্বামীর কিস্তিবন্দী অনুসারে যে মোট দাবী হয় তাহার চতুর্থাংশ বা চারি আনা মাত্র অবশিষ্ট থাকে, সেই অংশ না দেওয়া হয়, তাহা হইলে উক্ত অগ্রহায়ণ মাসের পহেলা তারিখে বাকীদারের তালুক নীলাম হইবে বলিয়া উক্ত ভূস্বামী উক্তরূপ প্রচার করিতে পারিবেন।

কাত নাগাইদ বাকী যদি বৎসরের খাজানার এক চতুর্থাংশ বা তাহার অধিক হয়, তাহা হইলে বিক্রয় হইবার কথা।

দাবীকৃত বাকী না দাখিল করা হইলে বিক্রয় স্থগিত না হইবার কথা।

১৩৬ ধারা। (ক) যদি তালুকের খাজানার হিসাবে ভূস্বামীর দাবীকৃত বাকী ১৩৪ বা ১৩৫ ধারা অনুসারে এরূপ তালুক বিক্রয়ের নির্দ্ধারিত দিবসের ঠিক পূর্ব্ব দিন সূর্য্যাস্ত পর্য্যন্ত দেওয়া না হয়, তাহা হইলে ১৪০ এবং ১৪১ ধারায় বিহিত প্রকারে সর্ব্বদায় শূন্যভাবে বিক্রয় হইবে। ১৩৭ এবং ১৩৮ ধারার বিহিতস্থল ভিন্ন অন্যস্থলে যদি উক্ত দাবীর টাকা পূর্ব্বোক্ত বিক্রয়ের দিনের পূর্ব্ব দিনের সূর্য্যাস্তের পূর্ব্বে দেওয়া বা দাখিল করা না হয়, তাহা হইলে অন্য কোন কারণবশতঃ উক্ত বিক্রয় স্থগিত অথবা মুলতবী রাখা যাইবে না।

ব্যাখ্যা।—ভূস্বামীর দাবীকৃত বাকী উক্ত ভূস্বামীকে অথবা উহা গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার কর্ম্মকারককে দেওয়া যাইতে পারে; অথবা গবর্ণমেণ্টের খাজানাখানাসমূহে গ্রহণ করার বিধি সমূহের নিয়মাধীনে ১৪৬ ধারার বিধানসমূহ অনুসারে বিচারাধিপতাবিশিষ্ট কালেক্টরের খাজানাখানায় দাখিল করা যাইতে পারে।

(খ) ভূস্বামীর প্রাপ্য খাজানা বাকী নাই এই কারণে অথবা অন্য কোন কারণে যে কেহ ভূস্বামীর বিক্রয় করিবার স্বত্ব প্রতিবাদ করিবার ইচ্ছা করে, বিক্রয় নামঞ্জুর করিবার জন্য ভূস্বামীর নামে নালিশ করিতে এবং উপযুক্ত কারণ দর্শাইতে পারিলে সম্পূর্ণ খরচা এবং ক্ষতিপূরণ সহিত ডিক্রী পাইতে তাহার ক্ষমতা থাকিবে।

বিক্রয় নামঞ্জুরের জন্য মোকদ্দমা হইবার কথা।

(গ) এরূপ মোকদ্দমায় খরিদারকে মোকদ্দমার এক পক্ষ করা যাইবেক এবং বিক্রয় না মঞ্জুর করিয়া ডিক্রী দিতে হইলে যে ভূস্বামীর প্রার্থনামত বিক্রয় হইয়াছে, সেই ভূস্বামীর খরচে খরিদারের সমস্ত ক্ষতির যাহাতে পুরণ হয় আদালত সতর্ক হইয়া তাহার ব্যবস্থা করিবেন।

এরূপ মোকদ্দমায় ক্রেতাকে পক্ষ করিবার কথা।

উদাহরণ।

এই সমস্ত স্থলে উপযুক্ত কারণ দর্শান হইয়াছে।

(ক) পত্তনীদার ক তাহার পত্তনী তালুক বিক্রয় নামঞ্জুর করিবার জন্য নালিশ করে, সে বলে ১৩৪ ধারার (খ) প্রকরণে যেরূপ বিধান আছে কালেক্টরের কাছারীর কোন প্রকাশ্য স্থানে সেরূপ নোটিস্ লটকাইয়া দেওয়া হয় নাই এবং তাহার কথা সত্য বলিয়া প্রমাণ হইল।

(খ) কোন পত্তনী তালুকের সংসৃষ্ট মালিক ক, খ ও গ পত্তনী তালুক বিক্রয় নামঞ্জুর করিবার জন্য নালিশ করে, এবং তাহারা বলে ১৩৪ ধারার (গ) প্রকরণে যেরূপ বিধান আছে তদনুসারে নোটিসের কোন নকল অথবা তাহার উদ্ধৃত অংশ কাছারীতে অথবা ভূমিস্থিত প্রধান গ্রাম বা নগরে প্রচারিত হয় নাই। যদিও বোধ হয় ক ও খর হস্তে নকল দেওয়া হইয়াছিল, তথাপি উহাদের কথা ঠিক সত্য বলিয়া প্রমাণ হইল।

নিম্নলিখিত স্থলে উপযুক্তকারণ প্রদর্শন করা হয় নাই।

(গ) পত্তনীদার ক পত্তনী তালুক বিক্রয় নামঞ্জুর করিবার জন্য নালিশ করে; তাহার নালিশের কারণ এই যে, ১৩৪ ধারার (গ) প্রকরণের বিধানানুসারে ভূমির প্রধান গ্রাম বা নগরে কিম্বা কাছারীতে নোটিসের নকল বা তাহার উদ্ধৃত অংশ প্রচার করা হয় নাই। প্রমাণ হইল যে নোটিসের নকল বা তাহার উদ্ধৃত অংশ উক্ত প্রকরণের বিধান মত প্রচারিত হইয়াছিল; কিন্তু পেয়াদা উক্ত ধারার (ঘ) প্রকরণের বিধানমত বাকীদারের বা তাহার কার্য্যাধ্যক্ষের রসীদ অথবা নিকটবাসী তিনজন সম্পন্নলোকের স্বাক্ষর ফেরত আনে নাই এবং ঐ প্রকরণমত সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী মুন্সেফের খিদ্‌মৎ অথবা সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী থানায় ঐ নকল বা তাহার উদ্ধৃত অংশ যে প্রকাশ করিয়াছে তাহার জন্য আপন ইচ্ছায় শপথও করে নাই।

১৩৭ ধারা। (ক) যে কোন স্থলে তালুকদার বিজ্ঞাপিত নোটিসে নির্দ্দিষ্ট ভূস্বামীর কোন বাকী খাজানার দাওয়ার প্রতিবাদ করে, সে স্থলে উক্ত তালুকদার নোটিসের সময়ের মধ্যে সরাসরী তদন্তের জন্য দরখাস্ত করিতে ক্ষমতাবান্ হইবে; তাহার পর যদি সম্ভব হয়, বিক্রয়ের জন্য নির্দ্দিষ্ট দিনের পূর্ব্বে নিষ্পত্তি হইতে পারে এই উদ্দেশে ভূস্বামীকে নোটিসের পর সুবিধামত অতি অল্প সময়ের মধ্যে তাঁহার কবুলিয়ত এবং অন্য প্রমাণ উপস্থিত করিতে বলা হইবে।

বাকীদারের বিক্রয়ের পূর্ব্বে সরাসরী তদন্তের জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

(খ) যদি এরূপ হুকুম বাহির হয়, তাহা হইলে পরবর্ত্তী কার্য্যানুষ্ঠান সেই নিষ্পত্তি অনুসারে সম্পাদিত হইবে। কিন্তু যদি মোকদ্দমা বিক্রয়ের দিন পর্য্যন্ত চলিতে থাকে, তাহা হইলে মোকদ্দমা সত্ত্বেও পর্য্যায়ানুসারে ঐ তালুকের ডাক হইবে, এবং যদি ভূস্বামী কিম্বা বিক্রয় স্থলে উপস্থিত তাহার কোন কর্ম্মকারক দাবীর টাকা পাইবার জন্য জেদ্ করে তাহা হইলে উহা বিক্রয় হইবে, এবং জবাবদিহীর ভার ঐ ব্যক্তির উপর থাকিবে; এবং যদি দাওয়া প্রতিবাদকারী তালুকদার দাবীকৃত টাকা কিম্বা তত মূল্যের কোম্পানির কাগজ দাখিল না করে, অথবা পূর্ব্বে দাখিল না করিয়া থাকে, তাহা হইলে বিক্রয় বন্ধ হইবে না, এবং সরাসরী মোকদ্দমাও চলিতে দেওয়া হইবে না; এবং যদি টাকা আমানত না করা হয় তাহা হইলে, যাহাকে বাকীদার বলিয়া উল্লেখ করা হইয়াছে, তাহার বিক্রয় নামঞ্জুরের জন্য অথবা ক্ষতিপূরণের জন্য রীতিমত মোকদ্দমা করা ভিন্ন আর অন্য কোন উপায় থাকিবে না।

যদি দাবীকৃত খাজানা না আমানত করা হয় তবে বিক্রয় স্থগিত না হইবার কথা।

(গ) এই ধারামত সরাসরী তদন্তের জন্য দরখাস্ত না করিলে তালুকদারের উক্তরূপ রীতিমত মোকদ্দমা করিতে বাধা হইবে না।

তদন্ত প্রার্থনা না করিলে মোকদ্দমা করিবার ক্ষমতা না যাইবার কথা।

১৩৮ ধারা। প্রথম শ্রেণীর পেটাওতালুকদারদিগকে তালুক বিক্রয় হইলে তাহাদের পেটাওতালুকের স্বত্ব উচ্ছেদজনিত ক্ষতি হইতে রক্ষা করিবার জন্য নিম্নলিখিত নিয়ম সকল বিধান করা হইয়াছে।

পেটাওতালুকদার তালুক বিক্রয় হইলে আপনাদের পেটাওতালুকের স্বত্ব উচ্ছেদ হইতে আপনাদিগকে যে যে উপায়ে রক্ষা করিতে পারিবে তাহার কথা।

(১) এরূপ একজন বা তদধিক পেটাওতালুকদার, বিক্রয়ের বিজ্ঞাপন হইলে কালেক্টরী খাজানাখানায় অথবা বিক্রয় সম্পাদক কর্ম্মচারির নিকট যে টাকা

যে টাকার জন্য তালুক বিক্রয় হইতেছে সেই টাকা দিয়া।

আদায়ের জন্য তালুক বিক্রয় হইয়া যাইতেছে, সেই টাকা দিতে পারে এবং এরূপ টাকা দেওয়া হইলে ঐ বিক্রয় বন্ধ থাকিবে।

বাকী শোধ করিবার জন্য পূর্ব্বে টাকা দাখিল করিয়া।

(২) উক্ত পেটাওতালুকদারদিগের মধ্যে যে কেহ একজন বা তদধিক ব্যক্তি তালুক বিক্রয়ের জন্য নির্দ্ধারিত দিনে যে দাবী বাকী থাকিবার সম্ভাবনা পরিণামে সেই বাকী দাবী শোধ করিবার উপযুক্ত টাকা পূর্ব্বেই দাখিল করিতে পারে; এবং যদি দাখিল করা টাকা দাবী শোধের উপযুক্ত হয় তাহা হইলে বিক্রয় হইবে না, কিন্তু ভূস্বামীকে তাহার দাবীর টাকা দিবার পর, যদি কিছু বেশী থাকে তাহা যে ব্যক্তি টাকা দাখিল করিয়াছিল, তাহাকে ফেরত দেওয়া হইবে।

যদি দাখিল করা টাকা পেটাওতালুকদারের স্থানে পাওনা খাজানা হয়, তাহা হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৩৯ ধারা। (ক) যে স্থলে ১৩৮ ধারামতে কোন পেটাওতালুকদার আপনার পেটাওতালুক রক্ষা করিবার নিমিত্ত টাকা দিয়াছে, যদি ঐ দাখিল করা সমস্ত টাকা অথবা তাহার কোন অংশ যে তালুক বিক্রয় হইবে তাহার অধিকারীর উক্ত পেটাওতালুকদারের নিকট পাওনা টাকা হয়, তবে পাওনা কি না আমানত করিবার সময় স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে, এবং যে খাজানার দাবী ঐ সময়ে তাহার নামে উপস্থিত আছে অথবা যে বৎসর বা যে কএক মাসের জন্য বিক্রয়ের নোটিস প্রকাশ হইয়াছে সেই মাস বা বৎসরের হিসাবে ঐ বিজ্ঞাপিত তালুকের অধিকারী তাহার বিরুদ্ধে যে দাবী উপস্থিত করিতে পারে, সেই দাবী শোধের জন্য উক্ত দাখিল করা সমস্ত টাকা বা তাহার যে কোন অংশ আবশ্যক বোধ হয়, তাহা দাখিলকারী প্রজার হিসাবে জমা দেওয়া যাইবে।

যদি দাখিল করা টাকা আপন ঘর হইতে আগ্রম দেওয়া টাকা হয়, তবে কার্য্য-প্রণালীর কথা।

(খ) যদি যে ব্যক্তি তালুক বিক্রয় বন্ধ করিবার জন্য টাকা আমানত করে সে আপনার নিকট হইতে প্রাপ্য সমস্ত খাজানা বা তাহার অংশ দিয়া থাকে, এবং সেইজন্য আমানত করা টাকা সমস্ত বা অংশতঃ তাহার নিজ হইতে অগ্রিম দেওয়া হয়, এবং খাজানার হিসাবে শোধ না হয়, তাহা হইলে উক্ত আমানতী টাকা অথবা (ক) প্রকরণের লিখিত মত খাজানার দাবীর শোধের পর যে অংশ অবশিষ্ট থাকে তাহা তাহার নামে ভবিষ্যৎ খাজানার দাবী শোধের জন্য জমা করা হইবে না, অথবা উসুলও দেওয়া হইবে না; বরং ঐ উপায়ে রক্ষিত তালুকের অধিকারীকে প্রদত্ত দেনা বলিয়া গণ্য হইবে; এবং উক্তরূপে রক্ষিত তালুক আমানতকারীর নিকট টাকার প্রতিভূ থাকিবে; এবং বন্ধক দ্রব্যে বন্ধকগ্রহীতার যেরূপ দাওয়া থাকে তদ্রূপ আমানতকারীর ঐ তালুকে দাওয়া থাকিবে; এবং যে টাকা অগ্রিম দেওয়া হইয়াছে তাহা ঐ তালুকের উপস্বত্ব হইতে আদায় করিবার জন্য দরখাস্ত করিলে, সে তৎক্ষণাৎ ঐ তালুকের দখল পাইতে স্বত্ববান্ হইবে।

বাকীদার, তালুকদার যদি তালুক ফিরিয়া পাইতে চাহে, তবে অগ্রিম দেওয়া সমস্ত টাকা সুদ সমেত অবশ্য দিবার কথা।

(গ) যে ব্যক্তি অগ্রিম টাকা দিয়া ঐ তালুকে উক্ত প্রকার স্বার্থ-লাভ করিয়াছে এবং তৎপ্রযুক্ত দখল প্রাপ্ত হইয়াছে, যদি বাকীদার তালুকদার সেই ব্যক্তির হস্ত হইতে আপন তালুক ফেরত পাইতে ইচ্ছা করে, তবে উক্ত ব্যক্তি যে তারিখ হইতে দখল প্রাপ্ত হইয়াছে সেই দিন পর্য্যন্ত শতকরা বার টাকার হিসাবে সুদ সমেত সমস্ত টাকা পরিশোধ না করিলে, অথবা অগ্রিম দেওয়া সমস্ত টাকা সুদ সমেত তালুকের উপস্বত্ব হইতে শোধ হইয়াছে ইহা প্রমাণ করিবার জন্য রুজু করা রীতিমত মোকদ্দমায় প্রমাণ না করিতে পারিলে, সে উক্ত তালুক ফেরত পাইতে স্বত্ববান্ হইবে না।

পর্য্যায়ক্রমে লাট বিক্রয় হইবার কথা; নোটিসের রসীদ ও হিসাব লইয়া ভূস্বামীর তরফ লোক উপস্থিত থাকিবার কথা।

১৪০ ধারা। (ক) পূর্ব্বে কাছারীতে লট্‌কান নোটিস বিক্রয়ের সময় খুলিয়া দেওয়া হইবে এবং সেই নোটিসে যেরূপ পর পর আছে তদনুসারে লাট সকল বিক্রয়ের জন্য ধরা হইবে। ভূস্বামীর তরফ একজন লোক প্রত্যেক বিজ্ঞাপিত লাটের বাকীর হিসাবে বিক্রয়ের দিন পর্য্যন্ত যত টাকা দেওয়া হইয়াছে তাহার এক বিশেষ বর্ণনাপত্র এবং সেই সঙ্গে ১৩৪ ধারার (ঘ) প্রকরণে উল্লিখিত সার্টিফিকেট অথবা রসীদ লইয়া বিক্রয় স্থলে উপস্থিত থাকিবে। যতক্ষণ পর্য্যন্ত উপস্থিত করা বর্ণনাপত্র বিশেষরূপে পরীক্ষা করা এবং তাহা হইতে বাকীর সত্ত্বা নির্ণীত না হয়, কিম্বা যতক্ষণ রসীদের নোটিস না পড়া হয়, ততক্ষণ কোন লাট বিক্রয়ার্থ ধরা যাইবে না। এই সকল নিয়ম যে প্রতিপালিত হইল তাহা প্রত্যেক লাট বিক্রয়ের সময়ের স্বতন্ত্র কার্য্যানুষ্ঠানে লিপিবদ্ধ করিতে হইবে।

বৎসরের মধ্যভাগে দ্বিতীয়বার বিক্রয়ের সময় কিস্তীবন্দী উপস্থিত করিবার কথা।

(খ) যদি ১৩৫ ধারার বিধানমতে বর্ণিত বিক্রয় হয়, তাহা হইলে বাকীদারের কিস্তীবন্দীও উপস্থিত করিতে হইবে; যেন তদ্দ্বারা বিক্রয়ের দিন পর্য্যন্ত দাবীর চারি আনা অংশের অধিক বাকী আছে দৃষ্ট হইতে পারে; যতক্ষণ পর্য্যন্ত ইহা স্থিরীকৃত না হয় ততক্ষণ বিক্রয় হইবে না।

কাগজপত্রের শুদ্ধতা ইত্যাদির জন্য ভূস্বামীরই কেবল দায়ী হইবার কথা।

(গ) এইরূপ উপস্থিত করা কাগজপত্রের শুদ্ধতা এবং সত্যতা জন্য কেবলমাত্র ভূস্বামী দায়ী হইবেন, আর কেহ হইবে না। কালেক্টর সাহেব অথবা বিক্রয়কারী কর্ম্মচারী কেবল উহার প্রকাশ্যতা ও

ন্যায্যতা ভিন্ন এবং এই অধ্যায়ে তাঁহার চলিবার উপদেশের জন্য যে সকল নিয়ম বিধিবদ্ধ হইয়াছে তাহার প্রতিপালন ভিন্ন, অন্য কোন বিষয়ের জন্য তাঁহাকে জবাবদিহী করিতে হইবে না।

১৪১ ধারা। (ক) ভূমির রাজস্বের সংগ্রাহক যে কালেক্টর সাহেবের কালেক্টরীর এলাকাধীন ভূমি, তিনি প্রাকাশ্যস্থানে বিক্রয়-কার্য্য সম্পাদন করিবেন; যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকে তাহাকে তালুক বিক্রয় করা যাইবে। প্রকৃত বাকীদার ভিন্ন যে কেহ হউক ডাকিতে পারিবে; যাহার দাবী শোধের জন্য বিক্রয় হইতেছে সে এবং বাকীদারের পেটাওতালুকদারেরা বর্জ্জিত হইবে না, (অর্থাৎ তাহারা ডাকিতে পারিবে); পণের টাকার মধ্যে শতকরা পনের টাকা বিক্রয় শেষ হইবার অব্যবহিত পরক্ষণে দিতে হইবে এবং বিক্রয়-কার্য্য-নির্ব্বাহক কর্ম্মচারী আমানত করিবার জন্য প্রয়োজনীয় টাকা হাতে আছে অথবা দুই ঘণ্টার মধ্যে দাখিল করিতে পারিবে, আপন সদ্বোধমতে এরূপ নিশ্চয় জানিতে না পারিলে কোন ব্যক্তির ডাক গ্রাহ্য করিতে অথবা ডাকদারকে লাট দেওনে অস্বীকার করিতে ক্ষমতাবান্ হইবেন।

প্রকাশ্য কাছারীতে কালেক্টরকর্ত্তৃক বিক্রয় হইবে; বিক্রয়ের অবশ্য দ্রষ্টব্য কার্য্য-প্রণালীর কথা।

(খ) যদি ঐ শতকরা পনের টাকা দুই ঘণ্টার মধ্যে না দেওয়া হয়, অথবা উক্ত সময়ের মধ্যে ঐ টাকার তুল্যমূল্য কোম্পানির কাগজ দাখিল করা না হয়, তবে সেই দিনেই লাট পুনর্ব্বিক্রয় হইবে। যদি পণের অবশিষ্ট টাকা অষ্টম দিবসের দুই প্রহরের মধ্যে না দেওয়া হয়, তাহা হইলে জিলার সদর মোকামের বাজারের মধ্যে ঢেঁড়রা দিয়া ঘোষণাকরতঃ তৎপর দিবসে অর্থাৎ নবম দিবসে ঐ লাট যে পুনর্ব্বিক্রয় হইবে তাহার নোটিস্ দেওয়া হইবে। নোটিসের পর নির্দ্ধারিত সময়ে, উহা প্রথম ক্রেতার দায়ে বিক্রীত হইবে। প্রথম ক্রেতার অগ্রিম দত্ত শতকরা পনের টাকা বাজেয়াপ্ত হইবে। উক্ত ক্রেতা দ্বিতীয় বিক্রয়ের দর প্রথম বিক্রয়ের দর হইতে ন্যূন হইলে তাহার জন্যও দায়ী হইবে। দেওয়ানী আদালতের ডিক্রীজারীর বিষয়ে যে কার্য্যবিধান আছে তদনুসারে ঐ বাকী টাকা আদায় হইবে।

শতকরা পনের টাকা যদি আমানত না করা হয়, কিম্বা পণের বাকী টাকা যদি না দেওয়া হয়, তবে দ্বিতীয়বার বিক্রয় হইবার কথা; শেষোক্ত স্থলে আমানত বাজেয়াপ্ত হইবার কথা।

(গ) বাজেয়াপ্ত করা আমানতী শতকরা পনের টাকা বিক্রয়ের ব্যয় নির্ব্বাহার্থ নিয়োজিত হইবে; অবশিষ্ট গবর্ণমেণ্টে জমা হইবে।

বাজেয়াপ্ত আমানতী টাকা কিরূপে নিয়োজিত হইবে, তাহার কথা।

১৪২ ধারা। (ক) বাকী খাজানার জন্য ১৩৩ হইতে ১৪১ পর্য্যন্ত ধারা সমূহের নিয়মানুসারে প্রকাশ্য নীলামে যে সকল তালুক বিক্রয় হইবে, বাকীদার অধিকারী, তাহার উত্তরাধিকারী কিম্বা তাহার স্বরূপ অন্য ব্যক্তির কার্য্যদ্বারা ঐ তালুকে যে সকল দায় পৌঁছিয়াছে সেই সকল দায়ে আবদ্ধ না হইয়া বিক্রয় হইবে বলিয়া এতদ্দ্বারা আদেশ করা হইল, কিন্তু যেস্থলে তালুককে এরূপ দায়ে আবদ্ধ করিবার ক্ষমতা, যে লিখিত পঠিত বন্দোবস্তে ঐ তালুক ভোগ করা হইত, তদন্তর্গত কোন স্বত্ব অনুসারে স্পষ্ট করিয়া অধিকারীকে দেওয়া হইয়াছে, সেস্থলে এ নিয়ম বর্ত্তিবে না।

তালুক বিক্রয় হইলে উহা বাকীদারের কার্য্যদ্বারা উৎপন্ন দায় হইতে মুক্তভাবে বিক্রয় হইবার কথা।

(খ) ভূস্বামী আপনি তালুক সৃষ্টি করিয়া সমস্ত তালুকের উপর আপনার সৃষ্ট অবস্থায় খাজানা পাইবার যে অধিকার লাভ করিয়াছেন, বিক্রয়, দান, অথবা অন্য উপায়ে সেই তালুক হস্তান্তরিত হইলে, অথবা তাহা বন্ধক দিলে, অথবা তাহার সীমাবদ্ধ অন্য ব্যবস্থা করিলে ভূস্বামীর সেই অক্ষুণ্ণ অধিকারের কোন ব্যত্যয় হইবে না; কারণ ঐ খাজানাই তাঁহার ঐ তালুকসম্বন্ধে রক্ষিত সম্পত্তি। কিন্তু যদি ভূস্বামীর স্পষ্ট অনুমতি থাকে, তাহা হইলে তালুক এইরূপে হস্তান্তরিত হইতে পারে।

ভূস্বামীর সম্মতি ব্যতীত ভূমির হস্তান্তরিতকরণ ও বন্ধক প্রভৃতি বিধিসিদ্ধ হইবে না।

(গ) এইরূপে বাকী খাজানার দরুণ যে তালুক বিক্রয় হইবে, সেই তালুক সম্বন্ধে তালুকদার ও কৃষকদিগের মধ্যবর্ত্তি স্বার্থ সৃষ্টিকারী যে সকল ভোগানুমতিপত্র থাকিবে, তৎসমুদয় রদ হইয়া যাইবে, কিন্তু যদি এই সকল ভোগানুমতিপত্রে ভূস্বামীর বিশেষ সম্মতি থাকে, তাহা হইলে উহা রদ হইবে না। এইরূপ ভোগানুমতিপত্রের বলে যাহারা ভূমি অধিকার করিয়াছে, ভূমি দখল এবং রায়তদিগের নিকট হইতে খাজানা আদায় করিতে তাহাদের কোন স্বত্ব থাকিবে না। বাকীদার ইহাদিগকে খাজানা প্রদান যোগ্য আপন স্বার্থের কিছু কিছু অংশ দিয়াছিল; কিন্তু যখন তাহার অধিকার বিলুপ্ত হইল, তখন এই সকলের অধিকারও বিলুপ্ত হইল বলিয়া মনে করিতে হইবে।

বাকীদার কর্ত্তৃক যে সকল ভোগানুমতিপত্র দত্ত হইয়াছিল, তৎসমুদয় বিক্রয়ে রদ হইবে।

কিন্তু এই ধারার কোন কথায় এরূপ বুঝিতে হইবে না যে, তালুকের ক্রেতা কোন খুদকস্ত রায়তকে কিম্বা বাসেন্দা এবং পুরুষানুক্রমিক ভূমির কর্ষণকারীকে ছাড়াইতে অথবা এই সকল প্রজাদের সহিত পূর্ব্বতন দখলকারী বা তাহার প্রতিনিধির সরল ভাবে যে সকল চুক্তি হইয়াছিল, তৎসমুদয় ভঙ্গ

রায়তদিগের সহিত সরলভাবে চুক্তি হইলে বাধ্যতা কথা।

করিতে সমর্থ হইবেন ; কিন্তু যদি এই ক্রেতা খাজানার নিরিখ স্থির করিবার জন্য যথানিয়মে মোকদ্দমা উপস্থিত করিয়া এরূপ প্রমাণ করিতে পারেন যে, যখন তাহার পূর্ব্ববর্ত্তী দখলকারীর সহিত এই সকল চুক্তি হইয়াছিল, তখন অধিক খাজানার দাবি হইতে পারিত, তাহা হইলে এই সকল চুক্তিপত্র রদ হইবে। এই সকল বিধান মানিয়া ক্রেতা ক্রীত তালুকের অন্তর্গত ভূমিভোগী রায়তের অধিকৃত ভূমির খাজানা এই আইনের বিধান অনুসারে বৃদ্ধি করিতে পারেন ; কিন্তু কোন রায়তকে এই আইনের বিধান ব্যতীত প্রকারান্তরে ছাড়াইতে পারিবেন না।

১৪৩ ধারা। (ক) ক্রেতা যখন যত টাকায় ক্রয় করা হইয়াছে তৎসমুদয় দিবেন, তখন তিনি যে কর্ম্মচারী বিক্রয় করিয়াছেন, সেই কর্ম্মচারীর নিকট হইতে ঐ টাকা দেওয়ার একখানি সার্টিফিকেট পাইবেন।

সমুদয় মূল্য দিলে ক্রেতাকে সার্টিফিকেট্ দিতে হইবে।

(খ) ইহার পর ক্রেতা এই সার্টিফিকেট লইয়া ক্রীত তালুক তাহার নামে লইবার জন্য ভূস্বামীর কাছারীতে যাইবেন, এবং যদি আবশ্যক হয়, তাহা হইলে ক্রীত তালুকের বার্ষিক খাজানার অর্দ্ধাংশ পরিমিত প্রতিভূ দিয়া তালুক অধিকারের অনুমতিপত্র লাভ করিবেন। এই অনুমতিপত্রের সহিত অতঃপর ক্রেতাকে আপন আপন খাজানা দিবার জন্য রায়ত ও অন্যান্য লোকের উপর একখানি নোটিস্ থাকিবে।

জমীদার ইহাকে অধিকার দিতে বাধ্য।

(গ) ক্রীত তালুকের সম্বন্ধে কাছারীতে যে সকল কাগজপত্র থাকিবে ভূস্বামী তৎসমুদয় ক্রেতাকে দেখিতে দিবেন। ক্রেতা উপযুক্ত প্রতিভূ দিতে প্রস্তুত থাকিলেও যদি ভূস্বামী ভূমি হস্তান্তরিত করিতে বিলম্ব করেন, অথবা ভূমি অধিকারের অনুমতিপত্র দিতে অসম্মত হন, তাহা হইলে ক্রেতা কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। কালেক্টর তাঁহাকে ভূমি অধিকারের অনুমতি দিবেন। আদালতে ডিক্রী হইলে যেরূপে অধিকার লাভ হয়, কালেক্টর একজন কর্ম্মচারী পাঠাইয়া সেইরূপে ক্রেতাকে আপন অধিকারে স্থাপিত করিবেন। কিন্তু ভূস্বামী যদি প্রতিভূ উপযুক্ত নয় বলিয়া আপত্তি করিয়া ভূমির অধিকার দিতে বিলম্ব করেন, তাহা হইলে বর্ত্তমান আইনের ৫৩ ধারার (গ) প্রকরণ অনুসারে কার্য্য হইবে।

যদি জমীদার অধিকার দিতে বিলম্ব করেন বা অসম্মত হন, তাহাহইলে তদ্বিষয়ের প্রতিবিধান।

১৪৪ ধারা। (ক) নূতন ক্রেতা আপনার ক্রীত ভূমি অধিকার করিতে গেলে তালুকদার স্বয়ং অথবা তাঁহার ও কৃষকদিগের মধ্যবর্ত্তী তৎকৃত পেটাওতালুকের বা অর্পিত স্বার্থের অধিকারিগণ যদি বাধা দিতে চেষ্টা করে, কিম্বা ক্রীত তালুকের খাজানা আদায়ে গোলযোগ ঘটায়, তাহা হইলে ক্রেতা অবিলম্বে আপনার ন্যায্য অধিকার লাভ করিতে রাজকীয় কর্ম্মচারিগণের সহায়তার জন্য কালেক্টরের নিকট আবেদন করিবেন।

যদি বাকীদার বা তাহার অধীন প্রজারা ক্রমাগত বাধা দেয়, তাহা হইলে অবলম্বনীয় কার্য্যপ্রণালী।

(খ) কালেক্টর অতঃপর আপন মোহরে অঙ্কিত ও আপনার নাম স্বাক্ষরিত একখানি ঘোষণাপত্র বাহির করিবেন। এই ঘোষণাপত্রে উল্লেখ থাকিবে যে, ভূস্বামীকে দেয় বাকী খাজানার জন্য ভূমি বিক্রয় হওয়াতে নূতন অধিকারী উহা ক্রয় করিয়া পূর্ব্বতন তালুকদার যে অবস্থায় ভূস্বামী হইতে তালুক লইয়াছিলেন, সেই অবস্থায় অধিকৃত তালুক সংসৃষ্ট সমস্ত অধিকার ও স্বত্ব লাভ করিয়াছেন। এখন তিনি মাত্র রায়ত ও অন্যান্য ব্যক্তিগণ হইতে খাজানা আদায় করিতে পারিবেন। রায়ত বা প্রজারা যদি অন্য কাহাকে টাকা দেয়, তাহা হইলে বাকী খাজানার জন্য বা অন্য কোন কারণে তাহাদের নামে নালিশ হইলে তাহারা এই টাকার কথা বলা গেলে তাহাদের নামে জমা হইবে না।

কালেক্টরের ঘোষণাপত্র প্রচার।

(গ) এই ঘোষণাপত্র প্রচার করিবার পরেও যদি পূর্ব্বতন অধিকারী অথবা তাঁহার পূর্ব্বতন প্রজারা নূতন ক্রেতাকে অধিকৃত ভূমিতে প্রবেশ করিতে না দেয়, অথবা যদি কাহারও পক্ষে শান্তিভঙ্গ হইবার আশঙ্কা থাকে, তাহা হইলে ক্রেতা এক খানি লিখিত দরখাস্ত দাখিল করিলে পুলিসের সাহায্য পাইবেন, ও কোনরূপ দাঙ্গা অথবা শান্তিভঙ্গ হইলে আইন অনুসারে আপনার অধিকার লাভের সময় যাহারা ক্রেতাকে বাধা দিয়াছিল, তাহাদের উপর সমস্ত দায়িত্ব থাকিবে।

১৪৫ ধারা। ভূমি বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যাইবে তাহা নিম্নলিখিত নিয়ম অনুসারে ব্যয় করা হইবে।

বিক্রয়লব্ধ টাকা ব্যয় করিবার নিয়ম।

(১) নিট যে টাকা সংগৃহীত হইবে, প্রথমে তাহার শতকরা এক টাকা লইয়া বর্ত্তমান আইনের ১৩৩ হইতে ১৪৪ পর্য্যন্ত ধারা অনুসারে আবশ্যকমত অতিরিক্ত সেরেস্তার ব্যয় নির্ব্বাহের জন্য গবর্ণমেণ্টের হিসাবে জমা থাকিবে।

শতকরা এক টাকা গবর্ণমেণ্টে জমা দিতে হইবে।

(২) যে বাকীর নিমিত্ত বিক্রয় হয়, তাহার পর ভূস্বামী অথবা অপর কোন নির্দ্দিষ্ট ব্যক্তির সেই প্রাপ্য সমস্ত টাকা (সুদ ও তালুক বিক্রয় করিবার খরচা সমেত) তাহাকে দেওয়া হইবে। কিন্তু বর্ত্তমান বৎসরের (অথবা যদি পরবর্ত্তী বৎসরের প্রথমে ভূমি বিক্রয় হয়, তাহা হইলে যে বৎসর সম্প্রতি গত হইয়াছে, তাহার) অতিরিক্ত বয়েকা বাকী এইরূপে পরিশোধ করা যাইবে না। উপযুক্ত সময়ে সরাসরীমতে ভূমি বিক্রয় করিয়া টাকা আদায় না করা হইলে ভূস্বামীর ঐ পূর্ব্ব প্রাপ্য টাকা তালুকদারের আপনার ঋণ বলিয়া

তৎপর জমীদারের খাজানার দাবীপূরণ। উপবিধান।

পরিগণিত হইবে। দেওয়ানী আদালতে নালিশ করিয়া যেমন অপরাপর ঋণের টাকা আদায় করা যায় এ টাকাও তেমনি আদায় করা যাইতে পারিবে।

(৩) ভূস্বামীর প্রাপ্য অংশ পরিশোধ করিয়া যাহা উদ্বৃত্ত থাকিবে, ভূমি নীলামকারী কর্ম্মচারী তাহা গবর্ণমেণ্টের ধনাগারে আমানত করিবেন। এই উদ্বৃত্ত অংশে প্রথম শ্রেণীর পেটাওতালুকদারের অথবা যে সকল ব্যক্তি বাকীদার হইতে কোন স্বত্ব লাভ করিয়া ঐ সময়ে বিক্রীত ভূমিতে অথবা তাহার কোন অংশে কোন মূল্যবান্ স্বার্থের অধিকারী থাকেন, তাঁহাদের দাবী পরিপূরণ করা যাইবে।

যাহারা নীলামে ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহাদের ক্ষতিপূরণ জন্য অবশিষ্ট টাকা গবর্ণমেণ্টের ধনাগারে আমানত করিবার কথা।

(৪) যে কোন ব্যক্তি আপনাকে (৩) প্রকরণের উল্লিখিত কোন স্বার্থে অধিকারী বিবেচনা করেন, তিনি যথাবিধি মোকদ্দমা উপস্থিত করিয়া তাঁহার প্রদত্ত মূল্যের দাবী অথবা ভূমি বিক্রয় জন্য উপযুক্ত ক্ষতিপূরণের প্রার্থনা করিতে পারিবেন।

* পেটাওতালুকদারেরা তাহাদের ক্ষতিপূরণার্থ বা মূল্যের দাবী করিতে সমর্থ।

(৫) আদালত অনুসন্ধান করিয়া যদি বাদীর দাবী ন্যায্য বিবেচনা করেন, তাহা হইলে আদালত বাদী পূর্ব্বে যে মূল্য দিয়াছিল, তাহা অথবা বিক্রয়ের সময় তাঁহার স্বর্থের যে মূল্য হয়, তাহা কিম্বা উপস্থিত ঘটনা অনুসারে যাহা ন্যায়সঙ্গত ও উচিত বোধ হয়, তাহা বাদীকে দিবেন। যদি দাওয়াকারী একজনের অধিক হয় তাহা হইলে সমস্ত দাবীর যাবৎ মীমাংসা না হইবে, তাবৎ আমানতী টাকা হইতে কাহাকেও কিছু দেওয়া হইবে না। যে টাকা জমা আছে, যদি দাবীর নিরূপিত মূল্য তাহা অপেক্ষা অধিক হয়, তাহা হইলে সেই আমানত করা টাকা অনুপাত অনুসারে ভাগ করিয়া দেওয়া হইবে। এইরূপ বিভাগের পর সকলের যে যে অংশ অবশিষ্ট থাকিবে, তাহা বাকীদারের ঋণ বলিয়া পরিগণিত হইবে, এই ঋণের টাকা যে নিয়মে সচরাচর ডিক্রীজারী করা যায়, তদনুসারে আদায় করা হইবে।

যদি বাদীর দাবী ন্যায্য হয়, তাহা হইলে আদালতের নিষ্পত্তি।

(৬) কোন প্রথম শ্রেণীর পেটাওতালুকদার অথবা বিক্রীত তালুকের অন্তর্গত ভূমিতে যাহার প্রতি কোন স্বার্থ অর্পিত হইয়াছে, এরূপ কোন অধিকারী বার্ষিক খাজানা দিবার নিয়মে ভূমি অধিকার করিলে বিক্রয়ক্রমে উক্ত পেটাওতালুক কি অর্পণকার্য্যগত স্বত্ব অসিদ্ধ হওয়াতে ক্ষতিপূরণের দাবী উপস্থিত করিতে পারিবেন না। কিন্তু বিক্রয়ের পূর্ব্বে তাঁহারা আপনাদের দেয় খাজানা দিয়াছেন, অথবা কালেক্টারীতে জমা রাখিয়াছেন, যদি ইহা সপ্রমাণ করিতে পারেন, তাহা হইলে ক্ষতিপূরণের দাবী উপস্থিত করিতে পারিবেন।

যদি পেটাওতালুকদার বিক্রয়কালে আপনার খাজানা বাকী রাখে, তাহা হইলে নালিশ হইবে না।

(৭) বিক্রয়োৎপন্ন অবশিষ্ট টাকার উপর যদি কোর্পাপ্রজা অথবা অর্পিত স্বত্ব কোন ব্যক্তি বিক্রয়ের তারিখ হইতে দুই মাসের মধ্যে কোনরূপ দাবী উপস্থিত না করে, কিম্বা তাহাদের দাবীর মূল্য যদি আমানতী টাকা অপেক্ষা অল্প হয়, তাহা হইলে যে বাকীদারের তালুক বিক্রীত হইয়াছে, তিনি সেই টাকা অথবা বিষয় বিশেষে তাহার অতিরিক্ত অংশ পাইবার জন্য আদালতে দরখাস্ত করিতে পারিবেন, এ অবস্থায় আমানতী টাকা অথবা তাহার কোন অংশ অধিককাল রাখিবার কোন হেতু না থাকায় আদালত আপনাদের মোহরাঙ্কিত একখানি সার্টিফিকেট বাকীদারকে দিবেন। বাকীদার কালেক্টরকে সেই সার্টিফিকেট দেখাইলেই ঐ টাকা মুক্ত করিয়া তাহাকে দেওয়া যাইবে। এইরূপে কোন কোর্পা রায়ত অথবা কোন অর্পিত স্বত্ব ব্যক্তির অনুকূল ডিক্রীজারী হইলে, তাহারা আদালতের মোহরাঙ্কিত একখানি সার্টিফিকেট পাইবে; সার্টিফিকেটে আমানতী টাকার মধ্য হইতে প্রাপ্য তাহাদের টাকার বিষয় লিখিত থাকিবে। এই সার্টিফিকেট কালেক্টরকে দেখাইলেই তাহাদিগকে তাহাদের প্রাপ্য টাকা দেওয়া হইবে।

কোন দাবী উত্থাপিত না হইলে অথবা সকলের দাবী পরিপূরণ করিলে তালুকদার বিক্রয়লব্ধ টাকা পাইবার অধিকারী।

(৮) এই জমাকরা টাকায় যাহাদের কোনরূপ স্বার্থ থাকিবে, তাহারা সমস্ত প্রাপ্য টাকা অথবা তাহার কিয়দংশ বাহির করিয়া লইতে পারিবে। কিন্তু তাহাদিগকে এই টাকার স্থলে কোম্পানীর কাগজ রাখিতে হইবে। গতবারের গবর্ণমেণ্ট গেজেটে যে রূপ থাকিবে, তদনুসারে এই কাগজের ডিস্কৌণ্ট অথবা প্রিমিয়ম নির্দ্ধারিত হইবে।

জমা করা টাকার স্থলে কোম্পানীর কাগজ রাখা।

১৪৬ ধারা। ১৩৩ হইতে ১৪৫ ধারা অনুসারে রাজস্ব সংক্রান্ত রাজপুরুষদিগের যে আধিপত্য থাকে তাহা নিম্নলিখিত নিয়মে নিরূপিত হইবে :—

রাজস্বসংক্রান্ত কর্ম্মচারিদের সরাসরীমত নীলাম সম্পর্কে ক্ষমতানির্ণায়ক বিধি।

(১) যদি তালুকের অন্তর্গত সমস্ত ভূমি এক কালেক্টরীর অধীনে থাকে, তাহা হইলে কালেক্টর তাহার বিক্রয়ের ব্যবস্থা অথবা অন্য কোনরূপে আপনার ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

(২) যদি তালুকের অন্তর্গত সমস্ত ভূমি দুই কিম্বা অধিক সংখ্যক কালেক্টরীর অধীনে থাকে, তাহা হইলে যে কালেক্টরীর অধীনে অধিকাংশ ভূমি আছে, সেই কালেক্টর তাহার বিক্রয়ের ব্যবস্থা অথবা অন্য কোনরূপে আপনার ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

(৩) যদি কোন স্থলে কালেক্টর তাঁহার নিজের অধীনে সমস্ত ভূমি অথবা তাহার বহু অংশ আছে কি না, তদ্বিষয়ে সন্দিহান হন, তাহা হইলে তিনি আদেশ পাইবার নিমিত্ত কমিশ্যনারের নিকট অথবা রেবিনিউ বোর্ডে রিপোর্ট করিবেন। যদি ভূমি

কমিশানারের শাসনাধীন দুই কিম্বা অধিক সংখ্যক জিলায় থাকে, তাহা হইলে সেই কমিশানার, এবং যদি ভূমি কমিশানারের শাসনের বহির্ভূত দুই কিম্বা অধিক সংখ্যক জিলায় থাকে, তাহা হইলে রেবিনিউ বোর্ড কালেক্টরকে ঐ বিষয়ে কার্য্য করিতে আদেশ দিবেন। বিচারাধিপতা সম্পর্কে এই আদেশই চূড়ান্ত বলিয়া পরিগণিত হইবে।

(৪) উক্ত কার্য্যপক্ষে রেবিনিউ বোর্ডের নির্দ্ধারিত নিয়মে একজন কালেক্টর এই অধ্যায় বর্ণিত বিক্রয় অথবা অন্য কোনরূপে ক্ষমতা প্রয়োগ করিতে একজন ডেপুটী কালেক্টরের প্রতি ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

সপ্তদশ অধ্যায়।

ভূম্যধিকারী এবং তাহাদের প্রজা বা এজেণ্টদের মধ্যে যে মোকদ্দমা হয়, তৎসম্বন্ধীয় কার্য্য-প্রণালীর কতিপয় বিশেষ নিয়ম।

১৪৭ ধারা। ভূম্যধিকারী এবং তাহাদের প্রজা বা এজেণ্টদিগের মধ্যে নালিশের হেতু উপস্থিত হইয়া যে মোকদ্দমা হইবে, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে দেওয়ানী কার্য্যবিধি আইনের কার্য্য-প্রণালী তৎসমুদয়ে প্রয়োজিত হইবে।

ভূম্যধিকারী ও প্রজা বা এজেণ্ট ঘটিত মোকদ্দমায় দেওয়ানী কার্য্যবিধি আইন প্রয়োজিত হইবে।

ডিক্রীর পূর্ব্বে অথবা পরে এই মোকদ্দমাসংক্রান্ত সমস্ত কার্য্য উল্লিখিত আইন অনুসারে নির্ব্বাহিত হইবে, উক্ত আইনের ৫৮ ধারা অনুসারে এই সকল মোকদ্দমার একখানি বিশেষ রেজেষ্টরীবহি প্রতি দেওয়ানী আদালতে রক্ষিত হইবে।

এই সকল মোকদ্দমার একখানি বিশেষ রেজেষ্টরী বহি প্রতি আদালতে থাকিবে।

১৪৮ ধারা। যে ভূমি সম্পর্কে পক্ষদিগের মধ্যে ভূম্যধিকারী, প্রজা বা এজেণ্ট সম্বন্ধ স্থাপিত হয়, তাহার দখল পাইবার নিমিত্ত মোকদ্দমা গ্রহণ করিতে যে দেওয়ানী আদালতের ক্ষমতা থাকে, এই সকল মোকদ্দমার কারণ স্থানীয় ভূম্যধিকারী ও প্রজা বা এজেণ্ট ঘটিত মোকদ্দমা যে স্থানে উপস্থিত করিতে হইবে, সেই দেওয়ানী আদালতের সীমার মধ্যে সঙ্ঘটিত হইয়াছে বলিয়া মনে করিতে হইবে।

১৪৯ ধারা। ভূম্যধিকারী ও প্রজার সংস্রব ঘটিত যে সকল মোকদ্দমা ভূম্যধিকারী কর্ত্তৃক অথবা তাহার বিরুদ্ধে উত্থাপিত হইবে, এবং যে সকল মোকদ্দমা ১৬০ ধারাস্থ লিখিত মতানুসারে এজেণ্টের বিরুদ্ধে হইবে, তৎসমুদয় (ক) ১৮৭৯ সালের কোর্ট অব্ ওয়ার্ডের আইন অনুসারে নিয়োজিত ম্যানেজার কর্ত্তৃক অথবা তাহার বিরুদ্ধে এবং (খ) রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীগণের অব্যবহিত শাসনাধীন মহালের সরবরাহকার অথবা তহসীলদারকর্ত্তৃক অথবা তাহাদের বিরুদ্ধে উত্থাপিত হইতে পারিবে; এই সকল মহাল সেক্রেটরী অব্ ষ্টেটের সম্পত্তিই হউক, অথবা ব্যক্তি বিশেষের সম্পত্তিই হউক, এই নিয়মের কোন ব্যত্যয় হইবে না। এই সকল মোকদ্দমা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত সেক্রেটরী অব্ ষ্টেটের নামে অথবা এই সকল মহালের অধিকারী ব্যক্তি বিশেষের নামে পরিচালিত অথবা সমর্থিত হইবে।

খাস মহালের সরবরাহকার এবং তহসীলদার আপনাদের নিজের নামে নালিশ করিতে, এবং তাহাদের নামে নালিশ হইতে পারিবে।

১৫০ ধারা। (ক) প্রত্যেক যে নায়েব বা গোমস্তা স্বীয় নিয়োগকর্ত্তার লিখিত ক্ষমতাপত্রক্রমে উক্ত কার্য্য পক্ষে বিশেষমতে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন ১৪৯ ধারায় উল্লিখিত মোকদ্দমা চালাইবার জন্য তাঁহারা দেওয়ানী কার্য্যবিধি আইনের ৩৬, ৩৭ এবং ৩৮ ধারার অর্থ অনুসারে চিহ্নিত এজেণ্ট বলিয়া পরিগণিত হইবেন। যে আদালতে উক্ত নায়েব বা গোমস্তা উপস্থিত হন বা দরখাস্ত কি অন্য কার্য্য করেন, বিচারাধিপতাসম্পর্কে তাঁহার স্থানীয় সীমার মধ্যে ঐ নিয়োগকর্ত্তা উপস্থিত থাকিলেও এইরূপ হইবে। এই প্রকার মোকদ্দমা ঐ নিয়োগকর্ত্তার নামে ও সপক্ষে উপস্থিত করিয়া চালান যাইবে।

ভূম্যধিকারী এবং প্রজা-ঘটিত মোকদ্দমায় নায়েব অথবা বিশেষমতে ক্ষমতা প্রাপ্ত গোমস্তারা ক্ষমতা-প্রাপ্ত এজেণ্ট হইবে।

(খ) বর্ত্তমান আইনের কোন বিধান অনুসারে ভূম্যধিকারীর উপর যে নোটিস্ জারী হইতে পারে, এবং ভূম্যধিকারীকে যে টাকা অথবা ফী দিতে পারা যায়, সেই নোটিস্ (ক) প্রকরণের লিখিত মত প্রকারে ও কার্য্যপক্ষে ক্ষমতাপ্রাপ্ত উক্ত ভূম্যধিকারীর নায়েব অথবা গোমস্তার উপর জারী হইতে, এবং উক্ত বিশেষ ক্ষমতাপ্রাপ্ত নায়েব অথবা গোমস্তাকে সেই টাকা অথবা ফী দিতে, উক্ত ভূম্যধিকারীর উপর নোটিশ জারী করিলে কি তাঁহাকে টাকা দিতে চাহিলে যেরূপ ফল হইত, উক্ত নায়েব অথবা গোমস্তা সম্পর্কেও ঠিক তাহাই হইবে।

ভূম্যধিকারীর পরিবর্ত্তে নায়েব অথবা গোমস্তার নামে নোটীশজারী হইবে, এবং নায়েব অথবা গোমস্তাকে টাকা অথবা ফী দিতে পারা যাইবে।

১৫১ ধারা। প্রত্যেক ভূম্যধিকারী আপনার কোন রায়তের (যে রায়তের জোতের খাজানা সেই ভূম্যধিকারীর প্রাপ্য) বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারেন এবং ৩২ ধারার বিধান অনুসারে প্রত্যেক রায়ত নিম্নলিখিত বিষয়গুলির সমস্ত অথবা কোন একটীর নির্দ্ধারণ জন্য ভূম্যধিকারীর বিরুদ্ধে মোকদ্দমা করিতে পারে, বিষয় গুলি এই—

রায়তী স্বত্ব নির্দ্ধারণ জন্য ভূম্যধিকারী অথবা রায়তকর্ত্তৃক উত্থাপিত মোকদ্দমা।

(ক) ঐ রায়তের অধিকৃত ভূমির পরিমাণ।

(খ) ঐ ভূমির জন্য দেয় বার্ষিক খাজানার সমষ্টি।

(গ) সেই রায়তের শ্রেণী। অর্থাৎ সে অবধারিত হারে ভূমি অধিকার করিবার যোগ্য কি না, অথবা সে দখলীস্বত্ববান্ কি না কিম্বা সে ৩২, ৩৩ ও ৩৪ ধারার অর্থ অনুসারে তিন অথবা তদধিক বৎসরের জন্য আপন অধিকৃত ভূমি কর্ষণ করিতেছে কি না।

এইরূপ মোকদ্দমার আবেদনপত্রে উল্লিখিত প্রত্যেক বিষয় সম্বন্ধে বাদী যথাক্রমে আপনার যাহা কথা থাকে লিখিবে। বাদী স্বীয় আবেদনপত্রের লিখিত কথা যথাযথ প্রমাণ করিতে অসমর্থ হইলেই যে মোকদ্দমা ডিস্‌মিস্ হইবে তাহা নহে।

১৫২ ধারা। কোন ভূম্যধিকারী বাকী খাজানা না দেওয়ার দরুণ কোন রায়তকে ছাড়াইয়া দিতে অথবা পাট্টা রদ করিতে ইচ্ছা করিলে তিনি রায়তকে ছাড়াইবার জন্য অথবা পাট্টা রদ করিবার জন্য এবং বাকী খাজানা পাইবার জন্য একি মোকদ্দমা করিতে পারেন। কিম্বা বাকী খাজানার জন্য পূর্ব্বের কোন অসম্পন্ন ডিক্রীর নজীর দেখাইয়া রায়তকে ছাড়াইবার অথবা পাট্টা রদ করিবার নিমিত্ত নালিশ করিতে পারেন। এই সকল মোকদ্দমার ডিক্রীতে বাকী টাকার উল্লেখ থাকিবে। যদি এই টাকা সুদ এবং মোকদ্দমার খরচা সমেত ডিক্রীর তারিখ হইতে ১৫ দিনের মধ্যে আদালতে দাখিল করা হয়, তাহা হইলে ডিক্রীজারী স্থগিত থাকিবে। যদি পঞ্চদশ দিবসে আদালত বন্ধ হয়, তাহা হইলে যে দিন আদালত খুলিবে, সেই দিনে এই টাকা দিতে হইবে।

রায়তকে ছাড়াইবার অথবা পাট্টা রদ করিবার দাবী কি প্রকারে করিতে হইবে।

ডিক্রীর টাকা ১৫ দিবসের মধ্যে দিলে উচ্ছেদ স্থগিত থাকিবে।

ব্যাখ্যা ১।—খাজানার এক কিম্বা অধিক কিস্তি বাকী পড়িলে কিম্বা খাজানার টাকা দিবার পাট্টার অন্য কোন নিয়ম ভঙ্গ হইলে পাট্টা অসিদ্ধ হইবে, পাট্টায় এরূপ শর্ত্ত থাকিলেও যাহার উপর ডিক্রী হইয়াছে, সে এই ১৫ দিনের নিয়মের লাভ পাইবে।

ব্যাখ্যা ২। যদি আপীলে বা পুনরালোচনায় পূর্ব্বতন ডিক্রী পরিবর্ত্তিত বা সংশোধিত হয়, তাহা হইলে আপীলের পুনরালোচনার রায়ের তারিখ হইতে ১৫ দিন গণনা করিতে হইবে। আর যদি আপীলে বা পুনরালোচনায় ডিক্রী পরিবর্ত্তিত না হয়, তাহা হইলে পূর্ব্বতন ডিক্রীর তারিখ হইতে ১৫ দিন ধরিতে হইবে।

১৫৩ ধারা। যে রায়ত প্রজাস্বরূপ ভূমি ভোগ করিয়াছে, কিম্বা দখল ও কর্ষণ করিয়াছে, সে আপনার দেয় খাজানা কমাইবার জন্য নিম্নলিখিত আদালতে নালিশ করিতে পারে;

রায়ত কোন্ বিচারালয়ে আপনার খাজানা কমাইবার নালিশ করিবে।

(১) ২৫ ধারায় লিখিত প্রথম অথবা দ্বিতীয় হেতু অনুসারে যখন খাজানা কমাইবার দাবী করা হইবে দেওয়ানী আদালতে অথবা কালেক্টরের নিকটে।

(২) ২৫ ধারায় তৃতীয় হেতু অনুসারে যখন খাজানা কমাইবার দাবী করা হইবে কেবল কালেক্টরের নিকট।

কিন্তু অন্ততঃ দশজন রায়ত এই সূত্রে একত্র মোকদ্দমা না করিলে কালেক্টরের সমক্ষে এইরূপ মোকদ্দমা হইতে পারিবে না। সকলের যোত পৃথক্ হইলেও যদি সকলের ভূমির খাজানা এক জমীদারের প্রাপ্য হয়, তাহা হইলে দশ কিম্বা অধিক সংখ্যক রায়ত এই মোকদ্দমায় একত্র হইতে পারে।

(খ) তালুকদার, পেটাওতালুকদার, কিম্বা শিকস্তী হওয়াতে ১৮ ধারা অনুসারে কম খাজানা দিবার যোগ্য কোন রায়ত আপনার খাজানা কমাইবার জন্য দেওয়ানী আদালতে মোকদ্দমা উত্থাপন করিতে পারে।

তালুকদার, কিম্বা পেটাওতালুকদার অথবা মোকররীদারের খাজানা কমাইবার মোকদ্দমা দেওয়ানী আদালতে হইবে।

(গ) দেওয়ানী আদালতে খাজানা কমাইবার জন্য যে সকল মোকদ্দমা উপস্থিত হইবে, তৎসমুদয়ে ৯৮ ধারার বিধান প্রয়োজিত হইবে। আর কালেক্টরের নিকট খাজানা কমাইবার যে মোকদ্দমা হইবে, তাহাতে যতদূর খাটিতে পারে, পঞ্চদশ অধ্যায়ের বিধান সকল প্রয়োগ করা যাইবে।

এই প্রকার মোকদ্দমার কার্য্যপ্রণালী।

১৫৪ ধারা। ৬৮ ধারার বিধান মানিয়া ১৪৯ ধারায় লিখিত কোন মোকদ্দমায় ডিক্রীজারীর পরওয়ানা যাহার উপর ডিক্রীজারী হইয়াছে, তাহার বিরুদ্ধে অথবা তাহার সম্পত্তির বিরুদ্ধে প্রচার হইবে। কিন্তু ইহা যুগপৎ তাহার নিজের ও তদীয় সম্পত্তির বিরুদ্ধে বর্ত্তিবে না। স্থাবর কিম্বা অস্থাবর অথবা উভয়বিধ সম্পত্তির বিরুদ্ধে ডিক্রীজারীর পরওয়ানা দেওয়া যাইতে পারে।

ডিক্রীর কার্য্যপ্রণালী ব্যক্তি অথবা সম্পত্তির বিরুদ্ধে অনুষ্ঠিত হইবে, কিন্তু উভয়ের বিরুদ্ধে নয়।

১৫৫ ধারা। যখন কোন ভূম্যধিকারী বর্ত্তমান আইনের বিধান অনুসারে ছাড়াইবার উপযুক্ত কোন রায়তকে ছাড়াইতে অথবা পাট্টার বা প্রজাস্বত্বের মিয়াদ অতীত হইবার পর নির্দ্দিষ্ট কালের জন্য ভোগকারী কোন ইজারদার কিম্বা অন্য কোন প্রজাকে ছাড়াইতে, কিম্বা এজেন্সীর সময় অতীত হইবার পর কোন এজেণ্টকে ছাড়াইতে, কিম্বা কোন ব্যবস্থার বা আইনের স্পষ্ট বিধান অনুসারে কোনরূপ ক্রোক বা উচ্ছেদ বলবৎ করিতে মোকদ্দমা উপস্থিত করায়, আদালত বাদীর পক্ষে ডিক্রী দেন, দেওয়ানী কার্য্যবিধির ২৩৫ ধারার বিধিত প্রকারে ডিক্রীজারীর দরখাস্ত আবশ্যক হইবে না বাদী আদালতে আবশ্যক খরচা দিলে আদালত অবিলম্বে ডিক্রীজারীক্রমে দখল দিবার আদেশ

উচ্ছেদ প্রভৃতি কোন কোন স্থলে আদালত অগৌণে ডিক্রীজারীর আজ্ঞা দিবেন।

দিবেন। কিন্তু যেস্থলে ১৫২ ধারা প্রয়োজিত হয়, সেস্থলে ডিক্রীর তারিখ হইতে ১৫ দিন অতীত না হইলে এরূপ কোন আদেশ দেওয়া যাইবে না।

এই প্রকার বিষয়ে আপীল হইলেও ডিক্রীজারী স্থগিত থাকিবে না।

১৫৬ ধারা। ১৫৫ ধারা লিখিত আদেশের আপীল হইলেও ডিক্রীজারী স্থগিত রাখিবার জন্য আবেদন গ্রাহ্য করা আদালতের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে না। যাহাকে এই আদেশক্রমে উচ্ছেদ করা যায়, এরূপ কোন ব্যক্তি যাবৎ ঐ ডিক্রী রদ্দ না হয় তাবৎ আপনার অধিকার ফিরিয়া পাইবে না।

যদি খাজানা বৃদ্ধি করিবার কিম্বা ভূমির উপর স্বত্ব স্থাপনের কোন নিষ্পত্তি বিচারপত্রে না হয়, তাহা হইলে জিলার জজ এবং অতিরিক্ত জজ ১০০ টাকার নীচে যে সকল ডিক্রী দিবেন, তাহার আপীল হইবে না।

১৫৭ ধারা। যদি দাবীর মূল্য একশত টাকার অধিক না হয়, এবং রায়তের বা প্রজার খাজানা বৃদ্ধি বা পরিবর্ত্তন করিবার স্বত্বঘটিত কোন প্রশ্নের কিম্বা বিরোধী দাওয়াদারদের মধ্যে ভূমির স্বত্বসংক্রান্ত বা ভূমিগত কোন স্বার্থসংক্রান্ত প্রশ্নের নিষ্পত্তি ঐ মোকদ্দমার বিচারপত্রে না হইয়া থাকে, তাহা হইলে জিলার জজ এবং অতিরিক্ত জজ দেওয়ানী কার্য্যবিধি বা এই আইনের অষ্টাদশ অধ্যায় অনুসারে যে সকল মোকদ্দমার বিচার করিবেন, তাহার আপীল হইবে না বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ১০ আইনে যে ব্যবস্থা সংস্থাপিত হইয়াছে, উপস্থিত আইনে তাহা পরিবর্ত্তিত হইল বলিয়া মনে করা হইবে না।

উদাহরণ।

ক খএর উপর কোন ভূমির খাজানার দাবী করিয়া নালিশ করিল। খ কহিল, এই খাজানা গএর প্রাপ্য, কএর নয়। গকে এই মোকদ্দমার কোন পক্ষ করা হইল না। আদালত খএর বিরুদ্ধে ডিক্রী দিলেন। বিরোধী দাওয়াদারদের মধ্যে ভূমির স্বত্ব সংক্রান্ত কিম্বা ভূমিগত কোন স্বার্থ-সংক্রান্ত প্রশ্নের নিষ্পত্তি এই মোকদ্দমার বিচারপত্রে হইল না।

৩০ দিনের পর কোন রায়ের পুনরালোচনা হইবে না।

১৫৮ ধারা। ১৪৯ ধারা লিখিত মোকদ্দমায় যে রায় বা আজ্ঞা বাহির হইবে, সেই রায়ের বা আজ্ঞার তারিখ হইতে ৩০ দিনের পর কলিকাতার হাইকোর্ট ব্যতীত অন্য কোন দেওয়ানী আদালত রায়ের বা আজ্ঞার পুনরালোচনা করিবার জন্য সেই আবেদন গ্রহণ করিবেন না।

যে নোটিসের বা সমনের বিশেষ বিধান নাই, দেওয়ানী কার্য্যবিধিতে প্রতিবাদীর উপর নোটিস অথবা সমনজারী হইবার বিধিমতে তাহা জারী হইবে।

১৫৯ ধারা। এই আইন অনুসারে যে সকল নোটিস্ অথবা সমন জারী করা আবশ্যক হইবে ও যাহার জন্য কোন বিশেষ বিধান নির্দ্দিষ্ট হয় নাই, তৎসমুদয় ১৭৪ ধারা অনুসারে প্রতিবাদীর উপর সমন জারী করিবার বিধানমতে জারী করা হইবে।

এজেণ্টের বিরুদ্ধে মোকদ্দমা।

যে সকল এজেণ্ট খাজানা আদায় করিতে, কিম্বা তাহা গ্রহণ করিতে, অথবা ভূমির কার্য্যাধ্যক্ষতা করিতে নিযুক্ত হন তাহাদের বিরুদ্ধে টাকা, হিসাব বা দলীলের জন্য মোকদ্দমা।

১৬০ ধারা। কোন ভূম্যধিকারী খাজানা আদায়, গ্রহণ বা ভূমির কার্য্যাধ্যক্ষতা জন্য কাহাকে এজেণ্ট স্বরূপ নিযুক্ত করিলে যদি সেই এজেণ্ট আপনার হস্তগত টাকা, হিসাব বা দলীলাদি ভূম্যধিকারীকে দিতে বা কিম্বা আয় ব্যয়ের উপযুক্ত হিসাব দিতে উপেক্ষা বা অস্বীকার করে, তাহা হইলে সেই ভূম্যধিকারী সেই এজেণ্টের নামে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

ভূম্যধিকারী টাকার নির্দ্দিষ্ট সমষ্টি বা হিসাবের বিষয় বা দলীলাদি জানিলে তদ্বিষয়ে নালিশ করিতে পারিবেন।

ভূম্যধিকারী এই এজেণ্টের হস্তে ঠিক কত টাকা বা কোন হিসাব বা দলীলাদি আছে জানিতে পারিলে তিনি আদালতে সেই টাকা এবং হিসাব ও দলীলাদির বর্ণনা করিবেন।

এজেণ্ট দত্তর মত হিসাব না দেওয়াতে যদি টাকার নির্দ্দিষ্ট সমষ্টি বা কাগজ পত্রের বিষয় জানিতে না পারা যায়, তাহা হইলে ভূম্যধিকারী আদালতের নিকট হিসাব গ্রহণ করিবার প্রার্থনা করিবেন।

১৬১ ধারা। সেই এজেণ্ট উপযুক্ত হিসাব দিতে উপেক্ষা বা অস্বীকার করাতে যদি ভূম্যধিকারী সেই এজেণ্টের হস্তগত নির্দ্দিষ্ট টাকা, কাগজপত্র বা বৌচর বা অন্য কোনরূপ দলীলাদির বিষয় জানিতে না পারেন, তাহা হইলে ভূম্যধিকারী এবিষয় আদালতে উল্লেখ করিবেন, এবং উক্ত এজেণ্টের নিকট হিসাব লইবার ও ঐ হিসাব লইয়া যে টাকা তাঁহার প্রাপ্য হয়, এবং যে কাগজপত্র বা বৌচর বা দলীল দস্তাবেজ এজেণ্টের নিকট আছে বলিয়া দৃষ্ট হয়। তৎসমুদয় দেওয়াইবার জন্য আদালতের নিকট ডিক্রী প্রার্থনা করিবেন।

হিসাব না দেওয়ার হেতু প্রদর্শনার্থ প্রতিবাদীর উপর সমনে আদেশ থাকিবে।

১৬২ ধারা। ১৬০ এবং ১৬১ ধারামতে উপস্থিত করা প্রত্যেক আবেদনপত্রের প্রতি দেওয়ানী কার্য্যবিধির বিধান প্রয়োজিত হইবে। কিন্তু ১৬১ ধারায় যে আবেদনপত্রের উল্লেখ আছে, তাহার বেলা পূর্ব্বোক্ত দেওয়ানী কার্য্যবিধির ৬৪ ধারা অনুসারে দত্ত সমনে আয় ব্যয়ের সম্পূর্ণ ও সন্তোষজনক হিসাব না দেওয়ার এবং এজেণ্টের কার্য্য উপলক্ষে তাহার হস্তগত সমস্ত কাগজপত্র ও দলীল দস্তাবেজ দাখিল না করার হেতু প্রদর্শনার্থ প্রতিবাদীর উপর আদেশ থাকিবে।

১৬৩ ধারা। যদি উক্ত প্রতিবাদী কারণ না দেখায়, এবং আদালতের বিবেচনায় যদি তাহার সম্পূর্ণ ও সন্তোষজনক হিসাব না দেওয়ার কারণ উপযুক্ত বোধ না হয়, তাহা হইলে আদালত এই হিসাব দাখিল করিতে প্রতিবাদীকে আদেশ দিবেন। এজন্য তারিখ অবধারিত হইবে। এই তারিখে বা ইহার পূর্ব্বে ঐ হিসাব দাখিল করিতে হইবে। এই আদেশ দেওয়ানী কার্য্যবিধির ২৬০ ধারার বিধানমতে প্রবল করা যাইবে।

যদি প্রতিবাদী কারণ না দেখায়, কিম্বা যথোপযুক্ত কারণ দেখাইতে না পারে, তাহা হইলে আদালত হিসাব দাখিল করিবার আদেশ দিবেন। দাখিল করিবার তারিখ অবধারিত হইবে। এই আদেশ কিরূপে বলবৎ হইবে।

১৬৪ ধারা। প্রতিবাদী এই হিসাব দাখিল করিলে আদালত বাদীকে তাহা পরীক্ষা করিবার জন্য এবং তাহাতে কোন আপত্তি থাকিলে, তাহা উত্থাপন করিবার জন্য উপযুক্ত সময় দিবেন। কোন আপত্তি থাকিলে আদালত নির্দ্দিষ্ট দিনে তাহা শুনিবেন; এবং সেই হিসাব পরীক্ষা করিয়া দেখিবেন। শুননির পর যদি বাদী প্রতিবাদীর হস্তগত কোন টাকা কিম্বা কাগজপত্র বা বৌচর বা দলীল দস্তাবেজ পাইবার যোগ্য না হন, তাহা হইলে মোকদ্দমা ডিস্‌মিস্ হইবে। আর যদি দেখা যায় যে বাদী কোন টাকা কিম্বা কাগজপত্র বা বৌচর বা দলীল দস্তাবেজ পাইবার যোগ্য তাহা হইলে আদালত তৎসমুদয় বাদীকে দিবার জন্য ডিক্রী দিবেন। ডিক্রীতে টাকা এই সকল কাগজপত্র, বৌচর বা দলীল দস্তাবেজ নির্দ্দেশ করা থাকিবে।

এই হিসাব দেখিবার এবং কোনরূপ আপত্তি করিবার জন্য বাদীকে সময় দেওয়া হইবে। এই আপত্তি শুনিবার দিন অবধারিত হইবে। শুননির পর ডিক্রী হইবে।

---

১৮ অষ্টাদশ অধ্যায়।

বাকী খাজানা পাইবার জন্য মোকদ্দমা এবং অন্য কয়েকটী নির্দ্দিষ্ট মোকদ্দমার কার্য্যপ্রণালী।

১৬৫ ধারা। পক্ষদ্বয়ের মধ্যে ভূম্যধিকারী ও প্রজা-ঘটিতসম্বন্ধ স্বীকৃত অথবা সপ্রমাণ হইলে এই অধ্যায়ের কার্য্যপ্রণালী নিম্নলিখিত মোকদ্দমাগুলিতে প্রয়োজিত হইবে, যথা;—

ভূম্যধিকারী ও প্রজা-ঘটিত সম্বন্ধ স্থিরীকৃত হইলে এই অধ্যায়ের কার্য্যপ্রণালী কয়েকটী নির্দ্দিষ্ট মোকদ্দমায় খাটিবে।

(১) যে ভূমি বাঙ্গালার মহামান্য হাইকোর্টের প্রথমস্থলীয় বিচারাধিপত্যের সীমার বহির্ভূত থাকিবে, তাহার খাজানা আদায়ের মোকদ্দমা।

(২) এই প্রকার ভূমি হইতে ছাড়াইবার মোকদ্দমা।

(৩) এই প্রকার ভূমিতে অধিকার লাভ করিবার মোকদ্দমা।

(৪) বেআইন খাজানা বা কর আদায়ের ক্ষতিপূরণার্থ এবং রসীদ দিতে অস্বীকার করিলে মোকদ্দমা।

(৫) তালুক, পেটাওতালুক অথবা দখলী স্বত্ববিশিষ্ট যোতের উত্তরাধিকার হস্তান্তরিতকরণ রেজিষ্টরী করিতে বাধ্য করিবার জন্য ৫২ ধারা অনুসারে মোকদ্দমা।

কিন্তু কোন পক্ষ দরখাস্ত করিলে জিলার জজ সাহেব এই মোকদ্দমা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানসমূহ অনুসারে বিচার করিবার আদেশ দিতে পারেন, এইরূপ আদেশ দিলে উক্ত আইনের সমস্ত বিধান এই সকল মোকদ্দমায় প্রয়োজিত হইবে।

জিলার জজ এই সকল মোকদ্দমার কোন একটী দেওয়ানী আইনের কার্য্যপ্রণালী অনুসারে বিচার করিবার আদেশ দিবেন।

আবেদনপত্র প্রভৃতি।

১৬৬ ধারা। আবেদনপত্র দাখিল করিয়া এই মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। যে নিম্নতম দেওয়ানী আদালত এই মোকদ্দমার বিচারে সমর্থ তাহাতে এই বিবরণপত্র দাখিল করিতে হইবে।

যে নিম্নতম আদালত এই মোকদ্দমার বিচারে সমর্থ, তাহাতে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

১৬৮ ধারা লিখিত ভূমি যদি ভিন্ন ভিন্ন জিলায় থাকে, কিম্বা এক জিলায় থাকিয়াও ভিন্ন ভিন্ন আদালতের বিচারাধিপত্যের অধীন হয়, তাহা হইলে দেওয়ানী আইনের ১৯ ধারার বিধান সকল এই মোকদ্দমায় খাটিবে।

সীমার বিভিন্নতা হইলে মোকদ্দমার স্থান নির্দ্দেশ।

যখন এইরূপে উপস্থিত করা মোকদ্দমা দায়ের থাকিবে, তখন কোন আদালত এই পক্ষদ্বয়ের কিম্বা যাহাদের অধীনে তাহারা দাওয়া করে সেই পক্ষদ্বয়ের মধ্যে ঐ প্রকার উপকার পাইবার জন্য উপস্থিত করা আর কোন মোকদ্দমা অথবা পূর্ব্বের মোকদ্দমায় যে ইষু ধার্য্য আছে সাক্ষাৎ সম্বন্ধে অথবা সারতঃ সেই ইষুবিশিষ্ট কোন মোকদ্দমা গ্রহণ অথবা তাহার বিচার করিতে পারিবেন না।

যখন এই মোকদ্দমা দায়ের থাকিবে, তখন এই পক্ষের এইরূপ বিষয় ঘটিত অন্য কোন মোকদ্দমার বিচার হইতে পারিবে না।

১৬৭ ধারা। মালিশের বিবরণপত্রে নিম্নলিখিত বিষয়গুলির উল্লেখ থাকিবে:—

মালিশের বিবরণপত্রে যে সকল বিষয় থাকিবে।

(ক) যে আদালতে মোকদ্দমা উত্থাপিত হইয়াছে, তাহার নাম।

(খ) বাদীর নাম, বর্ণনা এবং বাসস্থানের নির্দ্দেশ।

(গ) প্রতিবাদীর নাম, বর্ণনা এবং বাসস্থানের নির্দ্দেশ।

(ঘ) দাবীর সংক্ষিপ্ত বিবরণ।

(ঙ) যে তারিখে এই মোকদ্দমার কারণ উপস্থিত হইয়াছে, তাহার নির্দ্দেশ।

(চ) প্রার্থিত উপকারের দাওয়া।

(ছ) তালুক, পেটাওতালুক, যোত অথবা ভূমি সংক্রান্ত মোকদ্দমা হইলে তাহার পরিমাণ, অবস্থান নাম ও সীমার বর্ণনা। যেস্থলে বাদী সীমা নির্দ্ধারণে অসমর্থ হইবে সেস্থলে উহার পরিবর্ত্তে চিনিতে পারিবার জন্য পর্য্যাপ্ত বর্ণনা দিতে হইবে।

এই বিবরণপত্রের ভাষাসম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের ৪৯ ধারা প্রয়োজিত হইবে।

বিবরণপত্র স্বাক্ষরিত করিতে এবং তাহাতে সত্য পাঠ দিতে হইবে।

১৬৮ ধারা। (ক) এই বিবরণপত্রে বাদী স্বয়ং এবং যেস্থলে তিনি উকীল নিযুক্ত করিয়াছেন সেস্থলে তাহার নিয়োজিত উকীল স্বাক্ষর করিবেন। বিবরণপত্রের নিম্নভাগে বাদী অথবা আদালতের বিবেচনায় যাঁহারা এই মোকদ্দমার বিবরণ সবিশেষ অবগত আছেন, তাঁহারা ইহার সত্য পাঠ লিখিবেন কিন্তু অনুপস্থিতির জন্য বিশেষ কারণ বশতঃ বাদী স্বয়ং স্বাক্ষর করিতে না পারিলে তাহার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি স্বাক্ষর করিতে পারিবেন।

সত্য পাঠের কথা ও স্বাক্ষরসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৪৯ ধারার বিধান সকল খাটিবে।

মালিশের বিবরণপত্র অগ্রাহ্যকরণ সংস্করণ প্রত্যর্পণ এবং গ্রহণ।

(খ) ১৬৬ ধারা অনুসারে যে নালিশের বিবরণপত্র দাখিল করা হইবে, তাহাতে যতদূর পারা যায়, তাহা অগ্রাহ্য করা, সংশোধন করা এবং প্রত্যর্পণ সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের ৫৩, ৫৪, ৫৫, ৫৬, এবং ৫৭ ধারার বিধান সকল প্রয়োজিত হইবে। এই বিবরণপত্র গ্রাহ্য হইলে আদালত ১৪৭ ধারা নির্দ্দিষ্ট রেজিষ্টরী বহিতে ১৬৭ ধারা লিখিত সমস্ত বিবরণ লিপিবদ্ধ করাইবেন। এই সকল রেজিষ্টরীর লেখার বিবরণপত্র যেরূপ পর পর গৃহীত হইবে তদনুসারে প্রতি বৎসরের জন্য ভিন্ন ভিন্ন শ্রেণীতে নম্বর দেওয়া হইবে।

পক্ষ প্রভৃতি।

পক্ষের পরিবর্ত্তন, নিষ্কাশন এবং সংযোজন।

১৬৯ ধারা। বর্ত্তমান অধ্যায়ের বিধান অনুসারে যে সমস্ত মোকদ্দমা উত্থাপিত ও বিচারিত হইবে, তৎসমুদয়ে মোকদ্দমাকারী বাদীর পরিবর্ত্তে অন্য বাদী করিতে অথবা অতিরিক্ত বাদী নিয়োগ করিতে দেওয়ানী কার্য্যবিধি আইনের ২৭ ধারা এবং পক্ষের কাহাকে নিষ্কাশিত অথবা সংযোজিত করিতে হইবে তদ্বিষয়ে ৩২ ধারা প্রয়োজিত হইবে। এই অধ্যায়ের কার্য্যপ্রণালী অনুসারে যে কোন মোকদ্দমার বিচার হইবে তাহাতে যে ব্যক্তি বাদী

মোকদ্দমার দুই পক্ষ ভূম্যধিকারী অথবা প্রজার বিপক্ষে যে ব্যক্তি দাবী করিবে তাহাকে কোন পক্ষ করা হইবে না।

অথবা প্রতিবাদীর বিপক্ষে মোকদ্দমার মূল বিষয় সম্পর্কে কোন স্বত্ব স্থাপনে উদ্যোগী হইবে, আদালত তাহাকে কোন পক্ষ করিবেন না। কিন্তু মোকদ্দমার কোন পক্ষ ও তদ্রূপ কোন ব্যক্তির মধ্যে অধিকার সম্বন্ধে বিবাদ থাকিলে যদি উপস্থিত মোকদ্দমার মীমাংসা জন্য ঐ বিবাদ নিষ্পত্তি করা আবশ্যক হয় তাহা হইলে পক্ষদিগের মোকদ্দমার ন্যায় তাহার নিষ্পত্তি করা যাইতে পারিবে।

উদাহরণ।

ক এক জন ভূস্বামী, খ এক জন রায়ত, ক খএর নামে কোন যোতের খাজানার জন্য নালিশ করিল এবং আপনার সপক্ষে এই যোতের সম্বন্ধে খএর সহিত যে কবুলিয়ত হইয়াছিল, তাহা আদালতের নথীর সামিল করিয়া দিল, খ এই কবুলিয়তের বিষয় অস্বীকার করিয়া কহিল, তাহার যোত কএর এলাকার অন্তর্ভুক্ত নয়, উহা নিকটবর্ত্তী ভূস্বামী গএর এলাকাভুক্ত। গ উপস্থিত হইয়াও এবিষয়ে আপনার স্বত্ব দেখাইয়া এই মোকদ্দমায় এক জন পক্ষ হইতে ইচ্ছা করিল। আদালত গকে এই মোকদ্দমার কোন পক্ষ করিবেন না, কিন্তু কবুলিয়ত যথার্থ কি না, তাহার মীমাংসা করিবেন।

মোকদ্দমার কারণ সংযোগ করিয়া দেওন, মোকদ্দমা স্থানান্তরিত করণ ও ক্ষমতাপ্রাপ্ত এজেণ্ট এবং উকীল নিয়োগ সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের বিধান প্রয়োজিত হইবে।

১৭০ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সমস্ত মোকদ্দমা উপস্থিত ও বিচার হইবে, তৎসমুদয়ে দেওয়ানী আইনের নিম্নলিখিত বিধানগুলি প্রয়োজিত হইবে, যথা—

মোকদ্দমার কারণ যোগকরণ বিষয়ক ৪৫ ধারা। মোকদ্দমা স্থানান্তরিত করণ সম্পর্কে ২৫ ধারা, এবং ক্ষমতাপ্রাপ্ত এজেণ্ট এবং উকীল নিয়োগ সম্বন্ধে ৩৬ ধারা, ৩৭ ধারার (ক) এবং (খ) প্রকরণ এবং ৩৮, ৩৯, ৪০ ও ৪১ ধারা।

দলীল সংসৃষ্ট প্রমাণ প্রভৃতি।

এই অধ্যায়মত মোকদ্দমায় দলীল প্রভৃতি উপস্থিত করণ বিষয়ক দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন কোন বিধান প্রয়োজিত হইবে।

১৭১ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সকল মোকদ্দমা উপস্থাপিত ও মীমাংসিত হইবে, তৎসমুদয়ে দলীলাদির উপস্থাপন, গ্রহণ, অগ্রাহ্যকরণ ও প্রত্যর্পণসম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের নিম্নলিখিত বিধানগুলি প্রয়োজিত হইবে, অর্থাৎ—

বাদী যে দলীলের উপর নির্ভর করিয়া নালিশ করিয়াছে, সেই দলীলের উপস্থাপন, সেই দলীল কিম্বা তাহার কোন নকলের সমর্পণ এবং যে সকল দলীল বাদী আপনার প্রমাণ স্বরূপ বলিয়া বিবেচনা করে, তাহার তালিকাসম্বন্ধে ৫৯ ধারা।

যাহার অধিকারে ও ক্ষমতায় দলীল আছে, তদ্বিষয়ের উল্লেখসম্বন্ধে ৬০ ধারা।

দোকানের খাতাপত্র উপস্থাপন এবং তাহাতে যে যে বিষয় লিখিত আছে, তাহাতে চিহ্ন দেওন বা তাহা প্রত্যর্পণসম্বন্ধে ৬২ ধারা।

মোকদ্দমা নথীবদ্ধ করিবার সময় যে সমস্ত দলীল উপস্থিত হয় নাই, তৎসমুদয়ের অগ্রাহ্যণীয়তা সম্বন্ধে ৬৩ ধারা।

আদালত আপনার অথবা অন্য আদালতের সেরেস্তা হইতে যে সকল কাগজপত্র চাহিয়া পাঠাইবেন তৎসম্বন্ধে ১৩৭ ধারা। ১৩৭ ধারায় যে বিবরণপত্রের উল্লেখ আছে, তাহা মোক্তার অথবা ঘটনাভিজ্ঞ কোন ব্যক্তিকে দাখিল করিতে হইবে।

প্রথম শুনানিতে দলীল সংসৃষ্ট প্রমাণ প্রস্তুত রাখিবার সম্বন্ধে ১৩৮ ধারা।

দলীল উপস্থাপিত না করিলে যাহা হইবে, তৎসম্বন্ধে ১৩৯ ধারা।

দলীল গ্রহণ এবং অপ্রাসঙ্গিক ও অপ্রতিগ্রহণীয় দলীল অগ্রাহকারী আদালত সম্বন্ধে ১৪০ ধারা।

সেরেস্তায় দলীলের স্থাপন, প্রমাণিত দলীল চিহ্নিত ও নথীবদ্ধ করণ, এবং খাতায় লিপিবদ্ধ বিষয় সম্বন্ধে ১৪১ ধারা।

অস্বীকৃত দলীলগুলি চিহ্নিত করণ এবং প্রত্যর্পণ সম্বন্ধে ১৪২ ধারা।

দলীলসমূহ আটক রাখিতে আদালতের আদেশ সম্বন্ধে ১৪৩ ধারা।

যে সমস্ত দলীল প্রমাণস্বরূপ গ্রাহ্য হইয়াছে, তৎসমুদয়ের প্রত্যর্পণ সম্বন্ধে ১৪৪ ধারা।

মোকদ্দমা শুনানির পূর্ব্বকার্য্য।

প্রতিবাদীর উপর সমন জারী। প্রতিবাদীকে কি ভাবে উপস্থিত হইতে হইবে।

১৪২ ধারা। ১৩৮ ধারা অনুসারে আবেদনপত্র রেজিষ্টরী করা হইলে সমনের নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইয়া দাবীর জবাব দিবার জন্য প্রত্যেক প্রতিবাদীর উপর সমন জারী হইবে।

(ক) প্রতিবাদী স্বয়ং জবাব দিতে পারিবে। কিম্বা,

(খ) উপযুক্তমতে আদেশ প্রাপ্ত ও মোকদ্দমা-সংক্রান্ত প্রয়োজনীয় সমস্ত বিষয়ের উত্তর-দান-সমর্থ কোন উকীল অথবা,

(গ) এই সমস্ত বিষয়ের উত্তর-দান-সমর্থ অন্য কোন ব্যক্তির সমভিব্যাহারী উকীল।

এই প্রকার সমনে বিচারপতির কিম্বা তিনি যে ব্যক্তিকে নিয়োগ করিবেন, তাহার সাক্ষর থাকিবে, এবং ইহা আদালতের মোহরাঙ্কিত হইবে। কিন্তু যদি প্রতিবাদী আদালতে নালিশ উপস্থিত হইলেই আপনি আসিয়া বাদীর দাবী স্বীকার করে, তাহা হইলে তদ্রূপ সমন বাহির করা হইবে না।

উত্তর পক্ষের উপস্থিতি।

এই অধ্যায় অনুসারে যে সকল মোকদ্দমা উপস্থাপিত ও সীমাংসিত হইবে, তৎসমুদয়ে বাদী কিম্বা প্রতিবাদীর উপস্থিতির সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের ৬৬ এবং ৬৭ ধারার এবং প্রতিবাদীর উপস্থিতির দিন অবধারণ সম্বন্ধে ঐ আইনের ৬৯ ধারার বিধান প্রয়োজিত হইবে।

১৭৩ ধারা। মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি জন্য সমন হইবে। এই সমনদ্বারা যে দলীলে বাদীর প্রয়োজন হইয়াছে, কিম্বা যে দলীলের উপর নির্ভর করিয়া প্রতিবাদী আপনাকে সমর্থণ করিতে ইচ্ছা করিয়াছে, প্রতিবাদীকে সেই দলীল উপস্থিত করিতে বলা হইবে। অধিকন্তু এতদ্দ্বারা যে সকল সাক্ষী বিনা সমনে উপস্থিত হইতে ইচ্ছা করিবে, প্রতিবাদীকে নির্দ্দিষ্ট দিনে সেই সকল সাক্ষী হাজির করিতে বলা যাইবে। যে সকল সাক্ষী বিনা সমনে উপস্থিত হইতে অসম্মত হইবে, তাহাদিগকে নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইবার জন্য যথোপযুক্ত সময় থাকিতে সমনজারী করিতে হইবে।

মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি জন্য সমন হইবে, এবং তাহাতে প্রতিবাদীকে দলীল উপস্থিত ও সাক্ষী হাজির করিতে আদেশ দেওয়া যাইবে।

১৭৪ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সকল মোকদ্দমার বিচার হইবে, তৎসমুদয়ে দেওয়ানী আইনের নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা :—

প্রতিবাদীর উপর যে সমন হইবে, তাহা জারী করিবার বিধান।

প্রতিবাদীর উপর জারীর জন্য সমন দিবার সম্বন্ধে ৭২ ধারা।

সমন জারীর কার্য্যপ্রণালীর সম্বন্ধে ৭৩ ধারা।

কএক জন প্রতিবাদীর উপর সমন ধরাইবার সম্বন্ধে উপবিধি ব্যতিরিক্ত ৭৪ ধারা।

স্থাবর সম্পত্তির তত্ত্বাবধারক এজেন্টের উপর সমন ধরাইবার সম্বন্ধে ৭৭ ধারা।

প্রতিবাদীর পরিবারস্থ প্রাপ্তবয়স্ক পুরুষের উপর সমন ধরাইবার সম্বন্ধে ৭৮ ধারা।

যে ব্যক্তির উপর জারী করা যায় তাহার রসীদ স্বাক্ষর সম্বন্ধে ৭৯ ধারা।

যখন প্রতিবাদী অথবা অন্য কোন ব্যক্তি রসীদ স্বাক্ষর করিতে অসম্মত হয়, কিম্বা তাহাকে না পাওয়া যায়, তখনকার কার্য্যপ্রণালীর সম্বন্ধে ৮০ ধারা।

সমন ধরাইবার সময় এবং প্রণালীবিষয়ক পৃষ্ঠলিপি সম্বন্ধে ৮১ ধারা।

সমন ধরাইবার কর্ম্মচারীর পরীক্ষা-প্রণালী এবং পরিবর্ত্তিত প্রণালীতে দিবার সম্বন্ধে ৮২ ধারা।

পরিবর্ত্তিত প্রণালীতে সমন দিলে যাহা হইবে তৎসম্বন্ধে ৮৩ ধারা।

অন্য প্রকারে সমন জারী হইলে উপস্থিতির সময় নির্দ্ধারণ সম্বন্ধে ৮৪ ধারা।

যদি প্রতিবাদী অন্য আদালতের এলাকায় বাস করে, এবং সমন লইবার জন্য তাহার কোন এজেন্ট না থাকে, তাহা হইলে সমন ধরাইবার সম্বন্ধে ৮৫ ধারা।

রাজধানী নগরে সমন ধরাইবার সম্বন্ধে ৮৬ ধারা।

কারাবাসী প্রতিবাদীর উপর সমন ধরাইবার সম্বন্ধে ৮৭ ধারা।

কারাগার অন্য জিলায় হইলে তৎসম্বন্ধীয় কার্য্যপ্রণালীর সম্বন্ধে ৮৮ ধারা।

সমনের পরিবর্ত্তে পত্র লেখার সম্বন্ধে ৯৬ ধারা।

এই পত্র প্রেরণের প্রণালীর সম্বন্ধে ৯২ ধারা।

যে ব্যক্তি পরওয়ানা বাহির করায় তাহার দ্বারে জারী হইবার প্রণালীর সম্বন্ধে ৯৩ ধারা।

সমনের মত নোটিস এবং আদেশপত্র দিবার সম্বন্ধে ৯৪ ধারা; এবং ডাকের ইষ্টাম্পের সম্বন্ধে ৯৫ ধারা।

কিন্তু হস্তান্তরকরণোপযোগী তালুক, পেটাওতালুক এবং নোতের বাকী খাজানার জন্য মোকদ্দমার পূর্ব্বোক্ত বিধান অনুসারে প্রতিবাদীর উপর সমন ধরাইতে যদি না পারা যায়, তাহা হইলে আদালত সেই সমনের এক খণ্ড সেই তালুক, পেটাওতালুক অথবা নোতের অন্তর্গত কোন প্রকাশ্য স্থানে স্থাপন করিবার আদেশ দিতে পারিবেন এবং ইহাই উত্তম ও যথোচিত জারী করণ বলিয়া গণ্য হইবে।

বিচারের পূর্ব্বে কোন্ স্থলে প্রতিবাদীকে গ্রেপ্তার করা যাইবে কিন্তু তালুক, পেটাওতালুক কিম্বা দখলীবিশিষ্ট নোত যে ঋণের জন্য বন্ধক আছে তৎসম্বন্ধে এরূপ হইবে না।

১৭৫ ধারা। ১৬৫ ধারার (১) প্রকরণ লিখিত কোন মোকদ্দমায় যদি বাদী এই হেতু দেখাইয়া বিচারের পূর্ব্বে প্রতিবাদীকে গ্রেপ্তার করিবার জন্য আপনার নালিশের বিবরণপত্রসহ একখানি দরখাস্ত সমর্পণ করে যে, প্রথমে সমন বাহির হইলে প্রতিবাদী দাওয়ার উত্তর দিতে উপস্থিত না হইয়া পলায়ন করিবে; তাহা হইলে আদালত বাদী অথবা ঘটনাভিজ্ঞ তৎপ্রতিনিধির বক্তব্য শুনিবেন এবং তৎকর্ত্তৃক উপস্থাপিত দলীলাদি পরিদর্শন করিবেন। যদি এই কয়েকটী বিষয়ে সন্তোষজনক প্রমাণ পাওয়া যায়—

(ক) যে, যে জিলায় এই আদালত আছে প্রতিবাদী সেই জিলায় বাস করে,

(খ) যে, প্রদর্শিত হেতু দেখিয়াই যদি দাবীর যাথার্থ্যে বিশ্বাস জন্মে,

(গ) যে, প্রথম সমন বাহির হইলে প্রতিবাদী দাবীর উত্তর দিতে উপস্থিত না হইয়া পলায়ন করিবে;

তাহা হইলে আদালত প্রতিবাদীর নামে ওয়ারণ্ট বাহির করিতে পারিবেন। তাহাতে প্রতিবাদীকে আদালতে উপস্থিত হইয়া বাদীর দাবীর টাকা দেওয়ার জন্য জামিন না দেওয়ার হেতু দেখাইতে আদেশ থাকিবে। ৬৪ ধারা-লিখিত তালুক, পেটাওতালুক অথবা দখলী স্বত্ববিশিষ্ট নোতের বাকী খাজানার জন্য যে মোকদ্দমা হইবে, তাহাতে এই প্রকার ওয়ারণ্ট বাহির করা হইবে না।

১৭৬ ধারা। যখন এই প্রকার ওয়ারণ্ট বাহির হইবে, তখন আদালত তাহা ফিরাইয়া দিবার সময় অবধারণ করিবেন এবং যে কর্ম্মচারীর উপর এই ওয়ারণ্ট জারী করিবার ভার থাকিবে, সে প্রতিবাদী গ্রেপ্তার হইলে তাহাকে যত শীঘ্র পারা যায়, আদালতে হাজির করা হইবে। যদি প্রতিবাদী দাবীর বিষয়ে হেতু দেখাইতে অসমর্থ হয়, এবং আদালত যদি উপযুক্ত বিবেচনা করেন, তাহা হইলে বাদীর দাবীর টাকা দিবার জন্য প্রতিবাদীকে জামিন দিবার আদেশ দিতে পারিবেন; জামিন দিতে না পারিলে তাহাকে দেওয়ানী কারাগারে রাখা যাইতে পারিবে। যাবৎ সে জামিন দিতে অথবা আদালতের আদেশানুসারে নির্দ্দিষ্ট টাকা জমা রাখিতে না পারিবে, তাবৎ সে খালাস পাইবে না। প্রতিবাদী এই অবস্থায় আপনাকে দেউলিয়া বলিয়া প্রকাশ হইবার আবেদন করিতে পারে, ঈদৃশ স্থলে দেওয়ানী কার্য্যবিধির বিংশ অধ্যায়ের বিধান সকল প্রয়োজিত হইবে।

ওয়ারণ্টক্রমে গ্রেপ্তার হইয়া প্রতিবাদীর আদালতে উপস্থিত হওয়ার পর কার্য্যপ্রণালী।

যেস্থলে প্রতিবাদী জামিন দেয় সেস্থলে জামিনের খোলসার দরখাস্ত সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধির ৪৮০ ধারা, এবং যেস্থলে প্রতিবাদী দেওয়ানি জেলে স্থাপিত হইবে, সেস্থলে তাহার খোরাকী সম্বন্ধে উক্ত আইনের ৪৮২ ধারা প্রয়োজিত হইবে।

১৭৮ ধারা। যদি প্রতিবাদী ওয়ারণ্টে গ্রেপ্তার না হয়, তাহা হইলে আদালত বাদীর প্রার্থনা অনুসারে যাবৎ বাদী দ্বিতীয় ওয়ারণ্টের জন্য প্রার্থনা করিতে সমর্থ না হইবে, তাবৎ মোকদ্দমা হয় স্থগিত রাখিবেন, না হয় এক ঘোষণাপত্র বাহির করিয়া তাহা আদালতের গৃহে এবং প্রতিবাদীর আবাসবাটীতে সংলগ্ন রাখিতে আদেশ দিবেন। ঘোষণাপত্রে মোকদ্দমা শুনানির দিন অবধারিত থাকিবে। এই দিন প্রতিবাদীর আবাসবাটীতে ঘোষণাপত্র প্রকাশ করিবার তারিখের অন্যূন দশ দিন পরবর্ত্তী হইবে। ঘোষণাপত্র অনুসারে প্রতিবাদী আদালতে হাজির হইলে ১৭৭ ধারার বিধান অনুসারে তাহার বিচার হইবে।

প্রতিবাদীর উপর গ্রেপ্তারী ওয়ারণ্ট জারী না হইলে কার্য্যপ্রণালী।

১৭৯ ধারা। যদি আদালত দেখেন যে, প্রতিবাদীকে উপযুক্ত কারণ ব্যতীত গ্রেপ্তার করা হইয়াছে, তাহা হইলে আদালত এইরূপ গ্রেপ্তার অথবা মোকদ্দমার বিচার না হওয়া পর্য্যন্ত জেলে থাকাহেতুক প্রতিবাদীর যে কোন হানি বা ক্ষতি হইয়াছে তাহার ক্ষতিপূরণ জন্য প্রতিবাদীকে যাহা যুক্তিসিদ্ধ বোধ করেন এরূপ টাকা দিতে আদেশ করিবেন।

বিনা কারণে গ্রেপ্তার করিলে ক্ষতিপূরণ।

১৮৩ ধারা। ৩৬৫ ধারার (৬) প্রকরণে যে সমস্ত মোকদ্দমার উল্লেখ আছে, তৎসমুদয়ে বিচারের পূর্ব্বে ক্রোকের সম্বন্ধে এবং মন্দের ক্রোকের ক্ষতিপূরণ সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধির ৪৮৩ হইতে ৪৯১ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান প্রয়োজিত হইবে। কিন্তু যাহাতে ৬৪ ধারার বিধান প্রয়োজিত হইতে পারে, এরূপ তালুক, পেটাওতালুক এবং দখলীস্বত্ববিশিষ্ট মোতের বাকী খাজানার জন্য যে মোকদ্দমা হইবে, তাহাতে যাবৎ বাদী আদালতকে না বুঝাইতে পারে যে, সেই তালুক, পেটাওতালুক কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট মোত বিক্রয় করিলেও সুদ ও খরচা সমেত মোকদ্দমার বাকী খাজানার টাকা উঠিবে না, তাবৎ বিচারের পূর্ব্বে এইরূপ ক্রোক করিবার আদেশ দেওয়া হইবে না।

বাকী খাজানার জন্য মোকদ্দমার বিচারের পূর্ব্বে ক্রোকের সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধির ব্যবস্থা।

১৮১ ধারা। ১৮০ ধারা অনুসারে ক্রোক হইলেও প্রতিবাদী অকর্ত্তিত শস্য এবং অন্য অসংগৃহীত উৎপন্ন দ্রব্যপ্রভৃতি ছেদন ও সংগ্রহ করিয়া তাহার সচরাচর যাবহার্য্য কোন গোলায় অথবা অন্য কোন স্থলে রাখিয়া দিতে পারিবে। যদি প্রতিবাদী এবিষয়ে উপেক্ষা করে তাহা হইলে বাদী ঐ সকল শস্য ছেদন ও সংগ্রহ করিয়া পূর্ব্বোক্ত গোলায় বা স্থানে অথবা নিকটবর্ত্তী অন্য কোন সুবিধাজনক স্থলে রাখিতে পারিবে।

প্রতিবাদী ক্রোক করা অকর্ত্তিত শস্যপ্রভৃতি কাটিয়া ও সংগ্রহ করিয়া গোলাজাত করিতে পারে। যদি প্রতিবাদী অমনোযোগী হয়, তাহা হইলে বাদী ইহা করিবে।

যে সকল শস্য বা উৎপন্ন দ্রব্য গোলাজাত রাখিলে অপকৃষ্ট বা নষ্ট হইতে পারে, আদালত কোন পক্ষের আবেদন পাইলে যেমন উচিত বোধ করেন তদনুরূপ প্রণালী এবং নিয়ম অনুসারে তৎসমুদয় কোন ব্যক্তিদ্বারা বিক্রয় করিবার আজ্ঞা দিবেন। এই আজ্ঞাপত্রে ঐ ব্যক্তির নামোল্লেখ থাকিবে।

যে সমস্ত শস্যাদি গোলাজাত করিলে নষ্ট হইতে পারে, তৎসমুদয় বিক্রীত হইবে।

১৮২ ধারা। বর্ত্তমান অধ্যায়ের বিধান অনুসারে উপস্থিত যে সমস্ত মোকদ্দমার বিচার হইবে, তৎসমুদয়ে সাক্ষীদিগের উপর সমন জারী এবং তাহাদের উপস্থিতির সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধির নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা :—

সাক্ষীদিগের উপর সমন জারী এবং তাহাদের উপস্থিতির সম্বন্ধে বিধান।

সাক্ষ্য দিতে উপস্থিত হইবার জন্য কিম্বা দলীল উপস্থাপিত করিবার জন্য সমনের সম্বন্ধে ১৫৯ ধারা।

সমন দিবার প্রার্থনা করিয়া সাক্ষীদিগের জন্য যে খরচা আদালতে দেওয়া হইয়াছে সেই খরচা এবং তাহার হার সম্বন্ধে ১৬০ ধারা।

সাক্ষীদিগকে এই খরচা দেওয়ার সম্বন্ধে ১৬১ ধারা।

যেস্থলে পর্য্যাপ্ত পরিমাণে খরচা না দেওয়া হইয়াছে, এবং যে স্থলে সাক্ষীকে এক দিনের অধিক রাখা হইয়াছে সেই স্থলের কার্য্যপ্রণালীর সম্বন্ধে ১৬২ ধারা।

সমনের লিখিত যে সময়ে, যেস্থলে এবং যে জন্য সাক্ষীকে উপস্থিত হইতে হইবে, তৎসম্বন্ধে ১৬৩ ধারা।

দলীল দাখিল করিবার জন্য সমনের সম্বন্ধে ১৬৪ ধারা।

আদালতে উপস্থিত ব্যক্তিদিগের সাক্ষ্য-দানের ক্ষমতা সম্বন্ধে ১৬৫ ধারা।

সমন ধরাইবার প্রণালীর সম্বন্ধে ১৬৬ ধারা।

সমন ধরাইবার সময়ের সম্বন্ধে ১৬৭ ধারা।

পলাতক সাক্ষীর সম্পত্তি ক্রোকের সম্বন্ধে ১৬৮ ধারা।

সাক্ষী উপস্থিত হইলে সেই ক্রোক রহিত করিবার সম্বন্ধে ১৬৯ ধারা।

সাক্ষী উপস্থিত হইতে অসমর্থ হইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১৭০ ধারা।

আপনার ইচ্ছানুসারে আদালতের মোকদ্দমায় লিপ্ত নহে এরূপ লোকদিগকে সমন দিয়া সাক্ষীর শ্রেণীতে নিবেশিত করণ বিষয়ে ১৭১ ধারা।

সাক্ষ্যদিবার জন্য যাহাদের উপর সমন হইয়াছে, তাহাদের উপস্থিত হইতে বাধ্যতা সম্বন্ধে ১৭২ ধারা।

এই সকল ব্যক্তিদিগের প্রস্থানের সময় সম্বন্ধে ১৭৩ ধারা।

অনুপস্থিত হইলে এবং সাক্ষ্য দিতে বা দলীল দাখিল করিতে অসম্মত হইলে যে ফল হইবে তৎসম্বন্ধে ১৭৪ ধারা।

সাক্ষী পলায়ন করিলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১৭৫ ধারা।

কোন্ কোন্ লোকে সাক্ষ্য দিবার জন্য আদালতে নিজে উপস্থিত হইতে বাধ্য নয়, তৎসম্বন্ধে ১৭৬ ধারা।

আদালত আহ্বান করিলে যদি কোন পক্ষ সাক্ষ্য দিতে অসম্মত হয়, তাহা হইলে যে ফল হইবে, তৎসম্বন্ধে ১৭৭ ধারা; এবং

যে পক্ষের উপর সমনজারী হইয়াছে, তাহাদের প্রতি সাক্ষী সম্বন্ধীয় নিয়ম প্রয়োজিত হইবে, এসম্বন্ধে ১৭৮ ধারা।

উভয় পক্ষের উপস্থিতি।

১৮৩ ধারা। এই অধ্যায় অনুসারে যে সকল মোকদ্দমার বিচার হইবে তৎসমুদয়ে উভয় পক্ষের উপস্থিতির সম্বন্ধে এবং উভয় পক্ষ অনুপস্থিত হইলে যে ফল হইবে, তৎসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা :—

উভয় পক্ষের উপস্থিতি সম্বন্ধে এবং অনুপস্থিত হইলে কি হইবে, তৎসম্বন্ধে বিধান।

আদালতে উপস্থিত হইতে এবং দাবীর উত্তর দিতে প্রতিবাদীর উপর যে সমন হইবে, সেই সমনে যে দিন অবধারিত থাকিবে সেই দিনে উভয়পক্ষের উপস্থিতির সম্বন্ধে ৯৬ ধারা।

প্রতিবাদী সমন বাহির করিবার কী না দেওয়ার সমন ধরাণ না হইলে মোকদ্দমার ডিস্‌মিসের সম্বন্ধে ৯৭ ধারা।

কোনও পক্ষ উপস্থিত না হইলে মোকদ্দমার ডিস্‌মিসের সম্বন্ধে ৯৮ ধারা।

এরূপ স্থলে আদালতে প্রতিবাদীর পুনর্ব্বার সেই মোকদ্দমার উপস্থাপন করিতে পারিবার অথবা আদালতের সেই মোকদ্দমা নথীবদ্ধ করিতে পারিবার সম্বন্ধে ৯৯ ধারা।

কেবল বাদী উপস্থিত হইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১০০ ধারা।

মোকদ্দমা স্থগিত করণের দিনে পুনর্ব্বার যে দিন অবধারিত হইবে, যে স্থলে প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইবে, এবং পূর্ব্ববর্ত্তী নির্দ্দিষ্ট দিনে উপস্থিত না হওয়ার উপযুক্ত কারণ দেখাইবে সেস্থলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে তৎসম্বন্ধে ১০১ ধারা।

কেবল প্রতিবাদী উপস্থিত হইলে, যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১০২ ধারা।

বাদী অনুপস্থিত থাকিলে যদি তাহার বিরুদ্ধে ডিক্রী হয়, তাহা হইলে সে পুনর্ব্বার সেই মোকদ্দমা উত্থাপন করিতে পারিবে না, এ সম্বন্ধে ১০৩ ধারা।

কতিপয় বাদীর মধ্যে এক কিম্বা অনেক জন অনুপস্থিত হইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১০৫ ধারা।

অনেক প্রতিবাদীর মধ্যে এক কিম্বা অনেক জন অনুপস্থিত হইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১০৬ ধারা।

কোন পক্ষ স্বয়ং উপস্থিত হইতে আজ্ঞপ্ত হইলে উপযুক্ত কারণ প্রদর্শন ব্যতীত যদি অনুপস্থিত হয়, তাহা হইলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ১০৭ ধারা।

প্রতিবাদীর বিরুদ্ধে কোন এক তর্ফা ডিক্রী খারিজ করিবার সম্বন্ধে ১০৮ ধারা; এবং

প্রতিপক্ষকে না জানাইয়া কোন ডিক্রী খারিজ করা হইবে না, এ সম্বন্ধে ১০৯ ধারা।

১৮৪ ধারা। ইচ্ছা করিলে প্রতিবাদী আপনার পক্ষ সমর্থন জন্য স্ববক্তব্য লিপিবদ্ধ করিয়া আদালতে নথীবদ্ধ করিতে পারে। কোন পক্ষ অন্য কোন লিখিত বিবরণ নথীবদ্ধ করিতে পারিবে না, অথবা আদালতও তাহা গ্রহণ করিবেন না। কিন্তু আদালত কোন লিখিত বিবরণ চাহিতে পারেন, এবং তাহার উপস্থাপনের সময় নির্দ্ধারণ করিতে পারেন।

প্রতিবাদী আপনার পক্ষ সমর্থন জন্য স্ববক্তব্য লিখিয়া আদালতে নথীবদ্ধ করিতে পারে। আদালত না চাহিলে অন্য কোন লিখিত বিবরণ নথীবদ্ধ হইবে না।

১৮৫ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সকল মোকদ্দমার উত্থাপন ও বিচার হইবে, তৎসমুদয়ে আদালতে টাকা দাখিল করার সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা;—

আদালতে টাকা দেওয়ার সম্বন্ধে এবং সেই প্রদত্ত টাকার সুদের সম্বন্ধে এবং যত টাকা বাদ দেওয়া তৎসম্বন্ধে বিধান।

বাদীর দাবী পূরণ জন্য প্রতিবাদীর টাকা আদায়ত করার সম্বন্ধে ৩৭৬ ধারা।

বাদীকে আদায়ত করার নোটিস দেওয়ার সম্বন্ধে ৩৭৭ ধারা।

নোটিস পাওয়ার পরে বাদীকে আদায়ত করা টাকার উপর সুদ না দেওয়ার সম্বন্ধে ৩৭৮ ধারা।

যেস্থলে বাদী আপনার দাবী পূরণ জন্য আদায়ত করা সমস্ত টাকা অথবা তাহার কোন অংশ গ্রহণ করিবে, সেস্থলে যে কার্য্যপ্রণালী অনুষ্ঠিত হইবে, তৎসম্বন্ধে ৩৭৯ ধারা; এবং

আইন অনুসারে আদায় যোগ্য নিশ্চিত টাকা বাদ দেওন সম্বন্ধে ১১১ ধারা।

১৮৬ ধারা। যদি উচিত বোধ হয়, তাহা হইলে আদালত আপনার প্রবৃত্তি অনুসারে অথবা মোকদ্দমার কোন পক্ষের আবেদন অনুসারে কোন মোকদ্দমায় স্থানীয় অনুসন্ধানের আদেশ দিতে পারিবেন। সকল প্রকার অনুসন্ধানে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩৯২, ৩৯৩, ৩৯৭, ৩৯৮, ৩৯৯ এবং ৪০০ ধারা প্রয়োজিত হইবে।

আদালত স্থানীয় অনুসন্ধানের জন্য আদেশ দিতে পারেন।

১৮৭ ধারা। যদি কোন পক্ষ উপযুক্ত কারণ ব্যতীত আপনার পক্ষ সমর্থনোপযোগী প্রমাণ প্রদর্শনে অসমর্থ হয়, তাহা হইলে আদালত কাল বিলম্ব না করিয়া রায় দিতে পারিবেন

যদি উপযুক্ত কারণ ব্যতীত কোনপক্ষ প্রমাণ প্রদর্শনে অসমর্থ হয়, তাহা হইলে একবারে রায় দেওয়া হইবে।

মোকদ্দমা স্থগিত করণ।

১৮৮ ধারা। নিম্নলিখিত স্থলে মোকদ্দমা অন্য কোন্ দিন পর্য্যন্ত স্থগিত থাকিতে পারে স্থগিত করণের আদেশে এই দিনের নির্দ্দেশ থাকিবে, যথা,—

কোন্ কোন্ স্থলে মোকদ্দমার শুনানি স্থগিত থাকিতে পারে।

(১) যেস্থলে কোন পক্ষ উপস্থিত না থাকে, এবং তাহার উকীল অথবা ১৭২ ধারায় (গ) প্রকরণোল্লিখিত ব্যক্তি মোকদ্দমা সংক্রান্ত কোন গুরুতর বিষয়ের, যাহা আদালতের বিবেচনায় উত্তরদান যোগ্য এবং সেই পক্ষ উপস্থিত থাকিলে যাহার উত্তর দিতে পারিত, উত্তর দিতে সমর্থ না হইবে।

(২) ১৯১ ধারার বিধানসমূহ অনুসারে কার্য্য করিবার পর যেস্থলে আদালত বিবেচনা করিবেন যে, উভয়পক্ষঘটিত বিচার্য্যবিষয়ের নিষ্পত্তি জন্য অন্য কোন প্রমাণ গ্রহণ আবশ্যক হইবে;

(৩) যেস্থলে কোন পক্ষ উপযুক্ত হেতু দেখাইয়া প্রমাণ প্রদর্শন জন্য অথবা অন্য কোন বিষয়ের জন্য সময় প্রার্থনা করিবে; আদালত এই হেতুর বিবরণ লিখিয়া রাখিবেন।

প্রথমস্থলে আদালত পরবর্ত্তী যে দিনে মোকদ্দমার শুনমি হইবে, সেই দিনে উভয় পক্ষকে উপস্থিত হইতে আদেশ দিবেন।

স্থগিত করণের খরচা।

দ্বিতীয়স্থলে আদালত মোকদ্দমার স্থগিত করণের পরবর্ত্তী শুনমির দিনে বিচার জন্য ইমু ধার্য্য করিয়া দিবেন। সকল স্থলেই আদালত যেরূপ উচিত বিবেচনা করেন তদনুসারে স্থগিত করণের খরচারসম্বন্ধে আদেশ দিবেন।

শুনমি ক্রমাগত চলিবে।

কিন্তু একবার আরম্ভ হইলে আদালত যদি কোন কারণে মোকদ্দমা স্থগিত রাখা আবশ্যক বোধ না করেন, তাহা হইলে যাবৎ উপস্থিত সমুদয় সাক্ষীর জবানবন্দী না হইবে, তাবৎ মোকদ্দমার শুনমি প্রতিদিন ক্রমাগত চলিবে। স্থগিত করিতে হইলে বিচারপতি স্থগিত রাখার কারণ স্বহস্তে লিপিবদ্ধ করিবেন।

পরবর্ত্তী শুনমির দিনে উভয়পক্ষ উপস্থিত না হইলে কিম্বা স্থগিত করণের প্রমাণ প্রদর্শন না করিলে যে উপায় অবলম্বিত হইবে তাহার কথা।

১৮৯ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সকল মোকদ্দমা উত্থাপন ও বিচার হইবে, তৎসমুদয় যদি উভয়পক্ষ স্থগিত করণের পরবর্ত্তী শুনমির দিনে উপস্থিত না হয় তাহা হইলে যাহা হইবে তৎসম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের ১৫৭ ধারা এবং কোন পক্ষ প্রমাণ প্রদর্শন না করিতে পারিলেও আদালতের মীমাংসার সম্বন্ধে উক্ত আইনের ১৫৮ ধারা প্রয়োজিত হইবে।

মোকদ্দমার শুনমি।

উভয় পক্ষ উপস্থিত হইলে আদালত প্রত্যেক পক্ষ বিপক্ষের উল্লিখিত বিবরণ অথবা দলীলাদি স্বীকার কিম্বা অস্বীকার করে কি না তদ্বিষয় নির্দ্ধারিত ও লিপিবদ্ধ করবেন।

১৯০ ধারা। সমন অথবা তৎপরে আদালতের আদেশ অনুসারে "উভয় পক্ষ শুনমির প্রথম নির্দ্দিষ্ট দিনে অথবা স্থগিত করণের পরবর্ত্তী কোন নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইলে আদালত—

(১) প্রতিবাদী অথবা তাহার উকীলকে জিজ্ঞাসা করিয়া জানিবেন যে (ক) আবেদনপত্রে নালিশের বিবরণ যাহা বলে তাহা সে স্বীকার অথবা অস্বীকার করে কি না; এবং (খ) সে কোন লিখিত বিবরণ নথীবদ্ধ না করিলে অথবা তাহার এক বিবরণ অসম্পূর্ণ হইলে এই অভিযোগের উত্তর দান স্থলে কি বলে।

(২) বাদী অথবা তাহার উকীলকে জিজ্ঞাসা করিয়া প্রতিবাদীর উল্লিখিত বিবরণ বাদী স্বীকার অথবা অস্বীকার করে কি না, তদ্বিষয় জানিবেন।

(৩) প্রত্যেক পক্ষ অথবা তাহাদের উকীলকে জিজ্ঞাসা করিয়া, বিপক্ষের উপস্থাপিত কোন দলীলের যাথার্থ তাহারা স্বীকার অথবা অস্বীকার করে কি না, তাহা জানিবেন।

আদালত এই স্বীকার এবং অস্বীকারের বিষয় লিখিয়া রাখিবেন।

মোকদ্দমাসংক্রান্ত কোন প্রয়োজনীয় বিষয়ের উত্তরদান-সমর্থ কোন পক্ষ অথবা কোন ব্যক্তির সাক্ষ্যগ্রহণ।

১৯১ ধারা। আদালত অতঃপর নিজে আদালতে হাজির বা উপস্থিত কোন পক্ষের অথবা সেই পক্ষ অথবা তাহার উকীলের সমভিব্যাহারী মোকদ্দমা-সংক্রান্ত বিষয়ের উত্তরদান-সমর্থ কোন ব্যক্তির জবানবন্দী লইবেন। যদি উচিত বোধ হয়, তাহা হইলে বিপক্ষ যেসকল প্রশ্ন উত্থাপন করিবে উক্ত জবানবন্দীর মধ্যে তাহা জিজ্ঞাসা করা যাইতে পারিবে।

এই সাক্ষ্যের মর্ম্ম লিখিতে হইবে এবং ইহা মোকদ্দমার নথীতে থাকিবে।

বিচারপতি এই জবান-বন্দীর মর্ম্ম লিখিয়া রাখিবেন। ইহা মোকদ্দমার নথীতে থাকিবে।

খোলা আদালতে বিচারপতির সমক্ষে ও শ্রবণগোচরে সাক্ষীর জবানবন্দী হইবে।

১৯২ ধারা। বিচারপতির সমক্ষে ও শ্রবণগোচরে এবং নিজ তাঁহার আদেশেও তত্ত্বাবধানে খোলা আদালতে উপস্থিত সাক্ষীদিগের মুখে মুখে সাক্ষ্য গ্রহণ করা হইবে।

সাক্ষ্যের বিবরণ কি ভাবে লিখিত হইবে।

সাক্ষ্যের বিবরণ আনুপূর্ব্বিক লিপিবদ্ধ করা আবশ্যক হইবে না। কিন্তু বিচারপতি সাক্ষ্য গ্রহণ সময়ে সাক্ষীগণ যে যে বিষয় প্রকাশ করিবে, তদ্বিষয়ের স্মারকলিপি করিবেন। ইহাতে সাক্ষ্যের তাৎপর্য্য ও মর্ম্ম থাকিলেই পর্য্যাপ্ত হইবে। এই স্মারকলিপি বিচারপতি নিজ হস্তে এবং নিজ ভাষায় লিখিবেন। যদি ইংরাজী তাঁহার নিজ ভাষা না হয়, এবং যদি তিনি ইংরাজীতে এই চুম্বক লিখিতে পারেন, তাহা হইলে ইংরাজীতে লিখিতে হইবে। ইহাতে তাঁহার স্বাক্ষর থাকিবে, এবং ইহা মোকদ্দমার নথীবদ্ধ হইবে।

বিচারপতি স্বয়ং স্মারকলিপি লিখিতে না পারিলে তিনি এ বিষয়ের শ্রুতলিপি করাইবেন।

যদি বিচারপতি উপরোক্ত আদেশমত স্মারকলিপি লিখিতে অসমর্থ হন, তাহা হইলে তিনি অসামর্থের কারণ লেখাইবেন, এবং খোলা আদালতে তাঁহার কথনমতে ঐ স্মারকলিপি লেখাইবেন। উক্তরূপে লিখিত প্রত্যেক স্মারকলিপি মোকদ্দমার নথীর অংশ হইবে।

সাক্ষ্য লিখিবার প্রণালী সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধি আইনের কতিপয় বিধান প্রয়োগ করা যাইবে।

১৯৩ ধারা। এই অধ্যায়ের বিধান অনুসারে যে সমস্ত মোকদ্দমার বিচার হইবে, তৎসমুদয়ে দেওয়ানী কার্য্যবিধি আইনের নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা।—

কোন বিশেষ প্রশ্ন এবং তাহার যে উত্তর হয়, তাহা লেখার সম্বন্ধে ১৮৬ ধারা।

সাক্ষীদিগের আকার ইঙ্গিতের উপর মন্তব্য সম্বন্ধে ১৮৮ ধারা।

মোকদ্দমা শেষ হইবার পূর্ব্বে বিচারপতি স্থানান্তরিত হইলে তৎকর্ত্তৃক গৃহীত সাক্ষ্য লইয়া কার্য্য করিবার ক্ষমতা সম্বন্ধে ১৯১ ধারা, এবং

কোন সাক্ষীকে পুনর্ব্বার ডাকিয়া তাহার সাক্ষ্য গ্রহণে আদালতের ক্ষমতা সম্বন্ধে ১৯২ ধারা।

১৯৪ ধারা। ১৯০, ১৯১, ১৯২ এবং ১৯৩ ধারা অনুসারে কার্য্য করিবার পর, প্রত্যেক পক্ষের পক্ষীয় স্বীকৃত বা প্রমাণীকৃত দলীলাদি বিবেচনা করিয়া দেখিবার পর, এবং উভয় পক্ষ কিম্বা তাহাদের উকীলদিগের হেতুবাদ শুনিবার পর, বিচারপতি খোলা আদালতে সাধারণতঃ অবিলম্বে প্রকাশ্যভাবে রায় দিবেন। যদি তৎক্ষণাৎ রায় দান করা সম্ভবপর না হয়, তাহা হইলে পরবর্ত্তী কোন দিনে দিবেন। উভয় পক্ষ কিম্বা তাহাদের উকীলদিগকে ঐ দিনের যথাযোগ্য নোটিস দিতে হইবে। বর্ত্তমান অধ্যায় অনুসারে উপস্থিত যে সমস্ত মোকদ্দমার বিচার হইবে, তৎসমুদয়ে দেওয়ানী কার্য্যবিধির নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা :—

কখন রায় দিতে হইবে, এ বিষয়ে দেওয়ানী কার্য্যবিধি আইনের যে যে ধারা প্রযোজিত হয়।

বিচারপতির পূর্ব্বপদধারীর লিখিত রায় প্রকাশ করিবার ক্ষমতা সম্বন্ধে ১৯৯ ধারা।

রায়ের ভাষা সম্বন্ধে ২০০ ধারা।

রায়ের অনুবাদ সম্বন্ধে ২০১ ধারা।

রায়ের তারিখ, তাহাতে স্বাক্ষর করণ এবং তাহার সংশোধনের সম্বন্ধে ২০২ ধারা।

ছোট আদালত ব্যতীত অপরাপর আদালতের রায়ের বিষয় সম্বন্ধে ২০৩ ধারা।

খরচা কাহার দিতে* হইবে, রায়ে এ বিষয়ের নির্দ্দেশ সম্বন্ধে ২১৯ ধারা।

খরচার বিষয়ে আদালতের ক্ষমতা সম্বন্ধে ২২০ ধারা।

কোন টাকা পাওনা আছে ইহা স্বীকৃত বা নির্ণীত হইলে তাহা হইতে খরচা বাদ দিবার সম্বন্ধে ২২১ ধারা; এবং

খরচার সুদের কথা ২২২ ধারার যে অংশে আছে, সেই অংশ।

১৯৫ ধারা। (ক) ডিক্রীর সম্বন্ধে দেওয়ানী কার্য্যবিধির নিম্নলিখিত বিধান সকল প্রয়োজিত হইবে, যথা :—

ডিক্রী ও তাহাতে যাহা থাকিবে তৎসম্বন্ধে বিধান।

ডিক্রীর তারিখ এবং তাহাতে বিচারপতির স্বাক্ষরের সম্বন্ধে ২০৫ ধারা।

ডিক্রীর বিষয় এবং তাহার সংশোধনের ক্ষমতার সম্বন্ধে ২০৬ ধারা।

কিস্তিক্রমে টাকা দিবার সম্বন্ধে ২১০ ধারা; এবং

টাকা বাদ দেওয়ার সম্বন্ধে ২১৬ ধারা।

(খ) টাকার ডিক্রী হইলে যে টাকার ডিক্রী হইবে, যাবৎ সেই টাকা আদায় না হয়, তাবৎ তাহার সুদ শতকরা বার্ষিক ছয় টাকার অনধিক হিসাবে ধরা যাইবে।

ডিক্রী করা টাকার সুদ।

(গ) ১৬৫ ধারার ১, ২, ৩, কিম্বা ৫ প্রকরণ লিখিত কোন কোন মোকদ্দমার ডিক্রীতে ভূমির বর্ণনা থাকিবে।

মোকদ্দমার কোন একটীর ডিক্রীতে ১৬৭ ধারার (ছ) প্রকরণ লিখিত সমস্ত বিবরণ থাকিবে।

(ঘ) তালুক, পেটাওতালুক কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট যোত এবং অন্য কোন তালুক, পেটাওতালুক কিম্বা দখলীস্বত্ব বিশিষ্ট অথবা অন্যবিধ যোতের বাকী খাজানার জন্য যে ডিক্রী হইবে, সেই ডিক্রীতে, যাহাতে ৬৪ ধারার বিধান প্রয়োজিত হয়, এরূপ প্রত্যেক তালুক, পেটাওতালুক কিম্বা দখলিস্বত্ববিশিষ্ট যোতসংক্রান্ত ডিক্রী করা বাকী খাজানার পৃথক্ পৃথক্ নির্দ্দেশ থাকিবে।

* বাকী খাজানার জন্য বিক্রয়যোগ্য তালুক, পেটাওতালুক অথবা দখলীস্বত্ববিশিষ্ট যোতের সম্বন্ধে যে ডিক্রী হইবে, তাহাতে ডিক্রী করা বাকী-খাজানার পৃথক্ পৃথক্ নির্দ্দেশ থাকিবে।

১৯৬ ধারা। পক্ষেরা আদালতে আবেদন করিলে আপন আপন ব্যয়ে রায় এবং ডিক্রীর সহীমোহরের নকল পাইতে পারিবে।

উভয় পক্ষ রায় এবং ডিক্রীর সহীমোহরে নকল পাইতে পারিবে।

ডিক্রীজারী করণের কথা।

সাধারণ বিধান।

১৯৭ ধারা। ডিক্রীদার কিম্বা তাঁহার উকীলকে ডিক্রীজারী করণের প্রার্থনা করিতে হইবে। তদ্রূপ প্রার্থনা লিখিয়া করিতে হইবে, কিন্তু রায় প্রকাশ করণকালে করা গেলে ২০১ ধারার বিধান মান্য করিয়া বাচনিক প্রার্থনা করা যাইতে পারিবে।

যৎকর্ত্তৃক ডিক্রীজারীর প্রার্থনা করা যাইবে, কেবল রায় প্রকাশ করণকালে বাচনিক প্রার্থনা করা যাইতে পারিবে, তদ্ভিন্ন সকল স্থলে লিখিয়া করিতে হইবে।

১৯৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সমস্ত মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায় তাহার ডিক্রীজারী করণ কার্য্যের প্রতি দেওয়ানী কার্য্য বিধান আইনের নিম্নলিখিত বিধি, যতদূর সঙ্গত ততদূর, বর্ত্তিবে; অর্থাৎ

এই অধ্যায়মতে মোকদ্দমার ডিক্রীজারী করণ পক্ষে দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধান বর্ত্তিবার কথা।

যে আদালতেরদ্বারা ডিক্রীজারী করা যাইতে পারিবে তৎসম্পর্কে ২২৩ ধারা,

আপনার ডিক্রী অন্য আদালতেরদ্বারা জারী করা যাইবে, আদালতের এইরূপ অভিপ্রায় হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ২২৪ ধারা;

প্রেরিত ডিক্রীর নকল প্রভৃতি তদ্রূপ অন্য আদালতকর্ত্তৃক প্রমাণ না লইয়া গাঁথিয়া রাখা গেলে তৎসম্পর্কে ২২৫ ধারা,

ডিক্রী যে আদালতে পাঠান যায় তৎকর্ত্তৃক জারী হওন বিষয়ক ২২৬ ধারা,

অন্য আদালতের প্রেরিত ডিক্রী হাইকোর্টকর্ত্তৃক জারী হওন বিষয়ক ২২৭ ধারা,

যে আদালতে জারী করণার্থে ডিক্রী পাঠান যায় তাহার ক্ষমতায় ও জারী করণের আজ্ঞার উপর আপীল সম্পর্কে ২২৮ ধারা,

যে আদালতে ডিক্রী পাঠান যায় তৎকর্তৃক জারী করণ স্থগিত রাখা গেলে তৎসম্পর্কে ২৩৯ ধারা;

তদ্রূপ স্থলে ডিক্রীমত খাতকের স্থানে জামীন লওন কি তাঁহাকে নিয়মবদ্ধ করণ সম্পর্কে ২৪০ ধারা;

ডিক্রীমত খাতকের কি ২৩৯ ধারা ক্রমে তাঁহার সম্পত্তি মুক্ত করা গিয়া থাকিলে তাহা পুনরায় ধৃত করণ সম্পর্কে ২৪১ ধারা;

ডিক্রীকারী আদালতের কি আপীল আদালতের আজ্ঞা যে আদালতে ডিক্রীজারী করণার্থে প্রেরণ করা যায় তাহার মানিবার বিষয়ে ২৪২ ধারা;

ডিক্রীমত খাতকের ও তাঁহার সম্পত্তির উপর একই সময়ে ডিক্রীজারী করিতে আদালতের বিবেচনামত অসম্মতি প্রকাশকরণবিষয়ক ২৩০ ধারার ২ প্রকরণ;

অনেক সংসৃষ্ট ডিক্রীদার থাকিলে তাঁহাদের অন্যতর ব্যক্তিকর্তৃক ডিক্রীজারী করিবার প্রার্থনাবিষয়ক ২৩১ ধারা;

ডিক্রী যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, যে তালুক, পেটাওতালুক, যোত কি ভূমির বাকী খাজানার নিমিত্ত উক্ত ডিক্রী দেওয়া গেল, ঐ তালুকপ্রভৃতিতে ডিক্রীদারের স্বত্ব তাঁহার প্রতিই হস্তান্তর করা গেলে, তৎকর্তৃক ডিক্রীজারী করণের প্রার্থনাবিষয়ক ২৩২ ও ২৩৩ ধারা;

ডিক্রীমত খাতকের মৃত্যু হইলে তৎস্থলাভিষিক্ত ব্যক্তিদের বিপক্ষে ডিক্রীজারী করিবার প্রার্থনাবিষয়ক ২৩৪ ধারা;

ডিক্রীদার ও ডিক্রীমত খাতকের মধ্যে মোকদ্দমা উপস্থিত থাকিতে ডিক্রীজারী স্থগিত থাকনবিষয়ক ২৪৩ ধারা,

যে আদালত ডিক্রীজারী করেন তাঁহার নির্ণীতব্য বিষয় সম্পর্কীয় ২৪৪ ধারা,

পরস্পরের বিপক্ষ ডিক্রী বিষয়ক ২৪৬ ধারা;

একই ডিক্রীমতে পরস্পর বিপক্ষ দাওয়া বিষয়ক ২৪৭ ধারা;

কোন কোন স্থলে ডিক্রীজারী করিতে না হওয়ার কারণ দেখাইবার নোটিস দেওনবিষয়ক ২৪৮ ধারা;

নোটিস জারী হইলে পর কার্য্যপ্রণালীবিষয়ক ২৪৯ ধারা;

পরওয়ানা যে সময়ে বাহির করিতে হইবে তদ্বিষয়ক ২৫০ ধারা,

তাহাতে তারিখ দেওন, স্বাক্ষরকরণ, মোহর করিয়া দেওন, ও তাহা ফিরিয়া পাঠাইবার সময় বিষয়ক ২৫৫ ধারা,

মৃত ব্যক্তির সম্পত্তি হইতে দেয় টাকার নিমিত্তে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তির বিপক্ষে ডিক্রীবিষয়ক ২৫২ ধারা,

জামিনের বিপক্ষে ডিক্রী বিষয়ক ২৫৩ ধারা।

এই আইনের ৬৪ ধারার বিধান মান্য করিয়া টাকার নিমিত্তে ডিক্রীজারীকরণবিষয়ক ২৫৪ ধারা;

ডিক্রীমত টাকা যে যে রূপে দেওয়া যাইবে তদ্বিষয়ক ২৫৭ ধারা;

ডিক্রীমত খাতককে সময় দিবার নিমিত্ত ও ডিক্রীমত ঋণ শোধ করণার্থ নিয়মপত্রবিষয়ক ২৫৭ ক ধারা;

ডিক্রীদারকে টাকা দেওনবিষয়ক ২৫৮ ধারা।

১৯৯ ধারা। কোন প্রজাকে ভূমি হইতে উচ্ছেদ করণার্থে কি তাঁহাকে কোন ভূমিতে পুনর্ব্বার অধিকার দেওয়াইবার নিমিত্তে ডিক্রী হইয়া থাকিলে ঐ ভূমি ডিক্রীক্রমে যে ব্যক্তিকে দেওয়া স্থির হইয়াছে তাঁহার প্রতি কি তৎসম্পর্কে তাহা গ্রহণ করণার্থ তিনি যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার প্রতি ঐ ভূমির অধিকার সমর্পণ করিয়া ও ডিক্রীদ্বারা আবদ্ধ কোন ব্যক্তি ঐ ভূমি ত্যাগ করিতে অসম্মত হইলে, প্রয়োজনমতে তাঁহাকে উঠাইয়া দিয়া, উক্ত ডিক্রী জারী করা যাইবে।

প্রজাকে উচ্ছেদ করণার্থ কি তাঁহাকে পুনরায় অধিকার দেওনার্থ ডিক্রী যেরূপে জারী করিতে হইবে।

২০০ ধারা। কোন প্রজা কি অপর যে ব্যক্তি কোন ভূমি দখল করিতে স্বত্ববান তাঁহার দখলীকৃত ভূমি হইতে কোন তালুকদার, পেটাওতালুকদার কি অন্য ব্যক্তিকে উচ্ছেদ করিবার ডিক্রী হইলে, অথবা কোন প্রজা কি অপর যে ব্যক্তি কোন ভূমি দখল করিতে স্বত্ববান তাঁহার দখলীকৃত ভূমিতে কোন তালুকদার, পেটাওতালুকদার কি অন্য ব্যক্তিকে পুনর্ব্বার অধিকার দেওয়াইবার ডিক্রী হইলে, উক্ত ভূমির কোন প্রকাশ্য স্থানে জারীর পরওয়ানার এক কেতা লটকাইয়া দিয়া এবং উপযুক্ত কোন স্থানে ঢেঁড়রা দিয়া বিয়া প্রচলিত রীতিমতে অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে দখলীকারের নিকট ঐ ডিক্রীর মর্ম্ম ঘোষণা করাইয়া উক্ত ডিক্রীজারী করা যাইবে;

প্রজার দখলীকৃত কোন ভূমিতে কোন তালুকদার পেটাও তালুকদার কি অন্য ব্যক্তির অধিকার থাকিলে তাঁহাকে উচ্ছেদ করণার্থ কি তাঁহাকে পুনরায় অধিকার সমর্পণার্থ ডিক্রী যে রূপে জারী করিতে হইবে।

কিন্তু দখলীকারের সন্ধান পাওয়া যাইতে পারিলে তাঁহারই নামে সেই মর্ম্মের লিখিত নোটিস জারী করিয়া দেওয়া যাইবে। তাহা হইলে ঘোষণা করিবার প্রয়োজন নাই।

নিজ খাজানার নিমিত্তে ডিক্রীজারীক্রমে তালুক, পেটাওতালুক ও যোতের বন্দোবস্তের যা বিধান

২০১ ধারা। কোন তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের বাকী খাজানার নিমিত্তে সম্পূর্ণরূপে কি অংশত ডিক্রী হইলে, উক্ত বাকী খাজানা সম্পর্কে ঐ ডিক্রী জারী করা যে প্রথম যে প্রার্থনা করা যায় তাহা লিখিয়া করা গেলে তাহার মধ্যে নিম্নলিখিত বিষয় সম্বলিত লিখিত এক খানি বর্ণনাপত্র থাকিবে ও প্রার্থনা বাচনিক হইলে যত শীঘ্র সুবিধা হয় তদ্রূপ বর্ণনা পত্র দিতে হইবে। অর্থাৎ

তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের বাকী খাজানার নিমিত্তে ডিক্রী হইলে তাহা জারী করিবার প্রার্থনাপত্রের পাঠ।

(ক) মোকদ্দমার নম্বর,

(খ) পক্ষদিগের নাম,

(গ) ডিক্রীর তারিখ,

(ঘ) খাজানার যত টাকার ডিক্রী হইয়াছে,

(ঙ) খরচের যত টাকার ডিক্রী দেওয়া হইয়াছে,

(চ) ডিক্রীর উপর আপীল করা হইয়াছে কি না,

(ছ) ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের আয়তন ও সীমা যতদূর জানা আছে তৎসম্বন্ধীয় সম্যক বর্ণনা,

(জ) ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের বাৎসরিক খাজানা।

৫৪ ধারার নির্দ্দিষ্টমত রেজিষ্টরী বহী রাখা গিয়া থাকে তাহার যে অংশের সহিত উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের সম্পর্ক থাকে ঐ প্রার্থনাপত্র কি লিখিত বর্ণনাপত্রের সহিত ঐ অংশের এক কেতা নকল গাঁথিয়া দিতে হইবে।

৫৪ ধারার নির্দ্দিষ্ট রেজিষ্টরী বহীতে যাহা লেখা থাকে প্রার্থনাপত্রের সহিত তাহার নকল দিতে হইবার কথা।

২০২ ধারা। তদ্রূপ প্রার্থনাপত্র কি লিখিত বর্ণনা পত্র উপযুক্ত পাঠে উপস্থিত করা গেলে আদালত ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় হওনার্থ আজ্ঞা করিবেন। উক্ত প্রার্থনাপত্র উপযুক্ত পাঠে না হইলে আদালত তাহা সংশোধন করিতে দিতে কি উপযুক্ত পাঠে নূতন প্রার্থনাপত্র উপস্থিত করণের হানি না করিয়া তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

প্রার্থনাপত্র উপযুক্ত পাঠে করা গেলে আদালত, তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের বিক্রয়ের আদেশ দিতে পারিবেন; উপযুক্ত পাঠে না হইলে প্রার্থনাপত্র সংশোধিত কি অগ্রাহ্য করা যাইতে পারিবে।

২০৩ ধারা। (ক) ২০২ ধারা ক্রমে তদ্রূপ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করণার্থ আজ্ঞা করা গেলে তদ্রূপে আদিষ্ট বিক্রয়ের নোটিস নিম্নলিখিত প্রকারে দিতে হইবে, অর্থাৎ

তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করণের নোটিস যেরূপে প্রচার করিতে হইবে।

(১) পূর্ব্বোক্ত আদালতের কাছারী বাটীতে ২০১ ধারায় উল্লিখিত বৃত্তান্তসম্বলিত এক খানি বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিয়া ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত যে উক্ত বিজ্ঞাপনের লিখিত তারিখে বিক্রয় করা যাইবে ইহা প্রকাশ করিতে হইবে।

(২) জিলার কালেক্টর সাহেবের কাছারী বাটীতে তদ্রূপ এক খানি বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিতে হইবে।

(৩) জিলার জজ সাহেবকর্ত্তৃক উক্ত ডিক্রীজারী করা না গেলে জিলার জজ সাহেবের কাছারী বাটীতে তদ্রূপ এক খানি বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিতে হইবে।

(৪) উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের অন্তর্গত ভূমির কোন প্রকাশ্য স্থানে তদ্রূপ এক খানি বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিতে হইবে।

(৫) উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত যে নগর কি গ্রামের অতি সন্নিহিত তাহার কোন প্রকাশ্য স্থানে তদ্রূপ এক খানি বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিতে হইবে।

(খ) তদ্রূপ বিজ্ঞাপনপত্রে ইহাও প্রকাশ থাকিবে যে উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রথমতঃ ২০৬ ধারার নির্দ্দিষ্টমত ক্রোকী করা দায়ের নিষ্পত্তীন নীলাম করা যাইবে, ও তাহা যত টাকা ডাকা যায় ডিক্রী ও খরচের টাকা শোধ করণ পক্ষে তাহা যথেষ্ট হইলে তদ্রূপ দায়গ্রস্ত হইয়াই বিক্রীত হইবে। অন্যথা ডিক্রীদার ইচ্ছা করিলে তাহা সমস্ত দায় হইতে মুক্ত করিয়া পরে কোন তারিখে উপযুক্ত নোটিস দিয়া বিক্রয় করা যাইতে পারিবে।

যত টাকার ডাক হয় তাহাতে ডিক্রী শোধ হইলে অন্য দায় স্বীকার করিয়া, অন্যথা দায় হইতে মুক্ত করিয়া বিক্রয় হইতে পারিবে। বিজ্ঞাপনপত্রে ইহার উল্লেখ থাকিবে।

(গ) বিক্রয়ের তারিখ এরূপে নির্দ্ধারিত করিতে হইবে যেন তাহা (ক) প্রকরণের (১) দফার নির্দ্দিষ্টমত বিজ্ঞাপনপত্র লাগাইয়া দিবার তারিখ হইতে বিশ দিনের ন্যূন কোন দিনে কি কোন বন্ধের দিনে না পড়ে।

বিক্রয়ের তারিখ যেরূপে নির্দ্ধারিত করিতে হইবে।

২০৪ ধারা। তদ্রূপ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত নীলামে তুলিয়া ডাক আরম্ভ হইবার পূর্ব্বে কোন সময়ে, মোকদ্দমার খরচা যত ডিক্রী হয় তাহা ও নীলামকরণের খরচ সুদ্ধ ডিক্রীর টাকা আদালতে দেওয়া যাইতে পারিবে। ঐ টাকা উক্তরূপে আদালতে দেওয়া না গেলে, কি ডিক্রীদার আদালতের বাহিরে ডিক্রীর টাকা শোধ হওয়াতে উক্ত মর্ম্মে লিখিয়া প্রার্থনা না করিলে বিক্রয় স্থগিত করা যাইবে না। এরূপ স্থলে পুনরায় ডিক্রীজারী করণার্থ কোন প্রার্থনাপত্র গ্রাহ্য হইবে না।

ডিক্রী ও খরচের টাকা আদালতে দেওয়া গেলে কি ডিক্রীদার টাকা শোধ হইয়াছে স্বীকার করিলেই বিক্রয় স্থগিত হইতে পারিবে।

২০৫ ধারা। ২০৪ ধারার উল্লিখিত ডিক্রী ও খরচের টাকা নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কেহ আদালতে দাখিল করিতে পারিবেন, অর্থাৎ—

বিক্রয় স্থগিত করণার্থে যে ব্যক্তিরা ডিক্রী ও খরচের টাকা আদালতে দিতে পারিবেন।

(ক) ডিক্রীমত খাতক,

(খ) যে তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয়ের বিজ্ঞাপন দেওয়া গেল কোন ব্যক্তি আপনিই যে তাহার উপযুক্তমত রেজিষ্টরী করা স্বত্বাধিকারী, ও ডিক্রীমত খাতক যে তদ্রূপ স্বত্বাধিকারী নহে, ইহা বলিলে ও তাঁহার উক্তির প্রমাণস্বরূপ ৫৪ ধারার নির্দ্দিষ্টমত রেজিষ্টরী বহীরও এক নকল উপস্থিত করিলে তিনি;

(গ) তদ্রূপ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতে যাঁহার যে স্বত্ব কি স্বত্ব থাকে তিনি,

(ঘ) যে তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয়ের বিজ্ঞাপন দেওয়া গেল তাহা দায়মুক্ত হইয়া বিক্রয় হইলে তদ্গতস্বত্ববিশিষ্ট যে ব্যক্তির স্বত্বের ব্যাঘাত হইতে পারে তিনি,

(গ) ও (ঘ) প্রকরণমত যে ব্যক্তি আদালতে টাকা দেন তিনি তদ্রূপে দেওয়া টাকার নিমিত্তে ঋণ দেওয়া টাকার ন্যায় নালিশ করিয়া যাঁহার খাজানা দিতে ত্রুটি হওয়াতে কি অবৈধ কার্য্যবশতঃ ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয়ের বিজ্ঞাপন দেওয়া গেল তাঁহার নিকট আদায় করিতে পারিবেন।

(গ) ও (ঘ) প্রকরণমত যে ব্যক্তি আদালতে টাকা দেন তিনি ক্রটিকারকের নামে ঋণ দেওয়া টাকার ন্যায় তাহা পাইবার নিমিত্তে নালিশ করিতে পারিবেন।

যে তালুকের সৃষ্টির সময় পরস্পর আদায় প্রদান করা নিয়ম পত্রে উক্ত তালুক বিক্রয় করিবার কি বিক্রয়ার্থ উপস্থিত করিবার স্বত্ব বিশেষ কোন নিয়ম ক্রমে সংরক্ষিত হইয়াছে, তদ্রূপ তালুকের প্রতি পূর্ব্বোক্ত বিধানসমূহের উপর ১৩৮ ও ১৩৯ ধারার বিধানও বর্ত্তিবে।

কোন্ কোন তালুকের প্রতি ১৩৮ ও ১৩৯ ধারা বর্ত্তিবার কথা।

২০৬ ধারা। বিক্রয়ার্থ নির্দ্দিষ্ট দিনে উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রথমতঃ সকল দায়ের নিয়মাধীনে নীলামে তুলিতে হইবে, অর্থাৎ ডিক্রীমতখাতক কি স্বত্বসম্বন্ধে তাঁহার পূর্ব্বাধীকারীকর্ত্তৃক কোন দায় সৃষ্ট হইয়া থাকিলে ক্রেতা তাহা অসিদ্ধ করিতে পারিবেন না। ডাকের টাকা ডিক্রী ও বিক্রয় করণের খরচসুদ্ধ সমস্ত খরচের টাকা শোধ হওন পক্ষে পর্য্যাপ্ত হইলে উক্ত তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত ঐ দায়ের অধীন হইয়া বিক্রীত হইবে।

ডাকের টাকায় ডিক্রী ও খরচের টাকা শোধ হওন পক্ষে যথেষ্ট হইলে উক্ত তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রথমতঃ সকল দায় স্বীকার করিয়া নীলামে তুলিতে হইবে, ও যত টাকা ডাক হয় তাহাতে ডিক্রী ও খরচের টাকার শোধ হইলে বিক্রয় করা যাইবে।

ব্যাখ্যা। এই ধারায় "দায়" শব্দে যে প্রকার দায়, স্বত্ব, পেটাও পাট্টা, কি পেটাও স্বার্থ উক্ত তালুকের, পেটাওতালুকের, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের ত্রুটিকারী অধিকারী নিজ স্বার্থ হানি করিয়া আইনমতে সৃষ্টি করিতে সমর্থ হওয়াতে লিখিত ও উপযুক্তমতে রেজিষ্টরী করা দলীল ক্রমে সৃষ্টি করিয়াছেন সেই প্রকার দায় প্রভৃতি বুঝাইবে ও অন্তর্নিবিষ্ট করিবে। এরূপ স্থলে ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের খাজানা যাঁহাকে দেয় উক্ত দলীলের এক খানি প্রতিলিপি তাঁহাকে দিতে হইবে। ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ-বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৭ খণ্ডে সমনজারী করিবার যেরূপ বিধান আছে প্রত্যেক রেজিষ্টরী কার্য্যকারকের প্রতি আদেশ হইলেই তিনি উক্ত প্রতিলিপি তদ্রূপ কোন ব্যক্তির উপর সেইরূপে জারী করাইবেন। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে লিখিত ও রেজিষ্টরী করণ পক্ষে যে আইন যৎকালে খাটে তৎক্রমে উপযুক্তমতে রেজিষ্টরী করা দলীলেরদ্বারা কোন দায় সৃষ্ট হইয়া থাকিলে, এই আইন প্রচলিত হইবার পর ছয় মাসের মধ্যে কোন সময়ে উক্ত প্রতিলিপি জারী করা যাইতে পারিবে। এই ধারামত বিক্রয় হইলে যিনি ক্রেতা হন, উপরের ব্যাখ্যামত ও নির্দ্দিষ্ট দায়, স্বত্ব, পেটাও পাট্টা, ও পেটাও স্বার্থ ভিন্ন অপর কোন দায় প্রভৃতির বিষয় তাঁহার গোচর হইলে তিনি এক বৎসরের মধ্যে তাহা অসিদ্ধ কি খণ্ডন করণার্থ কার্য্য করিতে অধিকারী হইবেন।

"দায়" শব্দের অর্থ।

২০৭ ধারা। (ক) যত টাকার ডাক হয় তাহা পূর্ব্বোক্ত ডিক্রী ও খরচের টাকা শোধ হওন পক্ষে পর্য্যাপ্ত না হইলে ও তজ্জন্য ডিক্রীদার ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত দায়মুক্তভাবে বিক্রয় হয় ইহা ইচ্ছা করিলে, তাঁহার প্রার্থনামতে বিক্রয়কারি কর্ম্মকারক ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত নীলাম হইতে উঠাইয়া লইয়া প্রকাশ্যরূপে জামাইবেন যে উক্ত টাকা আদালতে দেওয়া না গেলে তাহার পর পঞ্চদশ দিনের অন্যূন কি ত্রিশ দিনের অনধিক কোন দিনে তাহা নীলামে তুলিয়া দায়মুক্তভাবে বিক্রয় করা যাইবে। ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের অন্তর্গত ভূমির কোন প্রকাশ্য স্থানে যতদীয় সুবিধা হয় উক্ত মর্ম্মের একখানি বিজ্ঞাপন লাগাইয়া দিতে হইবে। পশ্চাদুক্ত তদ্রূপ বিক্রয়ের দিনে ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত নীলামে তুলিয়া দায়মুক্তভাবে বিক্রয় করা যাইবে।

ডাক না হইলে ডিক্রীদারকে ডাকিতে হইবার কথা।

(খ) (ক) প্রকরণমতে ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত নীলামে তোলা গেলে যদি কোন ডাক না হয়, ডিক্রীদারকে ডাকিবার নিমিত্তে আদেশ করা যাইবে। তিনি ডাকিতে অসম্মত হইলে ডিক্রীমত খাতকের শরীর কি তাহার অন্য স্থাবর বা অস্থাবর সম্পত্তির উপর আর ডিক্রী জারী করিবার অধিকারী হইবেন না।

২০৮ ধারা। ২০৬ কি ২০৭ ধারামত যে প্রত্যেক বিক্রয় করা যায় তৎপ্রতি নিম্নলিখিত বিধি সকল বর্ত্তিবে :—

২০৬ কি ২০৭ ধারামত বিক্রয়ের প্রতি যে যে বিধি বর্ত্তিবে।

(১) বিক্রয় কার্য্য ২০৩ ধারার কি ২০৭ ধারার (ক) প্রকরণের বিধানমত নির্দ্দিষ্ট ও বিজ্ঞাপিত দিনে কি তাহার পর নিরূপিত কোন দিনে নীলাম করিয়া সম্পন্ন করা যাইবে, কিম্বা ইহার সুবিধা না হইলে, তাহার পর যে দিন কার্য্য চলে সেই দিনে করা যাইবে। ক্রটিকারক ভিন্ন সকল ব্যক্তিই ও ডিক্রীদার ডাকিতে পারিবেন।

(২) যিনি সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেন ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত তাঁহাকেই বিক্রয় করা গিয়া তাঁহার ডাকের টাকার মধ্যে শতকরা পঁচিশ টাকা হিসাবে টাকা অবিলম্বে জমা দিবার নিমিত্ত আদেশ করা যাইবে। তদ্রূপ জমা না দিলে ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত পুনর্ব্বার নীলামে তুলিয়া অবিলম্বে ঐ দিনেই কি ইহার সুবিধা না হইলে তাহার পর যে দিন কার্য্য চলে সেই দিনে বিক্রয় করা যাইবে; এবং যে মূল্য আদায় হয় তাহা, যে ব্যক্তি ডাকিয়া শতকরা পঁচিশ টাকা হিসাবে টাকা জমা দিতে পারেন নাই তাঁহার ডাক অপেক্ষা কম হইলে, যে টাকা কম হয় তাহা বাকী খাজানার ডিক্রী শোধের নিমিত্ত টাকা দেওয়ানার্থ আইন ক্রমে ঐ ব্যক্তির স্থানে আদায় করা যাইতে পারিবে।

(৩) খরিদের টাকার যে টাকা দিতে বাকী থাকে, বিক্রয়ের তারিখ সুদ্ধ গণনা করিয়া অষ্টম দিনে সূর্য্যাস্তের পূর্ব্বে, কিম্বা অষ্টম দিন ছুটীর দিন হইলে তাহার পর প্রথমে যে দিন কার্য্যালয় সকল খুলা থাকে সেই দিনে, তাহা দিতে হইবে। উক্ত বাকী টাকা তদ্রূপে দেওয়া না গেলে জমার টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে; ঐ তালুক পেটাও তালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত (১) ও (২) প্রকরণমতে পুনরায় বিক্রয় করা যাইবে; যে ক্রেতা পূর্ব্বোক্তমত বাকী টাকা পূরণ করিয়া দিতে অক্ষম হইলেন, উক্ত তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতে কি পরে যত টাকায় তাহা বিক্রয় হয় তাহাতে তাঁহার কোন দাওয়া থাকিবে না; এবং শেষোক্ত টাকা উক্ত ক্রেতার ডাকের টাকার কম হইলে যত টাকা কম হয়, বাকী খাজানার ডিক্রী শোধের নিমিত্তে টাকা দেওয়ানার্থ আইন ক্রমে তাহা তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

ডাকের টাকায় ডিক্রী ও খরচের টাকা শোধ না হইলে ও ডিক্রীদার দায়মুক্তভাবে বিক্রয় করিতে চাহিলে পরে নির্দ্ধারিত কোন তারিখে তদ্রূপ বিক্রয়ের আজ্ঞা করিতে পারিবার কথা।

২০৯ ধারা। (ক) খরিদের সমস্ত টাকা দেওয়া হইলে পর আদালত ঐ বিক্রয় অসিদ্ধ করণ পক্ষে কোন যথেষ্ট কারণ না থাকিলে তাহা দৃঢ় করিবেন, ও বিক্রয়ের সময়ে যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় তাঁহার নাম ও বিক্রয়ের তারিখ উল্লেখ করিয়া সার্টিফিকেট দিবেন। উক্ত ক্রেতা ৬৬ ধারার বিধানমত রেজিষ্টরী করিবার প্রার্থনা করিলে তাঁহাকে আদিষ্ট হইলে ঐ সার্টিফিকেট উপস্থিত করিতে ও দেখাইতে হইবে। ক্রেতা প্রার্থনা করিয়া প্রয়োজনীয় খরচের টাকা জমা করিয়া দিলে ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতে তাঁহাকে দখল দেওয়াইবার নিমিত্তেও প্রজা ও অন্য যে সকল ব্যক্তির সহিত ঐ বিষয়ের কোন সম্পর্ক থাকে তাঁহাদিগকে বিক্রয়ের কথা জ্ঞাপন করিবার নিমিত্তে কোন কর্ম্মচারীকে প্রেরণ করিবেন।

মূল্য দেওয়া গেলে বিক্রয় দৃঢ় করা যাইবে, ক্রেতাকে সার্টিফিকেট দিতে হইবে ও তাঁহাকে দখল দেওয়াইবার জন্যে কোন কর্ম্মচারীকে পাঠাইতে হইবে।

(খ) (ক) প্রকরণমত সার্টিফিকেট প্রাপ্ত প্রত্যেক খরিদারের প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের ৩১৭ ধারার সমস্ত বিধান বর্ত্তিবে।

বেনামী খরিদারকে স্বীকার করা যাইবে না।

২১০ ধারা। ২০৭ ধারার (ক) প্রকরণের বিধানক্রমে যে ব্যক্তি কোন তালুক, পেটাও-তালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত ক্রয় করেন, তিনি ঐ তালুকাদির উপর তাহার কোন স্বামী কি তাঁহার স্থলাভিষিক্ত কি সপক্ষ কর্ম্মকারক কর্ত্তৃক আইনমতে সৃষ্ট দায় ভিন্ন অন্য কোন দায় বর্ত্তান গিয়া থাকিলে এক বৎসরের মধ্যে উক্ত সমস্ত দায় অসিদ্ধ ও খণ্ডন করণার্থ কার্য্য করিবার অধিকারী হইবেন। কিন্তু প্রথমোক্ত সকল দায় সৃষ্টি করণের স্বত্ব ঐ তালুকাদির স্বামী লিখিত যে নিয়মপত্রক্রমে প্রথমতঃ অধিকার পান তৎক্রমে কিম্বা ঐ অধিকারদাতার নিজের কি তাহার স্থলাভিষিক্ত কি সপক্ষ কর্ম্মকারকের পশ্চাৎদত্ত লিখিত ক্ষমতাপত্রক্রমে স্পষ্টাক্ষরে প্রদত্ত হওয়া আবশ্যক।

২০৭ ধারার (ক) প্রকরণমত ক্রেতা ঐ তালুক, পেটাও-তালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতে ভূম্যধিকারীর লিখিত ক্ষমতাপত্র বিনা কোন দায় সৃষ্ট হইয়া থাকিলে তাহা হইতে মুক্ত বিবেচনায় ঐ তালুকাদি গ্রহণ করিতে পারিবেন।

পরন্তু তদ্রূপ কোন ক্রেতাই খোদকস্ত রায়ত কি ঐ স্থানে বাস করিয়া যে ব্যক্তিরা পুরুষানুক্রমে কৃষিকার্য্য করিয়া থাকে, তাহাদিগকে উচ্ছেদ করিতে কি ঐ রায়ত কি কৃষকদিগের সহিত সরলভাবে কোন নিয়মপত্রাদি হইয়া থাকিলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন না। কিন্তু উক্ত ক্রেতা খাজানা নিরূপণ করিবার নিমিত্তে রীতিমত মোকদ্দমা করিলে তাহাতে যদি এরূপ প্রমাণ হয় যে তদ্রূপ নিয়মপত্র করিবার সময় অধিকতর খাজানা ন্যায়তঃ পাওয়া যাইতে পারিত, তাহা হইলে সেই স্থল বর্জ্জিত স্থল বিবেচনা হইবে।

উপাবধি। খোদকস্ত রায়ত কি ঐ স্থানবাসী পুরুষানুক্রমে কৃষিকার্য্যকারীদের উচ্ছেদ না করিতে পারিবার কথা।

ইহাও বিধান হইল যে, কোন স্থলে ডিক্রীমত খাতক আপনি কি অন্য কোন ব্যক্তি ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত দায়মুক্ত করিবার অভিপ্রায়ে তাঁহার সহিত প্রবঞ্চনাভাবে যোগ করিয়া কার্য্যকরণ ক্রেতা হইলে তদ্রূপ কোন দায় অসিদ্ধ করা যাইতে পারিবে না।

ডিক্রীমত খাতক কি তাঁহার সহিত যোগ করিয়া অন্য ব্যক্তি ক্রয় করিলে দায় অসিদ্ধ না হইতে পারিবার কথা।

উক্ত বিধান প্রবল মানিয়া তদ্রূপ কোন ক্রেতা তাঁহার ক্রীত তালুক, পেটাও তালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের অন্তর্গত ভূমি কোন প্রজার অধিকারে থাকিলে এই আইনের বিধানক্রমে তাহার খাজানা বৃদ্ধি করণার্থ কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন। কিন্তু এই আইনে যেরূপ বিধান আছে তদ্ভিন্ন কোন রূপেই কোন প্রজাকে উচ্ছেদ করা যাইতে পারিবে না।

ক্রেতা আইনমত খাজানা বৃদ্ধি করিতে পারিবেন, কিন্তু এই আইনের বিধিমত ভিন্ন কোন প্রকারে উচ্ছেদ করিতে পারিবেন না।

২১১ ধারা। বিক্রয়োৎপন্ন টাকার ব্যবহারসম্বন্ধে নিম্নলিখিত বিধি পালন করিয়া কার্য্য করিতে হইবে, অর্থাৎ—

বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে, তদ্বিষয়ক বিধি।

(১) ঐ তালুক, পেটাওতালুক কি দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করাইতে ডিক্রীদারের যে খরচ হইল তাঁহাকে প্রথমতঃ সেই খরচের টাকা দিতে হইবে।

বিক্রয় করণের খরচ প্রথমে দিতে হইবে।

(২) যে ডিক্রীজারী করিবার নিমিত্তে ঐ যোত বিক্রয় করা গেল, সেই ডিক্রী ক্রমে যত টাকা পাওনা হয় তাহার পর ডিক্রীদারকে সেই টাকা দিতে হইবে।

পরে ডিক্রীর টাকা শোধ করিতে হইবে।

(৩) উক্ত সমস্ত টাকা শোধ হইয়াও টাকা উদ্বর্ত্ত থাকিলে, ডিক্রীদ্বারা সকলের শেষ যে বাকী খাজানা আদায় হইল, তাহা দেয় হইবার তারিখের পর ঐ তালুক, পেটাও-তালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের কোন খাজানা ডিক্রীদারের পাওনা হইয়া থাকিলে উক্ত উদ্বর্ত্ত টাকা হইতে ঐ খাজানা দেওয়া যাইতে পারিবে। কিন্তু ডিক্রীদার যে মোকদ্দমায় ঐ ডিক্রী পাইলেন, কোন খাজানা তাহার মধ্যে ধরা যাইতে পারিলে তিনি এই বিধিমতে তাহা আদায় করিতে ও কোন স্থলেই শেষ ডিক্রীর তারিখের পর ছয় মাসের অধিক কালের খাজানা পাইতে পারিবেন না। ডিক্রীদারের তদ্রূপ খাজানা পাইবার স্বত্ববিষয়ে ডিক্রীমত খাতক বিবাদ উপস্থিত করিলে, আদালত তাহার নিষ্পত্তি করিবেন ও ঐ নিষ্পত্তি ডিক্রীর ন্যায় প্রবল হইবে।

টাকা যদি উদ্বর্ত্ত থাকে, ডিক্রীক্রমে যে বাকী খাজনা আদায় হইল তাহার পর খাজানা দেনা পড়িয়া থাকিলে ঐ টাকা হইতে দেওয়া যাইতে পারিবে।

(৪) ৩ প্রকরণের উল্লিখিত খাজানা শোধ হইবার পরেও টাকা উদ্বর্ত্ত থাকিলে তাহা ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

ঐ খাজানা দিয়াও টাকা উদ্বর্ত্ত থাকিলে তাহা ডিক্রীমত খাতককে দিতে হইবে।

২১২ ধারা। (ক) ডিক্রীদার নীলামের কথা প্রকাশ করণে কি নীলামের কার্য্য চালাওনে গুরুতর বেঁাড়া হইয়াছে ও তৎপ্রযুক্ত তাঁহার গুরুতর হানি হইয়াছে বলিয়া আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন, এবং গুরুতর বেঁাড়া ও তদ্রূপ গুরুতর হানি প্রমাণ হইলে আদালত ঐ নীলাম অসিদ্ধ করিতে পারিবেন, অন্যথা নহে।

গুরুতর বেঁাড়া প্রযুক্ত গুরুতর হানি হওয়া প্রমাণ হইলেই কেবল বিক্রয় অসিদ্ধ করা যাইতে পারিবে।

(খ) কোন স্থলে বিক্রয় অসিদ্ধ করণের আজ্ঞা হইলে ঐ আজ্ঞাক্রমে আদালতের বিবেচনানুসারে সুদ সহিত কি সুদ বিনা খরিদের সমস্ত টাকা ক্রেতাকে ফিরিয়া দেবার আদেশ হইবে। কোন ব্যক্তির হস্তে খরিদের উক্ত টাকা কি তাহার কোন অংশ গিয়া থাকিলে ও তাঁহার উপর নোটিস্ জারী করা হইলে তাঁহার উপর আদালত টাকার ডিক্রীর ন্যায় উক্ত আজ্ঞা প্রবল করিতে পারিবেন।

নীলাম অসিদ্ধকরণ আজ্ঞাক্রমে খরিদের টাকা ফিরিয়া দিবার আদেশ হইবে ও ঐ আজ্ঞা টাকার ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে।

(গ) ক্রেতা ঐ তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোতের অধিকার প্রাপ্ত হইয়া সেই তালুক, পেটাওতালুক বা দখলীস্বত্ববিশিষ্ট যোতের ভূম্যধিকারীকে কোন খাজানা দিয়া থাকিলে ও কোন খাজানা কি লভ্য প্রাপ্ত হইয়া থাকিলে আদালত ঐ সমস্ত টাকার হিসাব করিয়া কোন টাকা বাকী থাকিলে যিনি তাহা পাইবার অধিকারী তাঁহাকে দিবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা ডিক্রীর ন্যায় প্রবল হইবে, কিন্তু উক্ত হিসাব লওন জন্য ডিক্রীমত খাতকের পুনর্ব্বার অধিকার পাইবার বিলম্ব হইতে দেওয়া যাইবে না।

ডিক্রীমত খাতক অধিকার পাইলে আদালতের হিসাব লইতে পারিবার কথা।

২১৩ ধারা। নিম্নলিখিত স্থলে অর্থাৎ—(১) কোন তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত তৎসম্পর্কে বাকী খাজানার ডিক্রীজারীক্রমে বিক্রয় হইলে ও বিক্রয়োৎপন্ন টাকাতে ডিক্রীর টাকা শোধ না হইলে;

যে যে স্থলে ডিক্রীমত খাতকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় দ্বারা এবং তাঁহাকে ধৃত ও কারাবদ্ধ করিয়া ডিক্রী প্রবল করা যাইতে পারিবে।

(২) তালুক, পেটাওতালুক, কি দখলীস্বত্ববিশিষ্ট যোত না হইয়া অন্য কোন ভূমি সম্পর্কে বাকী খাজানার ডিক্রী হইলে;

(৩) খাজানা কি আবোয়াব অবৈধমতে বলপূর্ব্বক লওয়াতে কি রসীদ দিতে অস্বীকার করাতে ক্ষতিপূরণের ডিক্রী হইলে;

(৪) খরচের নিমিত্তে ডিক্রী হইলে, ঐ ডিক্রী নিম্নলিখিত সকল কি তাহার অন্যতর কোন উপায়দ্বারা প্রবল করা যাইতে পারিবে, অর্থাৎ (ক) ডিক্রীমতখাতকের অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা, (খ) ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয়করণদ্বারা, (গ) ও ডিক্রীমত খাতককে ধৃত ও কারাবদ্ধ করণদ্বারা।

স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয়-করণবিষয়ক বিধি।

২১৪ ধারা। দেওয়ানী কার্য্যবিধান আইনের নিম্নলিখিত ধারা, এই অধ্যায়ের বিধানমতে যে সমস্ত মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায়, তাহার ডিক্রীজারী করণের প্রতি বর্ত্তিবে, অর্থাৎ—

স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণ সম্পর্কীয় দেওয়ানী কার্য্যবিধি আইনের বিধান এই অধ্যায়মত উপস্থাপিত ও বিচারিত মোকদ্দমার ডিক্রীজারীর প্রতি বর্ত্তিবে।

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনাপত্রের সহিত নির্ঘণ্টপত্র দিতে হওন বিষয়ক ২৩৬ ধারা;

স্থাবর সম্পত্তিক্রোক করিবার প্রার্থনা হইলে যে যে বৃত্তান্ত লিখিতে হইবে তদ্বিষয়ক ২৩৭ ধারা;

প্রার্থনাপত্রের সহিত বেহলে কালেক্টর সাহেবের রেজিষ্টর হইতে উদ্ধৃত কথা দিতে হইবে, তদ্বিষয়ক ২৩৮ ধারা;

টাকার ডিক্রী হইলে ক্রোক করা সম্পত্তির মূল্য যতদূর হইতে পারে, ডিক্রীর টাকার তুল্য হওয়া উচিত, ইহার বিধান ২৪৫ ধারার যে অংশে আছে সেই অংশ;

ডিক্রীজারীক্রমে যে যে প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারে তদ্বিষয়ক ২৬৬ ধারা;

ব্যক্তিদিগকে ডাকাইয়া যে সম্পত্তি ধৃত হইতে পারিবে তদ্বিষয়ে জিজ্ঞাসাবাদকরণসংক্রান্ত ২৬৭ ধারা;

ঋণ ও ন্যায় ও অন্য যে সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে নাই, তাহার ক্রোকবিষয়ক ২৬৮ ধারা;

প্রতিবাদীর অধিকারে যে অস্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোককরণ ও পশ্চাদি ক্রোক করা গেলে তাহার আহারাদির বিধিকরণ বিষয়ক ২৬৯ ধারা;

ক্রেয়-বিক্রেয় নিদর্শনপত্র ক্রোককরণবিষয়ক ২৭০ ধারা;

ঘরের ও অন্তঃপুরের মধ্যে সম্পত্তি ধৃতকরণ বিষয়ক ২৭১ ধারা;

সম্পত্তি আদালতে কি গবর্ণমেণ্টের কর্ম্মচারীর নিকট গচ্ছিত থাকিলে তাহা ক্রোককরণ বিষয়ক ২৭২ ধারা;

টাকার ডিক্রী ও অন্য ডিক্রী ক্রোক করিবার ও ডিক্রীদারের পক্ষে সন্ধান জানাইতে হওন বিষয়ক ২৭৩ ধারা;

স্থাবর সম্পত্তি ক্রোককরণ বিষয়ক ২৭৪ ধারা;

ডিক্রীমত কার্য্যসাধন হইলে পর ক্রোক উঠাইয়া লওন বিষয়ক ২৭৫ ধারা;

ক্রোক হইবার পর সম্পত্তি গোপনে হস্তান্তর করা গেলে ব্যর্থ হওন বিষয়ক ২৭৬ ধারা;

মুদ্রা কি নোট ক্রোক করা গেলে তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিকে দিতে আদালতের আজ্ঞা করিতে পারন এতদ্বিষয়ক ২৭৭ ধারা;

ক্রোককরা সম্পত্তির উপর দাওয়ার ও ক্রোক করিবার আপত্তি অনুসন্ধান লওন ও নীলাম স্থগিত করণ বিষয়ক ২৭৮ ধারা;

দাওয়াদারের যে সাক্ষ্য উপস্থিত করিতে হইবে তদ্বিষয়ক ২৭৯ ধারা;

ক্রোক হইতে সম্পত্তি মুক্তকরণ বিষয়ক ২৮০ ধারা;

ক্রোককরা সম্পত্তির মুক্ত হওয়ার দাওয়া অগ্রাহ্যকরণবিষয়ক ২৮১ ধারা;

অন্য ব্যক্তির দাওয়ার অধীনে সম্পত্তি ক্রোক থাকাবিষয়ক ২৮২ ধারা;

ক্রোকী সম্পত্তির উপর স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা হইতে পারন বিষয়ক ২৮৩ ধারা;

ক্রোককরা সম্পত্তি বিক্রয় করিয়া স্বত্ববান্ ব্যক্তিদিগকে টাকা দিতে আদালতের আজ্ঞা করণের ক্ষমতা বিষয়ক ২৮৪ ধারা;

নানা আদালতের ডিক্রীজারীক্রমে সম্পত্তি ক্রোক হইলে তদ্বিষয়ক ২৮৫ ধারা;

যাহারদ্বারা ও যেরূপে নীলাম হইবে তদ্বিষয়ক ২৮৬ ধারা;

প্রকাশ্য নীলামদ্বারা বিক্রয়ের ঘোষণাবিষয়ক ২৮৭ ধারা;

বিচারপতি প্রভৃতির নিষ্কৃতি পাওনবিষয়ক ২৮৮ ধারা;

ঘোষণা যেরূপে করা যাইবে তদ্বিষয়ক ২৮৯ ধারা;

নীলাম হইবার সময় বিষয়ক ২৯০ ধারা;

নীলামের দিনান্তর নিরূপণ করণ ও দেনা ও খরচা দিবার

প্রস্তাব হইলে ও দেওয়ার প্রমাণ হইলে নীলাম স্থগিত করণের ক্ষমতা বিষয়ক ২৯১ ধারা ;

ডিক্রীজারীক্রমে নীলামে যে কর্ম্মচারীদের সম্পর্ক থাকে বিক্রীত সম্পত্তির নিমিত্ত তাঁহাদের না ডাকিবার ও তাহা ক্রয় না করণবিষয়ক ২৯২ ধারা ;

পুনশ্চ বিক্রয় করিয়া কম মূল্য পাওয়া গেলে ত্রুটিকারী ক্রেতার দায়ী হওনবিষয়ক ২৯৩ ধারা ;

ডিক্রীদার অনুমতি না পাইলে সম্পত্তির নিমিত্ত তাঁহার ডাকিতে কি সম্পত্তি ক্রয় করিতে না পারন ও ক্রয় করিলে মূল্য পরিশোধে ডিক্রীর টাকা লওনবিষয়ক ২৯৪ ধারা ;

ডিক্রীজারীক্রমে নীলামোৎপন্ন টাকা হারহারিমতে ডিক্রীদারদের মধ্যে বাঁটিয়া দেওন ও বন্ধকী সম্পত্তি বিক্রয় হইলে তদ্বিষয়ের উপর বিধি সম্পর্কীয় ২৯৫ ধারা ;

ক্রয় বিক্রয় নিদর্শনপত্র ও প্রকাশ্য কোম্পানির শ্যারের বিধিবিষয়ক ২৯৬ ধারা ;

অস্থাবর সম্পত্তি বিক্রয় হইলে তাহার টাকা দেওন বিষয়ক ২৯৭ ধারা ;

অস্থাবর সম্পত্তি বিক্রয় করিলে দাঁড়ার দোষ হইলে বিক্রয় অসিদ্ধ না হওন কিন্তু ক্ষতিগ্রস্ত ব্যক্তির নালিশ করিতে পারণ বিষয়ক ২৯৮ ধারা ;

প্রতিবাদীর অস্থাবর সম্পত্তি ধৃত হইলে ক্রেতাকে তাহা দেওন বিষয়ক ২৯৯ ধারা ;

ডিক্রীমত খাতক অন্যের দাওয়ার অধীনে যে অস্থাবর সম্পত্তির স্বত্ববান হন তাহা দেওন বিষয়ক ৩০০ ধারা ;

ঋণ ও প্রকাশ্য কোম্পানীর শ্যার দেওয়াওন বিষয়ক ৩০১ ধারা ;

ক্রয় বিক্রয় নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিয়া দেওন বিষয়ক ৩০২ ধারা ;

অন্য সম্পত্তির অর্পণ করণসূচক আজ্ঞা বিষয়ক ৩০৩ ধারা;

স্থাবর সম্পত্তি নীলাম করণ বিষয়ক ৩০৪ ধারা ;

স্থাবর সম্পত্তির ক্রেতার আমানত বিষয়ক ৩০৬ ধারা ;

সমুদয় টাকা দিবার সময় বিষয়ক ৩০৭ ধারা ;

টাকা দেওয়ার ত্রুটি হইলে কার্য্যপ্রণালীবিষয়ক ৩০৮ ধারা;

স্থাবর সম্পত্তি পুনরায় বিক্রয় করিতে হইলে জ্ঞাপন পত্র বিষয়ক ৩০৯ ধারা ;

ডিক্রীজারীক্রমে অবিভক্ত মহালের একাংশ বিক্রয় হইলে মূল্য ডাক করণে সহ অংশীর অগ্রগণ্য হওন বিষয়ক ৩১০ ধারা ;

(১) গুরুতর বেদাঁড়া ও (২) গুরুতর হানি না হইলে স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ না হওন বিষয়ক ৩১১ ধারা ;

আপত্তি গ্রাহ্য কিম্বা অগ্রাহ্য হওয়ার ফল বিষয়ক ৩১২ ধারা :

বিক্রয় অসিদ্ধ করিবার প্রার্থনা করণের ক্ষমতা বিষয়ক ৩১৩ ধারা ;

বিক্রয় সিদ্ধ করণ বিষয়ক ৩১৪ ধারা ;

বিক্রয় অসিদ্ধ হইলে ক্রেতাকে মূল্য ফিরিয়া দেওন বিষয়ক ৩১৫ ধারা ;

স্থাবর সম্পত্তির ক্রেতাকে সর্টিফিকেট দেওন বিষয়ক ৩১৬ ধারা ;

বেনামী খরিদারকে না স্বীকার করণ বিষয়ক ৩১৭ ধারা ;

ডিক্রীমত খাতকের অধিকারগত স্থাবর সম্পত্তি দেওন বিষয়ক ৩১৮ ধারা ;

প্রজার অধিকারস্থ স্থাবর সম্পত্তি দেওন বিষয়ক ৩১৯ ধারা ;

কালেক্টর সাহেবের প্রতি স্থাবর সম্পত্তি নীলাম করিয়া ডিক্রীর টাকা শোধ হইবার বিধান করিবার ক্ষমতা দেওন বিষয়ে আদালতের ক্ষমতা সম্পর্কীয় ৩২৬ ধারা ;

টাকার ডিক্রীজারীক্রমে ভূমি বিক্রয়ের স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক বিধি প্রণয়ন বিষয়ক ৩২৭ ধারা ;

ডিক্রীজারী করিবার বাধা দেওয়া গেলে কার্য্যপ্রণালী বিষয়ক ৩২৮ ধারা ;

ডিক্রীমত খাতকের দ্বারা কি তাঁহার প্রবৃত্তিক্রমে বাধকতা হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ৩২৯ ধারা ;

বাধা ক্রমাগত হইতে থাকিলে কার্য্যপ্রণালী বিষয়ক ৩৩০ ধারা ;

ডিক্রীমত খাতক ভিন্ন কোন দাওয়াদার সরল মনে বাধকতা করিলে কার্য্যপ্রণালী বিষয়ক ৩৩১ ধারা ;

যে ব্যক্তিকে বেদখল করা গেল তিনি ডিক্রীদারের অধিকার পাইবার স্বত্ববিষয়ে বিবাদ করিলে কার্য্যপ্রণালী বিষয়ক ৩৩২ ধারা ;

৩৩১ ও ৩৩২ ধারামত যে যে আজ্ঞা করা যায় তাহা ডিক্রীর তুল্য বলবৎ হওন ও তাহার উপর আপীল হইতে পারন বিষয়ক ৩৩৩ ধারা ।

ক্রেতাদের স্থাবর সম্পত্তির অধিকার পাইবার বাধা কি প্রতিকূলাচরণ বিষয়ক ৩৩৪ ধারা, ও

প্রতিবাদী ভিন্ন কোন দাওয়াদার বাধক হইলে তদ্বিষয়ক ৩৩৫ ধারা ।

ধৃত ও কারাবদ্ধকরণবিষয়ক বিধান।

ডিক্রীমত খাতক ধৃত করা যায় তিনি ডিক্রীর টাকা শোধ করিতে না পারিলে তাঁহাকে কারাবদ্ধ করণ কি কারাগারে তাঁহাকে আটকাইয়া রাখনের আজ্ঞা।

২১৫ ধারা। ডিক্রীমত খাতক ১৭৭ ধারার বিধানমতে উপস্থিত হইবার জামীন দিয়া আদালতে উপস্থিত থাকিলে, কিম্বা ঐ ধারার বিধানমত তাঁহাকে কারাগারে অর্পণ করা গেলে ডিক্রীদারের প্রার্থনাক্রমে ও তিনি দেওয়ানী কার্য্যবিধান আইনের ৩৩৯ ধারার বিধানমত খোরাকীর টাকা আমানত করিলে, আদালত ২১৬ ধারার বিধান প্রবল মানিয়া, উক্ত ডিক্রীমত খাতক তৎক্ষণাৎ ডিক্রীর টাকা না দিলে কারাগারে অর্পিত হন বা তথায় বদ্ধ থাকেন এইরূপ আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ প্রার্থনা না হইলে ও ডিক্রীমত খাতক কারাবদ্ধ থাকিলে, বিচার প্রকাশ করিবার সম্পূর্ণ তিন দিন পরে তাঁহাকে মুক্ত করা যাইবে।

প্রতিভূ ডিক্রীমত খাতককে আসেধে অর্পণ না করিলে তাঁহারই বিরুদ্ধে পরওয়ানা জারী করিতে পারা যাইবে।

২১৬ ধারা। ডিক্রীমত খাতক উপস্থিত হইবার জামিন দিয়া বিচার প্রকাশের সময় উপস্থিত না হইলে, ও প্রতিভূর প্রতি আদেশ হইলে তিনি উক্ত খাতককে আসেধে অর্পণ না করিলে, ঐ প্রতিভূর বিরুদ্ধে খাতকের দেয় টাকার ডিক্রী হইলে যেরূপ হইত, সেইরূপে ডিক্রীজারীর পরওয়ানা বাহির করা যাইতে পারিবে।

ধৃত ও কারাবদ্ধকরণ বিষয়ক দেওয়ানী কার্য্যবিধান আইনের কএক ধারা এই অধ্যায়মত ডিক্রীজারীর প্রতি বর্ত্তিবে।

২১৭ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও নিষ্পত্তি করা যায় তাহার ডিক্রীজারীর প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের নিম্নলিখিত ধারাসমূহের বিধান বর্ত্তিবে, অর্থাৎ—

ডিক্রীমত খাতকের কারাবদ্ধ হওনের স্থান, ঘরের মধ্যে ধৃত হওন ও টাকা দিলে মুক্ত হওন বিষয়ক ৩৩৬ ধারা ;

ধরিয়া আনিবার পরওয়ানায় ডিক্রীমত খাতককে আনিবার আজ্ঞা বিষয়ক ৩৩৭ ধারা ;

যে হারে খোরাকী পাওয়া যাইবে তদ্বিষয়ক ৩৩৮ ধারা ;

ডিক্রীমত খাতকের খোরাকী গচ্ছিত-করণ বিষয়ক ৩৩৯ ধারা ;

ডিক্রীর টাকার উপর খোরাকী চড়াইয়া দেওন-বিষয়ক ৩৪০ ধারা ;

ডিক্রীমত খাতককে ছাড়িয়া দেওন বিষয়ক ৩৪১ ধারা ;

যত দিন কারাবদ্ধ হইবে তদ্বিষয়ক ৩৪২ ধারা ; ও

পরওয়ানার পৃষ্ঠে লিপিবিষয়ক ৩৪৩ ধারা ;

এই অধ্যায়মত মোকদ্দমার প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের বিবিধ বিধান বর্ত্তিবার বিধি।

২১৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায় তাহার প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের নিম্নলিখিত অধ্যায় ও ধারা বর্ত্তিবে অর্থাৎ ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে তদ্বিষয়ক ২০ (বিংশ) অধ্যায় ;

এই অধ্যায়মত মোকদ্দমার প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের কোন কোন অধ্যায় ও ধারা সাধারণতঃ বর্ত্তিবে।

কোন পক্ষের মৃত্যু কি বিবাহ, কি ঋণ শোধকরণের অক্ষমতা হইলে তদ্বিষয়ক ২১ (এক বিংশ) অধ্যায় ;

মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে মিটাইয়া দেওন বিষয়ক ২২ (দ্বাবিংশ) অধ্যায় ;

৩৯৬ ধারা ভিন্ন ক্ষমতাপত্রবিষয়ক বিধি সংক্রান্ত ২৫ (পঞ্চবিংশ) অধ্যায় ;

গবর্ণমেণ্টের কিম্বা রাজকীয় কর্ম্মচারীদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক ২৭ (সপ্তবিংশ) অধ্যায় ;

সমবায়িত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক ২৯ (ঊনত্রিংশ) অধ্যায় ;

ট্রষ্টী ও উইলক্রমে নিরূপিত কর্ম্ম সম্পাদক ও দ্রব্য নিরূপণাধিকারীদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক ৩০ (ত্রিংশ) অধ্যায় ;

নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক ৩১ (একত্রিংশ) অধ্যায় ;

সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমাবিষয়ক ৩২ (দ্বাত্রিংশ) অধ্যায় ; ও

বিবিধ বিধি সম্পর্কীয় ৪৯ (ঊনপঞ্চাশৎ) অধ্যায়ের ৬৪০, ৬৪১, ৬৪২, ৬৪৩, ৬৪৫, ৬৪৮, ৬৫১ ও ৬৫২ ধারা।

আপীল বিষয়ক বিধি।

২১৯ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও নিষ্পত্তি করা যায় তাহার প্রতি এই আইনের ১৫৭ ধারার বিধান প্রবল মানিয়া মূল ডিক্রীর উপর আপীল-বিষয়ক দেওয়ানী কার্য্যবিধান আইনের ৪১ অধ্যায়ের ও আপীলী ডিক্রীর উপর আপীলবিষয়ক উক্ত আইনের ৪২ অধ্যায়ের বিধান বর্ত্তিবে।

মূল ও আপীলী ডিক্রী দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধানক্রমে হইবার কথা।

২২০ ধারা। ২১৯ ধারায় লিখিত বিপরীত কোন কথা থাকিলেও বাকী খাজানার নিমিত্ত কোন মোকদ্দমা উপস্থিত হইয়া দাওয়ার টাকা দশ টাকার অনধিক হইলে, ও তদ্রূপ মোকদ্দমায় প্রজার খাজানা বৃদ্ধি কি পরিবর্ত্তন করিবার স্বত্বের বিচার না হইলে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে এই ধারামত চূড়ান্ত বিচার করণের ক্ষমতা-প্রাপ্ত কোন মুন্‌সেফ কি বিচার সংক্রান্ত অন্য কর্ম্মচারীকর্ত্তৃক ঐ মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি হইয়া থাকিলে তাহার উপর আপীল হইবে না। জিলার জজ সাহেব তদ্রূপ যে মোকদ্দমা নিষ্পত্তি হয়, তাহার কাগজপত্র চাহিয়া লইতে ও কার্য্যপ্রণালী কি নিষ্পত্তিগত কোন গুরুতর ভ্রম, কি ত্রুটি কি বেদাঁড়া বশতঃ ন্যায় বিচারের হানি হইয়াছে ইহা তাঁহার হৃদ্বোধ হইলে যে আজ্ঞা করা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। উক্ত আজ্ঞা চূড়ান্ত হইবে।

জিলার জজ সাহেবের পুনরালোচনার ক্ষমতা থাকিবে।

২২১ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায় তাহার প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের ৪৩ অধ্যায়ে কোন আজ্ঞার উপর আপীল বিষয়ক যে সমস্ত বিধান আছে তাহা বর্ত্তিবে। কিন্তু ২২০ ধারার উল্লিখিত কোন মোকদ্দমাতে জিলার জজ কি আডিশ্যানাল জজ যে আজ্ঞা করেন তাহার উপর আপীল হইবে না।

কোন আজ্ঞার উপর দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধান অনুসারে আপীল হইবে। বর্ত্তিবে বিধি।

বিচার পুনরালোচনা করণবিষয়ক বিধি।

২২২ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায়, তাহার প্রতি এই আইনের ১৫৮ ধারার বিধান প্রবল মানিয়া বিচার পুনরালোচনা বিষয়ক দেওয়ানী কার্য্যবিধান আইনের ৪৭ অধ্যায়ের সমস্ত বিধান বর্ত্তিবে।

বিচার পুনরালোচনা সম্পর্কে দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধান প্রবল হইবে।

২২৩ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত ও বিচার করা যায়, তাহার প্রতি দেওয়ানী কার্য্যবিধান আইনের ১৩ ধারার বিধান বর্ত্তিবে। কিন্তু তদ্রূপ কোন মোকদ্দমায় স্থাবর সম্পত্তিগত স্বত্ব কি স্বার্থ সংক্রান্ত কোন বিষয়ের নিষ্পত্তি হইলে উক্ত নিষ্পত্তিক্রমে এই অধ্যায়ের বিধানানুযায়ী না হইয়া দেওয়ানী কার্য্যবিধান আইনের বিধানমতে বিচারিত কোন মোকদ্দমায় ঐ বিষয়ের আবার বিচার হইবার বাধা হইবে না।

পূর্ব্বে নিষ্পত্তি করা বিষয়ের কথা। উপবিধি।

২২৪ ধারা। এই অধ্যায়মতে যে মোকদ্দমা উপস্থিত করা যায়, কি বিচারাধীন থাকে কোন পক্ষ তৎসম্পর্কে কোন প্রয়োজনীয় পরওয়ানা জারী করণের খরচ দিতে অসমর্থ কোন দেওয়ানী আদালতের ইহা হৃদ্বোধ হইলে ঐ আদালত বিনাব্যয়ে উক্ত পরওয়ানা জারী হইবার আদেশ করিতে পারিবেন।

বিনা খরচে পরওয়ানা জারী করণের ক্ষমতা।

২২৫ ধারা। এই অধ্যায়ের বিধান ক্রমে কি এই অধ্যায়ে দেওয়ানী কার্য্যবিধান আইনের যে সমস্ত বিধানের উল্লেখ আছে তৎক্রমে কোন উকীল যে কার্য্য করিতে পারেন মুন্‌সেফী আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ঐ মোকদ্দমা সম্পর্কে ১৮৭৯ সালের, ১৮ আইনের ১০ ধারার উপবিধিতে যে রেবিনিউ এজেণ্টের উল্লেখ আছে, তাঁহারাও তাহা করিতে পারিবেন।

মুন্‌সেফী আদালতে রেবিনিউ এজেণ্টদের উকীলের কার্য্য করিতে পারিবার কথা।

বাকী খাজানার মোকদ্দমার দাওয়া দশ টাকার অনধিক হইলে আপীল হইবে না।

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

বৎসর ও সংখ্যা।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত হইল।
	বঙ্গদেশীয় ব্যবস্থা।	
১৭৯৩ সা, ৮ আ,	সুবেজাৎ বাঙ্গালা ও বেহার ও উড়িশ্যার সমস্ত জমীদার ও হুজুরীতালুকদার প্রভৃতি ভূম্যধিকারীদিগের সহিত সরকারের মালগুজারীর অর্থে দশসনী বন্দোবস্তের বিষয়ের যে সকল আইন ইংরেজী ১৭৮৯ সালের ১৮ সেপ্টেম্বর ও ২৫ নবেম্বর এবং ইংরেজী ১৭৯০ সালের ১০ ফিব্রুয়ারি ও তাহার পর যে যে তারিখে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার পরিবর্ত্তে পরিষ্কার ও দুরস্ত করিবার আইন।	৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৬৪, ও ৬৫ ধারা।
১৮০৫ সা, ১২ আ,	এক্ষণে মেদিনীপুর জিলার অন্তর্গত পটেশপুর ও কুমারদিচর ও বাগড়ী পরগণাসুদ্ধ কটক জিলায় সাধারণ রাজস্বের বন্দোবস্ত ও আদায় বিষয়ক আইন।	৭ ধারা।
১৮১২ সা, ৫ আ,	ভূমির মালগুজারী তহসীলের বিষয়ে যে সকল দাঁড়া এক্ষণে চলন আছে, তাহার কোন কোন দাঁড়া শুধরিবার ও সাবিবার নিমিত্ত আইন।	২, ৩, ৪, ২৬ ও ২৭ ধারা।
১৮১২ সা, ১৮ আ,	ইংরেজী ১৮১২ সালের ৫ আইনের ২ ধারার মর্ম্ম সুস্পষ্ট ও বিবরণ করিয়া লিখিবার ও ইংরেজী ১৭৯৩ সালের ৪৪ আইনের ৩ ও ৪ ধারা ও ১৭৯৫ সালের ৫০ আইনের ৩ ও ৪ ধারা রদ ও রহিত করিবার ও ঐ সকল ধারার লিখিত দাঁড়া সকলের পরিবর্ত্তে নূতন দাঁড়া নির্দ্দিষ্ট করিবার আইন।	হেতুবাদ ও ২ ও ৩ ধারা।
১৮১৯ সা, ৮ আ,	কোন২ অধিকার সিদ্ধ হওন ও তৎসম্পর্কীয় করার দাদ সঙ্গত হওনের কথা স্পষ্ট করিয়া লিখনের ও জমীদারদিগের ও পত্তনীতালুকদার ওগয়রহের পরস্পর স্বত্বের বিবরণের ও জমীদারের বাকীর নিমিত্তে নীলাম হওনের নক্‌শা নির্দ্দিষ্ট করণের ও তাহার প্রকার ও নিয়মের বিবরণের ও বাঙ্গালাদেশের জমীদারদিগের ও তালুকদারদিগের তহসীলের দাঁড়ার মধ্যে পূর্ব্বের নির্দ্ধারিত কোন২ দাঁড়ার তাৎপর্য্য স্পষ্ট করণের ও তাহার কোন২ দাঁড়া শুধরণের নিমিত্ত আইন।	সম্পূর্ণ আইন।
১৮২০ সা, ১ আ,	যদি জমীদারের বাকী তাহার তালুকদারের শিরে পড়ে ও সে নিমিত্তে জমীদার তালুক নীলাম করাইবার ক্ষমতা পায় তবে সেই নীলাম ইংরেজী ১৮১৯ সালের ৮ আইনের নীলামের মতে হইবার নিমিত্ত আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সা, ১১ আ,	চরের কি কোন নদী কি সমুদ্র স্থান ত্যাগ করণ প্রযুক্ত যে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যে২ হুকুমেতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক, সেই২ হুকুম প্রকাশ করিবার নিমিত্ত আইন।	৪ ধারার ১ প্রকরণের "এবং ঐ বৃদ্ধি হওয়া ভূমি যদি কোন প্রধান দখীলকারের পেটার কোন দখীলকারের দখলের ভূমিতে সংলগ্ন হয়," এই এই কথা হইতে ও তাহা সুদ্ধ ঐ প্রকরণের শেষ পর্য্যন্ত।

বৎসর ও সংখ্যা।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত হইল।
	বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার আইন।	
১৮৬২ সা, ৬ আ,	১৮৫৯ সালের ১০ আইন (অর্থাৎ ফোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইন) সংশোধন করণের আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৫ সা, ৮ আ,	আগমপত্রের কিম্বা প্রচলিত দেশাচারের বলে যে২ পেটাওতালুক বিক্রয় দ্বারা কি প্রকারান্তরে হস্তান্তরীকৃত হইতে পারে, তৎসম্পর্কীয় বাকী খাজানা আদায় করণোপলক্ষে তাহা বিক্রয় করিবার ব্যবস্থা সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৭ সা, ৪ আ,	মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৬ আইনের ব্যাখ্যা ও সংশোধন করিবার এবং কোন কোন বিচার সিদ্ধ করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৯ সা, ৮ আ,	ভূম্যধিকারির ও প্রজার মধ্যে যে মোকদ্দমা হয় তাহার কার্য্যপ্রণালী সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
	মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের আইন।	
১৮৫০ সা, ২৫ আ,	১৮১৯ সালের ৮ আইন ও ১৮৪৬ সালের ৪ আইন অনুসারে যে ভূমির নীলাম সম্পূর্ণ না হয়, তাহাতে বায়নার টাকা সরকারে জব্দকরণের আইন।	যতদূর রহিত হয় নাই, ততদূর।
১৮৫০ সা, ৩৩ আ,	বাঙ্গালাদেশের পত্তনীতালুকের নীলামের নিমিত্তে যে২ দাঁড়ার আবশ্যক আছে, তাহা শুধরিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৩ সা, ৬ আ,	মালগুজারীর বাকীর বিষয়ের সরাসরী মোকদ্দমা এবং পত্তনীতালুক ও বিক্রয় যোগ্য অন্যান্য অধিকারের নীলাম এবং খাজানার বিষয়ে সরাসরী ডিক্রীজারী করণার্থে ভূমির নীলামের বিষয়ক আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সা, ১০ আ,	ফোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বাঙ্গালাদেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সা, ১১ আ,	বাঙ্গালা রাজধানীর বাঙ্গালা প্রভৃতি দেশে বাকী মালগুজারীর নিমিত্তে ভূমির নীলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার আইন।	৫৫ ধারার "ক্রোককরা ভিন্ন" এই এই কথা।

দ্বিতীয় তফসীল।

(৫৯ ধারা দেখ।)

ক পাঠ।

আমি আনন্দ বড়াল ধর্ম্মতঃ কহিতেছি যে আমি [প্রজা আনন্দ নিজে জ্ঞাত না থাকিলে, কি চন্দ্রনাথ] অমুক ভূমি [তালুক, পেটাওতালুক, যোত কি ভূমির বর্ণনা সম্ভব হইলে পরিমাণ ও সীমা সুদ্ধ লিখ] দখল করিয়া থাকি। তাহার বার্ষিক খাজানা এত টাকা [টাকা লিখ] ও উক্ত খাজানা ঈশ্বরচন্দ্রকে অমুক তারিখ [টাকা শেষবার যে তারিখে দেওয়া গেল সেই তারিখ] পর্য্যন্ত দেওয়া যাইত, ও অমুক তারিখে [খাজানা যে তারিখে দেনা পড়ে] উক্ত [তালুক, পেটাওতালুক, যোত কি ভূমির] ভূমির এত টাকা খাজানা পাওনা হইল। উক্ত [তালুক, পেটাওতালুক, যোত ও ভূমির] ভূমি সম্পর্কে আর কোন কি অধিক খাজানা দেনা নাই। এবং আমি ধর্ম্মতঃ আরো কহিতেছি যে,

[৫৮ ধারার (ক) প্রকরণমত স্থলে]

আমি অমুক তারিখে [তারিখ] অমুক স্থানে [মাল-কাছারী কি অন্য যেস্থানে খাজানা দেওয়া যায় তাহার নাম লিখ] অমুকের সমক্ষে [খাজানা দিতে চাহিবার সময় উপস্থিত ব্যক্তিদের মধ্যে অন্ততঃ দুইজনের নাম কর] উক্ত টাকা অমুককে [যে ব্যক্তিকে খাজানা দিবার প্রস্তাব হইয়াছিল তাঁহার নাম কর, ঐ ব্যক্তি ভূম্যধিকারী কি তাঁহার যে এজেণ্ট খাজানা লইবার ক্ষমতা প্রাপ্ত, কি সচরাচর খাজানা লইয়া থাকেন, সেই ব্যক্তি হওয়া উচিত] দিতে চাহিলাম, ও উক্ত ঐ টাকা গ্রহণ করিতে ও তাহার জন্য রসীদ দিতে চাহিলেন না। অথবা,

[৫৮ ধারার (খ) প্রকরণমত স্থলে]

যে উক্ত ঈশ্বরচন্দ্রের অমুক তারিখে [তারিখ] মৃত্যু হইয়াছে ও গোপালচন্দ্র, ইন্দ্রনাথ, ও কেশবলাল তাঁহার উত্তরাধিকারী ও সহাধিকারী। তাঁহারা সাধারণ কোন কর্ম্মনির্ব্বাহক নিযুক্ত করেন নাই, জিলার জজ সাহেবকর্ত্তৃক ও তদ্রূপ সাধারণ কর্ম্মনির্ব্বাহক নিযুক্ত হয় নাই ও তাঁহারা আমাকে উক্ত টাকার নিমিত্তে সংসৃষ্টভাবে রসীদ দিতে প্রস্তুত হইলেন না, আমিও তদ্রূপ রসীদ্ পাইলাম না। অথবা,

[৫৮ ধারার (গ) প্রকরণমত স্থলে]

যে উক্ত ঈশ্বরচন্দ্রের অমুক তারিখে [তারিখ] মৃত্যু হইয়াছে ; ও তাঁহার বিধবা গণেশসুন্দরী ও উক্ত ঈশ্বরচন্দ্রের পোষ্যপুত্র বলিয়া ইন্দ্রনাথ নামক আর এক ব্যক্তি তাঁহার বিষয় পাইবার দাওয়া করিতেছেন। গণেশসুন্দরী উক্ত দত্তকগ্রহণ অসিদ্ধ বলেন এবং তিনি ও ইন্দ্রনাথ প্রত্যেকেই আমাকে [কি চন্দ্রনাথকে] তাঁহাকে ভিন্ন অন্য দাওয়াদারকে খাজানা না দিই এই নিমিত্তে সতর্ক করিয়াছেন, ও আমার [কি চন্দ্রনাথের] মনে উক্ত দুইজন দাওয়াদারদের মধ্যে কে খাজানা পাইবার স্বত্ববান্, এই বিষয়ে সঙ্গতমত সন্দেহ উপস্থিত হইয়াছে।

তৃতীয় তফসীল।

(৯২ ধারা দেখ।)

১ প্রথম ভাগ।— মোকদ্দমা।

মোকদ্দমা যে প্রকারের।	মিয়াদ।	যে সময় হইতে মিয়াদ চলিবে।
১। ৮৪ ধারার (খ) প্রকরণমত নিষ্পত্তি অসিদ্ধ করণার্থ মোকদ্দমা।	এক মাস।	নিষ্পত্তির তারিখ অবধি।
২। ১৪৫ ধারার (১) প্রকরণমতে নীলামদ্বারা কোন স্বার্থ ব্যর্থ করা গেলে পেটাওতালুকদার কর্ত্তৃক তাহার মূল্য পাইবার কি ক্ষতিপূরণের মোকদ্দমা।	দুই মাস।	নীলামের তারিখ অবধি।
৩। ৫৮ ধারার বিধানমতে খাজানা আমানত করা গেলে উক্ত আমানত করণের তারিখের পূর্ব্বে যে খাজানা দেনা পড়ে, তাহা আদায় হওনার্থ মোকদ্দমা।	ছয় মাস।	৫২ ধারামত আমানত করণের নোটিস জারীর তারিখ অবধি।
৪। ৭৯ ধারার (৮) প্রকরণমত অস্বীকারকরণ হেতুক স্বত্ব জব্দ হইবার নিমিত্ত মোকদ্দমা।	ছয় মাস।	অস্বীকার করণের তারিখ অবধি।
৫। বলপূর্ব্বক অবৈধমতে খাজানা আদায় হইলে ক্ষতিপূরণের মোকদ্দমা।	এক বৎসর।	বলপূর্ব্বক অবৈধমতে আদায় করণের তারিখ অবধি।
৬। কয়েদ কি অন্য অবরোধের দ্বারা অন্যায়পূর্ব্বক খাজানা আদায় হইলে, ক্ষতিপূরণের মোকদ্দমা।	এক বৎসর।	অন্যায়পূর্ব্বক আদায় করণের তারিখ অবধি।
৭। অত্যধিক খাজানা লওন বশতঃ ক্ষতিপূরণের মোকদ্দমা।	এক বৎসর।	অত্যধিক খাজানা লওনের তারিখ অবধি।
৮। অবৈধমতে অনিয়মিত কোন সেস কি কর আদায় হইলে, ক্ষতিপূরণের মোকদ্দমা।	এক বৎসর।	অবৈধমতে আদায়করণের তারিখ অবধি।

মোকদ্দমা যে প্রকারের।	মিয়াদ।	যে সময় হইতে মিয়াদ চলিবে।
৯। খাজানার রসীদ দিতে অসম্মত হইলে, ক্ষতি-পূরণের মোকদ্দমা।	এক বৎসর।	অসম্মত হওনের তারিখ অবধি।
১০। তালুকদার, পেটাওতালুকদার কি প্রজা নির্দ্দিষ্ট হারে খাজানা দিলে ঐ খাজানা কম হইবার জন্য তাহাদিগের কর্ত্তৃক ১৫৩ ধারার (খ) প্রকরণমত মোকদ্দমা।	এক বৎসর।	যে কারণে খাজানা কম হইবার অধিকার হয়, সেই কারণ জন্মিবার তারিখ অবধি।
১১। দখলীস্বত্ববিশিষ্ট প্রজার যোতের পরিমাণ শিকস্তিবশতঃ কমিয়া গিয়াছে বলিয়া তাঁহার কর্ত্তৃক খাজানা কম হইবার মোকদ্দমা।	এক বৎসর।	ঐ পরিমাণ কম হইবার তারিখ অবধি, অথবা ক্রমশঃ কম হইলে, কম হওয়া শেষ হইবার তারিখ অবধি। এইরূপ ক্রমশঃ কম হওনের মধ্য কোন সময়ে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।
১২। দখলীস্বত্ববিশিষ্ট প্রজার ভূমির যে পরিমাণের জন্য খাজানা পূর্ব্বে দেওয়া যাইত, মাপিয়া তাহা অপেক্ষা কম প্রমাণ হওয়াতে তাঁহার কর্ত্তৃক খাজানা কম হইবার মোকদ্দমা।	এক বৎসর।	মাপ হওনের তারিখ অবধি।
১৩। দখলীস্বত্ববিশিষ্ট প্রজা কর্ত্তৃক নিজ ক্ষমতা বহির্ভূত কোন কারণবশতঃ উৎপন্ন দ্রব্যের মূল্য কমিয়াছে বলিয়া খাজানা কম হইবার মোকদ্দমা।	এক বৎসর।	তদ্রূপ কারণ সঙ্ঘটনের তারিখ, কি মূল্য হ্রাস হওনের তারিখ অবধি।
১৪। দখলীস্বত্ববিশিষ্ট প্রজা কর্ত্তৃক নিজ ক্ষমতা বহির্ভূত কোন কারণ বশতঃ ভূমির উৎপাদিকা শক্তি হ্রাস হইয়াছে বলিয়া খাজানা কম হইবার মোকদ্দমা।	এক বৎসর।	তদ্রূপ কারণ সঙ্ঘটনের কথা যখন জানা যায় তদবধি।
১৫। কোন নিয়ম ভঙ্গ করিলে দণ্ডস্বরূপ যোত উচ্ছেদ হইবে চুক্তিপত্র ক্রমে এই মর্ম্মে স্পষ্ট বিধান থাকিয়া তদ্রূপ নিয়ম ভঙ্গ হইলে, কোন তালুকদার, পেটাওতালুকদার, কি প্রজাকে উচ্ছেদ করণার্থ মোকদ্দমা।	এক বৎসর।	নিয়মভঙ্গের তারিখ অবধি।
১৬। কোন মহাল, তালুক কি পেটাওতালুক, বাকী রাজস্ব, কি বাকী খাজানার জন্য নীলাম হইলে, যিনি তাহা ক্রয় করিয়া তদ্গত কোন তালুকদারী, পেটাওতালুকদারী, কি প্রজাই স্বত্ব, কি পেটাও স্বার্থ ব্যর্থ করিবার অধিকারী হন, তাঁহার কর্ত্তৃক তদ্রূপ স্বত্ব কি স্বার্থ ব্যর্থ করণার্থ মোকদ্দমা।	এক বৎসর।	বিক্রয় দৃঢ়ীকরণের পর যে তারিখে উক্ত ক্রেতা তদ্রূপ তালুকদারী, পেটাওতালুকদারী, কি প্রজাই স্বত্ব, কি পেটাও স্বার্থ থাকন বিষয়ে প্রথম অবগত হন, সেই তারিখ অবধি।
১৭। বিশেষ উপকারবিষয়ক ১৮৭৭ সালের আইনের ৯ ধারার বিহিতমত না হইয়া যে স্থলে কোন প্রজা ভূম্যধিকারী কর্ত্তৃক অবৈধ মতে কোন যোত হইতে উচ্ছেদ হইয়াছে তদ্রূপ প্রজা কর্ত্তৃক ঐ যোতের অধিকার পুনর্ব্বার পাইবার নিমিত্ত তদ্রূপ ভূম্যধিকারীর বিরুদ্ধে মোকদ্দমা।	এক বৎসর।	বেদখল হইবার তারিখ অবধি।

মোকদ্দমা যে প্রকারের।	মিয়াদ।	যে সময় হইতে মিয়াদ চলিবে।
১৮। কোন তালুক, পেটাওতালুক কি দখলী-স্বত্ববিশিষ্ট যোতে উত্তরাধিকারিত্ব বর্ত্তিলে, কি তাহা হস্তান্তরীকৃত হইলে, কোন ভূম্যধিকারীকে উক্ত বিষয় বলপূর্ব্বক রেজিষ্টরে লিখাইবার নিমিত্ত ঐ উত্তরাধিকারী কি যাঁহার সপক্ষে হস্তান্তর করা যায়, তৎকর্ত্তৃক ৫২ ধারামত মোকদ্দমা।	এক বৎসর।	যে তারিখে স্পষ্ট কি ভাবতঃ অসম্মতি প্রকাশ করা যায়, সেই তারিখ অবধি।
১৯। ৫৮ ধারার বিধানমতে খাজানা আমানত করা না গেলে, বাকী খাজানা আদায় করণার্থ মোকদ্দমা।	তিন বৎসর।	বাঙ্গালা সনের শেষ যে দিনে, কি আমলী, ফসলী কি বিলায়তী সন হইলে, জ্যৈষ্ঠ মাসের শেষ যে দিনে যে বাকী খাজানার দাওয়া করা যায়, তাহা দেনা পড়িল, সেই তারিখ অবধি।
২০। বিশেষ উপকারবিষয়ক ১৮৭৭ সালের আইনের ৯ ধারার বিহিতমত না হইয়া যেস্থলে কোন তালুকদার কি পেটাওতালুকদার কোন ভূম্যধিকারী কর্ত্তৃক অবৈধমতে কোন তালুক কি পেটাওতালুক হইতে উচ্ছেদ হইয়াছে, ঐ তালুকদার কি পেটাওতালুকদার কর্ত্তৃক উক্ত তালুক কি পেটাওতালুকের পুনর্ব্বার অধিকার পাইবার নিমিত্ত উক্ত ভূম্যধিকারীর বিরুদ্ধে মোকদ্দমা।	তিন বৎসর।	বেদখল হওনের তারিখ অবধি।
২১। প্রজাত্বসম্বন্ধের নিয়ম অবধারণ করণার্থ ১৫১ ধারামত মোকদ্দমা।	প্রজাত্ব সম্বন্ধ থাকিবার কোন সময়ে।	প্রজাত্ব সম্বন্ধের আরম্ভ অবধি।
২২। কোন এজেন্টের হস্তগত কোন টাকা কি কাগজপত্র পাইবার, কি কোন এজেন্টকে বলপূর্ব্বক হিসাব দেওয়াইবার নিমিত্ত ১৬০ কি ১৬১ ধারামত মোকদ্দমা।	এজেন্ট-স্বরূপ কর্ম্ম-করণের কোন সময়ে কি ঐ কর্ম্ম শেষ হইবার পর এক বৎসরের মধ্যে।	এজেন্ট যে সময়ে ঐ টাকা কি কাগজপত্র পাইলেন, সেই সময় অবধি।
২৩। মোকদ্দমা করিবার স্বত্ববান্ ব্যক্তিকে যে স্থলে, প্রতারণা করিয়া এজেন্টের তদ্রূপ টাকা প্রাপ্তির বিষয় জানিতে দেওয়া হয় নাই, কি যে স্থলে এজেন্ট মিথ্যা হিসাব দেয়, সেই স্থলে পূর্ব্বের ন্যায় মোকদ্দমা।	এক বৎসর।	প্রতারণার বিষয় মোকদ্দমা করিবার স্বত্ববান্ ব্যক্তির প্রথম যখন গোচর হয় সেই সময় অবধি। কিন্তু কোন স্থলেই এজেন্টের কর্ম্ম শেষ হইবার পর তিন বৎসরের অধিক মিয়াদ দেওয়া যাইবে না।
২৪। হারহারিমতে খাজানা দিবার নিমিত্ত ৬৩ ধারামত মোকদ্দমা।	প্রজাত্ব সম্বন্ধ থাকিবার কোন সময়ে।	

দ্বিতীয় ভাগ।—আপীল।

আপীল যে প্রকারের।	মিয়াদ।	যে সময় হইতে মিয়াদ চলিবে।
২৫। এই আইনমত কোন ডিক্রী কি আজ্ঞার বিরুদ্ধে জিলার জজ সাহেবের আদালতে আপীল।	ত্রিশ দিন।	যে ডিক্রী কি আজ্ঞার বিরুদ্ধে আপীল হইল তাহার তারিখ অবধি।
২৬। এই আইনমতে কালেক্টর সাহেবকৃত কোন আজ্ঞার বিরুদ্ধে কমিশ্যনর সাহেবের নিকট আপীল।	ত্রিশ দিন।	যে আজ্ঞার বিরুদ্ধে আপীল হইল তাহার তারিখ অবধি।

তৃতীয় ভাগ।—প্রার্থনাপত্র।

প্রার্থনাপত্র যে প্রকারের।	মিয়াদ।	যে সময় হইতে মিয়াদ চলিবে।
২৭। [illegible] ধারার (ক) প্রক[illegible]	ত্রিশ দিন।	বিক্রয় রদ্দীকরণের তারিখ অবধি।
২৮। [illegible]	[illegible]	[illegible] স্পষ্ট কি ভাবতঃ যে [illegible] গ্রাহ্য করা যায়, সেই তারিখ [illegible] করণের তারিখ অবধি।
২৯। [illegible]	[illegible]	[illegible] কি আজ্ঞার তারিখ অবধি; [illegible], [illegible] হইয়া থাকিলে আপীল-[illegible] আদালতের চূড়ান্ত ডিক্রী কি [illegible] তারিখ অবধি; অথবা, [illegible] পুনরালোচনা হইয়া থা-[illegible], পুনরালোচনের নিষ্পত্তির [illegible] তারিখ অবধি।
৩১। ৩০ প্রকরণমতে হিসাব করিয়া ৫০০ টাকার অধিক টাকার ডিক্রী হইলে, তাহা জারী করিবার প্রার্থনাপত্র।	মিয়াদবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনে যে সময়ের বিধান হইয়াছে, সেই সময়।	মিয়াদবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনে যেরূপ বিধান হইয়াছে সেইরূপ।

Numb. 2153 ২১৫৩

REGISTERED No. 30.]

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 2, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২ নবেম্বর।

CONTENTS.

	Page.
Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India ..	*Nil*
Part II.—Resolutions, Orders and Notifications of the Lieut.-Governor of Bengal ...	1041—1055
Part III.—Acts of the Legislative Council of India	*Nil*
Part IV.—Bills of the Legislative Council of India	*Nil.*
Part V.—Acts of the Bengal Council	107—111
Part VI.—Bills of the Bengal Council	*Nil.*
Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue	121—133
Part VIII.—Advertisements	633—647

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	নাই।
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	১০৪১—১০৫৫
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	১০৭—১১১
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র	১২১—১৩৩
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৬৩৩—৬৪৭

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4470 A.

GENERAL.—*The 15th October* 1880.—Mr. G. K. Lyon, Officiating Joint-Magistrate and Deputy Collector, Nattore, Rajshahye, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Baboo Poorno Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is appointed to have charge of the Nattore Division of that district, during the absence, on leave, of Mr. G. K. Lyon, or until further orders.

The 16th October 1880.—The orders of the 27th ultimo, published in the *Calcutta Gazette* of the 6th instant, transferring Mr. W. R. Ricketts, temporary Deputy Magistrate and Deputy Collector, Nuddea, to the Chittagong Hill Tracts district, are cancelled.

Mr. J. T. Babonau, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is transferred to the Chittagong Hill Tracts, and posted to the Sudder Station of that district.

The 18th October 1880.—Mr. C. H. Vowell, Joint-Magistrate and Deputy Collector, First Grade, is posted to Durbhunga, on being relieved of his present duties as Officiating Magistrate and Collector of that district.

Baboo Brojo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is transferred to the district of Mymensingh, and is appointed to have charge of the Atia Division of that district.

Moulvi Mahomed, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Atia Division of the Mymensingh district, is transferred to Furreedpore, and posted to the Sudder Station of that district.

The 19th October 1880.—Lieutenant R C. A. B. Bewicke, Aide-de-Camp on the Personal Staff of His Honor the Lieutenant-Governor of Bengal, having been posted on promotion to the First Battalion, 60th Rifles, in England, his services are replaced at the disposal of the Government of India in the Military Department with effect from the 1st proximo.

The 23rd October 1880.—Mr. H. Cox, Assistant Magistrate and Collector, in charge of the Nowada division of the Gya district, is vested with the powers of a Collector under Act X of 1870, for the purpose of acquiring the land required for an inspection bungalow at Kawakol.

Mr. H. G. Sharp, Joint-Magistrate and Deputy Collector, who reported his return from furlough on the 18th instant, is posted to the district of Rajshahye.

The 25th October 1880.—Moulvi Fazlul Karim, Officiating Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is allowed leave for three days, under section 10, Supplement F of the Civil Leave Code, with effect from 20th September 1880.

POLICE.—*The 9th October* 1880.—Mr. C. H. Parish, Officiating Assistant Superintendent of Police, Cuttack, is transferred to Monghyr.

The 21st October 1880.—Mr. P. A. Sandilands, Officiating Assistant Superintendent of Police, is, on return from transport duty, posted to the district of Rungpore.

Mr H. E. C. Paget, Officiating Assistant Superintendent of Police, is, on return from transport duty, posted to the district of Cuttack.

REGISTRATION.—*The 4th October* 1880.—Moulvi Mirza Mahamed Hossein is appointed to be Rural Sub-Registrar of Kaligunge, in the district of Purneah, *vice* Mahamed Halim.

The 5th October 1880.—Baboo Satu Lall Dutta, Acting Joint Sub-Registrar of Maniramporc, in the district of Jessore, is appointed to be Rural Sub-Registrar of Mohammodpore in that district, *vice* Baboo Kailas Chunder Sen, deceased.

EDUCATION.—*The 16th October* 1880.—Mr. A. W. Garrett, Inspector of Schools, Presidency Circle, is re-appointed temporarily to the Second Class of the Bengal Educational Service, with effect from the date on which he returned from furlough, *vice* Mr. E. Roper Lethbridge, M.A., C.I.E.

[*Government Gazette 2nd November* 1880.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৪৪৭০A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ১৫ অক্টোবর।—রাজশাহীর অন্তর্গত নাটোরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি, কে, লিয়ন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি-পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জি, কে, লিয়ন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ উক্ত জিলার অন্তর্গত নাটোর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৬ অক্টোবর।—নদীয়ার কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ, আর, রিকেটস সাহেবকে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ জিলায় প্রেরণ বিষয়ক গত মাসের ২৭ তারিখের যে আজ্ঞা এই মাসের ১২ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল।

রঙ্গপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জ, টি, বরমো সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১৮ অক্টোবর।—প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এচ, বৌয়েল সাহেব ঐ জিলার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টরস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া দ্বারভঙ্গায় অবস্থাপিত হইলেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজমোহন রায় ময়মনসিংহ জিলায় প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত আটিয়া মহকুমার কার্য্যের ভর গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

Temporarily attached to Bengal Secretariat, P. W. D.

(LOCAL COMMUNICATIONS.)

The 15th November 1880.

No. 194.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of an inspection bungalow in the village of Goh, pergunnah Goh, zillah Gya, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 56,000 square feet of standard measurement, bounded on the north by the road to Dumuria, on the south by paddy fields; and on the west by waste land having topes of trees, is required within the aforesaid village of Goh.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

T. H. WICKES
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

Dated the 16th November 1880.

No. 148.—*Declarations.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for public purposes, viz. for the construction of four sub-branch channels of distributary channels Nos. 4, 6, and 58 of the Midnapore Canal, in the Midnapore district, it is hereby declared that for the above purposes four strips of land measuring, more or less, 106 beeghas 17 cottahs and 9 chittacks of standard measurement, 7½ miles long with an average width of 40 feet, are required. The channels and their terminal stations are mentioned below :—

[*Government Gazette, 23rd November* 1880.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিভিল গৃহাদি।

১৮৮০ সাল ১৫ নবেম্বর।

১৯১ নম্বর।—১৮৮০ সালের জুন মাসের ১ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ৫১৫ পৃষ্ঠায় প্রকাশিত ঐ সালের মে মাসের ২২ তারিখের ৯৪নং বিজ্ঞাপন রহিত করিয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রাজশাহী জিলার তৌজীর লিখিত লোকনপুর পরগনার গোপালপুর গ্রামে ও পাবনা নগরে পাবনার জেলের নিমিত্ত ইঁট প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গোপালপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ১৮॥২॥৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নেটীর ডাক্তার গিরিশচন্দ্র সরকারের দখলী ভূমি ও ইচ্ছামতী নদী পর্য্যন্ত সেই দখলী ভূমির আনুষঙ্গিক রেখা, পশ্চিম সীমা ইচ্ছামতী নদী, দক্ষিণ সীমা জেল বাগান, ও উক্ত ইচ্ছামতী নদী পর্য্যন্ত তৎসীমার আনুষঙ্গিক রেখা, পূর্ব্ব সীমা পাবনা মুনি সপালিটীর অন্তর্গত নদীর ধারের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮০ সাল ১৫ নবেম্বর।

১৯২ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর এক্সেকিটিব ইঞ্জিনিয়র ও কলিকাতার পোর্ট কমিশ্যনরদের একটিং প্রতিনিধি সভাপতি শ্রীযুক্ত ডি, স্কট সাহেব ১৮৮০ সালের নবেম্বর মাসের ৫ তারিখের পূর্ব্বাহ্নে শ্রীযুত ডবলিউ, ডি, ব্রুস সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করিয়া, অনুগ্রহের যে ছুটী পান * তাহা ১৮৮০ সালের ৬ নবেম্বর অবাধ গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ২৫ অক্টোবরের ১৮২ নং বিজ্ঞাপন।

বেঙ্গল সেক্রেটেরিয়টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত,
এচ, ডবলিউ, ওয়াডেন, এক্সেকিটিব ইঞ্জিনিয়র।

(স্থানীয় বর্ত্মাদিবিষয়ক।)

১৮৮০ সাল ১৫ নবেম্বর।

১৯৪ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত গোহ পরগনার গোহ গ্রামে ইনস্পেকটন বাঙ্গলাঘর প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত উক্ত গোহ গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৫৬,০০০ বর্গ ফুট পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ডুমুরিয়ার পথ, দক্ষিণ সীমা ধান্যের ক্ষেত, পশ্চিম সীমা বাগান।

উক্ত ভূমিতে; যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

১৮৮০ সাল ১৬ নবেম্বর।

১৪৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত মেদিনীপুর খালের ৪, ৬ ও ৫৪ নং জল বিতরণের নালার চারটী উপ—শাখানালা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কষ্টিমতে ন্যূনাধিক ১০৬৸২॥৴ ছটাক পরিমিত চারি খণ্ড (অর্থাৎ ৭॥ মাইল দীর্ঘ ও গড়ে ৪০ ফুট প্রস্থ) ভূমির প্রয়োজন। ও উক্ত খালের ওতৎ অন্য স্থানের ষ্টেশনের কথা নিম্ন ভাগে প্রকাশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

Dhangah Sub-Branch.—A strip of land lying in the villages of Konkhi, Tangagadiah, Jamirah, Sorae and Sunderpore, pergunnah Dhankiabasar and Chuck-Huldee, Tarko and Dhangah, pergunnah Khandar and Chuck Shasa, pergunnah Kedarkundu, two miles long and 39 feet wide, more or less.

Singapore Sub-Branch.—A strip of land lying in the villages of Amadigee, Singapore, Bhanpore, and Chuckmagoorah, pergunnah Kedarkundu, two miles long and 41 feet wide, more or less.

Gungaramchuck Sub-Branch.—A strip of land lying in the villages of Kaluram, Daluchuck, Puscheembegoonee, Chuckkoomar, Gungaramchuck, Baraghur, and Dulpulpore, pergunnah Shahapore, two miles long with an average width of 27 feet, more or less.

Kherai Sub-Branch.—A strip of land lying in the villages of Kaloochakoob and Chuckmadary, pergunnah Kedarkundu and Sooratchuck, Danrah and Piacchuck, pergunnah Subong, 1½ miles long and 41 feet wide, more or less.

This declaration is made, under the provisions of section 6, Act X of 1870, to all whom it may concern.

No. 149.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the puplic expense, for public purposes, viz. for the construction of four sub-branch channels of distributary No. 1 of the Midnapore Canal, in the Midnapore district, it is hereby declared that for the above purposes four strips of land measuring, more or less, 69 beeghas 4 cottahs 11 chittacks of standard measurement, 4 miles and 1,737 feet long with an average width of 40 feet, are required. The channels and their terminal stations are mentioned below :—

Goalarrah Sub-Branch.—A strip of land lying in the villages of Gotegadiah, Moisa, Shawrachuck, Radhakisore, and Goalarrah, pergunnah Khurruckpore, one mile and 3,607 feet long and 35 feet wide, more or less.

Narainghur Sub-Branch.—A strip of land lying in the villages of Bagachera, Orjooneechera, Chatrichera, Khockoyachera, and Gossyechera, pergunnah Narainghur, one mile long and 47 feet wide, more or less.

Bahooroopa Sub-Branch.—A strip of land lying in the villages of Bahooroopa and Khockoyachera, pergunnah Narainghur, 1,790 feet long and 40 feet wide, more or less.

Gocoolpore Sub-Branch.—A strip of land lying in the villages of Burdhunoo, Chucknarain, Chuckbamon and Gocoolpore, pergunnah Khandar, one mile and 1,620 feet long and 41 feet wide, more or less.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

C. TAYLOR,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D., Irrign. Branch.

ধাঙ্গা উপ শাখা।—ধেনুকিয়া [illegible] পরগনার অন্তর্গত কোনখা টাঙ্গা গাদিয়া ও জমিয়া ও সোরাই ও সুন্দরপুর এবং খান্দার পরগনার অন্তর্গত চক হলদী ও তার্কো ও ধাঙ্গা এবং কেদার কুণ্ডু পরগনার অন্তর্গত চক শ্যাম গ্রামে স্থিত ন্যূনাধিক দুই মাইল দীর্ঘ ও ৩৯ ফুট প্রস্ত ভূমি।

সিঙ্গাপুর উপ শাখা।—কেদারকুণ্ডু পরগনার অন্তর্গত আমদীঘী ও শিঙ্গাপুর ও ভানপুর ও চক মাগুরা গ্রামে স্থিত ন্যূনাধিক দুই মাইল দীর্ঘ ও ৪১ ফুট প্রস্ত ভূমি।

গঙ্গারামচক উপ শাখা।—শাহপুর পরগনার অন্তর্গত কালুরাম ও দলু চক ও পশ্চিম বেগুনি ও চক কুমার ও গঙ্গারাম চক ও বড় গড় ও দলপলপুর গ্রামে স্থিত ন্যূনাধিক দুই মাইল দীর্ঘ ও গড়ে ২৭ ফুট প্রস্ত ভূমি।

গেরাই উপশাখা।—কেদারকুণ্ডু পরগনার অন্তর্গত কালুয়াহাকুব ও চক মাদারী এবং সবোঙ্গ পরগনার অন্তর্গত সুরতচক ও দানরা ও পিয়াহক গ্রামে স্থিত ন্যূনাধিক ১॥ মাইল দীর্ঘ ও ৪১ ফুট প্রস্ত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৪৯ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত মেদিনীপুর খালের ১ নং জল বিতরণের নালার চারিটী উপশাখা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কষ্টিমতে ন্যূনাধিক ৬৯/৪॥৶ ছটাক পরিমিত চারি খণ্ড (অর্থাৎ ৪ মাইল ১,৭৩৭ ফুট দীর্ঘ গড়ে ৪০ ফুট প্রস্ত) ভূমির প্রয়োজন। উক্ত খালের ও তৎঅন্য স্থানের ষ্টেশনের কথা নিম্ন ভাগে প্রকাশ করা গেল।

গোয়ালাড়া উপ শাখা।—খরকপুর পরগনার অন্তর্গত গাতিগোদিয়া ও ময়িসা ও শাওড়া চক ও রাধা কিশোর ও গোয়ালাড়া গ্রামে স্থিত ন্যূনাধিক এক মাইল ৩,৬০৭ ফুট দীর্ঘ ও ৩২ফুট প্রস্ত ভূমি।

নারায়ণগড় উপশাখা।—নারায়ণগড় পরগনার অন্তর্গত বাগাচেরা ও অর্জুনিচেরা ও চত্রিচের ও খোকোয়াচেরা ও গোসাইচেরা গ্রামে স্থিত ন্যূনাধিক এক মাইল দীর্ঘ ও ৪৭ফুট প্রস্ত ভূমি।

বহুরূপা উপশাখা।—নারায়ণগড় পরগনার অন্তর্গত বহুরূপা ও খোকোয়াচেরা গ্রামে স্থিত ন্যূনাধিক ১,৭৯০ ফুট দীর্ঘ ও ৪০ফুট প্রস্ত ভূমি।

গোকুলপুর উপ শাখা।—খান্দার পরগনার অন্তর্গত বড়ধনু ও চকনারায়ণও চকবামুন ও গোকুলপুর গ্রামে স্থিত ন্যূনাধিকএক মাইল ১,৬২০ ফুট দীর্ঘ ও ৪১ ফুট প্রস্ত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সি, টেলর,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ২৩ নবেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ৩ নবেম্বর তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতিনিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ১৪ আইন।

লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোনং বিষয়ের বিধান করণার্থ আইন।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ করা স্থির হওয়াতে সেই লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোনং বিষয়ের বিধান করা বিহিত; এই হেতু পশ্চাল্লিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম। আরম্ভ।

১ ধারা। এই আইন "ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ও বিধিবদ্ধ হইবার তারিখ অবধি প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

২ ধারা। এই ধারা এবং ৩, ৪ ও ১৩ ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। অবশিষ্ট সমুদয় ধারা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে সময়ে২ বিজ্ঞাপন প্রকাশ করিয়া ব্রিটিষ ভারতবর্ষের যে২ স্থানে প্রচলিত হইবার আজ্ঞা করেন কেবল সেই২ স্থানে প্রচলিত হইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী নিযুক্ত করিবার কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন নির্দ্দিষ্ট স্থানের মধ্যে নামোল্লেখে বা পদোপলক্ষে কোন ব্যক্তিকে লোকসংখ্যা গ্রহণ বা তৎকার্য্যের সাহায্য বা তত্ত্বাবধান করিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন।

উক্ত রূপে নিযুক্ত ব্যক্তিকে "লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী" বলা যাইবে।

এই ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইল, স্থানীয় গবর্ণমেণ্ট যে কর্ত্তৃপক্ষকে উপযুক্ত জ্ঞান করেন সেই কর্ত্তৃপক্ষের প্রতি সেই ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারির নিযোগের প্রমাণের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি কোন স্থানের লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির পদে উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন বলিয়া স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষের স্বাক্ষর করা লিখিত নিয়োগপত্রই সেই নিয়োগের সিদ্ধান্ত প্রমাণ হইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিরা রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান হইবার কথা।

লোকসংখ্যা গ্রহণার্থ সকল কর্ম্মচারী ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

স্থল বিশেষে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের যে রূপে কার্য্য করিতে হইবে তাহার কথা।

৫ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি লোকসংখ্যা গ্রহণ সম্বন্ধে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির যে২ কার্য্য করিবার আদেশ করেন,

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর কোন সামরিক বা নাবিক দলের বা কোন যুদ্ধ জাহাজের অধ্যক্ষতাভারপ্রাপ্ত প্রত্যেক সামরিক বা নাবিক কর্ম্মচারী, ও

(খ) আড়কাটি বা হার্ব্বর-মাষ্টর ভিন্ন জাহাজের অধ্যক্ষতা বা কর্তৃত্ব করণের কার্য্য ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, ও

(গ) ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর, হাস্পাতালের, খাটনী বাড়ীর, কারাগারের, চরিত্র সংশোধনালয়ের বা কাঁজি ঘরের কিম্বা সাধারণ বা পরোপকারার্থ বা ধর্ম্মার্থ বা বিদ্যাশিক্ষার্থ আলয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, ও

(ঘ) কোন সরাই, হোটেল, বোর্ডিং হৌস বা বাসা বাড়ী বা ক্লব রক্ষক প্রত্যেক ব্যক্তি এবং

(ঙ) লোকসংখ্যা গ্রহণকালে যাহার অধীনে কোন স্থাবর সম্পত্তির উপরে বা মধ্যে পঞ্চাশের অন্যূন ব্যক্তি কর্ম্ম করে উক্ত সম্পত্তির সেই দখলীকার

লোকসংখ্যা গ্রহণকালে আপন আজ্ঞা ও তত্ত্বাধীন কিম্বা আপন বাটীর ব্যক্তিদের সম্পর্কে কিম্বা ঐ সম্পত্তির উপরে বা মধ্যে উপস্থিত ব্যক্তিদের সম্পর্কে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বা কার্য্যকারকের লিখিত বা ছাপা বা লিথোগ্রাফ করা আজ্ঞানুসারে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির সেইং কর্ম্ম করিবেন।

লোকসংখ্যা গ্রহণের কার্য্য যাঁহারা করিতেছেন সেই কর্ম্মকরণকালে তাঁহাদের প্রতি লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী সম্বন্ধীয় এই আইনের বিধান যতদূর বর্ত্তিতে পারে তত দূর বর্ত্তিবে, এবং উক্ত কোন ব্যক্তিকে এই ধারামতে কোন কার্য্য করিতে আদেশ করা গেলে, তিনি তাহা করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৭ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

৬ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব লিখিত বা ছাপা বা লিথোগ্রাফ করা অনুজ্ঞাপত্র দিয়া আপন জিলার ভূমির স্বামী ও দখলীকারদিগকে, ও তালুকদার ও ইজারদারদিগকে এবং ব্রহ্মদেশীয় জলকর বিষয়ক ১৮৭৫ সালের আইনমত ভূমাজস্বের আসেনী ও জলকরের পাট্টাদারদিগকে ও তাঁহাদের গোমাশ্‌তাদিগকে ও (গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার ও তাহাদের ভরণপোষণের বিধান করণার্থ) ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনমতে আপন জিলায় নিযুক্ত পঞ্চায়তের সভ্যদিগকে উক্ত সংখ্যা গ্রহণ সময়ে উক্ত স্বামির, দখীলকারের, তালুকদারের, ইজারদারের ও আসেনীর ভূমিতে, বা জলকরের সীমার মধ্যে, কিম্বা স্থল বিশেষে পঞ্চায়ত যেং গ্রাম জন্য নিযুক্ত সেইং গ্রামে যাহারা থাকে তাহাদের সংখ্যা গ্রহণ কার্য্যে প্রয়োজনমত সাহায্য করিবার আদেশ দিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের কোনং ব্যক্তিকে সাহায্য দিবার আদেশ করিতে পারিবার কথা।

যে প্রকারের সাহায্য প্রয়োজন ঐ অনুজ্ঞাপত্রে তাহা নির্দ্দিষ্ট থাকিবে; এবং উক্ত স্বামী, দখীলকার, তালুকদার, ইজারদার, আসেনী, পাট্টাদার ও তাঁহাদের গোমাশতা, ও উক্ত পঞ্চায়তের সভ্যেরা ঐ পত্রানুসারে কার্য্য করিতে বাধ্য হইবেন।

৭ ধারা। এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে উপদেশ দেন তাহাতে লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারির প্রতি যেং প্রশ্ন জিজ্ঞাসা করিবার আদেশ থাকে, তিনি যে স্থানের নিমিত্ত নিযুক্ত হন তদন্তর্গত সকল ব্যক্তিকে সেইং প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিবেন। উক্তরূপ সমুদয় উপদেশ রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের প্রশ্ন করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী যে কোন ব্যক্তিকে উক্তরূপ কোন প্রশ্ন জিজ্ঞাসা করেন, তিনি আপন জ্ঞান বা বিশ্বাসমতে উক্ত প্রশ্নের উত্তর দিতে আইনমতে বাধ্য হইবেন।

প্রশ্নের উত্তর দিতে হইবার কথা।

কিন্তু কোন ব্যক্তি আপন পরিবারস্থ কোন স্ত্রীলোকের নাম বলিতে আইনমতে বাধ্য হইবেন না; এবং কোন স্ত্রীলোক তাহার স্বামির বা মৃত স্বামির নাম বলিতে বাধ্য হইবেন না।

৯ ধারা। যে ব্যক্তির দখলে কোন বাটী, ঘেরা স্থান জলযান বা অন্য স্থান থাকে, লোকসংখ্যাগ্রহণার্থে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের দেশাচারের প্রতি দৃষ্টি রাখিয়া তথায় যুক্তিমত যেরূপ গমনাগমন করিবার প্রয়োজন হয়, তিনি তাঁহাদিগকে সেইরূপ গমনাগমন করিতে দিবেন।

বাটীপ্রভৃতির দখিলকারের গমনাগমন করিতে দিবার কথা।

১০ ধারা। এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট যে আজ্ঞা প্রচার করেন তদধীনে, লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী যে স্থানের নিমিত্ত নিযুক্ত হন সেই স্থানের মধ্যে কোন বাসগৃহে উক্ত গৃহের বা তাহার নির্দ্দিষ্ট কোন অংশের দখলকারের দ্বারা পূরণ করাইবার নিমিত্ত একখান ফর্দ্দ রাখিয়া আসিতে বা রাখাইয়া দিতে পারিবেন। লোক সংখ্যা গ্রহণের সময় ঐ গৃহে বা গৃহের অংশে যে সকল ব্যক্তি উপস্থিত থাকেন, তাঁহাদের সংক্রান্ত যে সকল বিবরণ দিতে স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করেন, ঐ ফর্দ্দে তৎসমুদয় লিখিতে হইবে।

গৃহের দখিলকারের ফর্দ্দ পূরণ করিতে হইবার কথা।

উক্তরূপ কোন ফর্দ্দ রাখা গেলে, উহা যে গৃহের বা গৃহাংশের সম্পর্কীয় হয়, সেই গৃহের বা গৃহাংশের দখীলকার পূর্ব্বোক্ত সময়ে উক্ত গৃহে বা, স্থল বিশেষে, গৃহাংশেযে সকল ব্যক্তি উপস্থিত থাকেন তাঁহাদের সম্বন্ধে আপন জ্ঞান বা বিশ্বাস মতে ঐ ফর্দ্দ পূরণ করিবেন এবং তাহাতে আপনার নাম স্বাক্ষর করিবেন, এবং আদেশ প্রাপ্ত হইলে, উক্তরূপে পূরিত ও স্বাক্ষরিত ফর্দ্দ লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিকে অথবা তাঁহার আদেশমত ব্যক্তিকে দিবেন।

কোন বাসগৃহের বা তাহার কোন অংশের দখলীকার কর্দ্দাদি পূরণ না করিলে বা মিথ্যা রিটর্ণ দিলে দণ্ডের কথা।

কোন বাসগৃহের বা তাহার কোন অংশের দখলীকার জ্ঞানপূর্ব্বক ও যথোপযুক্ত কারণ বিনা এই ধারার বিধানমত কার্য্য না করিলে, কিম্বা এতৎক্রমে মিথ্যা রিটর্ণ দিলে, যদি উহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানের অন্তর্গত কোন অপরাধ বলিয়া গণ্য হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

১১ ধারা। লোকসংখ্যা গ্রহণের কোন কর্ম্মচারী, জ্ঞান পূর্ব্বক ও যথোপযুক্ত কারণ বিনা ৭ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রকাশিত উপদেশ অমান্য করিলে কিম্বা বিরক্তিকর বা অন্যায় প্রশ্ন জিজ্ঞাসা করিলে, কিম্বা মিথ্যা রিটর্ণ দিলে, যদি উহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানের অন্তর্গত কোন অপরাধ বলিয়া গণ্য হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধ নিমিত্ত উক্ত কর্ম্মচারির পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের অনাচরণ নিমিত্ত দণ্ডের কথা।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

(ক) নির্দ্দেশ করিতে পারিবেন, যে, কোন্২ শ্রেণীর মাজিষ্ট্রেটদের সম্মুখে এই আইনমত অভিযোগ অথবা এই আইনের আদেশমত কোন কর্ম্ম করিতে উপেক্ষা বা অস্বীকার করা গেলে তদ্বিষয়ক অভিযোগ উপস্থিত করিতে হইবে;

অভিযোগসংক্রান্ত বিচারাধিপত্যের কথা।

(খ) আদেশ করিতে পারিবেন যে উক্ত গবর্ণমেণ্টের অনুমতি কিম্বা এতদর্থে উক্ত গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারির অনুমতি পূর্ব্বে না লইয়া উক্তরূপ কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

যদি ও যাবৎ এই ধারার (ক) প্রকরণমত জ্ঞাপনপত্র প্রকাশ করা না যায়, এই ধারামত সমুদয় অভিযোগ, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইনগরে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে, এবং অন্যত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, উপস্থিত করিতে হইবে।

১৩ ধারা। ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী স্বীয় কর্ম্মোপলক্ষে কোন বহীতে, রেজিষ্টরে, বা কাগজপত্রে যে কোন কথা লিখেন, তাহা কোন দেওয়ানী আনুষ্ঠানিক কার্য্যে কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪০ বা ৪১ অধ্যায়মত কিম্বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের ১৮ অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

লোক সংখ্যাগ্রহণের কাগজ পত্র কোন২ আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষ্য স্বরূপ গ্রাহ্য হইতে না পারিবার কথা।

ডি, ফিটজ পাট্রিক।
ব্যবস্থাপন কার্য্য বিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 23, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৩ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নিলামের বিজ্ঞাপন। কাছারী কালেক্টরী জিলা ফরিদপুর।

এতদ্দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্পাতি নিম্নের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজী ১৮৮০ সনের ২৮ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ১৪ পৌষ মঙ্গলবার দিবস ফরিদপুর জিলার কালেক্টরিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

১। এই মহাল নীচের লিখিত সররজমার অধীন হইয়া যে ব্যক্তি নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকেই দেওয়া যাইবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইন হইতে উৎপন্ন স্বত্ব সকলে বিক্রয়ের পরেও বহাল থাকিবেক রাজস্বের কার্য্যকারক দিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রায়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহাদের স্বত্ব মানিতে বাধ্য হইবেক।

৩। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক,

৪। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস একদিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্বার বিজ্ঞাপন প্রকাশ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্বার বিক্রয় হইবেক ইতি ১৮৮০। ২৭ সেপ্টেম্বর।

খাসমহালের নম্বর	তৌজির নম্বর	মহালের ও পরগনার নাম	জমীর পরিমাণ। একর	রোড	পোল	সদর জমা। নিট জমা	রোড কত	মোট	নিলামের প্রথমমূল্য।	কৈফিয়ৎ।
৩৪২	৩৭৭২	পং জাজিরাবাদ। কিং খামার পাড়া ১/২	১	১	৩১	৩৲	০	৩	৬৲	১৮৭৯ সনের ১ আপ্রিল হইতে খরিদারের স্বত্ব অর্শিবেক।
৩৪৩	৩৭৭৩	পং ঐ কিং ঐ ১/২	০	১	১২	১	০	১	২৲	

C. F. MACRATH, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

নিলামের বিজ্ঞাপন।

কাছারী কালেক্টরী জিলা ফরিদপুর।

এতদ্দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তঃপাতি নিম্নের লিখিত খাসমহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরাজি ১৮৮০ সনের ২৮ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ১৪ পৌষ মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরীতে নিলাম হইবেক এই সকল মহাল যে যাঁহারা ক্রয় করিবেন তাঁহারা নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

বিক্রয়ের নিয়ম।

১। এই মহাল সকল যাঁহারা নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষায় উচ্চ ডাকিবেন তাঁহাদিগকেই বিক্রীত হইবে। ক্রেতাগণ মহলের মালিক বলিয়া গণ্য হইবেন এবং গবর্ণমেণ্টের ঐ সকল মহালের মালিকী স্বত্ব তাঁহাদিগকে হস্তান্তরিত করা যাইবে কেবল চির নির্দ্ধারিত সদর জমা দিতে হইবে।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইনমতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বাহাল থাকিবেক; রাজস্ব কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রায়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহাদের স্বত্ব মানিতে বাধ্য হইবেন।

৩। একশত টাকার অনধিক পণ হইলে সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক,।

৪। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক; বিক্রয়ের দিবস এক দিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দেরদিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ও প্রথম ফুলীর বিক্রয়ের ন্যায় পুনরায় বিজ্ঞাপন প্রকাশ পূর্ব্বক ঐ ত্রুটিকারী ক্রেতার ঝুকিতে সেই মাহাল পুনরায় বিক্রয় হইবেক ইতি ১৮৮০।—১৭ জুলাই

খাসমহলের নম্বর।	ভৌমীর নম্বর ও মহালের নাম	জমীর ন্যূনাধিক পরিমাণ			রাজস্ব।	নীলামের প্রথম ডাকের মূল্য	কৈফিয়ত।
		একর	রোড	পোল	নির্দ্ধারিত সদরজমা।		
৩৩৫	২৪১৫ নং পং তেলীহাটী কিং কমলাপুর	১১	১	২	৪০	৮০৲	১৮৭১ সনের ১ আপ্রিল হইতে খরিদারের স্বত্ব অর্শিবেক।
৩৩৬	নং ২৪১৬ পং তেলীহাটী কিং কমলাপুর	১১	০	৮	২৮	৫৬	ঐ

J. E. B JEFFERY, *Offg. Collector.*

নিলামের বিজ্ঞাপন। কাছারী কালেক্টরী জিলা ঢাকা।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার অন্তঃপাতি নিম্নেরলিখিত খাসমহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজি ১৮৮১ সালের ১২ জানুয়ারি মোতাবেক ১২৮৭ সালের ২৯ পৌষ বুধবার জিলা ঢাকার কালেক্টরীতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

১। এই মহাল যে ব্যক্তি নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকেই দেওয়া যাইবেক। ক্রেতা মহালের মালিক বলিয়া গণ্য হইবে এবং মহাল গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা তাহাকে বিক্রীত হইবে। কেবল চিরনির্দ্ধারিত সদর জমা দিতে হইবে।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বাহাল থাকিবেক রাজস্ব কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে যে খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতা তাহাদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ

[*Government Gazette*, 23*rd November* 1880.]

হইবেক ও প্রথম ডাকি বিক্রয়ের ন্যায় পুনরায় বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ক্রটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনরায় বিক্রয় হইবেক। ১৭ আগষ্ট।

খাল মহালের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।			লদর জমা।	নিলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর।	রোড।	পোল।	নির্দ্ধারিত রাজস্ব।		
১৩৫	৮১৪২	হাওলা রামদেব পোদ্দার	২	০	৭	৪৲	৮৲	

H. J. NEWBERY, *Offg. Collector.*

জিলা নওয়া খালী।

নিলামের এস্তাহার।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে নোওয়াখালি জিলার অন্তর্গত নিম্নের লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব নিম্নের লিখিত বিক্রয়ের শর্ত্ত অনুসারে নোওয়াখালির শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারিতে সন ১৮৮০ সনের ১৩ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ২৯ অগ্রহায়ণ সোমবার প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি ১৮৮০ ইং ২৭ সেপ্টেম্বর।

ক্রেতাগণ নিম্নর লিখিত নিয়মের অধীন হইবেক।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্দিষ্ট মূল্যের উপরে অত্যুচ্চ ডাককারিব্যক্তি নিকট মাহাল বিক্রয় করা যাইবেক এই সকল মহালের ক্রেতাদিগকে মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবেক এবং গবর্ণমেণ্টের সম্পূর্ণ মালিকী স্বত্ব তাঁহাদিকে হস্তান্তরিত হইবে কেবল মাত্র চিরনির্দ্ধারিত রাজস্ব দিতে হইবে।

২। প্রচলিত পাট্টা সকল এবং বন্দোবস্ত দ্বারা ও প্রচলিত আইনমতে যে সকল স্বত্ব দেওয়া হইয়াছে তাহা সমুদায় প্রবল থাকিবেক এবং রেবিনিউ কার্য্যকারকের প্রস্তুত জমাবন্দি যে সকল অধিবাসী প্রজারা দস্তখৎ করিয়াছে ক্রেতাগণ তাহাদের স্বত্ব প্রতিপালন করিতে বাধ্য হইবে।

৩। যদি খরিদের মূল্য ১০০ টাকার অতিরিক্ত না হয় তবে সমুদয় টাকা এককালীন দাখিল করিতে হইবে।

৪। খরিদের টাকা ১০০ একশতের অধিক হইলে তাহার চতুর্থাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক; খরিদের তারিখ অবধি গণনা করিয়া ১৫ দিবসের দিন ২ দুই প্রহরের সময় কিম্বা ঐ দিন আফিস বন্ধ থাকিলে যেইদিন আফিস প্রথম খোলা হয় সেই দিন ২ প্রহরের সময় বাকী টাকা দাখিল না করিলে ঐ বিক্রী বন্দ করা যাইবেক এবং দাখিলি টাকা সরকারেজব্দ হইবেক এবং ঐ খরিদারের দায়িত্বে মহাল পুনরায় প্রথম বিক্রীর ন্যায় এস্তহার জারী হইয়া বিক্রয় করা যাইবেক।

জিলার তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরদ্বারাজমির ন্যূনাধিক পরিমাণ।	ধার্য্য গবর্ণমেণ্টের রাজস্ব।	রাজস্বের দ্বিগুণ সরকারী ডাক।	
১৫৬১	পং দাড়রার অন্তঃপাতি চর হকদিব হিসেস্থ ১৮।১০ ক্রান্ত সরকারি অংশ	২৩৪।৪॥/ কাত ৭৭।২।২। পোল।	১৪৪৸/৫	২৮৯৷৷৵১০	
১৫৬২	পং ঐ চর হুজুরির হিসেস্য ।১৮।১০ ক্রান্ত সরকারি অংশ।	১৯৩৷৷৪/ কাত ৪৬।০।৩০। পোল।	৯৭৷৵৬	১৯৪৸/০	
১৫৬৩	পং ঐ চরমথুরাইর হিসেস্য ।১৮।১০ ক্রান্ত সরকারি অংশ।	২০৩।৩৵ কাত ৬৭।০।৩৮ পোল।	১৩৪৵১০	২৬৮৷৵৮	
১৫৬৪	পং ঐ চর বদর পুরের হিসেস্য ।১৮॥১০ ক্রান্ত সরকারি অংশ।	১৯৩৷৷১৷৷ কাত ৬৩।০।৩৬ পোল	১২৪৸/১০	২৪৯৷৵৮	

E. V. WESTMACOTT, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

জেলা হুগলি।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা হুগলি।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের শর্ত্ত অনুসারে হুগলি জেলা স্থিত নিম্নের লিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা হুগলির কালেক্টরিতে ইংরাজী সন ১৮৮০ সালের ১০ই ডিসেম্বর মোতাবক বাঙ্গলা সন ১২৮৭ সালের ২৬ অগ্রহায়ণ শুক্রবার নীলামে বিক্রয় হইবে খরিদারগণ নিম্নের লিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাঁহাকে মহল বিক্রয় করা যাইবে; খরিদারকে সেই মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবে এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবল মাত্র তিনি চিরনির্দ্ধারিত রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। মহালের প্রজাদিগের পাট্টার শর্ত্ত এবং বন্দোবস্তর কাগজাতে ও প্রচলিত আইনানুসারে যাহার যে স্বত্ব স্বীকার করা হইয়াছে তাহা বজায় রাখিয়া এই বিক্রয় করা হইবে খরিদার যে খোদকস্তা রাইয়তেরা রিবিনিউ কর্ম্মচারিদের প্রস্তুত করা জমাবন্দীতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে; বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিনহইতে পঞ্চদশ দিনের দিবা ২ প্রহরের মধ্যে বক্রীটাকা দাখিল করিতে হইবে; ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে ২ প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে; দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথমস্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহাল ত্রুটিকারী খরিদারের ঝুকিতে পুনরায় নীলাম করা যাইবে ইতি সন ১৮৮০ সাল তারিখ ৬ অক্টোবর।

খাসমহালের রিষ্টিরন নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	একরের হিসাবে ভূমির ন্যূনাধিক পরিমাণ			ধার্য্য রাজস্ব	নির্দ্ধারিত মূল্য	মন্তব্য।
			একর	রোড	পোল			
১৮৫ নং	৩৫৪৭ নং	রামেশ্বরপুর পং পাণ্ডুয়া	০	১	৩	॥০	১৭	

R. CORNISH, *Offg. Collector.*

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা ফরিদপুর।

এস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৮০ সনের ২৮ ডিসেম্বর মোতাবেক ১২৮৭ সনের ১৪ পৌষ মঙ্গলবার এই জিলার কালেক্টরির কাছারিতে বিনাওজরে নিলাম করা যাইবেক ইতি ১৮৮০ সন তারিখ ২ সেপ্টেম্বর।

প্রথম শ্রেণীর ও ইস্তমরারি জমাধার্য্য হওয়া মহাল।

তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	মালিকের নাম।	সদর জমা।	যত টাকা বাকী।	মন্তব্য।
৩৩০৪	চর মদনশঙ্কর সংক্রান্ত। চর খাগড়ীয়া নূতন দুই টুকরা।	সচিনন্দন পাল। বাসবেহারি রায়। তারানাথ কুণ্ডু। সাং লোহজঙ্গ।	১২৪২ ॥৶৭	২৬৮/১১	১৮৮০ সনের সাং কিস্তী ২৮শে জুনের খাজানা ওয়াশীল বিষয়।

J. E. B. JEFFERY, *Offg. Collector.*

[*Government Gazette, 23rd November* 1880.]

বাকী খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।

জেলা দিনাজপুরের কালেকটরি।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুর মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৫ নবেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর তৌজি	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা	যে বাকীর জন্য নিলাম হইবে	মন্তব্য।
২৩৮ নং	পরগনে সুলতানপুর।	রায় রাধাগোবিন্দ রায় সাহেব বাহাদুর ও সৈয়দ খেরাজালী চৌধুরী।	১৭১৮।১০।	২১২৸৶৯৸	এই মহালের মধ্যে রায় রাধাগোবিন্দ রায় সাহেব বাহাদুরের ৴০-১০ ক্রান্তি অংশের ১০৮৴॥ অর্দ্ধপাই খাজানার হিসাব ১৮৫৯। ১১।১০ ধারামত পৃথক হইয়াছে তাহা বাদে বক্রি অংশ নিলাম হইবে।

দিনাজপুর কালেক্টরী;
তাং ২৫ অক্টোবর ১৮৮০।

E. J. BARION,
Offg. Collector.

জিলা নওয়াখালি।

এস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোওয়াখালীর মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মাহাল ১৮৮০ ইং ২৮ সেতম্বরের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্তে ১৮৮০ সালের ১৩ ডিসেম্বর মোতাবেক বাঙ্গালা ১২৮৭ সনের ২৯ অগ্রহায়ণ সোমবার ঐ জিলার কালেক্টরী কাছারিতে বিনাওজর প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮০ ইংরেজী ২৫ অক্টোবর।

নম্বর তৌজী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকির সংখ্যা।
২০৪	পংদাড়রা হিস্যে ৴১৮॥১০ ক্রান্ত বাএমিজমীদারী ইষ্টসনযেণী।	চন্দ্রনাথ গুপ্ত চৌধুরি ও রাধামোহন রায় ও মহিমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।	রাজস্ব। ৩২১৭৲১১ উন্নতি ৩৩৲	
			৩৩০০৲১১	
	উক্ত মহালমধ্যে ষোলআনা রকমের ৴০ আনা অংশ যাহা ১৮৫৯ ইং ১১ আইনের ১০ ধারামতে হিসাব পৃথক হইয়াছে ঐ অংশ নিলাম হই	মহিমচন্দ্র বন্দ্যোপাধ্যায়	রাজস্ব ০ ৶১ উন্নতি ২৴০	রাজস্ব ৩৮।৭ উন্নতি ।০
			২০৬।১	৩৮॥৭

E. V. WESTMACOTT, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৮০। ২৩ নবেম্বর।]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ধারামতে জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল ১২৮৭ সালের লাগাত কাজ তলবের বাকি রাজস্ব আদায় জন্য ১৮৮০ সালের ২০ ডিসেম্বর মোং ১২৮৭ সালের ৬ পৌষ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলাম বিক্রয় হইবেক সন ১৮৮০। ৬ নবেম্বর।

ক্রমিক নম্বর।	মাহালের প্রকার।	তৌজির নম্বর।	মাহাল ও পরগনা।	বাকিদারের নাম।	সদর জমা।	কৈঃ।
১	প্রথম শ্রেণীর মাহাল।	৯	কিং পং কাশীপুর। পং কাশীপুর।	শ্যামাচরণ ভট্ট রাধাবল্লভ রায় সতীশচরণ বন্দ্যোপাধ্যায় নাবালগের ম্যানেজার ভগবতী দেব্যা নৃত্যকালী দেব্যা, গোপীসুন্দরী দাস্যা প্রতাপচন্দ্র দাস রাধাচরণ সেন, প্রসন্নচন্দ্র রায় জয়কৃষ্ণ অধিকারি ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় যমুনা দেহি স্বয়ং ও অলিমাতা শ্যামলাল রায় নাবালগ।	৮০৭৪৶০	এই মাহাল মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগের পৃথক করিয়া লওয়া ৸১৯।৶ কাগ অংশ বাদে রাধাবল্লভ রায়ের ৶০॥৶০ কাগ কাত ১৫২৯৸৶১ টাকা সদর জমা নিলাম হইবেক।
২	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	এই মাহালের মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া ৸৶১১।৶০ কাগ অংশ বাদে যমুনা দেহি স্বয়ং ও অলিমাতা শ্যামলাল রায় নাবালগের ৴৮॥৴ অংশের কাত ৭২০।৶ টাকা সদর জমা নিলাম হইবেক।
৩	ঐ	৭১	কিং ডিহি গাঙ্গেজ্জা পং গণকর।	গৌরগোবিন্দ সরকার পুলিনচন্দ্র সরকার, কৃষ্ণলাল রায়।	২৬৬৬৸৶৮	সমুদ মহাল নিলাম হইবেক।
৪	ঐ	৩০৭	কিং মৌজে বেজপাড়া। পং চুণাখালি	কাজি ফজলউল্লা, কাজি হেরাছতুল্লা মনশুর আহাম্মদ, খোনকার জানআলি খোনকার মহাম্মদ আবদুল হক নাশিরা বিবি, মাসুমাবিবি, মহাম্মদ ইশাফ জিল্লার রহমান মোফাতহমেছা বিবি, আতাহরণ নেছাবিবি।	৫৭৬৲৬	ঐ
৫	ঐ	৪৩৯	কিং পং সমস খালি। পং ঐ	গুরুপ্রসাদ রায়, গণেশলাল রায় রাজারাম রায়, নফরদাস রায়, কুঞ্জবেহারি চৌধুরি, হারাধন চট্টোপাধ্যায়, কুমুদকামিনী দেব্যা স্বয়ং ও গোপীরমণ ও ঋষিকেশ ও সুরেশচন্দ্র চট্টোপাধ্যায় নাবালগ দিগের ম্যানাজার, ইন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় প্রাণকৃষ্ণবন্দ্যোপাধ্যায় প্রাণকালী চট্টোপাধ্যায় রাধাপ্যারী দেব্যা, পেয়ারণ বিবি স্বয়ং ও আবদুল হাকিম ও হামাজান আলি নাবালগ দ্বয়ের মেনাজার, গোধন মণ্ডল ও সেখ মোবারক আলি।	১৮৬০।৶৪	এই মাহালের মধ্যে নফরদাস রায় কুঞ্জবেহারি চৌধুরি ও ইন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় পৃথক করিয়া লওয়া ।৴৪৸ অংশ বাদ বক্রী গণেশলাল রায় দিগরের এজমালী অংশ ॥৶১৫। কাত ১২৫০ ।৴৯ টাকা সদর জমা নিলাম হইবেক।
৬	ঐ	৪৪৪	কিং মৌজে সৈয়দ কুলুটিয়া। পং কাত সিংহ	মিরআতাহোসেন, আতাওর আজিজ, আমৃত জাহের বিবি সৈয়দফজলল করিম মহম্মদ সৈয়দহোসেন সৈয়দ ফজলল আজিম।	১০১৪৸৮	সমুদায় মাহাল নিলাম হইবেক।

[*Government Gazette*, 23rd November 1880.]

ক্রমিক নম্বর।	মাহালের প্রকার।	তৌজির নম্বর	মাহাল ও পরগনা।	বাকিদারের নাম।	সদর জমা।	কৈঃ।
৭	প্রথমশ্রেণীর মহাল।	৫৩৩	হিং পং উজিরাবাদ পং উজিরাবাদ	গোকুলচন্দ্র তেওয়ারি, নফরচন্দ্র পালচৌধুরি, জগৎচন্দ্রপাঠক লক্ষ্মীমণী দেব্যা দ্বারিকানাথ সেন ত্রৈলোক্যনাথ রায় তারকচন্দ্র ভট্টাচার্য্য কটিকচন্দ্র ভট্টাচার্য্য গুরুপ্রসাদ রায় গণেশলাল রায় গোলাপমণী দেব্যা বিপ্রদাসপালচৌধুরি।	১১৮৩।৴৬	এই মাহালের মধ্যে ত্রৈলোক্যনাথ রায়ের পৃথক করিয়া লওয়া ৴৩৸৴৫ অংশ বাদ বক্রী গোকুল চন্দ্র তেয়ারি দিগরের ৸৵১৬৵১৫ অংশ কাত১০৯৫৶১ টাকা সদর জমা নিলাম হইবেক।
৮	ঐ	২৭৫১	তং আমানিগঞ্জ। পং আসদনগর।	পদ্মকামিনী দাস্যা ...	১০৬৬।৵২ রোডকণ্ড ১০॥৵৮	সমুদায় মহাল নিলাম হইবেক।

HERBERT MOSLEY. *Offg. Collector.*

এস্তেহার নামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা

এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬।১৩।১৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮০ সালের লাগাএদ ২৮ সেপ্টেম্বর কিস্তীর বাকী বাবত ইংরাজী সন ১৮৮০ সালের ২০ ডিসেম্বর মোং বাঙ্গালা সন ১২৮৭ সাল ৬ই পৌষ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৮০ সাল তারিখ ২০ অক্টোবর মোতাবেক সন ১২৮৭ সাল তারিখ ৫ই কার্ত্তিক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল।

* ৬১৮ নং পরগনে হিলখি মৌজে গন্ধর্ব্বপুর লিখিত মালিক অন্নদাপ্রসাদ সেন ম্যানেজার জানবে কোর্ট ওয়ার্ডেস ষ্টেট নাবালগ মন্মথনাথ রায় চৌধুরি ও গীরিজানাথ রায় চৌধুরি ও সতীন্দ্রনাথ রায় চৌধুরি ও গয়রহ সদর জমা কোম্পানী ১২৬১।৪ টাকা এই মাহালের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব পার্ব্বতীনাথ রায় চৌধুরির অংশ ৴১২ আনা নিলাম হওয়ায় গবর্ণমেন্টের বাকী ৮০।৶১০॥ টাকা রাজস্ব আদায় না হওয়াতে নোটিস দেওয়া হইয়াছিল যে মহালের অপর মালিক কি মালিকগণ ১০ দিবসের মধ্যে গবর্ণমেন্টের বাকী রাজস্ব দিয়া ঐ অংশ ক্রয় করেন কিন্তু নিয়মিত মিয়াদ মধ্যে কেহ তাহা না করায় ষোল আনা মহাল ১৮৫৯ সালের ১১ আইনের ১৪ ধারামতে নিলামে ধরা গেল।

৬৩২ নং পরগনে বালিয়া তরফ মলয়াপুর লিখিত মালিক অন্নদাপ্রসাদ সেন ম্যানেজার জানবে কোর্ট ওয়াডেস ষ্টেট নাবালগ মন্মথনাথ রায় চৌধুরি ওগয়রহ ও মহেন্দ্রনাথ রায় চৌধুরি ওগয়রহ সদর জমা কোম্পানী ৬০৮৴৬

৯৭৫ নং কিঃ পরগনা ধুনিয়াপুর তরফ বঙ্গপাড়া হিঙ্গুলগঞ্জ লিখিত মালিক অন্নদাপ্রসাদ সেন ম্যানেজার জানবে কোর্ট ওয়ার্ডেস ষ্টেট নাবালগ মন্মথনাথ রায় চৌধুরি ওগয়রহ ও মহেন্দ্রনাথ রায় চৌধুরি ওঃ সদর জমা কোম্পানী ৯৩০॥৶

১০৬৯ নং পগনে মাগুরা হাট কালীগঞ্জ ওরফে হাট চেতলা লিখিত মালিক ভূপেন্দ্রনাথ সরকার ওঃ ওনাবালগ ললিত মোহন সরকার সদর জমা কোম্পানী ৩১০০৲ রোডকণ্ড ৩৫৲

২০৭১ নং পগনে উখড়া মৌজে হাতিঘাট্টা লিখিত মালিক অন্নদা প্রসাদ সেন ম্যানেজার জানবে কোর্ট ওয়াডেস ষ্টেট নাবালগ মন্মথনাথ রায় চৌধুরি ওগয়রহ সদর জমা কোম্পানী মায় পুলিসথানাদারি ৬২৸৭ এই মহালের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব পার্ব্বতীনাথ রায় চৌধুরির অংশ ৴১২ আনা বাকী ৬২৸১০। টাকা ঐ মত হিস্যা নরেন্দ্রনাথ রায় চৌধুরি ওঃ বাকী ৪৯॥৴১॥ একুনে ৶৪ আনারকাত ১১২।৴১১৸ টাকা বাকী আদায় কারণ নিলাম হওয়ায়, গবর্ণমেন্টের বাকী রাজস্ব আদায় না হওয়ায় নোটিস দেওয়া হইয়াছিল মহালের লিখিত অপর মালিক কি মালিকগণ ১০ দিবসের মধ্যে গবর্ণমেন্টের বাকী রাজস্ব দিয়া ঐ অংশ ক্রয় করেন, কিন্তু নিয়মিত, মেয়াদমধ্যে কেহ তাহা না করায় ষোল আনা মাহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৪ ধারামতে নিলামে ধরা গেল।

J. F. BRADBURY,
For Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট ১৮৮০। ২৩ নবেম্বর।]

NOTICE.

OWNERS, holders of lands or their agents are hereby informed that the land revenue of Calcutta for the year 1880-81, which has been due since the 1st of April last, must be paid before the 30th November next, otherwise warrants of distress will be issued to recover the same with costs.

G. M. GOODRICKE, *Deputy Collector.*

CALCUTTA COLLECTORATE, 5, *Church Lane, the* 15*th September* 1880.

বিজ্ঞাপন।

ভূস্বামি ও ভূমাধিকারিদিগকে কিম্বা তাঁহাদের কর্ম্মচারিদিগকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে ১৮৮০।৮১ সালের ১ আপ্রিলে তাঁহাদের স্থানে কলিকাতার ভূমির যে রাজস্ব পাওনা হইয়াছে তাহা আগামি নবেম্বর মাসের ৩০ তারিখের পূর্ব্বে দিতে হইবে. না দেওয়া গেলে তাহা সায় খরচা আদায় করণার্থে তাঁহাদের নামে ক্রোকী পরওয়ানা জারী করা যাইবে।

জি, এম, গুড্রিক, ডেপুটী কালেক্টর।

কলিকাতার কালেক্টরী আফিস, ৫ নং চর্চলেন।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাণ যাইতেছে জেলা ঢাকার অধীন মুনশীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতি বৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরেজি ১৮৮০ সনের ১৬ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২ অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ঐ সনের ২৭ ডিসেম্বর তারিখে ভঙ্গ হইবেক। বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ ছয় সপ্তাহের মধ্যে ক্রয় বিক্রয় সমাধা করিবেক ইতি।

T. E. COXHEAD,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

اشتہار

بذریعہ اسکے عامہ خلایق کو واقف کروایا جاتا ہے کہ ضلع ڈہاکا کے ماتحت محکمہ منشیگنج کے متصل دھلسری دریا کے کنارے جو مشہور کارتک بارني کي میلا ہوا کرتي ہے وہ میلا سنہ ۱۸۸۰ عیسوي ۱۶ سوابین نومبر مطابق سنہ ۱۲۸۷ بنگلہ ۲ دوسري اگھن سے شروع ہو کر وہي سنہ کے ۲۷ ستائیسوین دسمبر کو شکست ہوگي تجارت پیشہ لوگ وہي ۶ چھہ ہفتے کي اندر خرید فروخت آخر کرینگے۔

T. E. COXHEAD.
مجسٹریٹ ضلع ڈہاکا

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F. Max Muller, M A, in two Volumes. *Price Rs. 24 ; packing and postage, Re.* 1-12.

***The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only yet as soon as editions, translations grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country — *Extract from Preface*

OFFICE OF SUPDT. GOVT PRINTING, No 8 Hastings Street Calcutta

---

গবর্ণমেণ্টদ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের তত্ত্বাবধারক নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি সমান মূল্যে একশতটীন ২০ পাউণ্ড ক্রয় করিতে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়

উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

[*Government Gazette, 23rd November* 1880.]

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., L L.D., of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেন্ট-কমিশানের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল,এল,ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage	...	...	...	...	Rs.	10	0	0
Ditto, with postage	...	...	...	...	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	...	...	...	...	...	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	...	...	...	...	...	১২৷৷০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌন্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst. Secy. to the Govt. of Bengal.

The 19th February 1878.

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া হইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

"গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তাহাকে অগ্রিম নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।"

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি জ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	২৫৲
আধ পৃষ্ঠা ,, ,, ...	১৩৲
কখনই ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একটী পঙ্‌ক্তি	৷৷০

[*Government Gazette*, 23rd November 1880.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ মুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 1730—760—2-11-80.

বেঙ্গল ব্যাঙ্কিং কর্পরেসন লিমিটেড।

ইণ্ডিয়ান (ভারতবর্ষীয়) কোম্পানি সম্বন্ধীয় আইন অর্থাৎ ১৮৬৬ অব্দের ১০ আইনানুসারে রেজিষ্টরীকৃত।

মূলধন—বিশ লক্ষ টাকা, এই মূলধন দুই লক্ষ অংশে বিভক্ত হইয়া প্রত্যেক অংশের মূল্য দশ টাকা নির্দ্ধারিত হইয়াছে। অংশার্থীদিগকে আবেদনকালে প্রত্যেক অংশের নিমিত্ত এক টাকা, অংশ প্রাপ্ত হইলে এক টাকা, তৎপর এক এক বারে তিন তিন মাস পর প্রত্যেক অংশে এক এক টাকা করিয়া দিতে হইবে।

আনুষ্ঠানিক ডিরেক্টার সভা।

আনন্দমোহন বসু স্কোয়ার, বি, এ, ক্রাইষ্ট কলেজ, কেম্ব্রিজ, রাংলার, বারিষ্টার।
বাবু শিবচন্দ্র দেব, পেন্সন প্রাপ্ত ডেপুটী কালেক্টর।
,, দুর্গামোহন দাস, উকীল, হাইকোর্ট কলিকাতা।
,, নীলমণি মিত্র, সিবিল ইঞ্জিনিয়ার।
,, অম্বিকাচরণ সুর, আগ্রা ব্যাঙ্কের পাসিং অফিসার।
,, শশিমোহন পাল চৌধুরী, জমিদার, সওদাগর ও ব্যাঙ্কার।

ব্যাঙ্কের কার্য্য আরম্ভ হইয়াছে। অস্থায়ী বা চলিত এবং স্থায়ী আমানতী টাকা গ্রহণ করা হয়। কোম্পানির কাগজ, বিদেশ হইতে আনীত এবং স্বদেশীয় বাণিজ্য দ্রব্য বন্দক রাখিয়া টাকা কর্জ্জ দেওয়া হয়। এতদ্ব্যতীত সম্মানিত ব্যক্তিরা দুই জন পরিচিত ব্যক্তিকে টাকার জামিন রাখিয়া হ্যাণ্ড নোট দ্বারাও টাকা পাইতে পারেন। ব্যাঙ্ক বিল ক্রয় বিক্রয় এবং ডিস্কৌণ্ট করেন এবং কোম্পানির কাগজ, মিউনিসিপাল ডিবেনচার এবং ব্যাঙ্ক কিম্বা অন্য জয়েণ্ট ষ্টক কোম্পানির অংশনামা নিরাপদে জমা রাখেন এবং এই সকলের সুদ ও ডিবিডেণ্ড আদায় করেন এবং তাহা অধিকারীর নিকট প্রেরণ করেন বা তাঁহার পক্ষ হইয়া লাগাইয়া থাকেন। অনুগ্রাহকদিগের পক্ষে স্থানীয় বা বিদেশাগত বাণিজ্য দ্রব্য এবং ব্যাঙ্ক প্রভৃতির অংশ এবং কোম্পানির কাগজ প্রভৃতি ক্রয় বিক্রয় করেন এবং সাধারণ ভাবে ব্যাঙ্কিং ও এজেন্সি কার্য্য সম্পন্ন করেন। কমিসন প্রভৃতির নিয়ম সম্পাদকের নিকট আবেদন করিলে জানা যাইবে।

১৮৮০ সনের ১লা আগষ্ট হইতে অন্য বিজ্ঞাপন না দেওয়া পর্য্যন্ত গচ্ছিত অর্থের নিম্নলিখিত হারে সুদ দিতে প্রস্তুত আছেন।

অস্থায়ী বা চলিত আমানতি টাকা যদি মাসের প্রথম তারিখে জমা দেওয়া হয় ও তাহাতে প্রতি মাসে সর্ব্বাপেক্ষা ন্যূন জমা যাহা থাকিবে তাহা যদি ২০ টাকার ন্যূন না হয় তবে তাহাতে শতকরা বার্ষিক সুদ ২৷৷০ টাকা প্রদত্ত হইবে।

এই হিসাবে ১০,০০০ সহস্র টাকার অধিক হইলে সুদ দেওয়া হইবে না। ১০ টাকার ন্যূন না হইলেই এই হিসাব খোলা হইবে এবং ন্যূন ৫ টাকা পর্য্যন্ত চেক কাটিতে পারিবেন। চেক ও ব্যাঙ্ক বহী বিনা মূল্যে প্রদত্ত হইবে। ২০ টাকার অধিক চেক কাটিতে হইলে /০ আনার ষ্টাম্প দিয়া দিতে হইবেক। মফস্বল হইতেও টাকা জমা ও চেক কাটিতে পারেন।

স্থায়ী বা আমানতী টাকার সুদ, তিন মাস অগ্রে সংবাদ দিয়া তুলিয়া লইলে ৪ টাকা; ৬ মাস অগ্রে সংবাদ দিয়া তুলিয়া লইলে ৬ টাকা; ১ বৎসর বা বার মাস অগ্রে সংবাদ দিয়া তুলিয়া লইলে ৭৷৷০ টাকা; এবং ২ বৎসর অগ্রে সংবাদ দিয়া তুলিয়া লইলে ৯৲ টাকা। ১০০ টাকার ন্যূনে এই হিসাবে লওয়া হইবেক না।

অনুষ্ঠান পত্র, অংশের আবেদন পত্র ও অন্যান্য সংবাদ নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রাপ্ত হওয়া যাইবে!

শ্রীভুবনমোহন দাস।
কর্পরেশনের সম্পাদক।

৭ নং ওল্ড পোষ্টাফিস ষ্ট্রীট, কলিকাতা।

Numb. 2157 ২১৫৭

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 30, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৩০ নবেম্বর।

CONTENTS.

	PAGE
PART I.—Resolutions, Orders, and Notifications of the Government of India	159 & 160
PART II.—Resolutions Orders and Notifications of the Lieut-Governor of Bengal	1145—1149
PART III.—Acts of the Legislative Council of India	Nil
PART IV.—Bills of the Legislative Council of India	Nil
PART V.—Acts of the Bengal Council	Nil
PART VI.—Bills of the Bengal Council	Nil
PART VII.—Circular Orders of the High Court and Board of Revenue	Nil
PART VIII.—Advertisements	681—701

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	১৫৯ ও ১৬০
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ আদেশ, ও বিজ্ঞাপন	১১১৫—১১৪৯
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র	নাই।
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৬৮১—৭০১

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATION.—PUBLIC.

Simla, the 17th November 1880.

No. 1787.—Under the provisions of section 9 of Statute 24 and 25 Vic., Cap. 67, the Governor-General in Council is pleased to direct that His Excellency's Council shall assemble at Calcutta in the jurisdiction of the Lieutenant-Governor of Bengal.

C. GRANT,
Offg. Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 15th November 1880.

No. 883.—Mr J. S. Hubbard, Deputy Examiner in charge of the Office of the Examiner of Guaranteed Railway Accounts, Lahore, is appointed to officiate as Deputy Examiner of Accounts, Tirhoot State Railway.

A. FRASER, *Major-Genl.*, R.E.,
Secy. to the Govt. of India.

হোম রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্য বিভাগ।

বিজ্ঞাপন—পাব লক।

সিমলা, ১৮৮০ সাল ১৭ নবেম্বর।

১৭৮৭ নম্বর।—মন্ত্রি ভারিষ্টি ও প্রযু গবর্ণর জেনরল সাহেব মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ৯ ধারার দ্বারা নিয়ত এই আজ্ঞা করিতেছেন যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কলিকাতা নগরে মহিমাবরের মন্ত্রিসভার অধিবেশন হইবে।

সি. গ্রাণ্ট,
ভারত র্যা গবর্ণমেণ্টের এসটিং সেক্রেটরী।

পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৮০ সাল ১৫ নবেম্বর।

৮৮৩ নম্বর।—সাহেবের পাবলিক ওয়ার্কস বিভাগের হিসাব পরীক্ষকের আফিসের কার্য্যের অধ্যক্ষতা হইতে শ্রীযুত ডব্লিউ হিসলপ ফক সাহেবকে, এস. হবার্ড সাহেবের তিরহুত স্টেট রেলওয়ের ডেপুটী হিসাব পরীক্ষক কর্ম্মকারকের পদে নিযুক্ত করিলেন।

আর্থরগাস ফোর্ড মেজর-জেনরল আর, ই.
ভারতীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[*Government Gazette*, 20th November 1880]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 30, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৩০ নবেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4887A.

GENERAL—*The 15th November* 1880.—Mr. F. W. V. Peterson, District and Sessions Judge, on leave, is appointed to act as District and Sessions Judge of Jessore, during the absence, on leave, of Mr. A. C. Brett, or until further orders.

The 17th November 1880.—Mr. H. O. King is appointed to be a Deputy Magistrate and Deputy Collector of the Sixth Grade. Mr. King will continue to be employed in his present appointment under the Durbhunga Raj.

Baboo Kasi Kinker Sen, Deputy Magistrate and Deputy Collector, Maldah, is transferred to the district of Pooree, and is appointed to have charge of the Khoorda division of that district.

The 18th November 1880.—Mr. A. W. Mackie, Assistant Magistrate and Collector, Palamow, Lohardugga, is appointed to act, until further orders, as an Assistant Commissioner of the Second Grade, with effect from the date on which he joined the Palamow sub-division.

Mr. C H. Maseyk, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rajmehal, Sonthal Pergunnahs, is transferred to the district of Dinagepore.

Baboo Upendro Chandra Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is transferred to Rajmehal, in the Sonthal Pergunnahs.

Baboo Radha Shyam Sing, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, is allowed leave for two months, under section 4, Supplement F of the Civil Leave Code.

Baboo Raj Kishore Narain, Officiating Deputy Magistrate and Deputy Collector, at present employed on License-tax duty in the district of Shahabad, is transferred to Durbhunga.

Mr. C. C. Stevens, Officiating Magistrate and Collector of Burdwan, is appointed to act as Magistrate and Collector of Beerbhoom, during the absence, on leave, of Mr T. J. C. Grant, or until further orders.

